THE CALCUTTA SANSKRIT SERIES

Edited by

NARENDRACHANDRA VEDANTATIRTHA, M. A.

No. II Vol. V

VĀLMĪKI-RĀMĀYAṆAM

(Bengal Recension)

SUNDARAKĀṆḌAM

(বাল্মীকীয়ং)

(রামায়ণম্)

(গৌড়ীয়-পাঠঃ)

লোকনাথ-চক্রবর্ত্তিকৃত-টীকয়া টীকান্তরসারভূয়িষ্ঠ-টিপ্পন্যা
বঙ্গানুবাদ-পাঠান্তরাদিভিশ্চ সমলঙ্কৃতম্

(সুন্দরকাণ্ডম্)

সাংখ্যতীর্থ-মীমাংসাতীর্থ-তত্ত্বরত্ন-শাস্ত্রি-

শ্রীনরেন্দ্রচন্দ্র বেদান্ততীর্থ-এম্-এ-

ভট্টাচার্য্যেণ সংস্কৃতম্

METROPOLITAN PRINTING & PUBLISHING HOUSE, LTD.

90, LOWER CIRCULAR ROAD, CALCUTTA

পাঠসঙ্কলনার্থমুপাত্তানাং পুস্তকানাং পরিচয়ঃ

ক-পুস্তকম্—(মুদ্রিতম্) ইটালীবাস্তব্যেন গোরেসিয়ো-মহাশয়েন সম্পাদিতম্।

ঘ-পুস্তকম্—(হস্তলিখিতম্) সংস্কৃত-সাহিত্যপরিষৎ-পুস্তকালয়াৎ প্রাপ্তম্।

ছ-পুস্তকম্— " পঞ্চনদবিশ্ববিদ্যালয়তো লব্ধম্।

ত-পুস্তকম্— " ঢাকা"মিউজিয়াম্" ইত্যস্মাল্লব্ধম্।

থ-পুস্তকম্— " বঙ্গীয়-সাহিত্যপরিষৎ-পুস্তকালয়াৎ প্রাপ্তম্ (১)।

দ-পুস্তকম্— " " " (২)।

উপাত্তানামৈকদেশানাং টীকানাং বিবৃতিঃ

লো-টী—লোকনাথচক্রবর্ত্তি-কৃতা মনোহরাখ্যা টীকা।

গোঃ রাঃ— } গোবিন্দরাজ-কৃতা রামায়ণভূষণাখ্যা টীকা।
গোঃ— }

শিরোঃ— } রামায়ণ-শিরোমণিনাম্নী টীকা।
রাঃ— }

তিঃ—তিলক-টীকা।

নিবেদন

করুণাময় পরমেশ্বরের কৃপায় রামায়ণের সুন্দরকাণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইল। আশা করি, আগামী দুই বৎসরের মধ্যেই রামায়ণের শেষ খণ্ড পাঠকগণের হস্তে অর্পণ করিয়া ভগবানের আশীর্ব্বাদ-ভাজন হইতে পারিব।

এই দুঃসাধ্য কার্য্যে শ্রীযুক্ত হেমন্তকুমার কাব্য-ব্যাকরণ-তর্কতীর্থ মহাশয় ও শ্রীযুক্ত রামধন কাব্যতীর্থ মহাশয় নানাপ্রকারে সাহায্য করিয়া আমাকে উপকৃত করিয়াছেন।

পরিশেষে বক্তব্য এই যে, পাঠকগণ আমার ভুল-ভ্রান্তি উপেক্ষা করিয়া রামায়ণ পাঠের জন্য এই গ্রন্থের আদর করিলে শ্রম সফল জ্ঞান করিব। ইতি।

জুন, ১৯৫৮। শ্রীনরেন্দ্রচন্দ্র দেবশর্ম্মা।

দ্রষ্টব্য—রামায়ণের ৪০৯৯ পৃষ্ঠার পর হইতে ৪১৮১ পৃষ্ঠার পূর্ব্ব পর্য্যন্ত কয়েকটী পৃষ্ঠায় পৃষ্ঠাসংখ্যা ভুল মুদ্রিত হইয়াছে। ৪০৯৯-এর পর পৃষ্ঠা হইতে ৫০০০-এর পরিবর্ত্তে ৪১০০ ইত্যাদি হইবে।

কিষ্কিন্ধ্যা-কাণ্ডের ২৭শ সর্গের ১২শ শ্লোকের অনুবাদ ভ্রমক্রমে মুদ্রিত হয় নাই। তাহা এইরূপ হইবে—

আমাকে বনে যাইতে দেখিয়া অযোধ্যানগরীর যেরূপ আর্ত্তনাদ হইয়াছিল, [সম্প্রতি বর্ষাজলে] পরিপূর্ণ সরযূর কল্লোলধ্বনি নিশ্চয়ই সেইরূপ বর্দ্ধিত হইতেছে।

সুন্দরকাণ্ড-সূচী

প্রথম সর্গ। (১)

"সমুদ্রক্রমণ-চিন্তা"

বানরগণের সমুদ্রের উত্তর তীরে উপস্থিতি, সমুদ্রদর্শনে কাহারও কাহারও বিষাদ এবং তাহাদের প্রতি অঙ্গদের আশ্বাস-দান। বানরগণের নিকট অঙ্গদের সমুদ্রলঙ্ঘনের সামর্থ্যবিষয়ে প্রশ্ন, বহু বানরের আত্মশ্লাঘা-সহকারে স্ব স্ব উল্লম্ফন-সামর্থ্যপ্রকাশ, জাম্ববান্ কর্তৃক হনুমানের প্রশংসা। (৩৪৭৯-৩৪৯৬ পৃঃ)।

দ্বিতীয় সর্গ। (২)

"হনুমদুত্তেজন"

জাম্ববান্ ও অঙ্গদ কর্তৃক হনুমানের প্রশংসা। বানরগণের মুখে হনুমানের বিচিত্র জন্ম-বৃত্তান্ত ও বাল্যকালে কাহার্থে সূর্য্যাধারণপ্রয়াস-বর্ণন এবং সকলের হনুমানকে সমুদ্র লঙ্ঘন করিতে অনুরোধ। (৩৪৯৭-৩৫০৬ পৃঃ)।

তৃতীয় সর্গ। (৩)

"সমুদ্রলঙ্ঘন-ব্যবসায়"

সকলের প্রশংসায় আনন্দিত হইয়া হনুমানের বিশাল আকৃতি ধারণপূর্ব্বক সমুদ্রলঙ্ঘনে সম্মতি প্রকাশ এবং স্বীয় পিতা 'কেশরী'র ভার্য্যা স্তববর্ণপূর্ব্বক মুনিগণের নিকট অতুল পরাক্রমশালী চিরজীবী পুত্রবরলাভবৃত্তান্ত-কথন। হনুমানের আত্মসামর্থ্য-কীর্ত্তন এবং স্বীয় জন্মবৃত্তান্ত ও বাল্যকালীন সূর্য্যধারণ-প্রয়াস-বর্ণন। (৩৫০৭-৩৫২১ পৃঃ)।

চতুর্থ সর্গ। (৪)

"মহেন্দ্রারোহণ"

হনুমানের মহেন্দ্রপর্ব্বতে আরোহণ। মহেন্দ্রপর্ব্বতের বর্ণনা। হনুমানের পদভরে পর্ব্বতের চাঞ্চল্য—বৃক্ষাদির কম্পন, শিখরভঙ্গ, প্রস্রবণাদির বেগবৃদ্ধি, গৈরিকস্রাব, তত্রত্য পশুপক্ষীর সন্ত্রাস ইত্যাদি। (৩৫২২-৩৫২৫ পৃঃ)।

পঞ্চম সর্গ। (৫)

"হনুমৎপ্লবন"

বানরগণকর্ত্তৃক সংবর্দ্ধিত হইয়া হনুমানের লঙ্কাভিমুখে লম্ফ প্রদান, তাঁহার বেগে বৃহৎ বৃহৎ বৃক্ষের উৎপাটিত হইয়া আকাশে উত্থান এবং চারিদিকে পুষ্পরাশির পতন। পুষ্পপুঞ্জ-সমাচ্ছন্ন হনুমানের বর্ণনা। হনুমানের গতিবেগে সমুদ্রে উত্তাল তরঙ্গসৃষ্টি। (৩৫২৬-৩৫৩৩ পৃঃ)।

ষষ্ঠ সর্গ। (৬)

"সুরসাবক্ত্রপ্রবেশ"

অনন্তর দেবতা ও গন্ধর্ব্ব প্রভৃতির আদেশে নাগমাতা সুরসার রাক্ষসীবেশে হনুমানের বিঘ্ন-উৎপাদন। সুরসা হনুমান্‌কে ভক্ষণ করিতে উদ্যত হইলে হনুমানের কলেবরবৃদ্ধি এবং

উত্তরোত্তর সুরসার মুখব্যাদান, পরিশেষে সুকৌশলে তাহার মুখ হইতে হনুমানের নিষ্কৃতি-লাভ। (৩৫৩৪-৩৫৩৯ পৃঃ)।

সপ্তম সর্গ। (৭)

"সুনাভোদ্গম"

সমুদ্রের ইক্ষ্বাকুবংশের প্রতি সম্মানপ্রদর্শনে অভিলাষ। সমুদ্রের অনুরোধে তাহার অভ্যন্তরমগ্ন মৈনাকপর্ব্বতের আকাশে মস্তক-উত্তোলন এবং বিশ্রামার্থে হনুমানের প্রতি অনুরোধ। হনুমানের প্রশ্নে মৈনাকের সমুদ্রগর্ভে অবস্থিতির কারণ-কথন। মৈনাকের অনুরোধ-বাক্যে হনুমানের সন্তোষ এবং কার্য্যব্যস্ততায় বিশ্রাম করিতে অসম্মতি-প্রকাশ। দেবরাজ ইন্দ্র-কর্ত্তৃক মৈনাককে অভয়দান। (৩৫৪০-৩৫৫৩ পৃঃ)।

অষ্টম সর্গ। (৮)

"সাগর-লঙ্ঘন"

পথিমধ্যে সিংহিকারাক্ষসীর আক্রমণ। সুকৌশলে তাহাকে বধ করিয়া হনুমানের পুনরায় আকাশমার্গে গমন। আকাশচারী প্রাণিগণের হনুমানের প্রতি আশীর্ব্বাদ। হনুমানের দূর হইতে লঙ্কানগরী-দর্শন এবং কিছু পরে সুবেল পর্ব্বতে অবতরণ। (৩৫৫৪-৩৫৫৯ পৃঃ)।

নবম সর্গ। (৯)

"হনুমানের লঙ্কা প্রবেশ"

হনুমানের লঙ্কায় উপস্থিতি। লঙ্কানগরীর বর্ণনা। লঙ্কায় রক্ষণাবেক্ষণের সুব্যবস্থা-দর্শনে হনুমানের চিন্তা এবং সীতান্বেষণার্থে ক্ষুদ্র দেহ ধারণের সংকল্প। রাত্রিকালে বিড়ালপ্রমাণ দেহ ধারণ করত প্রাচীরোপরি আরোহণ এবং লঙ্কার অভ্যন্তরভাগ সন্দর্শনে হর্ষ ও বিষাদ। (৩৫৬০-৩৫৭২ পৃঃ)।

দশম সর্গ। (১০)

"লঙ্কাবিচয়"

হনুমানের বহুবিচিত্র অট্টালিকা দর্শনে আনন্দ, বহু রাক্ষস-দর্শন ও রাক্ষসসৈন্য-দর্শন। প্রসঙ্গতঃ লঙ্কানগরীর সুখ-সমৃদ্ধি ও আনন্দ-সুখাদির বর্ণনা। (৩৫৭৩-৩৫৭৭ পৃঃ)।

একাদশ সর্গ। (১১)

"প্রদোষবর্ণনা"

চন্দ্রোদয়-বর্ণনা। চন্দ্রোদয়ে রাক্ষসগণের বিহারপ্রবৃত্তি ও মত্ততা-প্রকাশ। সুন্দরী রমণীগণের কামোন্মাদ। হনুমানের বহু সুন্দরী রমণী সন্দর্শন ও সীতাকে না দেখিয়া দুঃখ। (৩৫৭৮-৩৫৮৭ পৃঃ)।

দ্বাদশ সর্গ। (১২)

"রাবণভবন-দর্শন"

হনুমানের সীতান্বেষণার্থে গৃহে গৃহে ভ্রমণ এবং ক্রমে রাবণের গৃহে উপস্থিত। রাবণের গৃহের রত্ন-সমাবেশ ও গৃহসজ্জা প্রভৃতি-বর্ণনা। (৩৫৮৮-৩৫৯৪ পৃঃ)।

ত্রয়োদশ সর্গ। (১৩)

"সীতান্বেষণ"

রাবণের গৃহবর্ণনার শেষাংশ। সেখানে চারিদিকে অন্বেষণ করিয়াও সীতার দর্শন না পাইয়া হনুমানের দুঃখ। (৩৫৯৫-৩৫৯৯)।

চতুর্দ্দশ সর্গ। (১৪)

"অবরোধদর্শন"

অন্বেষণ করিতে করিতে হনুমানের পুষ্পকরথ দর্শন এবং একটি গৃহমধ্যে সহস্র সহস্র সুন্দরী রমণী-দর্শন। সেই রমণীগণের মত্ততা ও শয়নভঙ্গী প্রভৃতি-বর্ণনা। হনুমানের সীতার গুণোৎকর্ষ-অনুমান। (৩৬০০-৩৬১৬ পৃঃ)।

পঞ্চদশ সর্গ। (১৫)

"অন্তঃপুর-দর্শন"

অন্তঃপুরমধ্যে হনুমানের বহু সুন্দরী রমণী পরিবৃত নিদ্রিত রাবণকে দর্শন। মন্দোদরীকে প্রথমে সীতা বলিয়া সন্দেহ, পরে 'সীতা নহে' এইরূপ নিশ্চয়। পরদার-দর্শনজন্য হনুমানের অনুতাপ। সীতাকে না দেখিয়া, 'তিনি জীবিত নাই' এইরূপ নিশ্চয়। (৩৬১৭-৩৬৩১ পৃঃ)।

ষোড়শ সর্গ। (১৬)

"প্রাকারস্থ হনুমানের চিন্তা"

হনুমানের নানাভাবে সীতান্বেষণ। উপরে উঠিয়া, নীচে নামিয়া, কক্ষগৃহের কপাট খুলিয়া, রথাদির তলদেশে এবং অভ্যন্তরে প্রবেশ করিয়া—নানাভাবে অন্বেষণ করিয়াও সীতাকে না দেখিয়া প্রাচারোপরি উপবেশনপূর্ব্বক হনুমানের দুঃখ, সীতার মৃত্যু সম্বন্ধে আশঙ্কা, কর্ত্তব্যচিন্তা এবং আত্মহত্যা করিবার অথবা তপস্বী হইবার সংকল্প। (৩৬৩২-৩৬৮৫ পৃঃ)।

সপ্তদশ সর্গ। (১৭)

"অশোকবনিকা-প্রবেশ"

অনন্তর অদূরে অশোকবন দেখিতে পাইয়া হনুমানের তাহা অন্বেষণের সংকল্প। প্রসঙ্গতঃ অশোকবনের বর্ণনা। অন্বেষণার্থে হনুমানের গমনাগমনে বৃক্ষশাখাদির-ভঙ্গ, পুষ্প-পত্রাদিপতন এবং তত্রত্য পশু-পক্ষিপ্রভৃতির ত্রাস। হনুমানের কাঞ্চনময় বৃক্ষ ও পদ্মসরোবর-দর্শন এবং সেখানে জানকীর আগমন-সম্ভাবনায় পত্রান্তরালে লুক্কায়িত থাকিয়া প্রতীক্ষণ। (৩৬৪৬-৩৬৫৭ পৃঃ)।

অষ্টাদশ সর্গ। (১৮)

"সীতাদর্শন"

অনুসন্ধান করিতে করিতে হনুমানের কদাকার রাক্ষসীবৃন্দে পরিবেষ্টিতা একটি রমণী-দর্শন। প্রসঙ্গতঃ অশোকবন-বর্ণনা, রাক্ষসীদিগের বর্ণনা এবং সীতার তাৎকালিক অবস্থা-বর্ণনা। সেই রমণীকে সীতা বলিয়া হনুমানের সন্দেহ। (৩৬৫৮-৩৬৭৪ পৃঃ)।

ঊনবিংশ সর্গ। (১৯)

"হনুমদ্-বিলাপ"

সেই রমণীকে সীতা বলিয়া নিশ্চয় এবং তাঁহার তাৎকালিক অবস্থা-দর্শনে হনুমানের শোক ও বিলাপ। (৩৬৭৫-৩৬৮১ পৃঃ)।

বিংশ সর্গ। (২০)

"রাবণ-দর্শন"

চন্দ্রোদয়ে হনুমানের সীতাকে স্পষ্টরূপে দর্শন। কামোন্মত্ত রাবণের সীতার নিকট আগমন। বৃক্ষশাখায় পত্রান্তরালে লুক্কায়িত থাকিয়া হনুমানের রাবণের কার্য্য-কলাপদর্শন। (৩৬৮২-৩৬৮৭ পৃঃ)।

একবিংশ সর্গ। (২১)

"সীতাসংস্থান-বর্ণন"

রাবণকে দেখিয়া সীতার ভয়ে সঙ্কুচিত হইয়া উপবেশন। রাবণের সীতাসন্দর্শন। প্রসঙ্গতঃ সীতার আকৃতিবর্ণনা। সীতার রোদন। হত্যার ভয় দেখাইয়া রাবণের সীতাকে প্রলুব্ধ করিবার চেষ্টা। (৩৬৮৮-৩৬৯৩ পৃঃ)।

দ্বাবিংশ সর্গ। (২২)

"সীতাপ্রলোভন"

রাবণ-কর্ত্তৃক সীতার সৌন্দর্য্যবর্ণনা, সীতাকে প্রলুব্ধ করিবার জন্য স্বীয় বলবীর্য্যাদি-কীর্ত্তন, রামের রাজ্যভ্রংশ, দারিদ্র্য ও বনবাস ইত্যাদির উল্লেখ এবং নিজের অতুল সম্পদের প্রতি সীতার দৃষ্টি আকর্ষণের চেষ্টা। সীতার নিকট রাবণের কামভাব-প্রকাশ, সীতাকে প্রধান মহিষী হইতে অনুরোধ। (৩৬৯৪-৩৭০০ পৃঃ)।

ত্রয়োবিংশ সর্গ। (২৩)

"সীতাবাক্য"

রাবণের প্রতি সীতার ভর্ৎসনা। তাহাতে রাবণের ক্রোধ। রাবণের ক্রোধ ও তিরস্কারে সীতার ক্রোধ ও রামচন্দ্রের বীর্য্যাধিক্য-বর্ণনাপূর্ব্বক রাবণকে 'কুক্কুর' ইত্যাদি বলিয়া তিরস্কার। (৩৭০১-৩৭০৯ পৃঃ)।

চতুর্ব্বিংশ সর্গ। (২৪)

"রাবণ-গর্জ্জন"

সীতার কর্কশ বাক্যে রাবণের ক্রোধ হইলেও কামবশে ক্রোধের উপশম এবং মৃদু বাক্যে সীতাকে ভর্ৎসনা ও অনুনয়। সীতাকে মনোভাব পরিবর্ত্তনের জন্য দুই মাস সময়-দান। সীতা কর্ত্তৃক পুনরায় তীব্রভাষায় রাবণের প্রতি ভর্ৎসনা। সীতাকে বাধ্য করিবার জন্য রাক্ষসীদিগের প্রতি আদেশ দান করিয়া মন্দোদরী ও অন্যান্য রমণীগণের সহিত রাবণের প্রস্থান। (৩৭১০-৩৭১৮ পৃঃ)।

পঞ্চবিংশ সর্গ। (২৫)

"রাক্ষসী-তর্জ্জন"

অনন্তর রাক্ষসীগণের সীতাকে রাবণের প্রতি অনুরক্ত হইতে অনুরোধ। সীতার অসম্মতিতে তাহাদের ক্রোধ ও কর্কশ বাক্যে ভর্ৎসনা। তাহাদের লোলিহান জিহ্বা ও খড়্গাদি উত্তোলন-দর্শনে সীতার রোদন। (৩৭১৯-৩৭৩০ পৃঃ)।

ষড়্‌বিংশ সর্গ। (২৬)

"সীতানির্ব্বেদ"

রাক্ষসীগণের প্রলোভন এবং ভয়প্রদর্শনেও সীতার দৃঢ়তা। রাম-লক্ষ্মণের উদ্দেশ্যে সীতার বিলাপ। রামের বিরহে স্বীয় জীবনের প্রতি বিতৃষ্ণা। রামচন্দ্রের পরাক্রমের প্রতি গভীর শ্রদ্ধার ফলে কথঞ্চিৎ আশার সঞ্চার। (৩৭৩১-৩৭৪০পৃঃ)।

সপ্তবিংশ সর্গ। (২৭)

"ত্রিজটার স্বপ্নদর্শন"

ত্রিজটানাম্নী একটী রাক্ষসীর—রামচন্দ্রের সহিত সীতার মিলন, রাক্ষসগণের পরাজয়, রাবণের শিরশ্ছেদ ইত্যাদি স্বপ্ন-দর্শন এবং অপর রাক্ষসীগণের নিকট সেই দুঃস্বপ্নের বৃত্তান্ত-কথন এবং সীতার ভবিষ্যৎ শুভ ফলের সূচনা। (৩৭৪১-৩৭৪৭ পৃঃ)।

অষ্টাবিংশ সর্গ। (২৮)

"সীতার শুভনিমিত্ত-সূচনা"

সীতার বিলাপ করিতে করিতে রাম, লক্ষ্মণ, সুমিত্রা, কৌশল্যা প্রভৃতির বিষয়-স্মরণ। 'কতাগুহং মায়ামৃগ রূপে রামচন্দ্রকে নিহত করিয়াছে' এইরূপ ধারণা, পরিশেষে কতিপয় শুভলক্ষণ-দর্শনে কোনরূপে আশায় আশায় জীবন-ধারণ এবং সন্তাপের কথঞ্চিৎ লাঘব। (৩৭৪৮-৩৭৫২ পৃঃ)।

ঊনত্রিংশ সর্গ। (২৯)

"হনুমদ্বিচার"

সীতাকে দেখিয়া হনুমানের আনন্দ এবং তাঁহাকে আশ্বাস দান করিবার উপায়-চিন্তা। বহুচিন্তার পর রামচন্দ্রের গুণকীর্ত্তন করিয়া সীতার সহিত আলাপ আরম্ভ করিবার সঙ্কল্প। (৩৭৫৩-৩৭৬০ পৃঃ)।

ত্রিংশ সর্গ। (৩০)

"সীতাসম্মোহ"

হনুমান্ কর্ত্তৃক দশরথের গুণকীর্ত্তন, রামচন্দ্রের বনবাসবৃত্তান্ত-কথন এবং সীতাকে সম্বোধন করিয়া রামচন্দ্রের কুশল-জ্ঞাপন। তৎ-শ্রবণে সীতার আনন্দ, ঊর্দ্ধাদিকে নিরীক্ষণ ও মূর্চ্ছা। মূর্চ্ছাভঙ্গে 'বানরবাক্য সত্য হউক' এইরূপ প্রার্থনা। (৩৭৬১-৩৭৬৫ পৃঃ)।

একত্রিংশ সর্গ। (৩১)

"হনুমৎসম্ভাষণ"

হনুমানের প্রশ্নে সীতার আত্ম-পরিচয়-প্রদান এবং বিবাহের পর হইতে তৎকাল-পর্যান্ত কয়েকটী ঘটনার বর্ণনা। রাক্ষসীগণের অত্যাচার এবং রাবণকর্ত্তৃক দুইমাসমাত্র সময়-নির্দ্দেশের

চতুশ্চত্বারিংশ সর্গ। (৪৪)

"ইন্দ্রজিতের যুদ্ধযাত্রা"

তারপর সেই সংবাদ শুনিয়া রাবণের ইন্দ্রজিতের প্রতি যুদ্ধার্থে আদেশ। রাবণ কর্তৃক ইন্দ্রজিতের প্রশংসা। সাবধানে যুদ্ধ করিবার নির্দ্দেশ-দান। রাবণকে প্রদক্ষিণ করিয়া ইন্দ্রজিতের রথারোহণে যুদ্ধযাত্রা। (৩৮৮১-৩৮৮৬ পৃঃ)।

পঞ্চচত্বারিংশ সর্গ। (৪৫)

"হনুমদ্‌গ্রহণ"

হনুমানের সহিত ইন্দ্রজিতের যুদ্ধ। ব্রহ্মাস্ত্রদ্বারা ইন্দ্রজিতের হনুমান্‌কে বন্ধন। তারপর রাক্ষসগণ-কর্তৃক শণ, পাট ও গাছের বল্কলদ্বারা হনুমান্ বদ্ধ হইলে ইন্দ্রজিৎ-কর্তৃক ব্রহ্মাস্ত্র-মোচন। রাক্ষসগণের হনুমান্‌কে রাবণের নিকট আনয়ন। (৩৮৮৭-৩৮৯২ পৃঃ)।

ষট্‌চত্বারিংশ সর্গ। (৪৬)

"রাবণ-দর্শন"

হনুমানের রাবণকে নিরীক্ষণ। রাবণের রূপ-রাশি ও সৌন্দর্যদর্শনে হনুমানের বিস্ময়। মনে মনে তাহার পরাক্রমের প্রশংসা ও "অধর্ম্ম-পরায়ণ না হইলে ইনি স্বর্গেরও রাজা হইতে পারিতেন," ইত্যাদি নানাবিধ চিন্তা। (৩৮৯৩-৩৮৯৬ পৃঃ)।

সপ্তচত্বারিংশ সর্গ। (৪৭)

"প্রহস্তবাক্য"

রাবণের আদেশে হনুমানের প্রতি প্রহস্তের 'তুমি কে? কোথা হইতে আসিয়াছ'? ইত্যাদি প্রশ্ন। তদুত্তরে হনুমানের আত্মপরিচয়-দান এবং 'রাবণকে দেখিবার জন্যই বনভঙ্গ', 'আত্মরক্ষার্থে রাক্ষস-নিধন' ইত্যাদি-কথন। (৩৮৯৭-৩৯০০ পৃঃ)।

অষ্টচত্বারিংশ সর্গ। (৪৮)

"দূতবাক্য"

রাবণের নিকট হনুমানের সুগ্রীবের আদেশে সীতান্বেষণার্থে স্বীয় আগমন এবং সুগ্রীবের সহিত রামের সখ্যস্থাপন ইত্যাদি বৃত্তান্ত-কথন। বানরগণের পরাক্রমকীর্ত্তন, সীতাকে রামচন্দ্রের নিকট প্রত্যর্পণের উপদেশ। রামের পরাক্রম এবং ভার্য্যাপহারী শত্রুর সংহারে প্রতিজ্ঞা-কথন। হনুমানের কথায় রাবণের ক্রোধ এবং তাহাকে বধ করিবার আদেশ-দান। (৩৯০১-৩৯০৮ পৃঃ)।

ঊনপঞ্চাশ সর্গ। (৪৯)

• "বিভীষণবাক্য"

রাবণ হনুমানের বধাদেশ করিলে 'দূতকে বধ করা উচিত নহে', এই বলিয়া বিভীষণের নিবারণ এবং 'হনুমানের বধে কোন লাভ হইবে না' ইত্যাদি-কথন। (৩৯০৯-৩৯১১ পৃঃ)।

পঞ্চাশ সর্গ। (৫০)

"লাঙ্গুল-প্রদীপন"

বিভীষণের কথায় রাবণের হনুমান্‌কে বধ করিবার সংকল্প-পরিত্যাগ এবং তাহার লাঙ্গুল দগ্ধ করিবার আদেশ। রাবণের আদেশে ক্রুদ্ধ রাক্ষসগণের বস্ত্ররাশি ও তৈলসংযোগে হনুমানের

লাঙ্গুলে অগ্নিপ্রদান এবং তাহাকে লইয়া লঙ্কানগরীর চারিদিকে ভ্রমণ। এই সংবাদ শ্রবণে সীতার কাতরতা ও অগ্নির উদ্দেশ্যে হনুমানের মঙ্গল-প্রার্থনা। হনুমানের কৌশলে বন্ধনমোচন ও রাক্ষস-সংহার। (৩৯১৩ ৩৯২০ পৃঃ)।

একপঞ্চাশ সর্গ। (৫১)

"লঙ্কাদাহ"

লাঙ্গুলস্থ অগ্নিদ্বারা হনুমানের লঙ্কানগরীর প্রতিগৃহে অগ্নিসংযোগ। তদ্দ্বারা সমগ্র লঙ্কানগরী দাহ। তদ্দর্শনে বহু রাক্ষসের হনুমান্‌কে আক্রমণ এবং হনুমানের হস্তে মৃত্যু। সমুদ্র-সলিলে হনুমানের লাঙ্গুল-নির্ব্বাপণ। (৩৯২১-৩৯২৬ পৃঃ)।

দ্বিপঞ্চাশ সর্গ। (৫২)

"সীতাসংশয়"

লঙ্কার অবস্থা দর্শনে হনুমানের চিন্তা এবং সীতার জীবনসম্বন্ধে সংশয়। 'সীতার মরণে রামচন্দ্র ও ইক্ষ্বাকুবংশের নিধন হইবে' এই ভাবিয়া হনুমানের স্বকৃত কার্য্যের জন্য অনুতাপ ও আত্মহত্যা করিবার ইচ্ছা। পরে কয়েকটী শুভ লক্ষণ দর্শনে এবং আকাশচারী চারণগণের বাক্যে সীতাকে জীবিত জানিয়া হনুমানের আশ্বাস ও প্রত্যাবর্ত্তনের সংকল্প। (৩৯২৭-৩৯৩৩ পৃঃ)।

ত্রিপঞ্চাশ সর্গ। (৫৩)

"সরমাবাক্য"

সীতার নিকট সরমার উপস্থিতি এবং হনুমানের কুশল-কথন ও পরাক্রম-কীর্ত্তন। সেই প্রসঙ্গে সরমার দগ্ধ লঙ্কানগরীর অবস্থা-বর্ণনা এবং সীতাকে আশ্বাস-প্রদান। (৩৯৩৪-৩৯৩৯ পৃঃ)।

চতুঃপঞ্চাশ সর্গ। (৫৪)

"সীতাশ্বাসন"

হনুমানের পুনরায় সীতার নিকট গমন। তাহার নিকট সীতার কাতরতা-প্রকাশ ও তাহাকে বিশ্রাম করিতে অনুরোধ। হনুমানের সীতাকে নানাভাবে আশ্বাস-প্রদান। (৩৯৪০-৩৯৪৫ পৃঃ)।

পঞ্চপঞ্চাশ সর্গ। (৫৫)

"অরিষ্টারোহণ"

সীতাকে অভিবাদনপূর্ব্বক সমুদ্রলঙ্ঘনার্থে হনুমানের অরিষ্ট-পর্ব্বতে আরোহণ। হনুমানের পদভরে সেই পর্ব্বতের শিখরভঙ্গ ও অবনতি ইত্যাদি তাৎকালিক অবস্থা-বর্ণনা। (৩৯৪৬-৩৯৫০ পৃঃ)।

ষট্‌পঞ্চাশ সর্গ। (৫৬)

"হনুমানের প্রত্যাবর্ত্তন"

হনুমানের আকাশে আরোহণ। তাহার গর্জ্জন শ্রবণে পরপারস্থিত বানরগণের আনন্দ। হনুমানের গতিবেগের বর্ণনা। হনুমানের পরপারে অবতরণ ও সংক্ষেপে "সীতাকে দেখিয়াছি" এই উক্তি। বানরগণের হনুমান্‌কে ঘিরিয়া উপবেশন। (৩৯৫১-৩৯৫৮ পৃঃ)।

সপ্তপঞ্চাশ সর্গ। (৫৭)

"হনুমদ্বাক্য"

হনুমানের নিকট জাম্ববানের কার্য্যবৃত্তান্ত বিষয়ে প্রশ্ন। হনুমানের পথিমধ্যে 'সুরসা', 'সিংহিকা' ও 'মৈনাকে'র বৃত্তান্ত-বর্ণনা। তারপর লঙ্কায় প্রবেশ, সীতান্বেষণ, বনভঙ্গ, যুদ্ধ, লঙ্কাদাহ, সীতার সহিত কথোপকথন ইত্যাদি সমস্ত বিষয়ের আনুপূর্ব্বিক বর্ণনা। (৩৯৫৯-৩৯৮৮ পৃঃ)।

অষ্টপঞ্চাশ সর্গ। (৫৮)

"সীতাপ্রশংসা"

বানরগণের নিকট হনুমানের—সীতার পাতিব্রত্য, বনমধ্যে রাক্ষসীগণের তিরস্কার ও দুঃখ-দুর্দ্দশা কথন এবং তাঁহার চরিত্রমাহাত্ম্য কীর্ত্তন। (৩৯৮৯-৩৯৯২ পৃঃ)।

একোনষষ্টিতম সর্গ। (৫৯)

"অঙ্গদবাক্য"

হনুমানের কথা শুনিয়া অঙ্গদের সীতাকে উদ্ধার করিবার জন্য পুনর্ব্বার সমুদ্রলঙ্ঘনের ইচ্ছা প্রকাশ এবং স্বীয় বলবীর্য্যাদি কীর্ত্তন। সকল বানরকে কষ্ট না দিয়া কয়েকজন দলপতির সাহায্য প্রার্থনা। (৩৯৯৩-৩৯৯৭ পৃঃ)।

ষষ্টিতম সর্গ। (৬০)

"মধুবনাগমন"

অঙ্গদের প্রস্তাবে জাম্ববানের অসম্মতি জ্ঞাপন এবং তাহার কারণ-নির্দ্দেশ। অন্যান্য বানরগণের জাম্ববানের উক্তি সমর্থন। অনন্তর বানরগণের মধুবনে উপস্থিতি এবং অঙ্গদের নিকট মধুবনে মধুপান করিবার অনুমতি প্রার্থনা। (৩৯৯৮-৪০০২ পৃঃ)।

একষষ্টিতম সর্গ। (৬১)

"মধুবনবিধ্বংসন"

অঙ্গদের অনুমতি লাভে বানরগণের আনন্দ এবং মধুবনে যথেচ্ছ বিহার ও মধুপান। তাহাদের উদ্ধত বিহারে বনের সৌন্দর্য্যহানি, বৃক্ষরাজির পত্র-পুষ্পাদিভঙ্গ। তদ্দর্শনে বৃদ্ধ বনপালক দধিমুখের বাধা প্রদান। (৪০০৩-৪০০৭ পৃঃ)।

দ্বিষষ্টিতম সর্গ। (৬২)

"দধিমুখ-নিবারণ"

মধুপানপূর্ব্বক বানরগণের গর্জ্জন এবং দধিমুখের নিযুক্ত বনরক্ষক বানরগণের প্রতি অবজ্ঞা ও তাহাদিগকে গুহ্যপ্রদর্শন। তাহাদের অভিযোগে ক্রুদ্ধ হইয়া দধিমুখের আগমন। তাহাদের সহিত দধিমুখ ও তদীয় অনুচরগণের সংঘর্ষ, অঙ্গদের হস্তে দধিমুখের পরাজয়। (৪০০৮-৪০১২ পৃঃ)।

ত্রিষষ্টিতম সর্গ। (৬৩)

"দধিমুখবাক্য"

পরাজিত দধিমুখের সদলবলে সুগ্রীবের নিকট গমন এবং বিষণ্ণবদনে কৃতাঞ্জলি হইয়া অবস্থিতি। (৪০১৩ ৪০১৫ পৃঃ)।

চতুঃষষ্টিতম সর্গ। (৬৪)

"দধিমুখ-নিবেদন"

সুগ্রীবের দধিমুখের প্রতি কুশলপ্রশ্ন এবং বিষণ্ণতার কারণ-জিজ্ঞাসা। দধিমুখ কর্ত্তৃক সুগ্রীবের নিকট বানরগণের মধুবন বিধ্বংসন ইত্যাদি সমস্ত বৃত্তান্তকথন এবং তাহার প্রতিকার প্রার্থনা। ইহা শ্রবণে অঙ্গদাদির কৃতকার্য্যতা বিষয়ে সুগ্রীবের অনুমান এবং 'দধিমুখ'কে সান্ত্বনা-দানপূর্ব্বক হনুমান্ প্রভৃতিকে উপস্থিত হইবার জন্য আদেশ দান। (৪০১৬-৪০২২ পৃঃ)।

পঞ্চষষ্টিতম সর্গ। (৬৫)

"বানর-প্রয়াণ"

সুগ্রীবের আদেশে 'দধিমুখের' অঙ্গদের নিকট গমন। দধিমুখের নিকট সুগ্রীবের আদেশ অবগত হইয়া অঙ্গদ প্রভৃতি বানরগণের তথা হইতে আগমন। (৪০২৩-৪০২৮ পৃঃ)।

ষট্‌ষষ্টিতম সর্গ। (৬৬)

"সুগ্রীববাক্য"

'অঙ্গদ ও হনুমান্ প্রভৃতি বানরগণ নিশ্চয়ই সীতার সংবাদ জানিয়াছে' এই বলিয়া সুগ্রীবের শোকসন্তপ্ত রামচন্দ্রকে আশ্বাস দান। ইত্যবসরে বানরগণের তথায় উপস্থিতি। (৪০২৯ ৪০৩৩ পৃঃ)।

সপ্তষষ্টিতম সর্গ। (৬৭)

"অভিজ্ঞানমণি-সমর্পণ"

বানরগণের সুগ্রীবের নিকট আগমন ও সীতার সংবাদ কথন। রামচন্দ্রের প্রশ্নের উত্তরে হনুমানের সংক্ষেপে সমস্ত বৃত্তান্ত কথন এবং অভিজ্ঞান-মণি প্রদানপূর্ব্বক সীতার কথিত মনঃশিলার তিলক ও কাকের প্রতি ইষীকাস্ত্র নিক্ষেপের বৃত্তান্তকথন ও তাঁহাকে উদ্ধার করিতে অনুরোধ। (৪০৩৪-৪০৪১ পৃঃ)।

অষ্টষষ্টিতম সর্গ। (৬৮)

"রামপরিদেবন"

সেই মণি দর্শনে রামচন্দ্রের বিলাপ এবং সীতা কি বলিয়াছেন, তাহা পুনঃ পুনঃ বলিবার জন্য হনুমানের প্রতি আদেশ। (৪০৪২-৪০৪৫ পৃঃ)।

ঊনসপ্ততিতম সর্গ। (৬৯)

"হনুমদ্বাক্য"

রামের আদেশে হনুমানের পুনরায় সীতার কথিত কাকের বৃত্তান্ত সবিস্তরে বর্ণনা এবং সীতার প্রত্যেকটী কাতরতাপূর্ণ উক্তি ও অনুরোধের যথাযথভাবে উল্লেখ। (৪০৪৬-৪০৫৫ পৃঃ)।

সপ্ততিতম সর্গ। (৭০)

"হনুমদ্বাক্য"

রামের নিকট হনুমানের সীতার উক্তির অবশিষ্টাংশ কথন। সীতার সন্দেহ ভঞ্জনার্থে হনুমানের উক্তি এবং তাহাতে সীতার প্রসন্নতার কথা রামের নিকট হনুমানের উল্লেখ। (৪০৫৬-৪০৬২ পৃঃ)।

একসপ্ততিতম সর্গ। (৭১)

"হনুমৎপ্রশংসা"

হনুমানের কথায় রামচন্দ্রের আনন্দ, হনুমানের ভূয়সী প্রশংসা এবং পুরস্কারার্থে হনুমানকে আলিঙ্গন। সমুদ্রলঙ্ঘনের উপায় না দেখিয়া চিন্তা। (৪০৬৩-৪০৬৭ পৃঃ)।

দ্বিসপ্ততিতম সর্গ। (৭২)

"সুগ্রীববাক্য"

রামচন্দ্রের শোকাকুলতা দর্শনে সুগ্রীবের সান্ত্বনা দান, সমুদ্রলঙ্ঘন বিষয়ে আশা প্রদান এবং যুদ্ধার্থে উৎসাহ দান। (৪০৬৮-৪০৭২ পৃঃ)।

ত্রিসপ্ততিতম সর্গ। (৭৩)

"লঙ্কার দুর্গসন্নিবেশবর্ণন"

রাক্ষসদিগের সৈন্যসংখ্যা, লঙ্কানগরীর দুর্গনির্মাণ-পদ্ধতি ইত্যাদি বিষয়ে রামচন্দ্রের হনুমানের নিকট প্রশ্ন। তদুত্তরে হনুমানের যথাযথভাবে সমস্ত বর্ণনা ও রামচন্দ্রকে উৎসাহ-দান। (৪০৭৩-৪০৭৭ পৃঃ)।

চতুঃসপ্ততিতম সর্গ। (৭৪)

"বানরানীকপ্রয়াণ"

রামচন্দ্রের পুনরায় প্রশ্নে হনুমান্ কর্তৃক সমুদ্রের ভীষণত্ব, লঙ্কার পরম সমৃদ্ধি, দুর্গসংখ্যা, বাহন-সন্নিবেশ এবং সৈন্যসম্পদ্ ইত্যাদি বিশদভাবে বর্ণনা। রামচন্দ্রের সেই মুহূর্তেই যাত্রা

করিবার অভিলাষ। সুগ্রীবের আদেশে বানরসৈন্যগণের বিপুল উদ্যমে যুদ্ধযাত্রা ও যাত্রাকালীন শুভ লক্ষণ ইত্যাদি। (৪০৭৮-৪০৯২ পৃঃ)।

পঞ্চসপ্ততিতম সর্গ। (৭৫)

"সাগরদর্শন"

বানরগণ সহ রামচন্দ্রের বিন্ধ্যাপর্ব্বতে উপস্থিতি, তথাকার সৌন্দর্য্য দর্শন এবং বানরগণের সেখানে মধুপান। ক্রমে ক্রমে তাঁহাদের বিন্ধ্য, মলয় ও মহেন্দ্রপর্ব্বত অতিক্রম করিয়া সমুদ্রতীরে উপস্থিত। রামচন্দ্রের আদেশে সেই স্থানে সৈন্য-সংস্থাপন। সমুদ্রদর্শনে বানরগণের আনন্দ। (৪০৯৩-৪১০১ পৃঃ)।

ষট্‌সপ্ততিতম সর্গ। (৭৬)

"রামবিলাপ"

লক্ষ্মণের নিকট রামচন্দ্রের স্বীয় ভাগ্যবিপর্য্যয় ও সীতার বর্ত্তমান দুঃখ-দুর্দ্দশার উল্লেখপূর্ব্বক অতিশয় বিলাপ। (৪১০২-৪১০৬ পৃঃ)।

সপ্তসপ্ততিতম সর্গ। (৭৭)

"নিকষাবাক্য"

হনুমানের লঙ্কা হইতে প্রস্থানের পর রাক্ষস-রাজমাতা নিকষার বিভীষণের প্রতি রাবণকে সদুপদেশ প্রদানার্থে অনুরোধ এবং রামচন্দ্রের পরাক্রম ও রাবণের দুর্নীতির উল্লেখপূর্ব্বক ভীতি প্রকাশ। মাতার আদেশে বিভীষণের রাবণের নিকট গমন। (৪১০৭ ৪১১২ পৃঃ)।

অষ্টসপ্ততিতম সর্গ। (৭৮)

"উৎপাতবর্ণন"

বিভীষণের রাজসভায় প্রবেশ এবং "সীতার আগমনের পর হইতে নানা অনিষ্ট সংঘটিত হইতেছে এবং নানা অশুভ লক্ষণ দেখা যাইতেছে" ইত্যাদি বলিয়া সীতাকে রামচন্দ্রের নিকট প্রত্যর্পণ করিবার জন্য রাবণকে অনুরোধ, রাবণের তাহাতে অসম্মতি প্রকাশ। (৪১১৩-৪১১৮ পৃঃ)।

ঊনাশীতিতম সর্গ। (৭৯)

"রাবণবাক্য"

হনুমানের অত্যাচারে ক্রুদ্ধ হইয়া তাহার প্রতিকারের উপায় সম্বন্ধে রাবণের মন্ত্রিগণের নিকট প্রশ্ন। প্রসঙ্গতঃ মন্ত্রণার উৎকর্ষাপকর্ষ-বর্ণনা। (৪১১৯ ৪১২৩ পৃঃ)।

অশীতিতম সর্গ। (৮০)

"রাবণব্যবস্থাপন"

মন্ত্রিগণ কর্ত্তৃক রাবণের স্তুতিবাদ ও পূর্ব্ব পরাক্রম কীর্ত্তনপূর্ব্বক বর্ত্তমান বিপদ্‌কে তুচ্ছজ্ঞান

করিতে উপদেশ। "রামকে ইন্দ্রজিতই বধ করিতে পারিবে" এই বলিয়া ইন্দ্রজিতের পরাক্রম কীর্ত্তন। (৪১২৪-৪১২৮ পৃঃ)।

একাশীতিতম সর্গ। (৮১)

"মন্ত্রিবাক্য"

প্রহস্ত ও ত্রিশিরা প্রভৃতি রাক্ষসগণের আস্ফালন এবং রাম-লক্ষ্মণ ও বানরসৈন্যগণকে বধ করিবার ইচ্ছা প্রকাশ। (৪১২৯-৪১৩২ পৃঃ)।

দ্ব্যশীতিতম সর্গ। (৮২)

"বিভীষণবাক্য"

রাক্ষসগণের উদ্ধত আস্ফালন দর্শনে বিভীষণের পুনরায় হিতোপদেশ-দান এবং বহু যুক্তি প্রদর্শনপূর্ব্বক সীতাকে প্রত্যর্পণ করিতে অনুরোধ এবং না করিলে বহু অনিষ্টের সম্ভাবনা কথন। (৪১৩৩-৪১৪০ পৃঃ)।

ত্র্যশীতিতম সর্গ। (৮৩)

"প্রহস্তবাক্য"

মন্ত্রিগণের নিকট রাবণের মন্ত্রণা প্রার্থনা। তদুত্তরে প্রহস্ত কর্ত্তৃক যুদ্ধার্থে সজ্জিত হইবার পরামর্শদান এবং রাম ও তদীয় দূতের দুর্নীতি কথন। (৪১৪১-৪১৫৪ পৃঃ)।

চতুরশীতিতম সর্গ। (৮৪)

"মহোদরবাক্য"

'মহোদর' কর্ত্তৃক প্রহস্তের উক্তি সমর্থন, যুদ্ধ করিবার অনুকূলে বহু যুক্তির অবতারণা এবং রাত্রিযুদ্ধে রাক্ষসগণের জয়লাভের সম্ভাবনায় রাত্রিযুদ্ধের পরামর্শ দান। (৪১৫৫-৪১৫৯ পৃঃ)।

পঞ্চাশীতিতম সর্গ। (৮৫)

"বিরূপাক্ষবাক্য"

'রাক্ষসগণের নিকট বানরসৈন্যগণ অতি তুচ্ছ' এই বলিয়া বিরূপাক্ষকর্ত্তৃক যুদ্ধ-পরামর্শ সমর্থন এবং যুদ্ধার্থে স্বীয় উদ্যম প্রকাশ। (৪১৬০-৪১৬৩ পৃঃ)।

ষড়শীতিতম সর্গ। (৮৬)

"পুনর্বিভীষণবাক্য"

বিভীষণ কর্ত্তৃক পূর্ব্বোক্ত মন্ত্রিবর্গের মন্ত্রণার নিন্দা এবং রামকে নিরপরাধ প্রতিপাদন। 'পরস্ত্রীধর্ষণ ধর্ম্মবিরুদ্ধ' এই বলিয়া সীতাকে রামচন্দ্রের নিকট প্রত্যর্পণ করিবার পরামর্শ-দান। (৪১৬৪-৪১৬৭ পৃঃ)।

সপ্তাশীতিতম সর্গ। (৮৭)

"রাবণবাক্য"

বিভীষণের বাক্যে রাবণের ক্রোধ, বহু শ্লেষপূর্ণ বাক্যে বিভীষণকে তিরস্কার এবং তাহাকে পরিত্যাগ করিয়া সকলকে যুদ্ধার্থে প্রস্তুত থাকিতে আদেশ। (৪১৭১-৪১৭৬ পৃঃ)।

অষ্টাশীতিতম সর্গ। (৮৮)

"বিভীষণবাক্য"

বিভীষণের পুনরায় রাবণকে সদুপদেশ প্রদান এবং রাবণের আশ্রয় ত্যাগ করিয়া রামের শরণাপন্ন হইবার অভিপ্রায় প্রকাশ। (৪১৭৭-৪১৮২ পৃঃ)।

নবাশীতিতম সর্গ। (৮৯)

"বিভীষণবাক্য"

বিভীষণের বাক্যে রাবণের ক্রোধ এবং অসিহস্তে উত্থিত হইয়া বিভীষণকে পদাঘাত। রাবণের পদাঘাতে বিভীষণের আসন হইতে পতন। প্রহস্তের নিবারণে নিষ্কাশিত অসি পুনরায় কোষমধ্যে স্থাপন করিয়া রাবণের উপবেশন। বিভীষণের মৃদুবাক্যে মন্ত্রিগণের প্রতি ভৎসনা এবং রামের নিকট গমন করিবার অভিপ্রায় প্রকাশ। (৪১৮৩-৪১৮৯ পৃঃ)।

নবতিতম সর্গ। (৯০)

"পুনর্বিভীষণবাক্য"

রাবণের বিভীষণকে বিদ্বেষভাবাপন্ন জ্ঞাতিশত্রু বলিয়া তিরস্কার। বিভীষণের ক্রোধ ও রাবণকে ধিক্কার দান এবং রামের বাণে মৃত্যুর আসন্নতা কথন। (৪১৯০-৪১৯৫ পৃঃ)।

একনবতিতম সর্গ। (৯১)

"বিভীষণাগমন"

বিভীষণের কৈলাসপর্বতে গমন এবং কুবের ও মহাদেবের উপদেশে তথা হইতে রামচন্দ্রের নিকট গমন। তাহাকে দেখিয়া বানরগণের শত্রুসন্দেহে বধ করিবার অভিলাষ। বিভীষণের উচ্চৈঃস্বরে আত্ম-পরিচয় দান এবং রামচন্দ্রের চরণাশ্রিত হইবার অভিলাষ প্রকাশ। সুগ্রীব প্রভৃতি বানরের তাহাকে রাবণপ্রেরিত গুপ্তচর বলিয়া সন্দেহ। (৪১৯৬-৪২১০ পৃঃ)।

দ্বিনবতিতম সর্গ। (৯২)

"বিভীষণ-পরীক্ষা"

রামচন্দ্রের সমস্ত বানরদলপতির সহিত পরামর্শ। অঙ্গদ প্রভৃতির বিভীষণকে পরীক্ষা করিবার পরামর্শ-দান। হনুমানের তাহা অসমর্থন এবং পরীক্ষার অসৌকর্য্য কথন। বিভীষণের যথার্থ আশ্রিত হওয়ার অনুকূলে যুক্তিপ্রদর্শন। রামচন্দ্র এবং সুগ্রীবের তাহা সমর্থন। (৪২১১-৪২১৯ পৃঃ)।

ত্রিনবতিতম সর্গ। (৯৩)

"বিভীষণবাক্য"

চতুর্নবতিতম সর্গ। (৯৪)

"সমুদ্রোপবেশ"

পঞ্চনবতিতম সর্গ। (৯৫)

"শরদাহ"

ষণ্ণবতিতম সর্গ। (৯৬)

"সমুদ্রোদ্গম"

সপ্তনবতিতম সর্গ। (৯৭)

"সেতুবন্ধন"

সুন্দরকাণ্ড-সূচী সমাপ্ত।

রামায়ণম্

সুন্দরকাণ্ডম্

——ঃ০ঃ——

(১) প্রথমঃ সর্গঃ

আখ্যাতে[1] গৃধ্ররাজেন সমুৎপত্য প্লবঙ্গমাঃ।

সহিতাঃ প্রীতিসংহৃষ্টাঃ[2] সিংহনাদং বিনেদিরে[3] ॥ ১ ॥

তে তু গত্বা[4] সমুদ্রস্য দক্ষিণস্যোত্তরং[5] গিরিম্[6]।

সমুদ্রং দদৃশুর্ভীমং[7] তিমি-নক্র-সমাকুলম্ ॥ ২ ॥

নত্বা সদ্গুরুমদ্বয়ং পদমঃ সংসারপঙ্কাকুলনিস্তারকতমোচ্ছেদনম্।
শ্রীলোকনাথবুধ এষ মনোহরাখ্যাং রামায়ণস্য বিবৃতিং প্রকরে তনোতি ॥
অধুনা সুন্দরং কাণ্ডং ব্যাখ্যাস্যামো যথামতি।
হনুমদ্বিক্রমাদীনি যত্রাপূর্ব্বাণি বাববাং ॥

[লো-টী] রাত্রিভিন্দিবৈর্গচ্ছন্ একাদশাং রাত্রিং প্রাপ্য রামায় অবস্থিতয়ে বরুণালয়মাসেতুঃ। [তৃতীয়পাঠান্তরং দ্রষ্টব্যম্।]

গৃধ্ররাজ সম্পাতী [লঙ্কানগরীর কথা] বলিলে বানরগণ সকলে মিলিত হইয়া প্রীতি-প্রফুল্লচিত্তে উল্লম্ফনপূর্ব্বক সিংহের ন্যায় গর্জ্জন করিতে লাগিলেন ॥ ১ ॥

তাঁহারা দক্ষিণ সমুদ্রের উত্তর তীরবর্ত্তী পর্ব্বতে গমন করিয়া তিমি ও কুম্ভীর-পরিপূর্ণ ভীষণ সমুদ্র দেখিতে পাইলেন ॥ ২ ॥

১। গ 'সমন্ততঃ'। ২। দ '-সংহৃষ্টাঃ'। ৩। অতঃ পরং খ-ঙ-পুস্তকয়োঃ "সম্পাতের্বচনং শ্রুত্বা হরয়ো বরুণালয়ম্। হৃষ্টাঃ সাগরমাজগ্মুঃ সীতাদর্শনকাঙ্ক্ষিণঃ ॥ রাত্রিভিন্দিবসৈশ্চৈব হরয়স্তে সমুৎসুকাঃ। ('-শ্চাপি কম্পয়ন্তো বসুন্ধরাম্' ঙ)। অতীত্যৈকাদশাং রাত্রিমাসেদুর্বরুণালয়ম্ ॥" ইত্যধিকম্। ৪। ঙ 'গত্বা তু তে', খ 'তেঽপি'। ৫। খ '-ণাং দিশম্'। ৬। অতঃ পরং দ-পুস্তকে "রাত্রিভিন্দিবসৈশ্চৈব হরয়স্তে সমুৎসুকাঃ। মাত্রাদেকাদশীরাত্রে (?) গত্বেয়ুর্বরুণালয়ম্ ॥" ইত্যধিকম্। ৭। ছ '-র্ষথা-'।

তং সমুদ্রং সমালোক্য বানরা ভীমবিক্রমাঃ।
[১]সর্ব্বলোকস্য মহতঃ প্রতিবিম্বমিবা[২]র্ণবম্ ॥ ৩ ॥

সত্ত্বৈর্ম্মহদ্‌ভির্ব্বিকৃতৈঃ ক্রীড়দ্‌ভির্ব্বহুভির্জ্জলে।
ব্যাদিতাস্যৈর্ম্মহাকা[৩]য়ৈরূর্ম্মিভি[৪]শ্চ সমাবৃতম্ ॥ ৪ ॥

প্রসুপ্তমিব চান্যত্র ক্রীড়ন্তমিব কুত্রচিৎ।
[৫]ক্বচিৎ পর্ব্বতমাত্রৈশ্চ [৬]জলরাশিভিরুচ্ছ্রিতৈঃ ॥ ৫ ॥

সঙ্কুলং দানবেন্দ্রৈশ্চ পাতালতলবা[৭]সিভিঃ।
রোমহর্ষণমক্ষোভ্যং দৃষ্ট্বা তে সাগরং [৮]তদা ॥ ৬ ॥

দক্ষিণস্য সমুদ্রস্য তীরমুত্তরমাগতাঃ।
সন্নিবেশং ততশ্চক্রুঃ সর্ব্বে তে হরিযূথপাঃ ॥ ৭ ॥

৩। গো-টী। তং সমুদ্রমিতি। সর্ব্বলোকস্য যো মহান্ শ্রীনারায়ণস্তস্য প্রতিবিম্বমিব আশ্রয়ভূতম্ অর্ণবং ক্ষীরার্ণবমিব, বিস্তারং ক্ষীরোদবদ্বিস্তারং, অতিবিস্তারং সমুদ্রং সমালোক্য বিস্মিতা বভূবুরিতি শেষঃ। 'অন্তর'মিতি পাঠে অন্তরমধ্যে সমালোক্য। 'স্বর্গলোকস্যে'তি-পাঠে স্বর্গীয়জনস্য মহতো হরেঃ, অন্যৎ সমানম্।

৪। গো-টী। সমুদ্রং বিশিনষ্টি সত্ত্বৈরিত্যাদ্‌ভিঃ। সত্ত্বৈঃ প্রাণিভিঃ বিকৃতৈঃ বিকটাকারৈঃ।

৫। গো-টী। অন্যত্র কুত্রচিৎ।

৬। গো-টী। রোমাণি হৃষ্যন্তি যতঃ রোমহর্ষণম্।

৭। গো-টী। সন্নিবেশমবস্থানম্।

ভীম-পরাক্রম বানরগণ সমস্ত জগতের মধ্যে যিনি মহান্, তাঁহার অর্থাৎ নারায়ণের প্রতিবিম্ব অর্থাৎ আশ্রয়ভূত ক্ষীরার্ণবের ন্যায় [অতি বিশাল] এবং জলে ক্রীড়াশীল বিকটাকার বিশালকায় বিস্ফারিত-মুখ বহু জন্তু ও তরঙ্গমালায় সমাচ্ছন্ন সেই সমুদ্র দেখিয়া [বিস্মিত হইলেন] ॥ ৩-৪ ॥

তখন কোথাও নিদ্রিতের ন্যায় [নিশ্চল], কোথাও ক্রীড়াপরায়ণের ন্যায় [চঞ্চল], কোথাও পর্ব্বত-প্রমাণ অত্যুচ্চ জলরাশি-দ্বারা এবং পাতালতলবাসী শ্রেষ্ঠ দানবগণকর্ত্তৃক পরিব্যাপ্ত, রোমাঞ্চজনক, অক্ষোভণীয় সমুদ্র সন্দর্শন করিয়া সেই দক্ষিণ সমুদ্রের উত্তর তীরগত বানরদলপতিগণ সকলেই সেইখানে অবস্থান করিতে লাগিলেন ॥ ৫--৭ ॥

১। ঘ 'স্বর্গলো-'। ২। ঘ '-ন্তরম্'। ৩। '-ভুজগেন্দ্রৈঃ'। ৪। ঙ-ঘ 'সমাকুলম্'। ৫। ছ 'কুত্রচিৎ পর্ব্বতাকারৈ'। ৬। ঘ 'চন্দ্রভির্জ্জলরাশিভিঃ', ছ-ঙ-ঘ 'চন্দ্রভির্জ্জলরাশিভিঃ'। ৭। ঘ '-চারিভিঃ'। ৮। ঙ 'ততঃ'।

আকাশমিব নিষ্পারং[1] দৃষ্ট্বা[2] তে সাগরং ততঃ[3]।
নিষেদুঃ[4] কপয়ঃ কেচিৎ কেচিজ্জহৃষিরে তদা[5] ॥ ৮ ॥

বিষণ্ণবদনান্[6] দৃষ্ট্বা[7] তত্র কাংশ্চিৎ প্লবঙ্গমান্।
আশ্বাসনার্থং তেজস্বী তারেয়ো বাক্যমব্রবীৎ[8] ॥ ৯ ॥

অনুমান্য হরীন্ বৃদ্ধানিতরাননুশাস্য চ।
উবাচ মা পুনর্ভৈষ্ট কৃতকৃত্যা দৃঢ়ং[9] বয়ম্ ॥ ১০ ॥

নিশাং তাবদিমাং সর্ব্বে বসন্তু[10] বিগতজ্বরাঃ।
শ্বঃ প্রভাতে করিষ্যামো যন্নঃ শ্রেয়ো ভবিষ্যতি[11] ॥ ১১ ॥

অথ রাত্র্যাং ব্যতীতায়ামঙ্গদো হরিসত্তমঃ[12]।
সহ তৈর্ব্বানরৈঃ সর্ব্বৈর্নিষসাদ[13] গিরেস্তটে ॥ ১২ ॥

১০। গো-টী। দৃঢ়ং 'নিশ্চিতং যথা ভবতি তথা।

সেই বানরগণ, তখন আকাশের ন্যায় অন্তহীন সমুদ্র দেখিয়া কেহ বা বিষণ্ণ হইলেন, কেহ বা আনন্দিত হইলেন ॥ ৮ ॥

তাহাদের মধ্যে কোন কোন বানরের মুখ বিষণ্ণ দেখিয়া তারা-পুত্র তেজস্বী অঙ্গদ আশ্বাস প্রদানের জন্য এই কথা বলিলেন—॥ ৯ ॥

[অঙ্গদ] বৃদ্ধ বানরদিগকে অভিনন্দন করিয়া এবং অন্যান্য বানরদিগকে উপদেশ দিয়া বলিলেন—"আপনারা আর ভীত হইবেন না, আমরা নিশ্চয়ই কৃতকার্য্য হইব ॥ ১০ ॥

সকলে সন্তাপশূন্য হইয়া এই রাত্রি অবস্থান করুন, আগামী কল্য প্রভাতে আমাদের যাহা ভাল হইবে তাহা করিব" ॥ ১১ ॥

অনন্তর রাত্রি অতীত হইলে, বানরশ্রেষ্ঠ অঙ্গদ সমস্ত বানরের সহিত পর্ব্বতের তটদেশে উপবেশন করিলেন ॥ ১২ ॥

১। ছ-ধ 'দুষ্পারং'। ২। ত 'গ্রহনক্ষত্রসঙ্কুলম্'। ৩। অতঃ পরং ত-পুস্তকে "ক্ষীরোদমিব গচ্ছন্তং মন্দরভ্রমণাদিব। হুঙ্কারভীষণং নাদং দৃষ্ট্বা তে সাগরং ততঃ।" ইত্যধিকম্। ৪। ছ-ধ-ন 'বিষেদুঃ'। ৫। ক 'মুদা'। ৬। ঘ-দ 'বিবর্ণ-'। ৭। ধ '-নাংস্তত্র দৃষ্ট্বা'। ৮। অতঃ পরং ত-দ-পুস্তকয়োঃ "ন হি বো গমনে ভঙ্গঃ কদাচিৎ কস্য কুত্রচিৎ।" ইত্যধিকম্। ৯। ত-দ 'দৃঢা', থ 'বয়ং দৃঢ়ম্'। ১০। ঘ-ছ-ত 'বসত প্রগত-', থ 'বসধ্বং' দ 'বহুবুর্দ্ধি-'। ১১। ত 'ভবেদিতি'। ১২। ক '-যূথপঃ'। ১৩। দ '-ন্নিষ-'।

সা[1] বানরাণাং ধ্বজিনী পরিবার্য্যাঙ্গদং বভৌ।
বাসবং পরিবার্য্যেব[2] বাহিনী মরুতাং[3] যথা ॥ ১৩ ॥

কোঽন্যস্তাং বানরীং সেনাং শক্তঃ স্তম্ভয়িতুং[4] ভবেৎ।
অঙ্গদাদ্ দ্বিবিদান্মৈন্দাদন্যতো[5] বা হনূমতঃ ॥ ১৪ ॥

তান্ বিষাদেন মহতা সহসাঽভিপরিপ্লু[6]তান্।
বালিপুত্রোঽঙ্গদো ধীমানিদং বচনমব্রবীৎ ॥ ১৫ ॥

ন বিষাদং মহাবীর্য্যাঃ কর্ত্তুমর্হথ বানরাঃ।
বিষণ্ণো হি জনঃ শক্তো[7] ন ভবত্যর্থসাধকঃ[8] ॥ ১৬ ॥

যো বিষাদং[9] প্রসহতে বিস্ময়ে সমুপস্থিতে।
তেজসা তস্য যুক্তস্য পুরুষার্থো ন রিচ্যতে[10] ॥ ১৭ ॥

ন বিষাদে[11] মনঃ কার্য্যং বিষাদো বিষমুত্তমম্[12]।
মারয়ত্যকৃতপ্রজ্ঞং[13] বালং ক্রুদ্ধ ইবোরগঃ ॥ ১৮ ॥

১৪। গো-টী। স্তম্ভয়িতুং স্তম্ভনং স্থিরীকর্ত্তুম্।
১৭। গো-টী। প্রসহতে পরিত্যজতি। ন রিচ্যতে রিক্তো ন ভবতি, 'ন হীয়তে' ইতি বা পাঠঃ।
১৮। গো-টী। ন বিদ্যতে কৃতা শাস্ত্রবিহিতা প্রজ্ঞা জ্ঞানং যস্য তম্। 'কৃতং যুগে সমর্থেঽথ বিহিতে হিংসিতে ত্রিষু' ইতি কোষঃ।

অমর-বাহিনী যেরূপ ইন্দ্রকে বেষ্টন করিয়া শোভা পায়, সেইরূপ সেই বানর-বাহিনী অঙ্গদকে বেষ্টন করিয়া শোভা পাইতে লাগিল ॥ ১৩ ॥

অঙ্গদ, দ্বিবিদ, মৈন্দ অথবা হনুমান্ ভিন্ন অন্য কোন্ ব্যক্তি সেই বানর-সৈন্যকে সংযত করিতে পারে? ॥ ১৪ ॥

বালিপুত্র বুদ্ধিমান্ অঙ্গদ সহসা বিষাদময় সেই বানর-সৈন্যদিগকে এই কথা বলিলেন—॥ ১৫ ॥

হে মহাবলশালী বানরগণ, আপনাদের বিষণ্ণ হওয়া উচিত নহে; কারণ, বিষণ্ণ ব্যক্তি শক্তিমান্ হইলেও কার্য্য সাধন করিতে পারে না ॥ ১৬ ॥

সঙ্কট উপস্থিত হইলে যে ব্যক্তি বিষাদ পরিত্যাগ করে, সেই তেজস্বী পুরুষের পৌরুষ কখনও বিফল হয় না ॥ ১৭ ॥

১। ঘ 'তব্'। ২। ক '-বার্য্যেব'। ৩। ঙ 'বাধনী', থ 'মরুতা'। ৪। ন 'স্থাপয়িতুং ভবেৎ'। ৫। ঘ '-নক্ষত্র', থ '-দস্থ এব হ-'। ৬। র '-সাতি-'। ৭। গ-ঙ 'সক্তো'। ৮। গ -সাধনে'। ৯। ঙ 'বিস-', থ 'ব স-'। ১০। ঘ-ঙ 'হীয়তে', চ 'ভিদ্যতে', প-দ 'বিষ্কতে'। ১১। ব '-বাদং'। ১২। চ 'বিষমুচ্যতে'। ১৩। দ '-কৃমিবো-'।

কো যোজনশতং সাগ্রং লঙ্ঘয়েত[1] প্লবঙ্গমাঃ।
ক ইমান্ বানরান্ সর্ব্বান্ মোক্ষয়েদ্ বধবন্ধনাৎ ॥ ১৯ ॥
বাসবস্য সবজ্রস্য ব্রহ্মণো বা স্বয়ম্ভুবঃ।
বিক্রম্য সহসা[2] হস্তাদমৃতং স ইহানয়েৎ ॥ ২০ ॥
চন্দ্রাদপহরেল্লক্ষ্মীং[3] তেজো বা রবিমণ্ডলাৎ।
লঙ্কামিতো বিক্রমেণ গচ্ছেদ্[4] য ইতি মে মতিঃ ॥ ২১ ॥
বিক্রম্য য ইতো[5] লঙ্কাং গত্বা[6] তু পুনরাব্রজেৎ।
বুদ্ধ্বা[7] বুদ্ধ্বা[8] সমাখ্যাতু যস্য যা পরমা গতিঃ ॥ ২২ ॥
যস্য প্রসাদাৎ পুত্রাংশ্চ[9] দারাংশ্চৈব ধনানি চ।
ইতো নিবৃত্তাঃ পশ্যামঃ[10] সিদ্ধার্থাঃ সুখিনো বয়ম্ ॥ ২৩ ॥
কস্য[11] প্রসাদাদ্রামঞ্চ লক্ষ্মণঞ্চ[12] মহারথম্[13]।
অভিগচ্ছেম[14] সংহৃষ্টাঃ সুগ্রীবঞ্চ[15] মহাবলম্ ॥ ২৪ ॥

মনকে বিষাদমগ্ন করা উচিত নহে; বিষাদ উৎকট বিষ-স্বরূপ; ক্রুদ্ধ সর্প যেরূপ বালককে বিনাশ করে, বিষাদ সেইরূপ বিক্রমহীন লোকের বিনাশের হেতু হয় ॥১৮॥

বানরগণ, কে এই শত-যোজনবিস্তৃত সমুদ্র লঙ্ঘন করিবেন এবং কে এই সকল বানরকে মৃত্যুপাশ হইতে মোচন করিবেন? ॥ ১৯ ॥

আমার মনে হয়—যিনি এই স্থান হইতে বিক্রমপূর্ব্বক লঙ্কায় গমন করিবেন, তিনি বজ্রধারী ইন্দ্রের অথবা স্বয়ম্ভু ব্রহ্মার হস্ত হইতে বলপূর্ব্বক অমৃত আনয়ন করিবেন অথবা চন্দ্র হইতে শোভা ও সূর্য্যমণ্ডল হইতে তেজ আহরণ করিবেন ॥ ২০–২১ ॥

এখান হইতে যিনি বিক্রমপূর্ব্বক লঙ্কায় গমন করিয়া পুনরায় আগমন করিতে পারিবেন এবং যাঁহার যতটুকু গমনশক্তি আছে, তাহা তিনি বিবেচনাপূর্ব্বক বলুন; তাঁহার অনুগ্রহে আমরা কৃতকৃত্য ও আনন্দিত হইয়া এখান হইতে প্রত্যাবর্ত্তন-পূর্ব্বক পুত্র-কলত্র এবং ধন দেখিতে পাইব ॥ ২২-২৩ ॥

আমরা কাহার অনুগ্রহে হৃষ্টচিত্তে মহারথ রাম-লক্ষ্মণ ও বলবান্ সুগ্রীবের নিকট গমন করিতে পারিব? ॥ ২৪ ॥

১। দ '-ঙ্ঘয়েৎ প্লবগোত্তমঃ'। ২। ঘ 'ক', দ 'সহসা বলাৎ'। ৩। ক '-অপি হরে-', ছ '-দথ স লক্ষ্মীক'। ৪। ত 'গচ্ছেয়মিতি'। ৫। দ 'ইমাং'। ৬। খ, ঘ 'গত্বা স', ছ-ত 'গত্বাহং', দ 'গত্বা মাং'। ৭। খ 'বুদ্ধ্যাঙ্ক-মত্তমাখ্যাত যস্য শীঘ্রতয়া', দ 'বুদ্ধ্যা মে তথামাখ্যাত'। ৮। ত 'মাং তং সমাখ্যাতু'। ৯। খ 'দারাংশ্চ পুত্রাংশ্চৈব'। ১০। ক 'পশ্যেম'। ১১। ধ 'যস্য'। ১২। দ '-ণং তং'। ১৩। ক 'মহাবলম্'। ১৪। দ '-গচ্ছাম'। ১৫। ক 'কপীশ্বরম্'।

যদি কশ্চিৎ সমর্থো বঃ সাগরপ্লবনে হরিঃ।[1]
স দদাতু জনস্যাস্য প্রাণামভয়দক্ষিণাম্ ॥ ২৫ ॥
অঙ্গদস্য বচঃ শ্রুত্বা ন কশ্চিৎ[2] কিঞ্চিদব্রবীৎ।
স্তিমিতাশ্চাভবন্[3] সর্ব্বে তত্র তে হরিযূথপাঃ ॥ ২৬ ॥
অথ তান্[4] স্তিমিতান্ দৃষ্ট্বা স্বিন্নগাত্রান্[5] ব্যবস্থিতান্[6]।
অঙ্গদো হরিশার্দ্দূলঃ পুনর্ব্বচনমব্রবীৎ ॥ ২৭ ॥
বানরাঃ ক ইদানীং বো[7] লঙ্ঘয়িষ্যতি সাগরম্।
কঃ করিষ্যতি রামস্য নৃপস্য[8] প্রিয়মুত্তমম্ ॥ ২৮ ॥
ক ইমান্ বানরান্ সর্ব্বান্ প্রাণসংশয়মাগতান্।
মোচয়িষ্যতি[9] সুগ্রীবাৎ ক্রুদ্ধান্মৃত্যুমুখাদিব ॥ ২৯ ॥
কঃ করিষ্যতি সুগ্রীবং সত্যসন্ধমসংশয়ম্।
কঃ করিষ্যতি রামস্য প্রিয়মাত্যন্তিকং হরিঃ ॥ ৩০ ॥

২৬। লো-টী। স্তিমিতা অনুত্তরাঃ।

আপনাদের মধ্যে যদি কোন বানর সমুদ্র লঙ্ঘন করিতে সমর্থ হ'ন, তবে তিনি এই ব্যক্তিকে (আমাকে) প্রাণাত্মক অভয়-দক্ষিণা প্রদান করুন ॥ ২৫ ॥

অঙ্গদের কথা শুনিয়া কেহই কিছু বলিলেন না; সেই বানরদলপতিগণ সকলেই সেখানে মৌনী হইয়া রহিলেন ॥ ২৬ ॥

অনন্তর সেই বানর-সৈন্যদিগকে মৌনী এবং ঘর্ম্মাক্তকলেবর দেখিয়া বানর-শ্রেষ্ঠ অঙ্গদ পুনরায় বলিলেন—॥ ২৭ ॥

বানরগণ, আপনাদের মধ্যে কে এক্ষণে সমুদ্র লঙ্ঘন করিবেন? কে মহারাজ রামচন্দ্রের অতিশয় প্রিয়কার্য্য সাধন করিবেন? ॥ ২৮ ॥

কে এই প্রাণ-সংশয়ে উপনীত বানরদিগকে যমের মুখের ন্যায় ক্রুদ্ধ সুগ্রীবের নিকট হইতে মুক্ত করিবেন? ॥ ২৯ ॥

কে নিঃসংশয়ে সুগ্রীবকে সত্য-প্রতিজ্ঞ করিবেন? কোন্ বানর রামের অত্যন্ত প্রিয়কার্য্য করিবেন? ॥ ৩০ ॥

১। দ '-প্লাবন-'। ২। ক 'কিঞ্চিৎ কশ্চি-'। ৩। ক 'স্তিমিতা-'। ৪। ক 'তাংস্তিমি-'। ৫। ঘ-ছ 'খিন্ন-'। ৬। ঙ-দ '-ত্রানবস্থিতান্'। ৭। ছ 'বা'। ৮। ক 'প্রিয়মাত্যন্তিকং হরিঃ'। ৯। ক 'মোক্ষয়িষ্যতি'।

সর্ব্বে হি প্লবতাং[১] শ্রেষ্ঠাঃ সর্ব্বে বিশ্রুতপৌরুষাঃ[২] ।
উপদেশে চ বিখ্যাতাঃ পূজিতাশ্চাপ্যভীক্ষ্ণশঃ ॥ ৩১ ॥

ন হি বো[৩] গমনে ভঙ্গঃ[৪] কদাচিৎ কস্যচিৎ ক্বচিৎ[৫] ।
সর্ব্বে ভবন্তো বিখ্যাতা গরুড়ানিলরংহসঃ ॥ ৩২ ॥
যদি কশ্চিৎ সমর্থো বঃ সাগরপ্লবনে হরিঃ ।
স ব্রবীতু[৬] হরিশ্রেষ্ঠো বীর্য্যমূর্জ্জিতমাত্মনঃ ॥ ৩৩ ॥
দৃষ্টপূর্ব্বোঽপি[৭] বা[৮] লোকে শ্রুতপূর্ব্বোঽপি[৯] বা ভবেৎ[১০] ।
কো বঃ[১১] কিং বা প্রক্রমতে হরিশ্রেষ্ঠো মহাবলঃ ॥ ৩৪ ॥
দৃষ্ট্বা[১২] বীর্য্যমহন্তস্য ভবদ্ভিঃ সহিতস্ত্বরন্ ।
কৃতকৃত্যো ভবিষ্যামি ধ্রুবং প্লবগসত্তমাঃ ॥ ৩৫ ॥

৩১। গো-টী। বিশ্রুতপৌরুষাঃ 'বিশ্রুতং পৌরুষং কর্ম্ম তেজো বা যেষাং তে।' 'পৌরুষং পুরুষস্যৈব ভাবে তেজসি কর্ম্মণী'তি কোষঃ। উপদেশে গবেষাং শিক্ষাত্রাপদেশে বিখ্যাতাঃ প্রতিষ্ঠিতাঃ।

৩৩। গো-টী। উর্জ্জিতং বলবত্তরম্।

৩৪। গো টী। সাগরতরণং দৃষ্টং পূর্ব্বস্মিন্ যেন স দৃষ্টপূর্ব্বঃ। সমুৎপত্য উৎপ্লায় (?)।

বানরগণ, আপনারা সকলেই উল্লম্ফনে শ্রেষ্ঠ, বিখ্যাত পরাক্রমশালী, উপদেশ দানে বিখ্যাত এবং [এই সমস্ত গুণে] পুনঃ পুনঃ পূজিত হইয়াছেন ॥ ৩১ ॥

বানরগণ, আপনাদের মধ্যে কাহারও কখনও গতিভঙ্গ হয় নাই ; আপনারা সকলেই গরুড় এবং বায়ুর ন্যায় বেগবান্ বলিয়া প্রসিদ্ধ ॥ ৩২ ॥

আপনাদের মধ্যে যদি কোন বানর সমুদ্র লঙ্ঘন করিতে সমর্থ হন, তবে সেই বানরশ্রেষ্ঠ নিজের বিখ্যাত বলের কথা বলুন ॥ ৩৩ ॥

কেহ [হয়ত] পূর্ব্বে [সমুদ্রলঙ্ঘন] দেখিয়া থাকিবেন অথবা কেহ পূর্ব্বে শুনিয়া থাকিবেন ; আপনাদের মধ্যে কোন্ বলশালী শ্রেষ্ঠ বানর কিরূপ গমন করিতে পারেন ? ॥ ৩৪ ॥

শ্রেষ্ঠ বানরগণ, আমি তাঁহার পরাক্রম দেখিয়া আপনাদের সহিত মিলিত হইয়া চেষ্টা করিলে নিশ্চয়ই কৃতকার্য্য হইব ; অতএব আপনারা শীঘ্র যাঁহার যেরূপ গমনশক্তি আছে তাহা বলুন। অনন্তর অঙ্গদের বাক্য শুনিয়া শ্রেষ্ঠ বানরগণ আনন্দিত হইলেন ॥ ৩৫-৩৬ ॥

১। ঘ-থ 'প্লবগশ্রে-'। ২। দ '-বিক্রমাঃ'। ৩। ক 'নো'। ৪। ছ '-নংশক্তিঃ'। ৫। ঘ-থ দ 'ভবেৎ'। ৬। থ 'চাপ্যেষয়তু শ্রেষ্ঠো'। ৭। ন 'শ্রুত-'। ৮। ঘ '-ব্যো হি'। ৯। ন '-ব্যো হি বা'। ১০। ক 'কচিৎ'। ১১। দ 'বা'। ১২। ছ 'বীর্য্যং মহত্তস্য'।

তদ্[১] ব্রূত ত্বরিতাঃ সর্ব্বে যস্য যা[২] পরমা গতিঃ।
অথাঙ্গদবচঃ শ্রুত্বা হৃষ্টাঃ শাখা[৩]মৃগর্ষভাঃ ॥ ৩৬ ॥
কৃতাঞ্জলিপুটাঃ[৪] সর্ব্বে বাক্যমঙ্গদমব্রুবন্।
সেনামধ্যাৎ সমুৎপত্য হর্ষ[৫]য়ন্তঃ প্লবঙ্গমান্ ॥ ৩৭ ॥
গয়ো গবাক্ষো গবয়ঃ শরভো[৬] গন্ধমাদনঃ।
মৈন্দশ্চ দ্বিবিদ[৭]শ্চৈব হনূমান্[৮] জাম্ববান্ নলঃ ॥ ৩৮ ॥
নীলস্তারশ্চ রম্ভশ্চ ঋষভঃ ক্রথনস্তথা।
সানুপ্রস্থোঽথ পনসস্তথা দধিমুখো হরিঃ ॥ ৩৯ ॥
এতচ্ছ্রুত্বা মহদ্ বাক্যমঙ্গদেন সমীরিতম্।
বক্তুকামা মহাত্মানস্তস্থুঃ প্রাঞ্জলয়স্তদা ॥ ৪০ ॥
গয়ঃ পূর্ব্বমুবাচেদং গমিষ্যে দশ যোজনম্।
গবাক্ষো যোজনা[৯]ন্যাহ গমিষ্যে বিংশতিং পরম্ ॥ ৪১ ॥
অব্রবীদ্ গবয়ঃ শ্রীমাংস্তেজস্বী বানরসংসদি।
যামি ত্রিংশতমেকাহ্না যোজনানাং তু বীর্য্যবান্ ॥ ৪২ ॥

৩৭। রো-টী। সেনামধ্যাৎ সমুৎপত্য ইত্যত্র, 'সেনামুখাদি'তি পাঠে সেনানিঃসারণাৎ স্বসেনায়া নিঃসৃত্য সমুৎপত্য চ উৎপত্য চ।

সৈন্যগণের মধ্য হইতে সকলেই উত্থানপূর্ব্বক বানরদিগকে আনন্দিত করিয়া কৃতাঞ্জলিপুটে অঙ্গদকে [নিজ নিজ বিক্রমের কথা] বলিলেন ॥ ৩৭ ॥

গয়, গবাক্ষ, গবয়, শরভ, গন্ধমাদন, মৈন্দ, দ্বিবিদ, হনূমান্, জাম্ববান্, নল, নীল, তার, রম্ভ, ঋষভ, ক্রথন, সানুপ্রস্থ, পনস, দধিমুখ প্রভৃতি শ্রেষ্ঠ বানরগণ অঙ্গদের এই উত্তম বাক্য শুনিয়া বলিবার অভিপ্রায়ে কৃতাঞ্জলিপুটে অবস্থান করিতে লাগিলেন ॥ ৩৮—৪০ ॥

প্রথমে 'গয়' বলিলেন—'আমি দশ-যোজন গমন করিব', পরে 'গবাক্ষ' বলিলেন—'আমি বিংশতি-যোজন গমন করিব' ॥ ৪১ ॥

সেই বানরসভায় শ্রীমান্ তেজস্বী গবয় বলিলেন—'আমি একদিনে ত্রিংশ-যোজন গমন করিতে পারি' ॥ ৪২ ॥

১। ঙ 'বদত'। ২। দ 'শাখা পরা'। ৩। দ '-গান্ধবা'। ৪। ক '-টাঙ্গদ'। ৫। ছ '-জনাঃ'। ৬। ঘ 'সর-'। ৭। ব '-শ্চাপি'। ৮। দ '-নপি'। ৯। দ-দ '-ন্যহং'।

অথাদ্রিশিখরাকারো বিক্রমেঽপ্রতিমো হরিঃ।
শরভঃ সুমহাতেজাঃ[১] প্রত্যুবাচেদমঙ্গদম্।
চত্বারিংশতমেকাহ্না যোজনানাং[২] ব্রজাম্যহম্ ॥ ৪৩ ॥
ততো হেমোপমঃ[৩] শ্রীমানব্রবীদ্ গন্ধমাদনঃ।
সুখং[৪] যোজনপঞ্চাশৎ ক্রমেয়ং বানরর্ষভাঃ ॥ ৪৪ ॥
ততস্তু হিমবৎপ্রায়ো[৫] মৈন্দো বাক্যমথাব্রবীৎ।
যোজনানামহং ষষ্টিং[৬] ক্রমেয়ং নাত্র সংশয়ঃ ॥ ৪৫ ॥
দ্বিবিদস্তু মহাতেজাঃ প্রত্যুবাচেদমঙ্গদম্।
গমিষ্যামি ন সন্দেহঃ সপ্ততিং যোজনান্যহম্ ॥ ৪৬ ॥
অগ্নিপুত্রস্ততো ধীমান্ নীলো বচনমব্রবীৎ।
অশীতিং বৈ গমিষ্যামি যোজনানাং প্লবঙ্গমাঃ ॥ ৪৭ ॥
ত্বষ্টুঃ[৭] পুত্রো নলঃ শ্রীমানব্রবীদ্ধরিপুঙ্গবঃ।
গচ্ছেয়ং নবতিং পূর্ণাং যোজনানীতি হৃষ্টবৎ ॥ ৪৮ ॥

৪৩। গো টী। অপ্রতিমঃ অতুলনাশূন্যঃ, ক্রমঃ পরাক্রমঃ।

অনন্তর বিক্রমে অতুলনীয় অত্যন্ত তেজস্বী পর্ব্বতশিখরতুল্য বানর ‘শরভ’ অঙ্গদকে লক্ষ্য করিয়া এই বলিলেন—‘আমি একদিনে চল্লিশ যোজন গমন করিতে পারি’ ॥ ৪৩ ॥

পরে স্বর্ণকান্তি শ্রীমান্ গন্ধমাদন বলিলেন—শ্রেষ্ঠ বানরগণ, ‘আমি অনায়াসে পঞ্চাশ যোজন গমন করিতে সমর্থ’ ॥ ৪৪ ॥

তার পর হিমালয়সদৃশ ‘মৈন্দ’ বলিলেন, ‘আমি ৬০ যোজন গমন করিতে সমর্থ, এ-বিষয়ে কোন সন্দেহ নাই’ ॥ ৪৫ ॥

মহাতেজস্বী ‘দ্বিবিদ’ অঙ্গদকে বলিলেন, ‘আমি ৭০ যোজন গমন করিব, সন্দেহ নাই’ ॥ ৪৬ ॥

পরে অগ্নি-পুত্র বুদ্ধিমান্ ‘নীল’ বলিলেন—বানরগণ, ‘আমি ৮০ যোজন গমন করিতে পারিব’ ॥ ৪৭ ॥

বিশ্বকর্ম্মার পুত্র বানরশ্রেষ্ঠ শ্রীমান্ ‘নল’ বলিলেন, ‘আমি অক্লেশে সম্পূর্ণ ৯০ যোজন গমন করিতে সমর্থ’ ॥ ৪৮ ॥

১। ঘ ‘স মহা-’, দ ‘-স্তশ্চ মহা-’। ২। ক ‘-নানি’। ৩। ছ ‘হেমপ্রভঃ’, থ ‘হেমময়ঃ’। ৪। থ পঞ্চাশতং যোজনানাং’, দ ‘অহং’। ৫। ছ ‘-প্রাণো’। ৬। ক ‘ষষ্টিমুপক্রমিতুমুৎসহে’। ৭। ত ‘ত্বষ্টুপু-’।

তারোঽব্রবীত্তত্র[1] মহাবলপরাক্রমঃ।

নবতিং যোজনে[2] দ্বে চ গমিষ্যামীতি বীর্য্যবান্ ॥ ৪৯ ॥

ততঃ সাগরগম্ভীরো বানরঃ পবনো জবে।

মন্দরশ্চ[3] প্রমাণেন ভাস্করাগ্নিসমপ্রভঃ ॥ ৫০ ॥

তত্র[4] সর্ব্বান্ হরিবরান্ জাম্ববাননুমান্য হ[5]।

উবাচ হরিমুখ্যানাং সন্নিধৌ প্রহসন্নিব ॥ ৫১ ॥

তারুণ্যে মে বলং বীর্য্যং যশ্চাসীদ্বিক্রমো মম।

নৈতাবানেব শক্ত্বস্তি[6] গমনে বা পরাক্রমে[7] ॥ ৫২ ॥

যৎ কৃতং যৌবনস্থেন ময়া তচ্ছ্রোতুমর্হথ।

৫০। লো-টী। পবনো জবে বেগে বায়ুরিব, প্রমাণেন দৈর্ঘ্যেণ, স্থূলতয়া বা, মন্দরঃ পর্ব্বত ইতি।

৫২। লো-টী। যচ্চ বলং শারীরং, বীর্য্যমুৎসাহঃ, বিক্রমঃ শক্তিসম্পৎ, 'বিক্রমস্তু পুমান্ ক্রান্তিমাত্রে স্যাৎ শক্তিসম্পদী'তি বিশ্বঃ। এতাবান্ বিক্রমঃ শক্তিঃ, গমনে, পরাক্রমে বা, উদ্যোগে বা, নাসীদিদানীং নাস্তি খলু। 'অস্তী'তি বা পাঠঃ। 'পরাক্রমো বিক্রমে স্যাৎ সামর্থ্যোদ্যোগয়োরপী'তি কোষঃ। 'পরাক্রম' ইতি বা পাঠঃ।

অনন্তর মহাবিক্রমশালী বলবান্ 'তার' সেই সভায় বলিলেন—'আমি ৯২ যোজন গমন করিব' ॥ ৪৯ ॥

তার পর সমুদ্রের ন্যায় গম্ভীর, বেগে পবনতুল্য, পরিমাণে মন্দর-পর্ব্বতের ন্যায়, সূর্য্য এবং অগ্নির ন্যায় প্রভাবিশিষ্ট জাম্ববান্ সেই সভায় সমস্ত শ্রেষ্ঠ বানরকে সম্মান করিয়া প্রধান প্রধান বানরগণের সম্মুখে হাসিতে হাসিতেই যেন বলিলেন—॥ ৫০-৫১ ॥

যৌবনে আমার যেরূপ বল, বীর্য্য এবং বিক্রম ছিল, এক্ষণে গমনে অথবা পরাক্রম বিষয়ে সেরূপ নাই। আমি যৌবনাবস্থায় যাহা করিয়াছি, তাহা আপনারা [ইচ্ছা হইলে] শুনিতে পারেন। পূর্ব্বে বলির যজ্ঞে যখন সনাতন বিষ্ণু তিনটি পাদক্ষেপ [দ্বারা ত্রিভুবন আক্রমণ] করিতেছিলেন, তখন আমি এবং জটায়ু তাঁহাকে তিন তিন বার প্রদক্ষিণ করিয়াছিলাম ॥ ৫২—৫৩ ॥

১। চ '-স্তত্র', ন '-স্তদ্বৎ'। ২। ছ 'যোজনাস্ত্বেব'। ৩। ক '-রশ্চ'। ৪। ত 'ততঃ', দ-পুস্তকে অত আরভ্য দ্বিপঞ্চাশশ্লোকপর্য্যন্তং নাস্তি। ৫। প 'চ'। ৬। দ-ছ 'পশ্বাসীদ্ গ-'। ৭। ঘ-ঙ-থ '-ক্রমঃ'।

ময়া জটায়ুষা চৈব বলিযজ্ঞে সনাতনঃ ।
বিক্রমাংস্ত্রীন্[1] ক্রমন্[2] বিষ্ণুস্ত্রিস্ত্রিঃ প্রদক্ষিণীকৃতঃ[3] ॥ ৫৩ ॥
পুনরন্যত্তু[4] বক্ষ্যামি[5] তদপি শ্রোতুমর্হথ ।
উদয়াৎ পর্ব্বতাচ্চাহমস্তং[6] গিরিবরোত্তমম্ ।
গত্বা প্রাপ্য চ কৈলাসং গচ্ছামি বিবুধালয়ম্ ॥ ৫৪ ॥
বালভাবে[7] তদাসান্মে বলমপ্রতিমং পরৈঃ[8] ।
স ইদানীমহং বৃদ্ধো ন তথা বিক্রমান্বিতঃ ॥ ৫৫ ॥
সম্প্রত্যেতাবতীং শক্তিং গমনে[9] তর্কয়াম্যহম্ ।
দশোনং[10] যোজনশতং নবোনং বা ন সংশয়ঃ[11] ॥ ৫৬ ॥
এতাবতা[12] সমাপ্তিশ্চ ন কার্য্যস্যাস্য[13] দৃশ্যতে ।
হেতুমদ্ গ্রাহকং বাক্যং তথোক্তবতি জাম্ববে ॥ ৫৭ ॥
ততঃ পর্ব্বতসঙ্কাশো হনূমানঞ্জনাসুতঃ ।
ন কিঞ্চিদব্রবীত্তত্র বলং পৌরুষমাত্মনঃ ॥ ৫৮ ॥

৫৩। লো-টী। ক্রমন্ কুর্ব্বন্।

৫৫। লো-টী। যদ্ বলমাসীৎ। কিম্ভূতম্? পরৈরন্যৈঃ সহ ন বিদ্যতে প্রতিমা উপমা যস্য তৎ, অনুপমমিত্যর্থঃ।

৫৭। লো-টী। হেতুমৎ সযুক্তিকম্, গৃহ্যত ইতি গ্রাহঃ গ্রাহ্যঃ, কঃ স্বার্থে, জাম্ববে জাম্ববতি, উদারো মহানর্থঃ প্রয়োজনং যস্য তৎ।

পুনরায় আরও কিছু বলিব, তাহাও শুনিতে পারেন। আমি [যৌবনে] উদয় পর্ব্বত হইতে পর্ব্বতশ্রেষ্ঠ অস্তাচলে গমন করিয়া [তথা হইতে] কৈলাস পর্ব্বতে উপস্থিত হইয়া দেবতাদিগের বাসস্থানে গমন করিতে পারিতাম ॥ ৫৪ ॥

সেই অল্পবয়সে আমার অনন্যসদৃশ শক্তি ছিল, এ-ক্ষণে সেই আমি বার্দ্ধক্য বশতঃ তাদৃশ বলশালী নহি ॥ ৫৫ ॥

বর্ত্তমানে দশ কম একশত (নব্বই) অথবা নয় কম একশত (একানব্বই) যোজন গমন করিবার শক্তি আছে বলিয়া নিঃসংশয়ে অনুমান করি ; কিন্তু ইহাদ্বারা ত বর্ত্তমান কার্য্যের সমাপ্তি দেখা যায় না ; জাম্ববান্ এইরূপ বিশ্বাসযোগ্য যুক্তিযুক্ত

১। ভ 'বিক্রমং'। ২। ছ 'ক্রমান্'। ৩। ঘ-থ 'বিক্রান্তিঃ প্রদক্ষিণতঃ কৃতঃ'। ৪। ক-পুস্তকে মত্পাদোহয়ং শ্লোকো নাস্তি। ৫। দ '-স্তৎ প্রব-'। ৬। দ '-মস্তাথাং গিরিমুত্তমম্'। ৭। ক-ছ 'বলাভাবে'। ৮। ক 'পরম্'। ৯। খ 'বিক্রমে'। ১০। দ 'পঞ্চোনং'। ১১। খ 'সন্দেহো নাস্তি বানরাঃ'। ১২। ভ 'এতাবতাহস্য কার্য্যস্য সমাপ্তির্নৈব'। ১৩। খ 'কার্য্যস্যাস্য ন'।

[১] অথোত্তরমুদারার্থমঙ্গদো বাক্যমব্রবীৎ।
অনুমান্য মহাত্মানং জাম্ববন্তং মহাকপিম্[২] ॥ ৫৯ ॥
ক্রমেয়ং যোজনশতং সন্দেহো নাস্তি বানরাঃ।
পুনস্ত্বাগমনে[৩] শক্তিং শীঘ্রং নামর্ষয়াম্যহম্ ॥ ৬০ ॥
বাল্যাদক্লিষ্টভাবাচ্চ গুণদোষাবিচারণাৎ।
পিত্রাহহং লালিতঃ স্নেহান্ন শ্রমং গ্রাহিতঃ পুরা ॥ ৬১ ॥
তমুবাচ মহাপ্রাজ্ঞো জাম্ববান্ প্রহসন্নিব।
[৪] নৈবং যুক্তং ত্বয়া বীর বক্তুং বানরসংসদি ॥ ৬২ ॥
বয়ং সর্ব্বে বিজানীমো যুবরাজ বলং তব।
গত্বা গত্বা নিবর্ত্তেথাঃ শতকৃত্বো[৫] মহার্ণবম্ ॥ ৬৩ ॥

৬০। লো-টী। নামর্ষয়ামি ন পশ্যামি।
৬১। লো-টী। অক্লিষ্টভাবাৎ অদুঃখিত্বাৎ। কস্যচিদ্ বাক্যমিতি শেষঃ।

বাক্য বলিলে তখন পর্ব্বততুল্য অঞ্জনা-পুত্র হনুমান্ সেখানে নিজের শক্তি ও সামর্থ্যের বিষয়ে কিছুই বলিলেন না ॥ ৫৬—৫৮ ॥

অনন্তর অঙ্গদ বানরশ্রেষ্ঠ মহাত্মা জাম্ববান্‌কে অভিনন্দিত করিয়া উদারার্থ-যুক্ত এই কথা বলিলেন—॥ ৫৯ ॥

বানরগণ, আমি শত-যোজন গমন করিতে পারি, এ বিষয়ে সন্দেহ নাই; কিন্তু শীঘ্র পুনরায় প্রত্যাগমন করিবার শক্তি আছে বলিয়া মনে করিতেছি না ॥৬০॥

কারণ, আমি বালক এবং [কোন দিন কোনরূপ] কষ্ট পাই নাই; পূর্ব্বে পিতা আমাকে দোষ-গুণ বিচার না করিয়া সস্নেহে পালন করিয়াছেন, কোন পরিশ্রম করিতে দেন নাই ॥ ৬১ ॥

মহাবুদ্ধিমান্ জাম্ববান্ হাসিয়াই তাঁহাকে বলিলেন—বীর, এই বানরসভায় আপনার এইরূপ বলা সঙ্গত নয় ॥ ৬২ ॥

হে যুবরাজ, আমরা সকলেই আপনার বল অবগত আছি। আপনি শতবার মহাসমুদ্র অতিক্রম করিয়া প্রত্যাবর্ত্তন করিতে পারেন ॥ ৬৩ ॥

১। দ 'অথো-'। ২। ত-দ '-কপিঃ'। ৩। ত '-স্ত্বাগ-'। ৪। ত 'নৈব'। ৫। ক 'শতকৃত্বা'।

ত্বং হি [1]বালিবলাদ্ধীনঃ কিঞ্চিদ্ বানরপুঙ্গব।
যোজনানাং সহস্রস্য ভবান্ শক্তো হি লঙ্ঘনে ॥ ৬৪ ॥

যাদৃশো হরিশার্দ্দূলো[2] বালী[3] প্রথিতবিক্রমঃ।
সুগ্রীবশ্চ মহা[4]বাহুস্তাদৃশস্ত্বং হরী[5]শ্বর ॥ ৬৫ ॥

ত্বং হি প্রেরয়িতাঽস্মাকং নিগ্রহা[6]নুগ্রহে প্রভুঃ।
তবাজ্ঞানিরতাঃ সর্ব্বে বয়ং মার্গাম মৈথিলীম্ ॥ ৬৬ ॥

অস্মাকং যদি ন স্যাস্ত্বমগ্রণীর্বানরেশ্বর।
ন কস্যচিদ্ বয়ং কিঞ্চিচ্ছৃ[7]ণুয়াম পরস্পরম্ ॥ ৬৭ ॥

ন চ প্রেরয়িতা কশ্চিৎ [8]প্রেষ্যৈঃ সমনুযুজ্যতে।
ভবতশ্চ বয়ং সর্ব্বে প্রেষ্যা বানরসত্তম[9] ॥ ৬৮ ॥

ভবান্ সর্ব্বত্র চাস্মাকং স্বামি[10]ভাবে ব্যবস্থিতঃ।
স্বামী[11] কিল ত্বং সৈন্যস্য[12] গতি[13]রেষা[14] পরা সতাম্ ॥ ৬৯ ॥

৬৮। লো-টী। সমনুযুজ্যতে সংপ্রেষ্যতে। 'কস্যস্থ যুজ্যতে' ইতি পাঠে নিযুজ্যতে।

বানরশ্রেষ্ঠ, আপনার শক্তি বালীর শক্তি অপেক্ষা কিছু কম। আপনি সহস্র-যোজন লঙ্ঘন করিতে সমর্থ ॥ ৬৪ ॥

বানররাজ, বানরশ্রেষ্ঠ বালী এবং মহাবাহু সুগ্রীব যেরূপ বিখ্যাত-পরাক্রম আপনিও সেইরূপ ॥ ৬৫ ॥

আপনিই আমাদের প্রেরক এবং নিগ্রহ ও অনুগ্রহে সমর্থ। আমরা সকলেই আপনার আদেশানুসারে মিথিলারাজ-নন্দিনী সীতাকে অন্বেষণ করিব ॥৬৬॥

বানরেশ্বর, যদি আপনি আমাদের অগ্রণী (নেতা) না হন, তবে আমরা পরস্পর কাহারও কিছুই (কোন কথাই) শুনিব না ॥ ৬৭ ॥

কোনও নিয়োগকর্ত্তা নিয়োগার্হ ব্যক্তিদ্বারা পরিচালিত হন না; হে বানর-শ্রেষ্ঠ, আমরা সকলেই আপনার নিয়োগার্হ ॥ ৬৮ ॥

আপনিই আমাদের সর্ব্ববিষয়ে প্রভুরূপে স্থিরীকৃত এবং আপনিই সৈন্য-দিগের অধিনায়ক, সজ্জনগণের ইহাই দৃঢ় ধারণা ॥ ৬৯ ॥

১। ঙ 'নৈব বলাদ্ধীনঃ'। ২। ঙ '-ল বা-'। ৩। ক 'বালিঃ'। ৪। দ '-তেজা-'। ৫। ঙ 'কপীশ্বর'। ৬। দ 'নিগ্রহানিগ্রহে'। ৭। থ-দ '-য়ামঃ'। ৮। দ 'প্রেষ্যকর্ম্ম ন গৃহ্যতে'। ৯। থ '-সত্তমাঃ'। ১০। ছ '-ভাবো'। ১১। ছ-থ 'কলত্রং'। ১২। ঘ-ঙ-থ 'গতি-'। ১৩। দ '-রেকা'। ১৪। দ 'মতা'।

অস্মাকঞ্চ[১] মহাবাহো ভবান্ মূলমরিন্দম।
তস্মাৎ[২] কলত্রবত্তাত পরিপাল্যঃ সদা ভবান্ ॥ ৭০ ॥
মূলং হি সর্ব্বদা[৩] রক্ষ্যং বৃক্ষস্য হরিপুঙ্গব।
মূলে হি রক্ষিতে তাত গুণাঃ পুষ্পফলোদয়াঃ ॥ ৭১ ॥
তদ্ ভবানস্য সৈন্যস্য মূলং সত্যপরাক্রম[৪]।
বয়ং তব মহাবাহো শাখা-পত্র-ফলোপমাঃ ॥ ৭২ ॥
গুরুশ্চ গুরুপুত্রশ্চ ত্বং হি নঃ কপিসত্তম[৫]।
ভবন্তমাশ্রিত্য[৬] বয়ং সমর্থা[৭] হ্যর্থনিশ্চয়ে[৮] ॥ ৭৩ ॥
তন্ন শক্যং ত্বয়া গন্তুমস্মানুৎসৃজ্য বৈ ক্বচিৎ।
ন চাস্মাকং[৯] ক্ষমং বীর মোক্তুং[১০] ত্বাং হরিপুঙ্গব ॥ ৭৪ ॥
উক্তবন্তং[১১] মহাপ্রাজ্ঞং জাম্ববং হরিযূথপম্[১২]।
প্রত্যুবাচোত্তরং[১৩] বাক্যং হৃষ্টদীনমুখোঽঙ্গদঃ[১৪] ॥ ৭৫ ॥

৭৪। লো-টী। অস্মাকন্তু ত্বাং মোক্তুং ত্যক্তুং ন ক্ষমং ন যুক্তম্, 'ক্ষমা ভূমৌ ক্ষমা ক্ষান্তৌ স্ত্রিয়াং যুক্তে নপুংসক'মিতি বিশ্বঃ।

৭৫। লো টী। হৃষ্টং দীনঞ্চ মুখং যস্য সঃ।

৭১। টিপ্পনী। গুণাঃ গুণভূতাঃ, অপ্রধানভূতা ইতি যাবৎ ॥ তি০ ॥

হে মহাবাহো, হে শত্রুতাপন, আপনিই আমাদের মূল; অতএব বৎস, সর্ব্বদাই আমাদের আপনাকে পত্নীর ন্যায় রক্ষা করা উচিত ॥ ৭০ ॥

হে বানরশ্রেষ্ঠ, সর্ব্বদাই বৃক্ষের মূল রক্ষা করা উচিত। বৎস, মূল রক্ষিত হইলে অপ্রধানভূত পুষ্প ও ফলোদ্গম [স্বভাবতই] হইয়া থাকে ॥ ৭১ ॥

হে সত্যপরাক্রম, আপনিই এই সৈন্যদিগের মূল। মহাবাহো, আমরা সকলেই আপনার শাখা, পত্র ও ফলস্বরূপ ॥ ৭২ ॥

হে বানরশ্রেষ্ঠ, আপনি আমাদের গুরু এবং গুরু-পুত্র। আপনাকে আশ্রয় করিয়াই আমরা কার্য্য নির্দ্ধারণ করিতে সমর্থ ॥ ৭৩ ॥

অতএব, আমাদিগকে পরিত্যাগ করিয়া আপনার কোথাও যাওয়া উচিত নহে এবং হে বীর, হে বানরশ্রেষ্ঠ, আমাদেরও আপনাকে পরিত্যাগ করা উচিত নহে ॥ ৭৪ ॥

১। ভ '-কান্ত কার্য্যান্ত'। ২। দ '-দস্মাকমপি হি'। ৩। চ-দ 'সর্ব্বথা'। ৪। দ '-ক্রমঃ'। ৫। প '-নন্দনঃ'। ৬। ঘ 'বয়ং ভবন্তমা-'। ৭। গ '-র্থাস্ত্বর্থ-'। ৮। ভ '-নির্ণয়ে'। ৯। খ 'হ্যস্মাকং'। ১০। ঘ 'মোক্তুং বৈ', চ-ত 'ত্বাং মোক্তুং'। ১১। ঘ '-বন্তং হরি-'। ১২। ছ '-পুঙ্গবম্'। ১৩। ঘ 'প্রতিবাচোত্তরং'। ১৪। ত 'হৃষ্টং দীন-'।

যদি নাহং গমিষ্যামি ন চান্যো[১] বানরর্ষভঃ।
গমিষ্যতি ধ্রুবং লঙ্কাং তে বয়ং সংশয়ং গতাঃ।
পুনঃ খল্বিদমস্মাকং প্রাপ্তং প্রায়োপবেশনম্ ॥ ৭৬ ॥

ন হ্যকৃত্বা হরিপতেঃ সন্দেশং তস্য ধীমতঃ।
তত্রাপি[২] গত্বা প্রাণানাং পশ্যামি[৩] পরিরক্ষণম্ ॥ ৭৭ ॥

অতীতসময়ানস্মান্[৪] দৃষ্ট্বা[৫] স[৬] হরিসত্তমঃ।
শঙ্কমানশ্চ[৭] মাং দৃষ্ট্বা বধায়াজ্ঞাপয়িষ্যতি[৮] ॥ ৭৮ ॥

বিশেষেণ চ সুগ্রীবো মধ্যেব হরিপুঙ্গবঃ।
নিপাতয়িষ্যতি ক্রূরং[৯] দণ্ডং প্রাণাপহারিণম্ ॥ ৭৯ ॥

নিঃসংশয়োঽপি[১০] হি বধঃ সুগ্রীবান্মম দৃশ্যতে।
সসংশয়ঞ্চ গত্বা মে পুনঃ[১১] প্রতিনিবর্ত্তনম্ ॥ ৮০ ॥

৭৬। লো-টী। দৈন্যমাহ—যদীতি। প্রায়োপবেশনমনশনব্রতং।
৭৭। লো-টী। ন পশ্যাম ইত্যন্বয়ঃ।
৭৮। লো-টী। জনকাত্মজামদৃষ্ট্বা অতীতসময়ান্; মাঞ্চ দৃষ্ট্বা শঙ্কমানঃ, এতৈঃ সহ মিলিত্বা বাধা ভবিষ্যতীতি শঙ্কমানঃ। 'দৃষ্ট্বা চ হরিসত্তমঃ' ইতি পাঠঃ ক্বচিৎ।
৮০। লো-টী। লঙ্কাং দৃষ্ট্বা প্রতিনিবর্ত্তনং পুনরাগমনম্।

হৃষ্ট ও বিষণ্ণমুখ অঙ্গদ মহাপ্রাজ্ঞ বানরদলপতি জাম্ববানের কথার প্রত্যুত্তরে বক্ষ্যমাণ বাক্য বলিলেন—॥ ৭৫ ॥

যদি আমি লঙ্কায় না যাই এবং অন্য কোন শ্রেষ্ঠ বানরও সত্বর না যান, তবে আমরা সংশয়াপন্ন হইব, [দেখিতেছি] পুনরায় আমাদের এই প্রায়োপবেশন উপস্থিত হইল, কারণ, সেই বুদ্ধিমান্ বানররাজ সুগ্রীবের আদেশ পালন না করিয়া কিষ্কিন্ধ্যায় গেলেও প্রাণ-রক্ষার উপায় দেখি না ॥ ৭৬-৭৭ ॥

সেই বানরশ্রেষ্ঠ সুগ্রীব আমাদের সময় অতিবাহিত হইয়াছে দেখিয়া এবং আমাকে দেখিয়া শঙ্কিত হইয়া নিশ্চয়ই বধের নিমিত্ত আদেশ করিবেন ॥ ৭৮ ॥

বানর-প্রধান সুগ্রীব বিশেষভাবে আমার উপরই প্রাণনাশক কঠিন দণ্ড বিধান করিবেন ॥ ৭৯ ॥

দেখা যাইতেছে সুগ্রীবের হস্তে আমার মৃত্যু নিশ্চিত, কিন্তু [লঙ্কায়] গমন করিয়া পুনরায় প্রত্যাবর্ত্তন সন্দিগ্ধ [হইলেও অসম্ভব নহে] ॥ ৮০ ॥

১। ঘ-দ 'নান্যো বা হরিপুঙ্গবঃ', ছ-থ-দ 'নান্যো বানরপুঙ্গবঃ'। ২। ঘ 'ন চাপি', থ 'ন তত্র গত্বা পশ্যামঃ প্রাণানাং'। ৩। ঘ-ত-দ 'পশ্যামঃ'। ৪। ধ '-সময়ান্ সন্বান্'। ৫। ঘ-ত-থ-দ 'চ'। ৬। দ 'জনকাত্মজাম্'। ৭। ঘ '-মানঞ্চ', থ '-মানঃ স'। ৮। ঘ-ছ 'বধমা-'। ৯। ত-দ 'ক্রূরো'। ১০। ঘ '-য়ো হি বৈ বধঃ', ছ '-য়ো মহান্ দণ্ডঃ সুগ্রীবাচ্চ বধস্তথা', দ '-য়োহয়ং হি বধঃ'। ১১। থ 'মনঃ'।

নিঃসংশয়াদভাবাচ্চ[1] শ্রেয়ান্[2] সংশয়িতো বধঃ।
ইত্যেবমর্থশাস্ত্রেষু[3] প্রবৃত্তিরুপলভ্যতে[4] ॥ ৮১ ॥
স নিগ্রহে[5] প্রসাদে চ প্রভুরস্মাকমীশ্বরঃ[6]।
অকৃত্বা তস্য সন্দেশং বিনাশো[7] নিয়তো[8] ভবেৎ ॥ ৮২ ॥
সোহহং নিঃসংশয়ং যাস্যে পরং পারং মহোদধেঃ।
আগমিষ্যামি চ পুনর্দৃষ্ট্বৈব[9] জনকাত্মজাম্ ॥ ৮৩ ॥
তদেতৎ[10] [11] সুবিনিশ্চিত্য বুদ্ধ্যা সর্ব্বে বনৌকসঃ।
যন্নঃ ক্ষেমং[12] কৃত্যতমং[13] দ্রুতং[14] তদ্ বক্তুমর্হথ ॥ ৮৪ ॥
তদ্[15] যথা হ্যস্য কার্য্যস্য ন ভবেদন্যথা গতিঃ।
যূয়ং হি বুদ্ধিশাস্ত্রজ্ঞাঃ সঞ্চিন্তয়িতুমর্হথ ॥ ৮৫ ॥
তথোক্তবতি তদ্বাক্যং যুবরাজেহঙ্গদে তদা।
কৃতাঞ্জলিপুটাঃ[16] সর্ব্বে বানরাঃ সংপ্রোদিরে[17] ॥ ৮৬ ॥

৮১। লো-টী। অভাবাৎ মরণাৎ, নিঃসংশয়াৎ নিঃসন্দিগ্ধাৎ, উপলভ্যতে জ্ঞায়তে।
৮৪। লো-টী। কৃত্যতমং কার্য্যতমম্।

অর্থশাস্ত্রে এইরূপ নির্দ্দেশ পাওয়া যায়—নিঃসন্দিগ্ধ অর্থাৎ নিশ্চিত মৃত্যু [বরণ করা] অপেক্ষা সন্দিগ্ধ অর্থাৎ অনিশ্চিত মৃত্যু [বরণ করা]ই ভাল ॥ ৮১ ॥

সেই রাজা সুগ্রীব আমাদের নিগ্রহে এবং অনুগ্রহে সমর্থ, তাঁহার আদেশ পালন না করিলে অবশ্যই মৃত্যু হইবে ॥ ৮২ ॥

অতএব, আমি নিশ্চয়ই সমুদ্রের পরপারে গমন করিব এবং জনকনন্দিনী সীতাকে দেখিয়াই পুনরায় আগমন করিব ॥ ৮৩ ॥

সুতরাং বানরগণ আপনারা বিবেচনাপূর্ব্বক নিশ্চয় করিয়া আমাদের যাহা মঙ্গলকর এবং কর্ত্তব্য তাহা শীঘ্র বলুন ॥ ৮৪ ॥

আপনারা নীতিশাস্ত্রবিষয়ে প্রবীণ, অতএব যাহাতে এই কার্য্যের অন্যরূপ কিছু না হয় সে বিষয়ে চিন্তা করিতে পারেন ॥ ৮৫ ॥

যুবরাজ অঙ্গদ এইরূপ বলিলে, সমস্ত বানর কৃতাঞ্জলিপুটে ভক্তিসহকারে বলিতে লাগিলেন—আপনি এখান হইতে একপাও গমন করিতে পারিবেন না;

১। ধ '-বাদ্ধি'। ২। দ '-ন্নঃ সংশ্রিতো'। ৩। ধ '-বং সর্ব্ব-', দ '-ব সর্ব্ব-'। ৪। দ '-লক্ষিতা'। ৫। ক 'হি ক্রোধে'। ৬। ছ '-দৃশঃ'। ৭। দ 'নাশো হি'। ৮। ক '-তং'। ৯। ধ 'দৃষ্ট্বা চ'। ১০। থ 'তৎ সর্ব্বং হি সুনিশ্চিত্য'। ১১। দ '-তদ্বৈ বিনি-'। ১২। ঘ-থ-দ 'ক্ষমং'। ১৩। দ 'কার্য্য-'। ১৪। থ 'তদ্ দ্রুতং বক্তু-'। ১৫। ঘ 'যথা হ্যর্থাস্য কার্য্যস্য'। ১৬। ত 'পুটাস্তত্র'। ১৭। ত '-প্রণেমিরে'।

ন শক্যং ভবতা গন্তুমিতঃ পদমপি ক্বচিৎ।
দৃষ্ট্বা[7] মন্যামহে সর্ব্বে ত্বাং বয়ং বালিদর্শনম্ ॥ ৮৭ ॥
শুভং বা যদি বা পাপং প্রিয়ং বা যদি বাঽপ্রিয়ম্।
সহিতাস্তৎ[1] সহিষ্যামঃ সুগ্রীবাদ্ যদ্[2] ভবিষ্যতি ॥ ৮৮ ॥
অঙ্গদং[3] তু শুভে বাক্যে প্রত্যুক্তে প্লবগর্ষভৈঃ।
অথ তত্র মহাবুদ্ধির্বুদ্ধ্যা সঞ্চিন্ত্য বানরান্ ॥ ৮৯ ॥
বানরপ্রীতিজননমুদারং বাক্যকোবিদঃ।
জাম্ববানুত্তরং[4] বাক্যমব্রবীদ্ বালিনঃ সুতম্ ॥ ৯০ ॥
সেৎস্যতে[5] বীর কার্য্যার্থো ন কিঞ্চিৎ পরিহাস্যতে।
অহং সংচোদয়াম্যেনং[6] যঃ কার্য্যং সাধয়িষ্যতি ॥ ৯১ ॥
মুহূর্ত্তমাত্রং নিঃশব্দা ভবত প্লবগর্ষভাঃ।
যাবন্নিঃশ্রেয়সং বাক্যং কিঞ্চিৎ প্রকথয়াম্যহম্[8] ॥ ৯২ ॥

৮৭। গো-টী। ভবত ইতি কর্ত্তরি ষষ্ঠী। 'ভবতা' ইতি বা পাঠঃ।

৮৮। গো-টী। পাপং দুঃখম্। 'অপাপ'মিতি বা পাঠঃ।

৯২। গো-টী। নিঃশ্রেয়সং কল্যাণং 'নিঃশ্রেয়সন্তু কল্যাণমোক্ষয়োঃ শঙ্করে পুমানি'তি কোষঃ।

আমরা সকলে আপনাকে দেখিয়া বালীকেই দেখিতেছি বলিয়া মনে করি ॥ ৮৬-৮৭ ॥

সুগ্রীব হইতে শুভ অথবা অশুভ, প্রিয় অথবা অপ্রিয়, যাহাই হউক, তাহা আমরা মিলিত হইয়া সহ্য করিব ॥ ৮৮ ॥

শ্রেষ্ঠ বানরগণ অঙ্গদের প্রতি [এইরূপ] শুভ (অর্থাৎ স্নিগ্ধ) বাক্য প্রয়োগ করিলে, বাক্যনিপুণ মহাবুদ্ধিমান্ জাম্ববান্ মনে মনে বানরদিগের বিষয় চিন্তা করিয়া বালিপুত্র অঙ্গদকে বানরদিগের প্রীতিকর বক্ষ্যমাণ উদার বাক্য বলিলেন—॥৮৯-৯০॥

বীর, কর্ত্তব্য কর্ম্ম সিদ্ধ হইবে, কিছুই পরিত্যক্ত থাকিবে না। যিনি কার্য্য সম্পন্ন করিবেন, আমি তাঁহাকে প্রেরণ করিতেছি ॥ ৯১ ॥

শ্রেষ্ঠ বানরগণ, আপনারা মুহূর্ত্তমাত্র নীরব থাকুন, ততক্ষণে আমি কল্যাণকর কোন কথা বলিতেছি ॥ ৯১ ॥

১। দ 'সহিষ্যামশ্চ সুগ্রীবাদ্ যদ্ ভাব্যং তদ্ ভবিষ্যতি'। ২। প 'যদুপৈষ্যতি'। ৩। ক 'অঙ্গদে তু শুভং বাক্যং'। ৪। ত '-নব্রবীদ্ বাক্যমুত্তরং বালি-'। ৫। ত 'নেষ্যতে' (?)। ৬। ক 'সংনোদয়া-', দ 'প্রচোদ-'। ৭। ত-প-দ 'ভবন্ত'। ৮। খ 'সঞ্চিন্ত্য কথ-'।

জাম্ববেন[১] তথোক্তে[২] তু বাক্যে বানরসংসদি।
সর্ব্বা[৩] সা বানরচমূস্তূষ্ণীং[৪] তমভিতঃ স্থিতা ॥ ৯৩ ॥
যোজনানাং শতস্যান্তে বনরাজীং[১] দদর্শ হ ॥ ২১ ॥

প্রাপ্তভূয়িষ্ঠপারশ্চ[২] সর্ব্বতঃ স বিলোকয়ন্।
দদর্শ মহতীং[৩] লঙ্কাং ত্রিকূটশিখরে স্থিতাম্।
সংপূর্ণাং রাক্ষসৈর্ঘোরৈরিন্দ্রস্যেবামরাবতীম্ ॥ ২২ ॥

স মহামেঘসঙ্কাশং সমীক্ষ্যাত্মানমাত্মনা।
নিরুন্ধন্তমিবাকাশং[৪] প্রদধ্যাবাত্মবান্ কপিঃ ॥ ২৩ ॥

কায়বৃদ্ধিং[৫] প্রবেশঞ্চ মম দৃষ্ট্বৈব রাক্ষসাঃ।
ময়ি কৌতূহলং কুর্য্যুরিতি মে নিশ্চিতা মতিঃ ॥ ২৪ ॥

ততঃ শরীরমত্যর্থং সংক্ষিপ্যাথ সুসংবৃতঃ[৬]।
কপিঃ প্রকৃতিমাপেদে বিষ্ণুর্ব্বিক্রান্তবানিব ॥ ২৫ ॥

২২। লো-টী। প্রাপ্তঃ ভূয়িষ্ঠং বহুলং পারং তটং যেন সঃ। "পারং পরতটে প্রান্তে ন স্ত্রী পারা নদীভিদি" ইতি কোষঃ।

২৫। লো-টী। প্রকৃতিং বানরস্বভাবম্।

বানরশ্রেষ্ঠ হনুমান্ অনতিক্রমণীয় সমুদ্র অতিক্রম করিয়া শতযোজনের পর বনরাজি দেখিতে পাইলেন ॥ ২১ ॥

তিনি পরপারের নিকটবর্ত্তী হইয়া চতুর্দ্দিকে অবলোকন করিতে করিতে ইন্দ্রের অমরাবতীর ন্যায় ত্রিকূট পর্ব্বতের শিখরে অবস্থিত ভয়ঙ্কর রাক্ষসগণে পরিপূর্ণ বিশাল লঙ্কানগরী দেখিতে পাইলেন ॥ ২২ ॥

তাঁহার বিশাল মেঘতুল্য শরীর যেন গগনমণ্ডল আচ্ছাদিত করিতেছিল। বুদ্ধিমান্ হনুমান্ নিজের শরীর দেখিয়া নিজে চিন্তা করিতে লাগিলেন—॥ ২৩ ॥

"আমার দৃঢ় বিশ্বাস এই যে, রাক্ষসগণ আমার শরীরের বিশালতা এবং পুরীমধ্যে প্রবেশ দেখিয়াই আমার প্রতি কৌতূহলাক্রান্ত হইবে" ॥ ২৪ ॥

তারপর, ত্রিপাদবিক্ষেপের পর বিষ্ণু যেরূপ স্বাভাবিক রূপ ধারণ করিয়াছিলেন, হনুমান্ সেইরূপ স্বীয় শরীর অত্যন্ত সঙ্কুচিত করিয়া স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইলেন ॥ ২৫ ॥

১। খ '-রাজীর্দ্দি-'। ২। খ '-স্ত্র'। ৩। গ-ছ-ঝ 'নগরীং'। ৪। চ '-ধ্যাত্ত-'। ৫। খ '-ব্যঙ্গং', দ '-বৃদ্ধিপ্রবেশক'। ৬। দ '-ভৃতঃ'।

[১]
স সাগরং দানবপন্নগালয়ং বলেন বিক্রম্য মহোর্ম্মিমালিনম্।
নিপত্য পারে চ মহোদধেস্তদা দদর্শ লঙ্কামমরাবতীমিব ॥ ২৬ ॥

ততঃ সুবেলস্য গিরেঃ প্রবৃদ্ধে বিচিত্রকূটে[২] নিপপাত শৃঙ্গে।
সকেতকোদ্দালকনারিকেলে[৩] মহাভ্রকূটপ্রতিমে[৪] মহাত্মা ॥ ২৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সাগরলঙ্ঘনং নাম
অষ্টমঃ সর্গঃ ॥ ৮ ॥

২৬। লো-টী। মহোর্ম্মীণাং মালা শ্রেণী বিদ্যতে যস্মিন্ তম্।

২৭। লো-টী। বিবিক্তকূটে বিজনে শৃঙ্গে উৎকর্ষাশ্রয়ে। "কূটোঽস্ত্রী নিশ্চয়ে রাশৌ লোহমুদ্গরদন্তয়োঃ। মায়াদ্রিশৃঙ্গয়োস্তুচ্ছে সীরাবয়বযন্ত্রয়োঃ।" "শৃঙ্গং প্রভুত্বে শিখরে চিহ্নে ক্রীড়াম্বুযন্ত্রকে। বিষাণোৎকর্ষয়োশ্চাথ শৃঙ্গঃ কূর্চ্চেঽথ শীর্ষকে" ইতি চ কোষঃ। উদ্দালকো বৃক্ষবিশেষঃ, এতৈর্বিশিষ্টে। সপ্তম্যন্তপাঠে তৈঃ সহিতৈঃ। মহাভ্রকূটপ্রতিমে মহামেঘরাশিতুল্যে।

সাগরলঙ্ঘনম্ ॥ ৮ ॥

তখন হনুমান্ প্রচণ্ড বিক্রমে দানব এবং সর্পগণের আবাসভূমি বিশাল তরঙ্গযুক্ত সমুদ্র লঙ্ঘনপূর্ব্বক মহাসমুদ্রের পরপারে নিপতিত হইয়া অমরাবতীর ন্যায় লঙ্কা নগরী দেখিতে পাইলেন ॥ ২৬ ॥

অনন্তর মহাত্মা হনুমান্ কেতক, উদ্দালক ও নারিকেল বৃক্ষযুক্ত পরিপূর্ণ পুঞ্জীকৃত বিশাল মেঘরাশিতুল্য সুবেলপর্ব্বতের বর্দ্ধনশীল উৎকৃষ্ট বিচিত্র শিখরে নিপতিত হইলেন ॥ ২৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সাগরলঙ্ঘন-
নামক ৮ম সর্গ সমাপ্ত ॥ ৮ ॥

১। ক-খ-পুস্তকয়োরয়ং শ্লোকো নাস্তি। ২। ক-খ 'বিবিক্ত-'। ৩। ছ '-কেলকে'। ৪। খ '-প্রতিমো'।

(৯) নবমঃ সর্গঃ

ততঃ স হনুমান্ ক্রান্তঃ সাগরং মকরালয়ম্।
নিপত্য চ পরে পারে বিশ্রম্য চ মহাবলঃ[১]।
দদর্শ তাং পুরীং লঙ্কাং ত্রিকূটশিখরে স্থিতাম্ ॥ ১ ॥

[২]সারবান্ সাগরস্যান্তে নিপত্যোত্তমবিক্রমঃ।
সমাশ্বস্য কপিস্তত্র ন[৩] গ্লানিমধ্যগচ্ছত ॥ ২ ॥

যোজনানাং সহস্রাণি ক্রমেয়ং সুবহূন্যপি।
কিং পুনঃ সাগরস্যান্তং পরিসংখ্যাতযোজনম্ ॥ ৩ ॥

ইতি বীর্য্যবতাং শ্রেষ্ঠো মতিং কৃত্বাঽনিলাত্মজঃ।
প্রাতিষ্ঠত সমাশ্বস্তো লঙ্কাং প্রতি মহাবলঃ[৪] ॥ ৪ ॥

শাদ্বলানি চ নীলানি বিবিধানি বনানি চ।
গন্ধবন্তি চ সংপশ্যন প্রফুল্লনগ[৫]বন্তি চ ॥ ৫ ॥

২। লো-টী। সারবান্ সারো বলং তদ্বান্। নাধ্যগচ্ছত ন প্রাপ্তবান।
৫। লো-টী। প্রফুল্লনগবন্তি প্রফুল্লতরুবন্তি।

অনন্তর সেই মহাবলশালী হনুমান্ মকরালয় সমুদ্র অতিক্রম করিয়া তাহার পরপারে পতিত হইয়া বিশ্রামপূর্ব্বক ত্রিকূটপর্ব্বতের শিখরে অবস্থিত সুপ্রসিদ্ধ লঙ্কা নগরী দেখিতে পাইলেন ॥ ১ ॥

মহাবিক্রমশালী বলবান্ হনুমান্ সাগরপ্রান্তে অবতরণপূর্ব্বক আশ্বস্ত হইয়া পরিশ্রম অনুভব করেন নাই ॥ ২ ॥

"নির্দ্দিষ্ট শতযোজন মাত্র সমুদ্রের পার ত দূরের কথা, আমি বহু-সহস্র যোজনও গমন করিতে পারি" ॥ ৩ ॥

বীর্য্যবান্দিগের মধ্যে শ্রেষ্ঠ অতিশয় বলবান্ হনুমান্ এইরূপ মনে করিয়া আশ্বস্ত হইয়া তৃণপূর্ণ শ্যামল স্থানসমূহ এবং প্রফুল্ল বৃক্ষবিশিষ্ট সৌরভাকীর্ণ বিবিধ বনরাজি দেখিতে দেখিতে লঙ্কানগরী অভিমুখে প্রস্থান করিলেন ॥ ৪-৫ ॥

১। ন '-কপিঃ'। ২। ঙ 'বেগবান্'। ৩। ছ-ধ 'স গ্লানিং নাধ্য-', ঙ 'স শ্রমং নাভ্যগচ্ছত', ন 'স শ্রমং নাধ্যগচ্ছত'। ৪। ঘ-ছ-দ '-কপিঃ'। ৫। ঙ-দ '-রস-'।

শৈলাংশ্চ তরুসংচ্ছন্নান্ বনরাজী[১]শ্চ পুষ্পিতাঃ।
[২]সরলান্ কর্ণিকারাংশ্চ খর্জ্জুরা[৩]ম্রাংশ্চ পুষ্পিতান্ ॥ ৬ ॥

[৪]পিয়ালান্ মুচুকুন্দাংশ্চ নীপান্ সপ্তচ্ছদাংস্তথা।
[৫]অশোকান্ কোবিদারাংশ্চ করবীরাংশ্চ চম্পকান্[৬] ॥ ৭ ॥

পুষ্পভারাবনদ্ধাং[৭]শ্চ তথা মুকুলিতানপি।
পাদপান্ বিহগাকীর্ণান্ পবনোদ্ধূতমস্তকান্ ॥ ৮ ॥

হংসকারণ্ডবাকীর্ণা বাপীঃ পদ্মোৎপলাযু[৮]তাঃ।
নদীঃ [৯]শুভজলাশ্চৈব পাদপৈরুপশোভিতাঃ ॥ ৯ ॥

আক্রীড়ান্ বি[১০]বিধান্ রম্যা[১১]ন বিবিধাংশ্চ জলাশয়ান্।
[১২]সংবৃতান্ বিবিধৈর্ব্বৃক্ষৈঃ সর্ব্বর্তু[১৩]ফলপুষ্পিতৈঃ ॥ ১০ ॥

উদ্যানানি চ রম্যাণি নিরীক্ষ্য কপিসত্তমঃ।
আসসাদ স লক্ষ্মীবাঁল্লঙ্কাং রাবণপালিতাম্ ॥ ১১ ॥

১১—১৩। গো-টী। লঙ্কাং বর্ণয়ন্ সাগরেণাবৃতামিত্যাদি শ্লোকত্রয়ম্ ইতি ক্রমেণান্বয়ঃ। সাগরং বিশিনষ্টি—মৌক্তিক মুক্তা [illegible] ইত্যাদি, পৌর্ণমাস্যাদিষু অধিকমুদ্বৃত্তং

ভগবান্ কপিশ্রেষ্ঠ হনুমান্ বৃক্ষসমাচ্ছন্ন পর্ব্বতসকল, পুষ্পিত বনরাজি, পুষ্পিত সরল, কর্ণিকার, খর্জ্জুর, আম্র, পিয়াল, মুচুকুন্দ, কদম্ব, সপ্তচ্ছদ, অশোক, কোবিদার, করবীর ও চম্পকবৃক্ষ, পুষ্পভারে অবনত মুকুলিত পক্ষিসমাকীর্ণ বায়ু-সঞ্চালিত অগ্রভাগবিশিষ্ট বৃক্ষসমূহ, পদ্ম এবং উৎপলশোভিত হংস ও কারণ্ডব [প্রভৃতি] পক্ষিপরিপূর্ণ বাপীসকল, তটস্থিত বৃক্ষসমূহে উপশোভিত নির্ম্মল জলবিশিষ্ট নদীসকল, রমণীয় বিবিধ ক্রীড়াব স্থানসকল, সকল ঋতুতে পত্রপুষ্প-শোভিত নানাবিধ বৃক্ষে পরিবেষ্টিত বহুবিধ জলাশয় এবং রমণীয় উদ্যানসকল অবলোকন করিয়া রাবণ-পালিতা লঙ্কায় উপস্থিত হইলেন ॥ ৬—১১ ॥

১। ড '-জীন্ সুপু', দ '-জীঃ সুপুষ্পিতাঃ'। ২। থ 'মন্দারান্'। ৩। দ 'খর্জ্জুরাংশ্চ সুপুষ্পিতান্'। ৪। ব 'প্রিয়া-'। ৫। ছ 'অসনান্', থ 'অশনান্'। ৬। ক 'পুষ্পিতান'। ৭। ছ-ড-থ '-নম্রাংশ্চ'। ৮। ক-ছ 'বৃতাঃ'। ৯। ছ 'শীত-'। ১০। ছ-থ 'সুবহুন'। ১১। দ 'বৃক্ষান্'। ১২। ঘ-চ-ড-থ-দ 'সংশ্রিতান্'। ১৩। থ '-পুষ্পদৈঃ'।

শঙ্খমৌক্তিকসংঘাতৈরবকীর্ণেন[1] পর্ব্বসু।
অধিকোদ্ধ্[2]তভোয়েন[3] বেলালোলমহোর্ম্মিণা ॥ ১২ ॥
নানারত্নাকরবতা কিন্নরাবাসদায়িনা।
নাগাসুরনিবাসেন পবনোদ্ধ্‌তবীচিনা।
গ্রসতেব নভঃ কৃৎস্নং সাগরেণাভিসংবৃতাম্[4] ॥ ১৩ ॥
বপ্রৈঃ শ্বেতচয়াকারৈঃ[5] পরিখাভিশ্চ সর্ব্বতঃ[6]।
অগাধাবায়তোয়াভিরধঃ পরিহিতামিব ॥ ১৪ ॥
শাতকুম্ভেন মহতা প্রাকারেণ সুসংবৃতাম্।
অচিন্ত্যাং সুকৃতপ্রাপ্যাং[7] কুবেরাধ্যাষিতাং পুরা[8] ॥ ১৫ ॥

বর্দ্ধিতং তোয়ং যস্য তেন, বেলায়াং লোলাশ্চঞ্চলা মহোর্ম্ময়ো যস্য তেন। নানা নানাবিধা রত্নাকরা রত্নোৎপত্তিস্থানানি, তদ্বতা। পবনেন বায়ুনা উদ্ধূতাঃ কম্পিতা বীচয়ো যস্মিন্ তেন। কৃৎস্নং সর্ব্বং নভো গ্রসতা গ্রাসং কুর্ব্বতা ইব।

১৪। লো-টী। অধো বহিঃ পরিখাভিঃ পরি সর্ব্বতোভাবেন হিতাং বৃতামাবৃতামিত্যর্থঃ। "হিতং পথ্যে বৃতে বৃত্তে" ইতি কোষঃ। অগাধমবাধং চ তোয়ং যাসু তাভিঃ। বপ্রৈঃ প্রাকারৈঃ সর্ব্বতঃ সর্ব্বস্যাং দিশি পরিবেষ্টিতাম। "বপ্রস্তোহস্ত্রিয়াং কেদারে চীরপ্রাকারসানকে" ইতি ভূরিঃ। কিম্ভূতৈঃ? শ্বেতচয়ঃ কৈলাসগিরিসদৃশঃ, তৎপ্রাকার ইব আকারো যেষাং তৈঃ, কৈলাস-পর্ব্বতাকারৈর্বপ্রৈরিত্যর্থঃ। "শ্বেতঃ রূপ্যে সিতে নাগভেদে দ্বীপে শ্বেত কপর্দ্দকে" ইতি ভূরিঃ। "আকার ইঙ্গিতাকৃত্যো"রিতি, "চয়ঃ স্যাৎ প্রাকারে মূলবন্ধে চ সঞ্চয়ে"ইতি কোষঃ। যদ্বা শ্বেতচয়ঃ পর্ব্বতসদৃশঃ, প্রাকারৈঃ বর্দ্ধিতোন্নতাক্রান্তানি ভস্তরস্যৈঃ। রুক্মবর্ণৈর্নোজ্জ্বলৈর্বপ্রৈঃ প-রিবৃতার্থঃ। বক্ষ্যতে চ হনূমান্ লঙ্কাপ্রবেশে সর্গে—"ততঃ স মহৎ স প্রাকারেণ সংবৃতাম্" ইতি।

১৫। লো-টী। তাঞ্চ শাতকুম্ভময়েনেতি। সুকৃতেন পুণ্যেন প্রাপ্যাং লভ্যাম্। অচিন্ত্যাম্ ঈদৃশী অস্তীতি চিন্তয়িতুমশক্যাম্। 'সুকৃতস্পৃষ্টা'মিতি [পাঠে] সুকৃতৈঃ পুণ্যবদ্ভিঃ স্পৃষ্টাম্

সেই লঙ্কানগরী—প্রত্যেক পর্ব্বকালে (অর্থাৎ পূর্ণিমা ও অমাবস্যায়) যাহার জল অতিমাত্রায় বর্দ্ধিত হয় এবং যাহা সমগ্র গগন গ্রাস করিতে সমুদ্যত বলিয়া মনে হয়, সেই তটলগ্ন তরঙ্গশালী বহু রত্নের আকর শঙ্খ ও মুক্তাসমূহে সমাকীর্ণ কিন্নরদিগের বাসস্থানপ্রদানকারী নাগ ও অসুরগণের আবাসস্থল বাতান্দোলিত তরঙ্গশালী সমুদ্রদ্বারা পরিবেষ্টিতা; চতুর্দ্দিকে পর্ব্বতমালার ন্যায় প্রাচীর এবং বহির্ভাগে অগাধ অক্ষয় জলপূর্ণ পরিখাদ্বারা পরিবেষ্টিতা এবং বিশাল সুবর্ণময় প্রাচীরদ্বারা সুরক্ষিতা; তাহা অচিন্তনীয় এবং পুণ্যলভ্যা, পুরাকালে কুবের সেখানে বাস করিতেন ॥ ১২—১৫ ॥

১। চ-গ-ঘ '-র্ণৈশু'। ২। চ-ত-থ-ন '-কোদ্ধূত-'। ৩। খ '-ভোয়-'। ৪। গ '-পালিতান'। ৫। খ '-তয়াকারৈঃ'। ৬। ম 'সর্ব্বশঃ'। ৭। ম 'সুকৃতিপ্রাপ্যাং', ছ 'সুকৃতাকৃষ্টাং', ঘ-ন 'সুকৃতিস্পৃষ্টাং'। ৮ ম 'পুরীম্'।

অট্টালকশতাকীর্ণাং পতাকাধ্বজশোভিতাম্ ।
স্ফাটিকৈঃ কাঞ্চনৈশ্চৈব শোভিতামিন্দ্রকোষকৈঃ[1] ॥ ১৬ ॥
প্রাকারতলবিন্যস্তৈশ্চন্দ্রসূর্য্যশতৈরিব[2] ।
হেমসারময়ৈঃ[3] শুভ্রৈঃ স্তম্ভৈরুচ্ছ্রিততোরণাম্[4] ॥ ১৭ ॥
স্ফাটিকৈর্হেমভক্ত্যাঢ্যৈঃ[5] কপাটৈর্ভূষিতামিব ।
রাক্ষসৈরভিযুক্তৈশ্চ যন্ত্রৈঃ সায়ুধসঙ্কটৈঃ ।
অলঙ্কৃতপুরদ্বারাং সমৃদ্ধিমিব[6] রূপিণীম্ ॥ ১৮ ॥
বিমানৈর্হেমনির্য্যূহৈর্[7]ভাস্বদ্ভির্ম্মণিবেদিকৈঃ[8] ।
ঘণ্টাধ্বজ[9]পতাকাভিরুন্মালন্তীমিব[10] শ্রিয়ম্ ॥ ১৯ ॥
নানাতূর্য্যনিনাদৈশ্চ হয়ানাং হ্রেষিতেন চ[11] ।
বৃংহিতেন চ নাগানাং রথনেমিস্বনেন[12] চ ॥ ২০ ॥
সিংহনাদৈশ্চ দৃপ্তানাং[13] রাক্ষসানাং ভয়াবহৈঃ ।
সাগরস্য চ ঘোষেণ হর্ষাৎ প্রহসিতামিব[14] ॥ ২১ ॥

তাহা শত শত অট্টালিকায় সমাকীর্ণ, পতাকা এবং ধ্বজদ্বারা পরিশোভিত, স্ফটিক এবং কাঞ্চননির্ম্মিত নাগদন্তে শোভিত, শত শত চন্দ্রসূর্য্যের ন্যায় প্রাচীরের নিম্নে প্রোথিত স্বর্ণময় উজ্জ্বল স্তম্ভদ্বারা উন্নত তোরণবিশিষ্ট এবং সোনার ফ্রেমে আঁটা স্ফটিকনির্ম্মিত কপাটদ্বারা যেন অলঙ্কৃত। সেই নগরীর দ্বার নিযুক্ত রাক্ষসবৃন্দে এবং যন্ত্র ও অস্ত্রসমূহে শোভা পাইতেছিল। [এক কথায়] সেই নগরী যেন ঐশ্বর্য্যের প্রতিমূর্ত্তি ॥ ১৬—১৮ ॥

উজ্জ্বল মণিবেদিকাযুক্ত স্বর্ণময় তোরণবিশিষ্ট বিমানদ্বারা এবং ঘণ্টা ও ধ্বজ-পতাকাদ্বারা সেই নগরী যেন স্বীয় ঐশ্বর্য্য প্রকাশ করিতেছিল; নানাবিধ বাদ্যধ্বনি, অশ্বগণের হ্রেষা-শব্দ, হস্তিগণের বৃংহণ-ধ্বনি, রথের ঘর্ঘর-শব্দ, দর্পিত রাক্ষসগণের সিংহনাদ এবং সাগরের গর্জ্জনদ্বারা সেই নগরী যেন আনন্দে হাস্য করিতেছিল ॥ ১৯—২১ ॥

১। ছ-ঝ-দ '-গাদকৈঃ'। ২। ঙ '[illegible]'। ৩। ক 'মসারেশলকময়ৈঃ' (?), দ 'অসারেগাদর্কময়ৈঃ'। ৪। দ '-রণৈঃ'। ৫। খ ঙ '-কক্ষাঢ্যৈঃ', ছ-টী-দ '-[illegible]', গ '-ভক্ত্যাঢ্যৈঃ'। ৬। ক '-দ্ধামিব'। ৭। ঙ '-হর্ম্মানি-', খ '-হর্ম্ম্যসংযুক্তৈর্বিটঙ্কৈর্ম্মণি-'। ৮। ছ-ঝ-দ '-বিটঙ্কৈ'। ৯। দ '-ধ্বনি-'। ১০। ছ '-রুদ্গিরন্তীমি-'। ১১। ক 'হেষিতেন চ'। ১২। খ 'রথানাং নিস্ব-'। ১৩। ঝ-দ 'হৃষ্টানাং'। ১৪। ঙ 'হর্ষিতাং হসিতামিব', দ 'হর্ষিতাং হর্ষিতামিব'।

গিরিমূর্দ্ধ্নি স্থিতাং দিব্যাং নির্ম্মিতাং বিশ্বকর্ম্মণা ।
প্লবমানামিবাকাশে পুরীং[1] দেবপুরোপমাম্ ॥ ২২ ॥

উত্তরদ্বারমাসাদ্য[2] তস্যাশ্চ হরিপুঙ্গবঃ ।
কৈলাসশিখরপ্রখ্যং সমুল্লিখদিবাম্বরম্[3] ॥ ২৩ ॥

লঙ্কায়াং মহতীং গুপ্তিং সাগরং চ নিরীক্ষ্য সঃ ।
রাবণং চাপি রাজানং চিন্তয়ামাস বানরঃ ॥ ২৪ ॥

আগতা হরয়ো হ্যত্র গমিষ্যন্তি নিরর্থকাঃ ।
নেহ যুদ্ধেন[4] বা শক্যং কিঞ্চিদ্[5] ব্যবসিতেন বা ॥ ২৫ ॥

ইমাং সুবিষমাং[6] দুর্গাং লঙ্কাং রাবণপালিতাম্ ।
প্রাপ্য দাশরথী রামঃ কিং করিষ্যতি বীর্য্যবান্ ॥ ২৬ ॥

অবকাশো ন সান্ত্বস্য[7] রাক্ষসেম্বিহ দৃশ্যতে[8] ।
ন দানস্য ন ভেদস্য নৈব যুদ্ধস্য দৃশ্যতে ॥ ২৭ ॥

২৫। গো-টী। যুদ্ধেনেহ কিমপি কার্য্যং নাস্তি, ইহ ব্যবসিতেন প্রয়োজননিমিত্তাগমনেন কিমপি কার্য্যং নাস্তি। 'শক্যা কিঞ্চিৎ' বা পাঠঃ। 'অন্বাসনেন' ইতি পাঠে অন্বাসনমনুশোচনমিতি।

২৬। গো-টী। কুতস্বাহ—ইমামিতি। বীর্যবানপি।

২৭। গো-টী। 'ন সান্ত্বস্য' ইতি পাঠঃ ক্বচিৎ। অবকাশঃ প্রকাশঃ।

পর্ব্বতমস্তকে অবস্থিতা বিশ্বকর্ম্মার নির্ম্মিতা সেই দেবপুরীর ন্যায় রমণীয়া লঙ্কাপুরী যেন আকাশে ভাসিতেছিল ॥ ২২ ॥

বানরশ্রেষ্ঠ হনুমান্ সেই লঙ্কানগরীর কৈলাস পর্ব্বতের শিখরের ন্যায় আকাশস্পর্শী উত্তর দ্বারে গমন করত লঙ্কাতে বিশাল দুর্গ-প্রাচীর, সমুদ্র এবং রাবণরাজার কথা বিবেচনা করিয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ২৩-২৪ ॥

"বানরগণ এখানে আসিয়া ব্যর্থকাম হইয়া গমন করিবে, এখানে যুদ্ধ অথবা অধ্যবসায়দ্বারা কিছুই করা যাইবে না ॥ ২৫ ॥

এই রাবণ-রক্ষিত অতি দুর্গম লঙ্কায় আসিয়া দশরথনন্দন বলবান্ রামচন্দ্রই বা কি করিবেন ? ॥ ২৬ ॥

এখানে রাক্ষসগণের মধ্যে সাম, দান, ভেদ অথবা যুদ্ধের অবকাশ দেখিতেছি না ॥ ২৭ ॥

১। ড-ব '-শ্রীমত্ত্বা'। ২। গ-ছ-ঞ-ঝ 'উত্তরং দ্বা-', ড 'উত্তরাং দ্বার-'। ৩। ধ '-করম্'। ৪। খ '-ক্ষেপি তচ্ছক্যং'। ৫। ড-ধ '-ন্যর্থগমনেন বা'। ৬। এতৎ পদং ত-পুস্তকে লক্ষণীয়পাঠঃ 'তত্রৈব চিন্তয়িত্বামি তাং দৃষ্ট্বা অবকাশজাম্' ইত্যধিকং দৃশ্যতে। ৭। ঘ-ধ-ব 'সান্ত্বস্য', ড 'সত্ত্বস্য রাক্ষসেম্বিহ'। ৮। থ 'বিদ্যতে'।

গতিরত্র চতুর্ণাং হি বানরাণাং মহাত্মনাম্।
বালিপুত্রস্য নীলস্য মম রাজ্ঞশ্চ ধীমতঃ ॥ ২৮ ॥

যাবজ্জানামি[1] বৈদেহীং যদি[2] জীবতি বা ন বা।
তত্রৈব[3] চিন্তয়িষ্যামি তাং দৃষ্ট্বা জনকাত্মজাম্ ॥ ২৯ ॥[4]

রূপেণানেন তু[5] ময়া ন শক্যং[6] রাক্ষসীং[7] পুরীম্।
প্রবেষ্টুং রাক্ষসৈর্দৃপ্তৈর্গুপ্তাং[8] বলসমন্বিতৈঃ[9] ॥ ৩০ ॥

উগ্রৌজসো মহাবীর্য্যা বলবন্তশ্চ রাক্ষসাঃ।
বঞ্চনীয়া ময়া সর্ব্বে জানকীং পরিমার্গতা ॥ ৩১ ॥

লক্ষ্যালক্ষ্যেণ[10] রূপেণ রাত্রৌ লঙ্কাং পুরীমিমাম্।[11]
প্রবেষ্টুং প্রাপ্তকালং[12] মে কৃত্যং সাধয়িতুং[13] মহৎ ॥ ৩২ ॥

২৯। লো-টী। যদি বৈদেহীং যাবৎ সাকল্যেন যাথার্থ্যেন জানামি তদৈব বানরা জীবন্তি জীবিষ্যন্তি। 'যদি জীবতি বা ন বেতি' পাঠে—'বৈদেহী'মিতি চ পাঠে—জীবতি বা ন বেতি বৈদেহীং যাবৎ অবশ্যমহং জানামি জ্ঞাতুমিচ্ছামি। 'যোগাজ্জানামী'তি পাঠে যোগাত্ উপায়াৎ। তত্রৈব সীতায়াঃ সমীপে।

৩২। লো-টী। লক্ষ্যালক্ষ্যেণ রূপেণ লক্ষ্যাদৃশ্য স্বরূপেণেতি বিগ্রহঃ। যদ্বা লক্ষ্যো দৃশ্যোঽপি অলক্ষ্যঃ কপিত্বেনাজ্ঞেয়ঃ। তেন রূপেণ। প্রবেষ্টুমিত্যস্য বিশেষণং 'প্রাপ্তকাল'-মিতি।

বালিপুত্র অঙ্গদ, নীল, আমি এবং বুদ্ধিমান্ মহারাজ সুগ্রীব এই চারিজন প্রধান বানরের লঙ্কায় গমন করিবার শক্তি আছে ॥ ২৮ ॥

[অগ্রে] বিদেহরাজ-নন্দিনী সীতা জীবিত আছেন কি না তাহাই ভাল করিয়া জানি, [পরে] তাঁহাকে দেখিয়াই তখন [উদ্ধারের উপায়] চিন্তা করিব ॥ ২৯ ॥

বলবান্ দর্পিত রাক্ষসগণকর্তৃক রক্ষিত লঙ্কানগরীতে আমি এই [প্রকাশ্য বানর] রূপে প্রবেশ করিতে পারিব না ॥ ৩০ ॥

জনকনন্দিনী সীতার অন্বেষণার্থে আমাকে মহাবিক্রমশালী বলবান্ রাক্ষসগণকে প্রতারিত করিতে হইবে ॥ ৩১ ॥

সীতা-উদ্ধাররূপ সময়োচিত মহৎ কার্য্য সাধন করিবার জন্য আমাকে লক্ষ্য (অর্থাৎ কার্য্যাদিদ্বারা অনুমেয়) অথচ অলক্ষ্য (অর্থাৎ চক্ষুর অগোচর) রূপ ধারণ করিয়া রাত্রিকালে এই লঙ্কায় প্রবেশ করিতে হইবে" ॥ ৩২ ॥

১। খ 'ন হি জানামি'। ২। খ 'যদি'। ৩। ঘ '-বং'। ৪। অতঃ পরং খ-পুস্তকে 'এতৎ সংচিন্তয়ামাস মুহূর্তং কপিকুঞ্জরঃ। গিরিশৃঙ্গে স্থিতস্তস্মিন্ রামস্যাভ্যুদয়ে রতঃ।' ইত্যধিকম্। ৫। ছ-ত দ 'চ'। ৬। চ 'শক্যা'। ৭। ঘ থ 'রক্ষসাং'। ৮। ছ-দ '-গুপ্তৈ'। ৯। ছ '-গুপ্তাবল-'। ১০। ছ 'তস্মাল্লক্ষ্যেণ', থ 'লক্ষ্যাং লক্ষ্যেণ'। ১১। খ-দ 'লঙ্কাপুরী-'। ১২। ক '-কালো'। ১৩। ত 'ধারয়িতুং'।

[১]পুনশ্চ চিন্তয়ামাস হনুমান্ মারুতাত্মজঃ।

কেনোপায়েন [৩]পশ্যেয়ং মৈথিলীং জনকাত্মজাম্।

অদৃষ্টো রাক্ষসেন্দ্রেণ রাবণেন দুরাত্মনা ॥ ৩৩ ॥

ন বিনশ্যেৎ কথং কার্য্যং রামস্য বিদিতাত্মনঃ।

পশ্যেয়ং কথমেকান্তে [৪]রহিতাং জনকাত্মজাম্ ॥ ৩৪ ॥

[৫]ভূতা [৬]হ্যর্থা বিনশ্যন্তি দেশকালবিরোধিতাঃ।

[৭]বিক্লবং [৮]দূতমাসাদ্য তমঃ সূর্য্যোদয়ে যথা ॥ ৩৫ ॥

অর্থানর্থান্তরে [৯]বুদ্ধিনিশ্চিতাঽপি ন শোভতে।

ঘাতয়ন্তি [১০]হি কার্য্যাণি দূতাঃ পণ্ডিতমানিনঃ ॥ ৩৬ ॥

ন বিনশ্যেৎ কথং কার্য্যং বৈক্লব্যং ন কথং ভবেৎ।

[১১]লঙ্ঘনঞ্চ সমুদ্রস্য কথং তু ন বৃথা ভবেৎ ॥ ৩৭ ॥

৩৪। গো-টী। সর্ব্বৈর্বিদিত আত্মা যেষাং তস্য তস্য, নিভৃতাং [illegible]।

৩৫। গো-টী। বিক্লবং বিকলং দূতমাসাদ্য [illegible]। ভূতাঃ প্রাপ্তা অপি, অর্থাশ্চ দেশকালবিরোধিতাঃ দেশকালবিরুদ্ধাঃ নশ্যন্তি। [illegible]। 'হ্যর্থা' ইত্যপি পাঠঃ।

৩৬। গো-টী। অর্থানর্থান্তরে [illegible], [illegible]।

পবননন্দন হনুমান্ পুনরায় চিন্তা করিতে লাগিলেন—"কি উপায়ে রাক্ষসরাজ দুরাত্মা রাবণের দৃষ্টির অগোচরে থাকিয়া জনকনন্দিনী সীতাকে দেখিতে পাইব ॥ ৩৩ ॥

কি উপায়ে আত্মদর্শী রামচন্দ্রের কার্য্যও বিনষ্ট না হয়, অথচ নির্জ্জনে অবস্থিতা জনকনন্দিনী সীতাকেও দেখিতে পাই ॥ ৩৪ ॥

অন্ধকার যেরূপ সূর্য্যোদয়ে বিনষ্ট হয়, সেইরূপ সিদ্ধপ্রায় কার্য্যও অনভিজ্ঞ দূতের হাতে পড়িলে দেশ এবং কালের প্রতিকূলে প্রযুক্ত হইয়া বিনষ্ট হয় ॥ ৩৫ ॥

অর্থ এবং অনর্থের অন্তরালে স্থিরীকৃত বুদ্ধিও সঙ্গত হয় না। পাণ্ডিত্যাভিমানী দূতগণ কার্য্য ধ্বংস করে ॥ ৩৬ ॥

কিরূপে সীতা-উদ্ধাররূপ কার্য্যও বিনষ্ট না হয় এবং চপলতাও প্রকাশ না পায়, অথচ সমুদ্রলঙ্ঘনও অনর্থক না হয় (অর্থাৎ চপলতা প্রকাশ না করিয়া কিরূপে কার্য্য উদ্ধার করা যায়)? ॥ ৩৭ ॥

১। ঙ-ঝ 'স পুনশ্চি-'। ২। খ '-ত্মনঃ'। ৩। গ 'পশ্যামি'। ৪। খ 'নিভৃতাং'। ৫। ঙ 'ভূতাশ্চার্থা', খ 'ভূতা'। ৬। চ '-পার্থা'। ৭। ঝ 'বৈক্লব্যং'। ৮। গ 'দূত-'। ৯। খ '-নিশ্চিতাপি'। ১০। ছ 'চ'। ১১। ছ-ঝ 'নং হি', খ 'নং তু'।

ময়ি দৃষ্টে[1] হি রক্ষোভী রামস্য বিদিতাত্মনঃ।
ভবেদ্ ব্যর্থমিদং কার্য্যং রাবণানর্থমিচ্ছতঃ[2] ॥ ৩৮ ॥
কথং[3] শক্যমিহ[4] স্থাতুমবিজ্ঞাতেন[5] রাক্ষসৈঃ।
অপি রাক্ষসরূপেণ ন শক্যমটিতুং[6] ময়া ॥ ৩৯ ॥
বায়ুরপ্যত্র নাজ্ঞাতশ্চরেদিতি[7] মতির্ম্মম[8]।
ন হ্যত্রাবিদিতং[9] কিঞ্চিদ্রাক্ষসানাং বলীয়সাম্ ॥ ৪০ ॥
ইহাহং যদি[10] তিষ্ঠামি স্বেন রূপেণ সংবৃতঃ।
বিনাশং শীঘ্রমেষ্যামি ভর্ত্তুরর্থশ্চ হাস্যতে[11] ॥ ৪১ ॥
তদনেনৈব রূপেণ রজন্যাং হ্রস্বতাং গতঃ।
লঙ্কামভিপতিষ্যামি রাঘবস্যার্থসিদ্ধয়ে ॥ ৪২ ॥

৩৮। গো-টী। রাবণস্যানর্থং 'বিনাশমিচ্ছতো রামস্য'। 'রাবণানর্থমিচ্ছত' ইত্যপি পাঠঃ।

৪১। গো-টী। হাস্যতি, বাধ্যো ভবিষ্যতি। যদ্বা, হাস্যতি হাস্যতে, পরিত্যক্ষ্যতীত্যর্থঃ।

৪২। গো-টী। হ্রস্বতাং খর্ব্বতাম্।

রাক্ষসগণ যদি আমাকে দেখিতে পায়, তবে রাবণের অশুভাকাঙ্ক্ষী আত্মজ্ঞ রামচন্দ্রের [সীতা-উদ্ধাররূপ] এই কার্য্য ব্যর্থ হইবে ॥ ৩৮ ॥

রাক্ষসগণকর্তৃক অজ্ঞাত হইয়া আমি কিরূপে এইখানে অবস্থান করিতে সমর্থ হইব? রাক্ষসমূর্ত্তি ধারণ করিয়াও ত এইখানে ভ্রমণ করিতে পারিব না ॥৩৯॥

আমার মনে হয়, এই লঙ্কাপুরীতে বায়ুও অজ্ঞাত হইয়া বিচরণ করিতে পারে না। এখানে বলবান্ রাক্ষসগণের অজ্ঞাত কিছুই নাই ॥ ৪০ ॥

আমি যদি এইখানে নিজরূপ ধারণ করিয়া অবস্থান করি, তবে শীঘ্রই ধ্বংসপ্রাপ্ত হইব এবং প্রভুর প্রয়োজনও সিদ্ধ হইবে না ॥ ৪১ ॥

অতএব, রাত্রিতে এই [বানর-]রূপেই, [পরন্তু] খর্ব্বাকৃতি হইয়া, রামচন্দ্রের কার্য্য সম্পাদনার্থ লঙ্কায় প্রবেশ করিব ॥ ৪২ ॥

১। ত-দ '-ষ্টেহপি'। ২। ত-দ '-নর্থ-'। ৩। ত-দ 'ন হি শক্যং কচিৎ স্থাতুমজ্ঞাতেনেহ'। ৪। থ 'শক্যং কচিৎ'। ৫। থ '-মজ্ঞাতেনেহ'। ৬। ছ 'শক্যং সাধিতুং'। ৭। ত-দ 'ন জ্ঞাত ইতি মে বর্ত্ততে মতিঃ'। ৮। থ '-দিহ'। ৯। ত '-হ্যস্যাবি-'। ১০। থ 'স্বেন রূপেণ যদি তিষ্ঠামি'। ১১। থ 'হন্যতে', ছ-ত 'হাস্যতি'।

রাবণস্য পুরীং রাত্রৌ সংপ্রবিশ্য[1] দুরাসদাম্।
ভবনানি বিচিন্বানো দ্রক্ষ্যামি জনকাত্মজাম্ ॥ ৪৩ ॥

ইতি সঞ্চিন্ত্য হনুমান্ সূর্য্যস্যাস্তময়ং[2] প্রতি।[3]
রক্ষসামন্তরপ্রেক্ষী তস্থাবাশ্রিত্য কাননম্ ॥ ৪৪ ॥

বৃষদংশপ্রমাণস্তু ততো ভূত্বা গতেঽহনি।
নিশি লঙ্কাং[4] মহাতেজাঃ প্রবেক্ষ্যন্[5] মারুতাত্মজঃ ॥ ৪৫ ॥

নিবিষ্টাং পর্ব্বতস্যাগ্রে লঙ্কামঙ্কগতামিব।
কৃৎস্নামালোকয়ামাস প্রাকারমভিরুহ্য[6] সঃ ॥ ৪৬ ॥

সাগরোপমনির্ঘোষাং সাগরানিলসেবিতাম্।
সুগুপ্তাং[7] রাক্ষসেন্দ্রেণ যথেন্দ্রেণামরাবতীম্ ॥ ৪৭ ॥

সুবিভক্তমহারথ্যাং চত্বরাপণশোভিতাম্।
অনেকযোজনায়ামামুদ্যান[8]শতশোভিতাম্[9] ॥ ৪৮ ॥

৪৪। লো-টী। অন্তরপ্রেক্ষী ছিদ্রদর্শী। 'স তদা সময়াপেক্ষী' ইতি চ পাঠঃ।
৪৫। লো-টী। বৃষদংশো বিড়ালঃ। প্রাবিক্ষৎ প্রবিষ্টবান্।
৪৬। লো-টী। অঙ্কগতামারোহগতাম্।
৪৮। লো-টী। সুষ্ঠু বিভক্তা বিভাগেন স্থাপিতা মহতী রথ্যা রথৌঘো বর্ত্ম বা যস্যাং তাম্। 'রথ্যা রথোদ্বহে রথ্যা রথৌঘে বিশিখাধ্বনো'রিতি ভুরিঃ।

রাত্রিতে রাবণের দুর্গম পুরীমধ্যে প্রবেশ করিয়া গৃহসকল অন্বেষণ করিলে, জনকনন্দিনী সীতাকে দেখিতে পাইব" ॥ ৪৩ ॥

রাক্ষসদিগের ছিদ্রদর্শী হনুমান্ এইরূপ চিন্তা করিয়া সূর্য্যাস্তের প্রতীক্ষায় বনমধ্যে অবস্থান করিতে লাগিলেন ॥ ৪৪ ॥

অনন্তর দিবাবসানে মহাতেজস্বী পবননন্দন হনুমান্ বিড়ালপ্রমাণ হইয়া রাত্রিতে লঙ্কায় প্রবেশ করিবার জন্য প্রাচীরের উপরে আরোহণ করত পর্ব্বতাগ্রে অবস্থিত সমগ্র লঙ্কা নগরীকে ক্রোড়ে অবস্থিতের ন্যায় অবলোকন করিতে লাগিলেন ॥ ৪৫-৪৬ ॥

[সেই নগরী] ইন্দ্ররক্ষিতা অমরাবতীর ন্যায় রাক্ষসরাজ রাবণকর্ত্তৃক সুরক্ষিত ; সমুদ্র-বায়ুসেবিত ; সমুদ্রের ন্যায় 'কল-কল' ধ্বনিপূর্ণ ; সুনির্ম্মিত প্রশস্ত

১। ছ-ঙ-থ-ব 'প্রবিশ্য সুদু-'। ২। ঘ-ঙ '-নয়ং'। ৩। অতঃ পরং প-পুস্তকে 'চকাঙ্ক্ষ মনসা বীরো বৈদেহ্যা দর্শনে তদা' ইত্যধিকম্। ৪। ব 'লঙ্কাং স তু'। ৫। ঘ 'প্রবিশ্য', ছ 'প্রাবিশৎ', থ 'প্রাবেক্ষৎ', ঘ 'প্রবেক্ষ্য'। ৬। থ-ব '-মধিরুহ্য'। ৭। ব 'প্রগু-'। ৮। ক '-বন-'। ৯। ঘ '-সেবিতাম্'।

সজ্জযন্ত্রোপকরণাং প্রভূতবলবাহনাম্[১] ।
হৃষ্টরাক্ষসসংপূর্ণাং[২] সর্ব্বকামসমৃদ্ধিনীম্ ॥ ৪৯ ॥

শিলাপ্রবালবৈদূর্য্যমুক্তাকাঞ্চনরাজতৈঃ[৩] ।
জাম্বূনদময়ৈর্দ্বারৈর্বৈদূর্য্যমণিবেদিকৈঃ ॥ ৫০ ॥

মণিসোপানসম্পন্নৈঃ[৪] প্রবালাচিত[৫]ভূমিভিঃ ।
কৈলাসশিখরাকারৈঃ শারদাম্বুদপাণ্ডরৈঃ ॥ ৫১ ॥

ভ্রাজমানাং গৃহশ্রেষ্ঠৈর্নক্ষত্রৈর্গগনং যথা ।
বীক্ষমাণা[৬]মিবাকাশ[৭]মুচ্ছ্রিতৈর্ভবনোত্তমৈঃ ॥ ৫২ ॥

ধন্বিভির্বলিভির্ব্বীরৈঃ শূলপট্টিশধারিভিঃ[৮] ।
রক্ষিতাং রাক্ষসৈর্ঘোরৈর্নাগৈর্ভোগবতীমিব[৯] ॥ ৫৩ ॥

৪৯। গো-টী। সজ্জানি সন্নাদ্ধভূতানি যন্ত্রাণি অন্যানি চ যুদ্ধোপকরণানি যস্যাং তাম্। "সজ্জঃ স্যাৎ সন্নদ্ধে সংভৃতে ত্রিষ্বি"তি কোষঃ। প্রভূতমনেকং বলং, বাহনমশ্বাদিকং চ যস্যাং তাম্।

৫০-৫২। গো-টী। শিলাপ্রবালাদিময়ৈর্দ্বারৈর্বিশিষ্টৈর্গৃহশ্রেষ্ঠৈর্ভ্রাজমানামিতি সার্দ্ধেনান্বয়ঃ। কিম্ভূতৈস্তৈঃ? জাম্বূনদময়ৈঃ কেবলসুবর্ণময়ৈঃ, বৈদূর্য্যমণীনাং বেদিকা যেষু তৈর্ভ্রাজমানাম্। গৃহশ্রেষ্ঠানাং বিশেষণানি মণীত্যাদীনি। প্রবালৈরাচিতা ব্যাপ্তা ভূময়ো যেষু তানি। বীক্ষমাণা পশ্যন্তীব।

রাজপথ, চত্বর (অঙ্গন, রঙ্গমঞ্চ) এবং হাট-বাজারে পরিশোভিত ; বহু যোজন-বিস্তৃত ; শত শত উদ্যানদ্বারা সুশোভিত ; সুসজ্জিত যন্ত্র ও অন্যান্য যুদ্ধোপকরণ এবং প্রচুর সৈন্য ও যান-বাহনে পরিপূর্ণ ; আনন্দিত রাক্ষসগণে পরিব্যাপ্ত এবং সমস্ত ভোগ্য বস্তুদ্বারা সমৃদ্ধ ॥ ৪৭—৪৯ ॥

[সেই নগরী] প্রস্তর, প্রবাল, বৈদূর্য্য, মুক্তা, কাঞ্চন, রজত এবং সুবর্ণ-নির্ম্মিত দ্বারবিশিষ্ট—বৈদূর্য্যমণিরচিত বেদিকাযুক্ত—মণিময় সোপানশালী—প্রবাল-খচিত চত্বরবিশিষ্ট—কৈলাসপর্ব্বতের শৃঙ্গের ন্যায় উন্নত এবং শরৎকালীন মেঘের ন্যায় শুভ্র শ্রেষ্ঠ গৃহসমূহদ্বারা নক্ষত্রশোভিত আকাশের ন্যায় শোভা পাইতেছিল ; এবং অত্যুন্নত শ্রেষ্ঠ গৃহসমূহের সাহায্যে যেন গগনমণ্ডল অবলোকন করিতেছিল ॥ ৫০—৫২ ॥

[সেই নগরী] ধনুর্ব্বাণ, শূল এবং পট্টিশধারী ভয়ঙ্কর বলবান্ বীর রাক্ষস-

১। ঘ '-বাহিনীম্'। ২। ঙ 'পতাকাশতমালিনীম্'। ৩। ঙ '-রাজতকাঞ্চনৈঃ'। ৪। ঙ-দ '-সংপূর্ণৈঃ'। ৫। দ '-শোভিত-'। ৬। ঙ 'প্রথমা-'। ৭। ঙ-দ '-মাপমিব'। ৮। থ '-পাণিভিঃ'। ৯। থ '-গুহামাশীবিষৈরিব'।

উৎসিক্তৈরবলিপ্তৈশ্চ[১] ভোগিভির্ব্বলিভিঃ সদা।
সংপূর্ণাং[২] রাক্ষসৈর্ভীমৈ[৩]র্গুহামাশীবিষৈরিব ॥ ৫৪ ॥
সাভ্রজ্যোতির্গণাকীর্ণাং[৪] বিদ্যুজ্জ্বালাঽভিপীড়িতাম্।
চন্দ্রমারুতসংপূর্ণাং শক্রস্যেবামরাবতীম্ ॥ ৫৫ ॥
চারুতোরণনির্যূহাং[৫] পাণ্ডরদ্বারগোপুরাম্[৬]।
মহাচক্র-মহাশক্তি-প্রাস[৭]-প্রহরণায়ুতাম্।
কিঙ্কিণীজালবাচালাং পতাকাভিরলঙ্কৃতাম্ ॥ ৫৬ ॥
ক্রৌঞ্চসারসসংঘুষ্টৈ[৮]র্হংসকারণ্ডবা[৯][১০]রুতৈঃ[১১]।
তূর্য্যভূষণঘোষৈশ্চ[১২] সর্ব্বতঃ প্রতিনাদিতাম্ ॥ ৫৭ ॥

৫৪। লো-টী। উৎসিক্তৈঃ কৃতানুরূপচেষ্টৈঃ, অবলিপ্তৈর্গর্ব্বিতৈঃ, ভোগিভিঃ সর্পৈঃ।

৫৫। লো-টী। সাভ্রঃ সমেঘঃ। বিদ্যুজ্জ্বালাভিপীড়িতাং বিদ্যুৎপ্রকাশসম্বদ্ধাম্।

৫৬। লো-টী। চারুম্মনোহরস্তোরণেষু নির্যূহঃ শিখরো যস্যাস্তাম। পাণ্ডরাণি শুক্লানি দ্বারাণি গোপুরাণি চ পুরদ্বারাণি যস্যাস্তাম্। মহচ্চক্রং মহতী শক্তিঃ, প্রাসঃ খড়্গঃ, অন্যানি চ প্রহরণানি আয়ুধানি, তৈরা সমাক্ যুতাং যুক্তাম্। কিঙ্কিণীজালেন ক্ষুদ্রঘণ্টিকাসমূহেন বাচালাং শব্দায়মানাম্।

৫৭। লো-টী। সংঘুষ্টৈঃ সংঘোষৈঃ প্রতিনাদিতাম্। তূর্য্যো বাদ্যবিশেষঃ।

গণদ্বারা সর্পরক্ষিত সর্পপুরীর ন্যায় সুরক্ষিত; বিষধর সর্পগণদ্বারা পরিপূর্ণ গুহার ন্যায় উদ্ধত এবং গর্ব্বিত বিলাসী বলবান্ ভীষণ রাক্ষসগণে পরিপূর্ণ; মেঘযুক্ত গ্রহনক্ষত্র পরিব্যাপ্ত, বিদ্যুতের শিখাদ্বারা সমুজ্জ্বল, চন্দ্র এবং বায়ুদ্বারা পূর্ণ ইন্দ্রের অমরাবতীর ন্যায়; সুন্দর তোরণদ্বারযুক্ত এবং শ্বেতবর্ণ পুরদ্বারবিশিষ্ট; মহাচক্র, মহাশক্তি, প্রাস প্রভৃতি আয়ুধপূর্ণ; কিঙ্কিণী (ঘুঙুর) সমূহের শব্দে মুখরিত; পতাকাশোভিত; ক্রৌঞ্চ, সারস, হংস, কারণ্ডব প্রভৃতি পক্ষিসমূহের শব্দে এবং বাদ্য ও অলঙ্কারের ধ্বনিতে সর্ব্বত্র প্রতিধ্বনিত ॥ ৫৩—৫৭ ॥

১। খ পুস্তকে ইহনর্দ্ধং নাস্তি। ২। প 'রক্ষিতাং'। ৩। প '-ঘোরৈ-'। ৪। প '-সর্পজ্যোতি-'। ৫। প-ব '-নির্যুক্তাং'। ৬। খ 'শ্বেতপাণ্ডরগো-'। ৭। ব '-পাশ-'। ৮। গ-ছ-ঙ-প '-বর্হিণ-'। ৯। ঙ '-সংঘুষ্টাং'। ১০। ঘ-খ '-হংসসারসকূজিতৈঃ', চ '-হংসসারসনাদিতৈঃ', ঙ 'হংসসারসকূজিতাম্'। ১১। খ '-ক্রোশিতৈঃ'। ১২। ঙ '-ঘোষৈশ্চ বহুভিঃ সর্ব্বশঃ'।

বিস্ময়োৎফুল্লনয়নঃ সমস্তাদবলোকয়ন্ ।
বস্বোকসারা[1]প্রতিমাং রাবণস্য পুরীং শুভাম্ ॥ ৫৮ ॥
অচিন্ত্যামদ্ভুতাকারাং হনুমান্ মারুতাত্মজঃ ।
আসীদ্বিষণ্ণো হৃষ্টশ্চ বৈদেহ্যা দর্শনোৎসুকঃ ॥ ৫৯ ॥

তাং সমীক্ষ্য পুরীং[2] লঙ্কাং[3] রাক্ষসাধিপতেঃ শুভাম্ ।
অনুত্তমা[4]মৃদ্ধিমতীং[5] চিন্তয়ামাস বানরঃ ॥ ৬০ ॥
নেয়মন্যেন নগরী শক্যা ধর্ষয়িতুং বলাৎ ।
রক্ষিতা রাবণ[6]বলৈরুদ্যতায়ুধপাণি[7]ভিঃ ॥ ৬১ ॥

সুগ্রীবাঙ্গদয়ো[8]শ্চৈব সুষেণস্য কপেস্তথা ।
প্রসাধ্যে[9]য়ং ভবেদ্ভূমির্মৈন্দদ্বিবিদয়োরপি[10] ॥ ৬২ ॥
কুমুদ[11]স্যাথ নীলস্য হরেশ্চ বৃষপর্ব্বণঃ ।
ঋক্ষস্য কেতুমালস্য মম চেহ গতি[12]র্ভবেৎ ॥ ৬৩ ॥

৫৮। গো-টী। বস্বোকসারা ইন্দ্রপুরী, তৎসদৃশীম্। "বস্বোকসারা কৌবেরনলিনী দেবরাট্‌পুরে" ইতি ত্রি'ধ০ ।

৫৯। গো-টী। বিষণ্ণঃ কার্য্যং কর্ত্তুমসামর্থ্যাৎ, হৃষ্টশ্চ পুনস্তস্যা দর্শনাৎ।

৬০। গো-টী। ন বিদ্যতে উত্তমা যস্যাস্তাম্।

৬৩। গো-টী। হরেঃ কপেঃ। ঋক্ষস্য জাম্ববতঃ।

চারিদিকে অমরাবতীর ন্যায় মনোহর অচিন্তনীয় এবং অদ্ভুতাকৃতি রাবণনগরী বিস্ময়-বিস্ফারিত নেত্রে দর্শন করিয়া সীতাসন্দর্শনোৎসুক পবননন্দন হনুমান্ হৃষ্ট ও বিষণ্ণ হইলেন ॥ ৫৮-৫৯ ॥

হনুমান্ রাক্ষসরাজ রাবণের সেই সুন্দর অতুলনীয় সমৃদ্ধিশালী লঙ্কাপুরী দর্শন করিয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ৬০ ॥

"উত্তোলিতঅস্ত্রধারী রাবণ-সৈন্যকর্ত্তৃক সুরক্ষিত এই নগরী বলপূর্ব্বক ধর্ষণ করা অন্যের পক্ষে সম্ভব নহে ॥ ৬১ ॥

[কেবল] সুগ্রীব, অঙ্গদ, সুষেণ, মৈন্দ এবং দ্বিবিদের পক্ষেই এই স্থানে আগমন করা সম্ভব ॥ ৬২ ॥

এখানে কুমুদ, নীল, বৃষপর্ব্বা, কেতুমাল এবং আমার গমন করা সম্ভব ॥৬৩॥

১। ঘ '-বাসুকীসারপ্রতিমাং'। ২। ক-ছ 'রম্যাং'। ৩। দ 'রাবণস্য পুরীং শুভাম্'। ৪। ঙ-থ 'যুক্তাং'। ৫। ঙ 'মারুতিঃ'। ৬। ঘ-ঙ 'রাক্ষস-'। ৭। থ '-বাহুভিঃ'। ৮। ঙ '-য়োশ্চাপি'। ৯। ঙ '-স্তেয়ং'। ১০। ছ '-স্তথা'। ১১। দ 'ক্রথনস্য চ'। ১২। থ 'হরেশ্চৈব'।

সমীক্ষ্য তু[1] মহাবাহো রাঘবস্য পরাক্রমম্।
লক্ষ্মণস্য চ[2] বিক্রান্তং[3] তেন হৃষ্যাম্যহং[4] পুনঃ ॥ ৬৪ ॥

সত্ত্বমাস্থায়[5] মেধাবী ততো মারুতনন্দনঃ।
প্রদোষসময়ে ধীমাংস্তূর্ণমুৎপত্য বেগবান্।
প্রবিবেশ পুরীং লঙ্কাং সুবিভক্তমহাপথাম্[6] ॥ ৬৫ ॥

স[7] পাণ্ডুরোদ্ধৃতবিমানমালিনীং মহার্হজাম্বূনদচিত্রতোরণাম্।
যশস্বিনীং রাবণবাহুপালিতাং বিবেশ লঙ্কাং হনুমান্ মহাকপিঃ ॥ ৬৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনুমতো লঙ্কাপ্রবেশো
নাম নবমঃ সর্গঃ ॥ ৯ ॥

৬৫। লো-টী। মেধাবী প্রশস্তবুদ্ধিমান্। "মেধা বুদ্ধৌ ক্রতৌ পুমান্" ইতি কোষঃ। ধীমান্—ধ্যানং ধীঃ, 'ধ্যাপ্যোশ্চে'তি সংপ্রসারণম্, শ্রীরামং ধ্যাতবানিত্যর্থঃ। সুবিভক্তঃ শাস্ত্রক্রমেণ বিভাগীকৃতো মহাপথো রাজপথো যস্যাং তাম্।

৬৬। লো-টী। পাণ্ডুরাণি উদ্ধৃতানি চ যানি বিমানানি, তেষাং মালাঃ শ্রেণ্যো যস্যাং তাম্। যদ্বা, 'মল সন্ধারণে' ইতি ধাতুঃ, তানি মলিতুং ধারয়িতুং শীলং যস্যাস্তাম্। 'উদ্ধৃতং স্যাৎ ত্রিষূৎক্ষেপে' ইতি কোষঃ। মহার্হেণ অম্লানেন জাম্বূনদেন চিত্রাণি চিত্রীকৃতানি তোরণানি যস্যাস্তাম্।

হনুমতো লঙ্কাপ্রবেশঃ ৯ ॥

আবার, মহাবাহু রামচন্দ্রের পরাক্রম এবং লক্ষ্মণের বিক্রম দেখিয়া সেই ভরসায় আমি আনন্দিতও হইতেছি" ॥ ৬৪ ॥

মেধাবী, বুদ্ধিমান্ এবং শীঘ্রগামী পবননন্দন হনুমান্ সাহস অবলম্বন করিয়া সন্ধ্যাকালে সত্বর উল্লম্ফন করিয়া সুবিভক্ত রাজপথশালী লঙ্কানগরীতে প্রবেশ করিলেন ॥ ৬৫ ॥

বানরপ্রধান হনুমান্ শ্বেতবর্ণ উন্নত বিমানশালী, বহুমূল্যসুবর্ণদ্বারা চিত্রিত তোরণবিশিষ্ট, রাবণের বাহুবলে পরিপালিত, গৌরবমণ্ডিত লঙ্কা-নগরীতে প্রবেশ করিলেন ॥ ৬৬ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনুমানের লঙ্কাপ্রবেশ
নামক ৯ম সর্গ সমাপ্ত ॥ ৯ ॥

১। খ 'চ'। ২। ঙ 'তু'। ৩। ঘ '-ক্রান্তঃ'। ৪। 'হৃষ্টোস্মা-' ?)। ৫। ঘ 'সত্ত্ব-'। ৬। খ '-পথাম্'। ৭। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি।

(১০) দশমঃ সর্গঃ

স রত্নবসনাং লঙ্কাং কোষ্ঠাগারাবতংসকাম্[১][২]।
সুন্যস্তাং সুসমৃদ্ধার্থাং[৩] প্রমদামিব রূপিণীম্ ॥ ১ ॥

প্রনষ্টতিমিরাং দীপ্তৈ[৪]র্ভাস্বরৈশ্চ[৫] মহাগৃহৈঃ।
নগরীং রাক্ষসেন্দ্রস্য প্রবিশন্ রুরুচে কপিঃ ॥ ২

জল্পিতোৎক্রুষ্টহসিতৈস্তূর্য্যঘোষপুরঃসরৈঃ[৬][৭]।
জজল্পেব[৮] তদা লঙ্কা রাক্ষসানাং[৯] হি বেশ্মসু[১০] ॥ ৩ ॥

ধ্বজাগ্রহসিতৈ[১১]শ্চিত্রৈঃ পদ্মস্বস্তিকসংস্থিতৈঃ।
বর্দ্ধমানবিশেষৈশ্চ[১২] বর্দ্ধমানাভিরৈ[১৩]স্তথা ॥ ৪ ॥

১-২। লো-টী। স কপিঃ লঙ্কাং পুরীং প্রবিশন্ রুরুচে ইতি দ্বয়েনান্বয়ঃ। রত্নান্যেব রসনা ক্ষুদ্রঘণ্টিকা যস্যাং তাম্, কোষ্ঠাগারাণি রত্নগৃহাণি অবতংসৌ কর্ণভূষণে যস্যাস্তাম্। কঃ স্বার্থে। সুন্যস্তাং শাস্ত্রক্রমেণ কৃতাম্। ভাস্বরৈর্মহাগৃহৈর্যানি দীপ্তানি দীপ্যমানৈস্তৈঃ, 'দীপ্তা'মিতি চ পাঠঃ।

৩। লো-টী। জল্পিতং পরস্পরং জল্পনং কথা, উদ্ঘুষ্টমুচ্চৈরন্যস্যাহ্বানম্ 'উৎক্রুষ্ট'মিত্যপি পাঠঃ। হসিতং হাস্যং তৈঃ।

৪-৫। লো-টী। ধ্বজাগ্রে হসিতৈর্হাস্যমিব কুর্ব্বদ্ভিশ্চিত্রৈঃ পুরী শুশুভে ইতি দ্বয়েনান্বয়ঃ। 'ধ্বজাগ্রনিহিতৈ'রিতি পাঠে নিহিতধ্বজাগ্রৈরিত্যর্থঃ। 'বর্দ্ধমানং' প্রাকারে পুরদ্বারং তদ্বিশেষৈশ্চ, 'প্রাঙ্গণৈ'রিতি সর্ব্বজ্ঞঃ। বস্তুতস্তু "বর্দ্ধমানশ্চন্দ্রশালা কুশীদস্তু কলাত্মিকা" ইতি হারাবলী। 'বর্দ্ধমান'শ্চন্দ্রশালা প্রাসাদোপরিগৃহম্ তস্মিন্ বিশিষ্যন্তে ইতি বিশেষাঃ তৈঃ।

সেই হনুমান্ রত্ন-বসনা রত্নগৃহরূপ কর্ণালঙ্কারভূষিতা, সুসজ্জিতা সুন্দরী রমণীর ন্যায় সমৃদ্ধিশালিনী এবং অত্যুজ্জ্বল গৃহসমূহে যাহার অন্ধকার তিরোহিত এতাদৃশ রাক্ষসরাজ রাবণের নগরীতে প্রবিষ্ট হইয়া শোভা পাইতে লাগিলেন ॥১-২॥

গৃহে গৃহে রাক্ষসদিগের পরস্পর কথাবার্ত্তা, চীৎকার, হাস্য ও বাদ্যধ্বনি প্রভৃতিদ্বারা লঙ্কা নগরী যেন কথা বলিতেছিল ॥ ৩ ॥

পদ্ম এবং স্বস্তিকাদি চিহ্নযুক্ত, [উড্ডীয়মান] ধ্বজের অগ্রভাগদ্বারা যেন হাস্যপরায়ণ, বিশাল চত্বর (উঠান)সমন্বিত, প্রাসাদের উপরিস্থিত বিচিত্র গৃহদ্বারা

১। দ 'কোষা-'। ২। ছ-ত '-সিকাম্'। ৩। ত 'সমৃদ্ধ-'। ৪। থ 'দীপ্তাং ভা-'। ৫। চ-দ '-স্তাস্বরৈশ্চ'। ৬। খ-চ-ত-থ '-তৈঃ স্তুতি-'। ৭। ত '-পুরস্কৃতৈঃ'। ৮। ছ '-ল্পে চ'। ৯। ক '-নাঞ্চ'। ১০। থ '-নি'। ১১। দ '-প্রভূমি-'। ১২। থ-পুস্তকে অস্য পদ্যার্দ্ধং নাস্তি। ১৩। ত-দ '-ভিরৈ-'।

বজ্রবৈদুর্য্যচিত্রৈশ্চ হেমজালবিভূষিতৈঃ[1]।
গৃহমেঘৈঃ[2] পুরী ভূয়ঃ শুশুভে দ্যৌরিবাম্বুদৈঃ ॥ ৫ ॥
স মহাপথমাস্থায় সর্ব্বতঃ পরিলোকয়ন্[3]।
মাতঙ্গমদগন্ধাঢ্যং[4] চকার মতিমান্ মতিম্ ॥ ৬ ॥
অমীষাং গৃহমুখ্যানাং নক্ষত্রগ্রহশোভিনাম্।
নিবেশমনুপশ্যামি খং সমুৎপততামিব ॥ ৭ ॥
বিচিত্রনানাভরণাংস্তত[5]স্তান্ ভবনোত্তমান্।
রাঘবার্থে কপিঃ শ্রীমান্ দদর্শ চ ননন্দ চ ॥ ৮ ॥
প্রাসাদমালা[6] বিবিধাঃ স্তম্ভৈঃ কাঞ্চনরাজতৈঃ[7]।
শাতকুম্ভময়ৈর্জ্জালৈর্গন্ধর্ব্বনগরোপমৈঃ ॥ ৯ ॥

পদ্মং স্বস্তিকং চতুষ্কোণো লিখনবিশেষঃ, তেষাং সম্যক্ স্থিতং স্থিতির্যেষু তৈঃ। "স্বস্তিকো মঙ্গলদ্রব্যে চতুষ্কগৃহভেদয়ো"রিতি ভরিং। যদ্বা, স্বস্তিকং ত্রিকোণাকারতণ্ডুলপিষ্টবিশেষঃ। তথা তেষামক্তিরৈরলঙ্কৃতৈঃ।

৬। লো-টী। মাতঙ্গমদগন্ধাঢ্যং মহাপথবিশেষণম্।

৭। লো-টী। নক্ষত্রগ্রহগণানিব শোভিতুং শীলং যেষাম্। নিবেশং বিন্যাসং সংস্থানমিত্যর্থঃ। "নিবেশঃ পুংসি বিন্যাসে শিবিরোদ্বাহয়োরপী"তি কোষঃ।

৯-১১। লো-টী। প্রাসাদমালাঃ শ্রেণীঃ দদর্শেতি তৃতীয়েনান্বয়ঃ। স্তম্ভৈরুপেতা জালৈর্গবাক্ষৈশ্চোপেতা ইত্যন্বয়ঃ। স্তম্ভবিশেষণদ্বয়ম্। জালৈঃ কিম্ভূতৈঃ? গন্ধর্ব্বনগরোপমৈরাশ্চর্য্য-

এবং হীরক ও বৈদূর্য্যমণিখচিত সুবর্ণময় গবাক্ষভূষিত গৃহরূপ মেঘসমূহদ্বারা সেই লঙ্কানগরী মেঘমালাপরিবৃত আকাশের ন্যায় শোভা পাইতেছিল ॥ ৪-৫ ॥

সেই বুদ্ধিমান্ হনুমান্ হস্তিমদগন্ধে পরিপূর্ণ প্রশস্ত পথ অবলম্বন করিয়া চতুর্দ্দিকে অবলোকন করিতে করিতে [এইরূপ] মনে করিলেন ॥ ৬ ॥

"গ্রহ-নক্ষত্রগণের ন্যায় শোভমান ঐ সমস্ত শ্রেষ্ঠ গৃহের সন্নিবেশ দেখিতেছি, [উহারা] যেন আকাশাভিমুখে উত্থিত হইতেছে" ॥ ৭ ॥

অনন্তর শ্রীমান্ হনুমান্ রামচন্দ্রের কার্য্যব্যপদেশে বহুবিধ বিচিত্র সজ্জায় সুসজ্জিত সেই উত্তম গৃহসকল দেখিতে পাইয়া আনন্দিত হইলেন ॥ ৮ ॥

হনুমান্ সুবর্ণ এবং রজতময়স্তম্ভযুক্ত, গন্ধর্ব্বনগরসদৃশ সুবর্ণময়গবাক্ষযুক্ত,

১। ছ '-বিশেষিতৈঃ'। ২। দ 'গৃহং মেঘান্ পরাভূয়'। ৩। ঘ 'সংবি-', ছ-ত-প-দ 'প্রবি-'। ৪। দ '-ঢ্যাং'। ৫। ছ দ '-স্তত্র তা-'। ৬। ত '-মালাঃ'। ৭। দ 'রাজতকাঞ্চনৈঃ'।

বৈদূর্য্যমণিসঙ্কাশৈর্ম্মুক্তারাজতচিত্রিতৈঃ[১] ।
তলৈঃ স্ফাটিকসংকাশৈরুপেতাঃ[২] সুমনোহরৈঃ ॥ ১০ ॥
দদর্শ বহুভৌমাংশ্চ[৩] সপ্তভৌমাংশ্চ[৪] বানরঃ ।
শুশ্রাব মধুরং গীতং তন্ত্রী[৫]তালসমন্বিতম্ ॥ ১১ ॥
স্ত্রীণাং মদসমৃদ্ধানাং ত্রিদিবেঽপ্সরসামিব ।
ক্বচিচ্চ কাঞ্চীনিনদং নূপুরস্বনসংহিতম্[৬] ॥ ১২ ॥
প্রস্বাপননিনাদাংশ্চ ভবনেষু মহাকপিঃ ।
আস্ফোটন[৭]নিনাদাংশ্চ বালানাং ক্ষ্বেলতাং[৮] তথা ॥ ১৩ ॥
রাবণস্তবযুক্তানি[৯] রক্ষসাং জল্পিতানি চ ।
অথ রাজপথে তত্র স্থিতং রক্ষোবলং মহৎ ॥ ১৪ ॥

রূপৈঃ। তদেবাশ্চর্য্যং দর্শয়'ত দ্বয়েন 'বিশেষণেন—বৈদূর্য্যাণাং মণীনাং সংকাশঃ প্রকাশো যেষু তৈঃ, তলৈঃ পুষ্করিণীভিঃ। "জলকূপী জলাচ্ছৈনা তলকং পুষ্করিণ্যপী"তি বিশ্বঃ। 'বৈদূর্য্যমণি-সোপানৈ'রিতি পাঠঃ। স্ফাটিকসংকাশৈস্তত্ত্বৈলোসুতৈ'স্তালা' ইতি পশ্চিমদেশপ্রসিদ্ধৈঃ। বহুভৌমান্ বহুভীরাক্ষসৈরাবৃতান্ ভূপ্রদেশান্। ন্যূনসংখ্যাং ব্যবচ্ছিনত্তি সপ্তভিরাবৃতান্ ভূ-প্রদেশান্। এতেন অনাবৃতান্ ন বা ষট্পঞ্চাদ্যাবৃতান্ ভূভাগান্ দদর্শ ইতি লঙ্কায়া অতীব রাক্ষসৈ-রাবৃতত্বং দর্শিতম্। তন্ত্রী বীণাগুণঃ, তন্ত্র্যাস্তালো গীতং বৃদ্ধিক্ষয়েত্তরে ইতি কোষঃ। "তন্ত্রীলয়-সমন্বিত"মিতি পাঠে লয়ো মূর্চ্ছনা।

১৩। গো-টী। প্রস্বাপনং যন্ত্রবিশেষঃ। ক্ষ্বেলতাং ক্রীড়তাম্।

বৈদূর্য্যমণি এবং স্ফটিকমণিসদৃশ মুক্তা এবং রৌপ্যদ্বারা চিত্রিত অতি মনোহর তলভাগ (মেঝে)-সমন্বিত, বহুবিধ অট্টালিকাশ্রেণী অবলোকন করিলেন ॥ ৯-১০ ॥

হনুমান্ বহু রাক্ষস-পরিবৃত—ন্যূনকল্পে সপ্ত রাক্ষসপরিবৃত ভূ-ভাগ দেখিলেন এবং স্বর্গীয় অপ্সরাদিগের ন্যায় মদমত্ত স্ত্রীলোকদিগের তাল-লয়যুক্ত বীণার ঝঙ্কারের সহিত সুমধুর গীত এবং কোথাও নূপুরধ্বনিমিশ্রিত মেখলার (চন্দ্রহার) শব্দ শুনিতে পাইলেন ॥ ১১-১২ ॥

হনুমান্ সেই লঙ্কার কোন কোন গৃহে গভীরনিদ্রাজনিত [নাসিকার] শব্দ, কোথাও বা ক্রীড়াপরায়ণ বালকগণের আস্ফালন-শব্দ [শুনিতে পাইলেন] ॥ ১৩ ॥

[কোথাও বা] রাবণের স্তুতিবাদযুক্ত রাক্ষসদিগের কথোপকথন শুনিতে পাইলেন। অনন্তর রাজপথে রাবণের বশবর্ত্তী নানাবিধ শস্ত্রধারী বিশাল রাক্ষসসৈন্য

১। খ-ছ-দ '-রজত-'। ২। থ '-তান্'। ৩। খ '-ভৌমাশ্চ'। ৪। খ '-ভৌমাশ্চ'। ৫। ত '-স্বান', থ '-লয়-'। ৬। দ '-শোভিতম্'। ৭। খ-ছ-থ '-টিত-'। ৮। খ '-খেলতাং', ছ 'ক্ষ্বেরিতাং', ত 'ক্ষ্বেরতাং', দ 'খেলিনাং'। ৯। দ '-জুষ্টানি'।

দদর্শ বহুশস্ত্রাঢ্যং রাবণস্য বশানুগম্।
দাক্ষিতান্ জটিলান্ মুণ্ডান্[১] গোজিনাম্বরবাসসঃ[২] ॥ ১৫ ॥
স্বাধ্যায়নিরতাংস্তত্র[৩] যাতুধানান্ সহস্রশঃ।
দর্ভমুষ্টিপ্রহরণানগ্নিকুণ্ডায়ুধাংস্তথা[৪] ॥ ১৬ ॥
পাশমুদ্গরপাণীংশ্চ[৫] দণ্ডায়ুধধরানপি[৬]।
অতিস্থূলানতিকৃশান্[৭] দীর্ঘান্[৮] কুব্জাংস্তথাহপরান্[৯] ॥ ১৭ ॥
স দদর্শ মহাবাহূন্[১০] রাক্ষসান্ ঘোরদর্শনান্।
একাক্ষানেককর্ণাংশ্চ[১১] চলল্লম্বস্তনোদরান্[১২] ॥ ১৮ ॥
করালান্ ভগ্নসক্থাংশ্চ[১৩] বিকটান্ বামনাংস্তথা।
বিরূপান্ বহুরূপাংশ্চ সুরূপাংস্তিগ্মবর্চ্চসঃ[১৪] ॥ ১৯ ॥

১৫। লো-টী। অজিনাম্বরবাসসঃ অজিনান্যেবাম্বরাণি তৈর্বাস আচ্ছাদনং যেষাং তান্। 'গোহজিনাম্বরবাসস' ইতি কচিৎ পাঠঃ। "মৌঞ্জিনাম্বরবাসস" ইতি পাঠে মৌঞ্জো মুঞ্জাসমূহঃ, সোহস্তি যেষু তানি অম্বরাণি, মুঞ্জাসমন্ধকৃতবসনানীত্যর্থঃ। অন্যৎ ইতি প্রভাতঃ।

১৬। লো-টী। দর্ভমুষ্টিঃ কুশমুষ্টিঃ প্রহরণমস্ত্রং যেষাং তান্। অগ্নিকুণ্ডমগ্নিস্থালী অগ্নি-কমণ্ডলুর্বা আয়ুধং যেষাং তান্। 'কুণ্ডং খ্যাতে নদী স্থাল্যাং দণ্ডাখ্যাতো কমণ্ডলা'বিতি ভূরিঃ।

১৮। লো-টী। চলা লোলাঃ, লম্বা লম্বমানাঃ স্তনা উদরেষু যেষাং তান্।

১৯। লো-টী। করালান্ ভয়ঙ্করান্। ভগ্নসকথীন্ ভগ্নোরূন্। ভগ্নদন্তানিতি বা পাঠঃ। বিকটান্ দন্তুরান্। "বিকটো দন্তুরে পুংসি"ইতি ভূরিঃ।

দেখিতে পাইলেন। তিনি দীক্ষিত, জটাধারী, মুণ্ডিতমস্তক, মৃগচর্ম্মপরিহিত বেদাধ্যায়ী সহস্র সহস্র রাক্ষস এবং দর্ভমুষ্টিরূপ প্রহরণযুক্ত অগ্নিকুণ্ডরূপ অস্ত্রধারী পাশ, মুদগর এবং দণ্ডধারী অতিশয় মোটা, অতিশয় কৃশ, দীর্ঘাকৃতি, কুব্জ, দীর্ঘবাহু, ভয়ঙ্করদর্শন, একচক্ষু, এককর্ণ, বিলম্বিত চঞ্চল-স্তনযুক্তউদরশালী রাক্ষসগণকে দেখিতে পাইলেন ॥ ১৪-১৮ ॥

মহাকপি হনুমান্ ভীষণাকৃতি, ভগ্ন-উরু, বিকটাকার, খর্ব্বকায়, বিরূপ, বহুরূপী, সুন্দর, তেজস্বী, বিস্তৃত রাজপথে যথাযথ অবস্থিত, মালাপরিহিত, সর্ব্বাঙ্গে চন্দনলিপ্ত,

১। খ '-মুণ্ডান্'। ২। ঙ '-ন গোজিনা-', ঘ '-ন্ লোহিতাম্বর-'। ৩। ঘ '-শ্চৈব'। ৪। ঙ '-দণ্ডা-'। ৫। ক 'প্রাস-'। ৬। ঙ 'খড়্গাস্ত্রধরানপি'। ৭। ঘ 'নাতি-'। ৮। ঘ '-স্নাতি-'। ৯। চ-ঙ 'খর্ব্বাং-'। ১০। ঙ '-হ্রস্বা-'। ১১। ঘ '-বক্ত্রাংশ্চ'। ১২। ঘ 'লম্বকর্ণান্ মহাবলান্', চ-ঙ 'চললম্বস্ত-'। ১৩। ঙ-ঘ '-দন্তাংশ্চ'। ১৪। ছ-ঙ-খ-ঘ '-নগ্নিবর্চ্চসঃ'।

বিশালে রাজমার্গে[১] তু যথাযথমবস্থিতান্‌।
স্রগ্বিণো[২] লিপ্তকায়াংশ্চ পরমাভরণাম্বরান্‌ ॥ ২০ ॥
বিবৃত্তোরুশিরোগ্রীবান্‌[৩] বিকটানুৎকটানপি।
শক্তিশূলায়ুধান্‌[৪] কাংশ্চিৎ পট্টিশায়ুধধারিণঃ[৫] ॥ ২১ ॥
ধম্বিনঃ খড়্গিনশ্চাপি[৬] শতঘ্নীমুসলায়ুধান্‌।
পরিঘোত্তমহস্তাংশ্চ স দদর্শ মহাকপিঃ।
রাক্ষসান্‌[৭] শতশস্তস্মিন্নারক্ষে[৮] মধ্যমে স্থিতান্‌ ॥ ২২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে লঙ্কাবিচয়ো
নাম দশমঃ সর্গঃ ॥ ১০ ॥

২১। লো-টী। বিশেষেণ বৃত্তা বর্ত্তুলা উরবঃ, শিরাংসি, গ্রীবাশ্চ যেষাম্‌। 'বিবৃত্তোরুশিরোগ্রীবে'তি পাঠে বিবৃতা বিস্তৃতাঃ। 'বিবৃতা ক্ষুদ্ররোগভেদে বিস্তৃতেঽপ্যভিধেয়বদি'তি কোষঃ। বিকটান্‌ পৃথূন্‌। উৎকটান্‌ 'উদ্‌গতকটিভাগা'নিতি সর্ব্বজ্ঞঃ। উৎকটান্‌ মত্তানিতি বা। 'উৎকটস্তীব্রমত্তয়ো'রিতি কোষঃ। শক্তিঃ শূলশ্চ আয়ুধমস্ত্রং যেষাং তান্‌।

২২। লো-টী। মধ্যমে আরক্ষে প্রহরণস্থানে গুল্মে।

সুন্দরে লঙ্কাবিচয়ঃ ॥ ১০ ॥

২২। টিপ্পনী। আরক্ষে রক্ষাস্থানে।

উত্তম বস্ত্র ও অলঙ্কারধারী বর্ত্তুল উরু, মস্তক এবং গ্রীবাযুক্ত, বিকট এবং উৎকট, শক্তি এবং শূলাস্ত্রধারী, পট্টিশধারী, ধনুর্দ্ধারী এবং খড়্গ, শতঘ্নী, মুষল ও উত্তম পরিঘরূপ অস্ত্রধারী শত শত রাক্ষসদিগকে মধ্যবর্ত্তী রক্ষাস্থানে অবস্থিত দেখিলেন ॥ ১৯-২২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে লঙ্কা-বিচয়
নামক ১০ম সর্গ সমাপ্ত ॥ ১০ ॥

১। ড '-শালরাজ-'। ২। দ 'সুখিনো'। ৩। ড 'নিবৃ-', দ 'নিবৃত্তোরঃশিরো-'। ৪। ড '-গদাপ্রাসান্‌ বিবিধাম্বরধারিণঃ'। ৫। ঘ-ছ '-শাম্বর-'। ৬। ড '-শ্চৈব'। ৭। ছ 'রক্ষসাং'। ৮। দ '-স্তস্মিন্‌ দুর্গমে', ঘ '-স্তস্মিন নানারূপানবস্থিতান্‌'।

(১১) একাদশঃ সর্গঃ

চন্দ্রশ্চ[1] সাচিব্যমিবাস্য কুর্ব্বন্ তারাগণৈর্ম্মধ্যগতো বিরাজন্ ।
জ্যোৎস্নাবিতানেন বিতত্য[2] লোকানভ্যুত্থিতোঽনেকসহস্ররশ্মিঃ ॥ ১ ॥
শঙ্খ[3]প্রভাক্ষীরমৃণালগৌরমুদ্যন্তমাশাং[4] নিশি ভাসয়ন্তম্ ।
দদর্শ চন্দ্রং স[5] কপিপ্র[6]বীরঃ পোপ্লূয়[7]মানং সরসীব হংসম্ ॥ ২ ॥
ততঃ স মধ্যে[8] গতমংশুমন্তং[9] জ্যোৎস্নাবিতানং মহদুদ্বহন্তম্[10] ।
দদর্শ বীরো[11] দিবি ভানুমন্তং গোষ্ঠে বৃষং মত্তমিব ভ্রমন্তম্ ॥ ৩ ॥
লোকস্য পাপানি বিশাতয়ন্তং[12] মহোদধিং চাপি সমেধয়ন্তম্ ।
ভূতানি সর্ব্বাণি বিরাজয়ন্তং দদর্শ শীতাংশুমথোদয়ন্তম্ ॥ ৪ ॥

১। লো-টী। মধ্যগতো রাত্রিমধ্যগতঃ। জ্যোৎস্নৈব বিতানশ্চন্দ্রাতপঃ। বিতানেন বিস্তারেণ বা। বিতত্য পরি(?)-ব্যাপ্য, 'বিচিত্রে'তি পাঠেঽপ্যয়মেবার্থঃ।

২। লো-টী। আশা দিশঃ। পোপ্লূয়মানং পুনঃ পুনঃ প্লবন্তম্। 'প্রোপ্লবমান'মিতি চ পাঠঃ।

৩। লো-টী। অংশুমন্তং চন্দ্রম্। দিবি আকাশে মধ্যগতং, ভানুমন্তং কিরণবন্তম্। সুমহদ্ জ্যোৎস্নাবিতানং বিস্তারম্ উদ্বহন্তম্ উদ্গিরন্তম্। 'বিতানো যজ্ঞ উল্লোচে বিস্তারে পুংনপুংসক'মিতি কোষঃ।

৪। লো-টী। দিবসে সূর্য্যাতাপেন দুঃখিতস্য লোকস্য পাপানি দুঃখানি বিশাতয়ন্তং নাশয়ন্তম্।

তারাগণের সহিত বিরাজমান বহু-সহস্র কিরণমণ্ডিত চন্দ্র হনুমানের সাহায্য করিবার জন্যই যেন জ্যোৎস্না-বিস্তারে সমস্ত জগৎ আবৃত করিয়া [আকাশের] মধ্যদেশে উত্থিত হইলেন ॥ ১ ॥

বানরপ্রধান হনুমান্ রাত্রিকালে দিঙ্মণ্ডল উদ্ভাসিত করিয়া [আকাশমধ্যে] সমুত্থিত, দুগ্ধ, মৃণাল এবং শঙ্খের কান্তির ন্যায় শুভ্রবর্ণ চন্দ্রকে সরোবরে সন্তরণকারী হংসের ন্যায় দেখিতে পাইলেন ॥ ২ ॥

অনন্তর বীর হনুমান্ প্রচুর জ্যোৎস্না-প্রকাশক কিরণশালী দ্যুতিমান্ চন্দ্রকে আকাশের মধ্যদেশে গোষ্ঠমধ্যে ভ্রমণকারী মত্ত বৃষের ন্যায় দেখিতে পাইলেন ॥ ৩ ॥

[তিনি] চন্দ্রকে জগতের পাপসকল বিনষ্ট করিয়া, মহাসমুদ্র উচ্ছ্বসিত করিয়া এবং সমস্ত প্রাণীকে শোভিত করিয়া উত্থিত হইতে দেখিলেন ॥ ৪ ॥

১। প '-স্তু'। ২। ক-ত 'বিচিত্র্য'। ৩। ক '-ভং ক্ষীর-'। ৪। ঙ-প '-মাশা', ত '-মাস্থং'। ৫। ছ 'প্লবগাবতংসঃ'। ৬। দ 'কপিঃ প্র-'। ৭। প 'প্রদীপ্যমান-', ত 'চ-সং যথা ক্ষীরনিধিং প্রবন্তম'। ৮। ঙ-দ 'মধ্যংগত-'। ৯। দ 'মহদংশুমন্তং'। ১০। চ '-দুদ্বমন্তং'। ১১। প 'চন্দ্রং'। ১২। দ 'বিনাশয়ন্তং'।

যথা[1] হি লক্ষ্মীর্ভুবি মন্দরস্থা যথা প্রভাতেষু চ পুষ্করস্থা[2]।
যথৈব তোয়েষু চ সাগরস্থা তথা[3] ররাজৈব[4] নিশাকরস্থা ॥ ৫ ॥

হংসো যথা রাজতি পুষ্করস্থঃ সিংহো যথা রাজতি কন্দরস্থঃ[5]।
বীরো যথা রাজতি[6] সঙ্গরস্থো ররাজ চন্দ্রোঽপি তথাম্বরস্থঃ ॥ ৬ ॥

সিতঃ[7] ককুদ্মানিব তীক্ষ্ণশৃঙ্গো মহাচলঃ[8] শ্বেত ইবোচ্চশৃঙ্গঃ।
হস্তীব জাম্বূনদবদ্ধশৃঙ্গো ররাজ চন্দ্রঃ পরিপূর্ণশৃঙ্গঃ ॥ ৭ ॥

প্রকাশচন্দ্রোদয়রম্যদোষঃ[9] প্রবৃত্তরক্ষঃপিশিতাশদোষঃ[10]।
রামাভিরামেরিতচিত্তদোষঃ স্বর্গোপমোঽভূদ্[11] ভগবান্ প্রদোষঃ ॥৮॥

৫। লো-টী। ভুবি খ-স্থলে স্বর্গে মন্দরস্থা মন্দারপাদপস্থা কল্পপাদপস্থেত্যর্থঃ। 'মন্দরস্তু পুমান্ মহাশৈলে মন্দারপাদপে' ইতি কোষঃ। মন্দরস্থা মন্দরশৈলস্থা যথা ভূমৌ রাজতে ইতি বা।

৭। লো-টী। ককুদ্মান্ বৃষঃ। মহাচলঃ 'মহাচল' ইত্যপি পাঠো দৃশ্যতে। তীক্ষ্ণং শৃঙ্গং বিষাণং যস্য সঃ। শ্বেতঃ কৈলাসঃ, উচ্চং শৃঙ্গং শিখরং যস্য সঃ। জাম্বূনদবদ্ধে শৃঙ্গে দন্তৌ যস্য সঃ। পরি সর্ব্বতোভাবেন পূর্ণং শৃঙ্গমেব শৃঙ্গং কোটিদ্বয়ং যস্য সঃ। যদ্বা, পরি বর্জ্জিতং তাদৃক্ পূর্ণং পূর্ণত্বং যাভ্যাং তথাভূতে ইব শৃঙ্গে দ্বে কোটৌ যস্য সঃ। 'পরি স্যাৎ সর্ব্বতোভাবে বর্জ্জনে ব্যাধিশোকয়ো'রিতি কোষঃ। অতএব চন্দ্রং প্রতি প্রহেলিকাশ্লোকঃ—"উৎপত্তৌ চাপি শৃঙ্গে দ্বে ন গৌশ্চাপি ন বা মৃগঃ" ইতি। কৃষ্ণাষ্টমীরাত্রিরিত্যর্থঃ।

৮। লো-টী। ভগবান্ প্রদোষঃ কালঃ স্বর্গোপমোঽভূৎ। "প্রদোষো দোষকালয়ো"রিতি ভূরিঃ। তত্র স্বর্গসামান্যাহ—প্রকাশবতা চন্দ্রোদয়েন রম্যা দোষা রাত্রির্যত্র সঃ প্রকাশঃ।

লক্ষ্মী পৃথিবীতে মন্দরপর্ব্বতে অবস্থান করিয়া, প্রাতঃকালে পদ্মে অবস্থান করিয়া এবং সমুদ্রের জলে অবস্থান করিয়া যেরূপ শোভা পান, চন্দ্রে অবস্থান করিয়া সেইরূপ শোভা পাইতে লাগিলেন ॥ ৫ ॥

আকাশস্থিত চন্দ্র পদ্মোপরি অবস্থিত হংসের ন্যায়, গুহামধ্যে অবস্থিত সিংহের ন্যায় এবং যুদ্ধক্ষেত্রে অবস্থিত বীরের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৬ ॥

পরিপূর্ণমণ্ডল চন্দ্র তীক্ষ্ণশৃঙ্গ শ্বেতকায় বৃষের ন্যায়, উচ্চশৃঙ্গ কৈলাসপর্ব্বতের ন্যায় এবং সুবর্ণমণ্ডিত দন্তযুক্ত হস্তীর ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৭ ॥

প্রদোষকাল সৌন্দর্য্যমণ্ডিত হইয়া স্বর্গতুল্য হইল—প্রকাশিত চন্দ্রের উদয়ে রজনী রমণীয় হইয়া উঠিল; রাক্ষসগণের মাংসভক্ষণ দোষ প্রবৃত্ত হইল; রমণীর সহিত বিহারের জন্য [কামুকগণের] চিত্ত কলুষিত হইয়া উঠিল ॥ ৮ ॥

১। থ 'তথা'। ২। থ 'দুষ্ক-'। ৩। ছ 'ররাজ সা চারুনিশা-'। ৪। ত '-জেব'। ৫। ত-ছ 'কুঞ্জরস্থো'। ৬। থ-দ 'রাজতে'। ৭। ঘ-ছ-থ 'স্থিতঃ', দ 'ততঃ', ক '-সিতঃ ককুদ্মা-'। ৮। ক '-বলঃ'। ৯। থ '-নষ্টদায়ঃ', দ '-নষ্টদোষঃ'। ১০। ক '-পিশিতাশি-'। ১১। ত '-ভূচ্চ ভবান্ প্রদোষঃ'।

তন্ত্রীস্বনাঃ কর্ণসুখাঃ প্রবৃত্তাঃ স্বপন্তি নার্য্যঃ পতিভিঃ সুবৃত্তাঃ[১]।
নক্তঞ্চরাশ্চাপি তদা প্রবৃত্তা বিহর্তু[২]মত্যদ্ভুতরৌদ্রবৃত্তাঃ ॥ ৯ ॥
মত্তপ্রমত্তানি[৩] সমাকুলানি রথাশ্বভদ্রাসনসংকুলানি।
বীরশ্রিয়া চাপি সমাকুলানি দদর্শ ধীমান্ বিচরন্ কুলানি ॥ ১০ ॥
পরস্পারং বাগ্ভিরুপক্ষিপন্তি ভুজাংশ্চ পীনান[৪]ভিতঃ ক্ষিপন্তি।
ধূর্তপ্রলাপানভিতঃ ক্ষিপন্তি[৫] মত্তা[৬] যথাঽন্যোন্যমধিক্ষিপন্তি ॥ ১১ ॥
রক্ষাংসি রক্ষাংসি বিনিক্ষিপন্তি[৭] গাত্রাণি কান্তাসু[৮] চ নিক্ষিপন্তি।
দদর্শ কান্তাশ্চ[৯] পরিস্পৃশন্তি[১০] যথাযথং চাপি পুনঃ স্বপন্তি ॥ ১২ ॥

'নষ্টোদয়' ইতি ক্বচিৎ পাঠঃ। প্রকর্ষেণ বৃদ্ধোঽহতীতো রক্ষসাং পিশিতাশো মাংসভোজনরূপো দোষো যত্র সঃ। রামাভিরামাণাং সীতায়ামাবিতঃ প্রেরিতঃ 'চত্তপ্রদোষো যেন সঃ। যদ্বা, রামা স্ত্রীমাত্রং তস্যাভিরামায় অভিতো রমণায় প্রেরিতচিত্তদোষঃ। "রামা যোষা হিঙ্গুনখ্যোঃ ক্লীবং বাস্তুককুষ্ঠয়ো"রিতি কোষঃ।

৯। শ্লো-টী। প্রবৃত্তাঃ প্রকর্ষেণ বর্তমানাঃ। 'সুবৃত্তা' ইতি বা পাঠঃ। রৌদ্রং ভয়ানকং বৃত্তং চরিতম্।

১০। শ্লো-টী। মত্তাঃ পুষ্পাসবেন, প্রমত্তাঃ পানেন, তেঃ লোকৈঃ সমাকুলানি কুলানি গৃহাণি। ভদ্রাসনং সিংহাসনম্। 'মত্তপ্রমত্তানা'মিতি পাঠে মত্তানি শ্রিয়া, প্রমত্তানি মদ্যাদিনা, অতঃ সমাকুলানি অনবস্থিতচিত্তানি রক্ষসাং কুলানি।

১১-১২। শ্লো-টী। কান্তাঃ কামিনীঃ পরিস্পৃশন্তি রক্ষাংসি ইতি দ্বয়েনান্বয়ঃ। রক্ষসাং বিশেষণং পরস্পরং বাগ্ভিরিতি। পরিক্ষিপন্তি রক্ষাংসি অন্যানি রক্ষাংসি পরিক্ষিপন্তি। ধূর্তানামিব প্রলাপান্ অধিসংক্ষিপন্তি বদন্তি বা। যথাযথং যথাযোগম।

তখন শ্রুতি-সুখকর বীণার ঝঙ্কার আরম্ভ হইল; সাধ্বী মহিলাগণ পতির সহিত শয়ন করিতে লাগিল; অতি অদ্ভুত ভীষণ-স্বভাব রাক্ষসগণও বিহার করিতে প্রবৃত্ত হইল ॥ ৯ ॥

বুদ্ধিমান্ হনুমান বিচরণ করিতে করিতে রথ, অশ্ব ও সিংহাসনে সমাকীর্ণ এবং বীরগণের কান্তিতে পরিপূর্ণ গৃহসকল দেখিতে পাইলেন ॥ ১০ ॥

হনুমান্ দেখিলেন—রাক্ষসগণ উন্মত্তের ন্যায় পরস্পর গালি পাড়িতেছে, স্থূল হস্তসকল ইতস্তত ক্ষেপণ করিতেছে; ধূর্তের ন্যায় প্রলাপ-বাক্য বর্ষণ করিতেছে; কেহ কেহ অপরকে ঠেলিয়া দিতেছে, রমণীর সহিত গাত্রের সংঘর্ষ ঘটাইতেছে; কেহ বা ভার্য্যাকে আলিঙ্গন করিতেছে; আবার কেহ বা যথাযথ ভাবে নিদ্রা যাইতেছে ॥ ১১-১২ ॥

১। ঙ 'বৃত্তাঃ', খ 'প্রবৃত্তাঃ'। ২। গ '-চিত্তাঃ'। ৩। ক '-তানাং'। ৪। ছ-খ-ন '-নভিসংক্ষি-'। ৫। ঘ '-নভিসংক্ষি-'। ৬। ছ '-মবি-', খ '-মভি-'। ৭। ঘ ছ-খ-ন 'চ বিক্ষি-'। ৮। গ-ন 'বি-'। ৯। ঘ 'কান্তাংশ্চ'। ১০। খ '-ক্ষিপন্তি'।

মহাগজৈর্জাতমদৈর্ভ্রমদ্‌ভিঃ সংপূজিতৈর্লক্ষণতঃ সুহৃদ্‌ভিঃ।
ররাজ রক্ষোভিরভিশ্বসদ্‌ভির্হ্রদো[১] ভুজঙ্গৈরিব নিশ্বসদ্‌ভিঃ ॥ ১৩ ॥
প্রধানবুদ্ধীন্[২] রুচিরপ্রধানান্ সচ্ছ্রদ্দধানাং[৩]স্তপসো নিধানান্।
নানাবিধান্[৪] ব্রহ্ম সমাদধানান্ দদর্শ তস্যাং পুরি যাতুধানান্ ॥ ১৪ ॥
নিনিন্দ দৃষ্ট্বা[৫] তু স তান্ বিরূপান্ ননন্দ কাংশ্চিচ্চ পুনঃ সুরূপান্[৬]।
নানাগুণা[৭]নাত্মকুলানুরূপান্[৮] নিষ্ঠাবতো[৯] ন্যায়বতোঽনুরূপান্ ॥ ১৫ ॥
ততো বরার্হাঃ সুবি[১০]শুদ্ধভাবাস্তেষাং স্ত্রিয়স্তত্র মহানুভাবাঃ।
প্রিয়স্য ভাবেষু চ সক্তভাবা[১১] দদর্শ তারা ইব সুপ্রভাবাঃ ॥ ১৬ ॥

১৩। লো-টী। প্রস্তুতমদৈর্ধ্বস্তমদৈঃ। 'জাতমদৈ'রিতি পাঠো বা। রক্ষো ররাজ, কিম্ভূতৈঃ? সুহৃদ্‌ভিরত্নষ্টৈঃ। অভিরত্যা অভিরাগেণ শ্বসদ্‌ভিঃ। 'অভিরতী'তি পাঠে অভিতো রাগেণ। "রতিঃ স্ত্রী স্মরদারেষু রাগে সুরতগুহ্যয়ো"রিতি কোষঃ।

১৪। লো-টী। প্রধানেন প্রজ্ঞয়া বৃদ্ধান্। 'প্রধানবুদ্ধী'নিতি পাঠে প্রকৃষ্টবুদ্ধীন্। রুচিরং মনোহরং প্রধানং প্রকৃতির্যেষাং তান্। সচ্ছ্রদ্দধানান্ সৎকর্ম্মণি শ্রদ্ধালূন্। ব্রহ্ম বেদং সমাদধানান্ উচ্চরতঃ।

১৫। লো-টী। স কপিঃ তান্ নিনিন্দ, ননন্দ প্রশশংস চ। সুরূপান্ শোভনরূপান্। নানা অনেকে গুণা যেষাং তান্। আত্মা বুদ্ধিঃ, গুণাশ্চাত্মা, তৈরনুরূপান্ যোগ্যান্। আত্মনঃ স্বস্য গুণেন অনুরূপান্, স্বভাবসিদ্ধগুণানুরূপানিতি বা। নিষ্ঠাবতঃ ধর্ম্মনিষ্ঠাবতঃ। বিজ্ঞাবত ইতি কচিৎ পাঠঃ, 'ইজ্যাবত' ইতি কচিৎ। অনুরূপান্ স্বতো যোগ্যান্।

১৬। লো-টী। তেষাং স্ত্রিয়ো দদর্শ। বরঃ স্বামী অর্হঃ পূজ্যো যাসাং তাঃ। সুষ্ঠু বিশুদ্ধো ভাবোঽভিপ্রায়ো যাসাং তাঃ। ভাবেষু অভিপ্রায়েষু সক্তচিত্তাঃ। "ভাবঃ সত্তা স্বভাবাভিপ্রায়চেষ্টাত্মজন্মসু" ইতি কোষঃ।

বন্ধুগণের সহিত সুলক্ষণাক্রান্ত অত্যুত্তম মদমত্ত প্রকাণ্ড হস্তীতে ভ্রমণকারী নিশ্বাসত্যাগকারী রাক্ষসগণের দ্বারা সেই লঙ্কা নিশ্বাসত্যাগকারী সর্পের দ্বারা হ্রদের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ১৩ ॥

[হনুমান্] সেই লঙ্কানগরীতে অতিশয় বুদ্ধিমান্ সুন্দর সংকার্য্যে শ্রদ্ধাশীল তপস্যার রক্ষক বেদপাঠপরায়ণ বহুবিধ রাক্ষস দেখিতে পাইলেন ॥ ১৪ ॥

সেই হনুমান্ তাহাদিগের মধ্যে কোন কোন রাক্ষসকে কুৎসিত দেখিয়া নিন্দা করিতে লাগিলেন এবং কোন কোন রাক্ষসকে বহুগুণশালী, নিজ বংশের অনুরূপ নিষ্ঠাবান্, ন্যায়বান্, উপযুক্ত ও সুন্দর দেখিয়া আনন্দলাভ করিলেন ॥ ১৫ ॥

তারপর সেখানে প্রভাবিশিষ্ট নক্ষত্রের ন্যায় স্বামীর অনুরূপা, স্বামীর মনোবৃত্তির অনুবর্ত্তনকারিণী অতিশয় সংস্বভাবা তাহাদের স্ত্রীগণকে দেখিতে পাইলেন ॥১৬॥

১। দ 'বিশ্বসদ্‌ভিঃ'। ২। দ 'সচিবপ্র-'। ৩। ঙ চ-থ 'সংশ্র-'। ৪। ছ '-বিধব্রহ্ম-'। ৫। থ 'দৃষ্ট্বাপি'। ৬। ত-থ 'স্বরূপান'। ৭। ছ 'গুণা-'। ৮। থ '-গুণানু-'। ৯। চ-ত 'ইজ্যাব-'। ১০। দ 'শুচি-'। ১১। থ 'শক্তভাবা-'।

শ্রিয়া জ্বলন্তীর্দ্দয়িতোপগূঢ়া দদর্শ কাশ্চিৎ প্রমদা নবোঢ়াঃ।
লতাস্তমালস্য নবপ্ররূঢ়া যথা বিহঙ্গৈঃ[১] কুসুমোপগূঢ়াঃ[২] ॥ ১৭ ॥

অন্যাঃ পুনর্হর্ম্ম্যতলোপবিষ্টাঃ কাশ্চিৎ প্রিয়াঙ্গেষু[৩] সুখোপবিষ্টাঃ।
ভর্ত্তৃপ্রিয়া[৪] ধর্ম্মপথে নিবিষ্টা দদর্শ কাশ্চিন্মদনাভিবিষ্টাঃ ॥ ১৮ ॥

অপাশ্রিতান্ কাঞ্চনরাশিবর্ণাংস্তথা[৫][৬] পরার্দ্ধ্যাস্তরণীয়পূর্ণান্[৭]।
অপাশ্রয়ান্[৮] কাঞ্চনচিত্রবর্ণান্[৯] দদর্শ বীরো রুচিরাঙ্গবর্ণান্[১০][১১] ॥ ১৯ ॥

এবং স্ত্রিয়ো বৈ ক্রমশোঽভিরামাঃ[১২] সুপ্রীতিযুক্তাঃ[১৩] সুমনোঽভিরামাঃ।
গৃহে গৃহে তাঃ স হরিপ্রবীরঃ[১৪] পরিভ্রমংস্তত্র দদর্শ রামাঃ ॥ ২০ ॥

১৭। লো-টী। দয়িতেন প্রিয়েণ উপগূঢ়া আলিঙ্গিতাঃ।

১৮। লো-টী। উপবিষ্টাঃ স্থিতাঃ।

১৯। লো-টী। এষা তাসাং রুচিরাঙ্গবর্ণান্ দদর্শ। কীদৃশান্? কাঞ্চনরাশিবর্ণান্ অপাশ্রিতান্। পুনঃ কীদৃশান্? পরার্দ্ধ্যানমূল্যাং বরাস্তরণং শয্যা, তত্র উপপন্নান্ সম্বদ্ধান্। 'পরার্দ্ধ্যাস্তরণিবর্ণান্' ইতি পাঠে পরার্দ্ধ্যা অস্তরণিবর্ণা আস্তরণভেদো যেষাং তান্। 'পরার্দ্ধ্যাস্তরণীয়পূর্ণান্' ইতি পাঠে পরার্দ্ধ্যাঃ বরাস্তরণিভিঃ বস্ত্রৈঃ পূর্ণান্ সম্বদ্ধান্। কাঞ্চনশ্চম্পকঃ, চন্দ্রঃ কর্প্পূরম্, তত্তুল্যবর্ণান্ অপাশ্রিতান্। 'অপাশ্রয়ান্' ইতি পাঠেঽপ্যয়মেবার্থঃ। রুচিদপাচিতা' ইত্যপি পাঠঃ। 'রুধিরাঙ্গবর্ণান্' ইতি পাঠঃ ক্বচিৎ। রুধিরং কুঙ্কুমং রক্তং বা।

২০। লো-টী। এবং ক্রমশস্তত্র তত্র পরিভ্রমন্ স্ত্রিয়ো দদর্শ। স্বামিনং রময়ন্তীতি রামাঃ, অভিরামাঃ সর্ব্বতোভাবেন রামাঃ প্রীতিদাঃ, সুমনোভিঃ পুষ্পৈরভিরামাঃ মনোহরাঃ। যদ্বা,

তমালতরুর কুসুমাচ্ছন্ন বিহগসমাকীর্ণ নবজাত লতিকার ন্যায়, শরীর-শোভায় দেদীপ্যমানা নব-পরিণীতা কোন কোন রমণীকে প্রিয়তম কর্ত্তৃক আলিঙ্গিতা দেখিলেন ॥ ১৭ ॥

ধর্ম্মপথে অবস্থিতা পতিপ্রিয়া অপর রমণীদিগকে প্রাসাদতলে উপবেশন করিতে এবং কাহাকেও বা কামোন্মত্ত হইয়া প্রিয়তমের গাত্রোপরি সুখে উপবেশন করিতে দেখিলেন ॥ ১৮ ॥

বীর হনুমান্ সেই রমণীদিগের দেহের মনোহর বর্ণ অবলোকন করিলেন; সেই বর্ণ পুঞ্জীকৃত সুবর্ণের বর্ণ এবং চম্পকের বিচিত্র বর্ণকেও অতিক্রম করে ॥ ১৯ ॥

সেই বানরশ্রেষ্ঠ হনুমান্ এইরূপে ভ্রমণ করিতে করিতে ক্রমে ক্রমে প্রতিগৃহে

১। ঙ 'বিহঙ্গৈঃ'। ২। ঘ 'প্রতাঃ'। ৩। ঙ-চ '-ঙ্কেষু'। ৪। ঙ-চ 'ভর্ত্তুঃ প্রি-'। ৫। ঘ '-বর্ণাং স্ত-'। ৬। ঘ 'বর্ণা'। ৭। ঘ '-পূর্ণাঃ'। ৮। ঙ-ঘ '-শ্রিতান্', ঘ '-শ্রয়াঃ'। ৯। ঙ-চ '-চন্দ্র-', ঘ '-চূর্ণ-', ঙ '-রুধির-'। ১০। ঘ 'রুধিরা-'। ১১। ঘ '-বর্ণাঃ'। ১২। ঙ 'বিক্রমশোভি-'। ১৩। ঘ 'সুপ্রীত'। ১৪। ঙ 'হরিঃ সকামাঃ'।

ন ত্বেব সীতাং পরমাভিজাতাং পথি স্থিতাং রাজকুলপ্রজাতাম্[১] ।
লতাং প্রফুল্লামিব সাধুজাতাং দদর্শ তন্বীমচিরপ্রজাতাম্ ॥ ২১ ॥

সনাতনে বর্ত্মনি সন্নিবিষ্টাং রামেক্ষণীং তাং মদনাভিবিষ্টাম্[২][৩] ।
ভর্ত্তুর্মনশ্চাপি তথা প্রবিষ্টাং স্ত্রীভ্যো বরাভ্যশ্চ সতীং বিশিষ্টাম্[৪] ॥ ২২ ॥

শোকান্বিতামশ্রুচিতৌষ্ঠকণ্ঠীং[৫] বরাং[৬] বরার্হাং বরনিষ্ককণ্ঠীম্ ।
অজাতপক্ষামভিজাতকণ্ঠীং[৭] বনে প্রবৃত্তামিব নীলকণ্ঠীম্ ॥ ২৩ ॥

অব্যক্তরূপামিব[৮] চন্দ্ররেখাং[৯] পাংশুপ্রদিগ্ধামিব হেমরেখাম্[১০] ।
ক্ষত[১১]প্রররূঢ়া[১২]মিব বাণরেখাং[১৩] বায়ুপ্রভিন্না[১৪]মিব ধূমরেখাম্[১৫] ॥ ২৪ ॥

সুমনসাং শীবাণামপি রামা মনোহরাঃ। "সুমনাঃ পুষ্পমালত্যোঃ স্ত্রিয়াং না ধীরদেবয়ো"রিতি কোষঃ।

২১। লো-টী। পরমং সাধু যথা ভবতি তথা অভিজাতাম্।

২২। লো-টী। তাং বিশিনষ্টি ত্রিভিঃ শ্লোকৈঃ।

২৩। লো-টী। অশ্রুভিশ্চিতৌ ব্যাপ্তৌ ওষ্ঠৌ যস্যাস্তাম্। বরং শ্রেষ্ঠং নিষ্কমলংকরণং কণ্ঠে যস্যাস্তাম্। 'চিতোপকণ্ঠী'মিতি পাঠে চিতমুপকণ্ঠং যস্যাস্তাম্। অভিজাতঃ কণ্ঠো ধ্বনির্যস্যাস্তাম্। 'কণ্ঠোঽভ্যর্ণে ধ্বনৌ গলে' ইতি ভূরিঃ। প্রবৃত্তাং গতাং নীলকণ্ঠীং ময়ূরীমিব, দাত্যূহীমিব বা।

২৪। লো-টী। বাণেন ক্ষতাং পশ্চাৎ প্ররূঢ়াম্। ধূমরেখাং বায়ুনা প্রবৃদ্ধাম্ ইতস্ততশ্চালিতাম্।

অতিশয় সুন্দরী অত্যন্তপ্রীতিযুক্তা পুষ্পালঙ্কৃতা পতির প্রীতিদায়িনী রমণীদিগকে দেখিতে পাইলেন ॥ ২০ ॥

কিন্তু, উত্তম অরণ্যজাত মনোহর অচিরোৎপন্ন ক্ষুদ্র লতিকার ন্যায় অত্যন্ত আভিজাত্যসম্পন্না রাজকুলসম্ভূতা সৎপথে অবস্থিতা সীতাকে দেখিতে পাইলেন না ॥ ২১ ॥

শ্রেষ্ঠ রমণীগণ হইতেও শ্রেষ্ঠা সাধ্বী শাশ্বতপথাবলম্বিনী রামাভিলাষিণী স্বামীর অন্তঃকরণে অভিনিবিষ্টা বিরহবিধুরা সেই সীতাকে কোথাও দেখিতে পাইলেন না ॥ ২২ ॥

সীতা শোকান্বিতা, তাঁহার ওষ্ঠ এবং কণ্ঠ অশ্রুজলে সিক্ত ; তিনি মাননীয়া

১। ছ-ত '-কুলাভিজা-'। ২। ত 'মৃগনাভি-', দ 'পরমাভিদৃষ্টাম্'। ৩। ছ-ত-থ '-ভিজুষ্টাম্'। ৪। থ-পুস্তকে ইতঃ প্রভৃতি ত্রয়োবিংশশ্লোকান্তস্থ স্থানে "স্ত্রীভ্যো বরাভ্যশ্চ সতীং বিশিষ্টাং শোকান্বিতামশ্রুচিতোষ্ঠকণ্ঠীম্। ভর্ত্তুর্মনশ্চাপি তথা প্রবিষ্টাং বনে প্রবৃত্তামিব নীলকণ্ঠীম্॥ বরাং বরার্হাম্বরনিষ্ককণ্ঠীং অজাতপক্ষামিব জাতকণ্ঠীম্।" ইতি পাঠঃ। ৫। ত '-চিতোপক-'। ৬। গ 'সুরাসুরাহাম্ উরনিষ্ক-'। ৭। দ -মিব জাত-'। ৮। দ 'অব্যক্ত-'। ৯। ঘ-ত '-লেখাং'। ১০। ধ '-লেখাম্', দ '-কুত্তাম্'। ১১। দ 'কৃত-'। ১২। ছ-ত '-প্রবৃদ্ধা-'। ১৩। ঘ-ছ-থ-দ '-লেখাং'। ১৪। ঘ-ছ-থ-দ '-প্রবৃদ্ধা-'। ১৫। ছ-থ-দ '-লেখাম্'।

স[1] তামপশ্যন্মনুজেশ্বরস্য রামস্য ভার্য্যাং জয়তাং বরস্য।
বভূব দুঃখাভিহতশ্চিরস্য লেভে[2] প্রসাদং স্বথ বুদ্ধিরস্য ॥ ২৫ ॥
প্রবিশ্য জাম্বূনদজালকান্তং মণিপ্রবেকামলজালকান্তম্[3]।
পরার্দ্ধ্যরত্নাকরমৃদ্ধিমন্তং[4] দশাননান্তর্গৃহং নিতান্তম্[5] ॥ ২৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে প্রদোষবর্ণনা নাম
একাদশঃ সর্গঃ ॥ ১১ ॥

২৫-২৬। লো-টী। দশাননান্তর্গৃহং প্রবিশ্য বুদ্ধিঃ প্রসন্নতাং লেভে, কার্য্যসিদ্ধেরেতল্লক্ষণম। জাম্বূনদময়ৈর্জালৈর্গবাক্ষৈঃ কান্তং মনোহরম্। মণিপ্রবেকা মণিশ্রেষ্ঠাঃ, তৈরমলো জালকান্তো যস্য তৎ। নিতান্তমেকান্তমৃদ্ধিমন্তমৃদ্ধিমৎ।

সুন্দরকাণ্ডে প্রদোষবর্ণনা ॥ ১১ ॥

উত্তমকণ্ঠভূষণে ভূষিতা অজাতপক্ষা মধুরকণ্ঠী অরণ্যবর্ত্তিনী ময়ূরীর ন্যায়; অপরিব্যক্ত চন্দ্রকলার ন্যায়; ভস্মলিপ্ত সুবর্ণরেখার ন্যায়, বাণাঘাতের বিশুষ্ক ক্ষতরেখার ন্যায় এবং বায়ুদ্বারা বিচ্ছিন্ন ধূমরেখার ন্যায় ॥ ১৩-২৪ ॥

হনুমান্ বিজয়িশ্রেষ্ঠ মহারাজ রামচন্দ্রের ভার্য্যা সেই সীতাকে দীর্ঘকালেও না দেখিয়া দুঃখে অভিভূত হইয়া পড়িলেন, অনন্তর প্রান্তভাগে উত্তম মণিশোভিত সুবর্ণময় গবাক্ষদ্বারা মনোহর শ্রেষ্ঠ রত্নের আকর অত্যন্ত সমৃদ্ধিযুক্ত রাবণের পুরীমধ্যে প্রবেশ করিয়া তাঁহার (হনুমানের) বুদ্ধি প্রসন্নতা লাভ করিল ॥ ২৫-২৬ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে প্রদোষবর্ণনা
নামক ১১শ সর্গ সমাপ্ত ॥ ১১ ॥

১। ঙ 'ন'। ২। ঙ 'বিপদুঃ প্রসাদাগ্রণ'। ৩। ঘ 'পরার্দ্ধ্যরত্নাকরমৃদ্ধিমন্তম্'। ৪। ঘ 'দশাননান্তর্গৃহং নিতান্তং মণিপ্রবালামলজালকান্তম্'।' ৫। ক-ঘ 'বিতান্তম্'।

(১২) দ্বাদশঃ সর্গঃ

স [১] তথা সংক্ষিপন্ কায়ং প্রবিষ্টোঽনুপলক্ষিতঃ ।
রাবণস্য [২] পুরে গুপ্তাং [৩] মার্গিষ্যন্ জনকাত্মজাম্ ॥ ১ ॥
চিন্তয়ামাস হনুমান্ [৪] রাঘবপ্রিয়কাম্যয়া ।
কপিপ্রবারো মনসা মুহূর্ত্তং ধ্যানমাস্থিতঃ ॥ ২ ॥
কাদৃশে [৫] বন্ধনে বদ্ধা মুক্তা [৬] বা স্বৈরচারিণী ।
কশ্চ রক্ষতি বৈদেহীং কথংরূপা চ সা ভবেৎ ॥ ৩ ॥
অদৃষ্টপূর্ব্বা [৭] হি [৮] ময়া বৈদেহী জনকাত্মজা ।
ইঙ্গিতৈরনুমানৈশ্চ [৯] ময়া [১০] জ্ঞেয়া ভবিষ্যতি ॥ ৪ ॥
এতাং বুদ্ধিং [১১] তদা [১২] কৃত্বা হনুমান্ মারুতাত্মজঃ ।
অন্বিয়েষ তদা সীতাং রাবণস্য পুরে [১৩] শুভে ॥ ৫ ॥

তিনি এইরূপে শরীরকে সঙ্কুচিত করিয়া গোপনে রক্ষিতা জানকীর অনুসন্ধানে অলক্ষ্যে রাবণের পুরীমধ্যে প্রবেশ করিলেন ॥ ১ ॥

কপিশ্রেষ্ঠ হনুমান্ রামচন্দ্রের হিতকামনায় মুহূর্ত্তের জন্য একাগ্রতা অবলম্বনপূর্ব্বক মনে মনে চিন্তা করিতে লাগিলেন ॥ ২ ॥

সীতাকে কে রক্ষা করিতেছে? তাঁহার আকৃতি কিরূপ? তিনি কিরূপ বন্ধনে আবদ্ধ রহিয়াছেন? অথবা, মুক্তাবস্থায় স্বাধীনভাবে বিচরণ করিতেছেন? ॥৩॥

বিদেহরাজ-নন্দিনী জানকীকে আমি পূর্ব্বে কখনও দেখি নাই। আমাকে ইঙ্গিত এবং অনুমানের দ্বারাই তাঁহাকে চিনিয়া লইতে হইবে ॥ ৪ ॥

তখন পবনপুত্র হনুমান্ এইরূপ স্থির করিয়া রাবণের সুন্দর পুরীমধ্যে সীতার অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৫ ॥

১। ক 'সঙ্ক্ষিপ্যাত্মনঃ'। ২। ঙ-চ '-গান্তঃপুরে'। ৩। ছ 'প্রামর্ষিষ্যন', দ '-প্রামৃদ্দিষ্য'। ৪। ন 'রামস্য'। ৫। খ 'চ বনে'। ৬। ক 'চ'। ৭। দ '-রূপা'। ৮। থ 'যথা'। ৯। ছ ত-থ-ন '-চেষ্টাভু-'। ১০। ছ 'মম'। ১১। খ 'তথা'। ১২। ঘ 'স্মৃত্বা'। ১৩। ত 'নিবেশনম্'।

[১]গৃহং গৃহং রাক্ষসানামুদ্যানানি চ বানরঃ।
[২]স বীক্ষমাণো ব্যচরৎ প্রাসাদাংশ্চৈব সর্ব্বশঃ ॥ ৬ ॥
[৩]স পুপ্লুবে[৪] মহাবেগঃ প্রহস্তস্য নিবেশনম্।
ততোঽন্যৎ পুপ্লুবে বেশ্ম[৫] মহাপার্শ্বস্য বীর্য্যবান্ ॥ ৭ ॥
[৬]গত্বা মেঘপ্রতীকাশং কুম্ভকর্ণনিবেশনম্।
১। খ-ভ '-মুপধা-'। ২। ভ '-বার্য্যোপশো-'। ৩। ঘ '-ত্তান্'। ৪। দ 'সুসূ-'। ৫। ত-প 'প্রসুপ্তা-'। ৬। খ '-স্তথা চাপাপরাঃ'। ৭। প-দ 'কুচৌ'। ৮। ঘ ভ 'পার্শ্বং ক-'। ৯। ধ 'স্বেদ-'। ১০। ছ '-বশং গতাঃ'। ১১। প 'প্রসুপ্তা-'। ১২। প '-স্যাঙ্গস্য সং-'। ১৩। দ '-ন্যং ভুজ-'। ১৪। ত '-স্ত্র'। ১৫। ভ '-সূত্রৈঃ'। ১৬। প 'মার্গে'। ১৭। ঘ '-তাম্'।

অন্যোন্যমালাগ্রথিতং সংসক্তকুসুমোচ্চয়ম্।
আসীদ্বনমিবোদ্ধূতং স্ত্রীবনং রাবণস্য তৎ ॥ ৬৪ ॥
তাসাং নিদ্রাবশত্বাচ্চ মূর্চ্ছিতানাং মদেন চ।
পদ্মিনীনাং প্রসুপ্তানাং রূপমাসীদ্ যথৈব হি ॥ ৬৫ ॥
তাসামুচ্ছ্বাসবাতেন মাল্যং বস্ত্রঞ্চ গাত্রতঃ।
নাত্যর্থং স্পন্দতে চিত্রং প্রাপ্য মন্দমিবানিলম্ ॥ ৬৬ ॥
সুচিরেণাপি সুব্যক্তং ন তাসাং যোষিতাং তথা।
বিবেকঃ শক্যতে কর্ত্তুং ভূষণেন্দীবরস্রজাম্ ॥ ৬৭ ।
নৃ-নাগাসুরদৈত্যানাং গন্ধর্ব্বাণাঞ্চ যোষিতঃ।
রক্ষসাঞ্চাভবন্ কন্যাঃ স হি তস্য পরিগ্রহঃ ॥ ৬৮ ॥

বনসাধর্ম্ম্যমাহ—মাধবে বৈশাখে বায়ুসেবিতে বৃক্ষোপরি আকাশে ফুল্লানাং লতানামন্যোন্যং মালয়া মালারূপেণ গ্রথিতং গ্রথনং যস্য তৎ। সংসক্তঃ কুসুমোচ্চয়ঃ সমূহো যস্মিন্ তৎ। বাতি-বেষ্টনমন্যোন্যবেষ্টনং সূত্রং ব্যবস্থা অন্তে অবধৌ যস্য তৎ। 'ব্যতিচেষ্টিত'মিতি পাঠে অন্যোন্যং চেষ্টিতম্। অন্যোন্যমেব ভ্রমরাস্তৈরাকুলম্। [পাঠান্তরং দ্রষ্টব্যম্।] অত্র বায়ুসেবিতস্থানমট্টালিকা লতাস্থানম্।

৬৬। লো-টী। নাত্যর্থং স্পন্দত ইতি চিত্রমাশ্চর্য্যম্।

৬৭। লো-টী। সুচিরেণাপি বহুনাপি কালেন, তাসাং যোষিতাম্, তদা রাত্রৌ। ভূষণানি, ইন্দীবরাণি, স্রজশ্চ। বিবেকঃ পৃথগ্ভাবঃ, একীভূতত্বাৎ।

৬৮। লো-টী। নৃণাং নাগাদীনাং চ যা যোষিতঃ, রাক্ষসানাং যাঃ কন্যা অভবন্, তাস্তস্য পরিগ্রহঃ পত্নী অভবন্।

পরস্পরের সহিত মালার ন্যায় গ্রথিত রাবণের সেই স্ত্রীসমূহ সংসক্ত কুসুম-রাশিবিশিষ্ট কম্পিত কাননের ন্যায় [প্রতীত হইতে] ছিল ॥ ৬৪ ॥

সেই নিদ্রাভিভূত ও মদমূর্চ্ছিত রমণীগণের সৌন্দর্য্য নিমীলিত পদ্মিনীর ন্যায়ই হইয়াছিল ॥ ৬৫ ॥

তাঁহাদের নিশ্বাস-বায়ুতে গাত্রস্থিত বিচিত্র বস্ত্র ও মাল্য যেন মন্দ সমীরণ প্রাপ্ত হইয়া মন্দ মন্দ আন্দোলিত হইতেছিল ॥ ৬৬ ॥

সেই কামিনীগণের এবং তাহাদের অলঙ্কার ও ইন্দীবরমাল্যের পার্থক্য দীর্ঘকালেও স্পষ্টভাবে অনুভব করা যাইত না ॥ ৬৭ ॥

১। থ 'সংযুক্তকু-'। ২। অতঃ পরং ত-থ দ-পুস্তকেষু 'ব্যতিবেষ্টিতসুব্যক্তমন্যোন্যভ্রমরাকুলম্'; ইত্যধিকম্। ৩। ঘ 'অত্যর্থং'। ৪। ঘ 'স্পন্দতে'। ৫। দ '-নিলঃ'। ৬। থ-ত 'অচি-'। ৭। দ '-শান্তি-'। ৮। ক-চ 'হস্ত'। ৯। থ-দ 'রাক্ষসানাঞ্চাভবন্ কন্যাঃ'। ১০। ত-থ-দ '-স্যাস্তাভিস্তস্য'।

তাসাং চন্দ্রোপমৈর্ব্বক্ত্রৈঃ শুভৈর্ল[১]লিতকুণ্ডলৈঃ।
ব্যরাজত বিমানং তন্নভস্তারাগণৈরিব ॥ ৬৯ ॥

নূপুরৈরপবিদ্ধৈশ্চ[২] বলয়ৈশ্চাপি ভাস্বরৈঃ।
হারৈশ্চ হরিণাক্ষীণাং প্রকীর্ণা শুশুভে মহী ॥ ৭০ ॥

ন তত্র কাচিৎ প্রমদা প্রধানা রূপেণ বীর্য্যে[৩]ণ চ যা ন লব্ধা।
ন চান্যকামা ন তথাঽন্যপূর্ব্বা হীনা চ যাঽভূজ্জনকাত্মজায়াঃ ॥ ৭১ ॥

ন চাকুলীনা ন চ হীনরূপা নাদক্ষিণা[৪] নানুপচারযুক্তা।
ভার্য্যাঽভ[৫]বত্তস্য ন হীনসত্ত্বা[৬] ন চাল্পকামা[৭] ন চ কামহীনা ॥ ৭২ ॥

৭০। লো-টী। অপবিদ্ধৈঃ পতিতৈঃ, প্রকীর্ণা ব্যাপ্তা।

৭১। লো-টী। তত্র লঙ্কায়াং যা কাচিদ্ বনিতা তেন লব্ধা, সা রূপেণ ধৈর্য্যেণ চ প্রমদানাং মধ্যে প্রধানা উত্তমাঽভবদিতি নঞ্‌দ্বয়েনান্বয়ঃ। 'নয়েন বীর্য্যেণে'তি বা পাঠঃ। জনকাত্মজায়া হীনা তদ্‌ব্যতিরিক্তা যাঽভূৎ সা অন্যথাকামা নাভূৎ, রাবণকামৈবেত্যর্থঃ।

৭২। লো-টী। নাদক্ষিণা নাদক্ষা, অনুপচারযুক্তা ন, তৎসেবায়াম্ অতঃ পরা। ন হীনং নিকৃষ্টং সত্ত্বং চিত্তং যস্যাঃ সা। অন্যো নীচোঽল্পঃ কামো যস্যাঃ সা।

মানুষ, নাগ, অসুর, দৈত্য ও গন্ধর্ব্বরমণী এবং রাক্ষসকন্যাগণ রাবণের পত্নী [হইতে বাধ্য] হইয়াছিলেন ॥ ৬৮ ॥

তাঁহাদের সুন্দরকুণ্ডলবিশিষ্ট চন্দ্রসদৃশ মনোহর বদনসমূহের দ্বারা সেই রাজগৃহ তারাগণের দ্বারা আকাশমণ্ডলের ন্যায় শোভিত হইতেছিল ॥ ৬৯ ॥

[সেই] মৃগাক্ষীগণের [অঙ্গ হইতে] স্খলিত নূপুর, দীপ্তিশালী বলয় ও হারসমূহে সমাকীর্ণ ভূতল শোভা পাইতেছিল ॥ ৭০ ॥

সেখানে এমন কোন প্রাধানা রমণী ছিলেন না, যাঁহাকে রূপের নিমিত্ত বীর্য্যের দ্বারা লাভ করা হয় নাই, যিনি অন্য পুরুষ কামনা করিতেন না, যিনি পূর্ব্বে অন্য কাহাকেও বরণ করেন নাই, অথবা যিনি জানকী অপেক্ষা কম সুন্দরী ছিলেন ॥ ৭১ ॥

নীচবংশসম্ভূতা, কুরূপা, দাক্ষিণ্যরহিতা, উপচারবিহীনা, নীচাশয়া, অল্পকামা বা কামহীনা কোন রমণী তাঁহার ভার্য্যা হ'ন নাই ॥ ৭২ ॥

১। ভ '-ললিত-'। ২। ছ 'ভাসুরৈঃ'। ৩। ছ 'প্রসহ্য বীর্য্যেণ বলেন', ভ 'নয়েন ধৈর্য্যেণ চ', দ 'রূপেণ ধৈর্য্যেণ চ'। ৪। ভ 'নাবক্ষিণীনানুপচারদক্ষা'। ৫। ভ '-র্য্যা ভবে-'। ৬। ক 'চাপ্তকামা'। ৭। খ 'চাল্পসত্ত্বা'।

বভূব বুদ্ধিশ্চ কপীশ্বরস্য যদীদৃশী রাঘবধর্ম্মপত্নী।
ইমা যথা রাক্ষসনাথভার্য্যাঃ সুজাতমস্যা ইতি জাতবুদ্ধিঃ ॥ ৭৩ ॥
পুনশ্চ সোঽচিন্তয়দার্ত্তরূপো ধ্রুবং বিশিষ্টা গুণতো হি সীতা।
অর্থায় যস্যাঃ কৃতবান্ মহাত্মা লঙ্কেশ্বরঃ কষ্টমকার্য্যমেতৎ ॥ ৭৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে অবরোধদর্শনং
নাম চতুর্দ্দশঃ সর্গঃ ॥ ১৪ ॥

৭৩। লো-টী। 'ন তত্র কাচি'দিত্যাদি 'ন চ কামহীনে'ত্যন্তেন স্ত্রীণাং তাসাং যদুক্তং শ্লোকদ্বয়েন, তদ্রূপবুদ্ধিঃ কপীশ্বরস্য বভূব জাতা। ততশ্চ যথা ইমাস্তথা ঈদৃশী, তদা অস্যাঃ সীতায়াঃ সুজাতং সর্ব্বং সুষ্ঠু বাক্যং জাতমিত্যর্থঃ। 'সুজাতমস্যা' ইতি বা পাঠঃ। ইতি এবং জাতা বুদ্ধির্যস্য সঃ।

৭৪। লো-টী। পুনশ্চ সীতা ঈদৃশী ন ভবতীতি সম্ভাবয়তি—'পুনশ্চে'তি। অকার্য্যং পরদারাপহরণম্।

সুন্দরেঽবরোধদর্শনম্ ॥ ১৪ ॥

কপিশ্রেষ্ঠ হনুমান্ ভাবিলেন—"রাক্ষসরাজের এই স্ত্রীগুলি যেমন [সুন্দরী] রামচন্দ্রের পত্নী সীতা যদি এইরূপ [সুন্দরী] হ'ন তাহা হইলে তাঁহার জন্ম সার্থক"; এইরূপ ভাবিয়া তিনি ব্যথিত হইয়া আবার ভাবিলেন, "মহাত্মা লঙ্কাধিপতি রাবণ যাঁহার জন্য এই কষ্টসাধ্য কুকার্য্য করিয়াছেন, সেই সীতা নিশ্চয়ই বিশিষ্টগুণ-সম্পন্না হইবেন" ॥ ৭৩-৭৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে অবরোধদর্শন
নামক ১৪শ সর্গ সমাপ্ত ॥ ১৪ ॥

১। ঘ 'ন হীদৃশী'। ২। ছ-থ '-রাজস্য-'। ৩। থ 'শ্চাইব-'।

(১৫) পঞ্চদশঃ সর্গঃ

অথ দিব্যোপমন্তত্র স্ফাটিকং রত্নভূষিতম্[১]।
নিরীক্ষমাণো হনুমান্ দদর্শ পরমাসনম্ ॥ ১ ॥
পরমাস্তরণাস্তীর্ণমাবিকাজিনসংবৃতম্[২]।
তস্য চৈকতমে দেশে নানারত্নবিভূষিতম্ ॥ ২ ॥
দদর্শ পাণ্ডুরং ছত্রং তারাধিপতিসন্নিভম্।
দামভির্ব্বরমাল্যানাং সমন্তাদুপশোভিতম্ ॥ ৩ ॥
ততো জীমূতসঙ্কাশং প্রতপ্তোজ্জ্বলকুণ্ডলম্।
[৩]রোহিতাক্ষং মহাবাহুং মহারজতবাসসম্ ॥ ৪ ॥
লোহিতেনানুলিপ্তাঙ্গং চন্দনেন সুগন্ধিনা।
সন্ধ্যারক্তমিবাকাশে[৪] তোয়দং সতড়িদ্‌গণম্[৫] ॥ ৫ ॥

২। লো-টী। পরমাস্তরণং কম্বলাদি, তেনাস্তীর্ণং ব্যাপ্তম্। আবিকাজিনসংবৃতম্।
৪। লো-টী। মহারজতং কাঞ্চনম্। পীতবাসসমিত্যর্থঃ। "চামীকরং জাতরূপং মহারজতকাঞ্চনে" ইত্যমরঃ। ততো জীমূতসংকাশং রাবণং দদর্শেতি ষষ্ঠেনান্বয়ঃ।
৫। লো-টী। তড়িদেব গুণঃ তড়িদ্‌গুণঃ, রূপং সতড়িদ্‌গুণং তোয়দমিব। বস্ত্রস্থানে উপমা।

তার পর নিরীক্ষণ করিতে করিতে হনুমান্ তথায় একটী স্ফটিক-নির্ম্মিত রত্নভূষিত স্বর্গীয় আসনের ন্যায় উৎকৃষ্ট আসন দেখিতে পাইলেন ॥ ১ ॥

আসনটীর উপর একটী সুন্দর চাদর পাতা রহিয়াছে ; তাহা মেষচর্ম্মে আবৃত। তাহারই এক স্থানে তিনি নানাবিধ রত্নবিভূষিত চতুর্দ্দিকে সুন্দর মাল্যসমূহে পরিশোভিত চন্দ্রের ন্যায় শুভ্র ছত্র দেখিতে পাইলেন ॥ ২-৩ ॥

তার পর কপিশ্রেষ্ঠ হনুমান্, মেঘসদৃশ, উজ্জ্বলকুণ্ডলধারী, রক্তচক্ষু, মহবাহু, স্বর্ণময় (অর্থাৎ পীতবর্ণ) বসনপরিহিত, লাল ও সুগন্ধি চন্দনে অনুলিপ্তাঙ্গ, আকাশে বিদ্যুৎপুঞ্জের সহিত বর্ত্তমান সন্ধ্যাকালীন রক্তরাগে রঞ্জিত মেঘের ন্যায়, মধুপানপূর্ব্বক বিরত রাক্ষসরাজকে একটী সমুজ্জ্বল শয্যায় নিদ্রিত দেখিলেন। তিনি উৎকৃষ্ট

১। খ-ড 'হেম-'। ২। অতঃ পরং চ-পুস্তকে 'গন্ধৈশ্চ বিবিধৈর্জুষ্টং বরধূপেন ধূপিতম্।' ইতি, ড-পুস্তকে 'পরমাস্তরণৈরেব রাঙ্কবাজিনসংবৃতম্।' ইতি, খ-পুস্তকে 'ভক্তিভির্বিবিধৈর্জুষ্টং বরধূপেন ধূপিতম্।' ইত্যধিকম্। ৩। চ-ড-খ 'লোহি-'। ৪। ড-খ '-কাশং'। ৫। খ '-তড়িদ্‌গুণম্', ক '-তড়িদ্‌ঘনম্'।

বৃতমাভরণৈর্ম্মু[১]খ্যৈঃ সুরূপং কামরূপিণম্‌ ।
সবৃক্ষবনগুল্মা[২]ঢ্যং প্রসুপ্তমিব ম[৩]ন্দরম্‌ ॥ ৬ ॥

ক্রীড়ি[৪]ত্বা বিরতং রা[৫]ত্রৌ বরাভরণভূষিতম্‌ ।
গন্ধৈশ্চ বিবিধৈর্জ্জুষ্টং বরধূ[৬]পোপধূপিতম্‌ ॥ ৭ ॥

বীজ্যমানং বরস্ত্রীভির্ব্বালব্যজনপাণিভিঃ ।
প্রিয়ং নৈর্ঋতকন্যানাং রাক্ষসীনাং সুখাবহম্‌ ॥ ৮ ॥

পীত্বা[৭] মধূনি বির[৮]তং তং দদর্শ মহাকপিঃ ।
ভাস্বরে[৯] শয়নে বী[১০]রং প্রসুপ্তং রাক্ষসাধিপম্‌ ॥ ৯ ॥

অঙ্গ[১১]নানাং সহস্রেণ ভূষিতেন সমন্ততঃ ।
বৃতমালাপশীলেন যু[১২]ক্তগী[১৩]তানুবাদিনা ॥ ১০ ॥

৬। লো-টী। সুরূপং শোভনরূপং, কামরূপিণমাত্মানং কামমিব রূপয়িতুং শীলং যস্য তম্‌। 'কামচারিণ'মিতি বা পাঠঃ। সবৃক্ষবনগন্ধাঢ্যং বৃক্ষৈঃ সহিতং যদ্‌ বনং পুষ্পবনং তদ্‌গন্ধযুক্তং কন্দরং গুহামিব। 'মন্দর'মিতি বা পাঠঃ। প্রসুপ্তং রাবণম্‌।

৭। লো-টী। উপধূপিতং পূজ্যমানম্‌।

৮। লো-টী। বালব্যজনং চামরম্‌।

৯। লো-টী। পুনর্বিশিনষ্টি—'ভাস্বর'ইতি দ্বয়েন।

১০। লো-টী। যুক্তগীতানুবাদিনা রাবণস্য যুক্তং যোগ্যং যদ্‌ গীতং তদেব আত্মনা যত্নেন বদিতুং গাতুং শীলং যস্য তেন। 'গীতানুবাদিনা' ইতি বা পাঠঃ।

অলঙ্কারসমূহে আবৃত, কামরূপী, সুন্দর এবং বৃক্ষ, বন ও গুল্মযুক্ত নিশ্চল মন্দর-পর্ব্বতের ন্যায়। তিনি রাত্রে ক্রীড়া করিয়া বিরত, তিনি উৎকৃষ্ট আভরণ-সমূহদ্বারা অলঙ্কৃত, নানাপ্রকার গন্ধে অনুলিপ্ত এবং উৎকৃষ্ট ধূপদ্বারা সুবাসিত; তিনি রাক্ষসকন্যাগণের প্রিয় এবং রাক্ষসীগণের সুখদায়ক; সুন্দরী রমণীগণ চামরহস্তে তাঁহাকে বাতাস করিতেছিলেন ॥ ৪-৯ ॥

অলঙ্কৃত, আলাপরত, উপযুক্ত সঙ্গীতপরায়ণ, দেশকালোপযোগী অনুষ্ঠানে অভিজ্ঞ ও উচিতবাদিনী নারীসহস্রে চতুর্দ্দিকে পরিবেষ্টিত, সুরতাবসানে নিদ্রিত ও

১। ক 'মুদ্রৈঃ'। ২। খ-ঘ '-গন্ধাঢ্যং'। ৩। ঙ 'কন্দরম্‌'। ৪। ঙ 'বিহৃতং'। ৫। খ 'নানাক্ত-'। ৬। ছ-ঙ '-ধূপাব-', খ '-ধূপৈশ্চ ধূ-'। ৭। ছ-ণ 'চ বিরতং তত্র স', দ 'চ বিরতং তত্র দদর্শ স'। ৮। ঙ 'বিরতং'। ৯। ছ-দ 'ভাস্বরে'। ১০। ছ 'শয়ানং'। ১১। ঙ '-নানাং'। ১২। ঙ 'যুক্তং গী-'। ১৩। দ '-গীতজ্ঞ-'।

দেশকাল[১]বিধিজ্ঞেন যুক্তবাক্যা[২]ভিধায়িনা।
[৩]রতোপরমসংসুপ্তং রাক্ষসেন্দ্রং মহাবলম্ ॥ ১১ ॥

নিশ্ব[৪]সন্তং যথা নাগং রাবণং বানরোত্তমঃ।
[৫]সহসা পরমোদ্বিগ্নঃ সোপাসর্প[৬]দভীস্ততঃ ॥ ১২ ॥

[৭]সংবভৌ রাক্ষসেন্দ্রস্য [৮]স্বপতঃ শয়নোত্তমম্।
গন্ধহস্তি[৯]নি সংবিষ্টে যথা প্রস্রবণো গিরিঃ ॥ ১৩ ॥

[১০]অথারোহণমাসাদ্য [১১]বেদিকান্তরমাশ্রিতঃ।
সুপ্তং রাক্ষসশার্দ্দূ[১২]লমীক্ষাঞ্চক্রে [১৩]মহাকপিঃ ॥ ১৪ ॥

কাঞ্চনা[১৪]ঙ্গদনদ্ধাংশ্চ দদর্শা[১৫]স্য মহাত্মনঃ।
[১৬]বিক্ষিপ্তান্ রাক্ষসেন্দ্রস্য ভুজানিন্দ্রধ্বজানিব ॥ ১৫ ॥

১১। লো-টী। রতোপরমেণ ক্রীড়োপরমেণ সুপ্তম্।
১২। লো-টী। পরমোদ্বিগ্নোঽপ্যভীঃ সন্ উপাসর্পং তস্য সমীপমগাৎ। সন্নিকার্ষঃ।
১৩। লো-টী। প্রস্রবণনামা গিরিবিশেষঃ।
১৪। লো-টী। আরোহণং সোপানম্।

সর্পের ন্যায় নিশ্বাসত্যাগী মহাবল রাক্ষসরাজকে দেখিয়া কপিশ্রেষ্ঠ হনুমান্ সহসা অত্যন্ত উদ্বিগ্ন হইয়া উঠিলেন এবং পরে নির্ভয়ে তাঁহার নিকটে গমন করিলেন ॥ ১০-১২ ॥

নিদ্রিত রাক্ষসরাজ রাবণের উত্তম শয্যা গন্ধহস্তীর দ্বারা অধিষ্ঠিত প্রস্রবণ গিরির ন্যায় প্রতীত হইতেছিল ॥ ১৩ ॥

অনন্তর হনুমান্ সোপানসাহায্যে মঞ্চোপরি আরোহণ করিয়া প্রসুপ্ত রাক্ষসরাজকে দেখিতে লাগিলেন ॥ ১৪ ॥

তিনি রাক্ষসরাজ রাবণের [চারিদিকে] বিক্ষিপ্ত সুবর্ণাভরণভূষিত ইন্দ্রধ্বজ-তুল্য ভুজাবলী দর্শন করিলেন ॥ ১৫ ॥

১। খ '-বিক্রমেন'। ২। ঙ 'বাদিনা'। ৩। ঙ 'ততঃ পর-'। ৪। ঙ-ব 'মহা-'। ৫। ঘ-ঙ-গ ব 'আসাদ্য'। ৬। ঙ 'দপেতভীঃ'। ৭। ঘ ছ-গ 'বভৌ স'। ৮। খ 'স্বপতঃ'। ৯। ঙ '-নৌ'। ১০। ছ 'তথা-'। ১১। ছ 'সংশ্রিতঃ'। ১২। ক-ঙ '-নং বী-'। ১৩। ঙ '-হরিঃ'। ১৪। ঘ '-বদ্ধাংশ্চ'। ১৫। ছ 'মহাকপিঃ'। ১৬। ছ 'নিক্ষি-'।

ঐরাবতবিষাণাগ্রৈরাপীড়িতকৃতব্রণান্[1] ।
বজ্রোল্লিখিতপীনাংশান্[2] নানায়ুধপরিক্ষতান্ ॥ ১৬ ॥
উন্নতাংশান্[3] সমান্ পীনান্ সংহতান্ ভুজগায়তান্ ।
বিস্তীর্ণে[4] শয়নে শুভ্রে[5] পঞ্চশীর্ষানিবোরগান্ ॥ ১৭ ॥
সুলক্ষ্মনখাঙ্গুষ্ঠান্[6] স্বঙ্গুলীতললক্ষণান্[7] ।
বিংশতিং পরিঘাকারান্ বৃত্তান্ করিকরোপমান্ ॥ ১৮ ॥
শশি-[8]লোহিতকল্পেন শীতলেন সুগন্ধিনা ।
চন্দনেন পরার্দ্ধ্যেন স্বনুলিপ্তান্ সুতেজসঃ ।
বাহূংস্তস্য মহাবাহোর্ভুজগেন্দ্রাঙ্গসন্নিভান্[9] ॥ ১৯ ॥
বজ্রবৈদূর্য্যগর্ভাণি শ্রবণান্তেষু চৈব হি ।
দদর্শ তাপনীয়ানি কুণ্ডলান্যঙ্গদানি চ[10] ॥ ২০ ॥

১৬। লো-টী। ঐরাবতস্য বিষাণানাং দন্তানামগ্রৈঃ পীড়িতং পীড়নং তেন কৃতো ব্রণো যেষু তান্। নানায়ুধৈঃ পরি সর্ব্বতোভাবেন ক্ষতং যেষাং তান্।

১৭। লো-টী। সংহতান্ নিবিড়ান্, স্ফুটাস্থিশূন্যানিত্যর্থঃ।

১৮। লো-টী। শোভনানি অঙ্গুলীতলেষু লক্ষণানি বজ্রাঙ্কুশাদীনি যেষু তান্। 'অঙ্গুলী-শুভলক্ষণান্' ইত্যপি পাঠঃ।

১৯-২০। লো-টী। ভুজগেন্দ্রাঙ্গসন্নিভান্ ভুজগেন্দ্রস্যাঙ্গেনৈশ্চাঙ্গেন(?) সন্নিভত্বম্। স পুনর্ভু-

[হনূমান্ দেখিলেন—] সেই পরস্পর সমান, স্থূল, সুদৃঢ় ও সর্পতুল্য আয়ত বিংশতিবাহু ঐরাবতের দন্তাগ্রভাগের নিপীড়নে ক্ষত-বিক্ষত; তাহাদের উন্নত অংশ বজ্র দিয়া চাঁচা এবং প্রান্তভাগ উন্নত; সেই বাহুগুলি বিশাল শয্যাগর্ভে পঞ্চশীর্ষ সর্পের ন্যায় প্রতীয়মান; তাহাদের নখ, অঙ্গুষ্ঠ ও অঙ্গুলীতল সুলক্ষণাক্রান্ত; বাহুগুলি পরিঘাস্ত্রের ন্যায় এবং হস্তিশুণ্ডের ন্যায় সুগোল ॥ ১৬-১৮ ॥

[হনূমান্ দেখিলেন—] মহাবাহু রাবণের [সেই] বৃহৎ সর্পের গাত্রের ন্যায় বলবান্ বাহুগুলি চন্দ্র ও রক্তবর্ণ শীতল সুগন্ধি উৎকৃষ্ট [শ্বেত ও রক্ত] চন্দনে উত্তমরূপে অনুলিপ্ত ॥ ১৯ ॥

হনূমান্ রাবণের কর্ণপ্রান্তসমূহে হীরক ও প্রবালখচিত সুবর্ণময় কুণ্ডল এবং অন্যান্য অলঙ্কার দেখিলেন ॥ ২০ ॥

১। ত '-বিষাণা-'। ২। দ '-পীনাঙ্গান্'। ৩। ত 'উন্নতাঙ্গান্'। ৪। ত 'নিগূঢ়-'। ৫। ক 'শুভ্রে'। ৬। ক-খ-পুস্তকয়োরয়মষ্টাদশঃ শ্লোকো নাস্তি, ত 'সুলক্ষণনখাঙ্গুষ্ঠানঙ্গুলীতললক্ষণান্'। ৭। দ 'স্বাঙ্গুলীতল-', চ '-নখাঙ্গুলীতললক্ষণান্'। ৮। ক 'শশ-'। ৯। খ দ '-স্নিগ্ধ-'। ১১। অতঃ পরং ছ-পুস্তকে 'তস্য রাক্ষসসিংহস্য নিশ্চক্রাম মহান্ মুখাৎ।

পত্নীশ্চ প্রিয়ভার্য্যস্য তস্য রক্ষঃপতেস্তদা।
শশিপ্রকাশবদনা বরকুণ্ডলভূষিতাঃ।
অম্লানমাল্যাভরণাঃ[1] সোঽপশ্যদুপশায়িনীঃ[2] ॥ ২১ ॥
নৃত্যবাদিত্রকুশলা রাক্ষসেন্দ্রভুজাঙ্কগাঃ[3]।
বরাভরণসংচ্ছন্নাঃ স্ত্রিয়োঽপশ্যত্তথা পরাঃ[4] ॥ ২২ ॥
শ্যামাবদাতাঃ সুন্যস্তাঃ[5] কাশ্চিৎ কৃষ্ণা[6] বরাঙ্গনাঃ।
কাশ্চিৎ কাঞ্চনবর্ণাঙ্গাঃ[7] প্রমদাস্তমুপাশ্রিতাঃ[8] ॥ ২৩ ॥

গেন্দ্রস্যায়তত্বেন ভুজগায়তানিতি পূর্ব্বোক্তেঃ বাহূন্ প্রাপ্য স্থিতানি অঙ্গদানি দদর্শেত্যন্বয়ঃ। যদ্বা, বাহূন্ প্রাপ্য বাহুম্, তাপনীয়ানি স্বর্ণময়ানি "তপনীয়ং শাতকুম্ভম্" ইত্যমরঃ। বজ্রবৈদূর্য্যাভ্যাং গর্ভঃ সন্ধিঃ সন্ধানং যেষু তানি। "গর্ভো ভ্রূণেঽর্ভকে সন্ধৌ কুক্ষৌ পনসকণ্টকে" ইতি কোষঃ।

২১। লো-টী। উপশায়িনীঃ সমীপশায়িনীঃ।

২২। লো-টী। রাক্ষসেন্দ্রস্য ভুজাঙ্কগাঃ রাক্ষসেন্দ্রস্য ভুজা এবাঙ্কা ভূষণানি তান্ গচ্ছন্তি আপ্নুবন্তীতি তথা, ভুজালিঙ্গিতা ইত্যর্থঃ। 'অঙ্কো ভূষাস্তিকোৎসঙ্গরেখাগশ্চিহ্নরূপকে' ইতি ভূরি০। ভুজোৎসঙ্গগা ইতি বা। 'ভুজাঙ্গকা' ইতি পাঠে কঃ স্বার্থে। 'ভুজাঙ্গগা' ইতি পাঠে ভুজা অঙ্গেষু গচ্ছন্তি যাসাং তাঃ।

২৩। লো-টী। সুন্যস্তা যথোচিতস্থানস্থিতাঃ।

হনূমান্ সেই পত্নীপ্রিয় রাক্ষসরাজ রাবণের অপরিম্লান মাল্যভূষিতা উত্তম কুণ্ডলে অলঙ্কৃতা চন্দ্রবদনা বহু পত্নীকে নিকটে শয়ানা দেখিলেন ॥ ২১ ॥

নৃত্যবাদ্য-নিপুণা উত্তম অলঙ্কারে অলঙ্কৃতা অপর কতকগুলি কামিনীকে রাবণের বাহুপাশে আলিঙ্গিতা দেখিলেন ॥ ২২ ॥

রাবণের সমীপস্থ সুসজ্জিত উত্তম অঙ্গনাগণের কেহ কেহ শ্যামবর্ণা, কেহ গৌরবর্ণা, কেহ বা কৃষ্ণবর্ণা; আবার কতকগুলি কামিনীর গাত্রবর্ণ কাঞ্চনের ন্যায় ॥ ২৩ ॥

শয়ানস্য চ নিঃশ্বাসঃ পুরয়ন্নিব তদ্ গৃহম্। মুক্তামালাবিচিত্রেণ কাঞ্চনেন বিরাজতা। মুকুটেনাপবর্ণেন কুণ্ডলোজ্জ্বলিতাননম্। রক্তচন্দনদিগ্ধেন তথা হারেণ শোভিনা। পীনায়তবিশালেন বক্ষসা হি বিরাজতা। পাণ্ডরেণাপবিদ্ধেন ক্ষৌমেণ ক্ষতজেক্ষণম্। মহার্হেণ তু সংবীতং পীতেনোত্তরবাসসা। চতুর্ভিঃ কাঞ্চনদীপৈর্দ্দীপ্যমানৈশ্চতুর্দ্দিশম্। প্রকাশীকৃতসর্ব্বাঙ্গং মেঘং বিদ্যুদ্গণৈরিব। পাদমূলগতশ্চাপি স দদর্শ মহাত্মনঃ।" ইত্যধিকম্।

১। ছ-দ '-মালা-'। ২। থ '-শায়িনঃ'। ৩। ঘ '-ভুজাঙ্গগাঃ'। ৪। অতঃ পরং ছ-পুস্তকে "তাসাং চন্দ্রোপমৈর্বক্ত্রৈঃ শুভৈর্ললিতকুণ্ডলৈঃ। বিরেজে বিমানানি নক্ষত্রাণাং গণৈরিব।" ইত্যধিকম্। ৫। ঘ 'সুস্নাতাঃ'। ৬। দ 'কৃষ্ণা'। ৭। ঘ '-বর্ণাভাঃ', ছ-ত-থ-দ '-বর্ণাঙ্গাঃ'। ৮। ছ '-দাস্তং সমাশ্রিতাঃ'।

মদিরা[1]সব[2]গন্ধী চ[3] প্রকৃত্যা[4] সুরভিঃ শুভঃ।
তাসাং বদননিশ্বাসঃ সিষেবে[5] রাবণং তদা ॥ ২৪ ॥
রাবণাননসম্পর্কাৎ কাশ্চিদ্রাবণযোষিতঃ।
বদনানি সপত্নীনামুপাজিঘ্রন্[6] পুনঃ পুনঃ ॥ ২৫ ॥
রত্যর্থং[7] সক্তমনসো[8] রাবণে[9] রাবণস্ত্রিয়ঃ।
বাহুভিঃ পরিরভ্যৈনমত্যর্থং নিজুগূহিরে ॥ ২৬ ॥
তাসাং মধ্যে মহাবাহুঃ শুশুভে রাক্ষসেশ্বরঃ।
গোষ্ঠে মহতি মুখ্যানাং গবাং মধ্যে যথা বৃষঃ ॥ ২৭ ॥
স[10] রাক্ষসেন্দ্রঃ শুশুভে তাভিঃ পরিবৃতঃ স্বয়ম্[11]।
করেণুভির্ম্মহারণ্যে[12] পরিকীর্ণো[13] যথা দ্বিপঃ ॥ ২৮ ॥

২৪ লো-টী। প্রকৃত্যা স্বভাবেন শুভঃ সুখদঃ।

২৫। লো-টী। সপত্নীনাং বদনানি কাশ্চিৎ পুনঃ পুনরুপাজিঘ্রন্। কুতঃ? তদ্বদনানাং রাবণাননসম্পর্কাৎ।

২৬। লো-টী। এবং রাবণম্ অত্যর্থং পরিরভ্য নিজুগূহিরে সংবরয়াম্বভূবুঃ।

২৭। লো-টী। মহতি গোষ্ঠে গবাং মধ্যে।

সেই সময়ে সেই কামিনীগণের মদ্য-রসের গন্ধযুক্ত স্বভাবসুরভি মুখ-নিঃসৃত নিশ্বাস রাবণের সেবা করিতেছিল ॥ ২৪ ॥

কোন কোন রাবণ-পত্নী [চুম্বনকালে] রাবণের বদনে সংলগ্ন হইয়াছিল বলিয়া সপত্নীগণের বদনে পুনঃ পুনঃ চুম্বন করিতেছিলেন ॥ ২৫ ॥

রতিক্রিয়ার জন্য রাবণের প্রতি আসক্তচিত্তা রাবণ-কামিনীগণ বাহুদ্বারা পরিবেষ্টিত করিয়া তাহাকে দৃঢ়ভাবে আলিঙ্গন করিতেছিলেন ॥ ২৬ ॥

মহাবাহু রাক্ষসরাজ রাবণ সেই কামিনীগণের মধ্যে বিশাল গোষ্ঠে উত্তম ধেনুবৃন্দের মধ্যবর্ত্তী বৃষের ন্যায় শোভা পাইতেছিলেন ॥ ২৭ ॥

নিদ্রামগ্ন রাক্ষসরাজ রাবণ সেই কামিনীবৃন্দে পরিবেষ্টিত হইয়া মহারণ্যে হস্তিনীবৃন্দে পরিবেষ্টিত হস্তীর ন্যায় শোভা পাইতেছিলেন ॥ ২৮ ॥

১। দ '-রস-'। ২। ঙ '-গন্ধেন'। ৩। খ-ঙ-প 'তু'। ৪। ত 'প্রকৃষ্টা তনুমধ্যমা'। ৫। দ 'নিষেবে'। ৬। ছ '-জিঘ্রুঃ'। ৭। চ '-র্থাস-'। ৮। ত 'সক্ত-'। ৯। ছ-প-দ 'রাবণঃ'। ১০। খ 'রাক্ষসেন্দ্রশ্চ'। ১১। ঘ 'স্বপন্'। ১২। খ '-রণ্যং'। ১৩। ঘ-ছ 'গজঃ'।

তস্য চোপান্তসংন্যস্তে শয়ানাং[1] শয়নে শুভে।
দদর্শ রূপসম্পন্নাং[2] সুশ্রোণীং স কপিঃ স্ত্রিয়ম্ ॥ ২৯ ॥
গৌরীং কনকবর্ণাভা[3]মিষ্টামন্তঃপুরেশ্বরীম্।
তত্র মন্দোদরীং নাম শয়ানাং শয়নোত্তমে।
দদর্শ জলদে নীলে জ্বলন্তীমিব বিদ্যুতম্ ॥ ৩০ ॥
মুক্তামণিসমাযুক্তৈর্ভূষণৈস্তপ্তকাঞ্চনৈঃ।
ভাস্বরৈ[4]র্ভাসয়ন্তীং[5] চ স্বশ্রিয়া ভবনোত্তমম্ ॥ ৩১ ॥
স তাং বীক্ষ্য মহাবাহুর্হনুমান্ মারুতাত্মজঃ।
তর্কয়ামাস সীতেতি রূপযৌবনসম্পদা।
হর্ষেণ মহতাবিষ্টো ননন্দ চ সু[6]বিস্মিতঃ[7] ॥ ৩২ ॥

৩১। লো-টী। স্বশ্রিয়া স্বকান্ত্যা।

৩২। লো-টী। আবিষ্ট ইত্যত্র নঞর্থোহকারঃ প্রশ্লেষণীয়ঃ। মহতা হর্ষেণ ন আবিষ্টঃ, ন বা ননন্দ। কাশ্চৎ, হর্ষস্য সীতাবার্ত্তাহরণেন স্ব-গোষ্ঠ্যুদ্ধারাৎ। অকারপ্রশ্লেষো বা ন প্রকাশ্যঃ।

হনুমান্ তাঁহার সমীপস্থ উত্তম শয্যায় শয়ানা মনোহর নিতম্বশালিনী একটী রূপবতী রমণী দর্শন করিলেন ॥ ২৯ ॥

হনুমান্ সেই উত্তম শয্যায় সুনীল জলদগাত্রে জ্বলন্ত বিদ্যুতের ন্যায় মন্দোদরী নামক গৌরবর্ণা কাঞ্চন-কান্তি সম্মানিতা অন্তঃপুর-মহিষীকে দেখিয়াছিলেন ॥ ৩০ ॥

সেই রমণী মুক্তা ও মণিখচিত বিশুদ্ধ সুবর্ণময় উজ্জ্বল অলঙ্কারে এবং স্বীয় সৌন্দর্য্যে [সেই] সুরম্য কক্ষ উদ্ভাসিত করিতেছিলেন ॥ ৩১ ॥

মহাবাহু পবননন্দন হনুমান্ সেই কামিনীকে দর্শন করিয়া অত্যন্ত হৃষ্ট হইলেন এবং রূপ ও যৌবন-সম্পদে তাঁহাকে সীতা বলিয়া সন্দেহ করিয়া আনন্দিত ও বিস্মিত হইলেন ॥ ৩২ ॥

১। খ '-য়ানা'। ২। খ '-ন্না'। ৩। ধ '-বর্ণাভা-'। ৪। ছ 'ভাসুরৈ-'। ৫। ছ '-র্ভূষয়ন্তীং তাং', খ '-র্ভূষয়ন্তীঞ্চ', দ '-র্ভূষয়ন্তীং তু'। ৬। ছ-ত-খ 'স বিস্মিতঃ'। ৭। অতঃ পরং ত-পুস্তকে 'আস্ফোটয়ামাস চুচুম্ব পুচ্ছং ননন্দ চিক্রীড় জগৌ চ বহু। স বানরাণামুষভঃ প্রতীতো জাত্বা নরেন্দ্রস্য সুতাস্ত সীতাম্॥' ইত্যয়মধিকঃ শ্লোকঃ, কাচিৎ সর্গসমাপ্তিশ্চ দৃশ্যতে।

ততস্তাং মারুতিশ্চিন্তাং ব্যবধূয় ব্যবস্থিতঃ।
জগাম চিন্তামপরাং[1] সীতাং প্রতি মহামতিঃ[2] ॥ ৩৩ ॥

ন রামেণ বিযুক্তা[3] সা স্বপ্তুমর্হতি ভাবিনী।
ন ভোক্তুং নাপ্যলংকর্তুং ন পানমুপসেবিতুম্ ॥ ৩৪ ॥

নান্যং নরমুপস্থাতুং[4] সুরাণামপি বাসবম্।
ন হি রামসমঃ কশ্চিদ্ বিদ্যতে ত্রিদশেষ্বপি ॥ ৩৫ ॥

কথং সীতা মহাভাগা ধর্ম্মজ্ঞা ধর্ম্মচারিণী।
কামযুক্তেন মনসা হ্যুপতিষ্ঠেত[5] রাবণম্ ॥ ৩৬ ॥

ইতি বায়ুসুতস্তত্র ধীমানালোচনাপরঃ।
ইঙ্গিতৈর্লক্ষয়ামাস নেয়ং সীতেতি নিশ্চিতম্[6] ॥ ৩৭ ॥

অন্যেয়মিতি নিশ্চিত্য[7] ভূয়স্তামন্বিয়েষ সঃ।
পানভূমৌ হরিশ্রেষ্ঠঃ সীতাসন্দর্শনোৎসুকঃ[8] ॥ ৩৮ ॥

৩৭। লো-টী। ইঙ্গিতৈরাকারৈঃ।

তার পর মহামতি হনুমান্ স্থির হইয়া সেই চিন্তা পরিত্যাগপূর্ব্বক সীতার সম্বন্ধে অন্যরূপ চিন্তা করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

সীতা কখনও রামকর্ত্তৃক বিযুক্ত হইয়া [এইরূপ] নিদ্রা যাইতে, ভোজন করিতে, অলঙ্কৃত হইতে অথবা পানাসক্ত হইতে পারেন না। তিনি পরপুরুষের, এমন কি—দেবগণের মধ্যে ইন্দ্রের নিকটেও উপস্থিত হইতে পারেন না। দেবগণের মধ্যেও রামের সমান কেহ নাই ॥ ৩৪-৩৫ ॥

ধর্ম্মজ্ঞা ও ধর্ম্মচারিণী মহাভাগা সীতা কিরূপে কামাসক্তচিত্তে রাবণের সেবা করিবেন? ॥ ৩৬ ॥

বুদ্ধিমান্ হনুমান্ এইরূপ আলোচনা করিয়া আকার-ইঙ্গিতে 'ইনি সীতা নহেন', এইরূপ নিশ্চয় করিলেন ॥ ৩৭ ॥

সীতান্বেষণে উৎসুক বানরশ্রেষ্ঠ হনুমান্ 'ইনি অপর কেহ', এইরূপ নিশ্চয় করিয়া পুনরায় পানভূমিমধ্যে সীতাকে অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৩৮ ॥

১। খ '-মনপাং'। ২। খ '-কপিঃ'। ৩। ত 'বিযুক্তা'। ৪। ত 'জন-'। ৫। ছ '-ষ্ঠেতি'। ৬। ত '-নিশ্চয়ম্'। ৭। অতঃ পরং ছ-পুস্তকে 'রাবণান্তঃপুরং ভূয়ো বিচেতুমুপচক্রমে।' ইত্যধিকম্। ৮। ত 'স সীতাদর্শনোৎসুকঃ'।

সর্ব্বকামরসোপেতাং পানভূমিং[১] মহাত্মনঃ[২]।
দদর্শ কপিশার্দ্দূলস্তস্য রক্ষঃপতের্গৃহে ॥ ৩৯ ॥

মৃগাণাং মহিষাণাঞ্চ বরাহাণাঞ্চ সর্ব্বশঃ।
তত্র[৩] ন্যস্তানি মাংসানি পানভূমৌ দদর্শ সঃ ॥ ৪০ ॥

রৌক্মেষু চ বিশালেষু ভাজনেষ্[৪]বর্দ্ধভক্ষিতান্[৫]।
দদর্শ কপিশার্দ্দূলো ময়ূরান্ কুক্কুটাংস্তথা ॥ ৪১ ॥

বরাহবধ্রীঃ[৬] সুকৃতা দধিসৌবর্চ্চলা[৭]যুতাঃ[৮]।
লেহ্যমুচ্চাবচং পেয়ং ফলানি বিবিধানি চ ॥ ৪২ ॥[৯]

রাগষাড়[১০]বযোগাং[১১]শ্চ বিবিধান্ স দদর্শ হ[১২]।
শর্করাসবমাধ্বীকং পুষ্পাসবফলাসবম্ ॥ ৪৩ ॥

৪২। লো-টী। বরাহবধ্রীঃ বরাহস্য সংস্থানবিশেষান্। সৌবর্চ্চলং লবণান্তরম্। "অথ সৌবর্চ্চলং সর্জ্জিক্ষারে চ লবণান্তরে" ইতি কোষঃ।

৪৩। লো-টী। রাগষড়্গবযোগান্ রাগষড়্গবঃ পক্বান্নবিশেষ ইতি কশ্চিৎ। অন্যে তু "পৃতনামফলকাথঃ সক্ষীরগুড়নাগরঃ। ষড়্গবো রাগসংযুক্তো রাগষড়্গব উচ্যতে" ইতি

কপিশ্রেষ্ঠ হনূমান্ রাক্ষসরাজ মহাত্মা রাবণের গৃহে আকাঙ্ক্ষণীয় সর্ব্বরস-সমন্বিত পানভূমি দেখিলেন ॥ ৩৯ ॥

তিনি সেই পানভূমিতে মৃগ, মহিষ ও বরাহের মাংসরাশি চতুর্দ্দিকে সজ্জিত দেখিলেন ॥ ৪০ ॥

কপিশ্রেষ্ঠ হনূমান্ [সেখানে] সুবর্ণময় বিশাল পাত্রসমূহে অর্দ্ধভক্ষিত ময়ূর ও কুক্কুটসমূহ দেখিতে পাইলেন ॥ ৪১ ॥

হনূমান্ দধি ও সৌবর্চ্চল-লবণযুক্ত উত্তমরূপে প্রস্তুত বরাহবধ্রী (বরাহের অঙ্গবিশেষের মাংস), ভাল মন্দ নানারকমের লেহ্য ও পেয়, বিবিধ ফল, শর্করা,

১। খ '-ভূমৌ'। ২। খ '-মনাঃ'। ৩। ঙ 'ততো', খ 'তস্য'। ৪। ঙ '-নেষু ব্যবস্থিতান্'। ৫। অতঃ পরং ঙ-পুস্তকে 'মাংসরাশীন্ বিনিক্ষিপ্তান্ পানভূমৌ দদর্শ সঃ।' ইত্যধিকম্। ৬। ঙ '-বহিশশকান্', খ 'বরাহমাংসসুকৃতান্', দ 'বরাহবাধ্রীরপি চ'। ৭। ঙ '-সৌগন্ধিকাযুতান্'। ৮। খ '-নপি'। ৯। অতঃ পরং ছ-পুস্তকে 'শূল্যান্মৃগময়ূরাংশ্চ হনূমানন্ববৈক্ষত। কৃকরান্ বিবিধান্ সিদ্ধাংশ্চকোরানর্দ্ধভক্ষিতান্॥ মহিষানেক-শূল্যাংশ্চ ছাগাংশ্চ কৃতনিষ্ঠিতান্॥' ইতি, ঙ-পুস্তকে "শূল্যান্ মৃগময়ূরাংশ্চ হনূমান্ প্লবগর্ষভঃ। কৃকরান্ বিবিধান্ সিদ্ধান্ চকোরানর্দ্ধভক্ষিতান্॥ মহিষাশ্চৈকশূল্যাশ্চ গাবশ্চ কৃতনিশ্চয়াঃ॥" ইত্যধিকম্। ১০। খ 'নানাভোগবিশালাংশ্চ', ঘ 'নানাবস্ত্রসমংক্ষিপ্তান্', ঙ 'নানাবস্ত্রসযোগাংশ্চ'। ১১। ক '-ষাড়ব-'। ১২। অতঃ পরং ঙ-পুস্তকে 'রাক্ষসেন্দ্রোপভোগ্যানি বিবিধানি দদর্শ সঃ'। ইত্যধিকম্।

তথাম্ললবণোপেতৈর্গুড়েন সহ মিশ্রিতৈঃ।

সম্পন্নরূপৈর্ব্বহুভির্মাংসৈঃ সমুপপাদিতৈঃ ॥ ৪৪ ॥

গন্ধৈশ্চূর্ণৈশ্চ মাল্যৈশ্চ বিবিধৈশ্চ পৃথক্ পৃথক্।

সন্ততা শুশুভে ভূমির্ভক্ষ্যৈশ্চ বিবিধৈস্তথা ॥ ৪৫ ॥

সোঽপশ্যচ্ছাতকুম্ভানি শীধোর্মণিময়ানি চ।

রাজতানি চ পূর্ণানি ভাজনানি মহাকপিঃ ॥ ৪৬ ॥

হিরণ্ময়ৈশ্চ করকৈর্ভাজনৈঃ স্ফাটিকৈরপি।

জাম্বূনদময়ৈশ্চান্যৈঃ সরকৈরপি পূরিতৈঃ ॥ ৪৭ ॥

চতুর্ভুজমিশ্রেণ লিখিতং দ্রোণপর্ব্বণি, তদেব গ্রাহ্যমিত্যাহুঃ। 'রাগষাড়ব' ইতি কচিৎ পাঠঃ। যোগান্ দ্রব্যাণি, আসবো মদ্যং, মাধ্বীকং মধু।

৪৪-৪৫। লো-টী। মাংসৈঃ কীদৃশৈঃ? অম্ললবণোত্তমৈঃ অম্ললবণাধিকৈঃ। ভূমিঃ শুশুভে ইতি দ্বয়েনান্বয়ঃ। বাসয়ন্তীতি বাসাস্তৈশ্চূর্ণৈঃ সুগন্ধিদ্রব্যচূর্ণৈঃ কঙ্কণাদিভিঃ। 'গন্ধৈ'রিতি পাঠে গন্ধবদ্ভিঃ।

৪৭। লো-টী। করকৈঃ কমণ্ডলুভিঃ, অন্যৈরপি স্ফাটিকৈর্ভাজনৈঃ। "করকস্তু পুমান্ পক্ষিবিশেষে দাড়িমেঽপি চ। দ্বয়োর্মেঘোপলে ন স্ত্রী করঙ্কে চ কমণ্ডলৌ" ইতি কোষঃ। সরকৈঃ শীধুপাত্রৈঃ। "সরকোঽস্ত্রী শীধুপানে শীধুপাত্রেক্ষুশীধুনোঃ" ইতি কোষঃ। ইক্ষুশীধুর্ভিন্না।

আসব, মাধ্বীক, পুষ্প ও ফলজাত মদ্য এবং রাগষাড়ব (অর্থাৎ একপ্রকার রাগবর্দ্ধক মিশ্র বস্তু) দেখিতে পাইলেন ॥ ৪২-৪৩ ॥

সেই পানভূমি অম্ল ও লবণযুক্ত গুড়মিশ্রিত উত্তমরূপে প্রস্তুত বহুবিধ মাংস, পৃথক্ পৃথক্ সুসজ্জিত বিবিধ মাল্য, গন্ধদ্রব্য, চূর্ণদ্রব্য এবং বহুবিধ ভক্ষ্যদ্রব্যে পরিব্যাপ্ত হইয়া শোভা পাইতেছিল ॥ ৪৪-৪৫ ॥

মহাকপি হনূমান্ [সেখানে] স্বর্ণ, রৌপ্য ও মণিময় পরিপূর্ণ মদ্যপাত্রসমূহ অবলোকন করিলেন ॥ ৪৬ ॥

তিনি দেখিলেন—সেই পানভূমি সুবর্ণময় করক (কমণ্ডলু অথবা 'কেট্‌লী'

১। ত 'তথাম্ল-'। ২। ছ ত-খ '-গোত্তমৈরাম্লাতকবিভূষিতৈঃ'। ৩। ত '-পেতং গু'। ৪। ত '-তৎ'। ৫। খ '-সৈশ্চ সমুপাদিতৈঃ'। ৬। অতঃ পরং ছ-পুস্তকে 'হারনূপুরকেয়ূরেরুপগূঢৈর্মহাধনৈঃ। পানভোজনবিক্ষিপ্তৈঃ ফলৈশ্চ বিবিধৈরপি। কৃতপুষ্পোপহারা ভূরধিকং পুষ্যতি শ্রিয়ম্। দীপৈশ্চ কলধৌতৈশ্চ বিস্তৃতৈঃ শয়নাসনৈঃ। পানভূমির্ব্বিনা বহ্নিং প্রদীপ্তেবোপলভ্যতে। বহুপ্রকারৈর্বিবিধৈর্বরসংস্কারসংস্কৃতৈঃ। মাংসৈঃ কুশলসংক্ষিপ্তৈঃ পানভূমিগতৈঃ পৃথক্।" ইত্যধিকম্। ৭। ছ 'বাসৈ-', দ 'বাসৈর্মাল্যৈশ্চ চূর্ণৈশ্চ'। ৮। ত 'সমন্তাৎ'। ৯। ছ '-কৌম্ভা-'। ১০। ছ 'সীধো-'। ১১। খ 'হিরণ্ময়ঞ্চ করকে ভা-'। ১২। দ '-তথা'। ১৩। খ 'কলসৈর-', দ 'বরকৈরভিপূরিতৈঃ'।

রাজতৈরথ[1] কুম্ভৈশ্চ[2] শাতকুম্ভময়ৈস্তথা।
পানভূমিং[3] তদাকীর্ণাং দদর্শ কপিকুঞ্জরঃ ॥ ৪৮ ॥

ক্বচিদর্দ্ধাবশেষাণি ক্বচিৎ পীতানি সর্ব্বশঃ।
ক্বচিন্নৈব[4] চ পীতানি স পানানি[5][6] ব্যলোকয়ৎ ॥ ৪৯ ॥

ক্বচিদ্ ভক্ষ্যাংশ্চ[7] বিবিধান্ পানানি[8] চ ক্বচিৎ ক্বচিৎ।
ফলানি চার্দ্ধশেষাণি ক্বচিন্নিঃশেষিতানি চ।
ক্বচিৎ প্রভিন্নান্[9] করকান্ ক্বচিদালোড়িতান্ ঘটান্ ॥ ৫০ ॥

ক্বচিৎ সংযুক্তমাল্যানি[10] ফলানি[11] বিবিধানি চ।
মৃদিতান্যপবিদ্ধানি গন্ধবন্তি তথৈব চ।
স্রজশ্চ বিবিধাশ্চিত্রা বিপ্রকীর্ণা দদর্শ সঃ[12] ॥ ৫১ ॥

৪৯। গো-টী। পীয়ন্তে ইতি পানানি, পেয়দ্রব্যাণি, 'পদানী'তি পাঠে পদানি বস্তূনি। ...বশিষ্ট দ্রব্যাণীত্যর্থঃ। ব্যলোকয়ন্ ব্যলোকয়ৎ স এব ক্বচিৎ পাঠঃ।

৫০। গো-টী। পানানি পানস্থানানি, প্রতিপন্নান্ ভগ্নান্, করকান্ কমণ্ডলূন্।

৫১। গো-টী। সংযুক্তমাল্যানি উপযুক্তমাল্যানি। অপবিদ্ধানি ত্যক্তানি।

জাতীয় পাত্রবিশেষ), স্ফটিক-নির্ম্মিত পানপাত্র (কাপ), সুবর্ণময় অন্যান্য পরিপূর্ণ সনক (মদ্যপাত্র বিশেষ) এবং স্বর্ণ ও রৌপ্যনির্ম্মিত কুম্ভদ্বারা সমাকীর্ণ ॥৪৭-৪৮॥

[হনুমান্ সেখানে উন্মত্ত পানগোষ্ঠীর মত্তভাব বহু নিদর্শন দেখিতে পাইলেন।] তিনি দেখিলেন—কোন স্থানে পাত্রগুলি নিঃশেষে পীত, কোথাও অর্দ্ধাবশিষ্ট, কোথাও বা একেবারেই পান করা হয় নাই—[পাত্র পরিপূর্ণ রহিয়াছে], কোথাও বহুবিধ ভক্ষ্য, কোথাও নানাবিধ পানীয়, কোথাও অর্দ্ধাবশিষ্ট এবং কোথাও বা নিঃশেষিত ফলরাশি (অর্থাৎ রাশীকৃত ফলের খোসা ইত্যাদি), কোথাও বিদীর্ণ কমণ্ডলু, কোথাও বা আলোড়িত কুম্ভ ॥ ৪৯-৫০ ॥

হনুমান্ দেখিলেন—কোথাও বিজড়িত মালা এবং বহুবিধ সুগন্ধ ফল বিদলিত ও পরিত্যক্ত হইয়াছে এবং বহুবিধ বিচিত্র মালা বিক্ষিপ্ত রহিয়াছে ॥ ৫১ ॥

১। ক-পুস্তকে ইদং পাদদ্বয়ং নাস্তি। ২। দ '-রপি'। ৩। খ 'তথা-'। ৪। ছ-খ 'ক্বচিচ্চ নৈব', ঙ 'ক্বচিচ্চৈবেশ্চ'। ৫। ঘ 'পানানি বাবলোকয়ন্'। ৬। খ 'পানান্যবলোকয়ন্'। ৭। খ 'ভোজ্যাংশ্চ'। ৮। ঙ 'নিপানানি ক্বচিৎ'। ৯। ঙ 'প্রভিন্নকলসান্'। ১০। ছ-থ সম্পৃক্ত', দ 'সংসক্ত'। ১১। ছ 'বিবিধানি ফলানি চ'। ১২। থ 'হ'।

চন্দনস্য চ দিব্যস্য[1] শীধোশ্চ[2] মধুরস্য চ।
প্রববৌ সুরভির্ব্বায়ুর্ব্বিমানে পুষ্পকে তদা[3] ॥ ৫২ ॥
এবং সর্ব্বমশেষেণ রাবণান্তঃপুরং কপিঃ।
অন্বিয়েষ মহাতেজা ন চাপশ্যৎ[4] স জানকীম্ ॥ ৫৩ ॥
জগামাথ[5] ততশ্চিন্তাং ধর্ম্মসঙ্করশঙ্কিতঃ।
পরদারাবরোধস্য সুপ্তস্য চ নিরীক্ষণম্।
ইদং খলু মমাত্যর্থং[6] ধর্ম্মলোপি[7] ভবিষ্যতি[8] ॥ ৫৪ ॥
ন হি মে পরদারাণাং দৃষ্টির্ব্বিষয়বর্ত্তিনী[9][10]।
অয়ঞ্চাত্র ময়া দৃষ্টঃ পরদারপরিগ্রহঃ ॥ ৫৫ ॥
তস্য প্রাদুরভূচ্চিন্তা[11] পুনরেব মহাত্মনঃ।
নিশ্চিতৈকান্তচিত্তস্য কার্য্যনিশ্চয়দর্শিনঃ[12] ॥ ৫৬ ॥

[লো-টী]। স্রায়তে এভিরিতি স্নানানাং স্নানোচিতদ্রব্যাণাম্। [পাঠান্তরং দ্রষ্টব্যম্।]
৫৪। লো-টী। পরদারাবরোধস্য অন্তঃপুরস্য।
৫৫। লো টী। পরদারাণাং বিষয়বর্ত্তিনী বিষয়ে বর্ত্ততে। পরিগ্রহঃ সমূহঃ।
৫৬। লো-টী। নিশ্চিতে সীতান্বেষণরূপেঽর্থে একান্তং চিত্তং যস্য তস্য কপেঃ।

তখন পুষ্পক-রথে মধুর মদ্য ও মনোহর চন্দনের সৌরভবাহী বায়ু প্রবাহিত হইতেছিল ॥ ৫২ ॥

অত্যন্ত বিক্রমশালী হনূমান্ এইরূপে রাবণের সমগ্র অন্তঃপুর নিঃশেষে অনুসন্ধান করিলেন ; কিন্তু তিনি জানকীকে দেখিতে পাইলেন না ॥ ৫৩ ॥

অনন্তর হনূমান্ ধর্ম্মসঙ্করের আশঙ্কায় [এইরূপ] চিন্তা করিতে লাগিলেন— আমার এই নিদ্রামগ্ন পরদার-পরিপূর্ণ অন্তঃপুর নিরীক্ষণ অত্যন্ত ধর্ম্মলোপকারী হইবে ॥ ৫৪ ॥

পরদারাবলোকন আমার কর্ত্তব্য বিষয়ের অন্তর্গত নহে। কিন্তু, আমি এখানে এই পরকীয় দারগোষ্ঠী অবলোকন করিলাম ॥ ৫৫ ॥

[সন্দিগ্ধ] কার্য্যে সিদ্ধান্তদর্শী একতর বিষয়ে (অর্থাৎ সীতান্বেষণে) নিশ্চিতচিত্ত মহাত্মা হনূমানের পুনরায় এইরূপ চিন্তা প্রাদুর্ভূত হইল ॥ ৫৬ ॥

১। ছ-ঝ-দ 'শীধোর্ম্মধুরসস্য চ'। ২। অতঃ পরং ছ-থ-ন-পুস্তকেষু 'বিবিধস্য চ মাল্যস্য পুষ্পস্য (ফলস্য, ন) বিবিধস্য চ। স্নানানাং চন্দনানাঞ্চ (স্নানীয়চন্দনানাঞ্চ, ত ; গন্ধানাং চন্দনানাঞ্চ, থ) ধূপানাঞ্চৈব মূর্চ্ছিতঃ ॥' ইত্যধিকম্। ৩। ক-ঘ 'তথা'। ৪। ছ 'চাপশ্যত জা-', থ 'নাপশ্যত জা-'। ৫। ঘ 'জগামাথ চ হচ্চিন্তাং', ছ 'জগাম মহতীং চিন্তা:'। ৬। থ 'খল্বয়মত্যর্থং'। ৭। ছ 'ময়া-'। ৮। ক '-লোপো'। ৯। ঙ-থ-দ 'বুদ্ধি-'। ১০। ঘ '-বর্ত্তিনাম্'। ১১। থ 'চাপি মহাচি-'। ১২। ন '-দর্শনঃ'।

কামং দৃষ্টা ময়া সর্ব্বা[১] বিস্তরাদ্ রাবণস্ত্রিয়ঃ।
ন চ মে মনসঃ কিঞ্চিদ্ বৈরূপ্যমুপলভ্যতে[২][৩] ॥ ৫৭ ॥

মনো হি হেতুঃ সর্বেষামিন্দ্রিয়াণাং প্রবর্ত্তনে।
শুভাশুভাস্ববস্থাসু তচ্চ মে সুব্যবস্থিতম্ ॥ ৫৮ ॥

ন চান্যত্র ময়া[৪] শক্যা বৈদেহী পরিমার্গিতুম্।
স্ত্রিয়ো[৫] হি স্ত্রীষু দৃশ্যন্তে সদা সংপরিমার্গণে ॥ ৫৯ ॥

যস্য[৬] সত্ত্বস্য যা যোনিস্তস্যাং[৭] তৎ পরিমৃগ্যতে[৮]।
ন[৯] শক্যা প্রমদা নষ্টা মৃগীষু পরিমার্গিতুম্ ॥ ৬০ ॥

তদিদং মার্গিতং তাবদ্ বিশুদ্ধেনান্তরাত্মনা।
রাবণান্তঃপুরং[১০] সর্ব্বং দৃশ্যতে ন[১১] তু জানকী ॥ ৬১ ॥

দেবগন্ধর্ব্বকন্যাশ্চ[১২] নাগকন্যাস্তথৈব চ।
যক্ষরাক্ষসকন্যাশ্চ দৃশ্যন্তে ন[১৩] তু জানকী ॥ ৬২ ॥

৬০। লো-টী। সত্ত্বস্য প্রাণিনঃ। যোনিরুৎপত্তিস্থানম্, তস্যাং তৎ সত্ত্বম্। ন হি রাক্ষসেষু মনুষ্যাং পরিমার্গিতুং যুজ্যতে ইত্যবান্তরচিন্তা।

আমি রাবণের সমস্ত স্ত্রীকে বিশেষভাবে দর্শন করিয়াছি বটে, কিন্তু আমার অন্তঃকরণের কোনরূপ বিকার উপলব্ধি করিতেছি না ॥ ৫৭ ॥

শুভাশুভ সর্ব্বাবস্থায় মনই সমস্ত ইন্দ্রিয়ের প্রবৃত্তির হেতু; সেই মন ত' আমার অবিকৃতই রহিয়াছে ॥ ৫৮ ॥

তা'ছাড়া, আমি অন্যত্র সীতার অন্বেষণ করিতে পারি না; কারণ, সর্ব্বদাই স্ত্রীলোককে স্ত্রীলোকের মধ্যে অন্বেষণ করিলেই দেখিতে পাওয়া যায় ॥ ৫৯ ॥

যে প্রাণীর যে যোনি, সেই যোনিতেই তাহার অনুসন্ধান করিতে হয়; কামিনী হারাইয়া গেলে হরিণীদলের মধ্যে তাহার অনুসন্ধান করা চলে না ॥৬০॥

সুতরাং আমি পবিত্রচিত্তে রাবণের সমগ্র অন্তঃপুর অন্বেষণ করিয়াছি; [ইহাতে ধর্ম্মলোপের আশঙ্কা নাই;] কিন্তু সীতাকে ত' দেখিতে পাইতেছি না ॥ ৬১ ॥

১। থ 'বিবিধা'। ২। ক '-বৃত্য-', দ '-ব্রদা-'। ৩। ঘ-ছ-ড-দ '-পদ্যতে', থ '-গচ্ছতি'। ৪। ড 'শক্যাং বৈদেহীং'। ৫। ত 'সর্ব্বা'। ৬। থ 'যস্যাং মনো বুদ্ধিস্তস্যাঃ'। ৭। ত 'সা'। ৮। ড '-দৃশ্যতে'। ৯। ঘ 'বাচ্যা'। ১০। দ '-রত্নাবৎ'। ১১। ছ-ড-থ 'চ'। ১২। দ 'গন্ধর্ব্বদেব-'। ১৩। ড-থ 'চ'।

ততঃ স মধ্যে ভবনস্য মারুতির্লতাগৃহাং[1]শ্চিত্রগৃহান্ নিশাগৃহান্।
বিচিত্য[2] সীতাং প্রতি দর্শনোৎসুকো ন চৈব তামৈক্ষত চারুদর্শনাম্ ॥৬৩॥

স চিন্তয়ামাস মহাকপি[3]স্তদা প্রিয়াম[4]পশ্যন্ রঘুনন্দনস্য।
ধ্রুবং ন সীতা ম্রিয়তে যতো হি মে[5] বিচিন্বতো দর্শনমেতি নৈব সা[6] ॥৬৪॥

সা[7] রাক্ষসানাং প্রবরেণ চাবলা[8] স্বশীল[9]সংরক্ষণতৎপরা সতী।
অনেন নূনং প্রতিরৌদ্র[10]কর্ম্মণা হতা ভবেদার্য্যপথে[11] ব্যবস্থিতা ॥ ৬৫ ॥

বিরূপরূপাঃ[12] সুকৃতাঃ সুবর্চ্চসো মহামনা দীর্ঘবিরূপ[13]দর্শনাঃ।
সমীক্ষ্য সা[14] রাক্ষসরাজযোষিতো ভয়াদ্[15] বিপন্না জনকাত্মজাঽথবা ॥৬৬॥

৬৩। লো-টী। নিশাগৃহান্ যত্র দিবসেঽপি নিশায়ামিব পদার্থং ন পশ্যতি।

৬৪। লো-টী। ন ম্রিয়তে ন জীবতি। যতো মে যথা যথাবৎ দর্শনং নৈতি ন প্রাপ্নোতি।

৬৫। লো-টী। প্রতিনিন্দ্যকর্ম্মণা নিন্দিতকর্ম্মণা।

৬৬। লো-টী। বিরূপরূপাঃ বিবিধানি রূপাণি বিকৃতরূপাণি যেষাং তানি রূপাণি

দেবকন্যা, গন্ধর্ব্বকন্যা, নাগকন্যা এবং যক্ষ ও রাক্ষসকন্যাগণকে দেখা যাইতেছে, কিন্তু জানকীর দর্শন পাইতেছি না ॥ ৬২ ॥

অনন্তর চারুদর্শনা সীতার সন্দর্শনে উৎসুক পবন-নন্দন হনুমান্ অন্তঃপুর-মধ্যে লতাগৃহ, চিত্রগৃহ এবং নিশাগৃহ (অর্থাৎ রাত্রির ন্যায় অন্ধকারময় গৃহ)-সমূহ অন্বেষণ করিয়াও তাঁহাকে দেখিতে পাইলেন না ॥ ৬৩ ॥

তখন মহাকপি হনুমান্ রামচন্দ্রের পত্নীর দর্শন না পাইয়া চিন্তা করিলেন—"সীতাদেবী নিশ্চয়ই বিদ্যমান নাই, যেহেতু [এত] অনুসন্ধানেও তিনি আমার দৃষ্টিপথে পতিত হইলেন না ॥ ৬৪ ॥

স্বীয় চরিত্র রক্ষায় তৎপরা আর্য্যাচারানুবর্ত্তিনী সেই পতিব্রতা অবলা নিশ্চয়ই এই ভীষণকর্ম্মা রাক্ষসরাজ রাবণকর্ত্তৃক নিহত হইয়াছেন ॥ ৬৫ ॥

অথবা, সেই সচ্চরিত্রা মনস্বিনী জানকী বিকৃতরূপা বিক্রমশালিনী দীর্ঘ

১। ত '-হং চিত্রগৃহং তথৈব চ'। ২। দ '-ন্ত্য'। ৩। ছ 'ততো মহাকপিঃ'। ৪। ক '-পরা প্রিয়াবলীকয়াপো', খ-গ-পুস্তকয়োঃ 'তদা' নাস্তি। ৫। ছ-ত প 'যথা হি মে'। ৬। ছ-ত-প-পুস্তকেষু 'সা' নাস্তি। ৭। দ 'স নীকাথাপ:'। ৮। খ 'চাপলাৎ', দ 'বাধিতা'। ৯। ত 'সুশীল-'। ১০। ছ '-নিত্য-', ত প-র '-নিন্দ্য-'। ১১। প '-জীবপথে'। ১২। ক-ছ '-পা বিকৃতা বির-'। ১৩। প '-নিরূপর-'। ১৪। ত 'তা'। ১৫। দ 'ভয়াত্তিপন্না'।

সীতামদৃষ্ট্বা[1] হ্যনবাপ্য পৌরুষং বিহৃত্য কালং সহ বান্ধবৈশ্চিরম্[2]।
ন মেঽস্তি সুগ্রীবসমীপগা[3] গতিঃ সুতীক্ষ্ণদণ্ডো বলবান্ হি বানরঃ ॥৬৭॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে অন্তঃপুরদর্শনং নাম
পঞ্চদশঃ সর্গঃ ॥ ১৫ ॥

শরীরাণি যাসাং তাঃ। কাঞ্চন সুষ্ঠু বিধাত্রা কৃতাঃ সুকৃতাঃ। সুবর্চ্চসঃ সুকান্তয়ঃ। দীর্ঘাশ্চ তাঃ বিরূপদর্শনা ভয়ঙ্কররূপাশ্চেতি। সা জনকাত্মজা, সমীক্ষ্যেত্যন্বয়ঃ।

৬৭। গো-টী। চিরং কালং বিহৃত্য গময়িত্বা।

অন্তঃপুরদর্শনম্ ॥ ১৫ ॥

ও বিকৃতনেত্রা রাক্ষসরাজের রমণীগণকে দেখিয়া ভয়েই মৃত্যুমুখে পতিত হইয়াছেন ॥ ৬৬ ॥

সীতাকে না দেখিয়া, পুরুষত্ব [-সুখ্যাতি] লাভ না করিয়া, পরন্তু বন্ধুগণের সহিত দীর্ঘকাল বিহার করিয়া, আমার সুগ্রীবসমীপে গমন করা চলে না ; কারণ, সুগ্রীব বলবান্ ও তীক্ষ্ণদণ্ড” ॥ ৬৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে অন্তঃপুরদর্শন
নামক ১৫শ সর্গ সমাপ্ত ॥ ১৫ ॥

১। ত 'সীতাং ন দৃষ্ট্বা'। ২। ছ 'বানরৈ-'। ৩। ছ '-পরা-'।

(১৬) ষোড়শঃ সর্গঃ

দৃষ্টমন্তঃপুরং সর্ব্বং দৃষ্টা রাবণ[১]যোষিতঃ।
ন সীতা দৃশ্যতে সাধ্বী বৃথা জাতো মম শ্রমঃ ॥ ১ ॥
কিন্নু মাং বানরাঃ সর্ব্বে গতং বক্ষ্যন্তি শুষ্মিণঃ।
গত্বা তত্র ত্বয়া বীর কৃতং[২] কিং কিং[৩] চ বাঞ্ছিতম্ ॥ ২ ॥
অদৃষ্ট্বা কিং প্রবক্ষ্যামি[৪] তামহং জনকাত্মজাম্[৫]।
কিন্নু[৬] বক্ষ্যত্যসৌ বৃদ্ধো জাম্ববানঙ্গদশ্চ সঃ[৭] ॥ ৩ ॥
গতং পারং সমুদ্রস্য লঙ্ঘনং ব্যর্থকং মম।
পুনঃ প্রায়মুপৈষ্যন্তি[৮] নূনং হি গতিরীদৃশী ॥ ৪ ॥

২। লো-টী। কিন্নু কিং পুনঃ। শুষ্মিণো মত্তা বলবন্তো বা। বিবক্ষিতমস্মাক-মিচ্ছাবিষয়ীভূতং যৎ তৎ কিং কৃতং 'তদ্ধি বিবক্ষিত'মিতি পাঠঃ সুগমঃ।

৪। লো-টী। প্রায়মনশনমুপৈষ্যন্তি প্রাপ্স্যন্তি। হি যস্মাদীদৃশী গতিঃ। উদ্যোগো নিষ্ফলো জাত ইত্যর্থঃ।

"আমি সমস্ত অন্তঃপুর দেখিলাম, রাবণের রমণীগণকে দেখিলাম, কিন্তু সাধ্বী সীতার দর্শন পাইলাম না। আমার পরিশ্রম বৃথাই হইল ॥ ১ ॥

আমি ফিরিয়া গেলে সন্তাপগ্রস্ত বানরগণ আমাকে কি বলিবেন? [তাঁহারা জিজ্ঞাসা করিবেন—] 'হে বীর, তুমি সেখানে গিয়া কি করিলে এবং কি দেখিলে?' ॥ ২ ॥

আমি জনকনন্দিনী সীতাকে না দেখিয়া কি বলিব? বৃদ্ধ জাম্ববান্ এবং সেই [যুবরাজ] অঙ্গদই বা [আমাকে] কি বলিবেন? ॥ ৩ ॥

আমার সমুদ্র-লঙ্ঘন এবং [এ-] পারে আগমন বৃথাই হইল। বানরগণ পুনরায় প্রায়োপবেশন করিবেন। [আমাদের] এইরূপ গতিই নিশ্চিত ॥ ৪ ॥

১। ছ 'রাক্ষস-'। ২। ঘ 'কিঞ্চিদ্ বির-', ছ 'কিন্নু ব্যবসিতম্'। ৩। ক-ত 'তদ্ বিবক্ষিতম্'। ৪। খ 'তত্রাহং'। ৫। অতঃ পরং ছ-পুস্তকে 'এবং বানরশার্দূলে বানরে প্রতিবর্জিনে।' ইত্যধিকম্। ৬। ত-খ 'কিন্তু'। ৭। ছ 'মাম্'। ৮। ত '-মুপাগন্তি'।

অনির্ব্বেদঃ[১] শ্রিয়ো মূলমনির্ব্বেদঃ[২] পরং সুখম্।
অনির্ব্বেদো হি সততং সর্ব্বার্থেষু[৩] প্রবর্ত্তকঃ ॥ ৫ ॥

করোতি[৪] সফলং জন্তো[৫]র্জীবিতং[৬] যন্তু্যজেম্বপি।
তস্মাদনির্ব্বেদকরং যত্নং[৭] কর্ত্তাম্যনুত্তমম্ ॥ ৬ ॥

ভূয়স্তাবদ্ বিচেষ্যামি ন যত্র বিচয়ঃ কৃতঃ।
ইতি কৃত্বা মতিং তত্র হনুমান্ মারুতাত্মজঃ ॥ ৭ ॥

আপানশালা[৮] বিবিধা[৯]স্তথা পুষ্পগৃহাণি চ।
[১০]চিত্রশালাশ্চ বিবিধা ভূয়ঃ ক্রীড়াগৃহাণি চ ॥ ৮ ॥

নিষ্কুটান্তররথ্যাশ্চ বিমানানি চ সর্ব্বশঃ।
[১১]উৎপতন্ নিপতংশ্চাপি তিষ্ঠন্ গচ্ছন্ পুনঃ কচিৎ ॥ ৯ ॥

৫-৬। লো-টী। পুনরুদ্‌যোগং সম্ভাবয়তি দ্বাভ্যাম্। অনির্ব্বেদ উদ্‌যোগঃ। মূলং কারণম্। সুখং সুখজনকঃ। উদ্‌যোগ এব সফলং জীবিতং করোতি মনুজেষু। 'অণ্ডজেষ্বি'তি পাঠে সর্পপক্ষ্যাদিষু। অনির্ব্বেদকরম্ উদ্‌যোগবিশিষ্টং যত্নং কর্ত্তাস্মি করিষ্যামি। যতস্তদেব অনুত্তমং ভদ্রম্।

৭। লো-টী। বিচেষ্যামি অন্বেষয়িষ্যামি, বিচয়োঽন্বেষণম্।

৮। লো-টী। আপীয়ত আসু ইত্যাপানশালাঃ পানগৃহাণি। আপানশালা ইত্যাদীন্ পরিবভ্রাম ইতি চতুর্থেনান্বয়ঃ।

৯। লো-টী। নিষ্কুটো গৃহোদ্যানং তস্য অন্তরং মধ্যম্। রথ্যা রথসমূহান্। "রথ্যো রথোদ্বহে রথ্যা রথৌঘে বিশিখাধ্বনো"রিতি কোষঃ। "নিষ্কুটা রথরথ্যা"শ্চেতি পাঠঃ। বিমানানি শকটানি।

ঔদাসীন্যহীনতা (উদ্যম) সমৃদ্ধির মূল, ঔদাসীন্যহীনতাই উত্তম সুখ, ঔদাসীন্য-হীনতাই সর্ব্বদা সর্ব্বকার্য্যে প্রবর্ত্তক এবং অন্যাজীদিগের (তির্য্যগ্‌যোনির) মধ্যেও তাহাই জীবগণের জীবনকে সাফল্যমণ্ডিত করে। সুতরাং আমি এতাদৃশ উত্তম (অর্থাৎ ক্রুটীলেশহীন) যত্ন করিব—যাহা [আমাকে] ঔদাসীন্যহীন [বলিয়া প্রতিপন্ন] করিবে ॥ ৫-৬ ॥

যে স্থানে অন্বেষণ করা হয় নাই, পুনরায় সেখানে অন্বেষণ করিব"। পবন-নন্দন হনুমান্ এইরূপ নিশ্চয় করিয়া নানাবিধ পানশালা, পুষ্পগৃহ, বিবিধ চিত্রশালা,

১। ছ '-র্ব্বেদাশ্রয়ো মূল-'। ২। খ 'সদা'। ৩। ক '-র্থেষনুবর্ত্ততে'। ৪। ত 'সততং'। ৫। ত '-ন্তোঃ কর্ম্ম যত্তৎ করোতি সঃ'। ৬। দ 'মনুজে-'। ৭। ঘ 'কুর্য্যাম-'। ৮। ত 'পাকশালাশ্চ'। ৯। ঘ 'ধা যথা'। ১০। ত 'সর্ব্বে ভূমিগৃহাশ্চৈত্যগৃহাশ্চ গৃহকা অপি'। ১১। ত-পুস্তকে ইত আরভ্য দশমশ্লোকান্তোঽংশো নাস্তি।

দ্বারাণি [১]সমুপাবৃণ্বন্ [২]কপা[৩]টান্যবঘট্টয়ন্।
প্রবিশন্ নিষ্পতং[৪]শ্চৈব [৫]উৎপতন্ নিপতন্নপি[৬] ॥ ১০ ॥
স কপিঃ শীঘ্রসকা[৭]রী প্রভঞ্জন ইবাপরঃ[৮]।
[৯]চতুরঙ্গুলমাত্রঃ সন্ পরিবভ্রাম বানরঃ ॥ ১১ ॥
ন হি [১০]যত্র গতিস্তস্য [১১]সোঽবকাশো [১২]ন বিদ্যতে।
রাবণান্তঃপুরে তস্মিন্ [১৩]ন কিঞ্চিন্ন চচার সঃ ॥ ১২ ॥
প্রাকারান্তররথ্যাশ্চ বেদিকা[১৪]শ্চৈত্যসংশ্রয়াঃ।
[১৫]শ্বভ্রাণি পুষ্করিণ্যশ্চ [১৬]সমস্তাস্তেন বীক্ষিতাঃ ॥ ১৩ ॥

১১। লো-টী। প্রভঞ্জনঃ পবনঃ। বানরঃ, বা ইবার্থে, নরো জীব ইব। স যথা নানাযোনিষু ভ্রমতি, তথায়ং নানাগৃহেষু।

১২। লো-টী। তস্য হনূমতঃ। অবকাশো দেশঃ। ন কিঞ্চিন্ন চচার সর্ব্বত্র জগামেত্যর্থঃ।

১৩। লো-টী। চৈত্যো গ্রামস্য পূজ্যো বৃক্ষঃ।

ক্রীড়াগৃহ, উপবনাভ্যন্তর, রথ ও বিমানসমূহ—সমস্তই উপরে উঠিয়া, নিম্নে নিপতিত হইয়া, কোথাও অবস্থান করিয়া, কোথাও গমন করিয়া, দ্বার খুলিয়া, কপাট ভাঙ্গিয়া, প্রবেশ করিয়া, বাহির হইয়া, ঊর্দ্ধে উত্থিত হইয়া, নিম্নে অবতরণ করিয়া—দ্বিতীয় পবনদেবের ন্যায় শীঘ্রগামী কপিলবর্ণ সেই বানর চতুরঙ্গুলপরিমিত হইয়া ভ্রমণ করিতে লাগিলেন ॥ ৭-১১ ॥

এমন কোন স্থান নাই, যেখানে হনুমানের গতি নাই। তিনি রাবণের অন্তঃপুরে সমস্ত স্থানই বিচরণ করিলেন ॥ ১২ ॥

তিনি প্রাচীরের অন্তরাল, পথ [বা রথসমূহ], মঞ্চ, দেবমন্দিরসংসৃষ্ট স্থান, গর্ত্ত, পুষ্করিণী—সমস্তই অবলোকন করিলেন ॥ ১৩ ॥

১। ঘ-ছ 'স সমাবৃ-', থ 'সমপা-'। ২। ছ 'কবাটা-'। ৩। দ '-ঘট্টয়ন্'। ৪। ঘ-ছ-থ '-শ্চাপি'। ৫। ঘ-ছ-থ 'প্রপতন্নুৎপতন্নপি'। ৬। অতঃ পরং ছ-পুস্তকে 'অল্পমপ্যবকাশান্ স বিচচার মহাকপিঃ।' ইত্যধিকম্। ৭। ত-থ '-কারঃ'। ৮। অতঃ পরং ঙ-পুস্তকে 'অল্পমপ্যবকাশান্ স বিচচার মহাকপিঃ।' ইত্যধিকম্। ৯। ত '-মাত্রোঽপি নাবকাশঃ স লভ্যতে'। ১০। ক 'যত্রাগতি-'। ১১। ঘ-ত 'সাবকাশো'। ১২। থ 'হি দৃশ্যতে'। ১৩। ত 'বং কপির্ন জগাম সঃ'। ১৪। দ '-কৈব'। ১৫। ত 'শুভাশ্চ', থ 'শুভ্রাণি'। ১৬। ত 'সর্ব্বং তেনাবলোকিতম্', থ 'সর্ব্বাস্তেন নিরীক্ষিতাঃ'।

[1]রাক্ষস্যো বিবিধাকারাঃ সুরূপা বিকৃতাস্তথা[2]।
দৃষ্টা হনুমতা তত্র ন ত্বেব[3] জনকাত্মজা[4] ॥ ১৪ ॥

রূপেণাপ্রতিমা লোকে শ্রেষ্ঠা বিদ্যাধরস্ত্রিয়ঃ।
দৃষ্টা হনুমতা তত্র ন সা[5] জনকনন্দিনী ॥ ১৫ ॥

প্রমথ্য রাক্ষসেন্দ্রেণ দেবকন্যা বলাদ্ধৃতাঃ[6]।
দৃষ্টা হনুমতা তত্র ন সা[7] দশরথস্নুষা ॥ ১৬ ॥

অপশ্যংস্তাং[8] মহাবাহুঃ পশ্যন্নন্যা বরস্ত্রিয়ঃ।
বিষসাদ তদা তত্র হনুমান্ মারুতাত্মজঃ[9] ॥ ১৭ ॥

অবতীর্য্য বিমানাচ্চ[10] চিন্তয়ামাস দুঃখিতঃ[11]।
প্রকাশমিহ[12] ন স্থাতুং শক্যতে রাক্ষসালয়ে[13] ॥ ১৮ ॥

হনুমান্ সেখানে সুন্দরী ও কদাকৃতি নানারকমের রাক্ষসীসমূহ দেখিতে পাইলেন, কিন্তু সীতার দর্শন পাইলেন না ॥ ১৪ ॥

তিনি সেখানে সৌন্দর্য্যগুণে জগতে অতুলনীয়া উত্তম বিদ্যাধরীগণকে দেখিলেন, কিন্তু সেই জানকীকে দেখিতে পাইলেন না ॥ ১৫ ॥

হনুমান্ সেখানে রাক্ষসরাজ রাবণকর্ত্তৃক বলপূর্ব্বক প্রমথিত করিয়া অপহৃত দেবকন্যাগণকে দেখিলেন, কিন্তু দশরথের পুত্রবধূ সীতাদেবীকে দেখিতে পাইলেন না ॥ ১৬ ॥

তখন মহাবাহু পবননন্দন হনুমান্ সেখানে অন্যান্য উত্তম রমণীগণকে দেখিয়া এবং সীতাকে না দেখিয়া বিষণ্ণ হইয়া পড়িলেন ॥ ১৭ ॥

তিনি দুঃখিত হইয়া বিমান হইতে অবতরণপূর্ব্বক চিন্তা করিতে লাগিলেন—

১। ঘ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ২। ত '-স্তাশ্চ যাঃ'। ৩। থ 'নাত্রৈব'। ৪। অতঃ পরং ত পুস্তকে "নাগকন্যা বরারোহাঃ পূর্ণচন্দ্রনিভাননাঃ। দৃষ্টা হনুমতা তত্র ন সা জনকনন্দিনী॥" ইত্যধিকম্। ৫। ছ 'দশরথস্নুষা'। ৬। থ 'বলাদ্ বলবতা হৃতা'। ৭। খ 'ত্বেকা জনকাত্মজা', ছ থ 'সা জনকনন্দিনী'। ৮। ছ-ত '-ন্ত্যংশ্চান্যা'। ৯। অতঃ পরং ত-পুস্তকে "উদ্যোগং বানরেন্দ্রাণাং প্লবনং সাগরস্য চ। বীর্য্যং বীক্ষ্যানিলসুতশ্চিন্তয়ন্ পুনরুপাগমৎ॥" ইত্যধিকম্। ১০। ছ '-নাগ্রাচ্চি-'। ১১। অতঃ পরং ত-পুস্তকে "চিন্তামুপাজগামাশু শোকোপহতচেতনঃ। ক্ষণং ধ্যাত্বা ততো ভূয়ো বিচেতুমুপচক্রমে। হৃদি কৃত্বা প্রযত্নস্তু প্রযত্নং ভজতে কপিঃ। স বিমানাচ্চ নিক্রম্য প্রাকারং হরিযূথপঃ॥ হনুমান্ বেগমাসাদ্য যথা বিদ্যুদ্ঘনাঘনম্। রাবণান্তঃপুরং সর্ব্বং বিচিত্য স মহাকপিঃ॥ ন দদর্শ ততঃ সীতাং মৈথিলীং জনকাত্মজাম্। চন্দ্রলেখামিব নবাং ব্যোম্নি নীলাভ্রসংবৃতাম্॥ ততঃ প্রাসাদহর্ম্মেষু বিমানভবনেষু চ। অদৃষ্টাং জানকীং সীতাং নিরীক্ষ্য চ মুহুর্মুহুঃ॥ নেহ সীতেতি হনুমাংশ্চক্রে বুদ্ধিং মহাকপিঃ। কথং হি সীতা বৈদেহী মৈথিলী জনকাত্মজা॥ উপতিষ্ঠেত বিবশা রাবণং দুষ্টচারিণম্। নেহ স্থাস্যতি বৈদেহী রামপত্নী যশস্বিনী॥ অন্যং ক্রমিষ্যে দুর্দ্ধর্ষং কাঞ্চনং প্রমদালয়ম্। বিচিত্য লঙ্কাং যত্নেন হনুমান্ মারুতাত্মজঃ॥" ইত্যধিকম্। ১২। ছ-থ 'ন প্রকাশমিহ'। ১৩। ত 'মারুতাত্মজঃ'।

রাজা হি রাবণঃ ক্রূর ইতি সঞ্চিন্ত্য বুদ্ধিমান্।[1]
পরিক্রম্য ততো দীনঃ পুনর্ধ্যানমুপাগমৎ ॥ ১৯ ॥[2]
ততো লঙ্কাং প্রযত্নেন বিচিত্য পবনাত্মজঃ।[3]
রজন্যামর্দ্ধশেষায়াং প্রাকারে নিষসাদ সঃ ॥ ২০ ॥[4]
নিরাশো মোঘসঙ্কল্পশ্চিন্তয়ন্ বিবিধা গতীঃ।[5]
বিক্রান্তঃ সাগরং ক্রান্তো মগ্নশ্চিন্তামহার্ণবে ॥ ২১ ॥[8]
স ত্বহৃষ্টেন মনসা প্রাকারস্থো মহাকপিঃ।
অপশ্যন্ জানকীং সীতাং বিলাপ সুদুঃখিতঃ ॥ ২২ ॥[9]
যৎকৃতে বানরাঃ সর্ব্বে বিক্ষিপ্তাঃ সর্ব্বতো দিশঃ।[10]
বয়ঞ্চাপ্রতিমং তীর্ণাঃ সাগরং মকরালয়ম্ ॥ ২৩ ॥

১৯। লো-টী। পরিক্রম্য সম্যক্তোঽন্বিষ্য।

২১। লো-টী। বিবিধা গতীঃ বিবিধান্ প্রকারান্। বিক্রান্তো বিক্রমবানপি, সাগরং ক্রান্তো লঙ্ঘিতসাগরোঽপি।

"এই রাক্ষসভবনে প্রকাশ্যে অবস্থান করা উচিত নহে; কারণ, রাবণরাজা [অতিশয়] কুটিল।" বুদ্ধিমান্ হনুমান্ এই ভাবিয়া পরিভ্রমণ করিতে করিতে কাতর হইয়া পুনরায় চিন্তাবিষ্ট হইয়া পড়িলেন ॥ ১৮-১৯ ॥

তারপর পবননন্দন হনুমান্ যত্নসহকারে লঙ্কা নগরী অন্বেষণ করিয়া অর্দ্ধরাত্রে প্রাচীরোপরি উপবেশন করিলেন ॥ ২০ ॥

বিক্রমশালী হনুমান্ [প্রকৃত] সাগর অতিক্রম করিয়া [-ও] নানাবিধ উপায় চিন্তা করিতে করিতে সর্ব্বত্র মনোরথ বিফল হওয়ায় হতাশ হইয়া, চিন্তারূপ মহাসমুদ্রে মগ্ন হইলেন ॥ ২১ ॥

মহাকপি হনুমান্ বিষণ্ণচিত্তে প্রাকারোপরি অবস্থান করিয়া জানকীর অদর্শনে অত্যন্ত দুঃখিত হইয়া বিলাপ করিতে লাগিলেন ॥ ২২ ॥

যাঁহার জন্য সমস্ত বানর সর্ব্বদিকে প্রেরিত হইয়াছে এবং আমিও [যাঁহার জন্যই] মকর [প্রভৃতি হিংস্র জলজন্তু]-পরিব্যাপ্ত অতুলনীয় সমুদ্র লঙ্ঘন করিলাম,

১। খ 'রাক্ষসঃ'। ২। খ-ব '-পতঃ'। ৩। ত পুস্তকে ইদমৰ্দ্ধং নাস্তি। ৪। ব '-স্যাং যামশেষায়াং'। ৫। ত 'বিষসাদ'। ৬। ঙ-খ 'হ'। ৭। ছ '-ধাং গতিম্'। ৮। ত 'ক্রান্তো', খ 'তীর্ণো'। ৯। খ 'লাপ-'। ১০। ত্রয়োবিংশ-চতুর্বিংশশ্লোকয়োঃ স্থানে ছ-পুস্তকে "নেহ সীতেতি হনুমান্ চিন্তয়ামাস বানরঃ।

তাং ন পশ্যামি বৈদেহীং ধর্ম্মজ্ঞাং ধর্ম্মদর্শিনীম্।
সীতাং কমলপত্রাক্ষীং রামস্য মহিষীং প্রিয়াম্ ॥ ২৪

ন সন্তি ভুবি শৈলা[১] বা সরিতঃ কাননানি বা।
যেষ্বার্য্যা ন প্রযত্নেন মার্গিতা চরতা ময়া ॥ ২৫ ॥

ইহ[২] সম্পাতিনা সীতা রাবণস্য নিবেশনে।
আখ্যাতা[৩] গৃধ্ররাজেন ন চ পশ্যামি মৈথিলীম্[৪] ॥ ২৬ ॥

ক্ষিপ্রমুৎপততো[৫] মন্যে সীতামাদায় রক্ষসঃ।
প্রচ্যুতা[৬] রাবণস্যাঙ্কাদন্তরা পতিতা ভুবি ॥ ২৭ ॥

২৫। লো-টী। আর্য্যা সীতা।
২৭। লো-টী। ভুবি অন্তরা ভূমধ্যে পতিতা ইত্যহং মন্যে ইতি সম্বন্ধঃ।

রামচন্দ্রের প্রিয়-মহিষী বিদেহরাজ-নন্দিনী ধর্ম্মদৃষ্টিসম্পন্না, ধর্ম্মজ্ঞা, সেই কমল-লোচনা সীতাকে ত' দেখিতে পাইতেছি না ॥ ২৩-২৪ ॥

পৃথিবীতে এমন পর্ব্বত, নদী, অথবা কানন নাই, যেখানে বিচরণ করিয়া আমি যত্নপূর্ব্বক আর্য্যা সীতাদেবীর অন্বেষণ করি নাই ॥ ২৫ ॥

গৃধ্ররাজ সম্পাতি বলিয়াছেন, এই রাবণের গৃহেই সীতাদেবী আছেন, কিন্তু তাঁহাকে দেখিতেছি না ত' ॥ ২৬ ॥

বোধ হয়, সীতাকে লইয়া দ্রুত ঊর্দ্ধপথে গমন করিবার সময় পথিমধ্যে রাবণের অঙ্ক হইতে ভ্রষ্ট হইয়া তিনি ভূতলে পতিত হইয়াছেন ॥ ২৭ ॥

ভূয়িষ্ঠং বিচিতা লঙ্কা রামস্য চরতা প্রিয়াম্ ॥ ন চ পশ্যামি বৈদেহীং সীতাং সর্ব্বাঙ্গশোভনাম্। প্রাকাররথরথ্যাশ্চ বেদিকাশ্চৈত্যসংশ্রয়াঃ ॥ পদ্মানি তড়াগানি সরাংসি সরিতস্তথা। নগশ্চোপবনান্যাশ্চ দুর্গাণি ধরণীধরাঃ ॥ বিচিতা বসুধা সর্ব্বা ন চ পশ্যামি জানকীম্। সীতাং কমলপত্রাক্ষীং রামস্য মহিষীং প্রিয়াম্ ॥ ন সান্তি ভূমিঃ শৈলং বা ন সরঃ কাননানি বা। যত্র নার্য্যা ময়া সীতা মার্গিতা চরতা মহীম্ ॥" ইত্যধিকম্। ঘ-পুস্তকে "নেহ সীতে"ত্যারভ্য "সর্ব্বাঙ্গশোভনা"মিত্যেতন্মাত্রমেব, ত পুস্তকেঽপি "নেহ" ইত্যত্র "কাসৌ" ইতি "রামস্য চরতা প্রিয়াম্" ইত্যত্র "রামস্যানুরতাং প্রিয়াম্" ইতি পাঠবৈপরীত্যেন "সর্ব্বাঙ্গশোভনা"মিত্যন্তাংশো দৃশ্যতে।

১। দ 'শৈবালা'। ২। ঘ 'ইতঃ'। ৩। ত '-খ্যাতাং'। ৪। ছ 'জানকীম্'। ৫। ছ 'ক্ষিপ্র-'। ৬। ত 'বিত্রস্তা রামবাণানাং লঙ্কা নিপতিতা ভবেৎ'।

তস্যা[1] বা হ্রিয়মাণায়াঃ পথি[2] সিদ্ধনিষেবিতে।
শঙ্কে[3] হৃদয়মার্য্যায়াঃ[4] স্ফুটিতং[5] প্রেক্ষ্য রাবণম্ ॥ ২৮ ॥

রাবণস্যোরুবেগেণ[6] ভুজয়োঃ[7] পীড়নেন[8] চ।
তয়া[9] মন্যে বিশালাক্ষ্যা জীবিতং[10] ত্যক্তমার্য্যয়া ॥ ২৯ ॥

উপর্য্যুপরি বা[11] নূনং[12] সাগরং ক্রমতস্তদা[13]।
বিচেষ্টমানা পতিতা সমুদ্রে[14] জানকী ধ্রুবম্ ॥ ৩০ ॥

অথ[15] ক্ষুদ্রেণ বা তেন রক্ষন্তী শীলমাত্মনঃ।
অবন্ধুর্ভক্ষিতা[16] সীতা রাবণেন তপস্বিনী[17] ॥ ৩১ ॥

অথবা রাক্ষসেন্দ্রস্য পত্নীভিরসিতেক্ষণা।
অদুষ্টা[18] দুষ্টচিত্তাভির্ভক্ষিতা জনকাত্মজা ॥ ৩২ ॥

২৮। লো-টী। ফলিতং বিদীর্ণম্, মৃতা ইত্যর্থঃ। যদ্বা, ফলং মরণরূপং সঞ্জাতমস্মিন্নিতি ফলিতম্। 'স্ফুটিত'মিত্যপি পাঠঃ।

৩১। লো-টী। ক্ষুদ্রেণ নীচেন, তেন রাবণেন, তপস্বিনী অনুতাপবতী।

অথবা, আশঙ্কা করি, রাবণকে দেখিয়া সিদ্ধনিষেবিত [আকাশ-] পথে অপহ্রিয়মাণা আর্য্যা সীতাদেবীর হৃদয় বিদীর্ণ হইয়া গিয়াছে ॥ ২৮ ॥

[অথবা] মনে হয়, রাবণের তীব্রবেগে এবং বাহুদ্বয়ের পীড়নেই সেই বিশালাক্ষী সীতাদেবী প্রাণত্যাগ করিয়াছেন ॥ ২৯ ॥

অথবা, রাবণ যখন সাগরের উপরে উপরে আগমন করিতেছিল, তখন সীতাদেবী ছট্‌ফট্ করিতে করিতে নিশ্চয়ই সমুদ্রে পতিত হইয়াছেন ॥ ৩০ ॥

অথবা, বন্ধুহীনা হতভাগিনী সীতা স্বীয় চরিত্র (অর্থাৎ সতীত্ব) রক্ষা করিতে থাকায় সেই নীচ রাবণ তাঁহাকে ভক্ষণ করিয়াছে ॥ ৩১ ॥

অথবা, রাক্ষসরাজের দুষ্টাভিপ্রায়সম্পন্না পত্নীগণই নিষ্কলঙ্কা অসিতাক্ষী জনকনন্দিনীকে ভক্ষণ করিয়াছে ॥ ৩২ ॥

১। ত 'অথবা', ধ 'তস্যাস্ত'। ২। দ 'প্রতি সিদ্ধ-'। ৩। ত 'নূন' স্ফুটিতমার্য্যায়া হৃদয়ং বীক্ষ্য সাগরম্', ক-টী 'শঙ্কে হৃদয়মার্য্যায়াঃ ফলিতং প্রেক্ষ্য রাবণম্'। ৪। দ 'ফলিতং'। ৫। দ 'বীক্ষ্য'। ৬। ত 'ভুজাভ্যাং'। ৭। দ 'পীড়িতেন'। ৮। থ 'বা'। ৯। ক-থ 'তথা'। ১০। ত 'ত্যক্ত' জীবিত-'। ১১। ত 'মা'। ১২। দ 'নূনং'। ১৩। দ-ছ-থ-ব 'পক্ষতস্ত-', ত 'ক্রামতস্ত-'। ১৪। দ 'সাগরে'। ১৫। ত 'অহো'। ১৬। ছ 'অবন্ধুঃ ভ-'। ১৭। ছ 'যশ-'। ১৮। থ 'অদুষ্টচিত্তা দুষ্টাভি-'।

অথবা চন্দ্রসঙ্কাশং বক্ত্রমুজ্জ্বলকুণ্ডলম্।
রামস্য চিন্তয়ন্তী সা পঞ্চত্বং কৃপণা গতা ॥ ৩৩ ॥
হা রাম লক্ষ্মণেত্যেবং হাঽযোধ্যা ইতি চাসকৃৎ।
বিলপ্য বহু বৈদেহী মৃতাঽবশ্যং তপস্বিনী ॥ ৩৪ ॥
অথবা নিহিতা মন্যে রাবণস্য নিবেশনে।
ক্বচিল্লালপ্যতে বালা পঞ্জরস্থেব সারিকা ॥ ৩৫ ॥
জনকস্য কুলে জাতা রামপত্নী যশস্বিনী।
কথমুৎপলপত্রাক্ষী রাবণস্য বশং গতা ॥ ৩৬ ॥
বিনষ্টা বা প্রনষ্টা বা ভক্ষিতা বাপি মৈথিলী।
রামস্য প্রিয়ভার্য্যস্য ন নিবেদয়িতুং ক্ষমম্ ॥ ৩৭ ॥

৩৫। লো-টী। নিহিতা স্থাপিতা।

৩৭। লো-টি। বিনষ্টা মৃতা। প্রনষ্টা অন্তর্হিতা ইতি নিবেদয়িতুং ন ক্ষমং ন যুক্তমিত্যর্থঃ। 'ক্ষম' ইত্যপি চ পাঠঃ। 'ক্ষম'মিতি পাঠে সীতায়াঃ ক্ষয়ং নিবেদয়িতুং ন সমর্থোঽস্মীতি শেষঃ।

অথবা, সেই হতভাগিনী রামচন্দ্রের উজ্জ্বলকুণ্ডলশোভিত চন্দ্রতুল্য বদনমণ্ডল চিন্তা করিতে করিতেই পঞ্চত্বপ্রাপ্ত হইয়াছেন ॥ ৩৩ ॥

হতভাগিনী বিদেহরাজ-নন্দিনী পুনঃ পুনঃ হা রাম, হা লক্ষ্মণ, হা অযোধ্যা, এইরূপ বহু বিলাপ করিতে করিতে অবশ্যই প্রাণত্যাগ করিয়াছেন ॥ ৩৪ ॥

অথবা মনে হয়, রাবণের গৃহমধ্যে কোথাও আবদ্ধ হইয়া সেই বালিকা পিঞ্জরাবদ্ধ সারিকার ন্যায় নিরতিশয় বিলাপ করিতেছেন ॥ ৩৫ ॥

জনকবংশসম্ভূতা যশস্বিনী পদ্মলোচনা রামপত্নী কি প্রকারে রাবণের বশবর্ত্তিনী হইবেন? ॥ ৩৬ ॥

রামচন্দ্র পত্নীর প্রতি প্রণয়সম্পন্ন; তাঁহার নিকট—"সীতাকে দেখিতে পাই নাই, তিনি বিনষ্ট অথবা ভক্ষিত হইয়াছেন", ইহা বলা উচিত হইবে না ॥ ৩৭ ॥

১। অস্যার্দ্ধস্য স্থানে ত-পুস্তকে "অথবা নিহিতা মন্যে রাবণস্য নিবেশনে। ক্বচিল্লালপ্যতে নূনং পঞ্জরস্থেব শারিকা ॥ ফুল্লপঙ্কজগর্ভাভং বক্ত্রং স্খলিতকুণ্ডলম্ ॥" ইতি পাঠঃ। ২। ত 'মূনমাগ-'। ৩। ঘ 'হাহাযোধ্যেতি', ছ 'হাহাযোধ্যাপি চাসকৃৎ', ত 'মরিষ্যে বেতি'। ৪। ত 'ত্যক্তদেহা'। ৫। ত 'ভবিষ্যতি'। ৬। ত পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৭। ঘ 'নিহতাং'। ৮। ঘ-থ-ব 'সীতা লাল-', ছ 'নূনং লাল-'। ৯। ত 'সুমধ্যমা'। ১০। ত 'বশানুগা'। ১১। ত 'মৃতা বা জনকাত্মজা'। ১২। ত থ-দ 'ক্ষমঃ'।

নিবেদ্যমানে দোষঃ স্যান্নাদোষমনিবেদনম্[1] ।
কথং নু[2] খলু কর্ত্তব্যং ব্যসনং খল্বিদং মহৎ[3] ॥ ৩৮ ॥
যদি সীতামদৃষ্ট্বাহং বানরেন্দ্রপুরামিতঃ[4] ।
গমিষ্যামি ততঃ কো মে পুরুষার্থো ভবিষ্যতি ॥ ৩৯ ॥
কিং[5] মাং বক্ষ্যতি সুগ্রীবো হরয়ো বা সমাগতাঃ ।
কিষ্কিন্ধ্যাং সমনুপ্রাপ্তৌ তৌ বা দশরথাত্মজৌ ॥ ৪০ ॥
গত্বা[6] তং যদি কাকুৎস্থং[7] বক্ষ্যামি পরমাপ্রিয়ম্[8] ।
ন দৃষ্টা মৈথিলীত্যেবং তদা[9] ত্যক্ষ্যতি জীবিতম্ ॥ ৪১ ॥
পরুষং[10] দারুণং ক্ষুদ্রং[11] ক্রূরমিন্দ্রিয়তাপনম্[12] ।
সীতানিমিত্তং[13] স শ্রুত্বা দুর্ব্বাচ্যং[14] ন ভবিষ্যতি ॥ ৪২ ॥

৩৮। লো-টী। দোষঃ স্যাৎ রামস্য মহৎ দুঃখমস্মাকং নিগ্রহশ্চ। 'নাদোষমনিবেদনম্' অনিবেদনমপি ন অদোষম্। দোষো ভবতি। 'সদোষমনিবেদন'মিতি ক্বচিৎ পাঠঃ। সীতায়া ভদ্রাভদ্রবার্ত্তানভিজ্ঞানাৎ কথং কিং খলু কর্ত্তব্যম্ উভয়থাপি খলু নিশ্চিতং ব্যসনং মহৎ।

৪২। লো-টী। দুর্ব্বাচ্যং কুৎসিতং বাক্যম্। পরুষং নিষ্ঠুরম্। দারুণং কুলস্য ভীতি-সম্পাদকম্। ক্ষুদ্রং দুঃখদম্। ক্রূরং যশোনাশকম্। ইন্দ্রিয়তাপনং চিত্তক্ষোভকম্। "ইন্দ্রিয়ং চেতসি স্মৃত"মিতি কোষঃ।

[ইহা] বলিলে দোষ হইবে, আবার [কিছু] না বলাও দোষহীন নহে, সুতরাং কি করা যায়, মহা বিপদ্ উপস্থিত হইল ॥ ৩৮ ॥

যদি আমি সীতাকে না দেখিয়াই এখান হইতে কিষ্কিন্ধ্যায় গমন করি, তাহা হইলে আমার কি পৌরুষ হইবে ? ॥ ৩৯ ॥

সুগ্রীব এবং সমাগত বানরগণ আমাকে কি বলিবেন ? কিষ্কিন্ধ্যায় উপস্থিত দশরথনন্দন রাম-লক্ষ্মণই বা কি বলিবেন ? ॥ ৪০ ॥

আমি যাইয়া যদি সেই রামকে "সীতাকে দেখিতে পাই নাই" এইরূপ অত্যন্ত অপ্রিয় বাক্য বলি, তাহা হইলে তিনি প্রাণত্যাগ করিবেন ॥ ৪১ ॥

তিনি সীতার জন্য দারুণ, ক্লেশকর, ক্রূর, কর্কশ ও ইন্দ্রিয়সন্তাপকর দুর্ব্বাক্য শ্রবণ করিয়া জীবিত থাকিবেন না ॥ ৪২ ॥

১। ছ '-স্যাৎ সদোষ-', ত 'স্যাদ্দোষঃ স্যাদনিবেদনে', থ দ 'স্যাদদোষমনি-'। ২। ত 'রাক্ষস্য বক্তব্যং', দ 'তু'। ৩। অতঃ পরং ত-পুস্তকে "অস্মিন্নেবং গতে কার্য্যে প্রাপ্তকালং ক্ষমং চ কিম্। ভবেদিতি চ কিং ভূয়ো হনুমান্ প্রবিচারয়ন্॥" ইত্যধিকম্। ৪। অতঃপরং ত-পুস্তকে "মমেদং লঙ্ঘনং ব্যর্থং সাগরস্য মহাত্মনঃ। প্রবেশশ্চৈব লঙ্কায়াঃ রাক্ষসানাঞ্চ দর্শনম্॥" ইত্যধিকম্। ৫। ক-খ 'বা'। ৬। খ-ছ-ট 'গত্বাহং'। ৭। ত '-স্থৌ'। ৮। ক '-পরমাপ্রিয়ম্'। ৯। ঙ-থ 'তত্যাক্ষ্যতি'। ১০। ত 'পুরুষং'। ১১। থ 'কৃচ্ছ্রং'। ১২। থ-দ '-দীপনম্'। ১৩। ঙ-দ 'শ্রুত্বা'। ১৪। ছ-ত 'দুর্ব্বাক্যং'।

তস্তু কৃচ্ছ্রগতং দৃষ্ট্বা রামং পঞ্চত্বমাগতম্ ।
ভৃশানুরক্তো[1] মেধাবী ন ভবিষ্যতি[2] লক্ষ্মণঃ ॥ ৪৩ ॥
ভরতো[3] মাতরশ্চৈব[4] শত্রুঘ্নশ্চ মরিষ্যতি ।
যদি গচ্ছাম্যহং সীতামদৃষ্ট্বা[5] জনকাত্মজাম্ ।
কৃৎস্নস্যেক্ষ্বাকুবংশস্য[6] নাশ এব ভবেদ্ ধ্রুবম্ ॥ ৪৪ ॥
কৃতজ্ঞঃ সত্যসন্ধশ্চ সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ ।
রামং কৃচ্ছ্রগতং দৃষ্ট্বা রাজা ত্যক্ষ্যতি জীবিতম্[7] ।
ভীমমারোদনং[8] ব্যক্তং ভবিষ্যতি গতে ময়ি[9] ॥ ৪৫ ॥
দুর্ব্বলা[10] ব্যথিতা দীনা রুমা তস্য মরিষ্যতি[11] ।
পীড়িতা ভর্তৃশোকেন ভার্য্যা চৈব পতিব্রতা[12] ॥ ৪৬ ॥
ভর্তৃজেন চ দুঃখেন[13] পীড়িতা শোককর্শিতা ।
পঞ্চত্বগমনে রাজ্ঞস্তারাপি ন ভবিষ্যতি ॥ ৪৭ ॥

৪৬। গো-টী। রুমা সুগ্রীবভার্য্যা।

সেই রাম কষ্ট পাইয়া পঞ্চত্ব প্রাপ্ত হইলে তাঁহার প্রতি অনুরাগসম্পন্ন মেধাবী লক্ষ্মণও জীবিত থাকিবেন না ॥ ৪৩ ॥

যদি আমি জনকনন্দিনী সীতাকে না দেখিয়া ফিরিয়া যাই, তবে ভরত, শত্রুঘ্ন এবং [কৌশল্যা প্রভৃতি] মাতৃবৃন্দও প্রাণত্যাগ করিবেন এবং সমগ্র ইক্ষ্বাকু-বংশেরই বিনাশ ঘটিবে, ইহা নিশ্চিত ॥ ৪৪ ॥

কৃতজ্ঞ ও সত্যপ্রতিজ্ঞ বানরশ্রেষ্ঠ রাজা সুগ্রীবও রামকে কষ্ট পাইতে দেখিয়া জীবন ত্যাগ করিবেন। আমি গমন করিলে ভয়ানক রোদনধ্বনি সুব্যক্ত হইয়া উঠিবে ॥ ৪৫ ॥

পতিশোক-পীড়িতা দুর্ব্বল ও দীনভাবাপন্না সুগ্রীবের ভার্য্যা পতিব্রতা রুমাও ব্যথিত হইয়া মৃত্যুমুখে পতিত হইবেন ॥ ৪৬ ॥

রাজা সুগ্রীব পঞ্চত্ব প্রাপ্ত হইলে ভর্তৃবিয়োগজনিত দুঃখে দুঃখিতা তারাও [নবীন] শোকে কাতর হইয়া জীবিত থাকিবেন না ॥ ৪৭ ॥

১। ত 'ভৃশানু'। ২। ত 'লক্ষ্মণো ন ভবিষ্যতি'। ৩। অর্দ্ধশ্লোকস্থ স্থানে ছ-পুস্তকে "বিনষ্টৌ ভ্রাতরৌ শ্রুত্বা ভরতোঽপি মরিষ্যতি। ভ্রাতৄন্ বিনষ্টান্ শ্রুত্বা স শত্রুঘ্নোঽপি মরিষ্যতি॥ মৃতান্ পুত্রান্ সমীক্ষ্যাথ তা মরিষ্যন্তি মাতরঃ। কৌশল্যা চ সুমিত্রা চ কেকয়ী চ ন সংশয়ঃ॥" ইতি পাঠঃ। ৪। থ '-শ্চৈব'। ৫। ঘ-ত '-বস্তবে-'। ৬। দ '-বঞ্চচ'। ৭। থ 'জীবনম্'। ৮। ক-ঘ '-মারোপণং'। ৯। ক-ছ 'ময়ি গতে'। ১০। ঘ-ছ 'দুর্ম্মনা'। ১১। দ 'বিনঙ্ক্ষ্যতি'। ১২। থ 'তস্য'। ১৩। ছ-দ 'বালিজেন চ দুঃখেন', থ 'বৈধব্যেন তু'।

মাতাপিতৃবিয়োগেন[১] সুগ্রীবব্যসনেন চ।
কুমারোঽপ্যঙ্গদঃ[২] শ্রীমান্ সুব্যক্তং ন ভবিষ্যতি[৩] ॥ ৪৮ ॥

সান্ত্বেনান্নপ্রদানেন[৪] মানেন চ যশস্বিনা।
পালিতাঃ[৫] কপিরাজেন দেহং ত্যক্ষ্যন্তি বানরাঃ ॥ ৪৯ ॥

গিরীণাং বনষণ্ডেষু[৬] নদীতীরেষু বা পুনঃ।
ক্রীড়াং নানুভবিষ্যন্তি ভর্তৃব্যসনকর্ষিতাঃ[৭] ॥ ৫০ ॥

সপুত্রদারাঃ সামাত্যা রাম[৮]ব্যসনমোহিতাঃ[৯]।
শৈলাগ্রাৎ প্রপতিষ্যন্তি সমেত্য হরিপুঙ্গবাঃ ॥ ৫১ ॥

ঘোরস্তু বৈশসং[১০] মন্যে গতে ময়ি ভবিষ্যতি।
ইক্ষ্বাকুকুলনাশশ্চ সর্ব্বেষাঞ্চ বনৌকসাম্ ॥ ৫২ ॥

৪৯। লো-টী। সান্ত্বেন মধুরবচসা। মানেন সম্মানেন।
৫০। লো-টী। নানুভবিষ্যন্তি ন করিষ্যন্তি।

মাতা-পিতার বিয়োগ ও সুগ্রীবের মৃত্যুতে কুমার শ্রীমান্ অঙ্গদও জীবন ত্যাগ করিবেন ॥ ৪৮ ॥

প্রিয়বাক্য, অন্নদান ও সম্মানদ্বারা যশস্বী বানররাজ সুগ্রীব যাঁহাদিগকে পালন করিয়াছেন, সেই বানরগণও দেহত্যাগ করিবেন ॥ ৪৯ ॥

তাঁহারা রাজার মৃত্যুতে দুঃখিত হইয়া পার্ব্বত্য বনসমূহে অথবা নদীতীরে ক্রীড়াসুখ অনুভব করিবেন না ॥ ৫০ ॥

রামের বিপদে মোহিত শ্রেষ্ঠ বানরগণ সম্মিলিত হইয়া পুত্র-কলত্র ও অমাত্যগণের সহিত পর্ব্বতের অগ্রভাগ হইতে পতিত হইবেন ॥ ৫১ ॥

মনে হয়, আমি গমন করিলে ভয়ানক অনিষ্ট ঘটিবে, ইক্ষ্বাকুবংশ ও সমস্ত বানরগণের বিনাশ হইবে ॥ ৫২ ॥

১। ঙ 'মাতৃপি-'। ২। ক-ঘ 'কস্মাদ্ধারয়িষ্যতি জীবিতম্'। ৩। অতঃপরং ঙ-পুস্তকে 'ভর্তৃজেন চ দুঃখেন পরিভূতা বনৌকসঃ। শিরাংসি চ হরিষ্যন্তি তলৈর্মুষ্টিভিরেব চ।' ইত্যধিকম্। ৪। ক '-ন তু প্র-', ঙ '-নার্থপ্র-', ঘ '-নানুপ্র-'। ৫। ছ-খ-গ 'লালিতাঃ'। ৬। ছ 'বনদুর্গেষু'। ৭। ক 'সমেত্য কপিকুঞ্জরাঃ', ঘ 'ভর্তৃব্যসনকর্ষিতাঃ'। ৮। ঙ 'রাজ-', ঘ 'রামস্য শরপীড়িতাঃ'। ৯। ক '-মূর্চ্ছিতাঃ'। ১০। ঙ 'বিষমং'।

সোঽহং বৈ[1] ন গমিষ্যামি সুগ্রীবস্য পুরীমিতঃ।
এতাবন্তং বিনাশং হি ন দ্রষ্টুমহমুৎসহে[2] ॥ ৫৩ ॥

সাগরানূপদেশে[3][4][5] চ বহুমূলফলান্বিতে[6][7]।
চিতাং কৃত্বা প্রবেক্ষ্যামি সমিদ্ধং জাতবেদসম্ ॥ ৫৪ ॥

প্রবিষ্টস্য হি[8] মে নূনং স্বদেহং সাধয়িষ্যতঃ।
শরীরং ভক্ষয়িষ্যন্তি শ্বাপদাশ্চ[9] বয়াংসি চ ॥ ৫৫ ॥

ইদমত্যসুখং[10][11] প্রাপ্য নিশ্চিতং মনসো[12] হি মে।
অপো[13] বাপি প্রবেক্ষ্যেঽহমদৃষ্ট্বা জনকাত্মজাম্ ॥ ৫৬ ॥

৫৪। লো-টী। সাগরানূপজে সাগরস্য সম্বন্ধী অনূপো জলপ্রায়দেশঃ, তজ্জাতে দেশে বিষয়ে। "অনূপো মহিষে নাঽম্বুপ্রায়দেশে তু বাচ্যব"দিতি কোষঃ। বহুমূলফলৈর্বা সম্যগ্ যুতে।

৫৫। লো-টী। স্বদেহং সাধয়িষ্যতঃ সফলং করিষ্যতো মম।

৫৬। লো-টী। অত্যসুখমতিদুঃখম্। মে মম মনসো নিশ্চিতং নিশ্চয়ঃ। তৎ কিম্? 'অপ'ইত্যাদি।

আমি এখান হইতে সুগ্রীবের রাজধানীতে গমন করিব না; এতগুলি লোকক্ষয় দেখিবার উৎসাহ আমার নাই ॥ ৫৩ ॥

আমি বহু ফল-মূলসমন্বিত সাগরের সজল প্রদেশে (উপকণ্ঠে) চিতা নির্ম্মাণ করিয়া প্রজ্বলিত অগ্নিতে প্রবেশ করিব ॥ ৫৪ ॥

আমি স্বীয় দেহ বিনাশ করিবার উদ্দেশ্যে অগ্নিতে প্রবেশ করিলে, নিশ্চয়ই শ্বাপদ ও পক্ষিগণ আমার শরীর ভোজন করিবে ॥ ৫৫ ॥

অথবা, আমি সলিলমধ্যে প্রবেশ করিব। জানকীকে না দেখিয়া অত্যন্ত দুঃখ পাইয়া আমার মন এইরূপ নিশ্চয় করিয়াছে ॥ ৫৬ ॥

১। ছ 'ন বৈ', ত 'নৈব'। ২। ত 'তু'। ৩। থ '-রম্যৈকদেশেষু'। ৪। ঘ-দ '-পজে দেশে'। ৫। ছ '-দেশেঽহং'। ৬। থ '-রত্নসমাযুতে'। ৭। ঘ-ছ-ত '-ফলাযুতে'। ৮। থ 'চ'। ৯। ঘ-ত-থ '-দানি'। ১০। ত 'ইমামত্র ন সংপ্রা-', থ 'ইদমপাবিভির্দ্দৃষ্টং নির্বাণমিতি মে মতিঃ'। ১১। ঘ '-ক্লৎ সুখং, ছ-দ '-মত্র সু-'। ১২। ত 'মানসং হি', দ 'মনসাপি মে'। ১৩। ক-ং-ছ 'অথো'।

তাপসো বা ভবিষ্যামি বৃক্ষমূলফলাশনঃ।[১]
ন তু প্রতিগমিষ্যামি[২] তামদৃষ্ট্বা শুভাননাম্॥ ৫৭॥

ইতি চিন্তাসমাপন্নঃ[৩] সীতামনধিগম্য[৪] সঃ।
ধ্যানশোকপরীতাঙ্গস্তস্থৌ[৫] চ[৬] বিমনাঃ কপিঃ[৭]॥ ৫৮॥

তদুন্নসং[৮] পাণ্ডুরদন্তমব্রণং শুচিস্মিতং পদ্মপলাশলোচনম্।
দ্বিজাধিরাজপ্রতিপূর্ণদর্শনং[৯] সুসূক্ষ্মকেশান্তমুদগ্রশাসনম্[১০]॥ ৫৯॥

৫৮। লো-টী। অনধিগম্য সীতামপ্রাপ্য।

৫৯-৬০। লো-টী। তদ্ বদনং বলাৎকৃতা সীতা কথং ধারয়েদিতি দ্বিতীয়েনান্বয়ঃ। উন্নসম্ উদ্গতা নাসিকা যস্মিন্ তৎ। অব্রণমদোষম্। দ্বিজাধিরাজস্য চন্দ্রস্য পূর্ণং দর্শনং জ্ঞানং যত্র তৎ। সুসূক্ষ্মকেশৈরন্তং মনোরমং নবম্ (?) উদগ্রমানসং প্রকৃষ্টং মনো যথা ভবতি তথা।

অথবা, আমি বৃক্ষের ফল-মূলভোজী তপস্বী হইব; কিন্তু শুভাননা সীতাকে না দেখিয়া প্রতিনিবৃত্ত হইব না॥ ৫৭॥

হনুমান্ সীতাকে না দেখিয়া এইরূপ চিন্তা করিতে করিতে চিন্তা ও শোকে অত্যন্ত বিমনা হইয়া পড়িলেন॥ ৫৮॥

সুন্দর-কেশপাশসমন্বিতা সুন্দরী সীতা দেবী অত্যদ্ভুতধন্যকীর্ত্তি নৃশংস-

১। ঘ '-ফিলঃ'। ২। দ 'চ'। ৩। চ 'চিন্তাং স-', দ 'চিন্তাং সমাসাদ্য'। ৪। চ '-মনবগম্য'। ৫। ছ '-সমাপন্ন-'। ৬। খ 'স'। ৭। অতঃ পরং ঙ-পুস্তকে 'রাবণং বা বধিষ্যামি দশগ্রীবং মহাবলম্। কামমস্তু হৃতা সীতা পুনঃ কীর্ত্তির্ভবিষ্যতি॥ অথ চৈনং সমুদ্ধায় উপর্যুপরি সাগরম্। রামস্যোপহরিষ্যামি পশুং পশুপতেরিব॥ চিন্তা তু মনসা দেবীমিক্ষ্বাকু-কুলাভিরক্ষিতামপি রাম তত্রানয়ামহে। অথবৈনং রাঘবো ভ্রাতাং নির্জিত্য সমবানয়ান্॥ সং প্রবায়ামি রামায় সাক্ষীকৃত মনস্বিনীম্॥ স মুহূর্তমিব ধ্যাত্বা হনুমান মারুতাত্মজঃ। উপাতিষ্ঠন্ মহা-কুলনন্দিনীম্। নমোঽস্তু রামায় সলক্ষ্মণায় নমোঽস্তু দেব্যৈ জনকাত্মজায়ৈ। নমোঽস্তু রুদ্রেন্দ্রযমানিলেভ্যো নমোঽস্তু চন্দ্রার্কমরুদ্গণেভ্যঃ॥ ব্রহ্মা স্বয়ম্ভূর্ভগবান্ দেবাশ্চৈব দিশন্তু মে। সিদ্ধিমগ্নিশ্চ (?) প্রকৃতস্ত তদ্ভুৎ॥ সকলঃ পাবকশ্চ বায়ুরেবশ্চ বজ্রী। শক্রঃ প্রভবশ্চ সোমাদিত্যৌ তথৈব চ॥ অশ্বিনৌ চ মহাত্মানৌ মরুতঃ সর্ব এব চ। সিদ্ধিং সর্বাণি ভূতানি ভূতানাঞ্চৈব যঃ প্রভুঃ। দাস্যন্তি মম যে চান্যে হ্যদৃষ্টাঃ পথগোচরাঃ। তদুন্নসং পাণ্ডুরদন্তমব্রণং শুচিস্মিতং পদ্মপলাশলোচনম্। দ্রক্ষ্যামি সীতাবদনং কদা ন্বহং প্রসন্নতারাধিপতুল্যদর্শনম্॥ ক্ষুদ্রেণ পাপেন নৃশংসকর্ম্মণা সুদারুণালঙ্কৃতবেশধারিণা। বলাভিভূতা অবলা তপস্বিনী কথং নু মে দৃষ্টিপথেঽদ্য না ভবেৎ॥' ইত্যধিকম্। ৮। ক-পুস্তকে ইতঃ শ্লোকদ্বয়ং নাস্তি। ৯। ছ 'প্রসন্নতারাধিপতুল্য-'। ১০। ছ '-সুন্দরম্', খ-দ '-মানসম্'।

কথস্ত্বনার্য্যেণ নৃশংসকারিণা মনোজ্ঞরূপা সুজঘন্যকীর্ত্তিনা।[1]
বলাভিভূতেন বলাদ্ধৃতা সতী সুকেশপাশা[2] বদনং হি ধারয়েৎ ॥ ৬০

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে প্রাকারস্থহনুমচ্চিন্তা নাম ষোড়শঃ সর্গঃ ॥ ১৬ ॥

ধারয়েৎ। শোভনা জঘন্যা নিকৃষ্টা কীর্ত্তির্যস্য তেন। বলং রামবলং তেনাভিভূতেন। সকেশপাশা কেশপাশৈঃ সহ বর্ত্তমানা। 'সুকেশপাশা' ইত্যপি পাঠঃ।

প্রাকারস্থহনুমতশ্চিন্তা নাম ॥ ১৬ ॥

কার্য্যনিরত বলদৃপ্ত অধম রাবণকর্তৃক বলপূর্ব্বক অপহৃতা হইয়া সেই শুভ্র দন্ত, বিমল হাস্য, পদ্ম-পলাশতুল্য নয়ন ও অতি সূক্ষ্ম অলকাগ্রে পরিশোভিত পূর্ণচন্দ্রের ন্যায় উল্লসিত বদনমণ্ডল কি প্রকারে ধারণ করিতেছেন ? ॥ ৫৯-৬০ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে 'প্রাকারোপরি উপবিষ্ট হনুমানের চিন্তা'নামক ১৬শ সর্গ সমাপ্ত ॥ ১৬ ॥

১। ত '-মূর্ত্তিনা'। ২। ছ 'চ'।

(১৭) সপ্তদশঃ সর্গঃ

স তু শোকসমাবিষ্টঃ প্রাকারস্থো মহাকপিঃ।
পুষ্পিতাগ্রানথাপশ্যদেকত্র বিবিধান্ দ্রুমান্ ॥ ১ ॥

সালানশোকানন্যাংশ্চ চম্পকানতিমুক্তকান্।
দদর্শ নাগপুষ্পাংশ্চ চূতান্ কপিত্থকানপি ॥ ২ ॥

তান্তু দৃষ্ট্বা মহাবাহুরশোকবনিকাং শুভাম্।
চিন্তয়ামাস মেধাবী হনূমান্ মারুতাত্মজঃ ॥ ৩ ॥

অশোকবনিকা হীয়ং মহতী সুমহাদ্রুমা।
ইমামপি বিচেষ্যামি ন হ্যেষা বিচিতা ময়া ॥ ৪ ॥

অথ ধৈর্য্যং সমালম্ব্য প্রমৃজ্যাশ্রূণি বানরঃ।
জ্যামুক্ত ইব নারাচঃ পুপ্লুবে পুষ্পবাটিকাম্ ॥ ৫ ॥

১। লো-টী। একত্র একস্মিন্ দেশে। 'একত' ইত্যপি পাঠঃ ক্বচিৎ।
৫। লো-টী। পুপ্লুবে জগাম।

মহাকপি হনুমান্ শোকাবিষ্ট হইয়া প্রাকারোপরি অবস্থানপূর্ব্বক এক স্থানে নানাবিধ বৃক্ষ দেখিতে পাইলেন—তাহাদের অগ্রভাগ প্রস্ফুটিত-পুষ্পযুক্ত ॥ ১ ॥

তিনি সাল, অশোক, চম্পক, অতিমুক্ত (মাধবী লতা), নাগপুষ্প, কপিত্থ এবং অন্যান্য বহু বৃক্ষ দেখিতে পাইলেন ॥ ২ ॥

পবননন্দন মহাবাহু মেধাবী হনুমান্ সেই উত্তম অশোকবন দেখিয়া চিন্তা করিতে লাগিলেন— ॥ ৩ ॥

"এই অশোকবন অতি বিশাল, ইহাতে সুবৃহৎ বৃক্ষরাজি রহিয়াছে ; ইহাও অন্বেষণ করিব, ইহা ত' আমার অন্বেষণ করা হয় নাই" ॥ ৪ ॥

অনন্তর হনুমান্ ধৈর্য্য ধারণ করিয়া অশ্রু মার্জ্জন করতঃ জ্যা-নির্ম্মুক্ত শরের ন্যায় (অর্থাৎ তীরবেগে) পুষ্পবাটিকার দিকে ধাবিত হইলেন ॥ ৫ ॥

১। ঘ '-নথ পশ্যৎস-'। ২। ঙ-ধ '-ত্তো'। ৩। গ-ঙ 'শালা-', ধ 'অশোকান্নাগপুন্নাগপুষ্পাংশ্চাথ কপিত্থকান্'। ৪। ঘ 'কুরুবকানপি বৃ-'। ৫। চ '-পুষ্পিতান্'। ৬। ছ 'বহুধারাগ-', ঘ 'অদূরাগ্না-'। ৭। ধ 'পীতাং দৃষ্ট্বা মহাবাহুরশোকবনিকাং শুভাম্', ব 'তাঞ্চ'। ৮। ধ 'চেয়ং'। ৯। ক-ঘ '-বেগশোকবাটিকাম্'।

স গত্বা বেগবান্ [১]বেগাদ্ বলবান্ মারুতাত্মজঃ ।
ততঃ পাদপসম্পূ[২]র্ণাং লতাশতসমাবৃতাম্ ।
অশোকবনিকাং স্ফীতাং প্রবিবেশ মহাকপিঃ ॥ ৬ ॥

স প্রবিশ্য [৩]বিচিত্রাং তাং বিহগৈরুপশোভিতাম্ ।
রাজতৈঃ কাঞ্চনৈশ্চৈব পাদপৈর[৪]নুসন্ততাম্ ॥ ৭ ॥

বিহ[৫]গৈর্মৃগসঙ্ঘৈশ্চ বিচিত্রাং চিত্রকাননাম্ ।
[৬]অচিরোদিতসূর্য্যা[৭]ভামপশ্যন্মারুতাত্মজঃ[৮] ॥ ৮ ॥

কোকিলৈর্ভৃঙ্গরাজৈশ্চ মত্তৈ[৯]র্নিত্যনিষেবিতাম্ ।
বৃতাং নানাবিধৈর্বৃক্ষৈঃ [১০]কর্ণিকারাদিভিস্তথা ॥ ৯ ॥

৭। লো-টী। বিচিত্রাণ্যদ্ভুতানি বিহগাশ্চ তৈঃ। 'নির্ম্মিতাং তা'মিত্যপি পাঠঃ। রাজতৈঃ রজতবর্ণৈঃ কাঞ্চনৈস্তদ্বর্ণৈঃ। যদ্বা, কাঞ্চনৈশ্চম্পকৈর্নাগকেসরৈর্ব্বা, "কাঞ্চনঃ কাঞ্চনারে স্যাচ্চম্পকে নাগকেসরে" ইতি কোষঃ। অথবা কৃত্রিমৈস্তৈস্তৈঃ।

৮। লো-টী। বিহগৈবাশুগৈর্মৃগসঙ্ঘৈঃ। "বিহগস্তু নৃলিঙ্গঃ স্যাদাশুগে চ বিহঙ্গমে" ইতি কোষঃ। চিত্রাণি অবান্তরকাননানি যস্যাং তাম্।

৯। লো-টী। পুষ্পোপগৈঃ পুষ্পৈর্যুক্তৈরিত্যর্থঃ। এবং ফলোপগৈঃ ফলৈর্যুক্তৈরিত্যর্থঃ। [পাঠান্তরং দ্রষ্টব্যম্।]

বেগ ও বলশালী মহাকপি পবননন্দন হনুমান্ তথা হইতে বেগে প্রস্থান করিয়া শত শত লতাসমাচ্ছাদিত পাদপাকীর্ণ বিশাল অশোকবনে প্রবেশ করিলেন ॥ ৬ ॥

পবননন্দন হনুমান্ সেই পক্ষিকুলাকীর্ণ বিচিত্র অশোকবনে প্রবেশ করিয়া দেখিলেন—তাহা অতি বিচিত্র, তাহা স্বর্ণ ও রজতময় পাদপরাজি এবং শীঘ্রগামী মৃগসমূহে পরিব্যাপ্ত, [অন্তর্বর্ত্তী ক্ষুদ্র ক্ষুদ্র] বিচিত্র কাননসমন্বিত এবং নবোদিত সূর্য্যের ন্যায় প্রভাবিশিষ্ট ॥ ৭-৮ ॥

তাহা নিরন্তর প্রমত্ত ভৃঙ্গরাজ ও কোকিলকর্ত্তৃক নিষেবিত এবং কর্ণিকার প্রভৃতি নানাবিধ বৃক্ষে পরিবেষ্টিত ॥ ৯ ॥

১। ঘ-দ 'বেগাদ্ধনুমান্'। ২। ক-ত '-স্কীর্ণাং'। ৩। ত 'সুচিত্রাং'। ৪। ঘ '-রনুসঙ্গতাম্', ছ '-রূপশোভিতাম্', থ '-পৈঃ সমলঙ্কৃতাম্', দ '-রভিস-'। ৫। ছ '-সিংহৈ-'। ৬। ছ 'উদিতাদিত্যসঙ্কাশা-'। ৭। ক '-স্মর-'। ৮। অতঃ পরং ছ-পুস্তকে 'মনোহরাং দৃষ্টিহরাং সৌগন্ধ্যাদ্ ঘ্রাণহারিণীম্।' ইত্যধিকম্। ৯। ঘ-থ '-ত্তাং নি-'। ১০। ক-ঘ-ত 'পুষ্পোপগফলোপগৈঃ'।

প্রকৃষ্টমুদিতে[1] কালে মৃগপক্ষিনিষেবিতে।
মত্তবর্হিণচক্রাঙ্গৈর্ব[2]সন্তে কামদীপনে ॥ ১০ ॥
মার্গমাণো বরারোহাং রাজপুত্রীমনিন্দিতাম্[3]।
সুখপ্রসুপ্তান্[4] বিহগান্ বোধয়ামাস বানরঃ ॥ ১১ ॥
উৎপতদ্ভির্দ্বিজগণৈঃ পক্ষবাতসমুদ্ধতাঃ[5]।
অনেকবর্ণাস্তরুভির্বিমুক্তাঃ পুষ্পবৃষ্টয়ঃ ॥ ১২ ॥
তত্রাবকীর্ণঃ শুশুভে হনুমান্ মারুতাত্মজঃ।
অশোকবনিকামধ্যে যথা পুষ্পময়ো গিরিঃ ॥ ১৩ ॥
দিশঃ সর্ব্বা বিধাবন্তং বৃক্ষষণ্ডগতং কপিম্।
দৃষ্ট্বা সর্ব্বাণি ভূতানি[6] বসন্তমিব মেনিরে ॥ ১৪ ॥

১০। লো-টী। কদাহণস্তং তদাহ—জনানাং প্রকৃষ্টহর্ষং যথা ভবতি তথা উদিতে বসন্তে কালে কামদীপনে ইত্যন্বয়ঃ। মত্তবর্হিণচক্রাঙ্গৈর্বিশিষ্টে। সপ্তম্যন্তপাঠঃ ক্বচিৎ।

১২। লো-টী। সমুদ্ধতাঃ কম্পিতাঃ।

১৩। লো-টী। তত্র তাভিঃ, তালে বা। আকীর্ণঃ আচ্ছাদিতঃ।

১৪। লো-টী। সর্ব্বাণি ভূতানি তত্রত্যানি মত্তং বসন্তমিব মেনিরে পতিতানেকপুষ্পাবৃতত্বাৎ।

প্রমত্ত ময়ূর ও চক্রবাকের দ্বারা কামোদ্দীপক উত্তম আনন্দময় বসন্তকালে মৃগ ও পক্ষিগণে পরিব্যাপ্ত বনমধ্যে হনুমান্ অনিন্দ্য-সুন্দরী রাজপুত্রীর অন্বেষণ করিতে লাগিলেন, তাহাতে সুখসুপ্ত পক্ষিগণের নিদ্রাভঙ্গ হইল ॥ ১০-১১ ॥

পক্ষিগণ [সন্ত্রস্ত হইয়া] উড়িতে থাকিলে, তাহাদের পক্ষ-সঞ্চালনজনিত বায়ুবেগে কম্পিত হইয়া বৃক্ষ হইতে নানাবর্ণের পুষ্পবৃষ্টি হইতে লাগিল ॥ ১২ ॥

পবননন্দন হনুমান্ সেই অশোকবনমধ্যে পুষ্পাচ্ছাদিত হইয়া পুষ্পময় পর্ব্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ১৩ ॥

চতুর্দ্দিকে ধাবমান বৃক্ষরাজির মধ্যবর্ত্তী হনুমান্‌কে দেখিয়া সমস্ত প্রাণীই যেন সাক্ষাৎ বসন্ত বলিয়া মনে করিতে লাগিল ॥ ১৪ ॥

১। ক 'প্রহৃষ্ট-'। ২। ঘ '-ক্রাঙ্গে ব-', ছ '-ক্রাঙ্গৈর্ব্ব-', ক '-ক্রাঙ্গে ব-'। ৩। দ '-পত্নী-'। ৪। ঘ 'সুখং'। ৫। ট '-সমন্বিতঃ'। ৬। ক 'ভূতানি সর্ব্বাণি'।

দ্রুমেভ্যঃ পতিতৈঃ পুষ্পৈরবকীর্ণা[1] পৃথগ্‌বিধৈঃ।
ররাজ বসুধা তত্র প্রমদেব[2] বিভূষিতা ॥ ১৫ ॥

তরস্বিনা তরুগণাস্তরসা সংপ্রকম্পিতাঃ।
পুষ্পবৃষ্টিম[3]বর্ষং[4]স্তে বিচিত্রাং কপিনা ধৃতাঃ[5] ॥ ১৬ ॥

নির্ধূতপর্ণ[6]শিখরাঃ কীর্ণপুষ্পফলদ্রুমাঃ।
বিক্ষিপ্তবস্ত্রা[7]ভরণা ধূর্ত্তা ইব পরাজিতাঃ ॥ ১৭ ॥

হনূমতা বেগবতা কম্পিতাস্তে নগোত্তমাঃ।
পর্ণ[8]পুষ্পফলান্যাশু মুমুচুঃ ফলশালিনঃ ॥ ১৮ ॥

বিহঙ্গসঙ্ঘ[9]হীনাশ্চ ফলপুষ্প[10]বিনাকৃতাঃ।

১৬। লো-টী। আদৌ প্রকম্পিতাস্ততো ধৃতাস্ত্যক্তাঃ।

১৭। লো-টী। নির্ধূতানি কম্পিতানি পর্ণানি পত্রাণি শিখরাণ্যগ্রাণি চ যেষাং তে, অতএব কীর্ণানি ত্যক্তানি পুষ্পাণি ফলানি চ যৈস্তে দ্রুমাঃ। 'কীর্ণা' ইতি পাঠে পর্ণৈঃ শিখরৈশ্চাচ্ছাদিতাঃ ফলপুষ্পচ্যুতা দ্রুমাঃ। ফলপুষ্পদ্রুমা ইতি মধ্যপদলোপী সমাসঃ। কীর্ণপুষ্পফলেষ্বেব দৃষ্টান্তঃ ধূর্ত্তা দ্যূতকারা ইব। অন্যেভ্যো দ্যূতকারেভ্যো বিক্ষিপ্তানি পরাজয়েন দত্তানি বস্ত্রাণি আভরণানি চ যৈস্তে। যদ্বা, ধূর্ত্তা বিটাঃ, যে তথা পরাজিতাঃ পরৈরন্যৈর্বা সম্যগ্‌ জিতা হৃতাঃ। "ধূর্ত্তস্তু খণ্ডনবণে, দক্ষে না, বিটে ত্রিষু" ইতি কোষঃ।

বৃক্ষ হইতে নিপতিত বিভিন্ন রকমের প্রচুর পুষ্পে আচ্ছাদিত হইয়া তথাকার ভূমি অলংকৃতা কামিনীর ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ১৫ ॥

বেগবান্ বানরকর্ত্তৃক বেগে কম্পিত হইয়া সেই পাদপরাজি বৃষ্টির ন্যায় [অজস্র] বিচিত্র পুষ্প বর্ষণ করিতে লাগিল ॥ ১৬ ॥

বৃক্ষরাজির অগ্রভাগ ও পত্রাবলী কম্পিত হইল, পুষ্প ও ফল বিক্ষিপ্ত হইল। ফলশালী উত্তম বৃক্ষসমূহ বেগবান্ হনুমান্ কর্ত্তৃক কম্পিত হইয়া বস্ত্র ও আভরণ-ক্ষেপণকারী পরাজিত ধূর্ত্তব্যক্তির ন্যায় [চারিদিকে] দ্রুতবেগে পুষ্প, পত্র ও ফলরাশি নিক্ষেপ করিতে লাগিল ॥ ১৭-১৮ ॥

১। খ '-কীর্ণৈঃ'। ২। খ 'প্রমদেন'। ৩। ছ '-ষ্টীর্ববৃষুস্তে', ত 'ষ্টিং বব্বৃষুস্তে'। ৪। খ '-বর্ষন্ত'। ৫। ছ '-নোদ্ধৃতাঃ'। ৬। ত '-পত্র-'। ৭। দ '-পুষ্পা-'। ৮। খ 'পত্র-', দ পূর্ণ-'। ৯। ঘ-ছ-ত '-সঙ্ঘ-'। ১০। খ '-নিম্না-'।

নাপুষ্যন্ত শ্রিয়ং বৃক্ষা নিরাশা ইব নির্ধনাঃ।
বভূবুরগমাঃ সর্ব্বে মারুতেন বিনির্ধুতাঃ[1] ॥ ১৯ ॥

[2]বিধূতবেশা[3] প্রমদা যথা মৃদিত[4]বর্ণকা[5]।
ক্রীড়নাদ্ ভাতি[6] বিরতা নখদন্তাভিবিক্ষতা ॥ ২০ ॥

তথা লাঙ্গূলহস্তাভ্যাং[7] চরণাভ্যাঞ্চ মর্দ্দিতা।
বভূবাশোকবনিকা ভগ্নপ্রবরপাদপা ॥ ২১ ॥

[8]স তত্র মণিভূমীশ্চ কাঞ্চনীশ্চ মহাকপিঃ।
তথা রজতভূমীশ্চ বিচচার সমাহিতঃ ॥ ২২ ॥

বাপীশ্চ বিবিধাকারাঃ পূর্ণাঃ [9]পরমবারিণা।
প্রসন্নসলিলাশ্চান্যা নলিনীঃ[10] ফুল্লপঙ্কজাঃ ॥ ২৩ ॥

১৯। লো-টী। বিনাকৃতাস্তাক্তাঃ। শ্রিয়ং শোভাং নাকর্ষন্ত। ন গচ্ছন্তীত্যগমা বৃক্ষাঃ। 'নগমা' ইতি পাঠঃ ক্বচিৎ।

২০। লো-টী। মৃদিতবর্ণিকা মৃদিতবিলেপনা। "বর্ণো ভেদে বিলেপনে" ইতি কোষঃ। 'মৃদিতকর্ণিকে'তি পাঠে সম্ভোগবসাবেশেন ভগ্নকর্ণভূষণা প্রমদেব। "কর্ণিকা কর্ণভূষায়াং করাটে মধ্যমাঙ্গুলা"বিত্যজয়ঃ। বিধূতকেশা বিপ্রকীর্ণকেশা। ক্রীড়নাদ্ বিরতা নিবৃত্তা।

২৩। লো-টী। বাপীবিশেষণং বা 'ফুল্লপঙ্কজা' ইতি। নলিনাঃ সরাংসি বিচচারেতি পূর্ব্বেণান্বয়ঃ।

হনূমান্ কর্ত্তৃক বিধ্বস্ত হইয়া পক্ষিগণের সম্পর্কশূন্য এবং ফলপুষ্পবিরহিত হওয়ায় সমস্ত বৃক্ষ নিরাশ নির্ধন ব্যক্তির ন্যায় শ্রীহীন ও অনভিগম্য হইল ॥ ১৯ ॥

[সুরত-] ক্রীড়াবিরত নখ ও দন্তদ্বারা ক্ষত-বিক্ষত নারী, বেশভূষা বিপর্য্যস্ত এবং অঙ্গরাগ মর্দ্দিত হওয়ায় যেরূপ শোভা পাইতে থাকে, বড় বড় বৃক্ষ ভগ্ন হওয়ায় [হনুমানের] হস্ত, পদ ও লাঙ্গূলদ্বারা বিধ্বস্ত অশোকবনিকাও সেইরূপ হইয়াছিল ॥ ২০-২১ ॥

মহাকপি হনুমান্ সেখানে মণি, কাঞ্চন ও রজতময় ভূতলে সমাহিত (অবহিত) হইয়া বিচরণ করিতে লাগিলেন ॥ ২২ ॥

হনুমান্ উৎকৃষ্ট-বারিপূর্ণ [ছোট বড়, ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তাকার] নানা রকমের দীর্ঘিকা, প্রফুল্ল পঙ্কজ ও স্বচ্ছ সলিলপূর্ণ অন্যান্য সরোবর, চারিদিকে

১। ছ 'বিবর্দ্ধিতাঃ', ঙ 'প্রকম্পিতাঃ'। ২। খ 'নির্ধূত-'। ৩। ঘ-ঙ-ব '-বেশাঃ প্র-', ছ '-বেশপ্র-'। ৪। খ 'মুদ্রিত-'। ৫। ঘ-ব '-বর্ণিকাঃ', ছ '-লেপনাঃ', ঙ-খ '-কর্ণিকাঃ'। ৬। খ 'বিভ্রা'। ৭। ঘ '-হস্তানাং' ৮। ঙ 'বপ্রমণি-'। ৯। ঙ 'বিবিধ-'। ১০। ক 'নালিনী', ছ 'নলিন্যঃ'।

মহার্হমণিসোপানৈরুপপন্নাস্ততস্ততঃ।
মণিপ্রবাল[1]বিকৃতাঃ স্ফ[2]টিকান্তরকুট্টিমাঃ ॥ ২৪ ॥
কাঞ্চনৈস্তরুভিশ্চিত্রৈ[3]স্তীরজৈরুপশোভিতাঃ।
ফুল্লপদ্মোৎপলবতীশ্চক্রবাকোপশোভিতাঃ ॥ ২৫
মত্তকারণ্ডবাকীর্ণা হংসসারসনাদিতাঃ।
দীর্ঘাভি[4]দ্রুমযুক্তাভিঃ সরিদ্ভি[5]শ্চ ততস্ততঃ[6] ॥ ২৬ ॥
লতাশতৈরব[7]ততামবতানশতৈস্তথা।
লতাগৃহবনো[8]পেতাং করবীরবনান্তরাম্[9] ॥ ২৭ ॥
[10]তামম্বুধরসঙ্কাশৈঃ প্রবৃদ্ধশিখরৈঃ শুভৈঃ।
বিচিত্রকূটরূপৈশ্চ[11] পর্ব্বতৈরুপশোভিতাম্ ॥ ২৮ ॥[12]
শিলাগৃহপরি[13]ক্ষিপ্তাং নানাগৃহ[14]সমাবৃতাম্[15]।
দদর্শ [16]বনমধ্যস্থাং[17] নদীং নির্হ্রাদিনীং কপিঃ ॥ ২৯ ॥

২৪-২৫। লো-টী। নলিনীবিশেষণং সার্দ্ধং শ্লোকদ্বয়ম্। ততস্ততঃ সর্ব্বাসু দিক্ষু। মণিপ্রবালাভ্যাং বিশেষেণ কৃতবন্ধাঃ। স্ফাটিকঃ স্ফটিকময়ঃ অন্তরে মধ্যে কুট্টিমো বদ্ধভূমির্যাসাং তাঃ। কুট্টিমোঽস্ত্রী নিবদ্ধভূমিরিত্যমরঃ। যদ্বা, স্ফাটিকেন স্ফটিকসমূহেন অন্তরে কুট্টিমো বদ্ধভূমির্যাসাং তাঃ, কাঞ্চনৈঃ কাঞ্চনবর্ণৈঃ কর্ণিকারৈশ্চ। তথা বাহ্যতঃ।

২৬-২৯। লো-টী। অশোকবনিকাং বিশিনষ্টি 'দীর্ঘাভি'রিত্যাদিনা 'দদর্শ চ নগা'মিত্যন্তেন গ্রন্থেন ষডক্ষরাদিকেন। নগাং নগমধ্যস্থ দদর্শ। 'বনগা'মিতি পাঠে তস্মিন্নেব বনে গচ্ছন্তীং নদীং

মহামূল্য মণিময় সোপানযুক্ত মণি ও প্রবালনির্ম্মিত স্ফটিকখচিত কুট্টিম, তীরস্থ কাঞ্চনময় বিচিত্র বৃক্ষরাজিদ্বারা পরিশোভিত, প্রফুল্ল পদ্ম ও উৎপলযুক্ত, চক্রবাক-পরিশোভিত, প্রমত্ত 'কারণ্ডব' (পক্ষিবিশেষ)-সংকীর্ণ, হংস ও সারসগণের

১। ক '-লমিশ্রিতাঃ', দ '-বালকৃতাঃ'। ২। ক-ঘ 'স্ফাটি-'। ৩। ঘ '-ত্রৈ রাজতৈ-', ড-ঘ 'ত্রৈ রাজতৈশ্চোপশোভিতৈঃ', দ '-ত্রৈ রাজতৈশ্চোপ-'। ৪। ক ছ 'দীর্ঘাভিশ্চ'। ৫। ছ 'সমন্ততঃ'। ৬। অতঃ পরং ছ-ধ-পুস্তকয়োঃ "অমৃতোপমতোয়াভিঃ শিবাভিরভি- (রূপ ধ) সংবৃতাঃ।" ইত্যধিকম্। ৭। ঘ-ছ-ত '-ততা অব-', ধ 'ততা ধরাতল-'। ৮। ধ '-পেতাঃ', দ '-পেতং'। ৯। দ '-ন্তরাঃ'। ১০। ধ 'তত্র জীমূতসঙ্কাশং প্রবৃদ্ধশিখরং শুভম্'। ১১। ঘ-ছ-দ 'বিচিত্রাং চিত্রকূটৈশ্চ', ত 'বিচিত্রচিত্র-', ধ 'বিচিত্রকুসুমৈঃ কূটৈঃ পর্ব্বতং পরিবারিতম্'। ১২। অতঃ পরং দ পুস্তকে "দদর্শ হরিশার্দ্দূলো রম্যং জগতি পর্ব্বতম্। তামম্বুধরসঙ্কাশৈঃ প্রবৃদ্ধশিখরৈঃ শুভৈঃ। বিচিত্রাং চিত্রকূটৈশ্চ পর্ব্বতৈরুপশোভিতাম্॥" ইত্যধিকম্। ১৩। ছ '-সমাসক্তাং', দ '-প্রতি-'। ১৪। ঘ '-গৃহসমাচিতাম্', ছ '-বৃক্ষসমাচিতাম্', ত '-মৃগসমাবৃতাম্'। ১৫। দ '-চিতাম্'। ১৬। ঘ 'বনগাং তত্র', ছ 'নিগতাং তস্থাং', ধ 'চ নাগারুহ্যাপ্রদীং', দ 'বনগাং তস্থাং'। ১৭। ক '-গাং'।

অঙ্কাদিব[1] সমুৎপত্য প্রিয়স্য[2] কুপিতাং প্রিয়াম্।
বালপল্লবশাখাগ্রাং স দদর্শ নগোত্তমে ॥ ৩০ ॥
ক্রীড়ন্তীং[4] দোলয়া জুষ্টাং[5] প্রমদামিব সুন্দরীম্।
পুনরাবর্ত্তমানাঞ্চ[3] দদর্শ সরিতং কপিঃ।
প্রসন্নামিব[6] কান্তস্য[7] কান্তাঞ্চ[8] পুনরাগতাম্ ॥ ৩১ ॥

দদর্শ। 'দদর্শ চ নগানি'তি কচিৎ পাঠঃ। অবততাং ব্যাপ্তাম্, লতাশতৈশ্চ অবতানশতৈশ্চ-আতপশতৈশ্চ। লতা এব গৃহা অঙ্গানি চ বনানি। পরিক্ষিপ্তাং ব্যাপ্তাম্। তস্যামশোকবনিকায়াং নদীং দদর্শেতি পরেণান্বয়ঃ। নির্হ্রাদো নাদঃ।

৩০। লো-টী। কিম্ভূতাং নদীম্? তত্রোপমান'মঙ্কাদিবে'তি। নগোত্তমে স্থিতঃ কপিঃ প্রিয়স্যাঙ্কাৎ সমুৎপত্য অঙ্কং পরিত্যজ্য প্রণয়কোপেন ভজন্তীং গচ্ছন্তীং প্রিয়ামিব। বালাঃ কোমলাঃ পল্লবাশ্চ তাসাং প্রতিবিম্বিতানামগ্রং সমূহো যস্যাং তাম্। প্রিয়াপক্ষে পল্লবস্থানীয়ৌ হস্তৌ, শাখাস্থানীয়াঃ কেশাঃ, অগ্রং শ্রেষ্ঠম্। যদ্বা, পল্লবস্থানীয়াঃ কেশাঃ শাখে বাহূ। "শাখা পক্ষান্তরে বাহৌ বেদভাগদ্রুমাঙ্গয়ো"রিতি কোষঃ। "অগ্রং সমূহে প্রান্তে চ অধিকে চ নপুংসক"মিত্যজয়ঃ। 'ব্যাপিপল্লবশাখান্তা'মিতি সর্ব্বজ্ঞপাঠঃ। তদ্ব্যাখ্যানং—ব্যাপিনী পল্লবশাখা যস্যাং তামিতি।

৩১। লো-টী। পুনরপি সরিতং প্রমদারূপেণ নিরূপয়তি—'ক্রীড়ন্তী'মিতি। দোলয়া যানান্তরেণ। 'পুনরাবর্ত্তমানা'মিতি। অত্র চ আবর্ত্তরূপেণাগচ্ছন্তীং নদীম্। "দোলা যানান্তরে নীল্যা"মিতি ভূরিঃ। 'প্রসন্নামিব কান্তস্য কান্তাং পুনরুপগতা'মিতি পাঠে পুনরুক্তিদোষঃ। যদ্বা, দৃষ্টান্তান্তরেণ নদীং রূপয়তি 'প্রসন্নামিবে'তি। কং মদিরাসুখমত্যন্তমতিমনোহরং যস্য তস্য মত্তস্য যথা পুনরাগতাং কান্তাং কমনীয়াং প্রসন্নাং সুরামিব। পক্ষান্তরে কং জলমতিমনোহরং যস্য তস্য জলার্থিনো জনস্য যথা প্রসন্নাং স্বচ্ছাং কান্তাং কমনীয়াং পুনরুপাগতাং পুনঃ প্রাপ্তাং নদীম্। "প্রসন্না স্ত্রী সুরায়াং স্যাদচ্ছসন্তুষ্টয়োর্দ্বয়" ইতি কোষঃ। "অস্ত্রং পানেঽপ্যকে নাশে স্বরূপেঽতিমনোহরে" ইতি বিশ্বঃ।

কলনাদে নিনাদিত, চারিদিকে সুদীর্ঘ দ্রুমরাজি-পরিশোভিত নদী এবং শত শত লতাবিতানে সমাচ্ছাদিত, লতাকুঞ্জ ও কাননসমন্বিত কর্ব্বীর বনযুক্ত মেঘতুল্য উন্নতশিখর মনোহর বিচিত্র বর্ণের পর্ব্বতমালায় পরিশোভিত, শিলাগৃহ পরিবেষ্টিত বহুগৃহসমাবৃত [অশোকবন ও] বনমধ্যস্থ কলনাদিনী নদী দেখিতে পাইলেন ॥ ১৩-২৯ ॥

হনুমান্ উত্তম পর্ব্বতোপরি প্রিয়তমের অঙ্ক হইতে সমুত্থিতা কুপিতা কামিনীর ন্যায়, কান্তসমীপে প্রত্যাবৃত্তা প্রসন্ন কামিনীর ন্যায় এবং দোলার আন্দোলনে আকৃষ্টা ক্রীড়াপরায়ণা সুন্দরী কামিনীর ন্যায় পুনঃ পুনঃ আবর্ত্তমানা নদী দেখিতে পাইলেন—[দুই দিক হইতে] বৃক্ষশাখার নবীন পল্লবযুক্ত অগ্রভাগ তদুপরি পতিত হইয়াছিল ॥ ৩০-৩১ ॥

১। ত 'ঘর্মাদিব'। ২। অতঃ পরং ঙ-পুস্তকে 'প্রসন্নামিব কান্তস্য কান্তাঞ্চ পুনরাগতাম্।' ইত্যধিকম্। ৩। ক-ছ-ত 'চ'। ৪। ত 'দোলয়া'। ৫। ঙ-ত '-কৃষ্টাং'। ৬। দ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৭। ট '-স্যপি'। ৮। ঘ-ঙ-ণ 'কান্তাং পুনরুপাগতাম্'।

সপদ্মাশ্চ[১] নদীস্তত্র নানাদ্বিজগণাযুতাঃ[২]।
দদর্শ হনুমান্ বীরো নদদ্ভির্ব্বিহগৈঃ শুভৈঃ ॥ ৩২ ॥

কৃত্রিমাঞ্চ[৩] নদীং রম্যাং পূর্ণাং[৪] শীতেন বারিণা।
মণিপ্রবাল[৫]সোপানাং মুক্তামিশ্রিতবালুকাম্[৬] ॥ ৩৩ ॥

প্রাসাদৈঃ সুমহদ্ভিশ্চ সুকৃতৈর্ব্বি[৭]শ্বকর্ম্মণা।
কাঞ্চনৈঃ পর্ব্বতৈশ্চৈব কৃত্রিমৈরুপশোভিতাম্ ॥ ৩৪ ॥

যে কেচিৎ পাদপাস্তত্র পুষ্পোপগফলোপগাঃ[৮]।
সুচ্ছদা[৯] বিবিধাকারাঃ সর্ব্বে সৌবর্ণবেদিকাঃ।
দিব্যাভির্ব্বহুপুষ্পাভির্লতাভিরনুবেষ্টিতাঃ ॥ ৩৫ ॥

বীক্ষমাণশ্চ তত্রাসৌ মার্গমাণশ্চ মৈথিলীম্[১০]।
অবেক্ষমাণো ভূমিং[১১] চ সর্ব্বতঃ সোহন্বৈক্ষত ॥ ৩৬ ॥

৩৩। লো-টী। মুক্তামিশ্রিতবালুকাং মুক্তাব্যাপ্তবালুকাম্।
৩৪। লো-টী। পুনরশোকবনিকাং বিশিনষ্টি—'প্রাসাদৈ'রিতিপদ্যেন।
৩৫। লো-টী সৌবর্ণবেদিকাস্তলে ইতি শেষঃ। অনুবেষ্টিতাঃ পাদপাঃ।
৩৬। লো-টী। বীক্ষমাণঃ পাদপান্ ভূমিং চাবেক্ষমাণঃ। সর্ব্বতঃ সর্ব্বত্র। সোহন্বৈক্ষত—'বিসিস্ময়ে' ইতি কশ্চিৎ।

বীর হনুমান্ সেখানে নানা পক্ষিসমাকীর্ণ পদ্মযুক্ত নদীসমূহ এবং [চারিদিকে] বিশ্বকর্ম্মার নির্ম্মিত সুবৃহৎ অট্টালিকা, কাঞ্চনময় কৃত্রিম পর্ব্বত ও কূজনকারী মনোরম পক্ষিসমূহে পরিশোভিত, মণি ও প্রবালময় সোপানসম্পন্ন, মুক্তামিশ্রিত বালুকাযুক্ত, শীতল সলিলপূর্ণ রমণীয় কৃত্রিম নদী দেখিতে পাইলেন ॥ ৩২-৩৪ ॥

সেখানে বিভিন্ন রকমের যে সমস্ত বৃক্ষ আছে, তাহাদের প্রত্যেকটিই মনোরম পত্র এবং ফল-পুষ্প-সম্পন্ন, প্রত্যেকটিই সুবর্ণময় বেদিকাযুক্ত এবং বহু পুষ্প-সমাকীর্ণ মনোরম লতাসমূহে পরিবেষ্টিত ॥ ৩৫ ॥

হনুমান্ সেখানে দেখিতে দেখিতে এবং সীতার অন্বেষণ করিতে করিতে ভূতলে অবলোকন করত চারিদিকে পর্য্যবেক্ষণ করিলেন ॥ ৩৬ ॥

১। ভ '-শ্চ নদীস্তত্র'। ২। দ '-সমাবৃতাঃ'। ৩। ক '-ন্দীমন্যাং', থ '-ন্দীং বন্যাং'। ৪। ছ 'শীতলবা-'। ৫। ছ-ভ '-প্রবর-'। ৬। ভ 'মুক্তাং নিঃসৃতবালুকাম্', থ 'মুক্তাপ্রতিমবালুকাম্'। ৭। থ 'নির্ম্মিতৈর্ব্বি-'। ৮। ড-থ-দ '-ফলাপলাঃ'। ৯। ঘ-থ 'সচ্ছদা', ভ 'সচ্ছত্রা'। ১০। থ 'জানকীম্'। ১১। ছ 'ভূমীশ্চ'।

সুসংমৃষ্টেষু[1] দেশেষু সুমৃষ্টমণিতোরণম্[2] ।
দদর্শ বিবিধাকারং[3] মণিকাঞ্চনবেদিকম্[4] ॥ ৩৭ ॥

তথা বিচরতস্তস্য তদ্বনং পুষ্পিতদ্রুমম্ ।
মার্গমাণস্য বৈদেহীং ব্যতীয়ায়[5] বিভাবরী ॥ ৩৮ ॥

ষড়ঙ্গবেদবিদুষাং ক্রতুপ্রবরযাজিনাম্ ।
শুশ্রাব ব্রহ্মঘোষঞ্চ[6] তূর্য্যঘোষঞ্চ[7] মারুতিঃ ॥ ৩৯ ॥

মুক্ত্বা[8] বিহঙ্গাঃ[9] স্থানানি যযুঃ[10] পদ্মসরাংসি বৈ ।
বোধয়িত্বা শুভৈর্ব্বাক্যৈঃ কামিনীমিব কামুকঃ[11] ॥ ৪০ ॥

সোঽপশ্যদ্ ভূমিভাগাংশ্চ তত্র[12] প্রস্রবণানি চ ।
তথা[13] সুবর্ণ[14]বৃক্ষাংশ্চ সৌবর্ণকুসুম[15]চ্ছদান্ ॥ ৪১ ॥

৩৭। গো-টী। সুসংমৃষ্টেষু। গৃহ'মিতি শেষঃ। সংমৃষ্টানি উজ্জ্বলানি মণি-তোরণানি মণিময়ানি বহির্দ্বারাণি যস্য তৎ।

৩৮। গো-টী। বিভাবরী রাত্রিঃ ব্যতীয়ায় অতিক্রান্তা।

৪০। গো-টী। মুক্ত্বা ত্যক্ত্বা।

[তিনি] সুপরিষ্কৃত প্রদেশে মণি ও কাঞ্চনময় বেদিকাযুক্ত উজ্জ্বল মণিময় নানাপ্রকার তোরণ দেখিতে পাইলেন ॥ ৩৭ ॥

সীতান্বেষণার্থে হনুমানের পুষ্পিত বৃক্ষযুক্ত সেই বনে এইরূপে বিচরণ করিতে করিতে রাত্রি অতিবাহিত হইল ॥ ৩৮ ॥

হনুমান্ ষড়ঙ্গবেদবিৎ উত্তম যাজ্ঞিকগণের বেদধ্বনি এবং তূর্য্যধ্বনি শুনিতে পাইলেন ॥ ৩৯ ॥

বিহঙ্গগণ কামুক ব্যক্তির ন্যায় মধুর বাক্যে (শব্দে) কামিনীগণকে জাগরিত করিয়া স্থানত্যাগপূর্ব্বক পদ্মসরোবরে গমন করিল ॥ ৪০ ॥

হনুমান্ সেখানে ভূভাগ, প্রস্রবণ এবং সুবর্ণময় পুষ্প ও পত্রযুক্ত সুবর্ণময় বৃক্ষসমূহ দেখিতে পাইলেন ॥ ৪১ ॥

১। ঘ-থ 'অসং-'। ২। থ '-ণাব'। ৩। থ '-কারাং'। ৪। থ '-কাম্'। ৫। ঘ 'ব্যতীতা সা'। ৬। ছ '-ঘোষাংশ্চ'। ৭। ছ '-ঘোষাংশ্চ'। ৮। ত '-ক্তা'। ৯। থ 'পানার্থে'। ১০। ত 'যান্তি পদ্মাকুলং সরঃ'। ১১। ত '-কাঃ'। ১২। থ 'ততঃ'। ১৩। থ 'ততঃ'। ১৪। ঘ 'সৌবর্ণ-'। ১৫। ছ '-কুঙ্কুম-'।

তেষাং দ্রুমাণাং প্রভয়া মেরোরিব সমপ্রভঃ[1]।
অমন্যত মহাতেজাঃ কাঞ্চনোঽস্মীতি মারুতিঃ ॥ ৪২ ॥
তান্ কাঞ্চনাংস্তরুগণান্ মারুতেন সমীরিতান্।
কিঙ্কিণীশতনির্ঘোষান্ দদর্শ পবনাত্মজঃ ॥ ৪৩ ॥
ততাং[2] প্রবালৈস্তরুণৈঃ পত্রৈশ্চ বহুভির্বৃতাম্[3]।
কাঞ্চনীং শিংশপামেকাং দদর্শ মহতীং[4] কপিঃ ॥ ৪৪ ॥
তেষাং কাঞ্চনবৃক্ষাণাং মধ্যে জাতং মহাদ্রুমম্।
প্রবৃদ্ধং শিংশপাবৃক্ষং পুপ্লুবে তং মহাকপিঃ[5] ॥ ৪৫ ॥
আপ্লুত্য হনুমান্ বীরো দদর্শ রুচিরপ্রভাম্[6]।
বৃতাং হেমময়ীভিশ্চ বেদিকাভিঃ[7] সমন্ততঃ ॥ ৪৬ ॥

৪২। লো-টী। অমন্যত আত্মানমিতি শেষঃ।

৪৩। লো-টী। কিঙ্কিণীশতানামিব নির্ঘোষো যেষাং তান্।

৪৪। লো-টী। ততাং ব্যাপ্তাং প্রবালৈঃ কোমলৈস্তরুণৈর্নবৈ[র্বা ?]শ্চ। একানেকজাতীয়াম্। মহতীং বহুশাখিতার্থঃ। অতো বক্ষ্যতি 'ভৌমা'মিতি।

মহাতেজস্বী হনুমান্ সেই বৃক্ষসমূহের প্রভায় সুমেরুপর্ব্বতের ন্যায় প্রভামণ্ডিত হইয়া মনে করিলেন—"আমি সুবর্ণময় হইয়াছি" ॥ ৪২ ॥

হনুমান্ দেখিলেন—সেই কাঞ্চনময় তরুরাজি বাতান্দোলিত হইয়া শত শত কিঙ্কিণীর ন্যায় শব্দ করিতেছে ॥ ৪৩ ॥

হনুমান্ বহু পত্রসমাচ্ছন্ন তরুণ পল্লবে পরিব্যাপ্ত একটি কাঞ্চনময় বিশাল শিংশপা-বৃক্ষ দেখিতে পাইলেন ॥ ৪৪ ॥

মহাকপি হনুমান্ সেই কাঞ্চনময় বৃক্ষসমূহের মধ্যভাগে সমুৎপন্ন সেই প্রবর্দ্ধিত বিশাল শিংশপাবৃক্ষে লাফাইয়া গমন করিলেন ॥ ৪৫ ॥

মহাতেজস্বী বীর হনুমান্ লম্ফপ্রদানপূর্ব্বক চারিদিকে সুবর্ণময় বেদিকা-

১। ছ 'সমন্ততঃ'। ২। ঘ-ছ 'ভূতঃ', থ 'লতা-'। ৩। থ '-যুতাম্', দ '-ধৃতাম্'। ৪। ঘ '-তরুণ', থ '-প্রভম্'। ৫। ঘ-ছ-থ 'স মারুতিঃ'। ৬। দ '-য়াননাম্'। ৭। দ 'বেদীভিশ্চ'।

সুপুষ্পিতাগ্রাং[১] রুচিরাং তরুণাঙ্কুরকোমলাম্।
সমারুহ্য মহাতেজাঃ শিংশপাং তামচিন্তয়ৎ ॥ ৪৭ ॥

ইহ[২] দ্রক্ষ্যামি বৈদেহীং রামদর্শনলালসাম্।
ইতশ্চেতশ্চ দুঃখার্তাং[৩] সংপতন্তীং[৪] যদৃচ্ছয়া ॥ ৪৮ ॥

নিরুদ্ধাং পরমোদ্বিগ্নাং বাষ্পাপিহিতলোচনাম্[৫]।
মৃগেণ হরিণীং হীনাং মৃগরাজবশামিব ॥ ৪৯ ॥

অশোকবনিকা হীয়ং দৃঢ়ং[৬] রম্যা দুরাত্মনঃ।
কাঞ্চনৈরাবৃতা[৭] বৃক্ষৈর্বহুভিঃ সুমনোহরৈঃ ॥ ৫০ ॥

চম্পকৈঃ সরলৈশ্চৈব[৮] শোভিতা চন্দনৈস্তথা।
লতাভিশ্চ[৯] সুপুষ্পাভিস্মাল্যৈশ্চ জলজৈস্তথা ॥ ৫১ ॥

৪৭। লো-টী। তরুণাঃ কোমলাশ্চাঙ্কুরা যস্যাং তাম্।
৪৯। লো-টী। মৃগরাজঃ সিংহঃ।
৫০। লো-টী। দৃঢ়মত্যর্থম্।

পরিবৃত, মনোরম প্রভামণ্ডিত, অগ্রভাগে উত্তম পুষ্পযুক্ত, তরুণ অঙ্কুরোদ্গমে মনোরম সেই শিংশপা-বৃক্ষে আরোহণ করিয়া নিরীক্ষণ করিতে লাগিলেন এবং চিন্তা করিলেন—॥ ৪৬-৪৭ ॥

এইখানে রামের দর্শনলালসায় ইচ্ছানুসারে ইতস্ততঃ ধাবমানা অত্যন্ত উদ্বিগ্না দুঃখার্তা বাষ্পচ্ছন্ননেত্রা অবরুদ্ধা বিদেহরাজ-নন্দিনী সীতাকে সিংহবশবর্তিনী হরিণ-পরিত্যক্তা হরিণীর ন্যায় দেখিতে পাইব ॥ ৪৮-৪৯ ॥

দুরাত্মা রাবণের এই অশোক-বন অত্যন্ত রমণীয়—ইহা কাঞ্চনময় বহু বৃক্ষে পরিব্যাপ্ত এবং চম্পক, সরল ও চন্দনবৃক্ষ, উত্তম পুষ্পসমন্বিত বহু লতা এবং জলজ পুষ্পদ্বারা পরিশোভিত ॥ ৫০-৫১ ॥

১। ঘ 'পুষ্পিতাগ্রাং সুরু-', চ 'পুষ্পিতাগ্রাং সুরু-', দ 'পুষ্পিতাগ্রাক রু-'। ২। ক 'ইতো'। ৩। ক 'দুঃখিতাং'। ৪। চ 'সংপতন্তীং'। ৫। ছ 'বাষ্পাপিহিত-'। ৬। ত 'দৃষ্টা'। ৭। ঘ '-রাবৃতৈর্বৃক্ষৈ-'। । ঘ 'শব-'। ৯। চ-ট 'লতাভিঃ পুষ্পিতাভিশ্চ তমালৈরিষুদৈস্তথা'।

ইয়ঞ্চ[১] নলিনী রম্যা দ্বিজসঙ্ঘনিষেবিতা।
ইহ সা রামমহিষী নূনমেষ্যতি[২] জানকী ॥ ৫২ ॥

এবন্তু[৩] মত্বা হনুমান্ মহাত্মা পরীক্ষমাণো[৪] মনুজেন্দ্রপত্নীম্।
অবেক্ষমাণশ্চ দদর্শ সর্ব্বং[৫] সুপুষ্পিতে পত্রঘনে[৬] নিলীনঃ ॥ ৫৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডেঽশোকবনিকাপ্রবেশো
নাম সপ্তদশঃ সর্গঃ ॥ ১৭ ॥

৫৩। লো-টী। অবেক্ষমাণঃ দর্শনীয়ং সর্ব্বং বনম্। পত্রঘনে ঘনপত্রে, পত্রেণ ঘনে নিরন্তরে ছিদ্রশূন্যে ইতি বা। "ঘনং কাংস্যাদিবাদ্যে স্যাৎ ত্রিষু পূর্ণে নিরন্তরে" ইতি ভূরিঃ।

অশোকবনিকাভিচয়ঃ ॥ ১৭ ॥

এই পক্ষিকুলাকীর্ণ পদ্মসরোবর অতীব রমণীয়, রাম-মহিষী সীতা নিশ্চয়ই এস্থানে আগমন করিবেন ॥ ৫২ ॥

এইরূপ মনে করিয়া মহাত্মা হনুমান্ রাম-মহিষী সীতার প্রতীক্ষা করিতে করিতে পুষ্পযুক্ত পত্রমধ্যে বিলীন থাকিয়া সমস্ত পর্য্যবেক্ষণ করিতে লাগিলেন ॥৫৩॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে অশোকবনিকা-
প্রবেশ নামক ১৭শ সর্গ সমাপ্ত ॥ ১৭ ॥

১। ভ-পুস্তকে ইতঃ শ্লোকদ্বয়ং নাস্তি। ২। অতঃ পরং ছ-পুস্তকে 'বনবাসরতা নিত্যমেষ্যতে বনচারিণী। রামস্য দয়িতা ভার্য্যা নূনমেষ্যতি জানকী। রামশোকাভিসন্তপ্তা প্রিয়রামা মনোরমা। যদি জীবতি সা দেবী তারাপতি-নিভাননা। আগমিষ্যতি শুভাক্তমিমাং পুণ্যাং মহানদীম্॥" ইতি, থ-পুস্তকে পুনঃ "সা রামা রামমহিষী রামস্য চ সখী প্রিয়া। বনসঞ্চারকুশলা নূনমেষ্যতি জানকী। অথবা মৃগশাবাক্ষী বনস্যাস্য বিচক্ষণা। বনমেষ্যতি সা চেদং রামচিন্তানুকর্ষিতা। রামশোকাভিসন্তপ্তা সা দেবী বামলোচনা। বনবাসরতা নিত্যমেষ্যতে বনচারিণী। বনেচরাণাং সততং নূনং স্পৃহয়তে বনম্। রামস্য দয়িতা ভার্য্যা নূনমেষ্যতি জানকী। রামশোকাভিসন্তপ্তা প্রিয়া রামমনোরমা। সন্ধ্যেব বাসরস্যাসৌ ধ্রুবমেষ্যতি জানকী। ইমাং নদীং শীতজলাং সন্ধ্যা চ বরবর্ণিনী। তস্যাশ্চাপ্যনুরূপেয়মশোকবনিকা শুভা। তত্র যা পার্থিবেন্দ্রস্য পত্নী রামস্য সম্মতা। যদি জীবতি সা দেবী তারাপতিনিভাননা। আগমিষ্যতি সাবশ্যমিমাং পুণ্যাং মহানদীম্॥" ইত্যধিকম্। ৩। ঘ-ছ-থ 'ইত্যেবমুক্ত্বা'। ৪। ঘ 'প্রতীক্ষ-', ছ-থ 'নিরীক্ষ-'। ৫। থ-দ 'তং'। ৬। থ '-বনে'।

(১৮) অষ্টাদশঃ সর্গঃ

পরীক্ষমাণস্তত্রাথ[1] মার্গমাণশ্চ[2] জানকীম্[3]।
অপশ্যদ্ ভূমিভাগাংশ্চ সর্ব্বতঃ সুসমাহিতান্[4] ॥ ১ ॥

সুসংমৃষ্টেষু[5] দেশেষু মুক্তাবৈদূর্য্যবেদিকান্[6]।
দদর্শ হনুমাংস্তত্র মণিকাঞ্চনরাজতান্[7] ॥ ২ ॥

সন্তানকলতাভিশ্চ পাদপাননুবেষ্টিতান্।
সৃজতঃ পুষ্পবর্ষাণি জীমূতানিব[8] বর্ষতঃ[9] ॥ ৩ ॥

কেশরাংশ্চাপ্যশোকাংশ্চ[10] তথা শাল্মলিকিংশুকান্[12]।
জ্বলনার্কনিভান্[13] ফুল্লান্[14] সমন্তাদনুশোভিতান্[15] ॥ ৪ ॥

তমালৈঃ[16] কর্ণিকারৈশ্চ চম্পকৈশ্চ সুপুষ্পিতৈঃ।
মেরোঃ শিখরসঙ্কাশৈর্নাগৈরিব বিরাজিতান্ ॥ ৫ ॥

১। গো-টী। সুসমাহিতান্ সুষ্ঠু সমাহিতান্, ভূমিভাগান্ ভূপ্রদেশান্, তত্র তেষু দেশেষু।

২-৩। গো-টী। পাদপান্ দদর্শ ইতি সম্বন্ধঃ। বিভক্তান্ বিভাগেনারোপিতান্। বজ্রময্যো বেদিকা যেষু তান্। মণিকাঞ্চনরাজতান্ তত্তদ্বর্ণান্। সন্তানকলতাভিঃ কল্পতরুলতাভিঃ।

৪-৫। গো-টী। পুনর্ভূমিভাগান্ বিশিনষ্টি 'কেশরৈ'রিতি ত্রয়েন। কেশরৈর্নাগকেশরৈঃ। নাগৈঃ সর্পৈরিব। সন্নিহিতান্ চন্দনবৃক্ষানিব। 'বিরাজিতা'নিতি কর্ম্মণি পাঠঃ।

হনুমান্ সেখানে পরীক্ষা করিয়া দেখিতে দেখিতে এবং সীতার অন্বেষণ করিতে করিতে চারিদিকে সুরক্ষিত স্থানসমূহও অবলোকন করিলেন ॥ ১ ॥

হনুমান্ সেখানে সুপরিষ্কৃত প্রদেশে কল্পলতা-পরিবেষ্টিত, মুক্তা ও প্রবালময় বেদিকাযুক্ত, বর্ষণশীল মেঘের ন্যায় পুষ্প-বর্ষণকারী, মণি, কাঞ্চন ও রজতময় বৃক্ষসমূহ দেখিলেন ॥ ২-৩ ॥

[হনুমান্] চতুর্দ্দিকে বহ্নি ও সূর্য্যের ন্যায় শোভাময় প্রফুল্ল কেশর, অশোক, শাল্মলি ও কিংশুক বৃক্ষ [দেখিতে পাইলেন] ॥ ৪ ॥

১। ইতঃ প্রভৃতি চতুর্দ্দশশ্লোকাত্মকাংশস্থ স্থানে ক-পুস্তকে "তমালৈঃ কর্ণিকারৈশ্চ চম্পকৈশ্চ সুপুষ্পিতৈঃ। মেরোঃ শিখরসঙ্কাশৈর্নাগৈরিব বিরাজিতম্॥" ইত্যয়মেক এব শ্লোকো দৃশ্যতে, গ ঙ-খ 'সর্ব্বতঃ'। ২। চ '-শ্চ'। ৩। ব 'মৈথিলীম্'। ৪। খ '-হিতঃ'। ৫। চ 'সংসৃষ্টে-'। ৬। চ 'বজ্রবৈদূর্য্যবেদিকান্', ক 'বিচিত্রান্ মণিবেদিকান্'। ৭। ব 'বেদিকান্'। ৮। ব '-নীব'। ৯। গ-ব 'বর্ষতঃ'। ১০। চ খ ব '-চৈত্রান্যাপ-'। ১১। চ খ ব '-শোকৈশ্চ'। ১২। ঙ-খ ব '-কৈঃ'। ১৩। ঙ-খ ব 'নিভৈঃ'। ১৪। ঙ-খ ব '-ল্লৈঃ'। ১৫। চ '-নুপশোভিতাম্', খ-ব '-নুপশোভিতান্'। ১৬। ক-ঙ-পুস্তকয়োরয়ং শ্লোকো নাস্তি, ব 'বকুলৈঃ'।

শাতকুম্ভপ্রভাঃ কেচিৎ কেচিদগ্নিশিখোপমাঃ।
নীলাঞ্জননিভাঃ কেচিৎ তত্রাশোকাঃ সমন্ততঃ ॥ ৬ ॥

নন্দনং বিবুধোদ্যানং বনং চৈত্ররথং যথা।
অতিবৃত্তমচিন্ত্যঞ্চ দিব্যং রম্যং শ্রিয়া বৃতম্ ॥ ৭ ॥

দ্বিতীয়মিব চাকাশং পুষ্পজ্যোতির্গণাবৃতম্।
পুষ্পরত্নশতৈশ্চিত্রৈঃ পঞ্চমং সাগরং যথা ॥ ৮ ॥

স তন্নন্দনসঙ্কাশং মৃগপক্ষিনিষেবিতম্।
হর্ম্ম্যপ্রাসাদসংবাধং কোকিলোৎকূজনাদিতম্ ॥ ৯ ॥

৭। লো-টী। আদিত্যমতিবৃত্তমতিক্রান্তমিব, উচ্চতয়া। যদ্বা, আদিত্যমুত্তমন্তং রক্তবর্ণমতিক্রান্তমিব, রক্তবর্ণতয়া। অচিন্ত্যং তত্র বনোত্তমম্ ঈদৃশমিতি বক্তুং চিন্তয়িতুং বা অশক্যম্। [পাঠান্তরং দ্রষ্টব্যম্]।

৮। লো-টী। পুষ্পাণ্যেব জ্যোতির্গণাঃ তৈরাবৃতম্। চত্বারঃ সাগরাঃ, প্রতিদিশমেকৈকস্য ভেদাৎ, পঞ্চমং তদিতাশয়ঃ।

৯। লো-টী। হর্ম্ম্যাণাং প্রাসাদানাং চ সম্যগ্ বাধা পীড়া যত্র তৎ। কোকিলানামুৎকূজৈঃ শব্দৈর্নাদিতম্।

সেগুলি [চারিদিকে] সুন্দর পুষ্পযুক্ত সুমেরুশৃঙ্গতুল্য তমাল, কর্ণিকার ও চম্পক বৃক্ষদ্বারা যেন সর্পদ্বারা বিরাজিত (অর্থাৎ চন্দনবৃক্ষের ন্যায়) ॥ ৫ ॥

সেই বনের চারিদিকে অশোকবৃক্ষ ; তাহাদের কতকগুলি সুবর্ণের ন্যায় এবং কতকগুলি অগ্নিশিখার ন্যায় প্রভাবিশিষ্ট ; আবার কতকগুলি নীলাঞ্জনের (অর্থাৎ তুঁতের) ন্যায় ॥ ৬ ॥

রমণীয় দেবোদ্যান নন্দনবন এবং রমণীয় কুবেরের উদ্যান চৈত্ররথের ন্যায় সেই বন অতি বিশাল, অচিন্তনীয় এবং অপূর্ব্ব সৌন্দর্য্যমণ্ডিত ॥ ৭ ॥

সেই বন পুষ্পরূপ জ্যোতিষ্কমালাবিমণ্ডিত দ্বিতীয় একটী আকাশের ন্যায় এবং পুষ্পরূপ শত শত বিচিত্র রত্নদ্বারা পঞ্চম সমুদ্রের ন্যায় ॥ ৮ ॥

পবননন্দন হনূমান্ সেখানে অবস্থান করিয়া সেই নন্দনবনতুল্য অরণ্য অবলোকন করিতে লাগিলেন—তাহা মৃগ ও পক্ষিগণের আশ্রয়, হর্ম্ম্য ও প্রাসাদ-

১। ঘ-ঙ '-নি-', ঙ '-মঃ'। ২। ঙ-ঘ 'যথা নন্দনমুদ্যানং'। ৩। ক 'বিবিধোদ্যানং'। ৪। ঘ 'চিত্রৈর্বনং যথা', ঙ ম 'চিত্রং'। ৫। ক ছ-ঙ 'তথা'। ৬। ধ 'অনিবৃত্তমিবাদিত্যমচিন্ত্যং তদ্বনোত্তমম্', দ 'অনিবৃত্তং শিয়া জুষ্টমচিন্ত্যং তদ্বনোত্তমম্', ঘ 'অতিবৃত্তমিবাদীপ্তমচিন্ত্যং তদ্বনোত্তমম্', ছ-ত 'অনিবৃত্তমিবাদিত্যমচিন্ত্যং তৎ বনোত্তমম্'। ৭। ঘ '-মিতৈ-'। ৮। ধ '-মং সাগরো যথা'। ৯। ছ '-লোৎকর-', ত '-লৈমধু-', দ '-লাকূজ-'।

পুষ্পিতোৎপলপদ্মা[1]ভির্ব্বাপীভিরুপশোভিতম্ ।
বহ্বাসনগৃহোপেতং বহু[2]ভূমি[3]শতৈর্ব্বৃতম্ ॥ ১০ ॥
লতা[4]বিতানৈর্ব্বি[5]বিধৈঃ পুষ্পৈ[6]রবনতদ্রুমম্ ।
তথা গুল্মসহস্রৈশ্চ সর্ব্বতঃ সমলঙ্কৃতম্ ॥ ১১ ॥
দিব্যৈঃ সর্ব্বর্ত্তুকুসুমৈঃ ফলবদ্ভিশ্চ পাদপৈঃ ।
দিব্যগন্ধরসস্পর্শৈঃ শোভিতং[7] সংপ্রপুষ্পিতৈঃ ॥ ১২ ॥
পুষ্পিতানামশোকানাং প্রভাং সূর্য্যোদয়ং প্রতি ।
প্রদীপ্তা[8]মিব তত্রস্থো মারুতিঃ সমু[9]দৈক্ষত ॥ ১৩ ॥

১০। লো-টী। পুষ্পিতানি উৎপলপদ্মানি যাসু তাভিঃ। বহুভিরাসনৈর্গৃহৈশ্চোপেতং যুক্তম্। বহুভির্ভূমিশতৈর্ভূমিপ্রদেশশতৈর্বৃতম্। 'বহুভূমিশতৈ'রিত্যপি পাঠঃ।

১১। লো-টী। অবনতা দ্রুমা যস্মিন্ তৎ। গুল্মৈর্ঘটৈরিতি সর্ব্বজ্ঞঃ। যদ্বা, গুল্ম-সহস্রৈঃ সেনাসহস্রৈঃ। সেনারক্ষণস্থানৈরর্থঃ। "গুল্মঃ সেনা-ঘট্টভিদোঃ সেনারক্ষণ-রুগ্ভিদো"রিতি কোষঃ।

১২। লো-টী। সর্ব্বেষু ঋতুষু কুসুমানি যেষু তৈঃ পাদপৈঃ, ফলবদ্ভিঃ স্নিগ্ধৈরিত্যর্থঃ। দিব্যা মনোহরা গন্ধাদয়ো যেষু তৈঃ।

১৩। লো-টী। সূর্য্যোদয়ং প্রতি লক্ষীকৃত্য যা প্রভা তাং পুষ্পিতানামশোকানাং প্রভয়া নষ্টামিব সমুদৈক্ষত। যদ্বা, তেষাং প্রভাং সূর্য্যোদয়ং প্রতি সূর্য্যোদয়ে নষ্টাং লীনাম্। অথবা সূর্য্যস্য উদয়ম্ উদয়াচলং প্রতি যা প্রভা তামশোকৈঃ পুষ্পিতৈঃ কর্ণৈঃ প্রনষ্টামিব।

মালায় পরিব্যাপ্ত, কোকিলগণের কল-কূজনে নিনাদিত এবং বিকসিত উৎপল ও পদ্ম-যুক্ত সরোবরসমূহে পরিশোভিত; তাহার মধ্যে বহু আসন ও গৃহ আছে এবং [বিশ্রামযোগ্য] শত শত স্থান আছে, বৃক্ষরাজি বিবিধ লতাজালে এবং পুষ্পভারে অবনত হইয়া পড়িয়াছে; সেই বন চতুর্দ্দিকে সহস্র সহস্র গুল্ম (অর্থাৎ আগাছার ঝোপ) দ্বারা পরিবৃত এবং মনোরম গন্ধ, রস, স্পর্শ, পুষ্প ও ফলশালী পাদপরাজি ও সর্ব্ব-ঋতুলভ্য মনোরম কুসুমসম্ভারে পরিশোভিত; পুষ্পিত অশোক-বৃক্ষের প্রদীপ্তপ্রায় প্রভা সূর্য্যোদয়তুল্য ॥ ৯-১৩ ॥

১। ছ '-পত্রাভি-'। ২। প 'মণিকাঞ্চনবেদিকম্'। ৩। ত '-মীন-'। ৪। প 'বতানৈ-'। ৫। ত '-কীর্ণভিঃ'। ৬। প '-চিত্র-'। ৭। ছ '-তঞ্চ সুপুষ্পি-', ঘ '-তৈঃ সং-'। ৮। ঘ-ছ-ধ 'প্রনষ্টা-', ঘ 'প্রণষ্টা-'। ৯। ত-প 'সমবৈক্ষত'।

[1]নিষ্পত্রশাখাশ্চ নগাঃ [2]ক্রিয়মাণা ইবাপরে।
নিষ্পতদ্‌ভিশ্চ শতশ[3]শ্ছিন্নৈঃ পুষ্পাবতংসকৈঃ ॥ ১৪ ॥
আ মূলাৎ পুষ্পনি[4]চিতৈরশোকৈঃ [5]শোকনাশনৈঃ।
পুষ্পভারাতিভারেণ স্পৃশদ্‌ভিরিব মেদিনীম্ ॥ ১৫ ॥
[6]সরলৈঃ কর্ণিকারৈশ্চ [7]কিংশুকৈশ্চ [8]সুপুষ্পিতৈঃ।
[9]স দেশো [10]ভ্রমরাবাসঃ প্রদীপ্ত ইব লক্ষ্যতে ॥ ১৬ ॥
পুন্নাগাঃ সপ্তপর্ণাশ্চ চম্পকোদ্দালকাস্তথা।
বিবৃদ্ধমূলাঃ শতশঃ [11]শোভন্তে স্ম সুপুষ্পিতাঃ ॥ ১৭ ॥

১৪। গো-টী। পুষ্পাণীবাবতংসাঃ শেখরা যেষাং তৈঃ। কুক্কুটৈঃ (?)। "অবতংসো ন স্ত্রিয়াং স্যাৎ কর্ণপূরে চ শেখরে" ইতি কোষঃ। তৈঃ শতশো নিষ্পতদ্‌ভিঃ। নগা বৃক্ষাঃ, নির্গতানি পত্রাণি যাভ্যস্তাঃ শাখা যেষাং তে তথাভূতা ইব ক্রিয়মাণা ইব সমুদৈক্ষত ইতি পূর্ব্বেণান্বয়ঃ। অত্র বাক্যার্থঃ কর্ম্ম।

১৫-১৬। গো-টী। স দেশঃ অশোকাদিভির্বৃক্ষৈর্হেতুভিঃ প্রদীপ্ত ইব লক্ষ্যতে ইতি দ্বিতীয়েনান্বয়ঃ। কিম্ভূতৈঃ? আ মূলাৎ মূলমারভ্য পুষ্পাণাং নিচিতং ব্যাপ্তঃ সঞ্চয়ো বা যেষাং তৈঃ। ভ্রমরাণামা সমন্তাদ্ যোগঃ সংযোগো যস্মিন্ স ভ্রমরাযোগঃ। [পাঠান্তরং দ্রষ্টব্যম্।] 'ভ্রমরায়স্ত' ইতি পাঠঃ সাধিতঃ। তদ্ব্যাখ্যানম্—'আয়স্তভ্রমর' ইতি। অস্যার্থঃ—আয়স্তা ইতস্ততঃ ক্ষিপ্তাশ্চালিতা ভ্রমরা যস্মিন্ সঃ। "আয়স্তস্তেজসি ক্ষিপ্তে" ইতি ভূরিঃ।

১৭। গো-টী। শোভয়ন্তি তদ্বনমিতি শেষঃ।

পত্র ও শাখাশূন্য কতিপয় বৃক্ষের পুষ্পরূপ শিরোভূষণ শতধা ছিন্ন ও নিপতিত হইয়াছিল ॥ ১৪ ॥

শোকনাশক অশোকবৃক্ষসমূহ পুষ্পভারে অবনত হইয়া যেন ভূতল স্পর্শ করিতেছিল। মূল পর্য্যন্ত পুষ্পরাশিপরিব্যাপ্ত সেই অশোকবৃক্ষসমূহ এবং সরল, কর্ণিকার ও পুষ্পিত পলাশবৃক্ষের দ্বারা সেই প্রদেশ যেন প্রজ্বলিত ভ্রমরাবাসের ন্যায় প্রতীত হইতেছিল ॥ ১৫-১৬ ॥

১। ঘ 'নিষ্পত্র-'। ২। ঘ-থ 'হ্রিয়মাণা'। ৩। ঘ-ছ-ঝ-দ-প '-শ্চিত্রৈ-'। ৪। থ '-বিচি-'। ৫। ঘ-দ '-নাশকৈঃ'। ৬। ক 'শবলৈঃ'। ৭। প '-শ্চাপি পুষ্পিতৈঃ'। ৮। দ '-তাঃ'। ৯। দ-পুস্তকে ইদং পাদদ্বয়ং নাস্তি। ১০। ঘ '-রায়াসৌ', ক '-রাযোগঃ', ত '-রাযোণী'। ১১। ক-দ '-ভয়ন্তে সুপু-', ছ '-ভয়ন্তে স্ম পুষ্পি-', থ '-ভয়ন্তি স্ম পু-', ত '-ভয়ন্তি সুপু-'।

সর্ব্বর্ত্তু[1]ফুল্লকুসুমৈঃ পাদপৈর্ম্মধুগন্ধিভিঃ।
নানাবিহ[2]গসংঘুষ্টৈর্দ্দিব্যং মৃগগণা[3]যুতম্ ॥ ১৮ ॥
অনেকগন্ধপ্রবহং পুণ্য[4]গন্ধি মনোহরম্।
শৈলেন্দ্রমিব গন্ধা[5]নামাকরং গন্ধমাদনম্ ॥ ১৯ ॥
তরুণাদিত্যসঙ্কাশং শো[6]ভিতং প্রিয়দর্শনম্[7]।
কোকিলৈর্ভৃঙ্গরাজৈশ্চ হংসৈর্ম্মত্তৈশ্চ সারসৈঃ ॥ ২০ ॥
অশোকবনিকা[8]য়াস্তু তস্যাং বানরপুঙ্গবঃ।
সোঽপশ্যদবিদূরস্থং প্রাসাদং চৈত্যমু[9]ত্তমম্ ॥ ২১ ॥

১৮। লো-টী। মধূনাং পুষ্পরসানাং গন্ধো বর্ত্ততে যেষু তৈঃ। নানাবিহগানাং সংঘুষ্টং নাদো যেষু তৈঃ।

১৯। লো-টী। অনেকগন্ধং প্রবহতীতি তৎ। পুণ্যগন্ধি মনোহরগন্ধবৎ, অতো মনোহরম্। শৈলেন্দ্রং গন্ধমাদনমিবেত্যন্বয়ঃ।

২০-২১। লো-টী। কোকিলাদিভিবিশিষ্টং প্রাসাদং ভূভুজো গৃহম্, উত্তমং চৈত্যমায়তনং চাপশ্যৎ।

শত শত পুন্নাগ, দিবৃন্ত-মূল সপ্তপর্ণ এবং চম্পক ও উদ্দালকবৃক্ষ পুষ্পিত হইয়া শোভা পাইতেছিল ॥ ১৭ ॥

সেই মৃগগণ-পরিব্যাপ্ত অরণ্য বহু পক্ষীর কলনাদে নিনাদিত, মধুগন্ধযুক্ত পাদপরাজি এবং সর্ব্ব-ঋতুলভ্য কুসুমসম্ভারে মনোরম ॥ ১৮ ॥

সেখানে নানাবিধ গন্ধ প্রবাহিত হইতেছিল, মনোহরগন্ধপূর্ণ মনোরম সেই অরণ্য শৈলরাজ গন্ধমাদনের ন্যায় নানা গন্ধের আকর ॥ ১৯ ॥

তরুণ আদিত্যের ন্যায় সুন্দর সেই অরণ্য প্রমত্ত কোকিল, ভৃঙ্গরাজ, হংস এবং সারসবৃন্দে পরিশোভিত ॥ ২০ ॥

বানরশ্রেষ্ঠ হনূমান্ সেই অশোকবনে অদূরে একটী চৈত্য-প্রাসাদ (পূজা-মন্দির) দেখিতে পাইলেন ॥ ২১ ॥

১। ছ '-পুষ্পনিচিতৈঃ', ঙ-প দ '-পুষ্পনিচয়ৈঃ'। ২। দ '-হঙ্গৈঃ সংঘু-'। ৩। ছ-দ '-বৃতম্'। ৪। ঘ-ঙ '-গন্ধম-'। ৫। চ 'গন্ধাঢ্যং দ্বিতীয়ং'। ৬। দ '-তৈঃ'। ৭। দ-ছ-ব '-দর্শনৈঃ'। ৮। ঙ '-স্যাং'। ৯। দ '-সত্তমম্'।

ধৃতং[১] স্তম্ভসহস্রেণ রম্যং কৈলাসপাণ্ডুরম্ ।

প্রবালকৃত[২]সোপানং তপ্তকাঞ্চনবেদিকম্ ॥ ২২ ॥

মুষ্ণন্তমিব চক্ষূংষি দ্যোতয়ন্তমিব শ্রিয়া[৩] ।

বিপুলং প্রাংশুতাযোগাদুল্লিখন্তমিবাম্বরম্ ॥ ২৩ ॥

স প্রবিশ্য মহাবাহুরশোকবনিকাং শুভাম্ ।

দদর্শ বিকৃতাস্তত্র রাক্ষসীঃ কপিকুঞ্জরঃ ॥ ২৪ ॥

ত্রিকর্ণীঃ[৪] শঙ্কুকর্ণীশ্চ[৫] লম্বকর্ণীরকর্ণিকাঃ ।

একাক্ষীশ্চৈককর্ণীশ্চ[৬] কর্ণপ্রাবরণাস্তথা ॥ ২৫ ॥

অতিমাত্রোত্তমাঙ্গাশ্চ[৭] তনুদীর্ঘ[৮]শিরোধরাঃ[৯] ।

মুক্তকেশীস্তথাঽকেশীঃ[১০] কেশকম্বলধারিণীঃ ॥ ২৬ ॥

২২-২৩। লো-টী। উভয়ং বিশিনষ্টি—ধৃত'মতি শ্লোকদ্বয়েন ।

[লো-টী]। বেপমানং কম্পমানম্ ।

২৫। লো-টী। উগ্রকর্ণীঃ ভয়ানককর্ণীঃ। 'এককর্ণী'রিত্যপি পাঠঃ ।

২৬। লো-টী। অতিমাত্রং মাত্রামতিক্রান্তমুত্তমাঙ্গং শিরো যাসাং তাঃ। তনুরল্পা দীর্ঘা 5 শিরোধরা গ্রীবা যাসাং তাঃ। 'দন্তদীর্ঘশিরোধরা' ইতি পাঠে দন্তেন সহ দীর্ঘা শিরোধরা যাসাং তাঃ। 'অকেশী'রিতি চ্ছেদঃ।

সহস্রস্তম্ভযুক্ত রমণীয় সেই প্রাসাদ কৈলাস পর্ব্বতের ন্যায় শুভ্র এবং প্রবাল-নির্ম্মিত সোপান ও বিশুদ্ধ কাঞ্চনময় বেদিকাযুক্ত ॥ ২২ ॥

সেই বিশাল প্রাসাদ ঔন্নত্যবশে যেন আকাশকে উৎকীর্ণ করিতেছে, (অর্থাৎ আকাশ ভেদ করিয়া উঠিতেছে.) ঔজ্জ্বল্যে [চারিদিক] উদ্ভাসিত করিতেছে এবং যেন [দর্শকগণের] দৃষ্টি হরণ করিতেছে ॥ ২৩ ॥

মহাবাহু কপিশ্রেষ্ঠ হনূমান্ মনোরম অশোকবনে প্রবেশ করিয়া বিকৃতাকার রাক্ষসীগণকে দেখিতে পাইলেন ॥ ২৪ ॥

তাহাদের মধ্যে কাহারও তিন কর্ণ, কাহারও কর্ণ শঙ্কু অর্থাৎ কীলকের ন্যায়, কাহারও কর্ণ অতিশয় দীর্ঘ, কেহ বা কর্ণহীন, কেহ বা একনেত্রা, কেহ এককর্ণী, আবার কাহারও বা কর্ণ উত্তরীয় বস্ত্রের কার্য্য করে (অর্থাৎ অতি বিশাল কর্ণ শরীরকে আচ্ছাদিত করিয়া ফেলে) ॥ ২৫ ॥

১। ঘ-ঙ-দ 'বৃতং'। ২। দ '-মণি-'। ৩। দ 'শ্রিয়ম্'। ৪। ঘ 'ত্রিশিখাঃ'। ৫। ঘ '-র্ণাশ্চ'। ৬। ঘ '-ক্ষীশ্চৈককর্ণাশ্চ', থ '-ক্ষীশ্চোগ্রকর্ণীশ্চ'। ৭। ছ-ত-থ দ '-ঙ্গীশ্চ'। ৮। ঘ 'দীর্ঘদন্ত-', দ 'তত্র দীর্ঘশিরো-'। ৯। ত-দ '-ধরাঃ'। ১০। ক 'মুক্তকেশীশ্চ ত-'।

পৃথুকর্ণললাটাশ্চ[১] লম্বোদরপয়োধরাঃ।
করালা ভগ্নবক্ত্রাশ্চ[২] বিরূপা বিকৃতাননাঃ ॥ ২৭ ॥
দুর্ম্মুখীঃ[৩] কপিলাঃ কৃষ্ণাঃ ক্রোধনাঃ কলহপ্রিয়াঃ।
কালায়সমহাশূলকূটমুদ্গরধারিণীঃ ॥ ২৮ ॥
বরাহনক্রবক্ত্রাশ্চ[৪] অশিবাঃ শিবদর্শনাঃ।
হ্রস্বা দীর্ঘাস্তথা কুব্জা[৫] বিকটা বামনাস্তথা ॥ ২৯ ॥
গজোষ্ট্রখরপাদাশ্চ[৬][৭] শার্দ্দূলমহিষাননাঃ।
হস্ত্যশ্বখরনাগাস্যা মস্তকোচ্ছ্রায়নাসিকাঃ[৮] ॥ ৩০ ॥

২৮। রা-টী। কালায়সং লোহবিশেষঃ তন্নির্মিতং মহাশূলং কূটঞ্চ যন্ত্রবিশেষঃ। "কূটো-ঽস্ত্রী নিশ্চয়ে যন্ত্রে কৈতবানৃতরাশিষু" ইতি কোষঃ।

২৯। রা-টী। শিবদর্শনাঃ ভদ্রদর্শনাঃ। "শিবং ভদ্রে সুখে জলে" ইতি ত্রিলিঙ্গম্। 'ঘোরদর্শনা' ইত্যপি ক্বচিৎকঃ পাঠঃ। ভূমিবরাহস্য নক্রস্য চ বক্ত্রাণীব বক্ত্রাণি যাসাং তাঃ। 'বরাহমৃগবক্ত্রাশ্চে'ত্যপি পাঠঃ। অশিবাঃ অমঙ্গলাঃ। বিকটা দন্তুরাঃ। "বিকটো দন্তুরে পৃথৌ" ইত্যজয়ঃ।

৩০। রা-টী। হস্ত্যশ্বখরাণামিব নাভয় আস্যানি চ যাসাং তাঃ। মস্তকবদুচ্ছ্রায়যুক্তা নাসিকা যাসাং তাঃ। 'ললাটোচ্ছ্রিতে'তি পাঠে ললাটে উচ্ছ্রিতাঃ সমুন্নতাঃ সংলগ্না নাসিকা যাসাং তাঃ। "উচ্ছ্রিতং ত্রিষু সঞ্জাতে সমুন্নতপ্রবৃদ্ধয়োঃ" ইত্যজয়ঃ।

কাহারও কাহারও মস্তক অতি বৃহৎ, কিন্তু তাহার আধারভূত গ্রীবাদেশ কৃশ এবং দীর্ঘ; কেহ মুক্তকেশী, কাহারও বা কেশ নাই, আবার কেহ কেহ বা কম্বলের ন্যায় [পরু] কেশ ধারণ করিতেছিল ॥ ২৬ ॥

তাহাদের কর্ণ ও ললাট অতি বিশাল, উদর ও পয়োধর অতি দীর্ঘ; তাহারা দুর্ম্মুখ, কদাকার, বিকৃতমুখী, ক্রোধনস্বভাবা এবং কলহপ্রিয়া; কাহারও বক্ত্র ঈষৎ ভগ্ন এবং ভয়াবহ, কেহ কপিলবর্ণা, কেহ কৃষ্ণবর্ণা; কেহ কেহ কৃষ্ণবর্ণ লৌহনির্ম্মিত বিশাল শূল, কূটাস্ত্র ও মুদ্গর ধারণ করিতেছিল ॥ ২৭-২৮ ॥

কেহ হ্রস্ব, কেহ দীর্ঘ, কেহ কুব্জ, কেহ বামন, কেহ বরাহমুখী, কেহ কুম্ভীর-মুখী; তাহারা অমঙ্গলময়ী এবং বিকটাকৃতি; কেহ কেহ আবার দেখিতে সুন্দরী ॥ ২৯ ॥

কাহারও পা হস্তীর ন্যায়, কাহারও উষ্ট্রের ন্যায়, কাহারও গর্দ্দভের ন্যায়; কাহারও মুখ ব্যাঘ্রের ন্যায়, কাহারও মহিষের ন্যায়, কাহারও হস্তীর ন্যায়, কাহারও অশ্বের ন্যায়, কাহারও গর্দ্দভের ন্যায় এবং কাহারও বা সর্পের ন্যায়; কাহারও কাহারও নাসিকা মস্তকের সমান উন্নত ॥ ৩০ ॥

১। ঘ 'পৃথুকক-'। ২। ছ '-তাস্তথা'। ৩। গ-ঘ 'দুর্ম্মুখাঃ'। ৪। ছ-ঙ-ঘ '-নক্র-'। ৫। ঘ 'কুব্জা'। ৬। ঘ 'গজোষ্ট্রখর-'। ৭। ঘ-ঙ-ঘ '-পাদাঙ্ক'। ৮। ক '-চ্ছ্রিত-'।

চতুষ্পাদীর্দ্বিপাদীশ্চ পৃথুপাদীস্ত্রিপাদিকাঃ।
অতিমাত্রশিরোগ্রীবা অতিমাত্রপয়োধরাঃ[১] ॥ ৩১ ॥

অতিমাত্রাস্যনেত্রাশ্চ দীর্ঘজিহ্বা[২]নখী[৩]স্তথা।
অজমুখী[৪]রশ্বমুখী[৫]র্গোমুখীঃ শূকরীমুখীঃ ॥ ৩২ ॥

তরক্ষুখরবক্ত্রাশ্চ[৬] রাক্ষসী[৭]র্ভীমবিক্রমাঃ[৮]।
হ্রস্বনাসাতিনাসাশ্চ[৯] তির্য্যগ্‌নাসা অনাসিকাঃ।
গজসন্নিভনাসাশ্চ[১০] ললাটোচ্ছ্রিতনাসিকাঃ ॥ ৩৩ ॥

অসিমুদ্গরশূলানি দধতীর্মাংসভোজনাঃ।
মাংসশোণিতদিগ্ধাঙ্গী[১১]র্ব্বসাদিগ্ধকরাননাঃ ॥ ৩৪ ॥

৩১। লো-টী। মাত্রামতিক্রান্তাঃ শির ইব পর্ব্বতশিখর ইব গ্রীবা যাসাং তাঃ অতিমাত্রশিরোগ্রীবাঃ। "শিরঃ প্রধানে সেনাগ্রে মস্তকে শিখরেঽপি চে"তি কোষঃ।

৩৩। লো-টী। তরক্ষোর্ব্যাঘ্রস্যেব খরাণি তীক্ষ্ণানি ভয়ঙ্করাণি বক্ত্রাণি যাসাং তাস্তরক্ষুখরবক্ত্রাঃ।

কাহারও দুই পা, কাহারও তিন পা, কাহারও চারি পা, আবার কাহারও পা অতিশয় স্থূল; কাহারও বিশাল মস্তক, বিশাল গ্রীবা এবং স্থূল পয়োধর ॥ ৩১ ॥

[সেই হনুমৎকর্ত্তৃক দৃশ্যমান] ভীম-বিক্রম রাক্ষসীগণের কাহারও মুখ ও চক্ষু অতি বৃহৎ, জিহ্বা ও নখ অতিশয় দীর্ঘ; কেহ ছাগমুখী, কেহ অশ্বমুখী, কেহ গো-মুখী, কেহ শূকরমুখী; আবার কাহারও মুখ ব্যাঘ্রের মুখের ন্যায় ভয়ানক; কাহারও নাসিকা ক্ষুদ্র, কাহারও বৃহৎ, কাহারও বক্র; আবার কেহ বা নাসিকাহীন; কাহারও নাসিকা হস্তীর ন্যায়, আবার কাহারও নাসিকা ললাটোপরি উন্নত ॥ ৩১-৩৩ ॥

তাহারা খড়্গ, মুদ্গর ও শূলধারিণী এবং মাংসভোজিনী; তাহাদের সমগ্র শরীর মাংস ও শোণিতলিপ্ত এবং হস্ত ও আনন বসালিপ্ত ॥ ৩৪ ॥

১। ঘ-ঙ '-কুচোদর্য্যঃ', চ '-কুচোদরাঃ'। ২। ঙ '-স্তন-'। ৩। ছ-ঙ '-নখাস্ত-'। ৪। ঘ-ঙ 'অজায়ু-'। ৫। ছ '-খীঃ খরমুখী-'। ৬। ছ 'তুরঙ্গখরনাসাশ্চ'। ৭। ত-খ '-র্ঘোর-'। ৮। খ-ঙ '-দর্শনাঃ'। ৯। খ '-নাসাশ্চাতিনাসাস্তিথা-'। ১০। ক-পুস্তকে ইদং পাদদ্বয়ং নাস্তি। ১১। ছ '-র্মেদোদি-'।

পিবন্তীঃ খাদমানাশ্চ নিত্যং মাংসবসাপ্রিয়াঃ।[1][2]
অনাশিতাঃ সদা পুষ্টাঃ সর্ব্বভক্ষাঃ সমুন্নতাঃ ॥ ৩৫ ॥[3][4]
তা দৃষ্ট্বা বানরো হৃষ্টো লোমহর্ষসমন্বিতঃ।[5]
স্কন্ধবন্তমুপাসীনঃ পরিবার্য্য বনস্পতিম্ ॥ ৩৬ ॥[6][7]
তাভিঃ পরিবৃতাস্তত্র সগ্রহামিব রোহিণীম্।
দদর্শ হনুমাংস্তত্র লতাং কুসুমিতামিব ॥ ৩৭ ॥[8][9]
মলিনাম্বরসংবীতাং রাক্ষসীভিঃ সুসংবৃতাম্।
উপবাসকৃশাং দীনাং নিশ্বসন্তীং পুনঃ পুনঃ ॥ ৩৮ ॥
ধ্যানশোকপরাং দেবীং ভর্ত্তৃব্যসনকর্শিতাম্।[10][11]
দদর্শ হনুমান্ বীরো বন্ধাং গজবধূমিব ॥ ৩৯ ॥[12]

৩৫। লো-টী। অনাশিতা অপি সদা পুষ্টাঃ।
৩৬। লো-টী। লোমহর্ষেণ পুলকেন সমন্বিতো ব্যাপ্তঃ।

তাহারা নিরন্তর পান ও ভোজননিরত, মাংস ও বসাপ্রিয়, সর্ব্বদা অতৃপ্ত, পরিপুষ্ট, সর্ব্বভুক্ এবং অত্যন্ত উদ্ধত ॥ ৩৫ ॥

তাহাদিগকে দেখিয়া হনুমান্ হৃষ্ট ও রোমাঞ্চিত হইয়া গোপনে একটী প্রশস্ত স্কন্ধযুক্ত বৃক্ষে উপবেশন করিলেন ॥ ৩৬ ॥

হনুমান্ সেখানে সেই বৃক্ষোপরি অবস্থান করিয়া, গ্রহযুক্তা রোহিণীর ন্যায়, কুসুমিতা লতার ন্যায়, সেই রাক্ষসীগণকর্ত্তৃক পরিবেষ্টিতা ও সুরক্ষিতা মলিনবস্ত্রপরিহিতা উপবাসকৃশা অতিদীনা কোনও দেবীতুল্যা রমণীকে দেখিতে পাইলেন। বীর হনুমান্ দেখিলেন—সেই দেবী পুনঃ পুনঃ নিঃশ্বাস ত্যাগ করিতেছেন, তিনি ভর্ত্তৃবিরহে কৃশতাপ্রাপ্ত, বন্ধনাবদ্ধ হস্তিনীর ন্যায় চিন্তা ও শোকপরায়ণা ॥ ৩৭-৩৯ ॥

১। ভ 'রক্তবসা-'। ২। ব '-রস-'। ৩। ঘ '-ভক্ষার্থসন্তুষ্টাঃ'। ৪। ক-ব 'সমুত্থিতাঃ'। ৫। ভ-গ '-র্ষং সমুদ্ধতঃ', ক-ব '-র্ষসমুদ্ধতঃ'। ৬। ভ 'সুলগ্নমুন্ন-'। ৭। গ '-নাঃ'। ৮। ব 'বদ্ধাং গজবধূমিব'। ৯। ক-ঘ-পুস্তকয়োরতঃ পরং কাচিৎ সর্গসমাপ্তির্দৃশ্যতে। ১০। ভ-গ-ব 'দীনাং'। ১১। গ 'ভর্ত্তৃব্য-'। ১২। ভ 'বদ্ধাং', গ 'বৃদ্ধাং'।

বৃক্ষমূলে নিরানন্দাং দদর্শ কপিরঙ্গনাম্ ।
সীদন্তীং[১] শুক্লপক্ষাদৌ চন্দ্ররেখা[২]মিবাবিলাম্[৩] ॥ ৪০ ॥

মন্দং[৪] প্রখ্যায়মানেন[৫] রূপেণাপ্রতিমেন তাম্ ।
পিনদ্ধাং ধূমজালেন প্রভামিব বিভাবসোঃ ॥ ৪১ ॥

পীতেনৈকেন সংবীতাং ক্লিষ্টেনোত্তরবাসসা ।
ভুজাভ্যাং সাধুবৃত্তাভ্যাং প্রতিচ্ছন্নকুচোদরীম্ ॥ ৪২ ॥

সম্পন্না[৬]মনলঙ্কারামপদ্মামিব পদ্মিনীম্ ।
ব্রীড়িতাং দুঃখসন্তপ্তাং পরিম্লানাং[৭] তপস্বিনীম্ ॥ ৪৩ ॥

গ্রহেণ লোহিতাঙ্গেন রোহিণীমিব পীড়িতাম্ ।
তাং[৮] স্মৃতিমিব সন্দিগ্ধা[৯]মৃদ্ধিং নিপতিতামিব ॥ ৪৪ ॥

৪০ । লো-টী । "বৃক্ষমূলে নিরানন্দাং দদর্শ কপিরঙ্গনা"মিত্যাদি-"কালমেঘৈরিবাবৃতা"মিত্যন্তেন সার্দ্ধচতুর্দ্দশকেনান্বয়ঃ । শুক্লপক্ষাদৌ প্রতিপদি । আবিলামস্পষ্টাম্ ।

৪১ । লো-টী । মন্দমল্পং যথা ভবতি তথা প্রখ্যায়মানেন প্রকাশমানেনোপলক্ষিতাম্ ।

৪৩ । লো-টী । অনলংকারামপি সম্পন্নাম, স কপিঃ, পদ্মামিব শ্রিয়মিব, পদ্মমাশ্রয়ত্বয়া বর্ত্ততে যস্যাস্তাম্ । দুঃখেন মানসিকেন বাহ্যতঃ সন্তপ্তাম্ । তপস্বিনীমনুতাপবতীম্ ।

৪৪ । লো-টী । স্মৃতিং দশাদিস্মৃতিং সন্দিগ্ধাম্, অর্থতঃ পাঠতো বা সন্দিগ্ধা দশাদিস্মৃতির্যথা ন প্রকাশতে তথেত্যর্থঃ । নিপতিতাং পরহস্তগতাম্ ।

হনূমান্ শুক্লপক্ষীয় প্রতিপদের মলিন চন্দ্রকলার ন্যায় আনন্দহীনা ও বিষাদগ্রস্তা সেই অঙ্গনাকে একটি বৃক্ষমূলে দেখিতে পাইলেন ॥ ৪০ ॥

ঈষৎ প্রকাশিত অপ্রতিম সৌন্দর্যপ্রভাবে তাঁহাকে ধূমরাশিসমাচ্ছন্ন অগ্নিপ্রভার ন্যায় দেখাইতেছিল ॥ ৪১ ॥

তিনি পীতবর্ণ একটি বস্ত্র এবং কৃষ্ণবর্ণ উত্তরীয়বস্ত্রে আবৃতা, সুন্দর ও সুগোল ভুজদ্বয়ে তাঁহার স্তন ও উদর আচ্ছাদিত ছিল ॥ ৪২ ॥

তিনি ক্লিষ্ট, লজ্জিত, দুঃখসন্তপ্ত ও বিষাদগ্রস্ত । অলঙ্কারশূন্য হইয়া তিনি পদ্মশূন্য পদ্মিনীর ন্যায় হইয়াছিলেন ॥ ৪৩ ॥

তিনি সন্দিগ্ধ স্মৃতির ন্যায়, অবনতিগ্রস্ত সমৃদ্ধির ন্যায় এবং লোহিতাঙ্গ গ্রহ (মঙ্গল ?) কর্ত্তৃক পীড়িতা রোহিণীর ন্যায় ॥ ৪৪ ॥

১ । ঘ 'ভুদতীং', থ-টী 'সীদতীং', ঙ-প 'সুদতীং' । ২ । দ '-লেখা-' । ৩ । ত '-বলাম্', দ '-মলাম্' । ৪ । ঘ 'মন্দপ্র-' । ৫ । প 'প্রক্ষীয়-' । ৬ । ক '-গ্রাং সপদ্মা-' । ৭ । থ-দ 'সুকুমারীং' । ৮ । থ-পুস্তকে ইদমর্দ্ধং পরশ্লোকপূর্বার্দ্ধং চ নাস্তি । ৯ । ত 'সংবিগ্না-' ।

আশামিব ব্যপগতামাজ্ঞাং প্রতিহতামিব।
অশ্রুধৌতমুখীং[1] দীনাং কৃশামনশনেন[2] চ ॥ ৪৫ ॥
দুর্ব্বলাং দুঃখসন্তপ্তাং সুকুমারীং তপস্বিনীম্।
নিঃশ্বাসবহুলাং[3] ভীতাং পন্নগেন্দ্রবধূমিব ॥ ৪৬ ॥
শোকজালেন[4] মহতা বিততেনাভিসংবৃতাম্[5]।
সংচ্ছন্নাং ধূমজালেন শিখামিব বিভাবসোঃ ॥ ৪৭ ॥
নীলনাগাভয়া বেণ্যা জঘনং গতয়ৈকয়া।
ভূমৌ দেবীং তদাসীনাং নিয়তাং[6] তাপসীমিব ॥ ৪৮ ॥
প্রধ্যানপরমাং বালাং রুদতীং[7] কুররীমিব।
প্রিয়ং জনমপশ্যন্তীং পশ্যন্তীং রাক্ষসীজনম্ ॥ ৪৯ ॥

৪৫। লো-টী। আশাং তৃষ্ণাং ব্যপগতাং পরৈর্নাশিতাম্, দীনাং দুর্গতাম্।

৪৬। লো-টী। তপস্বিনীং পতিধর্ম্মবতীম্। ভীতাং ভিয়া ইতং রামস্থ স্মৃতিগতাস্তাম্। 'ইতং স্মৃতৌ গতে ত্রিষু' ইতি কোষঃ।

৪৭। লো-টী। বিততেন বিস্তৃতেন প্রকাশমানেনেত্যর্থঃ। যদ্বা, মহতা বিস্তৃতেনেতি পদাভ্যাং শোকস্যাতিমহত্বং খ্যাপিতম্। 'পিনদ্ধাং ধূমজালেনে'ত্যনেন 'সংচ্ছন্নাং ধূমজালেনে'ত্যনেন চ প্রভা-শিখয়োর্ভেদাদপুনরুক্তিঃ। যদ্বা, তত্র বিভাবসোঃ সূর্য্যস্য, অত্র বিভাবসোরগ্নেঃ।

৪৮। লো-টী। নীলনাগস্য কৃষ্ণসর্পস্যেব আভা সাদৃশ্যং যস্যাস্তয়া বিশিষ্টাম্। জঘনং কটিং শ্রোণিপুরোভাগং বা। "জঘনঞ্চ স্ত্রিয়াঃ শ্রোণিপুরোভাগে কটাবপি" ইতি কোষঃ।

[তিনি] ব্যপগত আশার ন্যায় এবং প্রতিহত আজ্ঞার ন্যায়; [তিনি] অনাহারে কৃশা, দীনভাবাপন্না; তাঁহার মুখমণ্ডল অশ্রুপ্লাবিত ॥ ৪৫ ॥

তিনি অতিশয় ক্লিষ্ট, দুর্ব্বল, দুঃখসন্তপ্ত এবং কোমলাঙ্গী; সন্ত্রস্তা সর্পীর ন্যায় তাঁহার ঘন ঘন নিঃশ্বাস বহিতেছিল ॥ ৪৬ ॥

বিস্তারপ্রাপ্ত মহাশোকে সমাচ্ছন্না [সেই কামিনী] ধূমজালে সমাচ্ছন্ন অগ্নি-শিখার ন্যায় [প্রতীত হইতেছিলেন] ॥ ৪৭ ॥

ব্রতচারিণী তপস্বিনীর ন্যায় সেই দেবী তখন ভূতলে উপবিষ্টা ছিলেন; তাঁহার কৃষ্ণসর্পের ন্যায় একটী মাত্র বেণী জঘন পর্য্যন্ত লম্বিত ছিল ॥ ৪৮ ॥

প্রিয়জনকে না দেখিয়া এবং রাক্ষসীগণকে দেখিয়া অত্যন্ত চিন্তান্বিতা সেই বালিকা কুররীর ন্যায় রোদন করিতেছিলেন ॥ ৪৯ ॥

১। ত '-পূর্ণমু-'। ২। ঘ 'কৃশাং মানবদুঃখিতাম্'। ৩। ঘ '-বিহ্বলাং'। ৪। ঘ-পুস্তকে উত্তরার্দ্ধং নাস্তি। ৫। ঘ-ত '-নাভি-'। ৬। ঙ 'পতিতাং'। ৭। ক 'রুদতীং'।

যূথপেন মৃগীং হীনাং শার্দ্দূলানুস্থতামিব[1] ।
সোপসর্গাং[2] যথা সিদ্ধিং বুদ্ধিং[3] প্রতিহতামিব ॥ ৫০ ॥
রামাপরাধব্যথিতাং রক্ষোহরণকর্ষিতাম্ ।
চিত্রামিব[4] গ্রহগ্রস্তাং রাক্ষসীগণরক্ষিতাম্ ॥ ৫১ ॥
অবলাং মৃগশাবাক্ষীং[5] বীক্ষমাণামিতস্ততঃ ।
শোকবাষ্পাভিপূর্ণেন[6] চারুকৃষ্ণাক্ষিপক্ষ্মণা[7] ।
বদনেনাপ্রসন্নেন[8] নিশ্বসন্তীং মুহুর্মুহুঃ ॥ ৫২ ॥
মলপঙ্কধরাং দীনাং মণ্ডনার্হামমণ্ডিতাম্[9] ।
প্রভাং নক্ষত্ররাজস্য কালমেঘৈরিবাবৃতাম্ ॥ ৫৩ ॥

৫০। লো-টী। শার্দ্দূলেন ব্যাঘ্রেণ অনু পশ্চাৎ সৃতাং ব্যাপ্তাম্। সিদ্ধিং তত্ত্বজ্ঞানং সোপসর্গাং মধুমত্যাদ্যুপসর্গবতীম।
৫১। লো-টী। রামাপরাধঃ কনকমৃগানয়নোক্তিঃ তেন ব্যথিতাম্। চিত্রাং নক্ষত্রম্।
৫২। লো-টী। কৃষ্ণং বক্রং কুটিলমগ্রে চক্ষুষোরূপর্য্যধোভাগে পক্ষ্ম যস্য তেন।
৫৩। লো-টী। দীনাং ভীতাম্।

[সেই রমণী] যূথপতিপরিত্যক্তা ব্যাঘ্রতাড়িতা হরিণীর ন্যায়, উপদ্রবযুক্ত সিদ্ধির ন্যায় এবং বাধাপ্রাপ্ত বুদ্ধির ন্যায় [প্রতীত হইতেছিলেন] ॥ ৫০ ॥

[তিনি] রামের [নিকট স্বীয়] অপরাধে দুঃখিতা, রাক্ষসকর্তৃক অপহরণ-হেতু কৃশতাযুক্তা এবং রাক্ষসীবৃন্দে পরিবেষ্টিতা হইয়া গ্রহাক্রান্ত চিত্রানক্ষত্রের ন্যায় [প্রতীত হইতেছিলেন] ॥ ৫১ ॥

সেই হরিণ-শিশুর ন্যায় [মনোরম] নয়নযুক্তা অবলা [চঞ্চল দৃষ্টিতে] চারিদিকে অবলোকন করিতেছিলেন। তাঁহার মনোহর কৃষ্ণবর্ণ নয়নপক্ষ্ম-শোভিত বদনমণ্ডল শোকে বাষ্পাপ্লুত ও বিষাদগ্রস্ত হইয়াছিল; তিনি মুহুর্মুহুঃ [দীর্ঘ] নিঃশ্বাস ত্যাগ করিতেছিলেন ॥ ৫২ ॥

তিনি মল-পঙ্ক (অর্থাৎ অশ্রু ও ঘর্ম্মাদিদ্বারা পঙ্কভাবাপন্ন গাত্রমল) ধারণ করিতেছিলেন, তিনি ভীতা, তিনি অলঙ্কার ধারণের যোগ্যা অথচ অলঙ্কারশূন্যা, কৃষ্ণমেঘে সমাবৃত চন্দ্রপ্রভার ন্যায় [প্রতীত হইতেছিলেন] ॥ ৫৩ ॥

১। ত '-লাগ্নিসিতা-', দ '-লেন চ্যুতামিব'। ২। ঘ '-সঙ্গাং'। ৩। ছ-থ 'বৃদ্ধিং', দ 'ঋদ্ধিং'। ৪। ত 'চিন্তামিব গৃহস্থানাং'। ৫। ঘ '-ক্ষীমী-'। ৬। ছ-থ '-ভিপূ-'। ৭। ঘ 'কৃষ্ণরক্তাক্ষপক্ষ্মণা', ছ 'কৃষ্ণরক্তান্তপক্ষ্মণা', ত 'কৃষ্ণবর্ণাক্ষিপক্ষ্মণা', থ 'কৃষ্ণবর্ণাক্ষপক্ষ্মণা'। ৮। ছ 'নয়নেনা-'। ৯। ঘ '-মমণ্ডনাম্'।

তস্য সন্দিদিহে বুদ্ধিস্তাং দৃষ্ট্বা[1] তদ্বিনির্ণয়ে।
অধীতাং[2] যোগহীনস্য বিদ্যাং প্রতিগতামিব ॥ ৫৪ ॥
দুঃখেন বুবুধে চৈনাং হনূমান্ মারুতাত্মজঃ।
সংস্কারেণ যথা হীনাং বাচমর্থান্তরং গতাম্ ॥ ৫৫ ॥
তিষ্ঠন্তীমনলঙ্কারাং দীপ্যমানাং স্বতেজসা।
অবশাং দুঃখসন্তপ্তাং[3] নিরানন্দাং তপস্বিনীম্।
অশ্রুপূর্ণমুখীং[4] শ্রান্তাং[5] কৃশামনশনেন চ ॥ ৫৬ ॥
একবেণীধরাং দীনাং[6] তাপসীবেশধারিণীম্।
সুখহীনাং[7] দুঃখতপ্তাং ব্যসনানামকোবিদাম্ ॥ ৫৭ ॥

৫৪। লো-টী। তদ্বিনির্ণয়ে তস্যা বিনির্ণয়ে। আম্নাতাং পূর্ব্বমভ্যস্তা, পাঠিতঃ, গতাং বিজ্ঞাতামর্থতশ্চ, "গতঃ বিজ্ঞাতযাতয়ো"রিতি কোষঃ। যোগহীনস্য চিন্তনহীনস্য পুংসো যথা বুদ্ধির্বিদ্যাং শাস্ত্রং প্রতি সন্দিদিহে, তদ্বৎ ...। "যোগোঽপূর্ব্বার্থসম্প্রাপ্তৌ সঙ্গতিধ্যানযুক্তিষু" ইতি কোষঃ।

৫৫। লো-টী। সীতায়া দুঃখেন হেতুনা। সংস্কারেণ ব্যাকরণব্যুৎপত্ত্যা। অর্থান্তরং গতামর্থান্তরপ্রকাশিকাম্। যথা ভব ইতি বক্তব্যে ভব ইতি প্রথমান্ত উক্তঃ।

আলোচনাবিহীন ব্যক্তি যেমন বিজ্ঞাত ও পূর্ব্বাভ্যস্ত বিদ্যায় সন্দিহান হয়, সেইরূপ তাঁহাকে দেখিয়া হনূমানের বুদ্ধি—'তিনি কে?' এই নির্ণয়ে সংশয়াক্রান্ত হইল ॥ ৫৪ ॥

পবননন্দন হনূমান্ তাঁহাকে সংস্কারবিহীন অর্থান্তরপ্রকাশক [দুর্ব্বোধ] বাক্যের ন্যায় অতিকষ্টে বুঝিতে পারিলেন ॥ ৫৫ ॥

তিনি অলঙ্কারশূন্যা, অথচ স্বীয় প্রভায় উদ্ভাসিত হইয়াই অবস্থিতা, অবশা, দুঃখসন্তপ্তা, শোচনীয়া ও আনন্দশূন্যা; তাঁহার মুখ অশ্রুপূর্ণ; তিনি পরিশ্রান্ত ও উপবাসে কৃশ হইয়া পড়িয়াছেন; তিনি অতি দীনা তপস্বিনীর বেশ ও [স্বামি-বিরহের চিহ্ন—] একটী মাত্র বেণী ধারণ করিতেছেন, তিনি সুখহীনা, দুঃখে সন্তপ্তা, বিপদ্ বিষয়ে তাঁহার কোন জ্ঞান নাই; (অর্থাৎ ইতিপূর্ব্বে কোনরূপ বিপদের সহিত

১। দ '-নির্ণয়ে ঐকতাং শুভাম্'(?)। ২। ঘ-চ 'আম্নাতাং', থ-দ 'অম্নাতাং'। ৩। দ 'তাপ সং-'। ৪। ছ-দ ব-পুস্তকেষু ইদমৰ্দ্ধং নাস্তি। ৫। ঘ-ত 'দীনাং'। ৬। ছ 'দেবীং'। ৭। ক 'সুখার্হাং দুঃখসন্তপ্তাম্'।

তাং সমীক্ষ্য বিশালাক্ষীমধিকং মলিনাং কৃশাম্।
তর্কয়ামাস সীতেতি কারণৈরুপপাদয়ন্ ॥ ৫৮ ॥
হ্রিয়মাণা তদা[১] তেন রক্ষসা কামরূপিণা।
যথা পুরা[২] বৈ দৃষ্টা মে তথারূপেয়[৩]মঙ্গনা ॥ ৫৯ ॥
পূর্ণচন্দ্রাননা শ্যামা চারুবৃত্তপয়োধরা।
কুর্ব্বতী[৪] প্রভয়া দেবী সর্ব্বা বিতিমিরা দিশঃ ॥ ৬০ ॥
তাং নীলকেশীং[৫] বিম্বৌষ্ঠীং[৬] সুমধ্যাং সুপ্রতিষ্ঠিতাম্।
পীনাঙ্কিতগুরুশ্রোণীং[৭] বরোরুং[৮] সংহতস্তনীম্ ॥ ৬১ ॥
পদ্মপত্রবিশালাক্ষীং মন্মথস্য রতীমিব।
ইষ্টাং[৯][১০] সর্ব্বস্য জগতঃ পূর্ণচন্দ্রপ্রভামিব[১১] ॥ ৬২ ॥

৫৯। লো-টী। দৃষ্টা শ্রুতা।

৬০। লো-টী। শ্যামা অজাতরজস্কা অপ্রসূতা বা।

৬১। লো-টী। সুপ্রতিষ্ঠিতাং ভূমৌ সম্যক্প্রতিষ্ঠিতপদাম্ ইতি সর্ব্বজ্ঞঃ। পতিব্রতাত্বেন সম্যক্ প্রতিষ্ঠিতাং খ্যাতাং বা। পীনত্বেনাঙ্কিতা পূজিতা গুরুর্মহতী শ্রোণির্যস্যাঃ তাম্। সংহতৌ পরস্পরাবলগ্নৌ স্তনৌ যস্যাস্তাম্।

৬২। লো-টী। পদ্মপত্রাণামন্তর্যৎ পলাশং তদ্বদক্ষিণী যস্যাঃ।

তাঁহার পরিচয় হয় নাই ;) সেই অত্যন্ত মলিনা কৃশাঙ্গী আয়তলোচনা রমণীকে দেখিয়া হনুমান্ [মনে মনে] কারণদ্বারা উপপাদন করত সীতা বলিয়া সন্দেহ করিতে লাগিলেন—॥ ৫৬-৫৮ ॥

"তখন সেই কামরূপী রাক্ষসকর্ত্তৃক অপহ্রিয়মাণা রমণীকে যেরূপ শুনিয়াছিলাম, এই রমণী সেইরূপ ; এই যুবতীর বদন পূর্ণচন্দ্রের ন্যায়, স্তনদ্বয় বর্ত্তুল ও মনোহর ; এই দেবী স্বীয় প্রভায় সমস্ত দিকের অন্ধকার দূর করিতেছেন" ॥৫৯-৬০॥

তাঁহার কেশপাশ কৃষ্ণবর্ণ, ওষ্ঠদ্বয় বিম্বতুল্য, মধ্যভাগ মনোরম ; স্থূল, প্রশস্ত ও বিশাল নিতম্ব, উত্তম উরুদ্বয়, স্তনদ্বয় নিবিড় ; তিনি নিশ্চল ভাবে অবস্থান করিতেছিলেন ; তিনি কামদেবের রতীর ন্যায় [সুন্দরী] ; তাঁহার

১। ঘ-ঙ 'তদাক্ষেন', ছ 'তদাঙ্গেন', খ 'দশাস্তেন', দ 'তদক্ষেন'। ২। দ 'ময়া পুরা দৃষ্টা'। ৩। ছ '-পেণ চা-'। ৪। ক 'কুর্ব্বন্তী'। ৫। চ '-কেশাং'। ৬। দ 'বিম্বোষ্ঠীং'। ৭। ত '-শ্রোণীগ্রামোরুং'। ৮। দ '-রুসংহত-'। ৯। থ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ১০। ঘ '-ষ্টাঞ্চ সর্ব্বজগতঃ'। ১১। ক '-নিভামি-'।

তাং দৃষ্ট্বা তপ্তহেমাভাং লোককান্তামিব শ্রিয়ম্।
জগাম মনসা রামং[1] মারুতস্যাত্মসম্ভবঃ ॥ ৬৩ ॥
অস্যা[2] হেতোর্ব্বিশালাক্ষ্যা হতো বালী[3] মহাবলঃ।
রাবণপ্রতিমো বীর্য্যে[4] কবন্ধশ্চ[5] নিপাতিতঃ ॥ ৬৪ ॥
বিরাধশ্চ হতঃ সংখ্যে রাক্ষসো ভীমবিক্রমঃ।
তেন বিক্রম্য রামেণ মহেন্দ্রেণেব সংবরঃ ॥ ৬৫ ॥
চতুর্দ্দশসহস্রাণি রক্ষসাং ভীমকর্ম্মণাম্।
নিহতানি জনস্থানে শরৈরগ্নিশিখোপমৈঃ ॥ ৬৬ ॥
খরশ্চ নিহতঃ সংখ্যে দূষণশ্চ মহাবলঃ।
ত্রিশিরাশ্চ মহাতেজা রামেণ বিদিতাত্মনা।
ঘোরা শূর্পণখা চৈব কৃত্তকর্ণাগ্রনাসিকা ॥ ৬৭ ॥

নেত্রদ্বয় পদ্মপত্রের ন্যায় বিশাল ; তিনি পূর্ণচন্দ্রের প্রভার ন্যায় সমস্ত জগতে সমাদৃতা ; মূর্ত্তিমতী শোভার ন্যায় সেই লোক [-লোচন] -প্রিয়া তপ্তকাঞ্চনবর্ণা রমণীকে দেখিয়া পবননন্দন হনুমান্ মনে মনে রামকে চিন্তা করিতে লাগিলেন—॥ ৬১-৬৩ ॥

"এই আয়তলোচনার জন্যই বীর্য্যবত্তায় রাবণতুল্য মহাবলশালী বালী ও 'কবন্ধ' নিহত হইয়াছেন ॥ ৬৪ ॥

[ইঁহার জন্যই] ইন্দ্র যেরূপ সংবরাসুরকে বধ করিয়াছিলেন, রাম সেইরূপ যুদ্ধে বিক্রম প্রকাশপূর্ব্বক ভীমপরাক্রমশালী বিরাধ-রাক্ষসকে নিহত করিয়াছেন এবং জনস্থানে অগ্নিশিখাতুল্য শরজালে চতুর্দ্দশ-সহস্র ভীমকর্ম্মা রাক্ষস সংহার করিয়াছেন ॥ ৬৫-৬৬ ॥

[ইঁহার জন্যই] বিখ্যাত ধৈর্য্যশালী রামচন্দ্র যুদ্ধে মহাবলশালী খর, দূষণ ও মহাতেজাঃ ত্রিশিরানামক অসুরকে নিহত করিয়াছেন এবং [ইঁহার জন্যই] ঘোরাকৃতি শূর্পণখার কর্ণাগ্র ও নাসিকা কর্ত্তিত হইয়াছে ॥ ৬৭ ॥

১। দ 'সাধ্বীং'। ২। ছ 'তস্যা'। ৩। দ '-নির্দ্দহা-'। ৪। ঘ '-শ্চো বিনিপাতিতঃ'। ৫। ঘ-দ 'মহাবলঃ'।

ঐশ্বর্য্যং বানরাণাঞ্চ দুর্ল্লভং বালিপালিতম্ ।
তারাং রুমাঞ্চ মালাঞ্চ কপিরাজ্যঞ্চ শাশ্বতম্ ।
অস্যা নিমিত্তে সুগ্রীবঃ প্রাপ্তবাল্লোঁকসংকৃতম্ [১] [২] ॥ ৬৮ ॥
সাগরশ্চ ময়া ক্রান্তঃ শ্রীমান্ নদনদীপতিঃ ।
অস্যা হেতোর্ব্বিশালাক্ষ্যা পুরী চেয়ং নিরীক্ষিতা ॥ ৬৯ ॥
যদি রামঃ সমুদ্রান্তাং [৩] মেদিনীং পরিবর্ত্তয়েৎ ।
অস্যাঃ কৃতে জগৎ সর্ব্বমনুমন্যেত কেবলম্ ॥ ৭০ ॥
রাজ্যং বা ত্রিষু লোকেষু সীতাং বা জনকাত্মজাম্ ।
মন্যে [৪] লোকাস্ত্রয়োঽপ্যেতে [৫] নার্হন্তি জনকাত্মজাম্ ॥ ৭১ ॥

"কপিবর, তুমি আমার স্বামী এবং দেবরের কুশল সংবাদ জ্ঞাপন করিয়াছ। তোমাকে কি দিয়া অভিনন্দিত করিব? [আশীর্ব্বাদ করি] তুমি সুখী হও, তুমি দীর্ঘজীবী হও। তুমি পরাক্রান্ত, যোগ্যতাসম্পন্ন এবং বিচক্ষণ; তোমার বল, বুদ্ধি ও যশঃ বর্দ্ধিত হউক ॥ ২০-২১ ॥

তোমার পরাক্রম প্রশংসনীয়—তুমি একাই এই রাক্ষসপুরী পরাভূত করিয়াছ এবং শতযোজন-বিস্তীর্ণ মহাসমুদ্রকে লঙ্ঘন করিয়া গোষ্পদস্বরূপ করিয়াছ ॥ ২২ ॥

কপিবর, তোমার রাবণের নিকট ভয় বা সম্ভ্রম নাই; তোমাকে প্রাকৃত (অর্থাৎ সাধারণ) বানর বলিয়া মনে হয় না ॥ ২৩ ॥

১। ঘ-চ 'অথ', ক 'কথে'। ২। ঘ 'বানরর্ষভ'। ৩। ঙ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৪। গ 'প্লবগাধিপ'। ৫। খ '-শাচ্চ ন'। ৬। ঘ-ঙ-প 'ত্বং'। ৭। ঘ 'হরি-'। ৮। ঙ-দ 'তস্মা-'। ৯। ঘ-ছ-ঙ 'ত্বং প্রেষি-'। ১০। গ-প 'পরমা-'।

প্রেষয়িষ্যতি মেধাবী রামো ন হ্যপরীক্ষিতম্[১] ।
পরাক্রমমবিজ্ঞায়[২] মৎসমীপং বিশেষতঃ[৩] ॥ ২৫ ॥
দিষ্ট্যা চ কুশলী রামো ধর্ম্মাত্মা ধর্ম্মবৎসলঃ ।
লক্ষ্মণশ্চ মহাতেজাঃ সুমিত্রানন্দিবর্দ্ধনঃ ॥ ২৬ ॥
কচ্চিন্ন ব্যথতে রামঃ কচ্চিন্ন পরিতপ্যতে ।
উত্তরাণি চ কার্য্যাণি কুরুতে পুরুষোত্তমঃ ॥ ২৭ ॥
কচ্চিদ্দীনো[৪] ন সংভ্রান্তঃ কার্য্যেষু পরিমুহ্যতে[৫] ।
কচ্চিৎ পুরুষকার্য্যাণি কুরুতে পার্থিবাত্মজঃ[৬] ॥ ২৮ ॥
বিবিধং[৭] ত্রিবিধোপায়মুপায়ং কচ্চিদাস্থিতঃ[৮] ।
অবিরাগী[৯] চ ধৃষ্টশ্চ[১০] কচ্চিৎ কর্ম্মণি[১১] চোত্থিতঃ ॥ ২৯ ॥

২৫ । লো-টী । অপরীক্ষিতমজ্ঞাতম্ ।
২৭ । লো-টী । উত্তরাণি এতাদৃশোপসর্গোত্তরকর্ত্তব্যানি ।
২৯ । লো-টী । বিবিধমুপায়মাস্থিতঃ ত্রিবিধ উপায়ো যস্য তম্ । তথা হি—দণ্ডস্ত্রিবিধঃ সামদানভেদৈঃ, এবং সামাপি ত্রিবিধম্, এবমন্যাবপি । ধৃষ্টঃ প্রগল্ভঃ কর্ম্মণি উত্থিত উদ্যুক্তঃ ।

কপিবর, তুমি আমার সহিত অভিভাষণের যোগ্য, কেন না, সেই আত্মজ্ঞ রামচন্দ্র তোমাকে পাঠাইয়াছেন ॥ ২৪ ॥

মেধাবী রামচন্দ্র বিশেষভাবে পরাক্রম পরীক্ষা না করিয়া অপরীক্ষিত ব্যক্তিকে আমার নিকটে পাঠাইবেন না ॥ ২৫ ॥

ধার্ম্মিক রাম এবং ধর্ম্মানুরাগী মহাতেজস্বী সুমিত্রানন্দন লক্ষ্মণ কুশলে আছেন, ইহা আনন্দের বিষয় ॥ ২৬ ॥

পুরুষোত্তম রামচন্দ্র ব্যথিত বা পরিতপ্ত হইতেছেন না ত ? এবং ব্যথিত বা পরিতপ্তের মত কার্য্য করিতেছেন না ত ? ॥ ২৭ ॥

রাজপুত্র কাতর হইয়া ভ্রমবশে কর্ত্তব্যকার্য্যে বিমূঢ় হইতেছেন না ত ? তিনি পুরুষোচিত কর্ত্তব্য সম্পাদন করিতেছেন ত ? ॥ ২৮ ॥

তিনি বিবিধ [সামদানাদি] ত্রিবিধ উপায় অবলম্বন করিতেছেন ত ? তিনি বৈরাগ্যহীন প্রাগল্ভ্যযুক্ত এবং কর্ত্তব্যকার্য্যে উদ্যোগী আছেন ত ? ॥ ২৯ ॥

১ । ঘ-ঙ 'ন রামো' । ২ । খ '-মং পরি-' । ৩ । অতঃ পরং ছ-পুস্তকে "অবিজ্ঞো নাম মেধাবী রাক্ষসো বুদ্ধসম্মতঃ । তদ্বাক্যাদবগচ্ছামি রামসুগ্রীবয়োর্ব্বহঃ । সখ্যং বালিবধশ্চৈব সুগ্রীবৈশ্বর্য্যমেব চ ।" ইত্যধিকম্ । ৪ । ঘ-ঙ '-বীরো', ছ '-ধীরো' । ৫ । ছ-ঙ দ 'ন বিমুহ্যতে', খ 'ন চ মুহ্যতি' । ৬ । ঘ 'স নৃপাত্মজঃ' । ৭ । ছ-খ 'দ্বিবিধং', ঙ-দ 'ত্রিবি-' । ৮ । ঙ '-দাশ্রিতঃ' । ৯ । ক 'অভি-' । ১০ । খ 'প্রধৃ-' । ১১ । ক 'কর্ম্মাণি' ।

যস্তু নারভতে কর্ম্ম নরো দৈবপরায়ণঃ।[১]

ক্ষিপ্রং ভবতি নির্দ্রব্যঃ পলায়নপরায়ণঃ ॥ ৩০ ॥

কচ্চিন্মিত্রাণি ভজতে মিত্রৈর্বাপ্যধিগম্যতে।

কচ্চিৎ কল্যাণবৃত্তশ্চ[২] মিত্রৈরপি[৩] চ সৎকৃতঃ ॥ ৩১ ॥

দেবানাং কচ্চিদাশাস্তে প্রসাদং পার্থিবাত্মজঃ।

কচ্চিৎ পুরুষকারঞ্চ দৈবঞ্চ প্রতিপদ্যতে ॥ ৩২ ॥

কচ্চিন্ন বিগতস্নেহো বিপ্রবাসান্নরর্ষভঃ।

অপি মাং ব্যসনাদস্মাৎ সুঘোরাদুদ্ধরিষ্যতি ॥ ৩৩ ॥

সুখানামুচিতো নিত্যমসুখানাং চ[৪] নোচিতঃ।

দুঃখমুত্তমমাসাদ্য কচ্চিদ্রামো ন সীদতি ॥ ৩৪ ॥

৩০। লো-টী। নির্দ্রব্যঃ পৃথিবীশূন্যঃ। 'দ্রব্যং স্যাৎ পিত্তলে বিত্তে পৃথিব্যাদৌ বিলেপনে' ইতি কোষঃ।

৩১। লো-টী। অভিগম্যতে মিত্রতয়া জ্ঞায়তে।

৩৩। লো-টী। বিপ্রসারাং মাং প্রতীতি শেষঃ।

যে ব্যক্তি দৈবমুখাপেক্ষী হইয়া কর্ম্মানুষ্ঠানে বিরত থাকে, সে সত্বর ধনহীন এবং পলায়নপরায়ণ হয় ॥ ৩০ ॥

তিনি মিত্রবর্গের সহিত সম্মিলিত হইতেছেন ত? এবং মিত্রগণ তাঁহার নিকট আগমন করেন ত? তিনি সদাচারপরায়ণ আছেন ত? মিত্রবর্গ তাঁহার সমাদর করেন ত? ॥ ৩১ ॥

তিনি দেবতাদিগের প্রসাদ (অনুগ্রহ) প্রার্থনা করেন ত? পুরুষকার এবং দৈব উভয়কেই আশ্রয় করেন ত? ॥ ৩২ ॥

দীর্ঘ বিচ্ছেদের ফলে তিনি [আমার প্রতি] স্নেহহীন হয়েন নাই ত? তিনি আমাকে এই ঘোর বিপদ্ হইতে উদ্ধার করিবেন ত? ॥ ৩৩ ॥

রামচন্দ্র চিরদিন সুখভোগে অভ্যস্ত, সুখের অভাবে (অর্থাৎ দুঃখভোগে) অনভ্যস্ত; তিনি [এই] মহাদুঃখ প্রাপ্ত হইয়া অবসন্ন হ'ন নাই ত? ॥ ৩৪ ॥

১। দ 'দেব-'। ২। দ "পুরুষকারঞ্চ দৈবঞ্চ প্রতিপদ্যতে। কচ্চিন্ন বিগতস্নেহো বিপ্রবাসান্নরর্ষভঃ ॥" ইত্যধিকম্। ৩। ছ '-বৃত্তিশ্চ', খ '-মিত্রশ্চ'। ৪। ঘ-ধ '-মিহোচিতঃ'।

মন্নিমিত্তঞ্চ মানার্হঃ কচ্চিদ্বানর রাঘবঃ।
অল্পমায়াস্যতে[1] রামো বিদেশে নৃপতেঃ সুতঃ ॥ ৩৫ ॥

যদি জীবতি কাকুৎস্থঃ কিমর্থং[2] রাবণালয়ম্।
ন নির্দ্দহতি কোপেন যুগান্তে[3] পাবকো যথা ॥ ৩৬ ॥

কিমর্থং মর্ষয়তি[4] মামরিসংস্থামমর্ষণঃ।
ন রাবণবিনাশায় প্রযত্নমনুতিষ্ঠতি ॥ ৩৭ ॥

অপি মাং ব্যসনাদস্মাৎ সুঘোরাদুদ্ধরিষ্যতি।
ধক্ষ্যতে শায়কৈশ্চেমাং ত্বয়ি প্রতিগতে পুরীম্ ॥ ৩৮ ॥

কচ্চিৎ স নাথো মম রাজপুত্রঃ সর্ব্বস্য লোকস্য চ ধর্ম্মনাথঃ।
মাং[5] বীরনাথাং বলিনা গৃহীতাম্ অনাথবৎ[6] তাং প্রতিচিন্তয়ানঃ ॥ ৩৯ ॥

৩৫। লো-টী। অল্পমল্পং যথা স্যাৎ তথায়াস্যতে আগমিষ্যতি।

৩৭। লো-টী। অরৌ সংস্থা স্থিতির্যস্যাস্তাং মর্ষয়তি ক্ষমতে। 'সংস্থা স্থিতৌ চ সাদৃশ্যে নাশে নাঽবস্থিতে চরে' ইতি ভূরিঃ। কিমর্থং নানুতিষ্ঠতি।

৩৯। লো-টী। ধর্ম্মনাথো ধর্ম্মপ্রবর্ত্তকঃ, ধর্ম্মতো বা ঈশ্বরঃ। তাং মামিত্যন্বয়ঃ। প্রতিচিন্তয়ানঃ প্রতিচিন্তয়ন্।

হে বানর, সম্মানার্হ রাজপুত্র রামচন্দ্র বিদেশে আমার জন্য অল্পই কষ্ট পাইতেছেন ত? (বেশী আয়াসপ্রাপ্ত হইতেছেন না ত?) ॥ ৩৫ ॥

রামচন্দ্র যদি বাঁচিয়া আছেন, তবে যুগান্ত-কালানলের ন্যায় কোপে রাবণ-পুরী দগ্ধ করিতেছেন না কেন? ॥ ৩৬ ॥

তিনি শত্রুর নিকটে আমার অবস্থিতি সহ্য করিতেছেন কেন? রাবণের সংহারের জন্য চেষ্টা করিতেছেন না কেন? ॥ ৩৭ ॥

তুমি ফিরিয়া গেলে তিনি আমাকে এই বিপদ্ হইতে উদ্ধার করিবেন এবং তীক্ষ্ণ শরজালে এই নগরী দগ্ধ করিবেন? ॥ ৩৮ ॥

আমি বীরপত্নী [হইয়াও], বলবান্ রাবণকর্ত্তৃক অনাথার মত অপহৃতা হইয়াছি। আমার স্বামী সেই ধর্ম্মপ্রবর্ত্তক সর্ব্বলোকপালক রাজপুত্র সেই আমার কথা চিন্তা করেন ত? ॥ ৩৯ ॥

১। খ 'অল্পমায়াস্যতে'। ২। খ 'কিমিদং'। ৩। ক-ঘ '-স্তাগ্নিরিবোত্থিতঃ'। ৪। খ 'মর্ষতি শ্রীমানরি-'। ৫। খ-পুস্তকে অত আরভ্য বিচত্বারিংশশ্লোকপূর্ব্বার্দ্ধং যাবন্নাস্তি', ছ '-মাকাশা-'। ৬। ছ '-বত্তথাতি চিন্তয়ানঃ', ঘ 'বৃত্তাং প্রতিচিন্তয়ানঃ'।

কচ্চিন্ন তৎ সোমসমানকান্তং তস্যাননং পদ্মসমানগন্ধি।
শশ্বচ্চ্যুতং[1] শুষ্যতি মৎপ্রণাশাদ্ জলাত্যয়ে পদ্মমিবাতপেন ॥ ৪০ ॥
ধর্ম্মোপদেশাৎ ত্যজতঃ স্বরাজ্যং[2] মাঞ্চাপ্যরণ্যং নয়তঃ পদাতেঃ।
নাসীদ্ ব্যথা তস্য ন ভীর্ন শোকঃ কচ্চিৎ স ধৈর্য্যং বহতে[3] সদৈব[4] ॥৪১॥
শ্রুত্বা[5] ময়ৈতাং বিষমাং প্রবৃত্তিং কচ্চিৎ স বিক্রামতি লোকনাথঃ।
তাবচ্চ জীবেয়মহং[6] হনূমন্ যাবৎ প্রবৃত্তিং শৃণুয়াৎ প্রিয়ো মে ॥ ৪২ ॥
উক্ত্বা স পূর্ব্বং[7] পরুষং মূঢ়য়া[8] প্রেষিতো ময়া।
গতো[9] রামগতং মার্গং কচ্চিজ্জীবতি[10] লক্ষ্মণঃ ॥ ৪৩ ॥
কচ্চিজ্জীবতি[11] কৌশল্যা সুমিত্রা চ যশস্বিনী।
কচ্চিদক্ষৌহিণী ভীমা ভরতস্য মহাত্মনঃ ॥ ৪৪ ॥

৪০। লো-টী। ক্ষপণীয়পক্ষে কৃষ্ণপক্ষে। [পাঠান্তরং দৃষ্টবান্।]

জলাভাবে পদ্ম যেমন রৌদ্রের তেজে শুকাইয়া যায়, সেইরূপ আমার অভাবে তাঁহার সেই চন্দ্রের মত মনোহর পদ্মের মত সুরভি চিরসুন্দর বদনমণ্ডল ম্লান হইয়া পড়ে নাই ত? ॥ ৪০ ॥

তিনি যখন ধর্ম্মের উদ্দেশে (ধর্ম্মরক্ষার্থে) স্বীয় রাজ্য পরিত্যাগ করিয়াছিলেন এবং আমাকে লইয়া পদব্রজে অরণ্যে আগমন করিয়াছিলেন, তখন [যেমন] তাঁহার ব্যথা, ভয় বা শোক কিছুই ছিল না, তিনি সর্ব্বদা [সেইরূপ] ধৈর্য্য ধারণ করিতেছেন ত? ॥ ৪১ ॥

আমার এই দুর্দ্দশার সংবাদ শ্রবণ করিয়া লোকপালক রামচন্দ্র পরাক্রম প্রকাশ করিবেন ত? হনুমন, যতক্ষণে প্রিয়তম আমার সংবাদ শ্রবণ করিবেন, আমি সেই পর্য্যন্তই জীবিত থাকিব ॥ ৪২ ॥

মূঢ়া আমি পূর্ব্বে কর্কশ বাক্য বলিয়া যাঁহাকে রামের গমনপথে অনুগমন করিতে প্রেরণ করিয়াছিলাম, সেই লক্ষ্মণ জীবিত আছেন ত? ॥ ৪৩ ॥

যশস্বিনী সুমিত্রা এবং কৌশল্যা জীবিত আছেন ত? মহাত্মা ভরতের ভীম অক্ষৌহিণী কুশলে আছে ত? ॥ ৪৪ ॥

১। ছ-ঝ 'চন্দ্রো যথা বৈ ক্ষপণীয়পক্ষে'। ২। ঘ-ছ '-ত্যক্ত রাজ্যং'। ৩। ছ 'হৃদেন'। ৪। অতঃ পরং ঙ-পুস্তকে "ন তস্য মাতা ন পিতা ন চান্যঃ স্নেহাদ্বিশিষ্টোঽস্তি ময়া সমো বা। স্নেহাচ্চ বীর্য্যাচ্চ স মন্নিমিত্তান্ন ব্যাধিদুঃখং জনয়াদিপাতঃ।" ইত্যধিকম্। ৫। ঙ-ঝ মদীয়াং'। ৬। খ 'মনাক্'। ৭। ক-ঘ 'পশ্চাৎ'। ৮। খ 'মূঢ়-'। ৯। ঘ-ঙ 'তাতো'। ১০। ঢ '-জ্জানাতি'। ১১। ঙ-ঝ '-জ্জানাতি'।

ধ্বজিনী মন্ত্রিভির্গুপ্তা ক্ষিপ্রমেষ্যতি মৎকৃতে।[১]
কচ্চিচ্চেহাগমিষ্যন্তি[২] বানরা ভীমবিক্রমাঃ ॥ ৪৫ ॥

কচ্চিৎ[৩] স লক্ষ্মণঃ শ্রীমান্ সুমিত্রানন্দিবর্দ্ধনঃ।
অস্ত্রবিচ্ছরজালেন প্রমথিষ্যতি রাক্ষসান্[৪] ॥ ৪৬ ॥

রৌদ্রেণ পরমাস্ত্রেণ রামেণ নিহতং রণে।
ইচ্ছামি রাবণং দ্রষ্টুং সপুত্রজ্ঞাতিবান্ধবম্[৫] ॥ ৪৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সীতাবাক্যং নাম
ত্রয়স্ত্রিংশঃ সর্গঃ ॥ ৩৩ ॥

৪৫। গো-টী। ধ্বজিনী সেনা।...সুন্দরে সীতাবাক্যম্ ॥ ৩৩ ॥

মন্ত্রিগণকর্ত্তৃক সংরক্ষিত সৈন্যদল এবং ভীমবিক্রম বানরগণ আমার জন্য সত্বর এখানে আগমন করিবে ত? ॥ ৪৫ ॥

অস্ত্রবিশারদ সুমিত্রানন্দন শ্রীমান লক্ষ্মণ শরজালে রাক্ষসদিগকে প্রমথিত করিবেন ত? ॥ ৪৬ ॥

আমি সমরক্ষেত্রে পুত্র, জ্ঞাতি ও বান্ধবগণের সহিত রাবণকে রামকর্ত্তৃক ভীষণ অস্ত্রে নিহত দেখিতে ইচ্ছা করি" ॥ ৪৭ ॥

মহর্ষি বাল্মীকি প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সীতাবাক্য-
নামক ৩৩শ সর্গ সমাপ্ত ॥ ৩৩ ॥

১। অতঃ পরং ঙ-পুস্তকে "বানরাণাং পতিঃ শ্রীমান্ সুগ্রীবঃ কচ্চিদেষ্যতি। বৎকৃতে হরিভিঃ সার্দ্ধং বৃতো দশশতাধিপৈঃ॥" ইত্যধিকম্। ২। গ 'ঘোর-'। ৩। ছ 'চ'। ৪। ঘ 'রাবণম্'। ৫। অতঃ পরং ঙ-দ-পুস্তকয়োঃ "ইতীদমুক্ত্বা বচনং মহার্থং কপিপ্রবীরং মধুরার্থযুক্তম্। শ্রোতুং পুনস্তস্য বচো যথোক্তং রামেণ হীনা বিররাম সীতা॥" ইত্যধিকম্।

(৩৪) চতুস্ত্রিংশঃ সর্গঃ

এতচ্ছ্রুত্বা শুভং বাক্যং সীতায়া[২] মারুতাত্মজঃ[৩] ।
ইদং মধুরয়া বাচা কৃতাঞ্জলিরভাষত ॥ ১ ॥

ন তাবদ্দেবি জানীতে ত্বামিহস্থাং[৪] স রাঘবঃ ।
ধক্ষ্যতে[৫] শায়কৈরাশু ময়ি প্রতিগতে পুরীম্ ॥ ২ ॥

বিষ্টভ্য স হি বাণৌঘৈরগাধং বরুণালয়ম্[৬] ।
করিষ্যতি পুরীং লঙ্কাং প্রযত্নাদপ্যরাক্ষসাম্[৭][৮] ॥ ৩ ॥

মম শ্রুত্বৈব তু বচঃ[৯] ক্ষিপ্রমেষ্যতি[১০] রাঘবঃ ।
প্রকর্ষন্[১১] মহতীং সেনাং বানরাণাং মহাত্মনাম্ ॥ ৪ ॥

৩। লো-টী। বিষ্টভ্য উত্তীর্য। 'প্রযত্নাদপ্যরাক্ষসাম্', 'প্রযত্নান্বেষারাক্ষসা'মিতি পাঠে প্রযত্নেন স্বামন্বেষ্টুং শীলং যস্য প্রযত্নান্বেষী বানঃ।

পবননন্দন হনুমান্ সীতার এই উত্তম বাক্য শ্রবণ করিয়া কৃতাঞ্জলিপুটে মধুরবাক্যে এই কথা বলিলেন—॥ ১ ॥

দেবি, আপনি যে এই স্থানে আছেন, তাহা রামচন্দ্র জানেন না। আমি ফিরিয়া গেলে, তিনি শীঘ্রই তীক্ষ্ণ শরজালে [লঙ্কা]পুরী দগ্ধ করিবেন ॥ ২ ॥

তিনি বাণদ্বারা অগাধ সমুদ্রকে স্তব্ধীভূত করিয়া বলপূর্ব্বক লঙ্কানগরীকে রাক্ষসবিহীন করিবেন ॥ ৩ ॥

রামচন্দ্র আমার কথা শুনিয়াই অতিশয় প্রযত্নপরায়ণ বিপুল বানরসৈন্য-সমভিব্যাহারে সত্বর আগমন করিবেন ॥ ৪ ॥

১। ছ 'শ্রুত্বা'। ২। ছ '-য়াঃ প্লবগর্ষভঃ'। ৩। ঘ 'পবনা-'। ৪। ঘ 'ইহস্থাং স্থাং'। ৫। দ-পুস্তকে অতঃ প্রভৃতি চতুর্থশ্লোকপূর্ব্বার্দ্ধং যাবন্নাস্তি। ৬। ঘ 'মকরা-'। ৭। ঘ 'প্রসহ্য হতরাক্ষসাম্', ছ 'প্রযত্নান্বেষরাক্ষসাম্'। ৮। ত '-সীম্'। ৯। থ 'বচনং'। ১০। ঘ 'শীঘ্র-'। ১১। থ 'হর্ষয়ন্'।

তত্র যদ্যন্তরা মৃত্যুর্যদি সেন্দ্রা দিবৌকসঃ।
স্থাস্যন্তি[১] তানপি রণে কাকুৎস্থো নিহনিষ্যতি[২] ॥ ৫ ॥
তবাদর্শনশোকেন[৩] মহতা সমভিপ্লুতঃ।
ন শান্তিং লভতে রামঃ সিংহার্দ্দিত ইবর্ষভঃ[৪] ॥ ৬ ॥
সত্যেন বৈ শপে দেবি তথৈব সুকৃতেন চ।
দর্দ্দুরেণ[৫] চ বৈদেহি[৬] শপে মূলফলেন চ।
বরুণেন[৭] সবিন্ধ্যেন মেরুণা মন্দরেণ চ ॥ ৭ ॥
যথা সুনয়নং বীরং[৮] বিম্বৌষ্ঠং চারুদর্শনম্।
ক্ষিপ্রং দ্রক্ষ্যসি রামস্য পূর্ণচন্দ্রনিভং[৯] মুখম্ ॥ ৮ ॥

৫। লো-টী। অন্তরা মধ্যে। বিনয়িষ্যতি নতান্ করিষ্যতি। 'নিহনিষ্যতী'তি বা পাঠঃ।

৬। লো-টী। ঋষভো বৃষঃ। 'দ্বিপ' ইত্যপি পাঠঃ কচিৎ।

৭। লো-টী। তবাদর্শনশোকেন রামঃ শান্তিং ন লভতে ইত্যাহ—অহং সত্যাদিনা শপে, যদ্যহং মিথ্যা বদামি তদা মে সত্যাদিকং নশ্যেদিত্যর্থঃ। দর্দ্দুরেণ নিবাসপর্ব্বতেন, 'দর্দ্দুর-স্তোয়দে ভেকে বাদ্যভাণ্ডাদ্রিভেদয়ো'রিতি কোষঃ। এবং বরুণনাম্না নিবাসক্রমেণ, 'বরুণস্তরু-ভেদেঽপ্সু পশ্চিমাশাপতাবপী'তি ভূরি০।

৮। লো-টী। যথা যথাবৎ, পূর্ণচন্দ্রনিভাননং 'পূর্ণচন্দ্রনিভং মুখ'মিতি কচিৎ পাঠঃ। বীরং বিশিষ্টা মধুরা ইরা বাক্ যস্য তৎ। 'ইরা ভূবাক্সুরাঽপ্সু চে'তি কোষঃ।

তাহাতে যদি সাক্ষাৎ যম অথবা ইন্দ্রের সহিত দেবগণও সকলে যুদ্ধক্ষেত্রে মধ্যবর্ত্তী হ'ন, রামচন্দ্র তাঁহাদিগকেও বধ করিবেন ॥ ৫ ॥

রামচন্দ্র সিংহাক্রান্ত বৃষভের ন্যায় আপনার অদর্শন-জনিত মহাশোকে আক্রান্ত হইয়া [মোটেই] শান্তি লাভ করিতে পারিতেছেন না ॥ ৬ ॥

দেবি, বিদেহরাজ-নন্দিনি, আমি সত্যদ্বারা পুণ্যদ্বারা দর্দ্দুর, বরুণ, বিন্ধ্য, মেরু, মন্দর এবং ফল-মূল দ্বারা শপথ করিতেছি যে, আপনি অচিরেই রামচন্দ্রের সুন্দর নয়ন এবং বিম্বতুল্য ওষ্ঠ-সমন্বিত মধুর-বাক্যযুক্ত পূর্ণচন্দ্রতুল্য সুন্দর মুখমণ্ডল অবলোকন করিবেন ॥ ৭-৮ ॥

১। ঘ 'মৃধে'। ২। ঘ 'বিনশিষ্যতি'। ৩। ঘ '-জুঃখেন'। ৪। ঘ 'ইব দ্বিপঃ'। ৫। ঙ 'দুর্দ্ধর্ষেণ চ', খ 'অসুরেণ চ', দ 'দর্দ্দুরেণ চ'। ৬। ঘ-ছ 'বৈ দেবি'। ৭। ছ 'মলয়েন'। ৮। ঘ-খ 'ধীরং'। ৯। খ-ঘ '-নিভাননম্'।

ত্বামেব[১] ধ্যায়তি সদা বিশালাক্ষি[২] স রাঘবঃ।
সুপ্তস্যৈব[৩] হি[৪] রামস্য নিদ্রা নৈবোপতিষ্ঠতি[৫] ॥ ৯ ॥

ন ভক্ষয়তি মাংসানি ন মধূনি[৬] চ সেবতে।
বালেয়ং[৭] বিহিতং ত্বেকমশ্নুতে ভক্ষ্যমুত্তমম্[৮] ॥ ১০ ॥

ন কামায় চ সংরম্ভায়[৯] চ কার্য্যায়[১০] বৃদ্ধয়ে।
আহারমাহারয়তে প্রাপ্তে[১১] কালে তথাঽষ্টমে ॥ ১১ ॥

মতিমানপি কাকুৎস্থো ধীরশ্চৈব[১২] বিশেষতঃ।
ত্বদ্‌বিয়োগজদুঃখেন বিক্লবঃ সমপদ্যত[১৩] ॥ ১২ ॥

১০। লো-টী। বালেয়ং মৃদু ফলমূলাদি. ভাগীশাকমিতি কশ্চিৎ। 'বালেয়ঃ খর-ভার্গ্যোর্না মৃদৌ বলিহিতে ত্রিষু' ইতি ভূরি০। বিহিতং লক্ষ্মণেন নিষ্পাদিতম্। একম্ একবারম্। 'বানেয়'মিতি পাঠে বনাম্। অষ্টমম্ অষ্টমে কালে ইত্যন্বয়ঃ। সুপাং সুপ্।

১১। লো-টী। কামাদিচ্ছাতঃ। সংরম্ভাৎ অসত্যামপীচ্ছায়াং পরিজনানামনুরোধাৎ, কার্য্যাৎ কার্য্যমিদমবশ্যমিত্যাবেশাৎ, বৃদ্ধয়ে শরীররক্ষণায়, আহারমাহারয়তে করোতি।

১২। লো-টী। বিক্লবো বিবশঃ সমপদ্যত বভূব।

হে আয়ত-লোচনে, রামচন্দ্র নিরন্তর আপনাকেই চিন্তা করিতেছেন, তিনি শয়ন করিলেও [চিন্তায়] তাঁহার নিদ্রা হয় না ॥ ৯ ॥

তিনি মাংস ভোজন করেন না, মধু পান করেন না, একমাত্র পূজোপ-যোগী উত্তম (সাত্ত্বিক) খাদ্যই ভোজন করেন ॥ ১০ ॥

ভোজনের কাল অষ্টম মুহূর্ত্ত উপস্থিত হইলেও তিনি স্বেচ্ছায়, অথবা বন্ধুগণের অনুরোধে, অথবা কর্ত্তব্যবোধে শরীর পোষণের নিমিত্ত আহার করেন না ॥১১॥

রামচন্দ্র বুদ্ধিমান্ এবং বিশেষ ধৈর্য্যশালী হইলেও আপনার বিরহে কাতর হইয়া পড়িয়াছেন ॥ ১২ ॥

১। ছ 'ধ্যায়তে নিত্যং'। ২। ঘ 'বিমলা-'। ৩। গ 'নিদ্রিতস্যৈব', খ 'সুপ্তস্যৈব'। ৪। ঘ-ঙ-দ 'চ'। ৫। ছ-ঘ '-তিষ্ঠতে'। ৬। ঘ-ঙ-ধ-দ 'চ কুত্রাং নিষেবতে', ছ 'চ মাল্যানি'। ৭। খ 'রামঃ পরিজ্ঞতং ত্বেকমশ্নুতে ভক্ষ্যমষ্টমম্', ক-দ 'বানেয়ং'। ৮। ঘ-ছ 'ভক্ষ-' ঙ-দ 'ভক্তমষ্টমম্'। ৯। খ 'সংজ্ঞায়া-'। ১০। ঘ-ছ 'ত্রয়ায় চ'। ১১। ছ-দ 'প্রাপ্তকা-'। ১২। ঘ-দ 'বীর-'। ১৩। গ '-বং সমভপাত'।

ন শৌর্য্যে[১] নাস্ত্রসঙ্কল্পে ন রতৌ[২] ন চ ভোজনে।
সুখং বিন্দতি বৈদেহি ত্বদ্‌গতেনান্তরাত্মনা[৩] ॥ ১৩ ॥
বিলপন্ সততং ভীরু[৪] শোচংশ্চ[৫] বহুশো ভৃশম্।
জীবিতং নিন্দতে[৬] নিত্যং কুলং[৭] জন্ম চ সর্ব্বথা ॥ ১৪ ॥
ধিঙ্‌মামস্ত্রাণি[৮] দিব্যানি[৯] ধিগ্ বীর্য্যং ধিক্ পরাক্রমম্।
ধিক্ চ শূরকুলে[১০] জন্ম ইক্ষ্বাকূণাং মহাত্মনাম্ ॥ ১৫ ॥
যত্র মে রাক্ষসৈর্ভার্য্যা[১১] প্রাণৈরিষ্টতমা সতী।
হৃতাহবমন্য তৃণবৎ কৃত্বা মে সর্ব্বথা বলম্[১২] ॥ ১৬ ॥
নৈব দংশান্ ন মশকান্ নান্যানপি[১৩] সরীসৃপান্[১৪]।
রাঘবো বারয়ত্যঙ্গাৎ[১৫] তবার্থে বরবর্ণিনি[১৬] ॥ ১৭ ॥

১৩। লো-টী। অস্ত্রসংকল্পে অস্ত্রগ্রহণে, 'অস্ত্রশাকল্য' ইতি পাঠে অস্ত্রখণ্ডে। রতৌ বিহারে। 'ত্বদ্‌গতেনান্তরাত্মনা' 'ত্বংকৃতেনে'তি বা পাঠঃ।

১৬। লো-টী। মে মম কুলং তৃণবৎ কৃত্বা হৃতা ইত্যহমবমন্যে মন্যে ইত্যর্থঃ। 'হৃতাহবমন্য' ইতি পাঠে তৃণবৎ কৃত্বা অতোঽবমন্য হৃতা।

১৭। লো-টী। সরীসৃপান্ দুঃখদান্ জন্তূন্। তবার্থে ত্বদ্‌গতে মনসি সতীত্যর্থঃ। 'বারয়েৎ' 'বারয়তি' বা পাঠঃ।

হে বৈদেহি, রামচন্দ্র ত্বদ্‌গতচিত্তে বীরত্ব, অস্ত্রগ্রহণ, ক্রীড়া বা ভোজন—কিছুতেই সুখ লাভ করিতে পারিতেছেন না ॥ ১৩ ॥

তিনি সর্ব্বদা বিলাপ করিতে করিতে এবং পুনঃ পুনঃ অত্যন্ত শোক প্রকাশ করিতে করিতে সর্ব্বপ্রকারে স্বীয় জন্ম, জীবন এবং বংশের নিন্দা করিতেছেন—॥১৪॥

"ধিক্ আমি, ধিক্ আমার সমস্ত অস্ত্র, ধিক্ আমার বীর্য্য, ধিক্ পরাক্রম, ধিক্ [আমার] ইক্ষ্বাকুবংশের মহাপুরুষদিগের বীরবংশে জন্মগ্রহণ ॥ ১৫ ॥

যেহেতু, আমাকে অবমাননা করিয়া আমার শক্তিকে তৃণের ন্যায় তুচ্ছ করিয়া রাক্ষসগণ আমার প্রাণাপেক্ষা প্রিয়তমা পতিব্রতা ভার্য্যাকে অপহরণ করিয়াছে" ॥ ১৬ ॥

হে সুন্দরি, আপনার জন্য রামচন্দ্র দংশ (একপ্রকার মক্ষিকা, ডাঁশ),

১। ছ '-কৌশল্যে', খ '-শস্ত্রেষু'। ২। দ 'ক্রোধে'। ৩। দ 'ত্বংকৃতে'। ৪। ঘ 'সীতে'। ৫। দ 'শোকস্থ'। ৬। খ 'বিন্দতে'। ৭। খ 'কুলে'। ৮। ক-ছ '-মমাস্ত্রাণি'। ৯। দ 'সর্ব্বাণি'। ১০। খ 'শূরাণাং কু-'। ১১। ছ 'রক্ষসা ভার্য্যা'। ১২। ক 'কুলম্'। ১৩। খ-ত 'নান্যাংশ্চাপি'। ১৪। ছ 'শরী-'। ১৫। ক 'বারয়েদঙ্গাৎ', গ 'বারয়ত্যঙ্গে'। ১৬। ঘ 'চারুলোচনে'।

নিত্যং ধ্যানপরো রামো নিত্যং শোকপরায়ণঃ[১]।
নান্যচ্চিন্তয়তে[২] চাপি[৩] ত্বদ্[৪]গতেনান্তরাত্মনা[৫] ॥ ১৮ ॥
ত্বামেব[৬] চিন্তয়ন্ রামঃ সুপ্তোঽপি প্রতিবুধ্যতে।
সীতেতি মধুরাং বাণীং ব্যাহরন্ পুরুষর্ষভঃ ॥ ১৯ ॥
ফলঞ্চা[৭]লোক্য পুষ্পং বা যচ্চান্যৎ স্ত্রীমনোহরম্[৮]।
গৃহীত্বা হা প্রিয়েত্যেবং নিশ্বাসপরমোঽভবৎ[১১] ॥ ২০ ॥
হা সীতে হাঽনবদ্যাঙ্গি হা মমাদ্ভুতদর্শনে।
কাসি কুত্রাসি বৈদেহি ইতি রোদিতি সর্ব্বদা ॥ ২১ ॥

১৯। লো-টী। সুপ্তোঽপি প্রতিবুধ্যতে ত্বচ্চিন্তয়া ক্ষণে ক্ষণে নিদ্রাভঙ্গাৎ। 'সুপ্তো ন প্রতিবুধ্যতে' ইতি পাঠে সুপ্তোঽপ্যবোগাপি ন প্রতিবুধ্যতে ন জানাতি।

২০। লো-টী। হা প্রিয়েতি সন্ধিরার্ষঃ।

মশক, অথবা অন্যান্য সরীসৃপ [গাত্রে উপবিষ্ট হইলেও তাহা]-দিগকে গাত্র হইতে নিবারণ করিতেছেন না ॥ ১৭ ॥

রামচন্দ্র সর্ব্বদাই চিন্তানিরত এবং সর্ব্বদাই শোকগ্রস্ত; তাঁহার চিত্ত সর্ব্বদাই আপনার প্রতি আসক্ত, তিনি [মুহূর্ত্তের জন্যও] অন্য কিছু চিন্তা করেন না ॥ ১৮ ॥

পুরুষশ্রেষ্ঠ রামচন্দ্র [দৈবাৎ] নিদ্রিত হইলেও আপনার চিন্তা করিতে করিতেই 'সীতা সীতা' বলিয়া জাগিয়া উঠেন ॥ ১৯ ॥

তিনি ফল, পুষ্প, অথবা রমণীগণের মনোরম কোন কিছু দেখিলেই, তাহা গ্রহণ করিয়া 'হা প্রিয়ে' 'হা প্রিয়ে' বলিয়া দীর্ঘনিশ্বাস ত্যাগ করিতে থাকেন ॥ ২০ ॥

তিনি সর্ব্বদাই 'হা সীতে' 'হা সুন্দরি' 'হা বিদেহরাজ-নন্দিনি' 'হা অদ্ভুত-দর্শনে' 'কোথায় তুমি' 'কোথায় তুমি' এই বলিয়া রোদন করিতেছেন ॥ ২১ ॥

১। ঘ 'ক্রোধবশং গতঃ'। ২। ঙ-ঘ 'ক্ষ্ণঃ চি-'। ৩। ক-ঘ '-য়ত' (?)। ৪। খ-ঘ 'বাপি'। ৫। ঘ 'ত্বৎকৃতে-'। ৬। ঘ -'বাচিন্তয়ন্নাথঃ'। ৭। চ-ধ-দ 'বালোক্য'। ৮। ছ '-রমম্'। ৯। খ '-ত্রোধ'। ১০। ক 'বিবা-'। ১১। ছ '-মো ভবেৎ'।

উদিতমপি নিশাসু বীক্ষ্য চন্দ্রং প্রকৃতিসুখং সুখশীতলাংশুজালম্ ।
মদনবশগতো বিহায় নিদ্রাং নয়তি গিরিং নয়নৈঃ শশাঙ্কমস্তম্ ॥ ২২ ॥
ত্বামেব নিত্যং পরিচিন্তয়ন্[১] সঃ প্রিয়েতি হা হেতি চ তপ্যমানঃ ।
দৃঢ়ব্রতো রাজসুতো[২] মহাত্মা তবোপলম্ভায় কৃতপ্রযত্নঃ ॥ ২৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনূমদ্বাক্যং
নাম চতুস্ত্রিংশঃ সর্গঃ ॥ ৩৪ ॥

২২। লো-টী। অস্তং গিরিম্, নয়নৈর্নয়নকর্তৃভিবিশিষ্টং নয়নৈঃ সংযুক্তং বা শশাঙ্কং বা।
২৩। লো-টী। উপলম্ভায় প্রাপ্তয়ে।

সীতাং প্রতি হনূমদ্বাক্যম্ ॥ ৩৪ ॥

চন্দ্র স্বভাবতঃই সুখাবহ এবং তাহার শীতল কিরণমালা সুখপ্রদ হইলেও রামচন্দ্র রাত্রিতে সমুদিত চন্দ্র দর্শনে কামের বশীভূত হইয়া নিদ্রা পরিত্যাগপূর্ব্বক বিস্ফারিত নেত্রে তাহাকে অস্তাচলে প্রেরণ করেন (অর্থাৎ চন্দ্রের উদয় হইতে অস্ত পর্য্যন্ত বিনিদ্র নেত্রে যাপন করেন) ॥ ২২ ॥

উদারচেতা রাজপুত্র রামচন্দ্র সর্ব্বদা আপনার চিন্তা করিতে করিতে এবং 'হা প্রিয়ে' এই বলিয়া পরিতাপ করিতে করিতে দৃঢ়সংকল্প হইয়া আপনার প্রাপ্তির জন্য চেষ্টা করিতেছেন ॥ ২৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনূমদ্বাক্য-নামক
৩৪শ সর্গ সমাপ্ত ॥ ৩৪ ॥

১। খ 'সো'। ২। খ 'বীর-'।

(৩৫) পঞ্চত্রিংশঃ সর্গঃ

সীতা তদ্বচনং শ্রুত্বা পূর্ণচন্দ্রনিভাননা ।
হনূমন্তমথোবাচ বচো ধর্ম্মার্থসংহিতম্[১] ॥ ১ ॥
বিষেণেবামৃতং[২] মিশ্রং ভাষিতং বচনং ত্বয়া ।
যচ্চ নান্যমনা রামো যচ্চ কামেন পীড়িতঃ ॥ ২ ॥
ঐশ্বর্য্যে বা সুবিস্তীর্ণে ব্যসনে বা সুদারুণে[৩] ।
রজ্জ্বেব পুরুষো বদ্ধ্বা কৃতান্তেনোপনীয়তে ॥ ৩ ॥
নূনং বিধিরসংহার্য্যঃ প্রাণিনাং বানরর্ষভ[৪] ।
সৌমিত্রিং মাঞ্চ রামঞ্চ ব্যসনৈঃ পশ্য[৫] মোহিতান্ ॥ ৪ ॥

১। লো-টী। ন বিদ্যতে মাং বিনা অন্যস্মিন্ মনো যস্য সঃ। রামো নান্যমনা ইতি যৎ ত্বয়া বচনং ভাষিতমুক্তং রামঃ কামেন পীড়িত ইতি যদ্ বচনং তদ্ বিষেণামৃতং মিশ্রমিব। 'অন্ত-মনা' ইতি পাঠে অন্তস্থ প্রাকৃতস্য মন ইব মনো যস্য স তথা। অত্র হেতুঃ 'কামেনে'তি।

৩। লো-টী কৃতান্তেন দৈবেন।

৪। লো-টী। অসংহার্য্যঃ অবঞ্চনীয়ঃ।

অনন্তর সেই কথা শুনিয়া পূর্ণচন্দ্রনিভাননা সীতা হনুমানকে ধর্ম্মার্থ-যুক্ত [এই] বাক্য বলিলেন—॥ ১ ॥

তুমি বিষমিশ্রিত অমৃতের ন্যায় এই বাক্য বলিলে যে, রামচন্দ্র বিষয়ান্তরে মনোনিবেশ করিতে পারিতেছেন না, এবং কামপীড়িত হইয়া পড়িয়াছেন ॥ ২ ॥

দৈব (অদৃষ্ট) যেন রজ্জু দ্বারা বন্ধন করিয়াই মানুষকে বিশাল ঐশ্বর্য্য অথবা দারুণ বিপদের মধ্যে লইয়া যায় ॥ ৩ ॥

হে কপিবর, নিশ্চয়ই জীবগণের অদৃষ্ট অনতিক্রমণীয়। দেখ, রাম, লক্ষ্মণ এবং আমি বিপদে মোহিত হইয়া পড়িয়াছি ॥ ৪ ॥

১। ঘ 'সংযুতম্'। ২। ধ '-ণ চামৃতং'। ৩। ঘ '-ভীষণে'। ৪। ঘ 'বানরোত্তম'। ৫। ঘ 'পরিমো-'।

শোকস্যাস্য কদা পারং রাঘবঃ সন্তরিষ্যতি।
তরন্ পারমিবাসাদ্য পুরুষঃ সলিলার্ণবে ॥ ৫ ॥
রাক্ষসানাং ক্ষয়ং কৃত্বা নাশয়িত্বা চ রাবণম্।
লঙ্কামুন্মূলিতাং কৃত্বা কদা দ্রক্ষ্যতি মাং পতিঃ ॥ ৬ ॥
স বাচ্যঃ সন্ত্বরস্বেতি যাবদেব ন পূর্য্যতে।
অয়ং সংবৎসরঃ কালস্তাবদ্ধি মম জীবিতম্ ॥ ৭ ॥
বর্ত্ততে দশমো মাসো দ্বৌ তু মাসৌ মহাকপে।
রাবণেন নৃশংসেন যঃ কৃতঃ সময়ো মম ॥ ৮ ॥
বিভীষণস্তু ধর্ম্মাত্মা রাক্ষসো রাবণানুজঃ।
বিজ্ঞপ্তবান্ রাবণং স মম নির্যাতনং প্রতি ॥ ৯ ॥

৫। লো-টী। যথা পুরুষঃ পারং প্রথমতটম্ আসাদ্য প্রাপ্য পারমপরপারং তরন্ তরতি, অনাবস্থ সলিলে সলিলার্ণবে (?)। 'নাব'মিতি ক্বচিৎ পাঠঃ।

৮। লো-টী। দশমো মাসো গতঃ, দ্বৌ মাসৌ বর্ত্তেতে। 'বর্ত্তত' ইতি পাঠে—অস্য দশমো মাসো বর্ত্ততে, দ্বৌ অবশিষ্টাবিতি শেষঃ।

৯। লো-টী। নির্যাতনং দানম্। 'নির্যাতনং বৈরশুদ্ধৌ দানে ন্যাসার্পণেঽপি চে'তি কোষঃ।

জলমধ্যে সন্তরণকারী পুরুষের পর পারে উত্তীর্ণ হওয়ার মত রামচন্দ্র কবে এই শোকের পরপারে উত্তীর্ণ হইবেন ? ॥ ৫ ॥

রাক্ষসদিগের ধ্বংস করিয়া, রাবণকে নিহত করিয়া, লঙ্কানগরী উন্মূলিত করিয়া স্বামী আমাকে কবে অবলোকন করিবেন ? ॥ ৬ ॥

তাঁহাকে অতিশয় সত্বর (ত্বরান্বিত) হইতে বলিও ; এই বৎসর যতদিন পূর্ণ না হয়, ততদিন পর্যান্তই আমার জীবন [থাকিবে] ॥ ৭ ॥

ইহা দশম মাস চলিতেছে, নৃশংস রাবণ আমার সম্বন্ধে যে সময় নির্দ্দেশ করিয়াছে, তাহার [আর] দুই মাস মাত্র অবশিষ্ট আছে ॥ ৮ ॥

রাবণের কনিষ্ঠ ভ্রাতা রাক্ষস বিভীষণ ধর্ম্মাত্মা ; তিনি আমাকে [রামের হস্তে] প্রত্যর্পণ করিবার কথা রাবণকে বলিয়াছিলেন ॥ ৯ ॥

১। ঘ-ঙ '-স্যতে'। ২। ছ 'পরং', থ 'পারং'। ৩। থ '-লান্তরে'। ৪। ঘ-থ 'বধং', দ 'ভবং'। ৫। ঘ 'স'। ৬। ঘ 'প্রভুঃ'। ৭। থ '-াস্ত ত্বয়া বেতি?'। ৮। ছ 'সত্বরকৈব'। ৯। ঘ-ঙ '-দেতন্ন', ঘ '-দেবং ন'।

অনুনীতো মুহুস্তেন ন চ তৎ কৃতবানসৌ।
ভ্রাতুঃ সকাশাৎ পরুষং লব্ধ্বা কিল[1] স নির্গতঃ[2] ॥ ১০ ॥
মম প্রতিপ্রদানং হি রাবণস্য ন রোচতে।
রাঘবাম্মার্গতে মৃত্যুং মন্যে কালবশং গতঃ ॥ ১১ ॥
বিভীষণসুতা জ্যেষ্ঠা নন্দা নাম মহাকপে।
তয়া মে[3] সর্ব্বমাখ্যাতং মাত্রা সা প্রেষিতা স্বয়ম্ ॥ ১২ ॥
অবিন্ধ্যো[4] নাম তেজস্বী বিদ্বান্ রাক্ষসপুঙ্গবঃ।
ধৃতিমান্ শীলবান্ বৃদ্ধো রাবণস্য সুসংমতঃ ॥ ১৩ ॥
সোঽস্মানয়[5]মনুপ্রাপ্তং[6] রাবণং[7] প্রত্যবেদয়ৎ।
ন চ তস্যাপি দুষ্টাত্মা শৃণোতি বচনং হিতম্ ॥ ১৪ ॥

১১। লো-টী। প্রতিপ্রদানং দানং রাবণস্য রাবণায়। মার্গতেঽন্বেষয়তীত্যহং মন্যে।

১৪। লো-টী। সোঽবিন্ধ্যঃ রক্ষসামনয়ং বিপদমনুপ্রাপ্তমুপস্থিতমস্য রাবণস্য স্থানে প্রত্যবেদয়ৎ নিবেদিতবান্। 'রাক্ষস'মিতি পাঠে অস্য রক্ষোগণস্য রাক্ষসং রাবণম্। 'অনয়স্ত্ব বিপদ্দৈবাশুভয়োর্ব্যসনেঽপি চে'তি কোষঃ।

তাঁহার পুনঃ পুনঃ অনুরোধেও রাবণ তাহা করিল না। বিভীষণ রাবণের নিকট কর্কশ বাক্য লাভ করিয়া বাহির হইয়া গিয়াছেন ॥ ১০ ॥

আমাকে ফিরাইয়া দেওয়া রাবণের অনভিপ্রেত। মনে হয়, কালের বশীভূত হইয়া রামের নিকট মৃত্যু কামনা করিতেছে ॥ ১১ ॥

হে কপিবর, বিভীষণের জ্যেষ্ঠা কন্যা নন্দা, সে আমার নিকট সমস্ত বলিয়াছে। তাহার মা তাহাকে পাঠাইয়া দিয়াছিলেন ॥ ১২ ॥

'অবিন্ধ্য' নামে একটী বৃদ্ধ রাক্ষস রাক্ষসদিগের মধ্যে শ্রেষ্ঠ। তিনি তেজস্বী, বিদ্বান্ এবং ধৈর্য্য ও চরিত্রশালী। রাবণ তাঁহাকে সম্মান করে ॥ ১৩ ॥

তিনি রাবণকে তাহার এই উপস্থিত দুর্নীতির বিষয় জ্ঞাপন করিয়াছিলেন। দুষ্টাত্মা রাবণ তাঁহারও হিতকর বাক্য শ্রবণ করে নাই ॥ ১৪ ॥

১। খ 'স কিল'। ২। খ-ছ 'বিনির্গতঃ'। ৩। ঘ-ঙ 'মে', দ 'সা', ছ 'প্রেষিতস্ম'। ৪। খ 'অবি-'। ৫। ছ '-স্মানয়-', দ '-পাপ্তায়-'। ৬। খ-ছ '-প্রাপ্য'। ৭। ঙ-খ-দ 'রাক্ষসং', ক 'রক্ষসাং'।

আশংসামি[১] হরিশ্রেষ্ঠ[২] ক্ষিপ্রমেষ্যতি রাঘবঃ।
অন্তরাত্মা[৩] হি মে শুদ্ধস্তস্মিংশ্চ বহবো গুণাঃ ॥ ১৫ ॥
উৎসাহঃ পৌরুষং সত্ত্বমপ্রমাদঃ কৃতজ্ঞতা।
বিক্রমশ্চ প্রভাবশ্চ[৪] সন্তি বানর রাঘবে ॥ ১৬ ॥
চতুর্দ্দশ সহস্রাণি রাক্ষসানাং জঘান যঃ।
জনস্থানে বিনা ভ্রাত্রা শক্রঃ কস্তস্য নোদ্‌বিজেৎ ॥ ১৭ ॥
নাসৌ[৫] চালয়িতুং শক্যো ধৈর্য্যতঃ পুরুষর্ষভঃ[৬]।
অহমেব প্রভাবজ্ঞা বাসবস্য[৭] যথা শচী ॥ ১৮ ॥

শরজালাংশুমান্[৮] বীরঃ কদা[৯] রামো[১০] দিবাকরঃ।
বিধমিষ্যতি[১১] সংক্রুদ্ধো[১২] রাবণপ্রভবং তমঃ ॥ ১৯ ॥

১৬। লো-টী। উৎসাহঃ রণে উৎসাহঃ, পৌরুষং পুরুষানুরূপং কর্ম্ম। সত্ত্বং ধৈর্য্যম্, বিক্রমঃ শক্তিসম্পত্তিঃ। 'বিক্রমস্ত্ব পুমান্ ক্রান্তিমাত্রে স্যাচ্ছক্তিসম্পদী'তি কোষঃ। প্রভাবস্তেজঃ, 'প্রভাবঃ শক্তিতেজসো'রিতি বিশ্বঃ।

১৯। লো-টী। শরজালাংশুমান্ 'শারমানাংশুমানি'তি (?) ক্বচিৎ পাঠঃ। রাবণং তৎপ্রভবং পুত্রাদিকং চ তদেব তমঃ সবংশং রাবণমিত্যর্থঃ।

কপিবর, আমি আশা করি রামচন্দ্র সত্বর আসিবেন। কারণ, আমার অন্তরাত্মা পবিত্র এবং তাঁহারও বহু গুণ আছে ॥ ১৫ ॥

হে বানর, রামচন্দ্রের পরাক্রম, ধৈর্য্য, কৃতজ্ঞতা, সাহস ও প্রভাব আছে ॥ ১৬ ॥

তিনি দণ্ডকারণ্যে ভ্রাতার সাহায্য-ব্যতিরেকেই চতুর্দ্দশ সহস্র রাক্ষস সংহার করিয়াছিলেন, তাঁহার কোন্ শত্রু উদ্বিগ্ন না হইবে ? ॥ ১৭ ॥

সেই পুরুষশ্রেষ্ঠকে ধৈর্য্য হইতে বিচলিত করা অসম্ভব। শচী যেমন ইন্দ্রের প্রভাব অবগত আছেন, আমি-ই সেইরূপ তাঁহার প্রভাব অবগত আছি ॥ ১৮ ॥

শরজাল-রূপ কিরণশালী বীর রামরূপ সূর্য্য কবে ক্রুদ্ধ হইয়া রাবণ হইতে উৎপন্ন অন্ধকার বিদূরিত করিবেন ? ॥ ১৯ ॥

১। ছ 'কপি-'। ২। ঘ 'শীঘ্র-'। ৩। খ '-স্তু'। ৪। ছ-ঙ-ঘ 'প্রতাপশ্চ'। ৫। ছ 'ন স'। ৬। খ 'পুরুষোত্তমঃ'। ৭। ছ 'শক্রস্য চ'। ৮। খ '-শুচিব্বীর'। ৯। ঘ-থ 'কপে'। ১০। ছ-ঙ-ঘ 'রামদি-'। ১১। খ 'স ক্ষিপ্রং'। ১২। ঘ-ছ 'রাবণঃ'।

ইতি সম্ভাষমাণাস্তাং রামার্থে শোককর্ষিতাম্[1] ।
অশ্রুসংপূর্ণ[2]বদনা[3]মুবাচ হরিপুঙ্গবঃ ॥ ২০ ॥
অহং ত্বাং[4] চারুকেশান্তে রামায়াদ্যৈব মৈথিলি[5] ।
প্রাপয়িষ্যামি দেবেভ্যো হব্যং হুতমিবানলঃ ॥ ২১ ॥
অদ্যৈব পশ্য বৈদেহি রাঘবং সহলক্ষ্মণম্[6] ।
ব্যবসায়সমাযুক্তং দৈবযুক্তেন কর্ম্মণা ॥ ২২ ॥
এহি পৃষ্ঠং[7] সমারুহ্য দেব্যালম্বস্ব[8] রোমসু ।
অহং ত্বাং দর্শয়িষ্যামি রাম[9]মদ্যৈব পশ্য মাম্ ॥ ২৩ ॥
ত্বদ্দর্শনকৃতোৎসাহমাশ্রমস্থং মহাবলম্ ।
পুরন্দরমিবাসীনং নগরাজস্য[10] মূর্ধনি ॥ ২৪ ॥

২২। লো-টী। দৈবযুক্তেন দৈবেনেশ্বরেণ যুক্তং যোগো যস্য তেন তদ্দর্শনরূপেণ কর্ম্মণা, 'দৈবযুক্তেনে'তি পাঠে ঈশ্বরপ্রেরিতেন, ব্যবসায়ো ভবত্যাশ্চিন্তনং তেন সমাযুক্তম্ ।
২৩। লো-টী। রোমসু আলম্বস্ব আশ্রয়স্ব, রামায় রামম্ ।

রামের জন্য শোকপীড়িতা অশ্রুপূর্ণমুখী সীতা এইরূপ বলিলে বানরশ্রেষ্ঠ তাঁহাকে বলিলেন—॥ ২০ ॥

হে সুকেশি মিথিলারাজ-নন্দিনি, অগ্নি যেমন আহুতিরূপে প্রক্ষিপ্ত হব্য (অর্থাৎ ঘৃতাদি পদার্থ)কে দেবগণের নিকট উপস্থিত করেন, আমি সেইরূপ অদ্যই আপনাকে রামের নিকট উপস্থিত করিব ॥ ২১ ॥

হে বিদেহরাজ-নন্দিনি, অদ্যই আপনি লক্ষ্মণের সহিত অধ্যবসায়শালী রামচন্দ্রকে দৈবসহকৃত পুরুষকার দ্বারা দর্শন করুন ॥ ২২ ॥

দেবি, আসুন, আমার পৃষ্ঠে আরোহণ করিয়া রোমাবলী ধারণ করুন, দেখুন, আমি অদ্যই আপনাকে রামচন্দ্রের দর্শন করাইব ॥ ২৩ ॥

সেই মহাবল রামচন্দ্র আপনার দর্শনার্থে উৎসাহিত হইয়া আশ্রমে অবস্থান করিতেছেন—তিনি পর্ব্বতশিখরে ইন্দ্রের ন্যায় সমাসীন ॥ ২৪ ॥

১। ঘ '-পীড়িতাম্' । ২। ঘ '-ভিঃ পূর্ণনয়নাং', খ '-ভিঃ পূর্ণবদনাং' । ৩। দ '-নয়না-' । ৪। খ '-ত্বাং' । ৫। ঘ 'জানকি' । ৬। ঘ '-বক সলক্ষ্মণম্' । ৭। দ 'পুষ্প বেগেহং মহোদধিম্' । ৮। খ '-লঙ্কা শিরোধরাম্' । ৯। ত-গ-দ 'রামায়াদ্যৈব' । ১০। ঘ 'শৈল-', ছ '-পঙ্ক-' ।

পৃষ্ঠমারোহ[১] মে[২] দেবি[৩] ন ত্বং চিরয়[৪] শোভনে।
যোগমন্বিচ্ছ রামেণ শশাঙ্কেনেব রোহিণী ॥ ২৫ ॥
মৎপৃষ্ঠমধিরূঢ়া ত্বং তরাকাশেন সাগরম্।
বৃষভং সমুপারূঢ়া দেবি দেবীব পার্ব্বতী ॥ ২৬ ॥
ন হি মে সংপ্রয়াতস্য গৃহীত্বা ত্বাং শুভাননে[৫]।
অনুযাতুং গতিং শক্তাঃ সর্ব্বে লঙ্কানিবাসিনঃ ॥ ২৭ ॥
যথৈবাহমিহ প্রাপ্তস্তথৈবাহমসংশয়ম্।
যাস্যামি পশ্য[৬] বৈদেহি ত্বামুদ্যম্য বিহায়সা ॥ ২৮ ॥
অথবা সংশয়ো দেবি মম পৃষ্ঠাধিরোহণে[৭]।
ভূমৌ[৮] মৃগবিহঙ্গানাং কস্য রূপং করোম্যহম্ ॥ ২৯ ॥
মৈথিলী[৯] তু হনূমন্তং ভীমং[১০] ভীমপরাক্রমম্।
অব্রবীৎ প্রসৃতং[১১] বাক্যং বানরং প্রিয়বাদিনম্[১২] ॥ ৩০ ॥

২৫। লো-টী। চিরয় চিরং কুরু, বিলম্বস্বেত্যর্থঃ। 'বিরমে'তি পাঠে নিবর্ত্তস্ব।
২৬। লো-টী। তর উত্তর, 'চরে'তি পাঠে গচ্ছ।

দেবি, আমার পৃষ্ঠে আরোহণ করুন, বিলম্ব করিবেন না; শশাঙ্কের সহিত রোহিণীর ন্যায় রামের সহিত মিলিত হইতে ইচ্ছা করুন ॥ ২৫ ॥

দেবি, বৃষারূঢ়া পার্ব্বতীর ন্যায় আপনি আমার পৃষ্ঠে আরোহণ করিয়া আকাশপথে সাগর পার হউন ॥ ২৬ ॥

হে বরাননে, আমি আপনাকে লইয়া প্রস্থান করিতে থাকিলে লঙ্কানিবাসী কেহই আমার গমনের অনুগমন করিতে পারিবে না ॥ ২৭ ॥

হে বিদেহরাজ-নন্দিনি, দেখুন, আমি যেমন এ স্থানে আসিয়াছি, আপনাকে লইয়া তেমনই আকাশপথে গমন করিব ॥ ২৮ ॥

অথবা—হে দেবি, যদি আমার পৃষ্ঠে আরোহণ করিতে আশঙ্কা থাকে, তবে আমি পৃথিবীস্থ মৃগ ও পক্ষিগণের মধ্যে কাহার রূপ ধারণ করিব [বলুন]! ॥ ২৯ ॥

সীতা ভীম-পরাক্রমশালী প্রিয়ভাষী বানর হনুমান্‌কে [এই] বিস্তৃত বাক্য বলিলেন—॥ ৩০ ॥

১। ঘ 'মাং'। ২। ঘ শীঘ্রং'। ৩। ক 'মা বিচারয়'। ৪। ছ 'মা ত্বং বিলপ', থ 'মা ত্বং বিরম', দ 'মা স্বকিরয়'। ৫। ঘ 'বরাননে'। ৬। ধ 'কল্যাণি'। ৭। দ '-ভিরো-'। ৮। ছ 'ভূয়ো'। ৯। ঘ 'জানকী'। ১০। ঘ 'ঘোরং', ছ 'কপিং'। ১১। ছ 'প্রশ্রিতং'। ১২। ঘ '-ভাষিণম্'।

কথমল্পশরীরস্ত্বং মামিতো বোঢ়ুমর্হসি।
সকাশং[১] মনুজেন্দ্রস্য ভর্ত্তুর্মে[২] প্লবগর্ষভ ॥ ৩১ ॥
স সীতায়া বচঃ শ্রুত্বা হনূমান্ প্রত্যভাষত।
হন্ত[৩] বীক্ষস্ব বৈদেহি যদ্রূপং মম কেবলম্ ॥ ৩২ ॥
ততঃ স কপিশার্দ্দূলো দ্রুতং প্রস্কন্দ্য পাদপাৎ।
ব্যবর্দ্ধত মহাতেজাঃ কামরূপী প্লবঙ্গমঃ ॥ ৩৩ ॥
নীলজীমূতসঙ্কাশঃ স ভূত্বা কপিকুঞ্জরঃ[৪]।
সীতায়াঃ প্রমুখে স্থিত্বা বাক্যমেতদথাব্রবীৎ[৫] ॥ ৩৪ ॥
সপর্ব্বতবনোদ্দেশাং সাট্টপ্রাকারতোরণাম্।
লঙ্কামপি সনাগাশ্বাং নয়িতুং[৬] শক্তিরস্তি মে ॥ ৩৫ ॥
তদবস্থাপ্যতাং বুদ্ধিরলং[৭] দেবি বিবক্ষয়া।
বিশোকং কুরু বৈদেহি রাঘবং[৮] সহলক্ষ্মণম্ ॥ ৩৬ ॥

৩৬। লো·টী। বিবক্ষয়া রামপ্রাপণেচ্ছয়া। অলমত্যর্থং বুদ্ধিরবস্থাপ্যতাম্।

"কপিবর, তোমার শরীর ক্ষুদ্র, তুমি কিরূপে আমাকে এখান হইতে আমার স্বামী নরপতি রামচন্দ্রের নিকটে বহন করিয়া লইয়া যাইবে"? ॥ ৩১ ॥

সীতার কথা শুনিয়া প্রত্যুত্তরে হনুমান্ বলিলেন—"বিদেহ-রাজনন্দিনি, আমার স্বাভাবিক আকৃতি অবলোকন করুন" ॥ ৩২ ॥

তারপর সেই মহাতেজস্বী কামরূপী বানরশ্রেষ্ঠ হনুমান্ সত্বর বৃক্ষ হইতে অবতীর্ণ হইয়া বর্দ্ধিত হইতে লাগিলেন ॥ ৩৩ ॥

অনন্তর সেই কপিশ্রেষ্ঠ নীলমেঘের ন্যায় হইয়া সীতার সম্মুখে অবস্থানপূর্ব্বক বলিতে লাগিলেন—॥ ৩৪ ॥

"পর্ব্বত, কানন-প্রদেশ, অট্টালিকা, প্রাকার, তোরণ, হস্তী এবং অশ্ব-সমন্বিত সমগ্র লঙ্কানগরীকেও আমার বহন করিয়া লইবার ক্ষমতা আছে ॥ ৩৫ ॥

অতএব হে দেবি, বুদ্ধি স্থির করুন, আর কিছু বলিবার ইচ্ছা নিষ্প্রয়োজন; রাম ও লক্ষ্মণকে শোকমুক্ত করুন" ॥ ৩৬ ॥

১। ঘ 'রাঘবে-'। ২। ঘ 'প্লবতাং বর'। ৩। ঙ 'অনু-', খ 'মাং নিরীক্ষস্ব'। ৪। ঘ 'হরিপুঙ্গবঃ'। ৫। খ '-কৈতদথা-'। ৬। ঘ-খ 'নাশিতুং'। ৭। খ 'বুদ্ধিং চরণং'। ৮। ঘ '-বক সলক্ষ্মণম্'।

তং দৃষ্ট্বা[১] গিরিসঙ্কাশমুবাচ জনকাত্মজা।
পদ্মপত্রবিশালাক্ষী[২] মারুতস্যৌরসং সুতম্ ॥ ৩৭ ॥
তব সত্ত্বং বলঞ্চৈব বিদিতং মে মহাকপে।
[৩]বায়োরিব গতিশ্চৈব তেজশ্চাগ্নেরিবোত্তমম্ ॥ ৩৮ ॥
প্লবগঃ কঃ সমর্থো হি বিতর্ক্য[৪] মনসাপি যঃ।
[৫]ত্বদৃতে কপিশার্দ্দূল পারং গন্তুং মহোদধেঃ ॥ ৩৯
জানামি গমনে শক্তিং নয়িতুং[৬] মাঞ্চ তে কপে[৭]।
অবশ্যং সংপ্রধার্য্যা তু কার্য্যসিদ্ধির্নিরাময়া ॥৪০ ॥
অশক্যং মে হরিবর[৮] ত্বয়া গন্তুং বিহায়সা।
বায়ুবেগসবেগস্য[৯] বেগো মাং শাতয়েত্তব[১০] ॥ ৪১ ॥

৩৭। লো-টী। পদ্মপত্রাণাং মধ্যে যৎ পলাশমীষদ্রক্তং তদ্বদক্ষিণী যস্যাঃ সা, সত্ত্বং ব্যবসায়ম্।

৩৯। লো-টী। ত্বদৃতে ত্বাং বিনা মহোদধেঃ পারং মনসাঽপি বো যুষ্মাকং মধ্যে গন্তুং কঃ সমর্থঃ? ন কোঽপীত্যহং বিতর্কে নির্ণয়ামি। আক্ষেপে কিম্ শব্দঃ। 'মনসাপি য' ইতি পাঠে যঃ কোঽপি প্লবগঃ তমপ্যহং বিতর্কে পৃচ্ছামি।

৪০। লো-টী। সংপ্রধার্য্যা বিচারণীয়া।

৪১। লো-টী। বায়ুবেগসমানো বেগো যস্য তস্য তব শাতয়েৎ পাতয়েৎ। কচিত্তথৈব পাঠঃ।

পর্ব্বততুল্য পবননন্দন হনুমান্‌কে দেখিয়া পদ্মপত্রের ন্যায় আয়তনেত্রা জানকী বলিতে লাগিলেন—॥ ৩৭ ॥

"কপিবর, তোমার বায়ুর ন্যায় গতি, অগ্নির ন্যায় তেজ এবং উত্তম বল-বীর্য্য অবগত হইলাম ॥ ৩৮ ॥

হে কপিশ্রেষ্ঠ, তুমি ছাড়া আর কোন্ বানর আছে যে মনে মনে কল্পনা করিয়াও সমুদ্র লঙ্ঘন করিতে (অর্থাৎ সমুদ্র লঙ্ঘনের কল্পনা করিতেও) সমর্থ? ॥৩৯॥

জানিলাম, তোমার [আকাশপথে সমুদ্রপারে] গমন করিবার শক্তি আছে, এবং আমাকে বহন করিবারও শক্তি আছে। কিন্তু, নির্ব্বিঘ্নে কার্য্যসিদ্ধির কথাও অবশ্যই চিন্তনীয় ॥ ৪০ ॥

কপিবর, তোমার সহিত আকাশপথে গমন করিবার শক্তি আমার নাই;

১। ঘ 'শৈল-'। ২। ত '-পলাশা-'। ৩। দ-পুস্তকে অত্র আরভ্য চত্বারিংশশ্লোকপূর্ব্বার্দ্ধান্তং নাস্তি। ৪। ঘ-চ 'বিতর্কে'। ৫। ঘ 'বিজতে'। ৬। ছ 'মাং মহাকপে'। ৭। ঘ 'হরে'। ৮। ক-ঘ '-শ্রেষ্ঠ'। ৯। দ '-বেগোপমে-'। ১০। দ 'পাত-'।

পতিতা সাগরে চাহং[১] তিমিনক্রসমাকুলে ।
ভবেয়মাশু বিবশা যাদসামন্নমুত্তমম্[২] [৩] ॥ ৪২ ॥
তস্য ধর্ম্মপ্রধানস্য[৪] পত্ন্যা রামস্য বানর ।
পৃষ্ঠং[৫] পুন্নামধেয়স্য ন যুক্তমধিরোহিতুম্ ॥ ৪৩ ॥

তুমি বায়ুর ন্যায় বেগশালী, তোমার [সেই প্রবল] বেগ আমাকে পাতিত করিবে ॥ ৪১ ॥

আমি তিমি ও কুম্ভীরসংকুল সমুদ্রে পতিত হইয়া সত্বরই অচেতন হইব এবং জলজন্তুদিগের উত্তম খাদ্য হইব ॥ ৪২ ॥

[তা'ছাড়া] হে বানর, সেই পরম ধার্ম্মিক রামচন্দ্রের পত্নী হইয়া আমার পুরুষনামধারী [অপর] কাহারও পৃষ্ঠে আরোহণ করা সঙ্গত নহে ॥ ৪৩ ॥

১। ঙ 'বাহং'। ২। ঘ '-সাং ভক্ষ্য-'। ৩। অতঃপরং ছ-পুস্তকে "ভ্রিয়মাণাঞ্চ মাং দৃষ্ট্বা রাক্ষসা ভীমদর্শনাঃ। অনুগচ্ছেয়ুরাদিষ্টা রাবণেন দুরাত্মনা। তৈঃ সংপরিবৃতঃ ক্রুদ্ধৈঃ শূলমুদ্গরপাণিভিঃ। ভবেস্ত্বং সংশয়ং প্রাপ্তো ময়া বীর কলত্রবান্। সায়ুধা বহবো ব্যোম্নি রাক্ষসাস্ত্বং নিরায়ুধঃ। কথং শক্ষ্যসি সংযাতুং মাঞ্চাপি পরিরক্ষিতুম্। যুধ্যমানস্য রক্ষোভিস্তবৈস্তৈঃ ক্রূরকর্ম্মভিঃ। প্রপতেয়ং হি তে পৃষ্ঠাৎ ভয়ার্ত্তা কপিসত্তম। পতি নীতা-মানয়েয়ু (?) রাক্ষসা ভীমবিক্রমাঃ। বিপত্তেয়মহঞ্চাপি রক্ষোভিরভিতর্জ্জিতা। প্রযত্নেন হরিশ্রেষ্ঠ কিং ভবেত্তে প্রয়োজনম্। ইত্যধিকম্। ঙ-ঘ-পুস্তকয়োঃ পুনঃ "ভ্রতা মাং পতিতাং তত্র হরিশ্রেষ্ঠ মহার্ণবে। ভক্ষয়েয়ুঃ প্রতিভয়া গ্রাহাঃ সাগরবাসিনঃ। ন শক্যামি ত্বয়া তাক্ত্বা শাকমূলফলাশনা (যাতুং সর্ব্বশত্রুবিনাশন ঘ)। কলত্রবতি সন্দেহস্ত্বয্যাপি স্যাদনন্তরম্। ভ্রিয়মাণাঞ্চ মাং দৃষ্ট্বা রাক্ষসা ভীমবিক্রমাঃ (দর্শনাঃ ঘ) অনুগচ্ছেয়ুরাদিষ্টা রাবণেন দুরাত্মনা। তৈঃ সংপরিবৃতঃ ক্রুদ্ধৈঃ (ক্রুদ্ধৈঃ ঘ) শূলমুদ্গরপাণিভিঃ। কথং শক্ষ্যসি সংযাতুং মাঞ্চাপি পরিরক্ষিতুম্। যুধ্যমানস্য রক্ষোভিস্তবৈস্তৈঃ ক্রূরকর্ম্মভিঃ। প্রপতেয়ং হি তে পৃষ্ঠাদ্ ভয়ার্ত্তা কপিসত্তম। অথ রক্ষাংসি ভীমানি মহান্তি বলবন্তি চ। কথঞ্চিৎ সংপরায়ে ত্বাং জয়েয়ুঃ কপিসত্তম। অথবা যুধ্যমানস্য পতেয়ং বিমুখস্য তে। পতিতাং মানয়েয়ুস্তে রাক্ষসা ভীমবিক্রমাঃ। মাং বা হরেয়ুস্ত্বদ্ধস্তাৎ বিশসেয়ুস্তথাপি বা। অব্যবস্থৌ হি দৃশ্যেতে যুদ্ধে জয়পরাজয়ৌ। অহং বা পরিপতেয়ং রক্ষোভিশ্চৈব বর্জ্জিতা। প্রযত্নেন হরিশ্রেষ্ঠ কিং ভবেত্তে প্রয়োজনম্। কামং ত্বমভিপর্য্যাপ্তো নিহন্তুং সর্ব্বরাক্ষসান্। গন্তুং সমীপং রামস্য কিং প্রীয়েত স রাঘবঃ। মাং সমাদায় হি যদা নয়েয়ুরবশাং কচিৎ। যত্রাং মাং নাভিজানীয়ুর্হরয়ো ন চ রাঘবঃ। সংবাদোঽপি মদীয়োঽয়ং ভবেচ্চ নিরর্থকঃ। ত্বয়া হি সহ রামস্য মহানাগমনে গুণঃ। ময়ি জীবিতমায়ত্তং রাঘবস্য মহাত্মনঃ। ত্বয়িরিক্ষ্বাকুনাথে চ প্রাণাঃ শক্তা মহাত্মনি। অপ্রাপ্য ত্বাং স কাকুৎস্থঃ প্রাণানপি পরিত্যজেৎ। রামং নিপতিতং দৃষ্ট্বা ন ভবেল্লক্ষ্মণো ধ্রুবম্। ধর্ম্মাত্মা ভ্রাতরৌ শ্রুত্বা বৈবস্বতবশং গতৌ। কথং জীবেন্মহাবাহুর্ভরতো ভ্রাতৃবৎসলঃ। তয়োঃ প্রাণবিপর্য্যাসে কিং শেষং স্যান্মহাত্মনাম্। শত্রুঘ্নস্য মহাবাহোঃ শস্য রাজকুলস্য চ। তৌ নিরাশৌ সমাধায় শোকসন্তাপকর্ষিতৌ। পত্নী হর্য্যক্ষসৈন্যানাং ত্যক্ষ্যতাং প্রাণসংগ্রহম্। অবমস্য বা পরান্তব (?) চৈব মমাপি চ। অনর্নয়ত্তাপোদগ্রং ন ত্বহং পৃষ্ঠমারুহে। ইত্যধিকম্। ৪। ছ 'ধীমতঃ'। ৫। ঙ 'পৃষ্ঠে'।

ন যুক্তো গাত্রসংস্পর্শঃ পুরুষস্য মমানঘ।
ভর্ত্তু[১]র্ভক্তিং সমাশ্রিত্য রামাদন্যস্য কস্যচিৎ ॥ ৪৪ ॥
যদহং[২] গাত্রসংস্পর্শং রাবণস্য গতা বলাৎ।[৩]
অনীশা[৪] কিং করিষ্যামি বিনাথা বিবশা সতী ॥ ৪৫ ॥[৫]

কামমস্য ত্বমেবৈকঃ কার্য্যস্য পরিসাধনে।
পর্য্যাপ্তঃ পরবীরঘ্ন কিন্তু ত্বাং বোধয়াম্যহম্ ॥ ৪৬ ॥
বলৈঃ সমগ্রৈর্জিত্বা মাং রাবণং যদি সংযুগে।
নয়েত স্বপুরীং রামস্তৎ স্যাৎ তস্য যশস্করম্ ॥ ৪৭ ॥

স মে হরিশ্রেষ্ঠ সলক্ষ্মণং পতিং সযূথপং ক্ষিপ্রমিহ ত্বমানয়।[৬]
চিরেণ[৭] রামেণ হি সংগতাং কপে কুরুষ্ব মাং বানর বিস্মৃতজ্বরাম্ ॥ ৪৮ ॥[৮]

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনূমৎপ্রত্যয়দর্শনং নাম পঞ্চত্রিংশঃ সর্গঃ ॥ ৩৫ ॥

৪৬। লো-টী। কামং যথেষ্টম্, একস্ত্বং পর্য্যাপ্তঃ শক্তঃ।
৪৮। লো-টী। সংগতাং কুরুষ্ব ততশ্চ বিজ্বরাং কুরুষ্বেতি আবৃত্তিঃ।
হনূমৎপ্রত্যয়-দর্শনম্ ॥ ৩৫ ॥

হে নিষ্পাপ, পতিভক্তিপরায়ণা হইয়া আমার রাম ভিন্ন অপর কাহারও গাত্র স্পর্শ করা উচিত নহে ॥ ৪৪ ॥

আমি যে স্বামীর অসান্নিধ্যে অবশ হইয়া রাবণের গাত্র-সংস্পর্শে আসিয়াছিলাম, তাহা বলপূর্ব্বক। [তাহাতে] শক্তিহীনা (অবলা রমণী) আমি কি করিতে পারি ? ॥ ৪৫ ॥

হে শত্রুবীরঘ্ন, যদিও তুমি একাই এই কার্য্য করিতে সমর্থ, তথাপি তোমাকে জানাইতেছি—যদি রামচন্দ্র সসৈন্য রাবণকে যুদ্ধে পরাজিত করিয়া আমাকে স্বীয় নগরে লইয়া যান, তবে তাহা তাঁহার যশের হেতু হইবে ॥ ৪৬-৪৭ ॥

হে হরিশ্রেষ্ঠ, সেই তুমি লক্ষ্মণ ও [বানর-]দলপতিগণের সহিত আমার স্বামীকে সত্বর এই স্থানে আনয়ন কর। হে বানর, দীর্ঘকাল পরে আমাকে রামচন্দ্রের সহিত মিলিত কর এবং আমার সন্তাপ দূর কর ॥ ৪৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে 'হনূমৎপ্রত্যয়' নামক ৩৫শ সর্গ সমাপ্ত ॥ ৩৫ ॥

১। ছ 'ভর্ত্তু-'। ২। থ 'যদিদং'। ৩। থ 'রাবণেন বলাৎ কৃতম্'। ৪। ঘ-ত 'আনীতা'। ঘ-থ-দ 'বিবশা'। ৫। থ-দ-পুস্তকয়োরিদমর্দ্ধং নাস্তি। ৬। ত 'ত্বয়ানয়'। ৭। ক-ছ 'চিরায়'। ৮। অতঃপরং ছ-পুস্তকে "শ্রুতাশ্চ দৃষ্টাশ্চ ময়া পরাক্রমা মহাত্মনস্তস্য রণে বিমর্দ্দিনঃ। ন দেবগন্ধর্ব্বভুজঙ্গরাক্ষসাঃ ভবন্তি রামেণ সমা রণাঙ্গনে। সমীক্ষ্য তং সংযতি চিত্রকার্ম্মুকং মহাবলং বাসবতুল্যবিক্রমম্। সলক্ষ্মণং কো বিষহেত রাঘবং হুতাশনং দীপ্তমিবানিলেরিতম্। সলক্ষ্মণং রাঘবমাজিমর্দ্দনং বনে গজং মত্তমিব ব্যবস্থিতম্। সহেত কো বানরমুখ্য সংযুগে যুগান্তরাভান্ শরবান্ ক্ষিপন্তম্।" ইত্যধিকম্।

(৩৬) ষট্ত্রিংশঃ সর্গঃ

ততঃ কপিগু‍ণশ্লাঘী[১] মারুতস্যাত্মজস্তদা[২]।
সীতামুবাচ তচ্ছ্রুত্বা ধর্ম্মার্থসহিতং বচঃ ॥ ১ ॥

যুক্তরূপং ত্বয়া দেবি ভাষিতং[৩] শুভদর্শনে[৪][৫]।
সদৃশং স্ত্রীস্বভাবস্য সাধ্বীনাং নিয়মস্য চ ॥ ২ ॥

স্ত্রীত্বান্ন[৬] ত্বং সমর্থাঽসি সাগরং ব্যতিবর্ত্তিতুম্[৭]।
মামধিষ্ঠায় বিস্তীর্ণং শতযোজনমায়তম্ ॥ ৩ ॥

দ্বিতীয়ং কারণং যচ্চ ব্রবীষি[৮] শুভদর্শনে।
বর্জ্জয়াম্যমন্যস্য সংসর্গমিতি জানকি[৯] ॥ ৪ ॥

তবৈতৎ সদৃশং বাক্যং পত্ন্যা রামস্য ধীমতঃ।
কা হ্যন্যা ত্বদৃতে ব্রূয়াদ্ বচনং দিব্যমীদৃশম্[১০] ॥ ৫ ॥

১। লো-টী। গুণেন শ্লাঘতে প্রকাশতে ইতি গুণশ্লাঘী।

৩। লো-টী। স্ত্রীত্বাৎ স্ত্রীস্বভাবাৎ। ব্যতিবর্ত্তিতুমতিক্রান্তং ন সমর্থা, 'তীর্ণা নূন'মিতি পাঠে নূনং সমর্থা হি অতস্তীর্ণা।

তারপর সেই ধর্ম্মার্থযুক্ত বাক্য শ্রবণ করিয়া গুণানুরাগী পবননন্দন হনুমান্ তখন সীতাকে বলিতে লাগিলেন—॥ ১ ॥

"হে দেবি, হে শুভদর্শনে, আপনি নারীস্বভাব এবং সতীধর্ম্মের অনুরূপ যুক্তি-পূর্ণ বাক্যই বলিয়াছেন ॥ ২ ॥

স্ত্রীলোক বলিয়া আপনি আমার পৃষ্ঠে আরোহণপূর্ব্বক শতযোজন-বিস্তৃত বিশাল সমুদ্র লঙ্ঘন করিতে অসমর্থ ॥ ৩ ॥

হে শুভদর্শনে জনক-নন্দিনি, "আমি অন্যের গাত্রস্পর্শ পরিহার করি" বলিয়া যে দ্বিতীয় কারণের কথা বলিয়াছেন, তাহা বুদ্ধিমান্ রামচন্দ্রের পত্নী আপনারই অনুরূপ; আপনি ছাড়া কোন্ রমণী এমন সুন্দর বাক্য বলিতে পারে? ॥ ৪-৫ ॥

১। ঘ '-সত্তমঃ'। ২। ঘ '-স্তদা'। ৩। খ 'উক্তং বৈ'। ৪। দ 'প্রিয়-'। ৫। ঘ '-লোচনে'। ৬। ঙ-খ '-ন্নাহং সমর্থা হি'। ৭। খ 'বিনি-'। ৮। ছ 'প্রব্রবীষি শুভাননে'। ৯। ঘ 'মৈথিলি'। ১০। ঘ 'রম্য-'।

শ্রোষ্যত্যেতৎ স[১] কাকুৎস্থস্তব সর্ব্বমশেষতঃ।
চেষ্টিতং যত্ত্বয়া দেবি ভাষিতঞ্চ মমাগ্রতঃ ॥ ৬ ॥
কারণৈর্ব্বহুভির্দ্দেবি রামপ্রিয়চিকীর্ষয়া।
স্নেহবিক্লবয়া[২] বুদ্ধ্যা ময়া যৎ সমুদাহৃতম্ ॥ ৭ ॥
ইচ্ছামি ত্বাং সমানেতুমদ্যৈব রঘুনন্দনম্[৩]।
গুরুস্নেহেন ভক্ত্যা চ নান্যথা তদুদাহৃতম্ ॥ ৮ ॥
যদি নোৎসহসে গন্তুং ময়া সহ বিহায়সা।
রামো যদভিজানীয়াদভিজ্ঞানং প্রযচ্ছ মে ॥ ৯ ॥
এবমুক্তা হনুমতা সীতা সুরসুতোপমা[৪]।
উবাচ বচনং বালা[৫] বাষ্পগদ্‌গদভাষিণী[৬] ॥ ১০ ॥

৬। লো-টী। চেষ্টিতং ভাষিতং চ রাবণস্থানে।

৭। লো-টী। কারণৈর্বহুভিঃ, স্নেহবিক্লবয়া বিকলয়া বুদ্ধ্যা যদ্ ভাষিতং তৎ শ্রোষ্যতে, ময়া চ যৎ সমুদাহৃতম্।

৮। লো-টী। রঘুবন্ধুনা রঘুণা সহ সমানেতুং সংযোজয়িতুম্। 'রঘুনন্দন'মিতি পাঠঃ কচিৎ। ত্বয়া তৎ সমানয়নং ন উদাহৃতং ন কথিতং ন স্বীকৃতমিত্যর্থঃ। কুতঃ? অন্যথা অন্যপ্রকারেণ। তমেব প্রকারমাহ—গুরুর্মহান্ যো মোহস্তেন 'অশক্যং মে হরিবরে'ত্যাদিশ্লোকদ্বয়েন, ভক্ত্যা চ 'তস্য ধর্ম্মপ্রধানস্যে'তিশ্লোকদ্বয়েন। 'গুরুস্নেহেনে'তি কচিৎ পাঠঃ।

১০। লো-টী। বাষ্পৈর্নিগ্রথিতাক্ষরম্ বাষ্পেণ নিগ্রথিতং যুক্তমক্ষরং যস্মিন্ তৎ। 'বাষ্পগদ্‌গদভাষিণী'তি কচিৎ পাঠঃ, 'গদ্‌গদাক্ষরভাষিণী'তি কচিৎ।

দেবি, রামচন্দ্র আপনার এই সমস্ত কার্য্য ও আপনি আমার নিকট যাহা বলিলেন সেই সমস্ত কথা শ্রবণ করিবেন ॥ ৬ ॥

দেবি, আমি যাহা বলিয়াছি, তাহা নানাকারণে রামের প্রিয় কার্য্য করিবার অভিপ্রায়ে স্নেহজনিত বুদ্ধিবৈকল্যের ফলে ॥ ৭ ॥

আমি আপনাকে অদ্যই রামচন্দ্রের নিকট লইয়া যাইতে ইচ্ছা করি, [তাই] অত্যন্ত স্নেহ এবং ভক্তিবশেই সে কথা বলিয়াছি, অন্য কারণে নহে ॥ ৮ ॥

আপনি যদি আমার সহিত আকাশপথে গমন করিতে না চান, তবে রাম যাহা জানিতে পারিবেন এমন কিছু অভিজ্ঞান (নিদর্শন) আমাকে প্রদান করুন ॥ ৯ ॥

হনুমান্ এইরূপ বলিলে দেবকন্যা-সদৃশী সাধ্বী সীতা বাষ্পগদ্‌গদবাক্যে বলিতে লাগিলেন—॥ ১০ ॥

১। ছ '-স্তেতচ্চ কা-'। ২। খ 'ময়ৈতৎ'। ৩। দ '-বন্ধুনে', ছ-ঘ '-নন্দনে'। ৪। ঘ 'দেবস্থ-'। ৫। ঘ 'সাধ্বী'। ৬। খ-ঘ '-বিগ্রথিতাক্ষরম্'।

ব্রূয়াস্ত্বং [1]নৃপতিং সীতা ত্বৎপ্রসাদপরায়ণা।
অশোকমূলে শোকার্ত্তা ভূমৌ স্বপিতি [2]জানকী ॥ ১১ ॥
মলমণ্ডলদিগ্ধাঙ্গী শোকাশ্রু[3]কলিলাননা।
বসন্তাদৌ [4]মৃতাম্ভোজা বাপীব ন বিরাজতে ॥ ১২ ॥
শোকোপহত[5]সর্ব্বাঙ্গী তব দর্শন[6]লালসা।
[7]সীতা শোকার্ণবে [8]মগ্না তাং সমুদ্ধর্ত্তুমর্হসি ॥ ১৩ ॥
সশরঃ [9]সায়ুধশ্চাপি বীর্য্যবাংশ্চ [10]মহীপতে।
[11]ধ্রিয়তে চ বধার্হোঽয়ং রাবণঃ কিং ন বুধ্যসে ॥ ১৪ ॥
ক্ব তে [12]তদায়ুধং চিত্রং ক্ব শরাঃ [13]পাবকপ্রভাঃ।
ক্ব তেজঃ ক্ব চ শস্ত্রাণি যন্মামেবমুপেক্ষসে ॥ ১৫ ॥

১২। লো-টী। মলমণ্ডলেন মলসমূহেন দিগ্ধাঙ্গী লিপ্তাঙ্গী। কলিলাননা ব্যাপ্তাননা। 'কলিতাননে'তি পাঠে স এবার্থঃ। বসন্ত আদির্যস্য তস্মিন্ গ্রীষ্মে, বিমৃদিতা বিলোড়িতা, 'মৃতাম্ভোজে'তি পাঠে বসন্তাদৌ মাঘে।

১৪। লো-টী। ধ্রিয়তে প্রাণান্ ধারয়তি। ন বধ্যতে ন হন্যতে, 'ন বুধ্যসে' ইতি পাঠে রাবণো বধার্হ ইতি ন জানাসি।

তুমি রাজাকে বলিও শোকার্ত্তা জনক-নন্দিনী সীতা আপনার অনুগ্রহাকাঙ্ক্ষিণী হইয়া অশোকমূলে ভূতলে শয়ন করিয়া আছেন ॥ ১১ ॥

তাঁহার গাত্র মললিপ্ত, মুখমণ্ডল শোকাশ্রু দ্বারা কলুষিত, তিনি বসন্তের প্রারম্ভে পদ্মবিহীন সরোবরের ন্যায় শ্রীহীন হইয়া পড়িয়াছেন ॥ ১২ ॥

সীতা আপনার দর্শনাকাঙ্ক্ষিণী, শোকে তাঁহার সর্ব্বাঙ্গ পীড়িত। তিনি শোক-সাগরে নিমগ্না, তাঁহাকে উদ্ধার করা আপনার উচিত ॥ ১৩ ॥

রাজন্, শর ও অস্ত্রধারী বীর্য্যবান্ বধার্হ রাবণ বাঁচিয়া আছে, আপনি কি জন্য অবহিত হইতেছেন না? ॥ ১৪ ॥

আপনার সেই বিচিত্র অস্ত্র কোথায়? অগ্নিতুল্য শরসমূহ কোথায়? আপনার তেজ কোথায়? শস্ত্রসমূহ কোথায়? আপনি আমাকে উপেক্ষা করিতেছেন যে? ॥ ১৫ ॥

১। খ 'তং নৃপং'। ২। ঘ 'মৈথিলী'। ৩। ঘ-ধ '-মলিনা-'। ৪। ছ-ঘ-ধ 'বিমৃদিতা'। ৫। ঘ-ধ '-শ্রীং'। ৬। ঘ-ধ '-সাম্'। ৭। ঘ-ধ 'সীতাং'। ৮। ঘ-ধ 'মগ্নাং'। ৯। ছ '-ধঃ সাসিঃ'। ১০। খ 'মহেশ্বর'। ১১। ঘ-ধ 'ধ্রিয়তে চ', ঙ 'আততায়ী ব-'। ১২। ঘ-ধ 'বরায়ুধং'। ১৩। ঘ-ধ 'পাবকোপমাঃ'।

কিন্নু তে পৌরুষং নষ্টং শঙ্কে মদ্‌ভাগ্যসংক্ষয়াৎ।
যদয়ং রাবণঃ পাপো ম্রিয়তে জীবতি ত্বয়ি ॥ ১৬ ॥
যে ত্বাং শূরমিতি প্রাহুস্তেষাং তদ্ বিতথং বচঃ।
ন হি ভার্য্যাং পরামৃশ্য কশ্চিচ্ছূরস্য জীবতি ॥ ১৭ ॥
শূরো হি রক্ষতে ভার্য্যাং ভার্য্যাঃ শূরমুপাসতে।
ন চ মাং রক্ষসে বীর কিমিদং শূরলক্ষণম্ ॥ ১৮ ॥
পূর্ব্বং হি রক্ষতি পিতা কৌমারে রঘুনন্দন।
ত্বয়া হীনা হৃতা রাজন্ রাবণেন দুরাত্মনা ॥ ১৯ ॥
জনকানাং কুলে জাতা রাঘবাণাং কুলে বধূঃ।
বসাম্যহমনাথেব দীনা রাক্ষসবেশ্মনি ॥ ২০ ॥

১৭। লো-টী। শূরস্য ভার্য্যাং পরামৃশ্য স্পৃষ্ট্বা।
১৮। লো-টী। ভার্য্যা শূরমুপাসতে উপাস্তে, ভার্য্যা ইতি বহুবচনান্তং বা পদম্।

আশঙ্কা হয়, আমার ভাগ্যদোষে আপনার বিক্রম নষ্ট হইয়াছে না কি? যেহেতু আপনি জীবিত থাকিতে এই পাপিষ্ঠ রাবণ বাঁচিয়া আছে ॥ ১৬ ॥

যাহারা আপনাকে বীর বলিয়া বলে, তাহাদের সেই কথা মিথ্যা। কারণ, বীরের পত্নীকে আক্রমণ করিয়া কেহ জীবিত থাকিতে পারে না ॥ ১৭ ॥

বীর ব্যক্তি ভার্য্যাকে রক্ষা করেন। বীরের ভার্য্যা তাঁহার নিকটেই থাকেন, হে বীর, আপনি আমাকে রক্ষা করিতেছেন না, ইহা কি বীরের লক্ষণ? ॥ ১৮ ॥

হে রঘুনন্দন, প্রথমে শৈশবে পিতা [কন্যাকে] রক্ষা করেন। [তারপর স্বামীই স্ত্রীলোকের রক্ষাকর্ত্তা।] হে রাজন্, আপনার অসান্নিধ্যে দুরাত্মা রাবণ-কর্ত্তৃক অপহৃতা হইয়া জনকবংশে জাতা রঘুবংশের বধূ আমি দীনা অনাথার ন্যায় রাক্ষসগৃহে বাস করিতেছি ॥ ১৯-২০ ॥

১। খ 'ত্বয়ি'। ২। ঘ 'জীবিতম্'। ৩। ঘ খ '-রুস্ত'। ৪। ক-ছ 'ভার্য্যা শূ'। ৫। ক 'রক্ষতে পিত্রা'। ৬। ঘ '-বক্ত'। ৭। ঘ 'সুখা'। ৮। খ-ত '-শ্বয়'।

উচ্ছোষণং সমুদ্রস্য পতনং চন্দ্রসূর্য্যয়োঃ।
চলনং শৈলরাজস্য[১] শীতত্বং[২] কৃষ্ণবর্ত্মনঃ ॥ ২১ ॥
অশ্রদ্ধেয়ানি কর্ম্মাণি[৩] যথৈতানি[৪] নরোত্তম[৫]।
তথাঽনার্য্যমিদং মন্যে রাবণং যদুপেক্ষসে ॥ ২২ ॥
এতচ্চান্যচ্চ[৬] বক্তব্যং কৃপাং কুর্য্যাদ্ যথা[৭] ময়ি।
বায়ুনা ধূয়মানো হি বনং দহতি পাবকঃ ॥ ২৩ ॥
ভর্ত্তব্যা রক্ষণীয়া চ পত্যা পত্নী হি সর্ব্বদা।
তন্নষ্টমুভয়ং[৮] কস্মাদ্ধর্ম্মজ্ঞস্য[৯] সতস্তব ॥ ২৪ ॥
ততস্তদ্ বচনং শ্রুত্বা বৈদেহ্যাঃ শোককারণম্[১০]।
শোকেন[১১] মহতাবিষ্টো[১২] হনূমান্ প্ররুরোদ হ ॥ ২৫ ॥
এবমুক্ত্বা বচস্তথ্যং সীতা শশিনিভাননা।
উদৈক্ষত ততো ভূয়ঃ শিংশপাং তাং হিরণ্ময়ীম্ ॥ ২৬ ॥

২১। লো-টী। শৈলরাজস্য মেরোঃ, কৃষ্ণবর্ত্মনো বহ্নেঃ।

২৩-২৪। লো-টী। পাবকোঽবশ্যং দহতি, তথা পত্যা অবশ্যং ভর্ত্তব্যা ইত্যাদি। উভয়ং ভরণং রক্ষণঞ্চ।

হে পুরুষোত্তম, সমুদ্রের শুষ্কতা, চন্দ্র-সূর্য্যের পতন, হিমালয়ের কম্পন, বহ্নির শীতলতা, এই সমস্ত যেমন অবিশ্বাস্য, আপনি যে রাবণকে উপেক্ষা করিতেছেন, এই অনার্য্য আচরণও সেইরূপ (অবিশ্বাস্য) মনে করি ॥ ২১-২২ ॥

এই কথা এবং আরও [এইরূপ কথা] বলিবে, যাহাতে তিনি আমার উপর কৃপা করেন। বায়ুদ্বারা বিধূত অগ্নি অরণ্য দগ্ধ করিয়া ফেলে ॥ ২৩ ॥

[বলিও,] পত্নী সর্ব্বদাই পতির রক্ষণীয়া এবং [আহার্য্যাদি দ্বারা]পালনীয়। আপনি ধর্ম্মজ্ঞ এবং সাধু, আপনার সেই উভয়ই (রক্ষণ ও ভরণ) নষ্ট হইতেছে কেন? ॥ ২৪ ॥

তারপর সেই দুঃখাবহ বাক্য শ্রবণ করিয়া হনুমান্ অত্যন্ত দুঃখাবিষ্ট হইয়া রোদন করিতে লাগিলেন ॥ ২৫ ॥

শশিমুখী সীতা এইরূপ যথার্থ বাক্য বলিয়া তারপর পুনরায় ঊর্দ্ধদিকে সেই সুবর্ণময় শিংশপাবৃক্ষের প্রতি দৃষ্টিপাত করিলেন ॥ ২৬ ॥

১। ঘ 'গিরি-'। ২। ঘ 'শৈত্যং'। ৩। ছ-ঙ-ঘ 'সর্ব্বাণি'। ৪। ঘ 'পুঙ্গব'। ৫। ঘ '-মম্'। ৬। ক-ঘ '-ব্যক্তং'। ৭। ঘ 'কপে'। ৮। ঘ 'প্রন-'। ৯। ছ-ঙ '-ধর্ম্ম', ঘ '-জ্ঞ মত-'। ১০। ঙ-ঘ '-কারণাৎ'। ১১। ঘ 'দুঃখেন'। ১২। ঘ 'সং-'।

প্রাদেশমাত্রং শাখায়ামুপবিষ্টং প্লবঙ্গমম্‌ ।
দদর্শ সীতা [১] কল্যাণী প্রাঞ্জলিং প্রিয়[২]বাদিনম্‌ ॥ ২৭ ॥

তং দৃষ্ট্বা[৩]পি ততঃ সীতা দুঃখিতা হি[৪] তপস্বিনী ।
নিশ্বস্য [৫] দীর্ঘং তত্রস্থং পুনর্ব্বচনমব্রবীৎ ॥ ২৮ ॥

দ্রষ্টুমিচ্ছামি রামস্য বদনং পুষ্করেক্ষণম্‌ ।
পৌর্ণমাস্যাং[৬] যথা পূর্ণং[৭] বিমলং চন্দ্রমণ্ডলম্‌ ॥ ২৯ ॥

দৃষ্ট্বা হি বদনং তস্য প্রহৃষ্যে[৮]য়ং প্লবঙ্গম ।
অর্দ্ধসঞ্জাতসস্যেব তোয়ং প্রাপ্য বসুন্ধরা ॥ ৩০ ॥

ইদং শ্রেষ্ঠমভিজ্ঞানং [৯] ব্রূয়াস্ত্বং মম তং[১০] প্রিয়ম্‌ ।
শৈলস্য চিত্রকূটস্য পাদে [১১] তরুলতাকুলে ॥ ৩১ ॥

তাপসাশ্রমবাসিভ্যঃ[১২] প্রাপ্য মূলফলং[১৩] বনে ।
যৎ সিদ্ধসম্মতে দেশে মন্দাকিন্যা হ্যদূরতঃ ॥ ৩২ ॥

৩১-৩৩। লো-টী। পাদে চতুর্থাংশে প্রত্যন্তপর্ব্বতে বা, 'পাদো বুধে তুরীয়াংশে শৈলপ্রত্যন্তপর্ব্বতে' ইতি কোষঃ। তস্মিংস্তাপসাশ্রমবাসিভ্যা। মন্দাকিন্যা অদূরো যো দেশঃ

কল্যাণী সীতাদেবী শাখার উপরে কৃতাঞ্জলিপুটে উপবিষ্ট প্রাদেশপরিমিত বানরকে দেখিতে পাইলেন ॥ ২৭ ॥

তারপর তপস্বিনী সীতা সেই বৃক্ষশাখায় অবস্থিত হনুমান্‌কে দেখিয়াও দীর্ঘ নিশ্বাস ত্যাগ করত পুনরায় বলিতে লাগিলেন—॥ ২৮ ॥

পদ্মতুল্যনয়ন-সমন্বিত নির্ম্মল ও পরিপূর্ণ পূর্ণিমার চন্দ্রমণ্ডলের ন্যায় রামচন্দ্রের বদনমণ্ডল দর্শন করিতে ইচ্ছা করি ॥ ২৯ ॥

হে বানর, অর্দ্ধসঞ্জাত-শস্য-সমন্বিতা পৃথিবী যেমন [বর্ষার] জল পাইয়া প্রফুল্লা হইয়া উঠে, তাঁহার বদনমণ্ডল দর্শন করিলে আমিও সেইরূপ আনন্দিতা হই ॥ ৩০ ॥

তুমি আমার সেই প্রিয়তমকে [আমার এই কথা] বলিও—ইহাই শ্রেষ্ঠ অভিজ্ঞান [হইবে] ;—"তরুলতা-সমাকীর্ণ চিত্রকূট-পর্ব্বতের পাদদেশে তপোবন-

১। ঘ 'বৈদেহী'। ২। ঘ '-ভাষিণম্‌'। ৩। খ '-ষ্ট্বা বিস্মিতা'। ৪। ছ '-তাপি', ঙ-দ '-অ সা', খ '-ভাভি-'। ৫। ঙ-ধ '-বিমূলক'। ৬। ছ 'চন্দ্রং'। ৭। ঘ-ছ 'পূর্ণিম-'। ৮। ঙ-খ '-ষ্যেহং', দ 'প্রহৃষ্টেয়ং'। ৯। খ '-ষুক মম'। ১০। ঘ-ঙ-ব 'তৎপ্রিয়ম্‌'। ১১। ব '-কৃতে'। ১২। ক '-সিভ্যঃ'। ১৩। খ 'মূলং ফ-'।

তেষুপবনষণ্ডেষু নানাপুষ্পসুগন্ধিষু ।
বিহৃত্য[1] সলিলক্লিন্না[2] ত্বাঙ্কেঽহমুপাবিশম্[3] ॥ ৩৩ ॥

ক্রীড়তা[4] মে[5] তদা[6] চৈব ত্বয়া গৃহ্য মনঃশিলাম্ ।
রচিতস্তিলকো বক্তে্র স সংক্রান্তস্তবোরসি[7] ॥ ৩৪ ॥

রোহিমাংসং পুনশ্চাপি বিততং হ্যাশ্রমং[8] প্রতি ।
কর্ষন্ কাকো ময়া চৈব লোষ্টেন বিনিবারিতঃ ॥ ৩৫ ॥

রোষয়ন্নিব মাং কাকস্তত্রৈব[9] পর্য্যপীড়য়ৎ[10] ।
তচ্চাপ্যপাহরন্মাংসং[11] প্রসহ্য[12] বলিভোজনঃ ॥ ৩৬ ॥

তস্মিন্, যদ্ বনং যানি চ উপবনষণ্ডানি তেষু ফল-মূলং প্রাপ্য ত্বয়া সহ বিহৃত্য সলিলক্লিন্নাঽহং ত্বদঙ্কে উপাবিশমিত্যন্বয়ঃ । ইত্যেকমভিজ্ঞানম্ ।

৩৪ । লো-টী । অন্যদপ্যাহ—ক্রীড়তেতি । গৃহ্য গৃহীত্বা 'আগৃহ্যে'তি বা 'আঘৃষ্যে'তি বা পাঠঃ । বক্তে্র বক্তৈ্রকদেশে ললাটে । সংক্রান্ত আলিঙ্গনেন সম্বদ্ধঃ প্রতিবিম্বিতো বা ।

৩৫ । লো-টী । অন্যদপ্যাহ—'রোহিমাংস'মিতি । রোহিণো মৃগবিশেষস্য মাংসং রোহিমাংসম্ । 'রোহী রোহিতকেঽশ্বত্থবটপাদপয়োঃ পুমান্' ইতি কোষঃ । বিততং বিস্তৃতম্ ।

৩৬ । লো-টী । তত্রৈব মাংসহরণে । পরিপীড়য়েৎ পীড়য়তি । 'পরিহীয়ত' ইতি পাঠে অন্তর্দধে ইত্যর্থঃ । প্রসহ্য হঠাৎ ।

বাসীদিগের নিকট হইতে ফল-মূল প্রাপ্ত হইয়া মন্দাকিনীর অদূরবর্ত্তী সিদ্ধসম্মত প্রদেশে নানাপুষ্প-সুরভিত সেই উপবনসমূহে বিহারপূর্ব্বক [স্নানান্তে] সলিল-সিক্ত অবস্থায় আমি তোমার অঙ্কে উপবেশন করিয়াছিলাম ॥ ৩১-৩৩ ॥

তখন তুমি আমার সহিত ক্রীড়া করিতে করিতে [এক খণ্ড] মনঃশিলা লইয়া আমার মুখে যে তিলক রচনা করিয়াছিলে, তাহা তোমার বক্ষঃস্থলে সংক্রান্ত হইয়াছিল ॥ ৩৪ ॥

আরও, [এক সময়ে] একটি কাক [শুষ্ক করিবার জন্য] বিস্তারিত হরিণ-মাংস [এক খণ্ড] আশ্রমের দিকে লইয়া যাইতেছিল, [তাহা দেখিয়া] আমি লোষ্ট্র ক্ষেপণ করিয়া তাহাকে তাড়না করিয়াছিলাম ॥ ৩৫ ॥

কাকটি আমাকে রাগান্বিত করিবার জন্যই যেন সেখানেই পরিপীড়িত করিতে লাগিল এবং বলপূর্ব্বক সেই মাংসখণ্ড লইয়া যাইতে লাগিল ॥ ৩৬ ॥

---

১ । ছ 'বিহৃতা', খ 'নিবৃত্য', দ 'বিকৃত্য' । ২ । ক-ত '-লাক্রীড়ে', খ '-লে কিন্ন ত্বামেহহ-' । ৩ । ব '-বাঙ্কেঽহম্-' । ৪ । গ '-ন্ত্যা' । ৫ । ঘ-ছ 'ত্বম্', দ 'কদা' । ৬ । চ 'তাঞ্চ গৃহ্য', খ 'ঘর্ষিতাঙ্গ' । ৭ । খ 'সংক্রান্ত-' । ৮ । ছ 'বাশ্রমং' । ৯ । ক-ত '-কঃ স্তনয়োঃ' । ১০ । ছ 'পরিহীয়তে', ক 'পরিপীড়য়েৎ' । ১১ । ঘ-ছ '-প্যুপাহরন্-' । ১২ । ছ 'প্রসহ্য' ।

উৎকর্ষন্ত্যাশ্চ বসনং[1] ক্রুদ্ধায়াস্তস্য পক্ষিণঃ।
স্রংস্যমানে[2] চ বসনে ত্বয়োপেক্ষা কৃতা ময়ি ॥ ৩৭ ॥

ত্বয়াবহসিতা চাহং ক্রুদ্ধা বিপরিধাবতী[3]।
ভক্ষ্যগৃধ্রেণ[4] কাকেন বলবৎ[5] পরিনির্জ্জিতা[6] ॥ ৩৮ ॥

আসীনস্য চ তে শ্রান্তা পুনরঙ্কে[7] সমাশ্রিতা।
ক্রুধ্যন্তী[8] চ প্রহৃষ্টেন ত্বয়াহং তোষিতা তদা[9] ॥ ৩৯ ॥

তূর্ণমভ্যেত্য কাকেন স্তনয়োরস্মি তাড়িতা।
বাষ্পপূর্ণমুখী দীনা চক্ষুষী পরিমার্জ্জতী ॥ ৪০ ॥

লক্ষিতাহহং ত্বয়া তত্র[10] বায়সেন প্রকোপিতা[11]।
তস্যোদ্ধৃত্য ত্বয়েষীকা ক্ষিপ্তা বরদপাণিনা[12] ॥ ৪১ ॥

৩৭। লো-টী। বসনং বস্ত্রম্, 'রসনা'মিতি পাঠে ক্ষুদ্রঘণ্টিকাম্, উৎকর্ষন্ত্যা আকর্ষন্ত্যাঃ, পক্ষিণঃ ক্রুদ্ধায়াঃ মম বসনে বস্ত্রে স্রংস্যমানে সতি। 'ভ্রমামানে' ইত্যপি পাঠঃ কচিৎ।

৩৮। লো-টী। 'বিপরিধাবতী'তি পাঠঃ। ভক্ষ্যগৃধ্রেণ ভক্ষ্যাকাঙ্ক্ষিণা, বলবৎ বলিনেব, পরিমার্জ্জিতা, কারিতান্তং পদম্।

আমি সেই কাকের উপর ক্রুদ্ধ হইয়া [স্খলিত] বস্ত্র সংযত করিতে লাগিলাম, আমার কাপড় খুলিয়া গেলেও তুমি আমার প্রতি উপেক্ষা করিতে লাগিলে (অর্থাৎ কাকটিকে তাড়াইয়া দিলে না) ॥ ৩৭ ॥

তোমার উপহাসে ক্রুদ্ধ হইয়া এবং ভক্ষ্যলোলুপ কাকের নিকট অত্যন্ত পরাজিত হইয়া আমি দৌড়াইতে লাগিলাম এবং পরিশ্রান্ত হইয়া পুনরায় উপবিষ্ট তোমার অঙ্কে আশ্রয় লইলাম। তখন আমি রুষ্ট হইলেও তুমি আনন্দিত হইয়া আমাকে সন্তুষ্ট করিলে ॥ ৩৮-৩৯ ॥

কাকটা হঠাৎ আসিয়া আমার স্তনদ্বয়ে আঘাত করিল, আমার মুখমণ্ডল অশ্রুপ্লুত হইল, আমি কাতর হইয়া চক্ষু মার্জ্জিত করিতে লাগিলাম ॥ ৪০ ॥

তুমি তখন দেখিলে—কাকটা আমাকে ক্রুদ্ধ করিয়া তুলিয়াছে। তুমি অভীষ্ট-ফলপ্রদ হস্তে একটি তৃণ উত্তোলন করিয়া ব্রহ্মাস্ত্রে সংযোজিত (অর্থাৎ ব্রহ্মাস্ত্র-

১। ঘ 'রসনাং'। ২। ছ-ত 'ভ্রশ্যমানে চ', দ 'ভ্রাম্যমানে'। ৩। ঘ-খ 'চ পরিধাবতী', চ 'তত্র প্রধাবতী'। ৪। ত 'ভক্ষ্যং গৃহীতং', খ 'ভক্ষ্যলুব্ধেন'। ৫। ছ 'বলাৎ পরিবিনির্জ্জিতা', খ 'বলরূপবিবর্জ্জিতা'। ৬। ত-দ 'পরিবর্জ্জিতা'। ৭। ছ '-রঙ্কে', ত '-রঙ্কং'। ৮। ছ '-ন্তীব'। ৯। ত 'তথা'। ১০। ছ 'তদা'। ১১। ঘ-ত 'চ কোপি-'। ১২। ত 'হি বদ্ধ-'।

ব্রহ্মাস্ত্রেণাভিসন্ধায় সা প্রজজ্বাল খে তদা।
অনুবিদ্ধস্তয়া[1] কাকো জগাম বিবিধা গতীঃ ॥ ৪২ ॥
সংপতন্[2] স ইমং লোকং ভয়াদনুচচার হ।
স চ[3] বর্ষতি পর্জ্জন্যে ক্রীড়তে পৃষতান্তরে[4] ॥ ৪৩ ॥
তস্যেষীকা[5] ত্বয়া ক্ষিপ্তা[6] চ্ছায়েবানুগতা দ্রুতম্।
অলব্ধা শর্ম্ম লোকেষু ত্বামেব শরণং গতঃ ॥ ৪৪ ॥
পরিদ্যূনো[7] বিষণ্ণশ্চ স ত্বয়োক্তস্তদা বিভো।
অমোঘোঽয়মিষুঃ ক্ষিপ্তঃ কিমঙ্গং শাতয়ামি তে ॥ ৪৫ ॥

৪৩। লো-টী। পর্জ্জন্যে মেঘে বর্ষতি, স চ কাকশ্চ। 'যশ্চ'ত্যাপি পাঠঃ। পৃষতান্তরৈর্মৃগভেদৈঃ। 'পৃষন্ মৃগে পুমান্ বিন্দৌ ন দ্বয়োঃ পৃষতোঽপি চে'তি কোষঃ।

৪৪। লো-টী। শর্ম্ম কুশলম্।

৪৫। লো-টী। পরিদ্যূনো দুঃখিতঃ। 'পরিচ্ছন্ন' ইতি পাঠে দুঃখেনাচ্ছাদিতো ব্যাপ্ত ইত্যর্থঃ। বিষণ্ণো বিবর্ণঃ, শাতয়ামি পীড়য়ামি।

মন্ত্রে অভিমন্ত্রিত) করত তাহার প্রতি ক্ষেপণ করিলে ; তাহা আকাশে প্রজ্বলিত হইয়া উঠিল ; কাকটা তাহা দ্বারা তাড়িত হইয়া [রক্ষা পাইবার জন্য] বিবিধ উপায় অবলম্বন করিতে লাগিল ॥ ৪১-৪২ ॥

সে ভয়ে পৃথিবীতে অবতীর্ণ হইয়া বিচরণ করিতে লাগিল। বৃষ্টি পড়িতে থাকিলে সে জলবিন্দুর মধ্যে ক্রীড়া করিতে লাগিল ॥ ৪৩ ॥

তুমি যে ইষীকা (তৃণ) ক্ষেপণ করিয়াছিলে, তাহা ছায়ার ন্যায় দ্রুত তাহার অনুসরণ করিতে লাগিল। সে ত্রিভুবনে [কুত্রাপি] শান্তি না পাইয়া তোমারই শরণাপন্ন হইল ॥ ৪৪ ॥

স্বামিন্, সন্তাপ ও বিষাদগস্ত সেই কাককে তখন তুমি বলিলে—"যে বাণ ক্ষেপণ করিয়াছি ইহা অব্যর্থ, তোমার [প্রাণ সংহার না করিয়া] কোন্ অঙ্গ ছেদন করিব ? [বল] ॥ ৪৫ ॥

১। 'খ বদ্ধা'। ২। খ 'দ্বিষং'। ৩। ছ-ত 'গঃ স'। ৪। খ-ছ-ত '-দ্বরৈঃ', খ '-ন্তরৈঃ'। ৫। ক-ছ 'তস্যৈষীকা'। ৬। ত 'তৃণম্'। ৭। চ '-ম্লানো'।

তেনৈকং নয়নং ত্যক্তং তদীষীকা ব্যশাতয়ৎ।
১
মৎকৃতে কাকমাত্রে তে ব্রহ্মাস্ত্রং সমুদীরিতম্।
২
কস্মাদ্ যো মাং হরেত্বত্তঃ ক্ষমেথাস্তং মহীপতে ॥ ৪৬ ॥
৩
এবমস্ত্রবিদাং শ্রেষ্ঠঃ সত্ত্ববান্ বলবানপি।
কিমর্থমস্ত্রং রক্ষঃসু ন যোজয়সি রাঘব ॥ ৪৭ ॥
৪ ৫
তৎ কুরুষ্ব মহেষ্বাস কৃপাং ময়ি নরর্ষভ।
৬
আনৃশংস্যং পরো ধর্ম্মস্ত্বত্ত এব শ্রুতো ময়া ॥ ৪৮ ॥
৭
ন নাগা ন চ গন্ধর্ব্বা নাসুরা ন চ রাক্ষসাঃ।
৮
তব রাম রণে শক্তাঃ শরবেগং সমাসিতুম্ ॥ ৪৯ ॥

৪৬। লো-টী। যো হরতে মামিতি শেষঃ। 'যো মাং হরেদি'তি কচিৎ পাঠঃ।
৪৮। লো-টী। আনৃশংস্যমক্রূরত্বম্।
৪৯। লো-টী। সমাসিতুং সোঢ়ুং শক্তাঃ সমর্থাঃ।

সে একটী চক্ষু পরিত্যাগ করিল, ইষীকা তাহা নিপাতিত (উৎপাটিত) করিল। হে রাজন্, আমার জন্য তুচ্ছ একটা কাকের প্রতি-ই ব্রহ্মাস্ত্র ক্ষেপণ করিয়াছিলে, আর যে আমাকে তোমার নিকট হইতে হরণ করিয়াছে তাহাকে ক্ষমা করিবে কেন? ॥ ৪৬ ॥

হে রাঘব, তুমি এইরূপ অস্ত্রবিদ্‌গণের শ্রেষ্ঠ এবং সত্ত্ব ও বলসম্পন্ন হইয়াও রাক্ষসদিগের প্রতি অস্ত্র প্রয়োগ করিতেছ না কেন? ॥ ৪৭ ॥

৩৭। লো-টী। যশস্বিনা অঙ্গদেন তদধ্যাসিতং তৈরারূঢ়মুন্নতমুচ্চম্। 'উদ্‌গত'মিতি পাঠে স এবার্থঃ।

প্রত্যাপ্লবনম্ ॥ ৫৬ ॥

শ্রীমান্ অঙ্গদ তথায় বহু-বানরপরিবৃত হইয়া বহু দেবতা কর্ত্তৃক উপাস্যমান ইন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৩৬ ॥

তখন সেই অত্যুন্নত পর্ব্বতশিখর কীর্ত্তিমান্ ও যশস্বী হনুমান্ এবং কার্য্যজ্ঞ অঙ্গদকর্ত্তৃক অধিষ্ঠিত হইয়া সৌন্দর্য্যে দীপ্তিমান্ হইয়া উঠিল ॥ ৩৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনুমানের প্রত্যাবর্ত্তননামক
৫৬ সর্গ সমাপ্ত ॥ ৫৬ ॥

১। খ '-বানঃ কপিভির্দ্দেবৈরিব'। ২। ক 'বিবিধৈর্দ্দিবি দেবগণৈর্যথা।'। ৩। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৪ ক 'তথাঙ্গদেনাঙ্গদিনা'

(৫৭) সপ্তপঞ্চাশঃ সর্গঃ

[১]ততস্তস্য গিরেঃ শৃঙ্গে মহেন্দ্রস্য মহাবলাঃ ।
হনূমৎপ্রমুখাঃ প্রীতিং হরয়ো জগ্মুরুত্তমাম্ ॥ ১ ॥

তমাগতং মহাবীর্য্যং[২] রাক্ষসৈঃ কৃতবিগ্রহম্[৩] ।
সমীক্ষ্য হরয়ঃ সর্ব্বে পরিবার্য্য সমাশ্বসন্[৪] ॥ ২ ॥

ততস্তমব্রবীদ্বাক্যং কপীনাং[৫] প্রবরস্তদা ।
জাম্ববান্ কার্য্যবৃত্তান্তমপৃচ্ছৎ পবনাত্মজম্[৬] ॥ ৩ ॥

কথং দৃষ্টা ত্বয়া সীতা রামস্য মহিষী প্রিয়া[৭] ।
স[৮] চ তস্যাং কথংবৃত্তঃ ক্রূরকর্ম্মা দশাননঃ[৯] ॥ ৪ ॥

যথাবৎ সর্ব্বমেতন্নো[১০] ব্রূহি[১১] ব্রূহি[১২] মহাকপে ।
শ্রুতার্থাশ্চিন্তয়িষ্যামো[১৩] ভূয়ঃ কার্য্যবিনিশ্চয়ম্[১৪] ॥ ৫ ॥

৪। লো-টী। কথংবৃত্তঃ কিংপ্রকারং বৃত্তং চরিত্রং যস্য সঃ। অপি কিং দুষ্টা সীতা ইতি নোঽস্মাকং স্থানে ব্রূহি।

তারপর মহাবলশালী হনুমান্ প্রভৃতি বানরগণ সেই মহেন্দ্রপর্ব্বতের শিখর-দেশে অত্যন্ত প্রীতি লাভ করিলেন ॥ ১ ॥

রাক্ষসদিগের সহিত যুদ্ধ করিয়া সমাগত সেই মহাবীর হনুমান্‌কে দেখিয়া বানরগণ সকলে চারিদিকে ঘিরিয়া [বসিয়া] সমাশ্বস্ত হইলেন ॥ ২ ॥

তারপর কপিপ্রবর জাম্ববান্ তখন কথা বলিলেন—তিনি পবননন্দন হনুমান্‌কে কার্য্যবৃত্তান্ত জিজ্ঞাসা করিলেন ॥ ৩ ॥

তুমি রামচন্দ্রের প্রিয় মহিষী সীতাদেবীকে কিরূপ দেখিলে ? সেই ক্রূর-কর্ম্মা রাবণ তাঁহার প্রতি কিরূপ ব্যবহার করে ? ॥ ৪ ॥

হে মহাকপে, এই সমস্ত বিষয় তুমি আমাদিগকে যথাযথভাবে বল, সমস্ত কথা শুনিয়া আমরা পুনরায় কর্ত্তব্য চিন্তা করিব ॥ ৫ ॥

১। ক-পুস্তকে অতঃ প্রভৃতি দ্বিতীয়শ্লোকান্তং নাস্তি। ২। ঙ '-বীরং'। ৩। ছ 'কৃতবি-'। ৪। খ দ 'সমন্ততঃ'। ৫। ছ-থ-দ '-হরীণাং'। ৬। খ 'মারুতা-'। ৭। খ 'রামভার্য্যা যশস্বিনী'। ৮। ছ-ত 'বা'। ৯। খ 'স রাবণঃ'। ১০। ছ '-রঃ প্রব্রূহি স্বং'। ১১। খ 'কথয়স্ব মহামতে'। ১২। দ 'তন্মে'। ১৩। খ '-মঃ পুনঃ'। ১৪। দ 'কার্য্যং বিচিন্তয়ন্'।

প্রসন্নবর্ণো হি মণিস্তব[1] পাণিগতঃ শুভঃ।
অপি দৃষ্টা ত্বয়া সীতা ব্রূহি নঃ পরিপৃচ্ছতাম্ ॥ ৬ ॥
[2]যচ্চাপি তত্র বক্তব্যো গতৈরস্মাভিরাত্মবান্।
[3]বক্তব্যশ্চৈব যত্তত্র তদ্[4] ভবান্ ব্যাকরোতু নঃ ॥ ৭ ॥
ইতি জাম্ববতা পৃষ্টো বানরানুমতং বচঃ।
যথাবৃত্তং হরিশ্রেষ্ঠঃ কথয়ামাস[5] মারুতিঃ ॥ ৮ ॥
প্রত্যক্ষং[6] বো যথাহং বৈ[7] মহেন্দ্রাগ্রাদবপ্লুতঃ।
[8]উদধেরন্তরং পারং কাঙ্ক্ষমাণো মহাত্মনঃ ॥ ৯ ॥
ততো দেবাঃ সগন্ধর্ব্বাঃ সবিদ্যাধরচারণাঃ।
বিমানস্থাঃ খমাবৃত্য তুষ্টু[9]বুঃ[10] সহিতা হি মাম্ ॥ ১০ ॥

৭। লো-টী। তত্র রামস্থানে গতৈরস্মাভিরাত্মবান্ রামো যদ্ বক্তব্যঃ ত্বয়া চ যদ্ বাচ্যম্। 'ত্বয়া চাপি হি যদ্ বাচ্য'মিতি চ ক্বচিৎ পাঠঃ। নোঽস্মাকং স্থানে ব্যাকরোতু প্রকাশয়তু।
৮। লো-টী। অন্তরং বহিঃ। 'ইতর'মিতি পাঠে ইতরং।
১০। লো-টী। সমাবিষ্টঃ প্রাপ্তঃ।

তোমার হস্তে সুন্দর স্বচ্ছবর্ণ একটি মণি, আমরা জিজ্ঞাসা করিতেছি, বল, তুমি সীতাকে দেখিয়াছ কি? ॥ ৬ ॥

আমরা তথায় গমন করিয়া ধৈর্য্যশালী রামচন্দ্রকে কি বলিব? সেখানে যাহা বক্তব্য, তাহা তুমি আমাদের নিকট ব্যক্ত কর ॥ ৭ ॥

জাম্ববান্ বানরগণের অনুমোদিত এই কথা জিজ্ঞাসা করিলে পবননন্দন বানরশ্রেষ্ঠ হনুমান্ যথাযথ ঘটনার বর্ণনা করিতে লাগিলেন— ॥ ৮ ॥

"আমি বিশাল জলধির পরপারের উদ্দেশ্যে মহেন্দ্র পর্ব্বতের অগ্রভাগ হইতে লম্ফ দিলাম—ইহা আপনাদের প্রত্যক্ষ ॥ ৯ ॥

তারপর বিমানারূঢ় দেবতা, গন্ধর্ব্ব, চারণ ও বিদ্যাধরগণ সম্মিলিত হইয়া আকাশমণ্ডল আবৃত করিয়া আমার স্তুতি (প্রশংসা) করিতে লাগিলেন ॥ ১০ ॥

১। ব '-স্তলে'। ২। ঘ-ঙ 'গচ্ছাপি চ স', দ 'যচ্চাপি চ স'। ৩। ছ 'ত্বয়া চৈব হি যদ্বাচ্যং', ঙ 'ত্বয়া চৈব হি তদ্বাচ্যং'। ৪। ঙ '-বাংস্ত করোতু নঃ'। ৫। ঘ 'বানরঃ'। ৬। ঘ 'চাহং'। ৭। ছ '-যথাম্লু-'। ৮। ঘ-ছ-ঘ '-বক্তাহং'। ৯। ছ 'পুপ্লুবুঃ'। ১০। ব '-বুর্মিলিতা হি', দ '-বুর্মাং হি সর্ব্বতঃ'।

এতস্মিন্নন্তরেঽধস্তাদ্রাক্ষসী সুমহাতনুঃ।
বিরূপা[১] বিকৃতং বক্ত্রং[২] কৃত্বা মাং প্রত্যধাবত।
কায়েনাকাশমাবৃত্য[৩] ভক্ষে ত্বামিতি চাব্রবীৎ ॥ ১১ ॥

তাং দৃষ্ট্বা মেঘসঙ্কাশাং রাক্ষসীমগ্রতঃ স্থিতাম্।
ঈষদ্[৪]ভয়[৫]সমাবিগ্ন[৬] উক্তবানস্মি তামহম্ ॥ ১২ ॥

রাজা দশরথো নাম অযোধ্যাধিপতিঃ প্রভুঃ।
তস্য[৭] পুত্রোঽগ্রজো রামঃ সীতয়া লক্ষ্মণেন চ।
প্রবিষ্টো দণ্ডকারণ্যং পিত্রাজ্ঞামনুপালয়ন্ ॥ ১৩ ॥

তস্য ভার্য্যা জনস্থানাৎ রাবণেন[৮] দুরাত্মনা[৯]।
মুনি[১০]ব্রতং সমাস্থায় হৃত্বা লঙ্কাং প্রবেশিতা ॥ ১৪ ॥

১৩। লো-টী। পিত্রর্থং পিতুরাজ্ঞাম্।

এই অবসরে অধোভাগে বিশালকায় কদাকৃতি একটি রমণী বদন বিকৃত করিয়া আমার দিকে ধাবিত হইল এবং শরীরদ্বারা আকাশ আবৃত করিয়া বলিল—"তোমাকে ভক্ষণ করিব" ॥ ১১ ॥

সেই মেঘতুল্যা রাক্ষসীকে সম্মুখে অবস্থিত দেখিয়া ঈষদ্ ভয়ে উদ্বিগ্ন হইয়া আমি তাহাকে বলিলাম— ॥ ১২ ॥

রাজা দশরথ অযোধ্যার অধীশ্বর, তাঁহার জ্যেষ্ঠ পুত্র রাম পিতার আদেশ পরিপালনার্থে সীতা ও লক্ষ্মণের সহিত দণ্ডকারণ্যে প্রবেশ করিয়াছেন ॥ ১৩ ॥

দুরাত্মা রাবণ মুনিরূপ ধারণপূর্ব্বক তাঁহার ভার্য্যাকে জনস্থান হইতে হরণ করিয়া লঙ্কায় স্থাপন করিয়াছে ॥ ১৪ ॥

১। ছ 'বিরূপাং'। ২। ঘথ '-বাররং'। ৩। ছ 'কায়েন কায়-'। ৪। দ '-ত্রাস-'। ৫। দ '-সমুদ্বি-'। ৬। ছ-ত '-বিষ্ট'। ৭। দ 'নাম রামশ্চ লক্ষ্মণেতি চ'। ৮। ঘ 'বণীয়সা'। ৯। ত '-নঃ'। ১০। ঘ '-রূপং'।

তস্যাঃ সকাশং গচ্ছামি দূতোঽহং তস্য রাক্ষসি।
দৃষ্ট্বা সীতাং কৃতার্থোঽহমাগমিষ্যামি ভীষণে ॥ ১৫ ॥
সত্যমেতদ্ ব্রবীমি ত্বাং তদা ভক্ষসি মাং দৃঢ়ম্[১]।
এবমুক্তা তদা সা তু ন শ্রদ্ধামন্বকল্পয়ৎ[২] ॥ ১৬ ॥
নাগন্তুং[৩] ন চ বৈ গন্তুং[৪] ন কালাতিক্রমং ক্ষমে।
গ্রসিষ্যে[৫] ভক্ষয়িষ্যেঽহং প্রবিশ স্বোদরং প্রতি[৬] ॥ ১৭ ॥
ততঃ ক্রোধান্বয়োক্তা সা কুরু[৭] বক্ত্রং বিশামি তে।
দৃষ্ট্বা তু সা মে বিস্তারং নাদং[৮] কৃত্বা সুদারুণম্ ॥ ১৮ ॥
দশযোজনবিস্তারং বক্ত্রং কৃত্বাগ্রতঃ স্থিতা।
তাং দৃষ্ট্বা দশবিস্তারামাসং[৯] বিংশতিযোজনঃ ॥ ১৯ ॥

১৬। লো-টী। অনুকল্পং অকরোৎ।

১৭। লো-টী। উবাচ চ ত্বাগমমাগমনং গন্তুং গমনং কালাতিক্রমং চ ন ক্ষমে, গ্রসিষ্যে ভক্ষয়িষ্যে চ।

১৮। লো-টী। সবিস্তারং শরীরমিত্যর্থঃ। 'দৃষ্ট্বা তু সা মে বিস্তার'মিত্যপি ক্বচিৎ পাঠঃ।

১৯। লো-টী। দশবিস্তারাং দশযোজনবিস্তারাম্।

হে রাক্ষসি, আমি রামের দূত, সীতার নিকট গমন করিতেছি; হে ভীষণে, আমি সীতাদর্শনে কৃতকার্য্য হইয়া আগমন করিব ॥ ১৫ ॥

এ কথা আমি সত্যই বলিতেছি, তুমি তখন আমাকে ভক্ষণ করিবে। [আমি] এইরূপ বলিলে সেই রাক্ষসী বিশ্বাস করিল না ॥ ১৬ ॥

[সে বলিল—] "গমন করিতে ও আগমন করিতে কালাতিক্রম সহ্য হয় না। গ্রাস করিব, ভক্ষণ করিব, উদরমধ্যে প্রবেশ কর" ॥ ১৭ ॥

তারপর ক্রোধে আমি তাহাকে বলিলাম—তুমি মুখব্যাদান কর, প্রবেশ করিতেছি; সে আমার বিস্তার দেখিয়া সুদারুণ গর্জ্জন করত দশযোজন-

১। ঘ 'ধ্রুবম্'। ২। ক-ছ '-মনুক-'। ৩। চ 'ত্বাক্তুং'। ৪। ধ 'ত্বাং ধবামি ন চ ক্ষমে'। ৫। ঘ 'ত্বাং ভক্ষয়িষ্যে হনুমন্ প্রবিশস্বোদরং মহৎ'। ৬। ছ-ঙ-খ 'মম'। ৭। ঙ 'ক্রুরে'। ৮। ঘ 'নদৎ'। ৯। ধ '-মামহং'।

দৃষ্ট্বা বিংশতিবিস্তারং সা[1] ত্রিংশদ্‌যোজনাভ্যভূৎ[2]।
ত্রিংশদ্‌যোজনিকাং[3] দৃষ্ট্বা চত্বারিংশদ্‌গতো হ্যহম্ ॥ ২০ ॥
চত্বারিংশদ্‌গতং দৃষ্ট্বা সা তু পঞ্চাশতং গতা।
গতাং[4] পঞ্চাশতং দৃষ্ট্বা ষষ্টিযোজনিকোঽভবম্ ॥ ২১ ॥
ষষ্টিযোজনিকং[5] দৃষ্ট্বা সাভূৎ সপ্ততিযোজনা[6]।
সপ্তত্যা রাক্ষসীং দৃষ্ট্বা অশীত্যৈব[7] স্থিতো হ্যহম্ ॥ ২২ ॥
অশীতিকস্তু মাং দৃষ্ট্বা সাভূন্নবতিযোজনা।
নবত্যা রাক্ষসীং দৃষ্ট্বা শতযোজনিকোঽভবম্ ॥ ২৩ ॥
শতযোজনবিস্তারং দৃষ্ট্বা[8] মাং রাক্ষসী তদা।
চকার বদনং সাথ[9] শতযোজনমায়তম্ ॥ ২৪ ॥

২২। লো-টী। সপ্তত্যা বিশিষ্টাম্। এবমশীত্যা চ।
২৩। লো-টী। অশীতিকম্ অশীতিযোজনপ্রমাণকম্।

বিস্তৃত মুখ করিয়া সম্মুখে অবস্থান করিল; তাহাকে দশযোজন বিস্তৃত দেখিয়া আমি বিশযোজন বিস্তৃত হইলাম, আমাকে বিশযোজন বিস্তৃত দেখিয়া সে ত্রিশযোজন বিস্তৃত হইল, তাহাকে ত্রিশযোজন বিস্তৃত দেখিয়া আমি চল্লিশ যোজন বিস্তৃত হইলাম ॥ ১৮-২০ ॥

আমাকে চল্লিশ যোজন দেখিয়া সে পঞ্চাশ যোজন হইল, তাহাকে পঞ্চাশ যোজন দেখিয়া আমি ষাট যোজন হইলাম ॥ ২১ ॥

আমাকে ষাট যোজন দেখিয়া সে সত্তর যোজন হইল, রাক্ষসীকে সত্তরে দেখিয়া আমি আশীতে অবস্থান করিলাম ॥ ২২ ॥

আমাকে আশী যোজন দেখিয়া সে নব্বই যোজন হইল, রাক্ষসীকে নব্বই যোজন দেখিয়া আমি শত-যোজন বিস্তৃত হইলাম ॥ ২৩ ॥

তখন রাক্ষসী আমাকে শত-যোজন বিস্তৃত দেখিয়া শত-যোজন বিস্তৃত মুখ ব্যাদান করিল ॥ ২৪ ॥

১। ঘ থ 'মাং'। ২। ড থ '-যোজনাভবৎ'। ৩। থ 'তাং ত্রিংশদ্‌যোজনাং'। ৪। ঘ-থ 'স তাং'। ৫। থ '-নকং'। ৬। ছ '-নম্'। ৭। ঘ-ছ-থ '-ত্যাব-', দ '-ত্যেব-'। ৮। ছ-ত 'মাং দৃষ্ট্বা'। ৯। ছ 'চাথ', দ 'সা চ'।

দৃষ্ট্বা বিক্রমসামর্থ্যাদতিরিচ্যন্তমেব হি।
শতেন সা প্রতিষ্ঠাপ্য [১]বদনং মামভাষত ॥ ২৫ ॥
অলং খেদেন [২]ভবতঃ প্রবিশ স্বোদরং মম।
তদ্দৃষ্ট্বা বিবৃতং বক্ত্রং শতযোজনমায়তম্ ॥ ২৬ ॥
সমাহিতমনা ভূত্বা পতঙ্গ ইব বেগিতঃ।
অঙ্গুষ্ঠমাত্রো ভূত্বাহং প্রবিষ্টোঽস্ম্য[৩]ুদরং মহৎ ॥ ২৭ ॥
দন্তৌষ্ঠপুটসং[৪]বদ্ধং বক্ত্রং সাপি তদাকরোৎ।
তদ্দৃষ্ট্বা সং[৫]বৃতং বক্ত্রং [৬]কর্ণমাবিশ্য দক্ষিণম্ ॥ ২৮ ॥
নিষ্ক্রম্য তেন [৭]বৈ খস্থঃ [৮]প্রহসন্ [৯]বাক্যম[১০]ব্রবম্।
প্রবিষ্টস্তে ময়া বক্ত্রং দাক্ষায়ণি নমোঽস্তু তে ॥ ২৯ ॥

২৫। লো-টী। অতিরিচ্যন্তমতিরেকং প্রাপ্নুবন্তম্। প্রতিষ্ঠাপ্য কৃত্বা।
২৯। লো-টী। তেন দক্ষিণকর্ণেন। খস্থঃ অন্তরীক্ষস্থঃ।

সেই রাক্ষসী বিক্রমসামর্থ্যে আমাকে [আরও] অতিরিক্ত হইতে দেখিয়া শতযোজনেই মুখব্যাদান স্থির করিয়া বলিল—আপনার পরিশ্রমে প্রয়োজন নাই, আমার উদরমধ্যে প্রবেশ করুন। আমি সেই শতযোজন বিস্তৃত বিশাল বদন দেখিয়া সমাহিতচিত্ত ও অঙ্গুষ্ঠপরিমিত হইয়া পতঙ্গের ন্যায় বেগে সেই বিশাল উদরে প্রবেশ করিলাম ॥ ২৫-২৭ ॥

সেও তখন দন্ত ও ওষ্ঠপুট বদ্ধ করিল, সেই বদন সংবৃত দেখিয়া আমি দক্ষিণ কর্ণে প্রবেশপূর্বক সেই পথে নির্গত হইয়া আকাশে অবস্থান করত হাসিতে হাসিতে বলিলাম, "হে দাক্ষায়ণি, আমি আপনার মুখমধ্যে প্রবেশ করিয়াছি, আপনাকে নমস্কার।" ॥ ২৮-২৯ ॥

১। ঘ 'বচনং। ২। ঙ 'মহৎঃ'। ৩। গ-ঘ-ঙ 'হ্যদরং'। ৪। ছ-ঘ 'সংরুদ্ধং'। ৫। ছ-ঘ 'বিবৃতং'। ৬। ঘ '-র্ণং দক্ষিণমাবিশৎ'। ৭। ক 'তু'। ৮। ঙ 'প্রহৃষ্ট'। ৯। ক '-মত্র-'। ১০। অতঃ পরং ঙ-পুস্তকে 'দক্ষিণং কর্ণমাবিশ্য নিষ্ক্রম্যাহং বচোঽব্রবম্'। ইত্যধিকম্।

গমিষ্যে যত্র বৈদেহী দিষ্ট্যা[1] সত্যং[2] বচস্তব।
এবমুক্তা ময়া[3] দেবী তুষ্টা তত্র চ সাব্রবীৎ[4] ॥ ৩০ ॥
সুরসা নাম বীরাহং[5] দেবৈঃ সর্ব্বৈর্নিযোজিতা[6]।
ত্বৎপরাক্রমসামর্থ্য[7]জিজ্ঞাসার্থমিহাগতা ॥ ৩১ ॥
তুষ্টাহং তে কপিশ্রেষ্ঠ বায়ুপুত্র মহাবল।
অর্থসিদ্ধৌ ব্রজেঃ সৌম্য জয়েন পুনরাব্রজ[8] ॥ ৩২ ॥
জয়[9] শক্রং মহাবীর্য্য[10]মভেদ্যো[11] হ্যপরাজিতঃ।
জিজ্ঞাসয়াগতা[12] বীর সামর্থ্যং তুলয়ন্ত্যহম্[13] ॥ ৩৩ ॥
অতুল্যবিক্রমো[14] হি ত্বং তেজস্বী বানরোত্তম।
স্বস্ত্যস্তু তে গমিষ্যামি মহেন্দ্রভবনং[15] প্রতি ॥ ৩৪ ॥

৩৩। গো টী। সামর্থ্যং তুলয়ন্তী বীক্ষমাণা।

সীতা যেখানে আছেন আমি সেখানে গমন করিব, ভাগ্যক্রমে আপনার কথা সত্য হইয়াছে। সেই দেবীকে আমি এইরূপ বলিলে তিনি সন্তুষ্ট হইয়া বলিলেন—॥ ৩০ ॥

"হে বীর, আমার নাম 'সুরসা'; তোমার পরাক্রমসামর্থ্য জানিবার অভিপ্রায়ে দেবগণকর্ত্তৃক নিযুক্ত হইয়া আমি এখানে আসিয়াছি ॥ ৩১ ॥

হে কপিবর! হে মহাবলশালী পবননন্দন, আমি তোমার উপর সন্তুষ্ট হইয়াছি, তুমি কার্য্য-সাধনে গমন কর এবং জয়যুক্ত হইয়া পুনরায় প্রত্যাবর্ত্তন কর ॥ ৩২ ॥

তুমি অভেদ্য এবং অপরাজিত হইয়া মহাবলশালী শত্রুকে পরাজিত কর। বীর, আমি তোমার সামর্থ্য জানিবার অভিপ্রায়ে তুলনা করিতে করিতে আসিয়াছি ॥ ৩৩ ॥

হে বানরোত্তম, তুমি তেজস্বী, তোমার বিক্রম অতুলনীয়, তোমার কল্যাণ হউক; আমি ইন্দ্রের গৃহাভিমুখে গমন করি" ॥ ৩৪ ॥

১। ছ 'কৃত্বা'। ২। দ 'সত্যা বচস্তব'। ৩। ণ 'সা হি'। ৪। থ 'সংব্রবীৎ' (?)। ৫। ঘ-থ 'বীরোহহং'। ৬। ব 'সর্ব্বদেবৈর্বিনিযো-'। ৭। ক '-র্থ্যং জিজ্ঞা-'। ৮। দ 'বানরাত্মজ'। ৯। ছ-দ 'শক্রন্'। ১০। ঙ '-বীর্য্যো হ্য-'। ১১। ঘ-ছ-দ '-র্য্য ম-'। ১২। ঙ '-জ্ঞাসুরাগতা'। ১৩। ঘ-ছ-দ 'তুলয়ামাহম্'। ১৪। ঙ 'অতুলবি-'। ১৫। ঘ 'শক্রস্য ভব-'।

এবমুক্ত্বা[১] তু সা দেবী তদা[২] স্বভবনং গতা।
ততো দেবাঃ সগন্ধর্ব্বাঃ সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ[৩] ॥ ৩৫ ॥
পুষ্পবৃষ্টিনিপাতেন সাধু সাধ্বিতি চাব্রুবন্।
মহেন্দ্রবিক্রমং[৪] দৃষ্ট্বা তব বীরাদ্ভুতোপমম্ ॥ ৩৬ ॥
ইদঞ্চ সুমহৎ কর্ম্ম কৃতং[৫] সুরসয়া সহ।
পরিতুষ্টাঃ স্ম তে বীর শিবোঽস্তু[৬] বিজয়োঽস্তু তে ॥ ৩৭ ॥
সমানয়স্ব[৭] বৈদেহ্যা রামং স্বামিহিতং কুরু।
এবমুক্ত্বা[৮] ততো দেবা গতাঃ স্বান্ স্বাংস্তদালয়ান্ ॥ ৩৮ ॥
গতেষু চাহং দেবেষু প্রহৃষ্টেনান্তরাত্মনা।
বিক্রমোপ্রপ্রযত্নেন বীক্ষমাণো মহার্ণবম্ ॥ ৩৯ ॥
প্রভঞ্জন[৯] ইবাবিষ্টঃ শরবৎ ত্বরিতোঽব্রজম্।
অপাং সুসদৃশং ব্যোম বেগেনাহং[১০] পরিপ্লুতঃ ॥ ৪০ ॥

৩৫। গো-টী। স্বং ভবনং স্থানম্।

৩৬-৩৭। গো-টী। মাং প্রতি অব্রুবন্। মহেন্দ্রবিক্রমং মহেন্দ্রগিরৌ সাগরক্রমণার্থং কৃতং বিক্রমম্। 'মহেন্দ্র! বিক্রমং দৃষ্ট্বা' ইতি পাঠে হে বীর, মহেন্দ্র! বিক্রমং পরাক্রমং তব দৃষ্ট্বা ইদং চ কৃতং কর্ম্ম দৃষ্ট্বা বয়ঞ্চ পরিতুষ্টাঃ স্ম ইত্যন্বয়ঃ।

৪০। গো-টী। আবিষ্টঃ প্রবিষ্টঃ, প্রভঞ্জনো বায়ুরিব। শরবৎ শর ইব। অপাং সুসদৃশং জলবৎ শুভ্রং ব্যোম। যদ্বা, যাবৎ জলং তাবৎ ব্যোম পরিপ্লুতো গতঃ।

এই কথা বলিয়া সেই দেবী তখন নিজগৃহে গমন করিলেন। তারপর দেবতা, গন্ধর্ব্ব, সিদ্ধ ও মহর্ষিগণ পুষ্পবৃষ্টি নিক্ষেপ করিলেন এবং সাধুবাদ সহকারে এই কথা বলিলেন—হে বীর, তোমার ইন্দ্রের ন্যায় অদ্ভুত বিক্রম এবং সুরসার সহিত অদ্ভুত কার্য্য দর্শন করিয়া তোমার প্রতি আমরা সন্তুষ্ট হইয়াছি; হে বীর, তোমার কল্যাণ হউক, জয় হউক ॥ ৩৫-৩৭ ॥

তুমি রামকে সীতার সহিত মিলিত কর, প্রভুর হিতসাধন কর। এইরূপ বলিয়া তারপর দেবগণ নিজ নিজ ভবনে গমন করিলেন ॥ ৩৮ ॥

দেবগণ গমন করিলে আমি হৃষ্টচিত্তে মহাসমুদ্র দর্শন করিতে করিতে বায়ুর

১। ঙ 'ততো'। ২। ঙ 'গতা স্বভবনং তদা'। ৩। খ 'দৈত্যা মহর্ষয়ঃ'। ৪। খ 'শক্রস্য বিক্রমং'। ৫। খ 'কৃতং', খ 'কার্য্যং'। ৬। ছ-ঙ-খ-ঘ '-শুভতে'। ৭। ঙ '-বাচং'। ৮। খ-পুস্তকে অতঃ প্রভৃতি উনবিংশশ্লোকাত্মকং নাস্তি। ৯। ছ '-প্রহৃষ্টঃ'। ১০। ছ '-নাহমগ্নি-', ঙ '-নাহমভিদ্রুতঃ'।

গচ্ছতশ্চৈব মে ঘোরং বিঘ্নমাপতিতং মহৎ।
সৌবর্ণশিখরং দিব্যমপশ্যং পর্ব্বতোত্তমম্।
সমুদ্রমধ্যে তিষ্ঠন্তং বিঘ্নভূতমিবাত্মনঃ ॥ ৪১ ॥
উপগম্য চ তং দিব্যং কাঞ্চনং নগমুত্তমম্।
কৃতা মে মনসা বুদ্ধির্ভেত্তব্যোঽয়ং মহাগিরিঃ ॥ ৪২ ॥
প্রহতস্য ময়া তস্য লাঙ্গুলেন মহাগিরেঃ।
শিখরঃ সূর্য্যসঙ্কাশো ব্যশীর্য্যত সহস্রধা ॥ ৪৩ ॥
তন্মে ব্যবসিতং দৃষ্ট্বা স উবাচ মহাগিরিঃ।
পুত্রেতি মধুরাং বাণীমভিসান্ত্বপুরস্কৃতাম্ ॥ ৪৪ ॥

৪১। লো-টী। মধ্যেসমুদ্রং সমুদ্রস্য মধ্যে তিষ্ঠন্তম্।

৪৩। লো-টী। প্রহতস্য প্রকর্ষেণ সম্মুখে স্থিতস্য। শিখরো ব্যশীর্য্যত ভগ্নঃ। 'শিখর'মিতি কচিৎ পাঠঃ। 'শিখরোঽধ্বা ক্রশৈলাগ্রে' ইতি ভূরি০।

৪৪। লো-টী। অভিসান্ত্বপুরস্কৃতাম্ অভিসান্ত্বেনতার পুরস্কৃতাম্। 'অভিসান্ত্বপুরস্কৃতা'-মিত্যপি পাঠঃ।

ন্যায় দুর্দ্ধর্ষ বিক্রমে আবিষ্ট হইয়া তীরবেগে গমন করিলাম। আমি বেগে জলের সহিত অত্যন্ত সাদৃশ্যযুক্ত আকাশে আরোহণ করিলাম ॥ ৩৯-৪০ ॥

যাইতে যাইতে আমার ভয়ানক বিঘ্ন উপস্থিত হইল—আমি নিজের বিঘ্ন-স্বরূপ সমুদ্রমধ্যে অবস্থিত সুবর্ণময়-শিখরযুক্ত একটী মনোরম উত্তম পর্ব্বত দেখিতে পাইলাম ॥ ৪১ ॥

সেই মনোহর কাঞ্চনময় উত্তম পর্ব্বতে উপস্থিত হইয়া আমার মনে এই বুদ্ধি হইল যে, এই মহাপর্ব্বত বিদারণ করিতে হইবে ॥ ৪২ ॥

আমি লাঙ্গুলদ্বারা আঘাত করিলে সেই মহাপর্ব্বতের সূর্য্যতুল্য শিখর সহস্রখণ্ডে বিশীর্ণ হইয়া পড়িল ॥ ৪৩ ॥

সেই মহাপর্ব্বত আমার সেই উদ্যম দেখিয়া সান্ত্বনা-সহকারে এই মধুর

১। প 'তে'। ২। দ '-র্ণং শি-'। ৩। দ 'সমন্ততাদিশম্'। ৪। দ 'মধ্যেসমুদ্রং'। ৫। থ '-পুত্রসমপ্রভম্'। ৬। খ-ছ 'তু'। ৭। খ 'রম্যং'। ৮। ও '-ভেত্তব্যোঽয়ং', দ '-ভেত্তব্যোঽয়ং'। ৯। ছ 'মম্ম'। ১০। ছ 'প্রক্রতস্য', ও 'প্রহিতস্য'। ১১। খ-ছ-ও '-রং'। ১২। খ-ছ-ও '-শং'। ১৩। ঘ-থ 'তদা চ'। ১৪। ঘ-থ '-মব্রবীৎ স পুরস্কৃতম্'।

পিতুরাত্মসমং বিদ্ধি সুহৃদং মারুতস্য মাম্।
সুনাভমিতি[1] বিখ্যাতং[2] নিবসন্তং মহোদধৌ ॥ ৪৫ ॥
পূর্ব্বং পক্ষগমাঃ পুত্র বভূবুঃ পর্ব্বতোত্তমাঃ।
ছন্দেন পৃথিবীং চেরুর্বাধমানাস্তপোধনান্ ॥ ৪৬ ॥
শ্রুত্বা নগানাং[3] চরিতং মহেন্দ্রঃ পাকশাসনঃ।
চিচ্ছেদ ভগবান্ পক্ষান্ বজ্রেণ[4] গুরুণা[5] ততঃ ॥ ৪৭ ॥
অহন্তু মোক্ষিতস্তাত তব পিত্রা মহাত্মনা।
মারুতেন তদা বৎস সমুদ্রঞ্চ[6] প্রবেশিতঃ ॥ ৪৮ ॥
রামস্য চ ময়া সাহ্যে[7] বর্ত্তিতব্যমরিন্দম।
তস্মাদ্[8] বিশ্রম্য গচ্ছাত্র ভক্ষয়িত্বা ফলানি চ ॥ ৪৯ ॥
এতচ্ছ্রুত্বা ময়া[9] তস্য সুনাভস্য[10] সমাসতঃ।
কার্য্যগৌরবমাখ্যাতং[11] নিখিলেন মহাগিরেঃ[12] ॥ ৫০ ॥

৪৫। লো-টী। আত্মসমং স্বশরীরতুল্যম্।

৪৬। লো-টী। পক্ষগমাঃ পক্ষৈর্গমো গমনং যেষাং তে, ছন্দেন ইচ্ছয়া। 'পক্ষেণে'-ত্যপি ক্বচিৎ পাঠঃ। বাধমানাঃ পীড়য়ন্তঃ।

৪৯। লো-টী। সাহ্যে সাহায্যে।

৫০। লো-টী। সমাসতঃ সংক্ষেপেণ। নিখিলেন অশেষেণ।

বাক্য বলিলেন,—পুত্র! আমাকে [তোমার] পিতা পবনের আত্মতুল্য বন্ধু মহাসমুদ্র-নিবাসী বিখ্যাত 'সুনাভ' বলিয়া জানিও ॥ ৪৪-৪৫ ॥

হে বৎস, পূর্ব্বে শ্রেষ্ঠ পর্ব্বতগণ পক্ষ-সাহায্যে গমন করিত। তাহারা তপস্বীদিগের বাধা উৎপাদন করত স্বেচ্ছায় পৃথিবীতে বিচরণ করিত ॥ ৪৬ ॥

তারপর পাকশাসন ইন্দ্র পর্ব্বতদিগের আচরণের কথা শুনিয়া গুরু-বজ্র দ্বারা তাহাদের পক্ষ ছেদন করিলেন ॥ ৪৭ ॥

হে বৎস, তখন তোমার পিতা মহাত্মা পবন আমাকে রক্ষা করিয়াছেন। তিনি আমাকে সমুদ্রমধ্যে প্রবেশিত করিয়াছেন ॥ ৪৮ ॥

হে অরিন্দম, আমার রামের সহায় হওয়া উচিত। সুতরাং তুমি এখানে বিশ্রাম করিয়া এবং ফল ভক্ষণ করিয়া গমন কর ॥ ৪৯ ॥

১। ছ-ধ '-নাভ ইতি'। ২। দ-প 'সংশ্রিতাত্মকং'। ৩। চ-ছ-ঞ 'নাগানাং'। ৪। ধ 'ক্রুদ্ধো'। ৫। ঘ-প '-শতপর্ব্বণা'। ৬। থ 'সাগরঞ্চ'। ৭। ক 'সখ্যে', দ 'সাহ্যং'। ৮। ছ '-দ্গচ্ছাত্র বিশ্রম্য', জ-থ-দ -র্বিশ্রাম্য'। ৯। ছ-থ 'বচস্তস্য'। ১০। দ-প 'মহাত্মনঃ'। ১১ দ-প '-খ্যাতঃ'। ১২। দ-প 'ময়া গিরিঃ'।

তেন চাহমনুজ্ঞাতঃ সুনাভেন মহাত্মনা।
উত্তমং জবমাস্থায় শেষং পন্থানমাস্থিতঃ[১] ॥ ৫১ ॥
ততোঽহং সুচিরে কালে গচ্ছন্[২] প্রজবঃ[৩] পথি।
বলবন্নিগৃহীতোঽস্মি[৪] ন তু পশ্যামি কিঞ্চন ॥ ৫২ ॥
সোঽহং বিগতবেগস্তু[৫] দিশো দশ বিলোকয়ন্।
ন কিঞ্চিত্তত্র পশ্যামি যেন মেঽপহৃতা[৬] গতিঃ ॥ ৫৩ ॥
ততো মে বুদ্ধিরুৎপন্না কিং নাম গমনে[৭] মম।
ঈদৃশো[৮] বিঘ্ন[৯] উৎপন্নো যত্রারূপো[১০] হি বিগ্রহঃ[১১] ॥ ৫৪ ॥
অধোমুখী তদা দৃষ্টির্গচ্ছতা বিহিতা[১২] ময়া।
তত্র[১৩] পশ্যাম্যহং ভীমাং[১৪] রাক্ষসীং সলিলালয়ে[১৫] ॥ ৫৫ ॥

৫৪। লো-টী। যত্র বিঘ্নে অরূপো বিগ্রহঃ।
৫৫। লো-টী। বিহিতা কৃতা।

আমি ইহা শুনিয়া সেই মহাপর্ব্বত সুনাভের নিকট কর্ত্তব্যের গুরুত্বের কথা বলিলাম ॥ ৫০ ॥

এবং সেই মহাত্মা সুনাভের অনুজ্ঞা অনুসারে উত্তম বেগ অবলম্বন-পূর্ব্বক অবশিষ্ট পথ অতিক্রম করিতে লাগিলাম ॥ ৫১ ॥

তারপর আমি মহাবেগে যাইতে যাইতে দীর্ঘকাল পরে পথিমধ্যে অত্যন্ত নিগৃহীত হইলাম, অথচ কিছুই দেখিতে পাইলাম না ॥ ৫২ ॥

আমার গতিবেগ নষ্ট হইল, আমি দশদিক্ অবলোকন করিয়াও যাহা আমার গতিশক্তি অপহরণ করিয়াছে, এমন কিছুই দেখিতে পাইলাম না ॥ ৫৩ ॥

তারপর আমার মনে হইল—আমার গমনে কি এমন বিঘ্ন সংঘটিত হইল যাহাতে [বিঘ্নজনক বা গতিরোধকারী] কোন মূর্তিমান্ স্বরূপ নাই! ॥ ৫৪ ॥

তখন আমি যাইতে যাইতে নিম্নদিকে দৃষ্টিপাত করিলাম এবং সেই স্থানে সমুদ্রমধ্যে একটী ভীষণ রাক্ষসীকে দেখিতে পাইলাম ॥ ৫৫ ॥

১। ঘ-থ '-মাশ্রিতঃ'। ২। ছ 'সুদৃঢ়ঃ'। ৩। ঘ-থ-দ 'কপিঃ'। ৪। ছ-থ '-বান্ নি-'। ৫। ছ-ত-দ 'বেগঃ সন্', থ '-কোন্ত'। ৬। চ 'সা মে', ঘ থ 'মে বিকৃতা'। ৭। ছ 'গগনে'। ৮। ঘ-ছ-ত '-শং'। ৯। ঘ ছ-ত 'বিঘ্নমুৎপন্নং', দ 'বিঘ্নসম্পন্নো'। ১০। দ '-রূপোঽতিনিগ্রহঃ'। ১১। ছ-ত-থ 'নিগ্রহঃ'। ১২। ছ-দ 'চারিতা', ত-থ 'কারিতা'। ১৩। ত-থ-দ 'ততঃ'। ১৪। ঘ-ত-থ 'ঘোরাং'। ১৫। ছ '-লাশয়ে'।

প্রহস্য চ মহানাদমুক্তোঽহং ভীময়া গিরা[১]।
অবস্থিতমসংভ্রান্তমিদং[২] বাক্যং সুদারুণম্ ॥ ৫৬ ॥
ক্বাসি গন্তা মহাকায় ক্ষুধিতায়া মমেপ্সিতঃ[৩]।
চিরায় ভক্ষ্যস্ত্বং[৪] দত্তো দিষ্ট্যা ধাত্রা মহাত্মনা ॥ ৫৭ ॥
বাঢ়মিত্যেব তাং বাণীং প্রতিগৃহ্যাম্যহং ততঃ[৫]।
বর্দ্ধয়ন্ বিপুলং কায়ং তস্যাঃ কায়মপূরয়ম্[৬] ॥ ৫৮ ॥
তস্যাশ্চাস্যং[৭] মহদ্ভীমম্[৮]ভবচ্ছতযোজনম্[৯]।
ন চাত্মানমবুধ্যৎ সা গতভীর্বিকৃতং কৃতম্[১০] ॥ ৫৯ ॥
ততোঽহং বিপুলং কায়ং সঙ্ক্ষিপ্য[১১] নিমিষান্তরাৎ।
তস্যা হৃদয়মাদায় প্রস্থিতোঽস্মি[১২] নভস্তলম্ ॥ ৬০ ॥

৫৬। লো-টী। মহানাদং প্রহস্য ক্রিয়াবিশেষণম্। ইদং সুদারুণমবস্থিতং দৃঢ়ং যথা অসংভ্রান্তং যথা চ ভবতি তথা।

৫৯। লো-টী। তস্যা হেতোরহং শতযোজনমভবম্। সা চ আত্মানং শরীরং বিকৃতং কৃতং শতযোজনরূপেণ বিস্তারং প্রাপিতম্।

সেই রাক্ষসী উচ্চৈঃস্বরে হাস্য করিয়া ভয়াবহ দৃঢ় স্বরে এবং অসংভ্রমে আমাকে এই দারুণ বাক্য বলিল—॥ ৫৬ ॥

"হে মহাকায়, তুমি কোথায় যাইতেছ? আমি ক্ষুধার্ত্তা, মহাত্মা বিধাতা দীর্ঘকাল পরে তোমাকে আমার অভিলষিত-খাদ্যরূপে প্রদান করিয়াছেন" ॥ ৫৭ ॥

আমি 'হাঁ' বলিয়া তাহার সেই কথা স্বীকার করিলাম এবং নিজের শরীরকে বর্দ্ধিত করিয়া তাহার শরীর পূর্ণ করিলাম (অর্থাৎ নিজের শরীরকে তাহার শরীর অপেক্ষা বড় করিয়া ফেলিলাম) ॥ ৫৮ ॥

তাহার ভয়ানক মুখও শতযোজন বিস্তৃত হইল, কিন্তু সেই নির্ভীক রাক্ষসী নিজেকে যে বিকৃত করিয়াছে তাহা ভুলিয়া গেল ॥ ৫৯ ॥

আমি [সেই অবসরে] নিমেষমধ্যে নিজের শরীর সংকুচিত করিয়া তাহার হৃদয় বিদারণপূর্ব্বক আকাশপথে প্রস্থান করিলাম ॥ ৬০ ॥

১। চ-খ 'তস্যা'। ২। গ চ 'অতুপি-'। ৩। খ 'মম ক্ষুধিতয়েপ্সিতঃ'। ৪। ঙ 'ভক্ষ্যঃ'। ৫। খ-ঙ-টী তদ্বাক্যং প্রতিগৃহ্য সমন্ততঃ'। ৬। চ-খ 'কাদ-'। ৭। ছ-ঙ-দ 'গাত্রং'। ৮। খ-হ-ঙ-দ 'মহাঘোর-'। ৯। ঘ '-মপদ্যত-'। ১০ খ-গ 'মম হ্ম বিকৃতং'। ১১। ঙ '-পন্'। ১২। খ-খ '-ত্তোহহং'।

সা বিসৃজ্য মহানাদং পপাত লবণাম্ভসি।
মহাপর্ব্বতসঙ্কাশা[১] নিকৃত্তহৃদয়ানন[২]া ॥ ৬১ ॥
শ্রুতা[৩] মে খ-গতানাঞ্চ[৪] বাচো[৫] ব্যোম্নি মহাত্মনাম্।
রাক্ষসী সিংহিকা ক্ষুদ্রা শীঘ্রং হনুমতা হতা ॥ ৬২ ॥
তাং হত্বা[৬] পুনরেবাহং কার্য্যমাত্যয়িকং স্মরন্।
অগচ্ছং[৭] বিমলে ব্যোম্নি বায়ুবেগং সমাস্থিতঃ ॥ ৬৩ ॥
গত্বা চ[৮] মহদধ্বানং[৯] প্রাপ্তোঽস্মি নগমণ্ডিতম্।
দক্ষিণং তীরমুদধের্যত্র লঙ্কা মহাপুরী ॥ ৬৪ ॥
অস্তং দিবাকরে[১০] যাতে রক্ষসাং নিলয়ং পুরীম্।
প্রবিষ্টোঽহমবিজ্ঞাতো রক্ষোভির্ভীমবিক্রমৈঃ ॥ ৬৫ ॥

৬৩। লো-টী। কার্য্যং বিলম্বরূপম্ অত্যয়স্য দোষস্য নাশস্য বা কারণমাত্যয়িকম্। 'অত্যয়োঽতিক্রমে দণ্ডে বিনাশে দোষকৃচ্ছ্রয়োঃ' ইতি কোষঃ।

৬৪। লো-টী। মহদধ্বানমিত্যন্বয়ঃ।

তখন সেই মহাপর্ব্বতসদৃশী রাক্ষসী হৃদয় বিদীর্ণ হওয়ায় মহাশব্দে লবণ-সমুদ্রে পতিত হইল ॥ ৬১ ॥

তারপর আমি আকাশচারী মহাত্মাদিগের [এই] কথা শুনিতে পাইলাম "হনুমান্ নাচাশয় সিংহিকারাক্ষসীকে সত্বর নিহত করিয়াছেন" ॥ ৬২ ॥

আমি তাহাকে বধ করিয়া কৃচ্ছ্রসাধ্য কার্য্য স্মরণ করিতে করিতে পুনরায় বায়ুর ন্যায় বেগ অবলম্বন করিয়া আকাশপথে গমন করিতে লাগিলাম ॥ ৬৩ ॥

বহু পথ অতিক্রম করিয়া আমি যেখানে মহানগরী লঙ্কা বিদ্যমান, সেই পর্ব্বতমণ্ডিত সমুদ্রের দক্ষিণ তীরে উপস্থিত হইলাম ॥ ৬৪ ॥

সূর্য্য অস্তমিত হইলে আমি ভীমবিক্রম রাক্ষসগণের অজ্ঞাতসারে রাক্ষসগণের বাসস্থান—সেই নগরে প্রবেশ করিলাম ॥ ৬৫ ॥

১। খ 'ম্লা হতা'। ২। অতঃপরং ঘ-পুস্তকে 'কামা চ রাক্ষসী ঘোরা ন পুনর্দ্ধারয়তে ময়া'। ইত্যধিকম্। ৩। খ 'শৃণোমি'। ৪। ছ 'দেবতানাঞ্চ'। ৫। ঘ-ঙ 'বচো'। ৬। ছ 'দৃষ্ট্বা'। ৭। ব 'আগচ্ছং'। ৮। ঘ 'চাপ্যহমধ্বানং'। ৯। খ 'বৃহদ-'। ১০। ঙ-ঘ 'দিনকরে'।

তত্রাহং[1] সর্ব্বরাত্রে তু বিচিন্বন্ জনকাত্মজাম্।
রাক্ষসান্তঃপুরে[2] গত্বা ন পশ্যামি সুমধ্যমাম্ ॥ ৬৬ ॥
ততঃ[3] সীতামপশ্যংস্তু রাবণস্য নিবেশনে।
শোকসাগরমাসাদ্য[4] ন পারমুপলক্ষয়ে ॥ ৬৭ ॥
শোভিতঞ্চ[5] ময়া দৃষ্টং প্রাকারেণ সুসংবৃতম্[6]।
কাঞ্চনেন প্রকৃষ্টেন[7] পুরোপবনমুত্তমম্[8] ॥ ৬৮ ॥
তং প্রাকারমনুপ্রাপ্য পশ্যামি বহুপাদপাম্।
অশোকবনিকাং দিব্যাং মহেন্দ্রস্যেব নন্দনম্ ॥ ৬৯ ॥
অশোকবনিকামধ্যে শিংশপাপাদপো মহান্।
তমারূঢ়শ্চ[9] পশ্যামি কাঞ্চনং কদলীবনম্ ॥ ৭০ ॥

৬৭। গো-টী। সাগরস্য পারমাসাদ্যাপি শোকসাগরস্য পারং নোপলক্ষয়ে ন প্রাপ্নোমি।
৬৮। গো-টী। কাঞ্চনেন কাঞ্চনময়েন।

সেখানে আমি সারারাত্রি অন্বেষণ করিয়াও রাক্ষসদিগের অন্তঃপুরে গমন করিয়া সুমধ্যমা সীতাদেবীকে দেখিতে পাইলাম না ॥ ৬৬ ॥

তারপর রাবণের গৃহে সীতাকে দেখিতে না পাইয়া আমি [অপার] শোক-সাগরে পতিত হইলাম এবং তাহার পার দেখিতে পাইলাম না ॥ ৬৭ ॥

[তারপর] আমি কাঞ্চনময় উত্তম প্রাকারপরিবৃত একটী সুশোভিত উত্তম উপবন দেখিতে পাইলাম ॥ ৬৮ ॥

সেই প্রাচীরে উপস্থিত হইয়া ইন্দ্রের নন্দনকাননের ন্যায় বহুপাদপ-সমাকীর্ণ মনোরম অশোকবন দেখিতে লাগিলাম ॥ ৬৯ ॥

অশোকবনের মধ্যে একটি বৃহৎ শিংশপাবৃক্ষ, তাহাতে আরোহণ করিয়া কাঞ্চনময় কদলীবন দেখিতে পাইলাম ॥ ৭০ ॥

১। ছ 'তত্র চাহং নগান্ সর্বান্', ত 'তত্রেবাহং নগান্ সর্বান্', গ-ঘ 'তত্র চাহং নিশাং সর্বাং'। ২। ছ-ত 'রাবণান্তঃপুরগতাং', ধ 'রাক্ষসান্তঃপুরগতাং', ন 'রাবণান্তঃপুরে'। ৩। গ-ঙ 'ততঃ'। ৪। '-সংপ্লবঃ'। ৫। ঘ-গ 'বিচিন্বতা ময়া'। ৬। ধ 'সমাবৃতম্'। ৭। গ-ঙ 'প্রকৃষ্টেন'। ৮। ধ 'প্রমদাবন-'। ৯। ধ 'তমারুহ্য চ'।

অদূরাচ্ছিংশপাবৃক্ষাৎ পশ্যামি বরবর্ণিনীম্ ।
গৌরীং[1] কমলপত্রাক্ষীমুপবাসকৃশামহম্ ॥ ৭১ ॥
রাক্ষসীভির্বিরূপাভিঃ[2] ক্রূরকর্ম্মাভিরাবৃতাম্ ।
মাংসশোণিতদিগ্ধাভির্ব্যাঘ্রীভিরিব সৌরভীম্ ॥ ৭২ ॥
তাং দৃষ্ট্বা তাদৃশীং নারীং শোকসন্তাপ[3]পীড়িতাম্ ।
তত্রৈব[4] শিংশপাবৃক্ষে পক্ষিবৎ সমুপস্থিতঃ[5] ॥ ৭৩ ॥
ততো হলহলাশব্দং কাঞ্চীভূষণ[6]মিশ্রিতম্ ।
অশ্রৌষমহমায়ান্তং[7] রাবণস্য[8] নিবেশনাৎ ॥ ৭৪ ॥
ততোঽহং পরমোদ্বিগ্নঃ স্বং রূপং সংক্ষিপন্ পুনঃ[9] ।
লীনশ্চ[10] শিংশপাবৃক্ষে বিজিজ্ঞাসুর্ব্যবস্থিতঃ[11] ॥ ৭৫ ॥

৭২। গো-টী। ক্রূরকর্ম্মাভির্বিত 'বা মন-বত্ত্বাহ্নো ডা'র্ঘাত ডা-প্রত্যয়ঃ।
৭৫। গো-টী। স্বং রূপং প্রাক্তপা'ং ওঃ 'সংক্ষিপন্ পুনঃ' ইত্যপি পাঠঃ।

আমি সেই শিংশপাবৃক্ষের অদূরে মাংসশোণিতলিপ্ত ব্যাঘ্রী-পরিবেষ্টিতা ধেনুর ন্যায়, ক্রূরকর্ম্মা ও কদাকৃতি রাক্ষসীবৃন্দে পরিবেষ্টিতা উপবাসকৃশা গৌরবর্ণা পদ্ম-পলাশলোচনা একটী সুন্দরী রমণীকে দেখিতে পাইলাম ॥ ৭১-৭২ ॥

শোক ও সন্তাপক্লিষ্ট তাদৃশী সেই রমণীকে দেখিয়া আমি ঐ শিংশপাবৃক্ষে পক্ষীর ন্যায় অবস্থান করিতে লাগিলাম ॥ ৭৩ ॥

তারপর রাবণের গৃহ হইতে সমাগত কাঞ্চীধ্বনির সহিত সংমিশ্রিত একটা কোলাহল শুনিতে পাইলাম ॥ ৭৪ ॥

তারপর আমি অত্যন্ত উদ্বিগ্ন হইয়া ব্যাপার কি জানিবার অভিপ্রায়ে নিজের শরীরকে পুনরায় সংকুচিত করিয়া শিংশপাবৃক্ষে বিলীন হইয়া অবস্থান করিতে লাগিলাম ॥ ৭৫ ॥

১। খ 'বিরহাৎ শোকসন্তাপ্ত মুপ-'। ২। ধ '-রূপাভি-'। ৩। ঘ '-সন্তান-'। ৪। ঘ-ত 'পক্ষীব'। ৫। ছ-ত 'সমবস্থিতঃ'। ৬। খ '-ভূষিতম্'। ৭। খ '-মগ্রান্তো'। ৮। দ '-ণং খনি-'। ৯। ত 'মুহুঃ'। ১০। দ 'বিলীনঃ'। ১১। ছ '-রবস্থিতঃ'।

তেতো রাবণদারাশ্চ রাবণশ্চ মহাবলঃ।
তং দেশং সমনুপ্রাপ্তো[১] রাক্ষসীভিঃ সুরক্ষিতম্[২] ॥ ৭৬ ॥

তচ্চ[৩] দৃষ্ট্বা বরারোহা সীতা রক্ষো মহাবলম্।
সংক্ষিপ্য[৪] বাসস্তস্থৌ সা বাহুভ্যাং[৫] পরিরভ্য চ ॥ ৭৭ ॥

তামুবাচ দশগ্রীবঃ সীতাং পরমদুঃখিতাম্।
অবাক্‌শিরাঃ প্রপতিতো বহু মন্যস্ব মামিতি ॥ ৭৮ ॥

যদি বা[৬] ত্বন্তু মাং দর্পান্নাভিনন্দস্যপণ্ডিতে[৭]।
দ্বৌ মাসৌ সমতিক্রম্য[৯] পশ্যামি রুধিরং তব[৮] ॥ ৭৯ ॥

এতচ্ছ্রুত্বা বচস্তস্য রাবণস্য দুরাত্মনঃ।
উবাচ পরমক্রুদ্ধা সীতা সদৃশমাত্মনঃ ॥ ৮০ ॥

৭৭। লো-টী। পরিরভ্য স্তনাবিতি শেষঃ।
৭৮। লো-টী। অবাক্ অধঃ শিরো যস্য সঃ।
৭৯। লো-টী। দর্পাদভিমানাৎ।

তারপর রাবণ ও রাবণের পত্নীগণ রাক্ষসীগণকর্তৃক সুরক্ষিত সেই প্রদেশে উপস্থিত হইল ॥ ৭৬ ॥

বরারোহা সীতা মহাবলশালী সেই রাক্ষসকে দেখিয়া বস্ত্র সংবৃত করিয়া এবং হস্তদ্বারা [স্তনদ্বয়] আবৃত করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ৭৭ ॥

রাবণ অবনত-মস্তকে পতিত হইয়া সেই পরমদুঃখিতা সীতাকে বলিল—'আমাকে আদর কর' ॥ ৭৮ ॥

'হে অপণ্ডিতে, যদি তুমি অহঙ্কারবশে আমাকে পছন্দ না কর, তাহা হইলে দুই মাস অপেক্ষা করিয়া পরে তোমার রুধির দর্শন করিব (অর্থাৎ তোমাকে হত্যা করিব)' ॥ ৭৯ ॥

দুরাত্মা রাবণের এই কথা শুনিয়া সীতা অত্যন্ত ক্রুদ্ধা হইয়া নিজের অনুরূপ এই কথা বলিতে লাগিলেন— ॥ ৮০ ॥

১। চ '-সমনুসংপ্রা-'। ২। ঘ '-তঃ'। ৩। চ-ধ-ঘ '-ঞ্চ', ঙ '-স্তু'। ৪। ঙ 'বাসঃ সংক্ষিপ্য [illegible] সা', ঘ 'সংক্ষিপ্য পরমং বাসো বাহুভ্যাং'। ৫। চ 'বাহুভ্যামবগুহ্যনো'। ৬। ঘ-ছ 'চ'। ৭। ঘ 'দর্পান্নাভিনন্দস-পণ্ডিতে'। ৮। ঙ '-প্রাপয়িষ্যে', ঘ '-ভবিষ্যতে'। ৯। ঘ-ছ '-মাবকাঙ্ক্ষ্যমা', ঘ '-মাবপাত্যিক্রম্য'।

ইক্ষ্বাকুকুলনাথস্য[1] ধর্ম্মপত্নীং[2] মহাত্মনঃ।
অবাচ্যং বদতো জিহ্বা কথং ন পতিতা[3] তব ॥ ৮১ ॥

কিঞ্চ বীর্য্যং[4] তবানার্য্য[5] যস্ত্বং ভর্ত্তুরসংনিধৌ।
মামিহানীতবান্ পাপ তেনাদৃষ্টো মহাত্মনা।
গর্হিতং কর্ম্ম[6] কৃত্বা চ পাপকর্ম্মন্ন[7] লজ্জসে ॥ ৮২ ॥

যাযজূকঃ[8] সত্যসন্ধো রণশ্লাঘ্যশ্চ[9] রাঘবঃ।
ন ত্বং রামস্য দাসোঽপি[10] যোগ্যঃ কিং বহু ভাষসে।
সন্নিধৌ কর্ষমাণস্ত্বং[11] বিরাধগতিমাপ্নুয়াঃ[12] ॥ ৮৩ ॥

জানক্যা পরুষং বাক্যমেবমুক্তো দশাননঃ।
জজ্বাল সহসা[13] ক্রোধাদ্ধুতাশ[14] ইব পাবকঃ[15] ॥ ৮৪

৮৩। গো-টী। রামস্য সন্নিধৌ মাং কর্ষমাণশ্চেৎ।

ইক্ষ্বাকুবংশের যিনি অধিনায়ক, সেই মহাত্মার ধর্ম্মপত্নীকে তুই এইরূপ অকথ্য কথা বলিতেছিস্, তোর জিহ্বা খসিয়া যায় নাই কেন? ॥ ৮১ ॥

পাপিষ্ঠ, অনার্য্য, তোর বীরত্বই বা কি? তুই [আমার] স্বামীর অসন্নিধানে এবং তাঁহার অজ্ঞাতসারে আমাকে অপহরণ করিয়াছিস্। পাপিষ্ঠ, তুই গর্হিত কার্য্য করিয়াও লজ্জিত হইতেছিস্ না ॥ ৮২ ॥

রামচন্দ্র অতিশয় দেবপূজাপরায়ণ, সত্যপ্রতিজ্ঞ এবং যুদ্ধে প্রশংসনীয়; তুই রামের ভৃত্য হইবারও অযোগ্য, তুই আবার বেশী কথা বলিতেছিস্! [তাঁহার] সাক্ষাতে [আমাকে] আকর্ষণ করিলে তোর বিরাধ-রাক্ষসের অবস্থা (অর্থাৎ মৃত্যু) ঘটিত ॥ ৮৩ ॥

জানকীর এইরূপ কর্কশ বাক্যে রাবণ ক্রোধে সহসা আহুতিপ্রাপ্ত অগ্নির ন্যায় জ্বলিয়া উঠিল ॥ ৮৪ ॥

১। দ '-বংশস্য'। ২। খ '-পত্নী'। ৩। ঘ 'খণ্ডিতা'। ৪। ঙ-দ '-নার্য্যং'। ৫। দ 'বক্তুঃ'। ৬। ঘ-ঋ -ষাপি'। ৭। ক '-ঘ্না ন'। ৮। ছ 'অপাপো বৈ সত্যসন্ধঃ শরণাগতাপি রাঘবঃ'। ৯। ঙ-থ-দ '-শ্লাঘী'। ১০। ঘ-খ 'দাসোঽহপি', দ 'দাসত্বে'। ১১। দ '-ণস্ত্ব'। ১২। থ '-মাপ্নুয়াৎ'। ১৩। থ 'সুমহাক্রোধঃ সমিদ্ধ ইব'। ১৪। ঘ-ছ '-ধারাহুতেরিব', দ '-ধারাহুতাদিব'। ১৫। ক 'দীপিতঃ'।

বিবৃত্য নয়নে ক্রূরে মুষ্টিমুদ্যম্য দক্ষিণম্ ।
বৈদেহীং হন্তুমারব্ধঃ স্ত্রীভিঃ স তু নিবারিতঃ[১] ॥ ৮৫ ॥
স্ত্রীণাং মধ্যাৎ[২] সমুৎপত্য তস্য ভার্য্যা দুরাত্মনঃ[৩] ।
মন্দোদরী নাম শুভা তয়া স প্রতিবারিতঃ[৪] ॥ ৮৬ ॥
উক্তশ্চ[৫] মধুরং বাক্যং তয়া সানুনয়ং[৬] তদা ।
সীতয়া তব কিং কার্য্যং মহেন্দ্রসমবিক্রম[৭] ॥ ৮৭ ॥
দেবগন্ধর্ব্বকন্যাশ্চ[৮] যক্ষরাক্ষসযোষিতঃ ।
তাভিঃ সহ রমস্ব ত্বং সীতয়া কিং ভবানয়া[৯] ॥ ৮৮ ॥
ততস্তাভিঃ সমেতাভির্নারীভিঃ[১০] স মহাবলঃ ।
উত্থাপ্য সহসা নীতো যেনৈবাভ্যাগতঃ পথা[১১] ॥ ৮৯ ॥

৮৭। লো-টী। হে মহেন্দ্রসমবিক্রম

সে কুটিল নয়নযুগল বিস্ফারিত করিয়া দক্ষিণ মুষ্টি উত্তোলন করত সীতাকে প্রহার করিতে উদ্যত হইল, রমণীগণ তাহাকে বারণ করিল ॥ ৮৫ ॥

দুরাত্মা রাবণের সুন্দরী ভার্য্যা মন্দোদরী ; তিনি রমণীগণের মধ্য হইতে উত্থিত হইয়া রাবণকে বারণ করিলেন ॥ ৮৬ ॥

তিনি তখন [রাবণকে] অনুনয়পূর্ব্বক বলিলেন—হে ইন্দ্রতুল্য পরাক্রান্ত, [হে রাজন্,] সীতাদ্বারা আপনার কোন্ কার্য্য সিদ্ধ হইবে ? ॥ ৮৭ ॥

আপনি দেবকন্যা, গন্ধর্ব্বকন্যা, যক্ষ ও রাক্ষসরমণীদের সহিত বিহার করুন। সীতাদ্বারা আপনার কি হইবে ? ॥ ৮৮ ॥

তারপর সেই রমণীগণ সম্মিলিত হইয়া মহাবলশালী রাবণকে উত্থাপিত করিয়া যে পথে আগমন করিয়াছিল, সেই পথ দিয়াই লইয়া গেল ॥ ৮৯ ॥

১। ছ 'স্ত্রীভিস্ত বিনিবারিতঃ'। ২। গ-ঙ 'মধ্যে'। ৩। গ মহাত্মনঃ'। ৪। গ-ছ '-যোষিতঃ'। ৫। ছ-গ-ব 'উক্তশ্চ'। ৬। গ 'সবিনয়ং'। ৭। গ 'পুরন্দরপরাক্রম'। ৮। ক 'চ'। ৯। খ '-নয়া'। ১০। গ '-অপ্য রমণ্যভির্মহাপুরঃ'। ১১। ছ 'যেন চাভ্যাগতঃ'।

গতে তস্মিন্ দশগ্রীবে রাক্ষস্যো বিকৃতাননাঃ।[১]
সীতাং[২] নির্ভৎ‍র্সয়ামাসুর্বাক্যৈঃ[৩] ক্রূরৈঃ সুদারুণৈঃ ॥ ৯০ ॥
তৃণবদ্ ভাষিতং তাসাং তুলয়ামাস জানকী।
গর্জ্জিতঞ্চ[৪] বৃথা তাসাং শ্রুত্বা সীতা ন শোচতি[৫] ॥ ৯১ ॥
বৃথা গর্জ্জন্তি নিশ্চেষ্টা রাক্ষস্যো বিকৃতাননাঃ।
সীতায়া ব্যবসায়স্তু[৬] রাবণস্য ন্যবেদয়ন্ ॥ ৯২ ॥
নিহতাশাস্তু তাঃ সর্ব্বা হতবেগাঃ[৭] সুদুঃখিতাঃ।
পরিবার্য্য তদা দেবীং নিদ্রাবশমুপাগতাঃ ॥ ৯৩ ॥
তাসু তাসু চ[৮] সুপ্তাসু সীতা ভর্ত্তৃহিতে রতা।
বিলপ্য[৯] করুণং দীনা তদাশোচত[১০] দুঃখিতা ॥ ৯৪ ॥
তাসাহং তাদৃশীং দৃষ্ট্বা সীতায়া দারুণাং দশাম্।
কথং সম্ভাষয়াম্যেনামিতি চিন্তাপরোঽভবম্ ॥ ৯৫ ॥

রাবণ গমন করিলে বিকৃতবদনা রাক্ষসীগণ নিদারুণ ক্রূরবাক্যে সীতাকে ভৎ‍র্সনা করিতে লাগিল ॥ ৯০ ॥

সীতা তাহাদের কথাকে তৃণের ন্যায় মনে করিলেন; তাহাদের গর্জ্জন বৃথা হইল, তাহা শুনিয়া সীতা কোনরূপ অনুশোচনা করিলেন না ॥ ৯১ ॥

বিকৃতবদন রাক্ষসীগণ নিশ্চেষ্ট হইয়া বৃথা গর্জ্জন করিতে লাগিল এবং সীতার স্থির সংকল্পের (দৃঢ়তার) কথা রাবণের নিকট জ্ঞাপন করিল ॥ ৯২ ॥

তারপর তাহারা সকলে হতাশ হইয়া এবং অত্যন্ত দুঃখিত ও নিরুৎসাহ হইয়া সীতাকে বেষ্টনপূর্ব্বক নিদ্রিত হইয়া পড়িল ॥ ৯৩ ॥

তাহারা সকলে নিদ্রিত হইলে পতিহিতরতা দীনভাবাপন্না সীতা তখন দুঃখিত হইয়া করুণ ভাবে বিলাপ করত শোকপ্রকাশ করিতে লাগিলেন ॥ ৯৪ ॥

আমি সীতার সেই দারুণ দশা অবলোকন করিয়া 'কিরূপে ইহার সহিত আলাপ করি', এইরূপ চিন্তা করিতে লাগিলাম ॥ ৯৫ ॥

১। ঘ 'লোমশোত্তমাঃ'। ২। দ পুস্তকে ইতঃ পাদদ্বয়ং নাস্তি। ৩। ছ-ত-দ '-সুঃ সমাগম্য (দ 'সমাগতা') সহস্রশঃ'। ৪। গ-ভ 'বৃথাগর্জ্জিতং তাসাং শ্রুত্বা'। ৫। ক 'শোচত'। ৬। ছ-দ '-য়ং তং', ভ '-য়ং তা', গ '-য়স্তা'। ৭। ঘ '-ক্রোধাঃ'। ৮। ঘ-থ 'সর্ব্বাসু সুপ্তাসু', ছ 'চাপাথ', ত-দ 'চাপ্যব-সুপ্তাসু'। ৯। থ 'বালপৎ'। ১০। ঘ-থ 'নিরাশা চ সুদুঃখিতা'।

সম্ভাষণার্থং চ ময়া জানক্যা[১] নিশ্চিতো বিধিঃ।
ইক্ষ্বাকুরাজবংশস্তু[২] স্তুতো রামপুরস্কৃতঃ ॥ ৯৬ ॥
শ্রুত্বা[৩] চ গদিতাং বাচং রাজর্ষিচরিতাং শুভাম্।
প্রত্যভাষত মাং সীতা বাষ্পা[৪]পিহিত[৫]লোচনা ॥ ৯৭ ॥
কস্ত্বং[৬] কস্য কথং চেহ প্রাপ্তো বানরপুঙ্গব।
কথং[৭] রামেণ তে প্রীতিস্তন্মে ব[৮]ক্তুমিহার্হসি ॥ ৯৮ ॥
এবমুক্তস্ততোঽহং[৯] তাং প্রত্যবোচং কৃতাঞ্জলিঃ।
বিস্তরেণ শুভৈর্বাক্যৈ রামসুগ্রীবসংগমম্ ॥ ৯৯ ॥
দেবি রামস্য ভর্তুস্তে সখা ভীমপরাক্রমঃ।
সুগ্রীব ইতি বিখ্যাতো বানরেন্দ্রো মহা[১০]বলঃ ॥ ১০০ ॥

৯৬। লো-টী। বিধিঃ প্রকারঃ।

আমি জানকীর সহিত আলাপ করিবার এক উপায় স্থির করিলাম, আমি রামের প্রশংসাপূর্বক ইক্ষ্বাকুরাজবংশের গুণকীর্তন করিতে লাগিলাম ॥ ৯৬ ॥

আমার কথিত রাজর্ষিচরিত-রূপ মনোহর বাক্য শ্রবণ করিয়া বাষ্পাপ্লুত-নেত্রা সীতা আমাকে বলিলেন — ॥ ৯৭ ॥

হে বানরশ্রেষ্ঠ, তুমি কে, তুমি কাহার [দূত] এবং কিজন্য এখানে আগমন করিয়াছ? রামের সহিত কিরূপে তোমার সৌহার্দ্য জন্মিল? তাহা আমাকে বল ॥ ৯৮ ॥

তিনি এইরূপ বলিলে আমি কৃতাঞ্জলি হইয়া প্রত্যুত্তরে তাঁহাকে সাধু ভাষায় রাম ও সুগ্রীবের মিলনবৃত্তান্ত সবিস্তরে জ্ঞাপন করিলাম ॥ ৯৯ ॥

[আমি বলিলাম] হে দেবি, সুগ্রীবনামে বিখ্যাত মহাবলশালী বানররাজ আপনার স্বামী রামচন্দ্রের সখা ॥ ১০০ ॥

১। ছ ঙ '-কাঙ্ক্ষিতো'। ২। ছ-ঞ-দ '-বংশস্থ কথা রামপুরস্কৃতাঃ', দ '-বংশস্থ তথা রামঃ পুরস্কৃতঃ'। ৩। ক 'চাপুনতাং'। ৪। গ 'সবাষ্পাবৃত-'। ৫। দ '-ক্লান্ত-'। ৬। দ-ঙ 'বেত্তি'। ৭। ঘ-ঙ 'রামেণ হব প্রীতি-'। ৮। দ-ছ '-তুং ত্বম-'। ৯। দ 'প্রত্যুবাচ'। ১০। ঘ '-পুরঃ'।

তস্য[১] মাং বিদ্ধি সচিবং হনূমন্তমিহাগতম্[২]।
ভর্ত্রা[৩] চ প্রহিতোঽহস্তে রামেণাক্লিষ্টকর্ম্মণা ॥ ১০১ ॥

ইদঞ্চ পুরুষব্যাঘ্র[৪] ইক্ষ্বাকুকুলনন্দনঃ।
অঙ্গুরীয়মভিজ্ঞানং দত্তবাং[৫]স্তব মৈথিলি[৬] ॥ ১০২ ॥

তদিচ্ছেয়ং ত্বয়াজ্ঞপ্তং দেবি কিং করবাণ্যহম্[৭]।
রামস্য[৮] পাদমূলং ত্বাং প্রাপয়ামি যদীচ্ছসি ॥ ১০৩ ॥

এতচ্ছ্রুত্বা চ দৃষ্ট্বা চ সীতা জনকনন্দিনী।
আহ[৯] রাবণমুৎসাদ্য[১০] রাঘবো মাং নয়ত্বিতি[১১] ॥ ১০৪ ॥

প্রণম্য শিরসা দেবীমহমার্য্যাং যশস্বিনীম্[১২]।
রাঘবাহ্লাদনকরমভিজ্ঞানমযাচিষম্ ॥ ১০৫ ॥

১০৩। লো-টী। ত্বয়া যৎ কিঞ্চিদাজ্ঞপ্তং তদহং করবাণীতি ইচ্ছেয়ম্।

১০৪। লো-টী। ভ্রাতৃভ্যাং কর্ম্মভূতাভ্যামুৎসাহ্য হত্বা নেতুং তৎসমীপং প্রাপ্তুম্। [পাঠান্তরং দ্রষ্টব্যম্।]

১০৫। লো-টী। ঈদৃশং যাচিতম্। 'অযাচিষ'মিতি পাঠঃ কৃচিৎ। 'অযাচিতা'মিতি চ কচিৎ পাঠঃ। সাম অর্থাৎ।

আমাকে সেই সুগ্রীবের মন্ত্রী বলিয়া জানুন, আপনার স্বামী অক্লিষ্টকর্ম্মা রামচন্দ্র আমাকে প্রেরণ করিয়াছেন ॥ ১০১ ॥

হে মৈথিলি, পুরুষশ্রেষ্ঠ ইক্ষ্বাকুকুলনন্দন রামচন্দ্র আপনাকে অভিজ্ঞান-স্বরূপ এই অঙ্গুরীয় প্রদান করিয়াছেন ॥ ১০২ ॥

অতএব হে দেবি, আমি কি করিব, [এবিষয়ে] আপনার আদেশ ইচ্ছা করি ; যদি ইচ্ছা করেন, তবে আপনাকে রামচন্দ্রের পাদমূলে উপনীত করি ॥ ১০৩ ॥

জনকনন্দিনী সীতা ইহা শুনিয়া এবং [অঙ্গুরীয়] দেখিয়া বলিলেন—'রাবণকে নিহত করিয়া রামচন্দ্র আমাকে লইয়া যাউন' ॥ ১০৪ ॥

আমি যশস্বিনী পূজনীয়া সীতাদেবীকে অবনতমস্তকে প্রণাম করিয়া রামচন্দ্রের আনন্দজনক কোনও অভিজ্ঞান (স্মৃতিচিহ্ন) প্রার্থনা করিলাম ॥ ১০৫ ॥

১। চ-ঙ 'সচিবং বিদ্ধি'। ২। ঘ '-মুপাগতম্'। ৩। ঘ 'ভর্ত্রা'। ৪। ঘ '-শ্রেষ্ঠ'। ৫। ছ 'প্রাদাত্তে বরবর্ণিনি'। ৬। ঘ 'জানকি'। ৭। ঘ '-ণ্যহং তে'। ৮। ছ 'পাদমূলং ত্বাং প্রাপয়ামি যদীচ্ছসি'। ৯। ঘ-ছ 'অহং'। ১০। ঘ ঙ '-মাক্রম্য'। ১১। ঘ ঙ 'ভ্রাতৃভ্যাং সমুৎসহে', চ 'ভ্রাতৃভ্যাং নেয়মুৎসহে', ঘ 'ভ্রাতৃভ্যাং নাহমুৎসহে', ঘ 'ভ্রাতৃভ্যাং নেতুমুৎসহে'। ১২। ঘ 'মন-', ঙ 'তপ-'।

এবমুক্তা বরারোহা পরমং মণিমুত্তমম্।

প্রায়চ্ছৎ পরমোদ্বিগ্না বাচা মাং সন্দিদেশ চ[১] ॥ ১০৬ ॥

ততঃ প্রণম্য শিরসা বৈদেহীং বৈ সমাহিতঃ।

প্রদক্ষিণং পরিক্রম্য ইহাভ্যুদ্গতমানসঃ[৩] ॥ ১০৭ ॥

উক্তোঽহমুত্তরং[২] বাক্যমার্য্যয়া বাষ্পগদ্গদম্।

হনুমন্[৪] মম[৫] বৃত্তান্তমিমমাখ্যাতুমর্হসি[৬] ॥ ১০৮ ॥

যথা শ্রুত্বা চ ন চিরাদুভৌ তৌ রামলক্ষ্মণৌ।

সুগ্রীবসহিতৌ বীরাবুপেয়াতাং[৭] তথা কুরু ॥ ১০৯ ॥

যদ্যন্যথা ভবেৎ কার্য্যং দ্বৌ মাসৌ মম জীবিতম্[৮]।

ন মাং পশ্যতি কাকুৎস্থো বিনঙ্ক্ষ্যামীহ[৯] শোচতী ॥ ১১০ ॥

১০৭। গো-টী। পরিক্রমা কৃত্বা, ইহ সমুদ্রসমীপে অভ্যুত্থিতম্ আগমনে মানসং যস্য সঃ।
১০৯। গো-টী। ন চিরাৎ শীঘ্রম্, অভ্যুপেয়াতাম্ আগচ্ছেতাম্।

আমি এই কথা বলিলে সুন্দরী সীতাদেবী আমাকে অত্যুত্তম মণি প্রদান করিলেন এবং অতিশয় উদ্বিগ্ন হইয়া আমার সহিত বাক্যালাপ করিলেন (বাক্যদ্বারা আমাকে বিশেষ বিবরণ জ্ঞাপন করিলেন) ॥ ১০৬ ॥

তারপর আমি এস্থানে প্রত্যাবর্ত্তন-মানসে একাগ্র হইয়া অবনতমস্তকে সীতাকে প্রণাম করিয়া প্রদক্ষিণ করিলাম ॥ ১০৭ ॥

তিনি বাষ্পগদ্গদকণ্ঠে আমাকে এই কথা বলিলেন—হনুমন্, আমার এই বৃত্তান্ত জ্ঞাপন করিও ॥ ১০৮ ॥

যাহাতে শুনিতে পাইয়াই বীর রাম ও লক্ষ্মণ সুগ্রীবের সহিত অচিরেই আগমন করেন, তাহা করিও ॥ ১০৯ ॥

ইহার অন্যথা হইলে, দুই মাস মাত্র আমি জীবিত আছি, রামচন্দ্র আমাকে দেখিতে পাইবেন না; আমি এই স্থানে বিলাপ করিতে করিতে মরিয়া যাইব ॥ ১১০ ॥

১। ঙ-ঘ 'তু'। ২। [illegible]। ৩। ঘ '-[illegible]'। ৪। ঘ 'মর্হস্যু'। ৫। ঘ 'তথ্যং কুরু বৃত্তান্ত'। ৬। ঘ '-মিহ আখ্যা-'। ৭। ঘ '-বুপায়াতাং'। ৮। ঙ 'জীবনম্'। ৯। ঘ 'বিনঙ্ক্ষ্যামীহ'।

তচ্ছ্রুত্বা[1] করুণং বাক্যং শোকো[2] মামভ্যপূরয়ৎ।
[3]উত্তরন্তু ময়া দৃষ্টং কার্য্যশেষমনন্তরম্ ॥ ১১১ ॥
ততোঽবর্দ্ধত মে কায়ো[4] মহাপর্ব্বতসন্নিভঃ।
যুদ্ধাকাঙ্ক্ষী বনং তচ্চ[5] বিনাশয়িতুমুদ্যতঃ ॥ ১১২ ॥
তদ্ ভগ্নং বনষণ্ডঞ্চ[6] ভ্রান্তাস্তত্র[7] মৃগা দ্বিজাঃ।
প্রতিবুদ্ধা[8] নিরৈক্ষন্ত রাক্ষস্যো বিকৃতাননাঃ ॥ ১১৩ ॥
মাঞ্চ দৃষ্ট্বা পরাক্রান্তং[9] সমাগম্য ততস্ততঃ।
তাসামন্যতমাঃ ক্ষিপ্রং রাবণায়াচচক্ষিরে ॥ ১১৪ ॥
রাজংস্তব[10] বনং সর্ব্বং[11] দিব্যং[12] ভগ্নং দুরাত্মনা।
চৈত্যঃ[13] প্রাসাদমুখ্যশ্চ কপিনা বিনিপাতিতঃ ॥ ১১৫ ॥

১১১। লো-টী। তৎ করুণং শ্রুত্বা স্থিতং মাং ক্রোধোঽভ্যপূরয়ৎ।
১১২। লো-টী। সর্ব্বতোঽবর্দ্ধত।
১১৩। লো-টী। বনষণ্ডং নিরৈক্ষন্ত।
১১৪। লো-টী। মাঞ্চ পরাক্রান্তং দৃষ্ট্বা আচচক্ষিরে। রাবণায় রাবণম্।
১১৫। লো-টী। চৈত্য উদ্দেশবৃক্ষঃ প্রধানপাদপ ইত্যর্থঃ।

সেই করুণ বাক্য শুনিয়া আমি শোকে পরিপূর্ণ হইলাম এবং পরবর্ত্তী অবশিষ্ট কর্ত্তব্য অবধারণ করিলাম ॥ ১১১ ॥

তারপর আমার শরীর বর্দ্ধিত হইয়া উঠিল, আমি যুদ্ধাভিলাষে সেই বন বিধ্বংসিত করিতে উদ্যত হইলাম ॥ ১১২ ॥

আমি সেই বনরাজি ভাঙ্গিয়া ফেলিলাম, মৃগ ও পক্ষিগণ দৌড়াদৌড়ি করিতে লাগিল, বিকৃতবদন রাক্ষসীগণ জাগরিত হইয়া [চারিদিকে] নিরীক্ষণ করিতে লাগিল ॥ ১১৩ ॥

পরাক্রান্ত আমাকে দেখিতে পাইয়া তাহাদের অনেকে চারিদিকে ছুটাছুটি করিয়া সত্বর রাবণকে জ্ঞাপন করিল ॥ ১১৪ ॥

১। ঘ-ঙ-প 'ক্রোধো'। ২। ঙ '-মত্ত'। ৩। চ-ঘ-দ '-রক্ষ'। ৪। ঘ 'দেহো'। ৫। দ 'তন্তু'। ৬। ঘ-প '-খণ্ড'। ৭। ঘ-প 'ভ্রান্তং তত্র মৃগাদ্বিজম্', দ 'ভ্রান্তস্তত্র মৃগদ্বিপাঃ,' চ-ত 'ভ্রান্ত-ত্রস্ত-মৃগদ্বিপম্'। ৮। ঘ-প '-ন্মাত্তদে-', ক '-দ্ধা নি-'। ৯। প 'পরি-'। ১০। ছ 'রাজংস্তবকবনং', প 'মহারাজ বনং'। ১১। ত 'দিব্যং তচ্চ', প 'দিব্যং তব'। ১২। প 'শীঘ্রং'। ১৩। ত 'চৈত্যপ্রাসাদ-'।

দুর্ব্বুদ্ধেস্তস্য নৃপতে তব বিপ্রিয়কারিণঃ।

বধমাজ্ঞাপয় [1] ক্ষিপ্রং [2] যথা স বিলয়ং ব্রজেৎ ॥ ১১৬ ॥

তচ্ছ্রুত্বা রাক্ষসেন্দ্রেণ বিসৃষ্টা [3] ভৃশদুর্জ্জয়াঃ [4]।

রাক্ষসাঃ কিঙ্করা নাম রাবণস্য মহৌজসঃ ॥ ১১৭ ॥

তেষামশীতিসাহস্রাঃ শূলপট্টিশপাণয়ঃ [5] [6]।

ময়া [7] তস্মিন্ বনোদ্দেশে পরিঘেণ নিসূদিতাঃ ॥ ১১৮ ॥

তেষান্তু হতশিষ্টা [8] [9] [10] যে দশগ্রীবায় রাক্ষসাঃ।

গত্বা নিবেদয়ামাসুর্হতং সৈন্যং [11] মহারণে [12] ॥ ১১৯ ॥

তচ্ছ্রুত্বা রাক্ষসেন্দ্রেণ মন্ত্রিপুত্রা মহাবলাঃ [13]।

পদাতিবলসম্পন্নাঃ [14] সমীপং প্রেষিতা মম ॥ ১২০ ॥

১১৬। গৌড়ী। 'বিলয়ং নাশং, মহৌজসো মহাবলবন্তঃ।

১১৮। গৌড়ী। অশীতিসাহস্রাঃ অশীতিসহস্রসংখ্যা যোধাঃ।

রাজন্, দুরাত্মা বানর আপনার সুন্দর অরণ্য সমস্তই ভাঙ্গিয়া ফেলিয়াছে, এবং চৈত্য প্রাসাদ নিপাতিত করিয়াছে ॥ ১১৫ ॥

হে রাজন্, আপনার অপ্রিয়কারী সেই দুষ্টবুদ্ধিসম্পন্ন বানরটার বধাদেশ করুন, যাহাতে সে সত্বর নিহত হয় ॥ ১১৬ ॥

তাহা শুনিয়া রাক্ষসরাজ অত্যন্ত দুর্জয় 'কিঙ্কর'নামক রাক্ষসগণকে প্রেরণ করিল। মহাবলশালী রাবণের সেই শূল ও পট্টিশধারী আশী হাজার রাক্ষসকে আমি সেই বনভূমিতে পরিঘ (লাঠি) দ্বারা নিহত করিলাম ॥ ১১৭-১১৮ ॥

তাহাদের মধ্যে যাহারা হতাবশিষ্ট রহিল, তাহারা রাবণকে নিবেদন করিল—'মহাযুদ্ধে সৈন্যগণ নিহত হইয়াছে' ॥ ১১৯ ॥

তাহা শুনিয়া রাক্ষসরাজ মহাবল মন্ত্রিপুত্রদিগকে পদাতিসৈন্য-সমভিব্যাহারে আমার নিকট প্রেরণ করিল ॥ ১২০ ॥

১। ঘ খ 'বধং'। ২। খ 'শীঘ্রং'। ৩। গ 'বিপ্রসৃষ্টাঃ'। ৪। ঙ খ 'দুরাসদাঃ'। ৫। ঙ-ঙ খ '-মুদ্গর-'। ৬। ক '-পাণিনাং'। ৭। খ 'ততো'। ৮। ঙ ঙ-খ 'শেষা'। ৯। খ-ঙ '-শেষা'। ১০। খ '-ইচ্ছ'। ১১। ঙ '-ক্রমকা-'। ১২। খ '-যুধে'। ১৩। ঘ-খ '-বলাঃ'। ১৪। খ 'প্র মাত-', দ 'পদাত-'।

তমায়সং[1] মহাঘোরমাদায়[2] পরিঘং[3] পুনঃ।
সর্ব্বাংস্তান্ সপরীবারান্ রাক্ষসান্ হতবানহম্ ॥ ১২১ ॥
স[4] তান্ বিনিহতান্ শ্রুত্বা[5] দশগ্রীবঃ প্রতাপবান্।
প্রহস্তস্য সুতং বীরং জম্বুমালিনমাদিশৎ[6] ॥ ১২২ ॥
তং[7] মহাবলসম্পন্নং[8] রাক্ষসং রণকোবিদম্।
পরিঘেণাতিকায়েন[9] সহসৈন্যমসূদয়ম্[10] ॥ ১২৩ ॥
তং কুমারং হতং শ্রুত্বা[11] সমরেঽতুলবিক্রমম্।
পঞ্চ সেনাগ্রগান্ শূরান্ প্রেষয়ামাস রাবণঃ ॥ ১২৪ ॥
তানহং সহসৈন্যাংস্তু[12] সূদয়িত্বা মহারথান্[13]।
যুদ্ধার্থী তং[14] রণোদ্দেশং পশ্যামি[15] রণগর্ব্বিতঃ ॥ ১২৫ ॥

১২৩। গো-টী। অতিকায়েন মহতা। সহসৈন্যমিতি সৈন্যানি যস্য তং সহসৈন্যম্।

১২৫। গো-টী। সহসৈন্যান্ সৈন্যৈঃ সহিতান্ সহ শব্দস্য ন 'স'-ভাবঃ। 'সহ সৈন্যৈ'-রিতি পাঠঃ কচিৎ। রণোদ্দেশং সংগ্রামং সংস্থিতৌ [illegible]। যদ্বা, রণ এব উদ্দেশ উদ্দেশ্যো যস্য তং পরিঘম্।

আমি পুনরায় সেই লৌহনির্ম্মিত ভয়ানক পরিঘ লইয়া সেই সমস্ত রাক্ষসকে সপরিবারে নিহত করিলাম ॥ ১২১ ॥

প্রতাপশালী রাবণ তাহারা নিহত হইয়াছে শুনিয়া প্রহস্তপুত্র বীর জম্বুমালীকে আদেশ করিল ॥ ১২২ ॥

আমি সেই মহাবলশালী যুদ্ধনিপুণ রাক্ষসকে সুবৃহৎ পরিঘদ্বারা সসৈন্যে নিহত করিলাম ॥ ১২৩ ॥

যুদ্ধে অতুলনীয়-পরাক্রমশালী সেই কুমার নিহত হইয়াছে শুনিয়া রাবণ পাঁচটী বীর সেনাপতিকে প্রেরণ করিল ॥ ১২৪ ॥

আমি সেই মহারথগণকে সসৈন্যে নিহত করিয়া যুদ্ধাভিলাষী হইয়া রণগর্ব্বে সেই রণস্থল দর্শন করিতে লাগিলাম ॥ ১২৫ ॥

১। ছ 'বধায় তমহং ঘোর-'। ২। দ 'মহাপ্রমুখ'। ৩। ঘ-ঙ 'হলা'। ৪। দ 'চ তান্ নিহ-'। ৫। ঘ-ছ 'দৃষ্ট্বা'। ৬। দ 'জম্ব-'। ৭। দ-পুস্তকে শ্লোকার্দ্ধং নাস্তি। ৮। ঘ-ঙ '-সত্ত্ব-'। ৯। ধ '-বেগেন'। ১০। ক 'মহাসৈন্য', ঙ-দ 'তথা সৈন্য-'। ১১। ছ 'দৃষ্ট্বা'। ১২। ঘ-ধ 'রাক্ষসান্ সবলান্', ছ 'সবলসৈন্যেন', ঙ 'সহ সৈন্যেন'। ১৩। ঘ-ধ '-বলান্'। ১৪। দ-ধ 'তোরণো-'। ১৫। ক-ঙ-দ 'রক্ষামি', খ 'পশ্য বৈরেণ'।

ততঃ পুনর্দ্দশগ্রীবঃ পুত্রমক্ষং মহারথম্[১]।
প্রেষয়ামাস বহুভী রাক্ষসৈরপরৈর্বৃতম্[২] ॥ ১২৬ ॥
তস্যাপ্যহং বলং সর্ব্বং তঞ্চ[৩] রাক্ষসপুঙ্গবম্।
সূদয়িত্বা রণে[৪] হৃষ্টো যুদ্ধমেব[৫] ব্যরোচয়ম্ ॥ ১২৭ ॥
ততো রাজা দশগ্রীবঃ শূরমিন্দ্রজিতং সুতম্[৬]।
প্রেষয়ামাস রক্ষোভির্ব্বহুভিঃ[৭] সুমহাবলম্[৮]।
দৃষ্ট্বাহং তমবষ্টব্ধঃ[৯] পরং হর্ষমুপাগমম্ ॥ ১২৮ ॥
মহতা হি মহাবাহুঃ প্রত্যয়েন[১০] মহাবলম্[১১]।
প্রেষয়ামাস বহুভিঃ সহ বীরৈর্ব্বলোৎকটৈঃ ॥ ১২৯ ॥

১২৮। লো-টী। অবষ্টব্ধঃ স্থিরম্। 'অবষ্টব্ধ' ইতি বা পাঠঃ।

১২৯। লো টী। ইন্দ্রজিদবজ্ঞঃ হনুমন্তং জেষ্যতীতি মহতা প্রত্যয়েন জ্ঞানেন কারণেন বা (?)।

তারপর রাবণ পুনরায় বহু-রাক্ষসপরিবৃত স্বীয় পুত্র অক্ষাসুরকে প্রেরণ করিল ॥ ১২৬ ॥

আমি সেই রাক্ষসশ্রেষ্ঠ অক্ষাসুরকে এবং তাহার সমস্ত সৈন্যকে সংহার করিয়া হৃষ্ট হইয়া যুদ্ধাভিলাষ করিতে লাগিলাম ॥ ১২৭ ॥

তারপর রাজা রাবণ নিজপুত্র মহাবলশালী বীর ইন্দ্রজিৎকে বহু রাক্ষস সহ প্রেরণ করিল, আমি তেজস্বী ইন্দ্রজিৎকে দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলাম ॥ ১২৮ ॥

মহাবাহু রাবণ অত্যন্ত বিশ্বাসের সহিতই উৎকট বলশালী বহুবীর-সমভিব্যাহারে মহাবলশালী ইন্দ্রজিৎকে পাঠাইয়াছিল ॥ ১২৯ ॥

১। 'ভুজাসনম্', দ 'মহাবলম্'। ২। চ '-সৈরভিসংবৃতম্', খ গ 'সৈন্যৈরভিসংবৃতম্'। ৩। খ 'পক্ষ'। ৪। ছ 'রক্ষো'। ৫। চ '-মেবাহমরোচয়ম্'। ৬। ঙ 'রণে'। ৭। 'বহুভিঃ সহ বীরৈর্বলোৎকটৈঃ', ক '-বহুভী রাক্ষসৈঃ সুমহাবলম্'। ৮। দ '-ভির্ভৃঃ মহা-'। ৯। খ '-প্রহৃষ্টঃ', ছ ঙ '-পরঃ'। ১০। ছ-খ 'প্রযত্নেন'। ১১। খ '-পুরম্'।

তস্যাহং রোষসংবিগ্ন[1] উচ্চৈঃ সৈন্যমসূদয়ম্ ।
ব্রহ্মণোঽস্ত্রেণ[3] মাং সোঽপি[3] ববন্ধাথ সুদুর্ম্মতিঃ ॥ ১৩০ ॥
অবধ্যং[4] স চ মাং জ্ঞাত্বা বদ্ধবান্ রজ্জুভিঃ পুনঃ ।
রাবণস্য সমীপঞ্চ মামাদায়ানয়দ্ বলাৎ ॥ ১৩১ ॥
দৃষ্ট্বা[5] পৃষ্টস্তদাহন্তু রাবণেন দুরাত্মনা ।
রামদূতোঽহমস্মীতি[6] তস্য চাবেদিতং[7] ময়া ॥ ১৩২ ॥
তেন বধ্যোঽয়মাজ্ঞপ্তো রাবণেন দুরাত্মনা ।
রাবণস্য পরিজ্ঞায় পাপস্য বধনিশ্চয়ম্ ॥ ১৩৩ ॥

১৩০। লো-টী। মা মাম্।
১৩৩। লো-টী। বধ্যোঽয়ম্ অয়মহম্।

আমি ক্রোধে বিচলিত হইয়া তাহার বিশাল সৈন্য সংহার করিলাম, সেই দুর্ম্মতিও আমাকে ব্রহ্মপাশে বন্ধন করিল ॥ ১৩০ ॥

সে আমাকে অবধ্য জানিয়া পুনরায় রজ্জুদ্বারা বন্ধন করিল এবং বলপূর্ব্বক আমাকে লইয়া রাবণের নিকট উপনীত করিল ॥ ১৩১ ॥

দুরাত্মা রাবণ আমাকে দেখিয়া জিজ্ঞাসা করিল এবং আমি রামের দূত বলিয়া তাহার নিকট আত্মপরিচয় প্রদান করিলাম ॥ ১৩২ ॥

দুরাত্মা রাবণ আমার বধ আদেশ করিল। বিভীষণ নামে তাহার এক ভ্রাতা

১। গ ঙ 'প্রস্তুং সৈন্যমবসাদনে', চ 'প্রস্তুং সৈন্যনাশনম্', ন 'প্রস্তুং সৈন্যমসাদনম্'। ২। থ ছ 'ব্রাহ্মেণ মাং স চাস্ত্রেণ ববন্ধাথ সুদুর্ম্মতিঃ', ঙ 'ব্রাহ্মেণ মাং ববন্ধাথ স বাণেন সুদুর্ম্মতিঃ', থ 'ব্রাহ্মেণ পাশশস্ত্রেণ ববন্ধাথ'। ৩। ন 'ববন্ধ চ'। ৪। ক 'মে'। ৫। অতঃ পরং ছ-পুস্তকে 'পপ্রচ্ছ চৈবাগমনং রাক্ষসানাং তথা বধম্। স সর্ব্বঞ্চ ময়া তত্র সীতার্থং প্রতিজল্পিতম্॥ সীতায়া দর্শনাকাঙ্ক্ষী প্রাপ্তোঽস্মি ভবনং বিভো। পবনস্যৌরসঃ পুত্রো বানরো হনুমানহম্॥ রামদূতঞ্চ মাং বিদ্ধি সুগ্রীবসচিবং হরিম্। সোঽহং রামস্য দৌত্যেন ত্বৎসমীপমুপাগতঃ॥ শৃণু চাপি সমাদেশং যদহং ব্রবীমি তে। রাক্ষসেশ হরীশস্ত্বাং বাক্যমাহ সমাহিতম্॥ ঋষ্যমূকে তু মহিতঃ পর্ব্বতে চিত্রকাননে। রামস্য রণবিক্রান্তো মিত্রত্বায সমাগতঃ॥ তানি বৈ কথিতং রাজন্ ভার্য্যা মে রক্ষসা হৃতা॥ তত্র সাহায্যহেতুত্বং নরৈশ্চ বহুভিঃ সহ॥ বালিনা হৃতরাজ্যোন ময়া বৈ কারণেন সঃ। কৃতাগ্নিসাক্ষিকং সখ্যং রাঘবেণ মহাত্মনা॥ তেন বালিনমাসাদ্য শরেণৈকেন সংযুগে। বানরাণামহং রাজা কৃতঃ প্রভবতাং প্রভুঃ। তস্য সাহায্যমস্মাভিঃ কৃতাং সর্ব্বাত্মনা ত্বপম্। ততঃ প্রাপ্য পরন্তু সং সমীপস্থে স ধর্ম্মবিৎ॥ ক্ষিপ্রমানীয়তাং সীতা দীয়তাং রাঘবায় চ। যাবন্নেহ রণে বীরা বিধমন্তি বলন্তব॥ বানরাণাং স্বভাবো হি ন তে কিং বিদিতঃ পুরা। যেষামপি সাহায্যং প্রযচ্ছন্ত্যভিমন্ত্রিতাঃ॥ ইতি বানররাজস্ত্বামাহেত্যভিহিতং ময়া॥" ইত্যধিকম্। ৬। ঘ-থ 'বৈ সদিতং'। ৭। অতঃ পরং ছ-পুস্তকে "মামবৈক্ষত সংক্রুদ্ধশ্চক্ষুষা নির্দ্দহন্নিব।" ইত্যধিকম্।

বিভীষণো নাম ততস্তস্য ভ্রাতা মহামতিঃ।

তেন রাক্ষসরাজঃ স যাচিতো মম কারণাৎ ॥ ১৩৪ ॥

দূতবধ্যা[1] ন বিহিতা রাজন্নিতি[2] চ সোঽব্রবীৎ[3]।

বিরূপকরণং[4] দৃষ্টং তাড়নঞ্চ[5] নিশাচর ॥ ১৩৫ ॥

ততঃ স রাবণঃ ক্রুদ্ধো রাক্ষসাংস্তান্[6] মহাবলান্।

অব্রবীদস্য লাঙ্গূলং ক্ষিপ্রমাদীপ্যতামিতি ॥ ১৩৬ ॥

ততস্তস্য বচঃ শ্রুত্বা মম পুচ্ছং সমন্ততঃ।

আবেষ্টিতং[7] শণবল্কৈঃ[8] পটৈঃ[9] কার্পাসিকৈস্তথা ॥ ১৩৭ ॥

আদীপয়ংশ্চ[10] মে পুচ্ছং স্নেহাক্তং দুষ্টচেতসঃ।

ঘোষমাণাস্ততস্তেহথ[11] নগরদ্বারমাগতাঃ[12] ॥ ১৩৮ ॥

১৩৫। গো. টী। তাড়নং, [illegible]।

১৩৭। গো. টী। [illegible] পটৈঃ [illegible]। [illegible]

[illegible]

ইতি শ্রীমদ্রামায়ণে [illegible] ॥

অতিশয় বুদ্ধিমান. তিনি পাপিষ্ঠ রাবণের বধাভিপ্রায় জানিয়া আমার জন্য রাক্ষসরাজ রাবণের নিকট প্রার্থনা করিলেন ॥ ১৩৩-১৩৪ ॥

তিনি বলিলেন— রাজন্ দূতকে বধ করা অবৈধ, তাহার অঙ্গবিকৃতি অথবা প্রহার-দণ্ডই দেখা যায় ॥ ১৩৫ ॥

তারপর রাবণ ক্রুদ্ধ হইয়া মহাবলশালী রাক্ষসগণকে আদেশ করিল —'সত্বর ইহার লাঙ্গূল জ্বালাইয়া দাও' ॥ ১৩৬ ॥

তারপর তাহার কথা শুনিয়া [রাক্ষসগণ] আমার লাঙ্গূলকে চারিদিকে শণ, পাট ও বস্ত্রদ্বারা বেষ্টিত করিল ॥ ১৩৭ ॥

দুষ্টবুদ্ধিসম্পন্ন রাক্ষসগণ আমার পুচ্ছ স্নেহসিক্ত করিয়া জ্বালাইয়া দিল এবং তারপর ঘোষণা করিতে করিতে নগরীর প্রবেশদ্বারে উপস্থিত হইল ॥ ১৩৮ ॥

১। খ 'দূতা অবধ্যা বিহিতা', ঘ 'দূতা বধ্যা'। ২। ছ-ঙ-খ 'বচোঽব্রবীৎ'। ৩। অতঃ পরং ছ-পুস্তকে [illegible] হি [illegible]। [illegible]" [illegible]। ৪। ক 'চাঙ্গ' ৫। ঙ-খ 'নিশাচরম্'। ৬। খ-ছ '-বলাঃ'। ৭। ঙ-খ 'আবে-'। ৮। ছ 'শণেন-', খ শণৈঃ পট্টকল্কৈঃ', 'শণবল্কৈঃ'। ৯। ঙ-খ 'পটৈঃ'। ১০। ঙ-খ 'অদী-'। ১১। খ-ঙ '-স্তুতঃ সর্বে'। ১২। খ '-মাশ্রিতাঃ'।

ততোঽহং সুমহদ্রূপং সংক্ষিপ্য[1] পুনরাত্মনঃ ।
বন্ধান্[2] সর্ব্বান্ সমুৎক্ষিপ্য[3] প্রকৃতিস্থঃ পুনঃ স্থিতঃ ॥ ১৩৯ ॥
আদায় পরিঘঞ্চাপি নগরদ্বার্য্য[4]বস্থিতঃ[5] ।
রাক্ষসাংস্তান্ সমুৎপত্য সূদয়ামি সমন্ততঃ[6] ॥ ১৪০ ॥
লাঙ্গূলেন[7] প্রদীপ্তেন তাং পুরীং সাট্টতোরণাম্ ।
দগ্ধবান[8]স্ম্য[9]সংভ্রান্তো যুগান্তাগ্নিরিব প্রজাঃ ॥ ১৪১ ॥
দগ্ধ্বা লঙ্কাং পুন[10]শ্চৈব[11] শঙ্কা[12] মামভ্যবর্ত্তত ।
দগ্ধা সীতা ন সন্দেহো দুষ্কৃতং খলু মে কৃতম্ ॥ ১৪২ ॥
খগতানামথো[13] বাক্যং চারণানাং ময়া শ্রুতম্ ।
সর্ব্বা[14] চ নগরী দগ্ধা সীতা চ পরিরক্ষিতা[15] ॥ ১৪৩ ॥

তারপর আমি বিশাল দেহ সঙ্কুচিত করিয়া প্রকৃতিস্থ হইয়া সমস্ত বন্ধন উৎক্ষিপ্ত করিয়া পুনরায় স্বাভাবিক ভাবে অবস্থান করিতে লাগিলাম ॥ ১৩৯ ॥

এবং নগরদ্বারে অবস্থানপূর্ব্বক পরিঘ লইয়া উল্লম্ফন করত চারিদিকে সেই রাক্ষসগণকে সংহার করিতে লাগিলাম ॥ ১৪০ ॥

প্রলয়কালীন কালাগ্নি যেমন প্রজাগণকে দগ্ধ করে, আমি সেইরূপ প্রদীপ্ত লাঙ্গুলদ্বারা অট্টালিকা ও তোরণসহ সেই সমগ্র লঙ্কানগরীকে ধীরে ধীরে দগ্ধ করিলাম ॥ ১৪১ ॥

লঙ্কানগরী দগ্ধ করিয়া পুনরায় আমার এক আশঙ্কা হইল—আমি দুষ্কার্য্য করিয়াছি, সীতা দগ্ধ হইয়াছেন, সন্দেহ নাই ॥ ১৪২ ॥

তারপর আমি আকাশচারী চারণগণের কথা শুনিতে পাইলাম যে, সমস্ত লঙ্কানগরী দগ্ধ হইয়াছে, [কিন্তু] সীতা রক্ষা পাইয়াছেন ॥ ১৪৩ ॥

১। খ 'সংক্ষিপ্য'। ২। খ 'সর্ব্বান্ বন্ধান্'। ৩। ঘ-ঙ-চ 'সমা-'। ৪। ঙ 'পুরদ্বারমুপ-'। ৫। ক 'স্থায়্যব-'। ৬। খ ঙ 'স্ম সমন্ততঃ', ক 'স্ম সমন্ততঃ'। ৭। খ 'লাঙ্গুলেন চ'। ৮। খ 'দগ্ধবানস্মি-'। ৯। খ '-রশ্মি[illegible]'। ১০। খ '[illegible] পশ্চাৎ'। ১১। খ-ঙ '-শঙ্কাপি'। ১২। ক '-ক্রমামোহভ্যবর্ত্তত'। ১৩। খ ঙ '-মথো'। ১৪। খ 'স সর্ব্বা'। ১৫। ক-খ-পুস্তকয়োঃ "[illegible] হৃষ্ট উৎপন্নঃ প্রহৃষ্টমানসাধিতম্। [illegible] পুনর্দৃষ্ট্বা অভিবাদ্যাহমাগতঃ।" ইত্যধিকম্।

এতদ্রামপ্রভাবেণ বৈদেহ্যাশ্চ তপোবলাৎ।
১
সুগ্রীবস্য প্রিয়ার্থঞ্চ ময়া সর্ব্বমনুষ্ঠিতম্॥ ১৪৪ ॥
২
এতৎ সর্ব্বং ময়া তত্ত্বং যথাবদুপবর্ণিতম্।

যদত্রানন্তরং কার্য্যং তৎ সর্ব্বং ক্রিয়তামিতি॥ ১৪৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনুমদ্বাক্যং নাম সপ্তপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫৭ ॥

রামের প্রভাবে এবং সীতার তপোবলে সুগ্রীবের প্রীতিকামনায় আমি এই সমস্ত সম্পন্ন করিয়াছি ॥ ১৪৪ ॥

আমি যথাযথভাবে সমস্ত ঘটনার বর্ণনা করিলাম, [এক্ষণে] ইহার পরবর্ত্তী সমস্ত কর্ত্তব্যের অনুষ্ঠান করা হউক ॥ ১৪৫ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনুমদ্বাক্যনামক ৫৭শ সর্গ সমাপ্ত ॥ ৫৭ ॥

১। ঘ-ঙ 'সর্ব্বং প্রতি-'। ২। ঙ 'যথা-'

(৫৮) অষ্টপঞ্চাশঃ সর্গঃ

এবমাখ্যায় তৎ সর্ব্বং হনূমান্ মারুতাত্মজঃ[১]।

ভূয়ঃ সমুপচক্রাম বচনং বক্তুমুত্তমম্ ॥ ১ ॥

সফলো রাঘবোদ্যোগঃ সুগ্রীবস্য চ সংভ্রমঃ।

শীলমাসাদ্য[২] সীতায়া মম চ[৩] প্লবনং মহৎ ॥ ২ ॥

আর্য্যায়া যাদৃশং[৪] কর্ম্ম সীতায়াঃ প্লবগর্ষভাঃ[৫]।

তপসা ধারয়েল্লোকান্ ক্রুদ্ধা সা নির্দ্দহেদপি ॥ ৩ ॥

সর্ব্বথাতিপ্রভাবোঽসৌ রাবণো রাক্ষসাধিপঃ।

যস্য[৬] তাং স্পৃশতঃ সাধ্বীং ন গাত্রং[৭] শতধা গতম্ ॥ ৪ ॥

২। গো টী। সম্ভ্রমঃ সীতান্বেষণাদরঃ। আসাদ্য দৃষ্ট্বা, স্থিতস্যেতি শেষঃ।

৪। গো টী। পঞ্চভাং পঞ্চতো দেবানন্দাদৃত্য। যদ্বা, তাং স্পৃশতোঽপি গাত্রং ন শতধা গতমিতি পক্ষ।

পবননন্দন হনূমান্ এইরূপে সেই সমস্ত বৃত্তান্ত বলিয়া পুনর্বায় [এই] উত্তম বাক্য বলিতে লাগিলেন— ॥ ১ ॥

রামচন্দ্রের উদ্যম এবং সুগ্রীবের উৎসাহ সার্থক হইয়াছে, সীতার সতীত্ব [অক্ষুণ্ণ আছে] জানিয়া আমারও ভীষণ উল্লম্ফন সার্থক হইয়াছে ॥ ২ ॥

হে বানরশ্রেষ্ঠগণ, মাননীয়া সীতাদেবীর যেরূপ কর্ম্ম তাহাতে তিনি তপঃপ্রভাবে সমস্ত লোককে পালন করিতে সমর্থ এবং ক্রুদ্ধ হইলে ভস্ম করিতেও সমর্থ ॥ ৩ ॥

[সত্য বটে,] যাহার শরীর (হস্ত) সেই সাধ্বী সীতাকে স্পর্শ করিয়াও শত শত খণ্ডে পরিণত হয় নাই, সেই রাক্ষসাধিপতি রাবণ সর্ব্বপ্রকারেই অতিশয় প্রভাবশালী ॥ ৪ ॥

১। খ 'পবনা-'। ২। দ '-মাবার'। ৩। দ 'মমাপি'। ৪। ছ-ঙ-থ 'শীলং'। ৫। খ 'বানর-'। ৬। দ 'হস্ত'। ৭। ছ 'গাত্রং ন'।

ন তথাগ্নিশিখা[১] কুর্য্যাৎ সংস্পৃষ্টা পাণিনা সতী।
জনকস্য সুতা কুর্য্যাদ্ যৎ ক্রোধকলুষীকৃতা[২] ॥ ৫ ॥
অশোকবনিকামধ্যে রাবণস্য দুরাত্মনঃ[৩]।
অধস্তাচ্ছিংশপায়াস্তু[৪] অধ্যাস্তে[৫]ঽতীবদুঃখিতা[৬] ॥ ৬ ॥
রাক্ষসীভিঃ পরিবৃতা শোকসন্তাপপীড়িতা[৭]।
পতিব্রতানাং[৮] সুশ্রোণী সা চ পূর্ব্বা[৯] নৃপাত্মজা ॥ ৭ ॥
অনুরক্তা হি বৈদেহী রামং সর্ব্বাত্মনাশ্রিতা[১০]।
অনন্যচিন্তা[১১] সা রামে পৌলোমীব পুরন্দরে ॥ ৮ ॥

৫। লো-টী। যৎ কলুষা কৃতা ক্রোধেন কলুষা বিবর্ণা সতী যৎ কুর্য্যাৎ, তথা অগ্নিশিখা ন কুর্য্যাৎ।

৭। লো-টী। পতিব্রতানাং মধ্যে সা পূর্ব্বা শ্রেষ্ঠা। 'পতিব্রতাত্বং সুশ্রোণী সাবষ্টব্ধে'তি পাঠে অবষ্টব্ধা আশ্রিতা সা রামানুরক্তেত্যন্বয়ঃ।

৮। লো-টী। ন অন্যস্মিন্ চিত্তং যস্যাঃ সা। 'অনন্যচিত্তে'তি কচিৎ পাঠঃ। সা কথঞ্চিদ্ বিশ্বাসমুপপাদিতেতি চতুর্থেনান্বয়ঃ।

[কিন্তু] জনকনন্দিনী সীতা ক্রুদ্ধ হইলে যাহা করিতে পারেন, হস্তদ্বারা স্পৃষ্ট অগ্নিশিখাও তাহা করিতে পারে না ॥ ৫ ॥

তিনি দুরাত্মা রাবণের অশোকবনমধ্যে শিংশপাবৃক্ষের নিম্নে অত্যন্ত দুঃখের সহিত অবস্থান করিতেছেন ॥ ৬ ॥

রাক্ষসীগণ-কর্ত্তৃক পরিবেষ্টিতা শোকসন্তপ্তা সেই রাজনন্দিনী সীতা পতিব্রতাদিগের মধ্যে শ্রেষ্ঠা ॥ ৭ ॥

বিদেহরাজনন্দিনী সীতা সর্ব্বপ্রকারে রামের প্রতি অনুরক্তা, পুলোমানন্দিনী শচী যেরূপ ইন্দ্রভিন্ন অন্য চিন্তা করেন না, সীতাও সেইরূপ একমাত্র রামের চিন্তায় নিরতা ॥ ৮ ॥

১। খ পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ২। খ '-তং ক্রোধকলুষীকৃতা'। ৩। খ 'কুরা-'। ৪। ক '-পায়াং তু', ঙ '-পায়াঃ সা অধ্যাস্তে সুদুঃখিতা', ত '-পায়া' সা অধ্যাস্তে সুদুঃখিতা', খ '-পায়াং হি', ঘ '-পায়াঃ সা অধ্যাস্তে চ সুদুঃখিতা'। ৫। খ 'মাধ্যা-'। ৬। খ 'চ সু-'। ৭। খ 'শোক-'। ৮। ছ '-ব্রতা চ', ক-খ '-ব্রতা বং', ঘ '-ব্রতানাং সা দেবী সততং সুখবর্জিতা'। ৯। খ-চ-গ 'সাধ্বীকা', ঘ 'সাধুপূর্ণা'। ১০। খ '-ত্মনা সতী'। ১১। ঘ-ঙ-খ-ঘ '-চিন্তা'।

সা হ্যেকবাসঃসংবীতা রজোধ্বস্তা[1] তথৈব চ।
শোকসন্তাপ[2]দীনাঙ্গী সীতা ভর্তৃহিতে[3] রতা ॥ ৯ ॥

সা ময়া রাক্ষসীমধ্যে তর্জ্জ্যমানা[4] পুনঃ পুনঃ।
রাক্ষসীভির্বিরূপাভিঃ সংবৃতা প্রমদাবনে ॥ ১০ ॥

একবেণীধরা দীনা[5] ভর্তৃ[6]চিন্তাপরায়ণা[7]।
ভূমিশয্যা বিবর্ণাঙ্গী পদ্মিনীব হিমাগমে ॥ ১১ ॥

রাবণাদ্ বিনিবৃত্তাত্মা মর্ত্তব্যে কৃত[8]নিশ্চয়া।
কথঞ্চিন্মৃগশাবাক্ষী বিশ্বাসমুপপাদিতা[9] ॥ ১২ ॥

কৃতং[10] সম্ভাষণং[11] চৈব তত্ত্বমর্থঞ্চ[12] দর্শিতা।
রামসুগ্রীবসখ্যঞ্চ শ্রুত্বা প্রীত[13]তরাভবৎ ॥ ১৩ ॥

১০। লো-টী। তং তস্মিন্ রক্ষসাং মধ্যে প্রমদাবনে প্রমদাবনরূপে তাভিস্তর্জ্জ্যমানা, সংবৃতা চ।

১১। লো-টী। পদ্মিনী পদ্মসংঘাতঃ।

১২। লো-টী। বিনিবৃত্ত আত্মা চিত্তং যস্যাঃ সা, 'বিনিবৃত্তার্থে'তি পাঠে অর্থঃ প্রয়োজনম্।

১৩। লো-টী। তত্ত্বমর্থং রামসুগ্রীবসখ্যং তচ্চ শ্রুত্বা।

পতিহিতরতা সেই সীতাদেবী একবস্ত্র-পরিহিতা ধূল্যবলুণ্ঠিতা এবং শোকসন্তাপে কৃশাঙ্গী হইয়া পড়িয়াছেন ॥ ৯ ॥

আমি অশোকবনে রাক্ষসীগণ-মধ্যে পুনঃ পুনঃ তিরস্কৃতা এবং কুৎসিত রাক্ষসীগণ-কর্তৃক পরিবেষ্টিতা, একবেণীধারিণী, দুঃখিতা, সর্বদা স্বামি-চিন্তানিরতা, ভূমিশয্যাশায়িনী, তুষারপাতক্লিষ্টা পদ্মিনীর ন্যায় বিবর্ণা, রাবণের প্রতি অনাসক্তচিত্তা এবং মরিবার জন্য কৃতসঙ্কল্পা সেই মৃগাক্ষী সীতার কোনরূপে (অতিকষ্টে) বিশ্বাস উৎপাদন করিয়াছি ॥ ১০-১২ ॥

এবং আলাপ করিয়া প্রকৃত বক্তব্য ও সুগ্রীবের সহিত রামের বন্ধুত্বের কথা জ্ঞাপন করিয়াছি, শ্রবণ করিয়া তিনি অতিশয় সন্তুষ্টা হইয়াছেন ॥ ১৩ ॥

১। ঘ 'ভূ'। ২। ঘ '-সন্তাপ-', ঙ '-সন্তপ্ত-'। ৩। ঘ 'পতিহিতে'। ৪। ঘ 'ভর্ৎস্যমানা'। ৫। ঘ-ছ 'দেবী'। ৬। ছ-ঘ 'ভর্তুশ্চি-'। ৭। ঘ '-পরা সতী'। ৮। ঘ 'স্থির'। ৯। ঘ '-সং সমুপাদিতা'। ১০। ঘ-ঘ-ঘ 'কৃতসং-'। ১১। ঙ '-ণাপি'। ১২। ঘ '-তং'. ১৩। ক 'প্রীতিং তা-'।

নিয়মং সমুদাচরং ভক্তিং ভর্ত্তরি চোত্তমাম্ ।
যা ধারয়তি শোকেষু মহাত্মেত্যভিধীয়তে ॥ ১৪ ॥

এবমাস্তে মহাভাগা সীতা শোকপরায়ণা ।
যদত্র প্রতিপত্তব্যং তৎ সর্ব্বং সংবিধীয়তাম্ ॥ ১৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সীতাপ্রশংসা নাম অষ্টপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫৮ ॥

১৪। লো-টী। নিয়মং ভর্ত্তরি প্রীত্যর্থং ব্রতম্, ভক্তিং সেবাম্।
১৫। লো-টী। প্রতিপত্তব্যং প্রতিকর্ত্তব্যম্।

হনুমদ্বাক্যে সীতাপ্রশংসা ॥ ৫৮ ॥

যিনি শোকেও সদাচার এবং স্বামীর প্রতি অতিশয় ভক্তি পোষণ করেন, তাঁহার মাহাত্ম্য [জগতে] বিঘোষিত হয় ॥ ১৪ ॥

সেই দয়াদাক্ষিণ্যবতী শোকসন্তপ্তা সীতা এইরূপে অবস্থান করিতেছেন, ইহাতে যাহা করা উচিত সেই সমস্ত অনুষ্ঠান করুন ॥ ১৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সীতাপ্রশংসানামক ৫৮শ সর্গ সমাপ্ত ॥ ৫৮ ॥

১। দ 'আয়াধয়তি'। ২। থ 'লোকেষু'। ৩। থ 'তৎ সত্যমভি-'। ৪। অতঃ পরং ছ-ঙ-ঝপুস্তকেষু 'সর্ব্বথা সীতয়া মন্দভাগ্যয়া স ('চ' ঙ) বিনাশ্যঃ। নিমিত্তমাত্রং রামস্তু বধে তস্য ভবিষ্যতি॥" ইত্যধিকম্।
৫। ঝ '-কর্ত্তব্যং'।

(৫৯) একোনষষ্টিতমঃ সর্গঃ

তস্য তদ্বচনং শ্রুত্বা[১] বালিসূনুরভাষত।
জাম্ববৎপ্রমুখান্ সর্ব্বান্ হনূমন্তঞ্চ বানরম্ ॥ ১ ॥
অস্মিন্নে[২]বং গতে[৩] কার্য্যে ভবতাঞ্চ[৪] নিবেদিতে।
কোঽন্যো যোঽস্মাসু বৈদেহীং তাং[৫] পশ্যেৎ পার্থিবাত্মজাম্[৬] ॥ ২ ॥
অহমেকোঽপি[৭] পর্য্যাপ্তঃ সরাক্ষসগণাং পুরীম্।
[৮]তাং লঙ্কাং তরসা হন্তুং রাবণঞ্চ নিশাচরম্ ॥ ৩ ॥
কিং পুনঃ সহিতৈঃ সর্ব্বৈর্বলবদ্[৯]ভিঃ কৃতাত্মভিঃ।
কৃতাস্ত্রৈঃ প্লবনে শক্তৈর্ভবদ্ভির্ব্বিজয়ৈ[১০]ষিভিঃ ॥ ৪ ॥

২। লো-টী। 'কোঽন্যো যোঽস্মাসু বৈদেহীং তাং পশ্যেৎ পার্থিবাত্মজা'মিতি। অস্মাসু মধ্যে কো হনূমতোঽন্যো বর্ত্তত ইতি শেষঃ। যো বৈদেহীং পশ্যেদিত্যন্বয়ঃ। 'কো নয়োঽস্মাসু বৈদেহীং যৎ পশ্যেৎ পার্থিবাত্মজ' ইতি পাঠে অস্মাসু কো নয়ঃ, অস্মাভিঃ কা নীতিঃ কৃতা, যদ্ যস্মাৎ পার্থিবাত্মজঃ স্বয়ং গত্বা বৈদেহীং পশ্যেৎ। অস্মাভিরেব তস্যা নয়নং যুক্তম্ ইতি সর্ব্বজ্ঞঃ।

৩। লো-টী। অস্মাভিরেব সীতা আনয়িতব্যেত্যর্থং নিশ্চিনোতি—'অহমেক' ইত্যাদিনা 'বানরর্ষভা' ইত্যন্তেন।

৪। লো-টী। সহিতৈর্মিলিতৈঃ। কৃত আত্মা রণে বুদ্ধিযত্নৈঃ বা যৈস্তৈঃ। কৃতানি শিক্ষিতানি শক্রম্ বিহিতানি বা অস্ত্রাণি যৈস্তৈঃ।

বালিপুত্র অঙ্গদ হনূমানের সেই কথা শ্রবণ করিয়া জাম্ববান্ প্রমুখ সমস্ত বানরকে এবং হনূমান্‌কে বলিতে আরম্ভ করিলেন ॥ ১ ॥

আপনাদের নিকট বিজ্ঞাপিত এই কার্য্য এইরূপ হইলে আমাদের মধ্যে অন্য কে [আছেন,] যিনি বিদেহরাজনন্দিনী সীতাকে দেখিতে সমর্থ হইবেন ? ॥ ২ ॥

আমি একাই অতিশীঘ্র সেই রাক্ষসগণ-পরিবেষ্টিত লঙ্কানগরীকে এবং নিশাচর রাবণকে ধ্বংস করিতে সমর্থ ॥ ৩ ॥

তদুপরি যদি বলবান্ বিশ্বস্ত অস্ত্রধারী উল্লম্ফনে সমর্থ ও বিজয়াভিলাষী আপনাদের সহিত মিলিত হই, তবে আর কথা কি ? ॥ ৪ ॥

১। খ-ঙ '-পুত্রোঽভ্যভাষত'। ২। ঙ দ '-ন্নেব'। ৩। খ-ছ '-বিধে'। ৪। খ 'ভবতাবিনি-'। ৫। ছ 'যৎ'। ৬। ছ-খ '-ত্মজ'। ৭। খ-ঙ '-কো হি'। ৮। খ 'লঙ্কাং তাং'। ৯। ঙ-দ '-বদ্ভির্নিশাচরৈঃ'। ১০। খ-ঙ-দ '-র্যে রথৈঃ', ছ '-র্যোদ্ধৃভিঃ', খ '-র্যে বৃতৈঃ'।

অহন্তু রাবণং যুদ্ধে সসৈন্যং সপুরঃসরম্ ।
সপুত্রং[1] নিহনিষ্যামি সসুহৃদ্বান্ধবং যুধি ॥ ৫ ॥
ব্রহ্মাস্ত্রঞ্চ[2] তথা দিব্যং বায়ব্যং বারুণন্তথা ।
যানি[3] শক্রজিতঃ[4] সন্তি দুর্নিবারাণি[5] সংযুগে ॥ ৬ ॥
তান্যহং বিধমিষ্যামি হনিষ্যামি[6] চ রাবণম্ ।
ভবতামননুজ্ঞাতং[7] রুণদ্ধি মম বিক্রমম্ ॥ ৭ ॥
মদ্বাহুবলসৃষ্টা হি শরবৃষ্টির্নিরন্তরা[8] ।
দেবানপি রণে হন্যাৎ কিং পুনস্তান্ নিশাচরান্ ॥ ৮ ॥

৫। লো-টী। যুদ্ধে সৈন্যাদিভিঃ সহ বর্ত্তমানং যুধ্যেব নিহনিষ্যামি নাহত্রেতি ন পুনরুক্তিঃ। পুরঃসরাঃ পুরোগামিনঃ তৎসহিতম্।

৬। লো-টী। শক্রজিতো রাবণস্য ।

৭। লো-টী। ভবতাং সমনুজ্ঞাতং কর্ত্তৃপদম্। "ত্বং রাজপুত্রো নায়কশ্চ, বয়ং তু প্রেষ্যাঃ কর্ম্মকর্ত্তারঃ ; অস্মাসু সৎসু কথং কর্ম কর্ত্তব্য"মিত্যাদিকং যদ্ ভবতাং সমনুজ্ঞাতমননুজ্ঞাতং তদেব মম বিক্রমং পরাক্রমং রুণদ্ধি আবৃণোতি। 'দর্শয়ামি চ বিক্রম'মিতি পাঠঃ ক্বচিৎ।

৮। লো-টী। মদ্বাহুবলসৃষ্টা মদ্বাহুবলেন ত্যক্তা।

আমি যুদ্ধক্ষেত্রে পুরোগামী সৈন্য, পুত্র, বন্ধু ও বান্ধবদের সহিত রাবণকে যুদ্ধে নিহত করিব ॥ ৫ ॥

ব্রহ্মাস্ত্র, দিব্যাস্ত্র, বায়ব্যাস্ত্র, বারুণাস্ত্র এবং যুদ্ধে শক্রজয়কারী রাবণের যে সমস্ত অমোঘ অস্ত্র আছে, আমি সেই সমস্ত প্রতিহত করিব এবং রাবণকে বধ করিব ; আপনাদের অনুমোদনের অভাবই আমার বিক্রমকে প্রতিরুদ্ধ করিয়া রাখিয়াছে ॥ ৬-৭ ॥

আমার বাহুবলে নিক্ষিপ্ত অবিচ্ছিন্ন শরবৃষ্টি যুদ্ধে দেবতাদিগকেও বধ করিতে সমর্থ ; সেই নিশাচরদিগকে বধ করিবে, তাহাতে আর বক্তব্য কি ? ॥ ৮ ॥

১। ক 'সহপুত্রং হনি-'। ২। ঘ-ঙ-প 'ব্রাহ্মমস্ত্রং তথা রৌদ্রং', দ 'ব্রহ্মমস্ত্রং তথা রৌদ্রং'। ৩। ঘ-ছ-ব 'শক্র-'। ৪। থ '-র্জিতোহরাণি'। ৫। প 'তানি যানি'। ৬। ছ 'নিহনিষ্যামি রাবণম্', থ 'নিহনিষ্যামি রাক্ষসান্'। ৭। ঘ-ঙ-দ '-তাং মম-' থ '-দ্ভিরননুজ্ঞাতো দর্শয়ামি ন বিক্রমম্'। ৮। ছ-ঙ-থ 'শৈলব-'।

অতীয়াৎ[1] সাগরো বেলাং চলেদপি চ[2] মন্দরঃ।
ন জাম্ববন্তং সমরে কম্পয়েচ্চক্রবাহিনী[3] ॥ ৯ ॥

সর্ব্বরাক্ষসসংঘাতং[4] রাক্ষসা[5] যে চ পূর্ব্বকাঃ[6]।
অয়মেকো নিহন্তা হি জাম্ববান্[7] কপিসত্তমঃ[8] ॥ ১০ ॥

পনসস্যোরুবেগেন নলস্য চ মহাত্মনঃ।
পর্ব্বতা অপি দীর্য্যেয়ুঃ কিং পুনর্যুধি রাক্ষসাঃ ॥ ১১ ॥

ন দেবাসুরযক্ষেষু পন্নগেষূরগেষু[9] চ।
মৈন্দস্য প্রতিযোদ্ধারং মন্যেঽহং দ্বিবিদস্য চ ॥ ১২ ॥

অশ্বিপুত্রৌ[10] মহাভাগাবেতৌ[11] হি প্লবগোত্তমৌ[12][13]।
পিতামহবরোৎসেকাৎ পরং দর্পমবস্থিতৌ ॥ ১৩ ॥

৯। লো-টী। অতীয়াদতিক্রামেৎ। বেলাং তীরম্।
১০। লো-টী। পূর্ব্বকাঃ শ্রেষ্ঠাঃ।
১২। লো-টী। পদ্ভ্যাং ন গচ্ছন্তীতি পন্নগা অজগরসর্পাঃ, অন্যে উরগাশ্চ।
১৩। লো-টী। পরং দর্পং প্রাপ্তাবিত্যর্থঃ। পরং দর্পং যথা ভবতি তথা বা। উৎসেকাদহঙ্কারাৎ।

সমুদ্র বেলাভূমি অতিক্রম করিতে পারে, অথবা মন্দর পর্ব্বতও কম্পিত হইতে পারে। কিন্তু, শক্রসেনা জাম্ববানকে যুদ্ধে টলাইতে সমর্থ হইবে না ॥ ৯ ॥

এই বানরশ্রেষ্ঠ জাম্ববান্ একাই সমস্ত রাক্ষসসংঘ এবং যাহারা প্রধান রাক্ষস তাহাদিগকে বধ করিবেন ॥ ১০ ॥

মহাত্মা পনস এবং নলের প্রবলবেগে পর্ব্বত-সকলও বিদীর্ণ হয়, যুদ্ধে রাক্ষসেরা বিদীর্ণ হইবে, তাহার আর কথা কি ? ॥ ১১ ॥

আমি দেবতা, অসুর, যক্ষ, পন্নগ এবং সর্পের মধ্যে কাহাকেও মৈন্দ এবং দ্বিবিদের প্রতিযোদ্ধা মনে করি না ॥ ১২ ॥

এই শ্রেষ্ঠ বানরদ্বয় অশ্বিনীকুমারের পুত্র, ব্রহ্মার বরে ইহারা অত্যন্ত গর্ব্বিত হইয়াছেন ॥ ১৩ ॥

১। ধ 'যাতী-'। ২। ছ-ঙ 'হি'। ৩। ছ 'চালয়ে-', ধ 'হয়েযুর্যুধি রাক্ষসাঃ'। ৪। ত 'সর্ব্বং রা-'। ৫। খ-ঙ 'রাক্ষসাং'। ৬। ক 'পূর্ব্বজাঃ', ত 'পূর্ব্বিণঃ'। ৭। ত '-নৃকম-'। ৮। ধ '-কুঞ্জরঃ'। ৯। ছ 'বা'। ১০। খ 'অগ্নিপুত্রৌ'। ১১। ধ '-বীরৌ সমস্তপ্লবগো-'। ১২। খ-ছ '-দ্বিমৌ'। ১৩। ত 'চ'।

অশ্বিনোর্ম্মাননার্থং হি সর্ব্বলোকপিতামহঃ।[১]

সর্ব্বাবধ্যত্বমতুলং[২] বীরাভ্যামদদাত্তদা ॥ ১৪ ॥

তেনোৎসেকেন চ তদা প্রধৃষ্য মহতীং চমূম্।

সুরাণামমৃতং বীরৌ পীতবন্তৌ প্লবঙ্গমৌ ॥ ১৫ ॥

[৩]তদেতাবতিসংক্রুদ্ধৌ সবাজিরথকুঞ্জরাম্।

লঙ্কাং রাক্ষসসংপূর্ণাং[৪] দুর্ধর্ষাং সূদয়িষ্যতঃ ॥ ১৬ ॥

জনকস্য সুতাং জিত্বা দেবীমসিতলোচনাম্।

যুক্তং সমীপগমনং রাঘবস্য মহাত্মনঃ ॥ ১৭ ॥

দৃষ্টা সীতা ন চানীতা ইতি তত্র নিবেদিতে।

বীর্য্যবিক্রমশৌর্য্যাণাং ঘোষণং গর্হিতং[৫] ভবেৎ ॥ ১৮ ॥

১৭। গো-টী। জিত্বা আনীয়।

১৮। গো-টী। বীর্য্যমুৎসাহবিস্তারঃ, বিক্রমঃ শক্তিসম্পৎ, শৌর্য্যমাবিষ্ক ইতি সর্বজ্ঞঃ। 'শুক্রং বীর্য্যং বলং বা ইন্দ্রিয়ং রেত উচ্যতে' ইতি বৈজয়ন্তী। ঘোষণং কাত্থনং গর্হিতং নিন্দিতম্।

পূর্ব্বে সমস্তলোকের পিতামহ ব্রহ্মা অশ্বিনীকুমারদ্বয়ের সম্মানার্থ এই বীরদ্বয়কে সকলের অবধ্যত্বরূপ অতুলনীয় বর প্রদান করিয়াছিলেন ॥ ১৪ ॥

এই বীর বানরদ্বয় সেই গর্ব্বে দেবতাদিগের বিশাল সেনাসমূহ পরাভূত করিয়া তাঁহাদের অমৃত পান করিয়াছিলেন ॥ ১৫ ॥

সুতরাং ইঁহারা অত্যন্ত ক্রুদ্ধ হইলে হস্তী, অশ্ব এবং রথযুক্ত রাক্ষসাকীর্ণ লঙ্কানগরীকে ধ্বংস করিবেন ॥ ১৬ ॥

অসিতলোচনা জনকনন্দিনী সীতাকে উদ্ধার করিয়া মহাত্মা রামচন্দ্রের সমীপে গমন করা উচিত ॥ ১৭ ॥

সীতাকে দেখিয়াছি, কিন্তু আনিতে পারি নাই, এইরূপ নিবেদন করিলে শৌর্য্য-বীর্য্য এবং পরাক্রমের ঘোষণা করা নিন্দার বিষয় হইবে ॥ ১৮ ॥

১। ঙ-ঘ 'চ'। ২। ক '-মতুলা'। ৩। ঙ 'ভাবেন চাতি-'। ৪। ঘ '-সংকীর্ণাং'। ৫। ঘ 'নিন্দিতং'।

অথবা বিক্রমে বুদ্ধির্যুক্তা দিব্যেন কর্ম্মণা[1]।
সাগরপ্লবনে যোগ্যো ন চ কশ্চিৎ পরাক্রমে।
তুল্যঃ[2] সামরদৈত্যেষু লোকেষু হরিপুঙ্গবাঃ[3] ॥ ১৯ ॥
জিত্বা[4] লঙ্কাং সরক্ষোঘাং[5] হত্বা তং[6] রাবণং রণে।
প্রসহ্য সীতামানীয় কৃতার্থা হৃষ্টমানসাঃ ॥ ২০ ॥
রামলক্ষ্মণয়োর্ম্মধ্যে নেষ্যামো[7] জনকাত্মজাম্।
কিং পরিক্লিশ্য বঃ সর্ব্বান্[8] বানরান্ বানরর্ষভাঃ[9] ॥ ২১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে অঙ্গদবাক্যং
নামৈকোনষষ্টিতমঃ সর্গঃ ॥ ৫৯ ॥

১৯। লো-টী। অথবা অতএব বিক্রমে পরাক্রমে দিব্যেন প্রকৃষ্টেন কর্ম্মণা বুদ্ধির্নিযুক্তা নিযোজ্যতে। তদাপ্যহমেব পরাক্রমং করিষ্যামীত্যাহ—'সাগর' ইতি। সাগরপ্লবনে পরাক্রমে বা। হে হরিসত্তমাঃ, সামরদৈত্যান্ লোকেষু মধ্যে তুল্যো মৎসমঃ কশ্চিদ্ যোগ্যঃ শক্তো নাস্তি।

২০-২১। লো-টী। 'সরক্ষোঘা'মিতি সন্ধিরার্ষঃ। প্রসহ্য বলেন মৎকৃতেনৈব সর্ব্বে হৃষ্টমনসো নেষ্যাম ইত্যন্বয়ঃ। 'পশ্যাম' ইত্যপি পাঠঃ। বো যুষ্মান্ পরিক্লিশ্য লঙ্কাগমনে মম কিং ন কিমপি প্রয়োজনমিত্যর্থঃ।

অঙ্গদবাক্যম্ ॥ ৫৯ ॥

অথবা, উৎকৃষ্ট কার্য্যদ্বারা বিক্রম প্রকাশের সংকল্প করাই যুক্তিযুক্ত। হে বানরপুঙ্গবগণ, দেবতা, অসুর ও মনুষ্যগণের মধ্যে পরাক্রমে [আমাদের] তুল্য এবং সমুদ্রলঙ্ঘনে সমর্থ কেহই নাই ॥ ১৯ ॥

আমরা রাক্ষসগণপরিবৃত লঙ্কানগরী জয় করিয়া ও যুদ্ধে রাবণকে বধ করিয়া বলপূর্ব্বক জনকনন্দিনা সীতাকে আনয়ন করত কৃতকৃত্য ও হৃষ্টচিত্ত হইয়া রাম এবং লক্ষ্মণের মধ্যে সীতাকে নিয়া যাইব। মাননীয় বানরগণ, আপনাদের সকলকে কষ্ট দিবার প্রয়োজন নাই ॥ ২০-২১ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে অঙ্গদবাক্যনামক
৫৯ম সর্গ সমাপ্ত ॥ ৫৯ ॥

১। খ 'চেষ্টয়া'। ২। গ-ঘ 'তুল্যাঃ'। ৩। ছ-ঙ-থ '-সত্তমাঃ'। ৪। খ 'লঙ্কাং জিত্বা'। ৫। ঙ '-রক্ষোঘাঃ'। ৬। গ-ক 'বৈ'। ৭। চ 'গচ্ছামো', ঙ-ঘ 'পশ্যামো', খ 'নয়ামো'। ৮। খ '-সত্তান্'। ৯। অতঃ পরং ছ-পুস্তকে "বয়মেব হি গত্বা তং হত্বা রাক্ষসপুঙ্গবম্। রাঘবং দ্রষ্টুমহামঃ সসুগ্রীবং সলক্ষ্মণম্।" ইত্যধিকম্।

(৬০) ষষ্টিতমঃ সর্গঃ

অঙ্গদস্য বচঃ শ্রুত্বা জাম্ববান্ বাক্যমব্রবীৎ।
নৈষা বুদ্ধির্ম্মহাবাহো[১] যদ্ ব্রবীষি মহামতে ॥ ১ ॥

বিচিনু[২]ধ্বমিতি প্রোক্তং[৩] দক্ষিণাং দিশমুত্তমাম্।
ন জেতুং কপিরাজেন নাপি রামেণ ধীমতা ॥ ২ ॥

কথং বিনির্জ্জিতাং[৪] সীতামস্মাভিঃ[৫] সোঽভিরোচয়েৎ।
রাঘবো নৃপশার্দ্দূলঃ কুলং ব্যপদিশন্ মহৎ ॥ ৩ ॥

প্রতিজ্ঞায় স্বয়ং রাজা সীতাবিজয়মগ্রতঃ।
সর্ব্বেষাং[৬] কপিমুখ্যানাং কথং মিথ্যা করিষ্যতি ॥ ৪ ॥

বিপুলে কর্ম্মণি[৭] কৃতে ভবেত্তু[৮]ষ্টির্ন[৯] তস্য চ।
বৃথা[১০] চ দর্শিতং বীর্য্যং ভবেদ্বানরসত্তমাঃ ॥ ৫ ॥

৩। গো-টী। বিনির্জ্জিতাং বিনির্জিত্যানীতাম্। কুলং মহৎ ব্যপদিশন্ কথয়ন্।
৪। গো-টী। রাজা ঈশ্বরঃ।
৫। গো-টী। বিপুলে রাবণজয়রূপে। বীর্য্যং শক্তিঃ।

অঙ্গদের এই কথা শ্রবণ করিয়া জাম্ববান্ বলিলেন—হে মহাবাহো, আপনি যাহা বলিলেন, এরূপ বুদ্ধি করা উচিত নয় ॥ ১ ॥

কারণ, বানররাজ সুগ্রীব এবং ধীমান্ রামচন্দ্র আমাদিগকে দক্ষিণ দিক্ অন্বেষণ করিতেই বলিয়াছেন, জয় করিতে বলেন নাই ॥ ২ ॥

আমরা সীতাকে জয় করিয়া লইয়া যাইব, ইহা নৃপতিকুলতিলক রামচন্দ্র বংশমর্য্যাদার কথা প্রকাশ করিয়া কিরূপে অনুমোদন করিবেন ? ॥ ৩ ॥

মহারাজ রামচন্দ্র শ্রেষ্ঠ বানরগণের সকলের সম্মুখে নিজেই সীতাকে উদ্ধার করিবেন, এইরূপ প্রতিজ্ঞা করিয়া, কিরূপে তাহা লঙ্ঘন করিবেন ? ॥ ৪ ॥

১। ঘ-ঙ 'নরেশ'। ২। খ 'বিচেতব্যেতি সংপ্রোক্তং দক্ষিণা'। ৩। ঙ 'প্রোক্তা', চ 'প্রোক্তা', খ 'প্রোক্তাং'। ৪। খ ছ 'সাক্ষী'। ৫। খ 'বিজয়িত'। ৬। খ 'ইত্যাদয়ঃ'। ৭। ক 'চ কুরুতে কার্য্যে'। ৮। ছ 'বেত্তুষ্টি'। ৯। ঙ-খ-ঘ 'তু'। ১০। ঘ 'তথা চ'।

তস্মাদ্ গচ্ছামহে[১] তত্র যত্র রামঃ সলক্ষ্মণঃ।
সুগ্রীবশ্চ[২] মহাবাহুঃ কার্য্যমেতন্নিবেদ্যতাম্ ॥ ৬ ॥
বাঢ়মিত্যেব[৩] চোক্ত্বা[৪] তে প্রস্থানং সমরোচয়ন্।
[৫]মেরুমন্দরসঙ্কাশা মত্তা ইব মহাদ্বিপাঃ ॥ ৭ ॥
ছাদয়ন্ত ইবাকাশং মহাকায়া মহাবলাঃ[৬]।
অগ্রে কৃত্বা হনূমন্তং সর্ব্বে বানরপুঙ্গবাঃ ॥ ৮ ॥
[৭]সভাজ্যমানং ভূতৈ[৮]স্ত[৯] হনূমন্তং[১০] মহাবলম্।
কপিশ্রেষ্ঠং[১১] মহাভাগং পিবন্ত ইব দৃষ্টিভিঃ ॥ ৯ ॥

৭-৮। গো টী। বাঢ়মিত্যেব চোক্ত্বা হনূমন্তমগ্রে কৃত্বা প্রস্থানং সমরোচয়ন্নিতি দ্বয়েনান্বয়ঃ।

৯। গো-টী। ততশ্চ ভূতৈঃ প্রাণিভিঃ সর্ব্বৈঃ সভাজ্যমানং পূজ্যমানং হনূমন্তং দৃষ্টিভিঃ পিবন্ত ইব তন্মুখমাত্রদৃষ্টিমন্তঃ সন্তঃ বনমাসেদুরিতি চতুর্থেনান্বয়ঃ।

হে বানরপ্রধানগণ, বিপুল কার্য্য করিলেও তাঁহার পরিতৃপ্তি হইবে না, বিক্রম প্রকাশ ব্যর্থ হইবে ॥ ৫ ॥

অতএব, যে স্থানে লক্ষ্মণের সহিত রামচন্দ্র অবস্থান করিতেছেন, আমরা সেই স্থানে যাইব এবং মহাবাহু সুগ্রীবকে এই কার্য্যের বিষয় জ্ঞাপন করিব ॥ ৬ ॥

মেরুমন্দরতুল্য বিশালকায় ও মত্তহস্তীর ন্যায় মহাবলশালী সেই বানরগণ, 'আচ্ছা তাহাই হইবে', এইরূপ বলিয়া যেন গগনমণ্ডল আচ্ছাদিত করিয়াই মহাবীর হনূমানকে সম্মুখে রাখিয়া প্রস্থান করিতে অভিলাষী করিলেন ॥ ৭-৮ ॥

তারপর রামচন্দ্রের প্রয়োজন সম্পাদন করিয়া এবং রাজা সুগ্রীবের যশ বিস্তার করত কার্য্যসিদ্ধিদ্বারা গর্ব্বিত প্রিয়সম্ভাষণে সমুৎসুক রামের

১। খ 'যত্র রাঘবঃ লক্ষ্মণঃ', ঙ 'রামো যত্র সলক্ষ্মণঃ'। ২। খ '-বীরঃ'। ৩। ছ '-বমুক্ত্বা চ', ত '-বমুক্ত্বা তু'। ৪। খ 'গমনং'। ৫। ক 'মহেন্দ্রাদ্রিং সমুৎপত্য পুপ্লুবুঃ সমন্ততঃ'। ৬। খ '-পুরাঃ'। ৭। খ 'প্রাং প্রাস্বনাঃ'। ৮। ছ 'ভূতজ্ঞাঃ'। ৯। গ-ঘ '-শ্চ'। ১০। ঙ '-কপিম্'। ১১। খ '-শ্রেষ্ঠং'।

রামস্য[1] চার্থনির্ব্বৃত্তিং ভর্ত্তুশ্চ পরমং যশঃ।
সমাধায় সমৃদ্ধার্থাঃ[2] কার্য্যসিদ্ধিভিরুন্নতাঃ[3][4] ॥ ১০ ॥
প্রিয়াখ্যানোৎসুকাঃ[5] সর্ব্বে সর্ব্বে যুদ্ধাভিনন্দিনঃ।
সর্ব্বে রামপ্রীতিকারে নিশ্চিতার্থা মনস্বিনঃ ॥ ১১ ॥
প্লবমানাঃ[6] খমাবৃত্য ততস্তে কাননৌকসঃ।
নন্দনোপমমাসেদুর্ব্বনং দ্রুম[7]লতা[8]বৃতম্ ॥ ১২ ॥
যত্তন্মধুবনং[9] নাম সুগ্রীবস্য সুরক্ষিতম্[10]।
অধৃষ্যং সর্ব্বভূতানাং সর্ব্বভূতমনোহরম্[11] ॥ ১৩ ॥
যদ্রক্ষতি মহাবাহুঃ[12] সদা দধিমুখঃ কপিঃ।
মাতুলঃ কপিরাজস্য[13] সুগ্রীবস্য মহাত্মনঃ[14] ॥ ১৪ ॥

১০। লো-টী। অর্থনির্ব্বৃত্তিং প্রয়োজননিষ্পত্তিম্। কার্য্যসিদ্ধিভিরুন্নতাঃ হর্ষিতাঃ।

১৩। লো-টী। সুরক্ষিতং বহুকালরক্ষিতম্। 'সুবাচ্ছিত'মিতি পাঠে সুরাণামপি লভ্যম্।

প্রীতিসাধনে কৃতনিশ্চয় এবং যুদ্ধাভিলাষী উন্নতমনা সেই বনবাসী বানরগণ সর্ব্বভূতসমাদৃত মহাবলশালী বানরশ্রেষ্ঠ মহাভাগ হনুমান্‌কে অত্যন্ত আগ্রহের সহিত দেখিতে দেখিতে আকাশপথে তরুলতাচ্ছাদিত নন্দনকানন-সদৃশ সমস্ত প্রাণীর অগম্য এবং সর্ব্বজনপ্রিয় সুগ্রীবের বহুকালের সুরক্ষিত প্রসিদ্ধ মধুবন-নামক বনে উপস্থিত হইলেন ॥ ৯-১৩ ॥

বানররাজ মহাত্মা সুগ্রীবের মাতুল দধিমুখনামক বানর সেই মধুবন রক্ষা করিতেন ॥ ১৪ ॥

১। খ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ২। গ-ঘ '-র্থাশ্চ'। ৩। চ-ণ 'কর্ম্ম-'। ৪। ঙ '-রুন্মদাঃ'। ৫। চ-ছ-ণ '-সুকাঃ'। ৬। চ '-প্রিয়াঃ'। ৭। ণ 'নগাসনাকুলম্'। ৮। চ '-বিতম্', ঙ '-কুলম্'। ৯। চ-ছ-ণ 'শ্রীমৎ'। ১০। খ-ঘ 'সুরক্ষিতম্'। ১১। ণ '-রমম্'। ১২। গ-ণ '-বীর্য্যঃ'। ১৩। ণ '-মুখ্যস্য'। ১৪। ঘ '-মতেঃ'।

তে তদ্বনমুপাগম্য[১] দৃষ্ট্বা প্রীতিমুপাগতাঃ।
বানরা[২] বানরেশস্য মনঃকান্তং[৩] মনোহরম্ ॥ ১৫ ॥

ততস্তে[৪] বানরা হৃষ্টা[৫] দৃষ্ট্বা মধুবনং মহৎ।
হনূমন্তমযাচন্ত জাম্ববৎপ্রমুখাস্তদা ॥ ১৬ ॥

সোঽপ্যঙ্গদমুপাগম্য[৬] হনূমানিদমব্রবীৎ।
সিদ্ধার্থানাং ত্বমস্মাকং প্রসাদং কর্ত্তুমর্হসি ॥ ১৭ ॥

অঙ্গদস্তু হনূমন্তং প্রশস্য[৭] শুভয়া গিরা।
কিমিচ্ছসি বদস্বেতি প্রীতিবাক্যমুবাচ[৮] হ ॥ ১৮ ॥

অঙ্গদস্য বচঃ শ্রুত্বা হনূমান্ মারুতাত্মজঃ[৯]।
জ্ঞাতিভিঃ সহিতো হর্ষাদিদং বচনমব্রবীৎ ॥ ১৯ ॥

বানরগণ তথায় উপস্থিত হইয়া বানররাজ সুগ্রীবের অতিপ্রিয় সেই মনোহর উদ্যান অবলোকন করিয়া প্রীতিলাভ করিলেন ॥ ১৫ ॥

তদনন্তর জাম্ববান্ প্রমুখ বানরগণ বিশাল মধুবন দেখিয়া আনন্দিত চিত্তে হনূমানের নিকট প্রার্থনা করিলেন ॥ ১৬ ॥

সেই হনূমান্‌ও অঙ্গদসমীপে গমন করিয়া এই বলিলেন যে, আমরা কার্য্য সাধন করিয়াছি, আপনি আমাদিগকে কিছু প্রসাদ-চিহ্ন (অর্থাৎ পুরস্কার) প্রদান করুন ॥ ১৭ ॥

অঙ্গদও মধুরবাক্যে হনূমানকে প্রশংসা করিয়া, 'কি প্রার্থনা করেন তাহা বলুন', এইরূপ প্রীতিপূর্ণ বাক্য বলিলেন ॥ ১৮ ॥

পবননন্দন হনূমান্ অঙ্গদের বাক্য শ্রবণ করিয়া জ্ঞাতিগণের সহিত মিলিত হইয়া সানন্দে এই কথা বলিলেন— ॥ ১৯ ॥

১। খ 'বক্ষুব্ধ উদ্যানসাঃ', ঘ 'যাচন্ত স্ম তদা মধু'। ২। খ 'বানরা বানরেন্দ্রস্য'। ৩। খ 'বনং কান্তং'। ৪। ঘ -'স্তু'। ৫। খ 'প্রীতাঃ'। ৬। খ 'সংবেশ্যস্য-'। ৭। ক 'প্রশংস্য', গ 'প্রহৃষ্ট'। ৮। ঘ ছ-ত 'প্রীতো বাক্য-'। ৯। খ 'কপিকুঞ্জরঃ', ছ-ত-খ 'হরিপুঙ্গবঃ'।

ক্ষৌদ্রস্য[1] যত্তে পিতুরপ্রধৃষ্যং বনং বভূবাপ্রতিমং সুগুপ্তম্।
তদ্দেহি দানং[2] হরিপুঙ্গবানাং[3] সুদুর্ল্লভং নো হরিরাজপুত্র ॥ ২০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে মধুবনাগমনং
নাম ষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬০ ॥

২০। লো টী। ক্ষৌদ্রস্য মধুনঃ। দায়ং দানম্।

মধুবনাগমনম্ ॥ ৬০ ॥

হে বানররাজপুত্র, অন্যের অনভিগম্য এবং সুরক্ষিত আপনার পিতার যে মধুবন আছে, বানরপুঙ্গবদিগকে সেই দুর্ল্লভ বন দান করুন ॥ ২০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে মধুবনাগমন-
নামক ৬০ম সর্গ সমাপ্ত ॥ ৬০ ॥

১। থ 'পুত্রক'। ২। ক-থ 'দায়ং'। ৩। থ '-সত্তমানাং'।

(৬১) একষষ্টিতমঃ সর্গঃ

শ্রুত্বা হনূমতো বাক্যং হরীণাং প্রবরোঽঙ্গদঃ[১]।
প্রত্যুবাচ হনূমন্তং পিবন্তু হরয়ো[২] মধু॥ ১ ॥

অবশ্যং কৃতকার্য্যস্য কার্য্যং হনূমতো বচঃ।
অকর্ত্তব্যমপি প্রাপ্তং[৩] কিমিদং পুনরীদৃশম্॥ ২ ॥

এতচ্ছ্রুত্বা তু বচনমঙ্গদস্য মুখাচ্চ্যুতম্।
সাধু সাধ্বিতি সংহৃষ্টা বানরাঃ প্রত্যপূজয়ন্[৪]॥ ৩ ॥

তেঽঙ্গদেনাভ্যনুজ্ঞাতাঃ[৫] প্রহৃষ্টাঃ[৬] বানরর্ষভাঃ[৭]।
পূজয়িত্বাঙ্গদং সর্ব্বে যূথপা যূথপর্ষভম্।
জগ্মুর্মধুবনং[৮] সর্ব্বে[৯] পানায় সগণাস্তদা[১০]॥ ৪ ॥

২। লো-টী। অঙ্গদোক্ত প্রাপ্তোক্ত বা পাঠঃ। মধুপানরূপং কার্য্যং কিং পুনরকৃত্য-মপ্যর্থঃ।

৪। লো টী। অগণয়ন্ পানান্ন গণিতবন্তঃ।

বানরশ্রেষ্ঠ অঙ্গদ হনুমানের বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে বলিলেন—'বানরগণ মধু পান করুন'॥ ১ ॥

কৃতকৃত্য হনুমানের অসঙ্গত বাক্যও অবশ্য পালন করা উচিত, বিদ্বন্, এ আর এমন কি কথা?॥ ২ ॥

বানরগণ অঙ্গদের মুখনিঃসৃত এইরূপ বাক্য শ্রবণ করিয়া 'সাধু সাধু' বলিয়া তাঁহাকে অভিনন্দিত করিলেন॥ ৩ ॥

বানর-দলপতিগণ তখন অঙ্গদকর্তৃক অনুজ্ঞাত হইয়া তাঁহাকে সম্মানিত করত, পান করিবার নিমিত্ত সদলবলে মধুবনে গমন করিলেন॥ ৪ ॥

১। ঘ-ছ 'প্লবগোত্তমঃ'। ২। গ 'বানরা'। ৩। ছ-ক-খ 'প্রাপ্তঃ', ঘ 'প্রাপ্তং কিং সত্যং'। ৪। ছ 'সমপূজন'। ৫। ঘ 'অঙ্গদেনাপ্যনু'। ৬। ঘ 'সুগ্রীবাঃ'। ৭। ক 'সকলবানরাঃ'। ৮। ছ 'যদ্বদ্ বালিনঃ সুমহাত্মনঃ' গ 'যচ্চ বালিনঃ সুমহাত্মনঃ'। ৯। ঙ 'পানারম্ভাগতংস্তদা'। ১০। অতঃ পরং ছ-গ পুস্তকয়োঃ 'তে প্রবিশ্য মধুবনং পালানাগণয়ংস্তদা' ইত্যধিকম্।

অতিহর্ষাচ্চ বহবো[১] দৃষ্ট্বা[২] শ্রুত্বা চ মৈথিলীম্।
উৎপত্য চ যথাবৃদ্ধং[৩] তদ্বনং হরিযূথপাঃ[৪] ॥ ৫ ॥
অভিসৃষ্টাঃ[৫] কুমারেণ বালিপুত্রেণ ধীমতা।
হরয়ঃ প্রত্যপদ্যন্ত দ্রুমান্ মধুরসাকুলান্[৬] ॥ ৬ ॥
লোড়য়িত্বা[৭] তু বহুশঃ[৮] সর্ব্বং মধুবনং তদা[৯]।
মধূনি দ্রোণমাত্রাণি বাহুভিঃ পরিগৃহ্য তে[১০]।
শাতয়ন্তি[১১] স্ম সংহৃষ্টা[১২] ভক্ষয়ন্তি পিবন্তি চ ॥ ৭ ॥
ভক্ষয়ন্তঃ[১৩] সুগন্ধীনি মধূনি রসবন্তি চ।
জগ্মুঃ প্রহর্ষং তে সর্ব্বে[১৪] বভূবুশ্চ মদোৎকটাঃ ॥ ৮ ॥

---

৫ ৬। গোবি০। যথাবৃদ্ধং বৃদ্ধাননতিক্রম্য অভিসৃষ্টাঃ প্রেরিতাঃ তদ্বনং প্রত্যপদ্যন্ত ইত্যর্থঃ।

৭। গোবি০। বহুশো বহূন্ দ্রুমান্ লোড়য়িত্বা পাতয়িত্বা সর্ব্বং মধুবনং চ দ্রোণমাত্রাণি পরিমাণবিশেষান্ তে বানরা বাহুভিঃ পরিগৃহ্য শাতয়ন্তি নাশয়ন্তি, ভক্ষয়ন্তি অন্নান্ পিবন্তি চ।

ধীমান্ বালিপুত্র অঙ্গদ কর্ত্তৃক প্রেরিত হইয়া বহু বানরদলপতি, কেহ মৈথিলীকে দেখিয়া, কেহ বা তাঁহার কথা শুনিয়া অত্যধিক আনন্দে সেই বনে বৃদ্ধ-পুরঃসর উৎপতিত হইয়া মধুপূর্ণ বৃক্ষসমূহ প্রাপ্ত হইলেন ॥ ৫-৬ ॥

তখন তাঁহারা সমস্ত মধুবন আলোড়িত করিয়া বাহুদ্বারা দ্রোণ-প্রমাণ মধু আহরণ করিয়া আনন্দে কতক নষ্ট করিলেন, কতক খাইলেন, কতক পান করিলেন ॥ ৭ ॥

বানরগণ স্বাদু এবং সুগন্ধি মধু পান করিয়া আনন্দিত এবং উন্মত্ত হইয়া উঠিলেন ॥ ৮ ॥

১। ঙ-ঝ 'হরয়ো'। ২। [illegible]। ৩। ঙ-ঝ 'দ্রুতং'। ৪। ঘ 'কপিকুঞ্জরাঃ'। ৫। ঝ 'অতি'। ৬। ঘ '-রসপদ্মাঃ'। ৭। ঘ 'লোড়য়িত্বা'। ৮। ঘ ঙ [illegible]। ৯। ঙ 'হরয়ঃ', ঘ 'সর্ব্বা'। ১০। ঘ 'চ'। ১১। ঙ-ঝ 'পাতয়', ঝ 'শোভয়ন্তি'। ১২। ঙ 'চ'। ১৩। ঘ [illegible]। ১৪। ঘ-ঙ 'সর্ব্বে তে'।

পীত্বা কেচিদবধ্যন্ত মধুপালান্ বলীমুখাঃ।
অপরে মধুশিষ্টেন জঘ্নুরন্যোন্যমুৎকটাঃ ॥ ৯ ॥

অপরে বৃক্ষমূলেষু ব্যচেষ্টন্ত প্লবঙ্গমাঃ।
অত্যর্থমাশিতাঃ ক্লান্তাঃ পর্ণান্যাস্তীর্য্য শেরতে ॥ ১০ ॥

উন্মত্তভূতাঃ প্লবগা মধুপানপ্রহর্ষিতাঃ।
ক্ষীবাঃ কুর্ব্বন্তি হাস্যঞ্চ কলহাংশ্চ তথাপরে ॥ ১১ ॥

কেচিত্তালানকুর্ব্বন্ত ননৃতুশ্চ প্রহৃষ্টবৎ।
হরয়ো মধুনা মত্তাঃ কেচিৎ সুপ্তা মহীতলে ॥ ১২ ॥

৯। লো-টী। অবধ্যন্ত ঘ্নন্তঃ, মধুপালান্ মধুবনপালান্। 'অবিধ্যন্তে'তি পাঠে অতাড়য়ন্। মধুশিষ্টেন 'মধুসিক্থেনে'তি পাঠে স এবার্থঃ। 'সিক্থকন্তু মধূচ্ছিষ্ট'মিতি রত্নমালা।

১০। লো-টী। আশিতা ভুক্তাঃ। 'আসিতা' ইতি পাঠে উপবিষ্টাঃ।

১১। লো-টী। ক্ষীবা মত্তাঃ।

১২। লো-টী। তালান্ করাস্ফোটান্।

কোন কোন বানর মধু পান করিয়া মধুরক্ষকদিগকে আহত করিল, অন্য বানরগণ মধুপানে মত্ত হইয়া পানাবশিষ্ট মধুদ্বারা পরস্পর পরস্পরকে আঘাত করিল ॥ ৯ ॥

অপর বানরগণ বৃক্ষমূলে বিচরণ করিতে লাগিল, কেহ কেহ বা অত্যধিক মধুপানে ক্লান্ত হইয়া বৃক্ষপত্র বিস্তার করিয়া শয়ন করিল ॥ ১০ ॥

মধুপানে আনন্দিত বানরগণ উন্মত্ত হইয়া হাস্য করিতে লাগিল, কেহ কেহ বা পরস্পর কলহ করিতে লাগিল ॥ ১১ ॥

মধুপানমত্ত বানরগণ কেহ বা হাততালি দিতে লাগিল, কেহ বা আনন্দে নৃত্য করিতে লাগিল, কেহ বা ভূতলে শয়ন করিল ॥ ১২ ॥

১। ছ 'দধি-'। ২। ঘ '-পালা'। ৩। ঙ '-সিক্থেন'। ৪। ঙ-খ-গ 'জগ্মু-'। ৫। ছ 'ব্যচরন্ত', ঘ 'ব্যলম্বন্ত'। ৬। ঙ 'অত্যন্তমাশিতাঃ ক্লান্তাঃ', খ-গ 'অত্যন্তমাশ্রিতাঃ'। ৭। ছ 'সহসা'। ৮। খ 'বীরাঃ'। ৯। ছ-ঙ '-হক'। ১০। ছ '-লান্ প্রকু-', ঙ-গ 'তালাঙ্কুকু-', খ '-লান্ প্রকুর্ব্বন্তি কেচিন্ হাস্তি নৃত্ত-'।

উদ্ধৃত্য[1] চ তথা বৃক্ষাংস্তদ্বনং হরিযূথপাঃ।
অতৃপ্তবৎ পিবন্ত্যন্যে মধূনি মধুপিঙ্গলাঃ॥ ১৩॥

গায়ন্তি[2] কেচিৎ প্রবদন্তি কেচিৎ নৃত্যন্তি কেচিৎ প্রহসন্তি কেচিৎ।
পিবন্তি কেচিদ্ বিনদন্তি[3] কেচিৎ স্বপন্তি[4] কেচিৎ কথয়ন্তি[5] কেচিৎ॥ ১৪॥

পরস্পরং কেচিদপাশ্রয়ন্তে[6] ক্ষীবা দ্রুমাগ্রাৎ প্রপতন্তি কেচিৎ।
মহীতলাৎ কেচিদুদীর্ণবেগাঃ পুনদ্রু্মাগ্রান[7]ভিসংপতন্তি॥ ১৫॥

প্রতীপ[8]মন্যঃ প্রহসন্[9] নুপৈতি প্রসুপ্তমন্যঃ প্রপতন্[10] নুপৈতি।
প্রয়ান্তমন্যঃ[11] সহসাভ্যুপৈতি রুদন্তমন্যঃ প্ররুদন্ নুপৈতি॥ ১৬॥

১৩। লো-টী। উদ্ধৃত্য আকৃষ্য। অতৃপ্তবৎ অতৃপ্তা ইব। পিঙ্গলাঃ কপয়ো মধূনি মধ্বাখ্যানি পিবন্তি। 'মধু পুষ্পরসে ক্ষৌদ্রমদ্যে না তু মধুদ্রুমে' ইতি কোষঃ। যদ্বা, মধুনা মধুপানেন পিঙ্গলাঃ পিঙ্গলবর্ণাঃ, মধুবৎ পিঙ্গলা বা, 'পিঙ্গলা দিক্করিণ্যাং স্ত্রী নাম্নো বর্ণে কপৌ মুনা'বিতি কোষঃ।

১৪। লো-টী। প্রবদন্তীত্যত্র 'প্রণদন্তী'তি পাঠঃ সাধুজ্ঞঃ। প্রকর্ষেণ বদন্তীতি তদ্ব্যাখ্যানম্। বিনদন্তি বিবিধপ্রকারেণ নদন্তি।

১৫। লো-টী। উদীর্ণবেগা জাতবেগাঃ। অভিসংপতন্তি 'অভিসংপ্রবন্তী'তি পাঠঃ কচিৎ।

১৬। লো-টী। প্রতীপং অহিতম্। 'প্রতীপঃ খ্যাতঅহিতয়ো'রিতি কোষঃ।

মধুর ন্যায় পিঙ্গলবর্ণ কোন কোন বানরদলপতি সেই বনে প্রবেশ করিয়া বৃক্ষসকল উৎপাটিত করত অতৃপ্তিসহকারে মধু পান করিতে লাগিল॥ ১৩॥

[বানরদিগের মধ্যে] কেহ বা গান করিতে, কেহ বা বক্তৃতা দিতে, কেহ বা নৃত্য করিতে, কেহ বা হাসিতে, কেহ বা পান করিতে, কেহ বা আমোদ করিতে, কেহ বা আলাপ করিতে লাগিল॥ ১৪॥

কেহ কেহ পরস্পর পরস্পরকে জড়াইয়া ধরিতে লাগিল, কেহ বা মত্ত হইয়া বৃক্ষাগ্র হইতে ভূমিতে পতিত হইল এবং পুনরায় ভূমি হইতে বৃক্ষাগ্রে লম্ফপ্রদান করিতে লাগিল॥ ১৫॥

কেহ বা প্রতিকূল অন্য বানরের নিকট হাসিতে হাসিতে যাইতে লাগিল,

১। খ 'উদ্ধৃত্য' নাস্তি'। ২। খ 'কেচিন্নদন্তি গায়ন্তি নৃত্যন্তি চ হসন্তি চ'। ৩। জ 'বিলপন্তি'। ৪। ছ 'প্রস্বপন্তি'। ৫। খ 'চৈব'। ৬। চ-ত '-শ্রয়ন্তি', খ 'ক্রমন্তি'। ৭। ছ '-গ্রান্ প্রতি-'। ৮। ধ-ত '-প্রতীত-'। ৯। ছ '-প্রচর-'। ১০। 'প্ররুদন্ নুপৈতি'। ১১। ব 'প্রপাত-'।

সমাকুলং তৎ কপিসৈন্যমাসীন্মধুপ্রপানোৎকটসত্ত্বচেষ্টম্।[১]
ন তত্র কশ্চিন্ন বভূব মত্তো ন চাপি কশ্চিন্ন বভূব তৃপ্তঃ ॥ ১৭ ॥
ততো বনস্তৎ পরিভক্ষ্যমাণং[২] দ্রুমাংশ্চ বিভ্রংশিত[৩]পুষ্পপত্রান্[৪]।
সমীক্ষ্য তদ্বৈ দধিবক্ত্রনামা নিবারয়ামাস কপিঃ কপীংস্তান্ ॥ ১৮ ॥
স তৈঃ প্রমত্তৈঃ পরিভৎর্স্যমানো[৫] বনস্য গোপ্তা হরিবীরবৃদ্ধঃ।
চকার ভূয়ো মতিমুগ্রতেজা বনস্য রক্ষাং প্রতি বানরেষু ॥ ১৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে মধুবনবিধ্বংসনং নাম
একষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬১ ॥

১৭। লো টী। মধুপানোৎকটং সত্ত্বং বলং চেষ্টা চ যস্য তম্।
১৮। লো-টী। তৎ তদা, দধিবক্ত্র ইতি নাম যস্য স দধিনামবক্ত্রঃ। নামশব্দস্য মধ্যে নিপাত আর্ষঃ।
১৯। লো-টী। পরিবাধ্যমানৈরভিভূয়মানৈর্মধুবনপালকৈঃ সহ রক্ষাং প্রতি বানরেষু মতিং চকারেত্যর্থঃ।

মধুবনবিধ্বংসনম্ ॥ ৬১ ॥

কেহ বা নিদ্রিত অন্য বানরের নিকট, কেহ বা গমন করিতে উদ্যত অন্য বানরের নিকট হঠাৎ উপস্থিত হইল, অপর কেহ বা রোদনকারী অন্য বানরের নিকট রোদন করিতে করিতে যাইতে লাগিল ॥ ১৬ ॥

সেই বানরসৈন্যগণ মধুপানে মত্ত হইয়া ব্যাকুল হইয়াছিল। তাহাদের মধ্যে মত্ত হয় নাই এরূপ কেহ ছিল না এবং তৃপ্ত হইয়াছিল এরূপও কেহ ছিল না (অর্থাৎ সকলেই অপরিতৃপ্ত এবং মত্ত হইয়াছিল) ॥ ১৭ ॥

তদনন্তর দধিবক্ত্রনামক বানর সেই বন ভক্ষিত এবং বৃক্ষ-সকলের পত্র-পুষ্পাদি ছিন্ন দেখিয়া সেই বানরদিগকে বারণ করিলেন ॥ ১৮ ॥

বানরবীর বৃদ্ধ বনরক্ষক সেই দধিবক্ত্র উন্মত্ত বানরগণ কর্তৃক তিরস্কৃত হইয়াও পুনরায় বানরদিগের উপদ্রব হইতে বনরক্ষায় মনোযোগ দিলেন ॥ ১৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে মধুবনবিধ্বংস
নামক ৬১ম সর্গ সমাপ্ত ॥ ৬১ ॥

১। ঘ-ছ '-প্রহৃষ্টোৎ-'। ২। ছ 'প্রবিভজ্যমানং', ঙ 'পরিভজ্যমানং'। ৩। ছ-থ 'বিধ্বংসিত-'। ৪। ঘ-ছ-ঙ 'পত্রপুষ্পান্'। ৫। ছ 'প্রতিবাধ্যমানো', ঙ-দ 'পরিবাধ্যমানো'।

(৬২) দ্বিষষ্টিতমঃ সর্গঃ

মধু পীত্বা তু তে নাদান্ ব্যসৃজন্ত বলীমুখাঃ।
উপবিষ্টাস্তথা চান্যে [৩]জগ্মুরন্যে মদোৎকটাঃ ॥ ১

অপরে বৃক্ষশাখাসু ব্যলম্বন্ত বলীমুখাঃ।
[৪]ক্ষিপন্তি [৫]স্ম তথান্যোন্যং [৬]খেলন্তি স্ম পরস্পরম্ ॥ ২ ॥

[৭]তত্র যে মধুপালাশ্চ [৮]স্থিতা দধিমুখাজ্ঞয়া।
নাচিন্ত[৯]য়ংস্তদা সর্ব্বান্ [১০]বার্য্যমাণাঃ প্লবঙ্গমাঃ ॥ ৩ ॥

[১১]তে বিকৃষ্টাশ্চ বাহুভ্যাং দেবমার্গঞ্চ দর্শিতাঃ।
তাড্যমানা দিশঃ সর্ব্বা জগ্মু[১২]র্ভীতাঃ প্লবঙ্গমাঃ ॥ ৪ ॥

১। লো-টী। তে মধুপানকর্ত্তারঃ।

৪। লো-টী। বাহুভ্যাং বিকৃষ্টা আকৃষ্টাঃ। দেবমার্গং শূন্যং দর্শিতাঃ। দেবস্য মিত্রস্য সম্বন্ধী মার্গো দেবমার্গঃ, অধিষ্ঠাতৃভেদাৎ ইত্যর্থঃ। যদ্বা, দেবমার্গং নির্দ্দিষ্টমর্থঃ। "ব্যবহারপথে লিঙ্গে অপানমার্গে মহাপথে, ক্রীড়ামার্গং দেবমার্গং দৃষ্টমার্গং চ দর্শিতাঃ" ইতি নির্ঘণ্ট ইতি বিষমবোধঃ।

বানরগণ মধুপান করিয়া শব্দ করিতে লাগিল; কেহ কেহ বসিয়া রহিল এবং কেহ কেহ মধুপানে মত্ত হইয়া চলিয়া গেল ॥ ১ ॥

কেহ কেহ বৃক্ষের শাখায় ঝুলিয়া পড়িল, কতকগুলি বানর পরস্পর পরস্পরের নিন্দা করিতে লাগিল এবং পরস্পর ক্রীড়া করিতে লাগিল ॥ ২ ॥

দধিমুখ বানরের আদেশে যে সকল মধুরক্ষক সেখানে অবস্থান করিত, বানরগণ নিষিদ্ধ হইয়াও তাহাদিগের বিষয় চিন্তা করে নাই ॥ ৩ ॥

সেই বানরগণ উহাদিগকে বাহুদ্বারা আকর্ষণ করিয়া শূন্য প্রদর্শন-পূর্ব্বক বিতাড়িত করায় তাহারা ভয়ে চতুর্দ্দিকে পলাইয়া গেল ॥ ৪ ॥

১। ছ 'চ'। ২। খ 'শব্দান্', ঙ 'নাদং'। ৩। ঙ 'তস্থু-'। ৪। চ-খ 'খেলয়ন্তি'। ৫। খ-ঘ 'চৈ-'। ৬। ঙ 'খলয়ন্তি-', ও 'খেলয়ন্তি'। ৭। খ 'তে'। ৮। ঙ 'স্থিতাঃ'। ৯। ছ '-মুষ্ঠ তান্', ঙ '-মুষ্ঠং তান্'। ১০। ব '-মানান্ প্লবঙ্গমান্'। ১১। ছ 'তেঽপাকৃষ্টাশ্চ'। ১২। ঙ '-ভীতাঃ'।

অক্রবংশ্চ পরিত্রস্তা গত্বা দধিমুখস্তদা।
হনূমদঙ্গদাদ্যৈ[১]স্তৈর্হৃতং মধুবনং কপে[২] ॥ ৫ ॥

যদত্রানন্তরং কার্য্যং তদ্ ভবান্ কর্ত্তুমর্হতি।
বয়ং বিকৃষ্টা জানুভ্যাং[৩] দেবমার্গঞ্চ দর্শিতাঃ ॥ ৬ ॥

ততো দধিমুখঃ ক্রুদ্ধো বনপালাধিপস্তদা।
হতং মধুবনং শ্রুত্বা স তাংশ্চাশ্বাসয়ৎ[৪] কপীন্ ॥ ৭ ॥

এতাগচ্ছত[৫] গচ্ছামো বানরানতিদর্পিতান্[৬][৭]।
বলেন বারয়িষ্যামো[৮] ভক্ষমাণান্ মধূত্তমম্ ॥ ৮ ॥

শ্রুত্বা দধিমুখস্যৈতদ্বচনং বানরর্ষভাঃ[৯]।
পুনর্ম্মধুবনং বীরাস্তেনৈব সহিতা যযুঃ ॥ ৯ ॥

৬। লো-টী। জানুভ্যামিতি ভূমৌ জানুনী নিপাত্য দর্শিতাঃ।
৭। লো-টী। তাংস্তাড়িতান্।
৮। লো টী। এতাগচ্ছত আগচ্ছতাগচ্ছতেতি সম্ভ্রমে দ্বিরুক্তিঃ।

তাহারা ভীত হইয়া দধিমুখ-সমীপে গমন করিয়া বলিল—'হনূমান্ ও অঙ্গদ প্রভৃতি বানরগণ মধুবন বিনষ্ট করিয়াছে ॥ ৫ ॥

এ বিষয়ে যাহা কর্ত্তব্য তাহা আপনি করিতে পারেন; তাহারা আমাদের হাটু ধরিয়া আকর্ষণ করিয়া আমাদিগকে স্বর্গ প্রদর্শন করিয়াছে' ॥ ৬ ॥

তদনন্তর বনপালস্বামী দধিমুখ মধুবন বিনষ্ট হইয়াছে শুনিয়া ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে আশ্বস্ত করিলেন ॥ ৭ ॥

[তিনি বলিলেন—] 'এস এস, আমরা যাই, উৎকৃষ্টমধু-ভক্ষণকারী অত্যন্ত গর্ব্বিত সেই বানরদিগকে বলপূর্ব্বক বারণ করিব' ॥ ৮ ॥

শ্রেষ্ঠ বানরগণ দধিমুখের এই কথা শুনিয়া তাহার সহিত পুনরায় মধুবনে গমন করিল ॥ ৯ ॥

১। ঙ 'দ্যৈস্তৈ হৃতং', চ 'দ্যৈশ্চ হৃতং'। ২। ঘ 'হরে'। ৩। ঘ 'বাহুভ্যাং'। ৪। ঙ 'তাংস্তেবাশ্বাসয়ৎ'। ৫। ঙ 'সমাগচ্ছত' ঙ-ঘ 'হ্যাগচ্ছত'। ৬। খ-ঘ '-রান্ ব-া-'। ৭। খ-ঙ '-গর্ব্বিতান্'। ৮। খ-ঙ 'বারয়ি-'। ৯। ঘ 'বানরর্ষভাঃ'।

মধ্যে তেষাং দধিমুখো গৃহীত্বা পাদপোত্তমম্ ।

[১] সমভ্যধাবদ্ বেগেন সহ তৈঃ প্লবগোত্তমৈঃ ॥ ১০ ॥

তে [২] লতাঃ [৩] পাদপাংশ্চৈব [৪] পাষাণানপি বানরাঃ ।

গৃহীত্বাভ্যদ্রবন্ ক্রুদ্ধা যত্র তে হরিপুঙ্গবাঃ [৫] ॥ ১১ ॥

[৬] তে স্বামিবচনং বীরা হৃদয়েষ্ববসজ্য বৈ ।

হরীংস্তানভ্যধাবন্ত [৭] সালতালশিলায়ুধাঃ ॥ ১২ ॥

[৮] অথ দৃষ্ট্বা দধিমুখং ক্রুদ্ধং বানরপুঙ্গবাঃ [৯] ।

অভ্যধাবন্ত সংক্রুদ্ধা হনূমৎপ্রমুখাস্তদা ॥ ১৩ ॥

তং সবৃক্ষং মহাবাহুম্[১০]আপতন্তং মহাবলঃ [১১] ।

বেগবন্তং নিজগ্রাহ ভুজাভ্যাং [১২] কুপিতোঽঙ্গদঃ ॥ ১৪ ॥

১১। লো-টী। হরিপুঙ্গবা হনুমদাদয়ঃ।

১২। লো-টী। স্বামিনোঽঙ্গদস্য বচনমবসজ্য অবধায়, তে হনুমদাদয়ঃ ।

তাহাদের মধ্যে দধিমুখ বিশাল এক বৃক্ষ গ্রহণ করিয়া সেই বানরদিগের সহিত বেগে ধাবিত হইলেন ॥ ১০ ॥

সেই বানরগণ ক্রুদ্ধ হইয়া বৃক্ষ, লতা এবং প্রস্তর গ্রহণ করত যেখানে সেই শ্রেষ্ঠ বানরগণ [অবস্থান করিতেছিলেন] সেইখানে দ্রুত গমন করিল ॥ ১১ ॥

সেই বীরগণ প্রভুর আজ্ঞা হৃদয়ে ধারণ করিয়া শাল, তাল এবং শিলারূপ অস্ত্র গ্রহণ করত বানরদিগের উদ্দেশ্যে ধাবিত হইলেন ॥ ১২ ॥

অনন্তর দধিমুখ-বানরকে ক্রুদ্ধ দেখিয়া হনূমান্ প্রমুখ শ্রেষ্ঠ বানরগণ ক্রুদ্ধ হইয়া উহার প্রতি ধাবিত হইলেন ॥ ১৩ ॥

মহাবলশালী অঙ্গদ ক্রুদ্ধ হইয়া বৃক্ষের সহিত আগত বেগবান্ বীর দধিমুখকে দুই বাহুদ্বারা বলপূর্ব্বক গ্রহণ করিলেন ॥ ১৪ ॥

১। ধ 'সমেত্য বাহবে-'। ২। ধ 'তেন তৈঃ'। ৩। দ 'লতাপাদপ-'। ৪। ত '-পাস্তত্র'। ৫। ঘ '-সত্তমাঃ', দ '-যূথপাঃ'। ৬। থ-পুস্তকে অয়ং শ্লোকঃ ত্রয়োদশশ্লোকপূর্ব্বাৰ্দ্ধঞ্চ নাস্তি। ৭। চ 'শাল-'। ৮। ঘ 'ততো'। ৯ ঘ '-কুঞ্জরাঃ'। ১০। ছ-ত '-রাপ-'। ১১। চ থ-দ '-বলম্'। ১২। ঘ 'বাহুভ্যাং'।

মদান্ধোঽপি[1] কৃপাঙ্কক্রে[2] আর্য্যকোঽয়মিতি স্মরন্।
অথৈনং নিষ্পিপেষাশু বেগবান্[3] ধরণীতলে[4] ॥ ১৫ ॥
স ভগ্নবাহূরুমুখো বিহ্বলঃ শোণিতোক্ষিতঃ[5]।
সংমুমোহ[6] মহাবীর্য্যো মুহূর্ত্তং কপিকুঞ্জরঃ ॥ ১৬ ॥
স সমাশ্বাস্য[7] বলবান্ সংক্রুদ্ধো রাজমাতুলঃ।
বানরান্ বারয়ামাস হঠেন মধুরেণ[8] চ ॥ ১৭ ॥
উবাচ কাংশ্চিন্মধুরাণি বাচা সংযুক্ত[9]মন্যাংশ্চ তলৈর্জ্জঘান।
সমেত্য কাংশ্চিৎ কলহাং[10]শ্চকার ন চৈব তত্রোপজগাম কাংশ্চিৎ[11] ॥ ১৮ ॥

১৫। লো-টী। আর্য্যকোঽয়ং মান্যোঽয়মিতি স্মরন্। তথা তথাপি। 'অথে'তি পাঠে অথাপি। বেগবানঙ্গদঃ।

১৭। লো-টী। হঠেন নিষ্ঠুরবচসা, মধুরেণ মধুরবচসা।

১৮। লো-টী। বাচা সংযুক্তমুচিতং যথা ভবতি তথা, মধুরাণি বাক্যানি। 'সংসক্ত'মিতি পাঠঃ ক্বচিৎ। অর্থঃ স এব। তলৈঃ করতলৈঃ, অন্যান্ দীনবলান্, কাংশ্চিৎ সমবলান্, সমেত্য প্রাপ্য, তত্র তদা কাংশ্চিৎ মহাবলান্ ন উপজগাম, তেষাং সমীপেঽপি ন জগামেত্যর্থঃ।

'এই দধিমুখ মদান্ধ হইলেও আমার মাননীয়', ইহা মনে করিয়া প্রথমে কৃপা করিয়াছিলেন, অনন্তর বলবান্ অঙ্গদ উঁহাকে ভূতলে নিষ্পেষিত করিলেন ॥ ১৫ ॥

মহাবীর সেই কপিকুঞ্জর দধিমুখ বাহু উরু এবং মুখে আহত হওয়ায় রক্তাক্ত কলেবরে বিহ্বল হইয়া মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥ ১৬ ॥

ক্রুদ্ধ বলবান্ রাজমাতুল দধিমুখ আশ্বস্ত হইয়া ঔদ্ধত্য-সহকারে অথচ মধুর বাক্যে বানরদিগকে বারণ করিলেন ॥ ১৭ ॥

দধিমুখ কোন কোন বানরের প্রতি মধুর বাক্য প্রয়োগ করিলেন, অন্য বানরদিগকে চপেটাঘাতে নিহত করিলেন, অপর বানরদিগের সমীপে গমন করিয়া বিবাদ করিলেন; এবং [অধিক বলশালী] কোন কোন বানরের নিকট গমনই করিলেন না ॥ ১৮ ॥

১। ঘ-ঙ 'দয়াঞ্চক্রে'। ২। ঘ-থ 'আর্য্যঃ কোঽয়-'। ৩। ছ 'বেগেন বসুধা-'। ৪। ঙ-থ-দ 'বসুধা-'। ৫। থ '-তক্ষতঃ'। ৬। থ 'মুমোহ চ'। ৭। ছ 'তমা-'। ৮। থ 'স্বরেণ'। ৯। ছ-থ 'সংসক্ত-'। ১০। ছ-ঙ-থ-দ '-হক-'। ১১। ছ 'কশ্চিৎ'।

স তৈর্ম্মদাদপ্রতিবার্য্যবেগৈর্বলাচ্চ তেনোপনিবার্য্যমাণৈঃ।
প্রহৃষিতৈস্ত্যক্তভয়ৈঃ সমেত্য প্রকৃষ্যতাকৃষ্যত[1] চানপেক্ষৈঃ[2] ॥ ১৯ ॥

নখৈস্তুদন্তো দশনৈর্দ্দশন্তস্তলৈশ্চ পাদৈশ্চ হি তাড়য়ন্তঃ।
মহাকপিং তে কপয়ঃ সমেতা মহাবলং নির্ব্বিষয়ং প্রচক্রুঃ ॥ ২০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে দধিমুখনিবারণং
নাম দ্বিষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬২ ॥

১৯। লো-টী। স দধিমুখস্তৈর্বানরৈঃ সমেত্য মিলিত্বা আকৃষ্যত। তৈঃ কিম্ভূতৈঃ? তেন দধিমুখেন উপবার্য্যমাণৈঃ। তেন কিম্ভূতেন? প্রকৃষ্যতা তানাকর্ষয়িতুমিচ্ছতা।

২০। লো-টী। তলৈশ্চপেটৈঃ নির্বিষয়ং বাসশূন্যং প্রচক্রমুশ্চক্রুঃ। যদ্বা, নির্ব্বিষয়ং যথা ভবতি তথা হত্বা জগ্মুঃ।

দধিমুখনিবারণম্ ॥ ৬২ ॥

দধিমুখ এবং তৎকর্তৃক নিষিদ্ধ হইয়াও মত্তভাবশতঃ অপ্রতিরুদ্ধবেগশালী নির্ভীক নিরপেক্ষ ও আনন্দিত সেই বানরগণ পরস্পর পরস্পরকে আকর্ষণ করিতে লাগিলেন ॥ ১৯ ॥

সেই কপিগণ মিলিত হইয়া নখদ্বারা বিদারণ, দন্তদ্বারা দংশন এবং চপেটাঘাত ও পাদপ্রহারদ্বারা উৎপীড়িত করত সেই বলশালী বানরপুঙ্গবকে বিতাড়িত করিলেন ॥ ২০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে দধিমুখনিবারণ
নামক ৬২শ সর্গ সমাপ্ত ॥ ৬২ ॥

১। ঘ-ছ '-ক্ষিপ্যত'। ২। ঙ 'বানরকৈঃ'।

(৬৩) ত্রিষষ্টিতমঃ সর্গঃ

স কথঞ্চিদ্বিমুক্তস্তৈর্বানরৈর্বানরর্ষভঃ।[1]
উবাচৈকান্তমাসাদ্য[2] ভৃত্যাংস্তান্[3] সমুপাগতান্ ॥ ১ ॥

সমাগচ্ছত গচ্ছামো ভর্ত্তা নো যত্র বানরাঃ।
সুগ্রীবো বিপুলগ্রীবো রামেণ সহ ধীমতা ॥ ২ ॥

[4]ইমং সর্ব্বেঽঙ্গদে দোষং শ্রাবয়ামোঽদ্য বানরাঃ।
[5]অমর্ষী ন হি নঃ শ্রুত্বা ধর্ষণাং[6] মর্ষয়িষ্যতি ॥ ৩ ॥

[7]ইষ্টং মধুবনং হ্যেতৎ সুগ্রীবস্য মহাত্মনঃ।
[8]পিতৃপৈতামহং দিব্যং দেবৈরপি[9] দুরাসদম্ ॥ ৪ ॥

৩। লো-টী। অমর্ষী ক্রুদ্ধঃ, নোঽস্মাকং পরাভবং শ্রুত্বা ন হি মর্ষয়িষ্যতি। 'ধর্ষণং স্যাৎ পরিভবে রতেঽসত্যাং তু ধর্ষণী'তি কোষঃ। 'ধর্ষণা'মিতি চ কচিৎ পাঠঃ।

সেই বানরশ্রেষ্ঠ দধিমুখ কোন প্রকারে বানরগণকর্ত্তৃক মুক্ত হইয়া নির্জ্জনে আসিয়া উপস্থিত ভৃত্যবর্গকে বলিলেন— ॥ ১ ॥

বানরগণ, এস, বিশালগ্রীবাবিশিষ্ট আমাদের প্রভু সুগ্রীব ধীমান্ রামচন্দ্রের সহিত যেখানে অবস্থান করিতেছেন সেইখানে যাই ॥ ২ ॥

অদ্য আমরা সকলে সুগ্রীবকে অঙ্গদের এই অন্যায়ের কথা শুনাইব। তিনি আমাদের পরাভবের কথা শুনিয়া ক্রুদ্ধ হইয়া নিশ্চয়ই [উহাদিগকে] ক্ষমা করিবেন না ॥ ৩ ॥

দেবগণকর্ত্তৃকও অধর্ষিত পিতৃ-পিতামহের এই মনোহর মধুবন মহাত্মা সুগ্রীবের প্রিয় ॥ ৪ ॥

১। খ '-ক্রান্তৈ-'। ২। ছ '-মাগম্য', ণ '-মাগত্য'। ৩। দ 'হরীংস্তান্'। ৪। ণ 'ইমে'। ৫। দ 'স সর্ব্বান্'। ৬। ক 'ধর্ষণং'। ৭। ত 'দৃষ্টং'। ৮। ঘ-ত 'পীত্বা'। ৯। ছ-ত-ণ-দ 'দৈবতৈরপ্যধর্ষিতম্'।

স বানরানিমান্ সর্ব্বান্ মধুলুব্ধান্ গতায়ুষঃ।
ঘাতয়িষ্যতি দণ্ডেন সুগ্রীবঃ সসুহৃদ্‌গণান্ ॥ ৫ ॥
বধ্যা হ্যেতে দুরাত্মানো নৃপাজ্ঞাপরিঘাতিনঃ[১]।
ধর্ষণামর্ষিতো রাজা সর্ব্বান্ বৈ ঘাতয়িষ্যতি[২] ॥ ৬ ॥
এবমুক্ত্বা দধিমুখো বনপালো মহাবলঃ।
বানরৈঃ সহ তৈঃ[৩] সর্ব্বৈর্জগাম হরিযূথপঃ ॥ ৭ ॥
নিমেষান্তরমাত্রেণ স চ[৪] প্রাপ্তো বনেচরঃ[৫]।
যত্রাস্তে সহ রামেণ সুগ্রীবঃ সহলক্ষ্মণঃ[৬] ॥ ৮ ॥
রাঘবং লক্ষ্মণঞ্চৈব দৃষ্ট্বা[৭] সুগ্রীবমেব চ।
সর্ব্বপ্রতিষ্ঠাং জগতীমাকাশান্নিপপাত হ ॥ ৯ ॥

৫। লো-টী। স সুগ্রীব ইত্যন্বয়ঃ।
৬। লো-টী। ধর্ষণামর্ষিতঃ ধর্ষণেন পরিভবেণামর্ষিতঃ ক্রুদ্ধঃ।
৯। লো-টী। সর্ব্বপ্রতিষ্ঠাং সর্ব্বে স্থাবরজঙ্গমাঃ প্রতিতিষ্ঠন্ত্যস্যামিতি সর্ব্বাধারাং জগতীং পৃথ্বীম্।

সেই সুগ্রীব এই আসন্নমৃত্যু মধুলোভী বানরদিগকে বন্ধুবান্ধবসহ দণ্ডদ্বারা নিহত করিবেন ॥ ৫ ॥

রাজার আদেশ-লঙ্ঘনকারী এই দুষ্টস্বভাব বানরগণ অবশ্যই বধযোগ্য; পরাভব-ক্রুদ্ধ মহারাজ সুগ্রীব নিশ্চয়ই ইহাদের সকলকে নিহত করিবেন ॥ ৬ ॥

বনপালক মহাবীর দধিমুখ এইরূপ বলিয়া সেই সকল বানরের সহিত গমন করিলেন ॥ ৭ ॥

সেই দধিমুখ বানর যেখানে রাম এবং লক্ষ্মণের সহিত সুগ্রীব অবস্থান করিতেছিলেন, সেই স্থানে নিমেষমধ্যে উপস্থিত হইয়া রাম, সুগ্রীব এবং লক্ষ্মণকে দেখিয়া আকাশ হইতে ভূতলে অবতরণ করিলেন ॥ ৮-৯ ॥

১। ঘ 'রাজাজ্ঞাপরিঘাতিনঃ'। ২। ঙ 'নাশয়িষ্যতি'। ৩। খ-ঙ 'সহিতৈঃ', ছ 'সহিতঃ', ঘ ঙ 'সহিতৈঃ'। ৪। ছ 'তু'। ৫। ঙ 'বনেচরঃ'। ৬। গ '-লক্ষ্মণঃ সলক্ষ্মণঃ'। ৭। খ 'সহসুগ্রীবং লক্ষ্মণঞ্চ নিরীক্ষ্য সঃ'।

১
সন্নিপত্য মহাবাহুঃ সর্ব্বৈস্তৈঃ পরিবারিতঃ।
হরির্দ্দধিমুখঃ পালৈর্ব্বনপালাধিপস্তদা ॥ ১০ ॥
স দীনবদনস্তত্র কৃত্বা শিরসি চাঞ্জলিম্।
সুগ্রীবস্য শুভৌ মূর্দ্ধ্না চরণৌ প্রত্যপীড়য়ৎ ॥ ১১ ॥

২ ৩ ৪
স তৈঃ কথঞ্চিৎ কপিভির্বিমুক্তঃ সমেত্য রাজ্ঞা হরিযূথপেন।
৫
নিবেদয়ামাস বনঞ্চ ভগ্নং মধূনি মুখ্যানি চ ভক্ষিতানি ॥ ১২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে দধিমুখবাক্যং নাম
ত্রিষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৩ ॥

১০। লো-টী। তৈঃ কপিভিরঙ্গদাদিভিঃ।

১২। লো-টী। কথঞ্চিদ্ বিমুক্তস্তাক্তঃ স দধিমুখঃ রাজ্ঞা সহ সমেত্য মিলিত্বা নিবেদয়ামাস সুগ্রীবমিতি শেষঃ। 'রাজ্ঞে'তি পাঠে রাজানম্।

মধুবনবিধ্বংসনে ? ॥ ৬৩ ॥

বনপালাধিপ মহাবাহু দধিমুখ সেই সকল বনরক্ষক বানরের সহিত [ভূতলে] নিপতিত হইয়া বিষণ্ণবদনে মস্তকে অঞ্জলি বন্ধন করত সুগ্রীবের মঙ্গলময় চরণযুগলে প্রণত হইলেন ॥ ১০-১১ ॥

কোনরূপে সেই বানরগণের হাত হইতে মুক্তি পাইয়া 'দধিমুখ' রাজা সুগ্রীবের সহিত মিলিত হইয়া তাঁহার নিকট বনভঙ্গ এবং সমস্ত উৎকৃষ্ট মধু ভক্ষণের কথা নিবেদন করিলেন ॥ ১২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে দধিমুখবাক্য-নামক
৬৩ম সর্গ সমাপ্ত ॥ ৬৩ ॥

১। ছ 'স নি-'। ২। ক-ঙ-পুস্তকয়োরয়ং শ্লোকো নাস্তি। ৩। ঘ-দ 'রাজ্ঞে'। ৪। থ '-যূথপস্ত'। ৫। ঘ-ছ 'তৈত্রেব চ'।

(৬৪) চতুঃষষ্টিতমঃ সর্গঃ

ততো মূর্ধ্না[১] নিপতিতং বানরং স হরীশ্বরঃ[২]।
দৃষ্ট্বৈবোদ্বিগ্নহৃদয়ং[৩] বাক্যমেতদুবাচ হ ॥ ১ ॥

উত্তিষ্ঠোত্তিষ্ঠ কস্মাত্ত্বং পাদয়োঃ পতিতো মম।
দদামি[৪] তেঽভয়ং বীর[৫] তত্ত্বমেবাভিধীয়তাম্ ॥ ২ ॥

কিং সম্ভ্রমাদ্ বিবক্ষুস্ত্বং[৬] ব্রূহি যন্মনসেচ্ছসি।
কচ্চিন্মধুবনে স্বস্তি শ্রোতুমিচ্ছামি বানর ॥ ৩ ॥

স তু প্রশ্বাসিতস্তেন[৭] সুগ্রীবেণ মহাত্মনা।
উত্থায়েদং মহাপ্রাজ্ঞো বাক্যং দধিমুখোঽব্রবীৎ ॥ ৪ ॥

১। লো-টী। অবিমগ্নহৃদয়ম্। ? । অনুদ্বিগ্নহৃদয়ম্।

২। লো-টী। 'দদামি তেঽভয়ং বীর' ইতি পাঠঃ ক্বচিৎ, ক্বচিত্তু 'অভয়ং দদামি তে বীর' ইতি নবাক্ষরঃ। সংভ্রমাদ্ ভয়াৎ।

অনন্তর বানররাজ সুগ্রীব দধিমুখকে অবনতমস্তক দেখিয়া উদ্বিগ্নচিত্তে এই কথা বলিলেন— ॥ ১ ॥

উঠ উঠ, কিহেতু তুমি আমার পায়ে পতিত হইয়াছ ? হে বীর, তোমাকে অভয় দিতেছি, প্রকৃত সংবাদ জ্ঞাপন কর ॥ ২ ॥

তুমি ভীত হইয়া কি বলিতে ইচ্ছা করিতেছ ? যাহা বলিতে ইচ্ছা কর তাহা বল। বানর ! আমি শুনিতে ইচ্ছা করি—মধুবনের মঙ্গল ত ? ॥ ৩ ॥

মহাত্মা সুগ্রীব আশ্বাসদান করিলে প্রাজ্ঞ দধিমুখ উঠিয়া এই কথা বলিলেন— ॥ ৪ ॥

১। ঘ '-মূর্চ্ছিপ-'। ২। দ 'কপী-'। ৩। ছ-ঘ-দ 'যো'। ৪। ছ '-ময়ু দদামীহ', ক 'অভয়ং দদামি হে বীর'। ৫। ঘ 'সন্তাপে-'। ৬। ঘ-ঙ 'যবক্ত মহসি'। ৭। -ঘ-ঙ 'বিশ্বাসিত-', ত 'বিশ্বাবিত-'।

যদৃক্ষ[১]পতিনা তাত ন ত্বয়া নাপি বালিনা[২]।
বনং প্রধৃষ্টপূর্ব্বং হি[৩] বানরৈস্তদ্বিনাশিতম্ ॥ ৫ ॥

অঙ্গদঃ সহিতৈঃ[৪] সর্ব্বৈর্হনুমৎপ্রমুখৈঃ[৫] কপিঃ।
দৃষ্ট্বা মধূন্যপাস্যৈব সর্ব্বানস্মানভক্ষয়ৎ ॥ ৬ ॥

ময়া চৈতৈঃ[৬] সমেতেন বানরৈর্ব্বানরাধিপ[৭]।
প্রতিষিদ্ধা অনাদৃত্য[৮] ভক্ষয়ন্তি স্ম বানরাঃ[৯] ॥ ৭ ॥

অহন্তু[১০] সংরক্ততরস্তথা তৈর্নাশিতে বনে[১১]।
বারয়ামি স্ম বাহুভ্যাং সহ তৈর্বনগোচরৈঃ[১২] ॥ ৮ ॥

৫। গো-টী। ঋক্ষঃ কিষ্কিন্ধ্যাপতিঃ, ত্বয়েতি ভবতা সুগ্রীবেণ। ঋক্ষকপতিনা বা। 'ঋক্ষঃ পর্ব্বতভেদে স্যাদ্ ভল্লুকে শোণকে পুমানি'তি কোষঃ। প্রধৃষ্টপূর্ব্বম্ অনাশিতপূর্ব্বম্। 'অধৃষ্টং পূর্ব্বমি'তি পাঠে স এবার্থঃ।

৬। গো-টী। অস্মান্ দৃষ্ট্বা, অস্মানপাস্য বহির্নিষ্কাস্য।

৮। গো-টী। সংরক্ততরোঽতিক্রুদ্ধঃ।

প্রভু বানররাজ, আপনি অথবা বালী যে বন পূর্ব্বে বিনষ্ট করেন নাই, সেই বন বানরগণ নষ্ট করিয়াছে ॥ ৫ ॥

অঙ্গদ হনুমান্ প্রভৃতি বানরগণের সহিত আমাদিগকে দেখিয়া তাড়াইয়া দিয়া সমস্ত মধু পান করিয়াছেন ॥ ৬ ॥

বানররাজ, এই বানরদিগের সহিত আমি তাহাদিগকে বারণ করিলেও তাহারা [আমার বারণ] অগ্রাহ্য করিয়া [মধু] ভক্ষণ করিয়াছেন ॥ ৭ ॥

তাহারা বন বিনষ্ট করিলে অধিকতর ক্রুদ্ধ হইয়া ঐ সকল বানরের সহিত আমি বাহুদ্বারা বারণ করিয়াছিলাম ॥ ৮ ॥

১। ছ-ঙ-ঝ 'ঋক্ষকপ-', ধ 'সঋক্ষ-'। ২। ঘ-ছ 'বালিনাপি বা'। ৩। ঙ ধ 'প্রধৃষ্ট-', ঝ 'প্রমৃষ্টং সর্ব্বং'। ৪। ধ '-দৈঃ'। ৫। ছ-ঙ '-ঙ্গেরাপ'। ৬। ঙ ঝ 'চ তেঃ', ধ 'চৈতৎ-'। ৭। ঘ-ধ '-পাঃ'। ৮। ঘ-ছ 'হ্যনাদৃত্য', ধ '-ক্ষাননাদৃত্য'। ৯। ধ 'বানরান্'। ১০। ধ 'অহন্তু'। ১১। ঘ-ধ 'চ নাশিতং বনম্'। ১২। ঘ-ছ 'সংহতৈঃ', ধ 'সহৈভির্ব্বন-', ঝ 'সহিতৈ-'।

[১]
ততস্তৈর্বহুভির্ভীমৈর্বানরৈরঙ্গদেন চ।

সংরক্তনয়নৈঃ ক্রোধাদহমুৎপত্য তাড়িতঃ ॥ ৯ ॥

[২]
দন্তৈঃ খাদন্তি কেচিচ্চ ভর্ৎসয়ন্তি স্ম চাপরে।

[৩]
অস্ফুরন্নপরে রোষাদ্ ভ্রূক্ষেপৈশ্চাপ্যতর্জ্জয়ন্ ॥ ১০ ॥

[৪]
জানুভ্যাং নিহতাঃ কেচিৎ কেচিন্মুষ্টিভিরাহতাঃ।

[৫]
প্রকৃষ্টাশ্চ যথাকামং দেবমার্গঞ্চ দর্শিতাঃ ॥ ১১ ॥

[৬] [৭]
ইত্যেবমতিসংক্রুদ্ধাঃ সংপ্রহারমকুর্ব্বত।

[৮] [৯]
তে সর্ব্বে পরমক্রুদ্ধা বনপালাশ্চ মামকাঃ ॥ ১২ ॥

[১০] [১১]
এবমেতে হতাঃ শূরৈস্ত্বয়ি তিষ্ঠতি ভর্ত্তরি।

[১২] [১৩]
কৃৎস্নং মধুবনঞ্চৈব প্রকামং তব ভক্ষিতম্ ॥ ১৩ ॥

১০। লো টী। দন্তৈঃ খাদন্তি অস্মান্ অস্মানিতি শেষঃ। অস্ফুরন্ ক্রোধব্যঞ্জনমকুর্ব্বন্নিত্যর্থঃ।

১১। গো-টী। প্রকৃষ্টা আকর্ষিতাঃ, দেবমার্গঃ গুদম্।

অনন্তর বহুসংখ্যক ভয়ঙ্কর বানর এবং অঙ্গদ ক্রোধে চক্ষু রক্তবর্ণ করিয়া উল্লম্ফনপূর্ব্বক আমাকে বিতাড়িত করিয়াছেন ॥ ৯ ॥

কোন কোন বানর দন্তদ্বারা দংশন করিয়াছে, কেহ কেহ ভর্ৎসনা করিয়াছে এবং কেহ কেহ ক্রোধে কম্পিত হইয়া ভ্রূকুটীদ্বারা তর্জ্জন করিয়াছে ॥ ১০ ॥

[আমাদের মধ্যে] কেহ কেহ জানু-প্রহারে নিহত হইয়াছে, কেহ কেহ মুষ্ট্যাঘাতে আহত হইয়াছে, কেহ কেহ যথেচ্ছভাবে আকৃষ্ট হইয়া গুহ্যস্থান প্রদর্শনপূর্ব্বক অবজ্ঞাত হইয়াছে ॥ ১১ ॥

এইরূপে অতিশয় ক্রুদ্ধ সেই বানরেরা [আমাদের উপর] প্রহার করিয়াছে, [সেই হেতু] আমার এই সকল বনরক্ষক অত্যন্ত ক্রুদ্ধ হইয়াছে ॥ ১২ ॥

আপনার মত প্রভু বর্ত্তমান থাকিতে সেই বীরগণকর্ত্তৃক ইহারা প্রহৃত হইয়াছে এবং আপনার প্রিয় মধুবন সম্পূর্ণরূপে ভক্ষিত হইয়াছে ॥ ১৩ ॥

১। চ '-র্ভীমৈ-'। ২। ঙ 'তথাপরে'। ৩। খ 'প্রস্ফুরন্নয়নৈ-', গ-ঙ 'অস্ফুরন্নয়নৈ-'। ৪। ঘ-ঙ 'জানুভ্যাং'। ৫। চ 'প্রকৃষ্টা নৃপপাঃ কামং', ঙ দ 'প্রকৃষ্টাশ্চ যথা-'। ৬। ঙ-খ '-মতি-'। ৭। ঙ '-প্রহারানকুর্ব্বত'। ৮। চ 'তৈঃ সর্ব্বৈঃ পরমক্রুদ্ধৈর্বন-',। ৯। ঘ-খ '-পালাঃ সমাগতাঃ'। ১০। চ 'এবং তৈর্বি-'। ১১। খ '-র্বেগৈঃ'। ১২। চ-দ 'তত্র'। ১৩। খ 'নাশিতম্'।

এবং বিজ্ঞাপ্যমানস্তং সুগ্রীবং বানরর্ষভম্[1] ।
অপৃচ্ছত[2] মহাবীর্য্যো[3] লক্ষ্মণঃ পরবীরহা ॥ ১৪ ॥

কিময়ং বানরো রাজন্ বনপালঃ সমাগতঃ ।
কঙ্কার্থমভিনির্দ্দিশ্য[4] দুঃখিতো বাক্যমব্রবীৎ ॥ ১৫ ॥

এবমুক্তস্তু সুগ্রীবো লক্ষ্মণেন মহাত্মনা[5] ।
লক্ষ্মণং প্রত্যুবাচেদং বাক্যং বাক্যবিশারদঃ[6] ॥ ১৬ ॥

অঙ্গদপ্রমুখৈর্ব্বীরৈর্হৃতং মধুবনং মম ।
বিচিত্য দক্ষিণামাশামাগতৈর্হরিযূথপৈঃ[7] ॥ ১৭ ॥

আগত্যৈব[8] প্রবিষ্টস্তু[9] তথা[10] মধুবনং মহৎ[11] ।
অঙ্গদো বানরৈঃ সর্ব্বৈর্হনুমৎপ্রমুখৈর্বৃতঃ[12] ॥ ১৮ ॥

১৫। লো-টী। কিং কিমর্থম্।
১৭। লো-টী। বিচিত্য অন্বেষ্য। 'বিচিত্যো' অপি ক্বচিৎ পাঠঃ।

বানরর্ষভ সুগ্রীবের নিকট এইরূপ নিবেদন করিলে শত্রুসংহারক মহাবীর লক্ষ্মণ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন— ॥ ১৪ ॥

রাজন্, এই বনরক্ষক বানর কিজন্য আসিয়াছে এবং কোন্ বিষয় উল্লেখ করিয়া দুঃখিত হইয়া কথা বলিল ? ॥ ১৫ ॥

মহাত্মা লক্ষ্মণকর্তৃক এইরূপ পৃষ্ট হইয়া বাগ্মী সুগ্রীব তাঁহাকে প্রত্যুত্তর করিলেন— ॥ ১৬ ॥

দক্ষিণ দিক্ অন্বেষণ করিয়া প্রত্যাগত অঙ্গদপ্রভৃতি বীর বানরদলপতিগণ আমার মধুবন বিনষ্ট করিয়াছে ॥ ১৭ ॥

অঙ্গদ আসিয়াই হনূমান্ প্রভৃতি বানরগণে পরিবৃত হইয়া বিশাল মধুবনে প্রবেশ করিয়াছে ॥ ১৮ ॥

১। গ 'প্লবগাধিপম্'। ২। ঙ 'আপৃ-'। ৩। ক '-প্রাজ্ঞো', খ '-বাহুশ্-'। ৪। ছ 'কং বার্থ-', ক 'কিকার্য-'। ৫। খ 'সুসংহৃতঃ'। ৬। গ '-বিদাং বরঃ'। ৭। ঘ '-পুঙ্গবৈঃ'। ৮। ঙ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৯। খ '-ত্যাচ'। ১০। ছ-খ 'প্রবিষ্টশ্চ', দ 'প্রহৃষ্টস্তু'। ১১। ঘ 'মম'। ১২। ঘ-খ '-বৈঃ সহ'।

নাশিতঞ্চ বনং সর্ব্বমুপভুক্তঞ্চ[1] বানরৈঃ।
বার্য্যমাণৈশ্চ সংকৃষ্টাঃ[2] পালা[3] জানুভিরাহতাঃ[4] ॥ ১৯ ॥

এতং[5] সর্ব্বময়ং বক্তুং প্রাপ্তো মধুবনপ্রভুঃ[6]।
দধিপূর্ব্বমুখো নাম্না হরিঃ[7] প্রখ্যাতবিক্রমঃ ॥ ২০ ॥

অনাদৃত্য প্রবিষ্টস্তু[8] যথা মধুবনং মম[9]।
অঙ্গদো বানরৈঃ সর্ব্বৈর্হনুমৎপ্রমুখৈঃ সহ ॥ ২১ ॥

দৃষ্টা[10] মন্যে তথা দেবী[11] সুমিত্রানন্দিবর্দ্ধন।
অভিগম্য যদেতে[12] স্ম পিবন্তি হরয়ো মধু ॥ ২২ ॥

অদৃষ্ট্বা ন হি তে সীতাং বানরাঃ পুরুষর্ষভ।
ধ্বংসয়েয়ুর্মধুবনং ব্যক্তং দৃষ্টা ভবিষ্যতি ॥ ২৩ ॥

১৯। লো-টী। উপভুক্তং ভুক্তম্। পালান্ পুরুষান্ জানুন যেষাং তৈঃ, উৎকটৈ-র্মত্তৈঃ। "উৎকটস্তীব্রমত্তয়োঃ" ইতি কোষঃ। সংকৃষ্টাঃ ভূমৌ সম্যক্ ঘর্ষিতাঃ, অর্থাদ্ বনপালকা ইত্যর্থঃ। 'সন্দষ্টাঃ পালা' ইতি পাঠে পালা বনপালাঃ। [illegible] দুঃখিতা ইত্যর্থঃ।

বানরগণ সমস্ত বন নষ্ট করিয়াছে এবং উপভোগ করিয়াছে, নিষেধ করিলে বনরক্ষকদিগকে আকর্ষণ করিয়া জানুদ্বারা প্রহার করিয়াছে ॥ ১৯ ॥

মধুবনপালক দধিমুখনামে প্রসিদ্ধ বিক্রমশালী এই বানর এই সমস্ত বলিবার জন্য এখানে আসিয়াছে ॥ ২০ ॥

অঙ্গদ হনূমান্ প্রভৃতি বানরগণের সহিত অবজ্ঞাপূর্ব্বক আমার মধুবনে প্রবেশ করিয়াছে ॥ ২১ ॥

হে সুমিত্রানন্দন লক্ষ্মণ, আমি মনে করি—ইহারা সীতাদেবীকে দেখিয়াছে। যেহেতু এই বানরগণ মধুবনে প্রবেশ করিয়া মধু পান করিয়াছে ॥ ২২ ॥

পুরুষসিংহ লক্ষ্মণ, ঐ বানরগণ সীতাকে না দেখিয়া [কখনও] মধুবন ধ্বংস করিতে পারে না, [সুতরাং] স্পষ্টই প্রতীতি হইতেছে যে, ইহারা সীতাকে দেখিয়াছে ॥ ২৩ ॥

১। খ-ঙ '-মুক্তঞ্চ'। ২। ছ 'সন্দষ্টাঃ', খ 'সন্দষ্টাঃ', গ 'সংকৃষ্টাঃ'। ৩। খ 'পালি-'। ৪। ছ '-করকটৈঃ'। ৫। ছ খ 'এবমর্থময়ং'। ৬। খ '-বনেশ্বরঃ'। ৭। গ 'কপিঃ'। ৮। ছ-ঝ খ-গ '-শ্চ'। ৯। খ 'তব'। ১০। গ 'দৃষ্টং'। ১১। গ 'দেবীং'। ১২। ছ 'যস্মাদেতে হি', ঝ-ন 'যদেতস্মা', খ 'যদেতস্মিন'।

ততঃ প্রহৃষ্টৌ[১] ধর্ম্মাত্মা লক্ষ্মণঃ সহরাঘবঃ।
শ্রুত্বৈতদ্বচনং[২] সৌম্যং সুগ্রীববদনচ্যুতম্[৩] ॥ ২৪ ॥

প্রহৃষ্টস্য[৪] তু[৫] রামস্য লক্ষ্মণস্য চ[৬] ধীমতঃ।
ইদং দধিমুখং বাক্যং সুগ্রীবো মুদিতোঽব্রবীৎ[৭] ॥ ২৫ ॥

প্রীতোঽস্মি মা ভূম্মন্যুস্তে কৃতকর্ম্মা স বানরঃ।
মর্ষণীয়ঞ্চ মে তস্য চেষ্টিতং কৃতকর্ম্মণঃ ॥ ২৬ ॥

গচ্ছ শীঘ্রং মধুবনং সংরক্ষ[৮] ত্বং যথোচিতম্।
তাংশ্চ প্রেষয় সর্ব্বাংস্ত্বং হনুমৎপ্রমুখান্ কপীন্[৯] ॥ ২৭ ॥

২৫। লো-টী। প্রহৃষ্টস্য সতঃ।

২৬। লো-টী। মন্যুর্দৈন্যং ক্রোধো বা।

অনন্তর ধর্ম্মাত্মা লক্ষ্মণ রামচন্দ্রের সহিত সুগ্রীবের মুখনিঃসৃত এই কথা শ্রবণ করিয়া আনন্দিত হইলেন ॥ ২৪ ॥

সুগ্রীব প্রীত হইয়া আনন্দিত রাম এবং ধীমান্ লক্ষ্মণের সমীপে দধিমুখকে এইরূপ বলিলেন— ॥ ২৫ ॥

আমি সন্তুষ্ট হইয়াছি, তুমি ক্রোধ সংবরণ কর, সেই বানর কার্য্যসাধন করিয়াছে, সেই কৃতকার্য্য বানরের কার্য্য আমার ক্ষমা করা উচিত ॥ ২৬ ॥

তুমি শীঘ্র গমন করিয়া যথোচিত ভাবে মধুবন রক্ষা কর এবং সেই হনুমান্-প্রভৃতি বানরদিগকে আমার নিকট প্রেরণ কর ॥ ২৭ ॥

১। ঘ 'পরবীরহা'। ২। ঙ '-বস্তু মহাত্মনঃ'। ৩। চ '-নাচ্চ্যুতম্'। ৪। ছ-ধ 'সংপ্রহৃষ্টস্য'। ৫। ধ 'চ'। ৬। দ 'তু'। ৭। ঘ 'হর্ষিতো'। ৮। ধ 'সংরক্ষস্ব', ঙ 'রক্ষ ত্বং'। ৯ ধ 'হরীন্'।

ইচ্ছামি[1] শীঘ্রং হনুমৎপ্রধানান্[2] শাখামৃগাংস্তান্ মৃগরাজদর্পান্[3]।
দ্রষ্টুং কৃতার্থান্ সহ রাঘবাভ্যাং শ্রোতুঞ্চ সীতাধিগমে প্রবৃত্তিম্[4] ॥ ২৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে দধিমুখনিবেদনং নাম
চতুঃষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৪ ॥

২৮। লো-টী। মৃগরাজদর্পান্ সিংহদর্পান্, সীতাবগমে সীতাজ্ঞানে প্রবৃত্তিং বার্ত্তাম্।
দধিমুখনিবেদনম্ ॥ ৬৪ ॥

রামচন্দ্র এবং লক্ষ্মণের সহিত আমি সিংহের ন্যায় পরাক্রমশালী কৃতকার্য্য হনূমান্‌প্রমুখ সেই বানরদিগকে দেখিতে এবং [তাহাদের] সীতা [র সন্ধান]-প্রাপ্তির সংবাদ শুনিতে ইচ্ছা করি ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে দধিমুখনিবেদননামক
৬৪ম সর্গ সমাপ্ত ॥ ৬৪ ॥

১। ছ 'সর্ব্বান্'। ২। খ 'প্রমুখান্'। ৩। খ 'দর্পিতান্'। ৪। খ 'হি বার্ত্তাম্'।

(৬৫) পঞ্চষষ্টিতমঃ সর্গঃ

সুগ্রীবেণৈবমুক্তস্তু[১] হৃষ্টো দধিমুখো[২] হরিঃ।
উক্ত্বা ধন্যোঽহমস্মীতি চরণাবভ্যবাদয়ৎ ॥ ১ ॥

স[৩] প্রণম্য[৪] তু সুগ্রীবং রাঘবং[৫] লক্ষ্মণন্তথা[৬]।
বানরৈঃ সহিতৈঃ[৭] সর্ব্বৈর্দ্দিবমেবোৎপপাত হ ॥ ২ ॥

যথৈব[৮] চাগতঃ শ্রীমাংস্ত্বরিতং[৯] স[১০] যযৌ তথা[১১]।
নিপত্য গগনাদ্ ভূমৌ তদ্বনং প্রবিবেশ হ[১২] ॥ ৩ ॥

প্রবিশ্য তন্মধুবনং[১৩] দদর্শ হরিযূথপান্।
বিমদানুত্থিতান্[১৪] সর্ব্বান্ বেপমানান্ মদাত্যয়ে ॥ ৪ ॥

২। লো-টী। দিবং গগনম্।
৪। লো-টী। বিমদান্ বিগতমদান্। চেতয়ানান্ চৈতন্যযুক্তান্। 'বেপমানানি'তি পাঠে আস্ফালিত্যা কম্পমানান্।

সুগ্রীব এই কথা বলিলে বানর দধিমুখ আনন্দিত হইলেন এবং 'আমি ধন্য হইলাম,' এই বলিয়া [সুগ্রীবের] চরণ বন্দনা করিলেন ॥ ১ ॥

তিনি সুগ্রীবকে এবং রাম ও লক্ষ্মণকে প্রণাম করিয়া সম্মিলিত সমস্ত বানরের সহিত আকাশে লম্ফপ্রদান করিলেন ॥ ২ ॥

এবং যেমন আসিয়াছিলেন সেই ভাবে গমন করিয়া আকাশ হইতে ভূতলে অবতরণপূর্ব্বক সেই বনে প্রবেশ করিলেন ॥ ৩ ॥

সেই মধুবনে প্রবেশ করিয়া [তিনি] বানরদলপতিগণকে দেখিতে পাইলেন, তখন তাহাদের নেশা কাটিয়া গিয়াছে, তাহারা মদাত্যয়ে কম্পিত হইতেছে ॥ ৪ ॥

১। ঘ 'প্রীতো'। ২। খ '-লোঽব্রবীৎ'। ৩। ঙ-প 'প্রণম্য চ স'। ৪। ছ 'চ'। ৫। দ 'সহলক্ষ্মণম্'। ৬। অতঃ পরং দ-পুস্তকে 'বানরৈঃ সহিতৈঃ সর্ব্বৈর্দ্দিবমেবোৎপপাত হ। যথৈব চাগতঃ শ্রীমাংস্ত্বরিতং স যযৌ তথা'। ইত্যধিকম্। ৭। খ-ছ 'সহিতঃ'। ৮। খ 'স তথৈবাগতঃ'। ৯। ঘ-ঙ '-তঃ'। ১০। ছ 'প্রযযৌ'। ১১। ঘ 'তদা'। ১২। ঙ 'সঃ'। ১৩। খ 'তদ্বনস্তত্র'। ১৪। ছ 'বিমর্দ্দাদ্দুঃখিতান্', ঙ 'বিমর্দ্দাদুত্থিতান্'।

স তানুপচরন্[১] বীরো বদ্ধা করপুটাঞ্জলিম্ ।
উবাচ[২] বচনং শ্লক্ষ্ণমিদং হৃষ্টবদঙ্গদম্ ॥ ৫ ॥
সৌম্য রোষো[৩] ন কর্তব্যো যদেভিরসি বারিতঃ[৪] ।
অজ্ঞানাদ্ যদি বা জ্ঞানান্ন কশ্চিন্নাপরাধ্যতি[৫] ॥ ৬ ॥
যুবরাজস্ত্বমীশশ্চ বনস্যাস্য মহাবল[৬] ।
মূর্খৈরেভির্যদুক্তস্ত্বং[৭] তত্র বদ্ধো ময়াঞ্জলিঃ[৮] ॥ ৭ ॥
শ্রান্তস্য দূরাৎ প্রাপ্তস্য স্বকং ভক্ষয়তো মধু ।
যো মৌর্খ্যাদপকারা[১০] তে[১১] তত্রাহং[১২] ত্বাং প্রসাদয়ে ॥ ৮ ॥

৫। লো-টী। উপচরন্ সেবমানঃ।

৬। লো-টী। যদেভির্বৈরেভিঃ। ন কশ্চিন্নাপরাধ্যতি, অপি তু অপরাধ্যত্যেব।

৮। লো-টী। যে মম অপকারী মদীয়ো জনঃ। 'অপকর্তা স তে' ইতি পাঠে তে তব এতস্মিন্নিমিত্তে।

বীর দধিমুখ তাহাদের শুশ্রূষা করিয়া কৃতাঞ্জলিপুটে সোল্লাসে অঙ্গদকে এই মধুর বাক্য বলিলেন— ॥ ৫ ॥

হে সৌম্য, ইহারা যে আপনাকে নিবারণ করিয়াছে, তাহাতে রুষ্ট হইবেন না, সজ্ঞানে অথবা অজ্ঞানে [কোনরূপ] অপরাধ করে না [জগতে] এমন কেহ নাই ॥ ৬ ॥

হে মহাবল, আপনি যুবরাজ এবং এই বনের অধিকারী। ইহারা মূর্খ, ইহারা আপনাকে যাহা বলিয়াছে, সেজন্য আমি অঞ্জলি বন্ধন করিতেছি ॥ ৭ ॥

আপনি দূর হইতে আগমন করিয়া এবং পরিশ্রান্ত হইয়া নিজস্ব মধু পান করিতেছিলেন, মূর্খতাবশতঃ যে আপনার প্রতিকূলতা করিয়াছে, তাহার প্রতি আমি আপনার অনুগ্রহ ভিক্ষা করিতেছি ॥ ৮ ॥

১। ব '-ঞ্জলিঃ'। ২। ছ '-নৈকেন শ্লক্ষ্ণং হৃষ্ট-'। ৩। ঘ 'ক্রোধো'। ৪। ঙ-ঝ-দ '-রক্ষি-'। ৫। ঙ-ঠ '-রাপ-'। ৬। ঝ-ঞ '-ভুজঃ', ব '-বলঃ'। ৭। ছ '-রেতে-'। ৮। ছ-ঠ 'বদ্ধোহয়মঞ্জলিঃ'। ৯। ঘ 'সুখং' ১০। ছ '-কারো'। ১১। ধ-ছ-ঠ-দ 'মে'। ১২। ধ 'তবাহং'।

যথৈব তু[1] পিতা তে স পূর্ব্বং কপিগণেশ্বরঃ[2]।
তথা ত্বমপি সুগ্রীবো নান্যস্তু[3] হরিসত্তম ॥ ৯ ॥

আখ্যাতঞ্চ[4] ময়া গত্বা পিতৃব্যস্য তব প্রভো।
ইহোপযানং যুষ্মাকং সর্ব্বেষাং হরিপুঙ্গব[5] ॥ ১০ ॥

ত্বাস্তু প্রাপ্তমিহ শ্রুত্বা সহৈভির্হরিযূথপৈঃ।
সংহৃষ্টো[6] ন চ সংক্রুদ্ধো বনং শ্রুত্বা প্রধর্ষিতম্ ॥ ১১ ॥

মাঞ্চাব্রবাৎ[7] পিতৃব্যস্তে সুগ্রীবো বানরেশ্বরঃ[8]।
শীঘ্রং প্রেষয় তান্ সর্ব্বানিতি চ্ছন্দেন[9] গম্যতাম্ ॥ ১২ ॥

শ্রুত্বা দধিমুখস্যৈতদ্ বচনং শ্লক্ষ্ণমঙ্গদঃ।
অব্রবাত্তান্[10] হরিবরান্ সর্ব্বানেব প্রহর্ষয়ন্ ॥ ১৩ ॥

৯। গো-টী। সুগ্রীবাৎ পরস্ত্বমেব নাস্থঃ। 'সুগ্রীবাদন্ত' ইতি পাঠে পূর্ব্বং তরাং গত্বা (?) ততঃ সুগ্রীবঃ। ততোহন্তস্ত্বমেব প্রভুরিত্যর্থঃ।
১২। গো-টী। ছন্দেন ইচ্ছয়া।

হে বানরসত্তম, আপনার পিতা বালী পূর্ব্বে যেমন বানরগণের অধিপতি ছিলেন, [বর্ত্তমানে] সুগ্রীব এবং আপনিও সেইরূপ, অপর কেহ নহে ॥ ৯ ॥

হে প্রভো, হে বানরশ্রেষ্ঠ, আমি যাইয়া আপনার পিতৃব্যের নিকট আপনাদের সকলের উপস্থিতির বিষয় জ্ঞাপন করিয়াছি ॥ ১০ ॥

আপনি এই বানরদলপতিগণের সহিত এখানে উপস্থিত হইয়াছেন শুনিয়া তিনি আনন্দিত হইয়াছেন, বনভঙ্গের কথা শুনিয়াও ক্রুদ্ধ হন নাই ॥ ১১ ॥

আপনার পিতৃব্য বানররাজ সুগ্রীব আমাকে বলিলেন—'সত্বর তাহাদিগকে পাঠাইয়া দাও'। অতএব, [আপনারা] স্বচ্ছন্দে গমন করুন ॥ ১২ ॥

দধিমুখের এই মধুর বাক্য শুনিয়া অঙ্গদ সেই বানরদলপতিগণের সকলের আনন্দ সঞ্চার করত বলিতে লাগিলেন— ॥ ১৩ ॥

১। ছ-ড 'তেহভূৎ', দ 'যে স'। ২। ধ '-গণাধিপঃ'। ৩। ছ-ড '-বান্নান্যো বৈ', থ '-বানন্যো বৈ', দ '-বানন্যো ন'। ৪। ছ 'সঙ্গং'। ৫। ছ থ-দ '-সত্তম'। ৬। থ-ধ 'সংপ্রহৃষ্টো ন চ ক্রু-'। ৭। ছ-ধ দ 'মামব্রবীৎ'। ৮। ধ 'বানরাধিপঃ'। ৯। ছ-ড 'ছন্দেন'। ১০। দ 'হরীন্ সর্ব্বান্ বীরানেব'।

শঙ্কে শ্রুতোঽয়ং বৃত্তান্তো রাজ্ঞা বানরপুঙ্গবাঃ।
অয়ং হি হর্ষাদাখ্যাতি তেন জানীম[1] হেতুনা ॥ ১৪ ॥

পীতং মধু যথাকামং সর্ব্বৈরস্মাভিরুৎকটৈঃ।
তৎ[2] ক্ষমং[3] গমনস্তত্র সুগ্রীবো যত্র বানরঃ ॥ ১৫ ॥

সর্ব্বে যথা মাং রক্ষন্তি[4] ভবন্তো হরিযূথপাঃ।
তথা প্রতিবিধাতব্যং ভবৎসু পরবানহম্ ॥ ১৬ ॥

আজ্ঞাপয়িতুমীশোঽহং[5] যুবরাজো হি যদ্যপি।
যুক্তঞ্চ[6] কৃতকর্ম্মাণো যূয়ং সমনুবর্ত্তিতুম্ ॥ ১৭ ॥

১৪। লো-টী। 'জানীম' ইতি আর্ষো বিসর্গলোপঃ।
১৫। লো-টী। ক্ষমমুচিতম্।
১৬। লো-টী। রক্ষন্তি রক্ষিষ্যন্তি যথা তথা প্রতিবিধাতব্যং প্রতিকর্ত্তব্যম্। যতোঽহং পরবান্ অধীনঃ।
১৭। লো-টী। নম্ব এবং কথং বদসি ? যতো ভবান্ যুবরাজ ইত্যত আহ—আজ্ঞাপয়িতুমিতি। যদ্যপি যুষ্মানাজ্ঞাপয়িতুমহমীশঃ, হি যস্মাদহং যুবরাজঃ, তথাপি সমনুবর্ত্তিতুং যুষ্মাকং বশীভবিতুং মম যুক্তমুচিতম্। যতো যূয়ং কৃতকর্ম্মাণঃ। সর্ব্বত্রৈব 'যূয়ং কৃতকর্ম্মাণ' ইত্যত্র বিভক্তিব্যত্যয়ং কৃত্বা কৃতকর্ম্মণো যুষ্মানসুবর্ত্তিতুং যুক্তমিতি ব্যাখ্যাতম্।

হে বানরশ্রেষ্ঠগণ, মনে হয়, রাজা সুগ্রীব এই বৃত্তান্ত (আমাদের কৃতকার্য্যতার কথা) শুনিয়াছেন। এ [দধিমুখ] সানন্দে এই কথা বলিল, তাহাতেই বুঝিতে পারিতেছি ॥ ১৪ ॥

আমরা সকলেই উদ্ধত ভাবে ইচ্ছানুরূপ মধু পান করিয়াছি, সুতরাং [এক্ষণে] সুগ্রীবের নিকট গমন করা উচিত ॥ ১৫ ॥

হে বানরদলপতিগণ, আপনারা সকলে আমাকে যেন রক্ষা করেন, তেমন প্রতিবিধান করিবেন, আমি আপনাদের অধীন ॥ ১৬ ॥

যদিও আমি যুবরাজ এবং আদেশ করিবার ক্ষমতা আমার আছে, তথাপি আপনাদের অনুবর্ত্তন করা উচিত ; কারণ, আপনারা কার্য্য সাধন করিয়াছেন ॥ ১৭ ॥

১। ঘ-থ 'জানামি'। ২। দ 'গচ্ছেম তত্র সুগ্রীবো যত্র রামঃ সলক্ষ্মণঃ'। ৩। ঙ-থ 'ক্ষেমং'। ৪। ঘ-থ 'রক্ষন্তি'। ৫। খ-দ '-শোঽপি'। ৬। খ-ছ '-ক্তং হি', থ-দ '-ক্তাস্তু'।

ব্রুবাণস্যাঙ্গদস্যৈবং[১] শ্রুত্বা বচনমুত্তমম্[২] ।
প্রহৃষ্টমনসঃ সর্ব্বে ব্যাজহ্রুস্তে[৩] মহাবলাঃ ॥ ১৮ ॥

ক এবং[৪] বক্ষ্যতে[৫] বাক্যং প্রভুঃ সন্[৬] বানরর্ষভ ।
ঐশ্বর্য্যমদমত্তো[৭] হি সর্ব্বোঽহমিতি মন্যতে ॥ ১৯ ॥

তবেদং[৮] সদৃশং বাক্যং ভুবি নান্যস্য কস্যচিৎ ।
সন্নতির্হি তবাখ্যাতি ভবিষ্যচ্ছুভমঙ্গদ[৯] ॥ ২০ ॥

সর্ব্বে বয়মপি প্রাপ্ত তত্র[১০] গন্তুং কৃতত্বরাঃ ।
স যত্র[১১] হরিবীরাণাং সুগ্রীবঃ পতিরব্যয়ঃ ॥ ২১ ॥

ত্বয়া হ্যনুক্তে হরিভির্নৈব যুক্তং কথঞ্চন ।
ব্যাহর্ত্তুং হরিশার্দ্দূল তত্ত্বমেতন্নিবোধ নঃ ॥ ২২ ॥

২০। লো-টী। তবেদং বাক্যং 'পননানি'ত্যেবংরূপম্। সন্নতির্বিনয়ঃ। আখ্যাতি কথয়তি।

২২। লো-টী। ব্যাহর্ত্তুং বক্তুং ন যুক্তং নোচিতম্। এতদেব নোঽস্মাকং তত্ত্বং পরমার্থং নিবোধ। ইদানীং ত্বয়োক্তে সর্ব্বৈরেব তত্র গন্তব্যমিত্যর্থঃ।

অঙ্গদের এই উত্তম বাক্য শুনিয়া মহাবলশালী সেই বানরগণ সকলেই হৃষ্টচিত্তে বলিলেন— ॥ ১৮ ॥

হে বানরর্ষভ, প্রভুত্ব লাভ করিয়া কে এইরূপ বাক্য বলিবে? ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া সকলেই অহঙ্কারী হয় ॥ ১৯ ॥

এই বাক্য [সমগ্র] পৃথিবীমধ্যে [একমাত্র] আপনারই অনুরূপ, অন্য কাহারও নহে। হে অঙ্গদ, বিনয় আপনার ভবিষ্যৎ শুভ সূচনা করিতেছে ॥ ২০ ॥

হে প্রাজ্ঞ, বীর বানরগণের নির্ব্বিকার অধিপতি সুগ্রীব যেখানে অবস্থান করিতেছেন, আমরা সকলেও সেখানে যাইবার জন্য ত্বরান্বিত হইয়াছি ॥ ২১ ॥

হে বানরশ্রেষ্ঠ, [এ সম্বন্ধে] আপনি না বলিলে বানরগণের বলা কোনরূপেই উচিত নহে, ইহা আমাদের [বিলম্বের] তত্ত্ব বলিয়া জানুন ॥ ২২ ॥

১। ছ-ঙ-খ 'স্যৈতৎ'। ২। ধ 'বাক্যমনুত্তমম্'। ৩। দ 'ব্যাজহ্রুস্তে'। ৪। ধ-খ 'লোকাতে'। ৫। ছ-ঙ-খ 'বাচং', খ 'বাচঃ'। ৬। ব 'সতাং'। ৭। দ '-ত্তোঽপি'। ৮। ঙ দ 'ত্বদিদং'। ৯। ধ '-ভ্যাগতাম্'। ১০। খ 'গন্তুং চৈব কৃতশ্রমাঃ'। ১১। দ 'তত্র'।

এবস্তু ব্রুবতাং[1] তেষামঙ্গদঃ[2] সমহৃষ্যত[3] ।
বাঢ়ং গচ্ছামি[4] চেত্যুক্ত্বা খমুৎপততি[5] বানরঃ ॥ ২৩ ॥
উৎপতন্তমনূৎপেতুঃ[6] সর্ব্বে তে হরিযূথপাঃ ।
কৃত্বাকাশং নিরাকাশং যন্ত্রোৎক্ষিপ্তোপলা[7] ইব ॥ ২৪ ॥
তেঽম্বরং সহসোৎপত্য বেগবন্তঃ প্লবঙ্গমাঃ ।
ব্যনদন্[8] সুমহানাদং মেঘা বাতেরিতা ইব ॥ ২৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে মধুবনাদ্ বানরপ্রয়াণং নাম পঞ্চষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৫ ॥

২৩। গো-টী। উৎপততি বানরঃ, 'উৎপতিতবান্ ভুবঃ' ইতি পাঠে ভুবঃ সকাশাৎ।
২৪। গো-টী। উপলাঃ পাষাণাঃ।

মধুবনাদ্ বানরপ্রয়াণম্ ॥ ৬৫ ॥

তাহারা এইরূপ বলিলে অঙ্গদ আনন্দিত হইলেন এবং 'সত্য, [চলুন] গমন করি,' এই বলিয়া ভূতল হইতে আকাশে উত্থিত হইলেন ॥ ২৩ ॥

সেই বানরদলপতিগণ সকলেই ঊর্দ্ধে উত্থিত অঙ্গদের পশ্চাতে যন্ত্রক্ষিপ্ত প্রস্তরখণ্ডের ন্যায় গগনমণ্ডল আচ্ছাদিত করিয়া ঊর্দ্ধে উত্থিত হইলেন ॥ ২৪ ॥

সেই বলবান্ বানরগণ সহসা আকাশে উৎপতিত হইয়া বায়ুচালিত মেঘের ন্যায় ভীষণ গর্জ্জন করিতে লাগিলেন ॥ ২৫ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে বানরগণের মধুবন হইতে প্রস্থান-নামক ৬৫শ সর্গ সমাপ্ত ॥ ৬৫ ॥

১। ঙ '-বতি'। ২। ন '-মঙ্গ প্রত্যুবাচ'। ৩। চ 'প্রত্যভাষত', ঙ 'সমভাষত'। ৪। ছ-ঙ '-গচ্ছাম'। ৫। চ '-পতিতবান্ কপিঃ', ছ-ঙ '-পতিতবান্ প্রভুঃ', গ-প '-পতিতবান্ ভুবঃ'। ৬। ছ '-ন্তং খমু-', ছ-খ দ '-ন্তং সমুৎ-'। ৭। খ-প '-ক্ষিপ্ত ইবোপলাঃ'। ৮। প -নাদান্'।

(৬৬) ষট্‌ষষ্টিতমঃ সর্গঃ

তেষামাগমনং শ্রুত্বা সুগ্রীবো বানরেশ্বরঃ[1]।
উবাচ শোকাভিহতং রামং কমললোচনম্ ॥ ১ ॥

সমাশ্বসিহি ভদ্রন্তে দৃষ্টা সীতা ন সংশয়ঃ।
আগন্তুমিহ[2] নৈতৈঃ শক্যমতীতে[3] সময়ে[4] ন হি ॥ ২ ॥

ন মৎসকাশমাগচ্ছেন্মৎকৃত্যে[5] বিনিপাতিতে।
যুবরাজো মহাবাহুঃ প্লবতাং প্রবরোঽঙ্গদঃ[6] ॥ ৩ ॥

যদি[7] হ্যকৃতকার্য্যোঽসৌ মৎসকাশমুপক্রমেৎ[8]।
স ভবেদ্দীনবদনঃ শ্রান্তো বিপ্লুতমানসঃ ॥ ৪ ॥

২-৪। লো-টী। সময়ে অতীতে সতি ন হি আগন্তুং শক্যম্। অস্মাদঙ্গদ ইত্যন্বয়ঃ। দেশং স্বদেশম্। স্বকৃত্যে স্বকার্য্যে বিনিপাতিতে বিপন্নে সতি। 'মৎসকাশ'মিতি পাঠঃ ক্বচিৎ, মৎকৃত্যে ইতি চ।

বানররাজ সুগ্রীব তাঁহাদের আগমনবার্ত্তা শ্রবণ করিয়া শোকসন্তপ্ত রামচন্দ্রকে বলিলেন— ॥ ১ ॥

আপনি আশ্বস্ত হউন, আপনার মঙ্গল হইবে, ইহারা সীতাকে দেখিয়াছে এবিষয়ে কোন সন্দেহ নাই, নির্দ্দিষ্ট সময় অতীত হওয়ার দরুণ এখানে আসিতে পারিতেছে না ॥ ২ ॥

সীতাদর্শনরূপ মদীয় কার্য্য নিষ্পাদিত না হইলে বানরপুঙ্গব যুবরাজ মহাবীর অঙ্গদ আমার সমীপে [ফিরিয়া] আসিত না ॥ ৩ ॥

ঐ অঙ্গদ যদি কার্য্য সম্পাদন না করিয়া আমার নিকট [ফিরিয়া] আসিত, তাহা হইলে তাহার মানসিক বিপ্লব, মুখের মলিনতা এবং ক্লান্তি লক্ষিত হইত ॥ ৪ ॥

১। ঘ-ঞ 'বানরাধিপঃ'। ২। চ 'ন'। ৩। চ-ঢ '-ত্যয়ে'। ৪। অতঃ পরং ছ-ঙ-পুস্তকয়োঃ "অঙ্গদস্য হরীশস্য কারাসি স্তবর্ণনঃ।" ইত্যধিকম্। ৫। ছ '-দন্তুবং নিপাতিতঃ'। ৬। অতঃ পরং ছ-ঙ-পুস্তকয়োঃ "দর্শনীয়ো মহাবাহুরপ্রতিমঃ কৃতশ্রমঃ।" ইত্যধিকম্। ৭। দ 'সম্প্রাকৃত-', ঘ-ঞ 'যদিহাকৃত-'। ৮। ঘ '-মনুপাক্র-'।

পিতৃপৈতামহ[১]ৈশ্চৈব পূর্ব্ব[২]কৈরভিরক্ষিতম্।
ন মে মধুবনং হন্যাদদৃষ্ট্বা কপিকুঞ্জরঃ।
কৌশল্যা সুপ্রজা রাম সমাশ্বসিহি মা শুচঃ ॥ ৫ ॥

দৃষ্টা সীতা ন সন্দেহো ন চান্যেন হনূমতঃ।
নান্যোঽস্য কর্ম্মণো হেতুঃ সাধনে তদ্বিধো ভবেৎ ॥ ৬ ॥

তথা হি দর্পিতোদগ্রাঃ সাঙ্গদাঃ কাননৌকসঃ।
নৈষামকৃতকার্য্যাণামীদৃশঃ স্যাদুপক্রমঃ ॥ ৭ ॥

বনভঙ্গেন জানামি মধুনো[৯] ভক্ষণেন চ।
দৃষ্টা হ্যেতে হি হরয়ো[১০] জানকীং ধ্রুবমেব চ[১১] ॥ ৮ ॥

৬। লো-টী। তদ্বিধোঽন্যো বানরঃ অস্য কর্ম্মণো হেতুর্ন ভবেৎ।

৭। লো-টী। দর্পিতো জাতদর্পাঃ উদগ্রো মহান্ দর্পোঽস্মাৎ তেষাং তে। উপক্রম আরম্ভঃ।

৮। লো-টী। 'দৃষ্টা' ইতি আর্ষং পদম্।

বানরপুঙ্গব (অঙ্গদ) সীতাকে না দেখিয়া পূর্ব্ববর্ত্তী পিতা-পিতামহগণকর্ত্তৃক সুরক্ষিত আমার মধুবন বিনষ্ট করিতে পারে না; হে রাম, কৌশল্যা সুসন্তানবতী, আপনি আশ্বস্ত হউন, শোক করিবেন না ॥ ৫ ॥

[ইহারা] সীতাকে দেখিয়াছে এবিষয়ে সন্দেহ নাই, তাহাও হনূমান্ ব্যতিরেকে অন্য কেহ নয়, কারণ, অন্য কোন বানর এতাদৃশ কার্য্য-সাধনে তাদৃশ সমর্থ নয় ॥ ৬ ॥

দেখা যাইতেছে—অঙ্গদের সহিত বানরগণ অত্যন্ত গর্ব্বিত ও যুদ্ধোন্মত্ত হইয়াছে, ইহারা সীতাদর্শনরূপ কার্য্য সম্পাদন না করিলে এরূপ আরম্ভ করিত না ॥ ৭ ॥

বনভঙ্গ এবং মধু-ভক্ষণের দ্বারা বুঝিতে পারিতেছি যে, ইহারা নিশ্চয়ই জনকনন্দিনী সীতাকে দেখিয়াছে ॥ ৮ ॥

১। ঙ-ক '-মহকৈশ্চৈব'। ২। গ-ঙ '-রপি'। ৩। খ 'মধুনঃ'। ৪। ক 'হ্যঃ'। ৫। ঙ-চ-খ-ঘ 'নদী'। ৬। গ-ঙ '-মতা'। ৭। ঙ-খ-ঘ 'সাঙ্গজ'। ৮। খ 'তথা হ্যনগ্রা দৃপ্তাঃস্থ', ঘ 'তথাপি'। ৯ ক 'মধুনাং'। ১০। ঙ-খ 'হরিবরাঃ'। ১১। ঙ-ঙ-খ '-মাগতাঃ'

হনূমতি হি সিদ্ধিশ্চ মতিশ্চ রঘুনন্দন।
ব্যবসায়শ্চ শৌর্য্যঞ্চ সূর্য্যতেজ ইব ধ্রুবম্ ॥ ৯ ॥
জাম্ববান্ যত্র নেতা[২]ভূদঙ্গদশ্চ বলেশ্বরঃ।
হনূমানপ্যধিষ্ঠাতা ন তত্র গতিরন্যথা ॥ ১০ ॥
[৩]নৈবং চিন্তয়িতুং যুক্তং সংপ্রত্যমিতবিক্রম।
সর্ব্বথা খলু বৈদেহী লক্ষিতা নাত্র সংশয়ঃ ॥ ১১ ॥
[৪]ততঃ কিলকিলাশব্দং শুশ্রাব স তদা[৫]ম্বরে।
হনূমৎকর্ম্মহৃষ্টানাং নদতাং কা[৬]ননৌকসাম্।
কিষ্কিন্ধ্যামুপযাতানাং সিদ্ধিং কথয়তামিব ॥ ১২ ॥

৯। লো-টী। হনুমতি সিদ্ধিঃ কার্য্যসম্পত্তিঃ, মতিঃ কার্য্যসিদ্ধাবিচ্ছা, ব্যবসায়ো জ্ঞানং শৌর্য্যং চ ধ্রুবং নিশ্চিতম্।

১০। লো-টী। গতিশ্চেষ্টা অন্যথা ন ভবতি।

হে রঘুনন্দন, হনূমানের উপরই কার্য্যের সিদ্ধি এবং সূর্য্যের তেজের ন্যায় (উজ্জ্বল) জ্ঞান ও বীরত্ব নির্ভর করিতেছে, ইহা সুনিশ্চিত ॥ ৯ ॥

যেখানে জাম্ববান্ নেতা এবং অঙ্গদ সেনাপতি ও হনূমান্ অধ্যক্ষ, সেখানে চেষ্টা বৃথা হইবে না ॥ ১০ ॥

হে মহাবীর, আপনার এরূপ চিন্তা করা উচিত নহে, [ইহারা] নিশ্চয়ই বিদেহ-রাজনন্দিনী সীতাকে দেখিয়াছে, এবিষয়ে সন্দেহ নাই ॥ ১১ ॥

তারপর, কিষ্কিন্ধ্যাগামীদের কার্য্যসিদ্ধির কথা যেন বলিয়া দিতেছে—এইরূপ হনূমানের কার্য্যে আনন্দিত কোলাহলকারী বানরদিগের 'কিল্ কিল্' এইরূপ শব্দ তিনি তখন আকাশমার্গে শ্রবণ করিলেন ॥ ১২ ॥

১। ঘ-থ '-মত্যান্ত সি-'। ২। ঘ '-দো বানরেশ্বরঃ'। ৩। ছ-থ 'নেব', ঘ-ত 'নৈবং নির্ণয়িতুং'। ৪। ক 'অতঃ'। ৫। ঘ '-ম্বরাৎ'। ৬। থ 'বনভাক্ বনৌকসাম্'।

ততঃ শ্রুত্বা[১] কপীনাং তং নিনদং[২] কপিসত্তমঃ।

আয়তাঞ্চিতলাঙ্গূলঃ সোঽভবদ্ধৃষ্টমানসঃ ॥ ১৩ ॥

আজগ্মুস্তেঽপি[৩] হরয়ো রামদর্শনকাঙ্ক্ষিণঃ।

অঙ্গদং পুরতঃ কৃত্বা হনূমন্তঞ্চ বানরম্ ॥ ১৪ ॥

তেঽঙ্গদপ্রমুখাঃ সর্ব্বে সংপ্রহৃষ্টমুখাস্তদা[৪]।

নিপেতুর্হরিরাজস্য[৫] পাদয়ো রাঘবস্য চ ॥ ১৫ ॥

হনূমাংশ্চ মহাবাহুঃ প্রণম্য শিরসা ততঃ[৬]।

অভ্যবাদয়ত প্রহ্বো[৭] রামং কমললোচনম্[৮] ॥ ১৬ ॥

নিশ্চিতার্থস্ততস্তস্মিন্ সুগ্রীবঃ পবনাত্মজে[৯]।

লক্ষ্মণশ্চ পরং হৃষ্টো[১০] হনূমন্তমবৈক্ষত ॥ ১৭ ॥

১৩। লো-টী। আয়তং দীর্ঘমঞ্চিতং পূজিতং চক্রীকৃতং বা লাঙ্গূলং যেন সঃ।
১৬। লো-টী। প্রহ্বো বিনীতঃ।
১৭। লো-টী। নিশ্চিতোঽর্থো যেন সঃ।

…সুগ্রীববাক্যম্ ॥ ৬৬ ॥

অনন্তর কপিরাজ বানরদিগের আগমন-ধ্বনি শ্রবণ করিয়া প্রকাণ্ড লাঙ্গূল সঞ্চালিত করত আনন্দিত হইলেন ॥ ১৩ ॥

অঙ্গদ এবং হনূমানকে অগ্রে করিয়া রাম-দর্শনাভিলাষী সেই বানরগণ আসিয়া উপস্থিত হইলেন ॥ ১৪ ॥

অঙ্গদপ্রমুখ সেই সকল বানর প্রসন্নমুখে বানররাজ সুগ্রীব এবং রামচন্দ্রের চরণে নিপতিত হইলেন ॥ ১৫ ॥

তারপর মহাবাহু হনূমান্ মস্তকদ্বারা প্রণাম করিয়া বিনীতভাবে রাম এবং লক্ষ্মণকে অভিবাদন করিলেন ॥ ১৬ ॥

১। ছ-গ '-নাত্ত', দ 'নাক'। ২। গ '-কুঞ্জরঃ'। ৩। ড 'চ'। ৪। ধ-দ '-স্তনূরুহাঃ'। ৫। ছ '-তুঃ কপি-'। ৬। য 'ত্বরা'। ৭। দ 'প্রাজ্ঞো'। ৮। অতঃ পরং ছ-পুস্তকে 'নিয়তামক্ষতাং দেবীং রাঘবায় ন্যবেদয়ৎ।' ইত্যধিকম্। ৯। য 'মারুতাত্মজে'। ১০। ধ-দ 'প্রীতো'।

প্রীত্যা পরময়া যুক্তো রামশ্চ পরবীরহা।

বহুমানেন মহতা হনূমন্তমবৈক্ষত ॥ ১৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সুগ্রীববাক্যং

নাম ষট্‌ষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৬ ॥

অনন্তর সুগ্রীব এবং লক্ষ্মণ পবননন্দন হনূমানের নিকট সীতার সংবাদ অবগত হইবেন নিশ্চয় করিয়া হৃষ্টান্তঃকরণে তাহাকে দেখিতে লাগিলেন ॥ ১৭ ॥

শত্রুহন্তা রামও পরম প্রীতি সহকারে সম্মান-পুরঃসর হনূমানকে অবলোকন করিতে লাগিলেন ॥ ১৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সুগ্রীববাক্যনামক

৬৬ম সর্গ সমাপ্ত ॥ ৬৬ ॥

(৬৭) সপ্তষষ্টিতমঃ সর্গঃ

তে তু প্রস্রবণং[১] শৈলমাগত্য হরিযূথপাঃ[২]।
প্রণম্য শিরসা রামং লক্ষ্মণঞ্চ মহারথম্[৩] ॥ ১ ॥

যুবরাজং পুরস্কৃত্য সুগ্রীবমভিবাদ্য চ।
প্রবৃত্তিমথ সীতায়া আখ্যাতুমুপচক্রমুঃ[৪] ॥ ২ ॥

রাবণান্তঃপুরে রোধং রাক্ষসীভিশ্চ তর্জ্জনম্[৫]।
অনুরাগঞ্চ বৈদেহ্যা[৬] যশ্চাপি সময়ঃ কৃতঃ ॥ ৩ ॥

তদাচচক্ষিরে সর্ব্বং[৭] বানরা রামসন্নিধৌ[৮]।
বৈদেহীমক্ষতাং রামঃ শ্রুত্বা চোত্তরমব্রবীৎ[৯] ॥ ৪ ॥

১। লো-টী। প্রস্রবণং প্রস্রবণনামানং শৈলম্।

৩। লো-টী। রোধমাবরণম্। অনুরাগং রামে।

৪। লো-টী। অক্ষতাং রাক্ষসীভির্হিংসিতাম্ (?)। 'অক্ষতং ন দ্বয়োঃ পংশু লাজেষু ত্রিষু [ত্রিষ- ?] হিংসিতে' ইতি কোষঃ।

সেই বানরদলাধ্যক্ষগণ প্রস্রবণনামক পর্ব্বতে আগমনপূর্ব্বক মহারথ রাম এবং লক্ষ্মণকে অবনতমস্তকে প্রণাম করিয়া এবং যুবরাজ অঙ্গদকে অগ্রে করত সুগ্রীবকেও অভিবাদন করিয়া সীতার বৃত্তান্ত বলিতে আরম্ভ করিলেন ॥ ১-২ ॥

বিদেহ-রাজনন্দিনী সীতার রাবণের অন্তঃপুরে অবরোধ, রাক্ষসীগণকর্ত্তৃক ভর্ৎসনা, রামের প্রতি অনুরাগ এবং একমাস পরে প্রাণত্যাগের সংকল্প, এই সমস্ত, বানরগণ রামচন্দ্রের নিকটে বলিলেন। বিদেহ-রাজনন্দিনী সীতা অক্ষত আছেন শুনিয়া রাম উত্তর করিলেন— ॥ ৩-৪ ॥

১। ঙ '-মাসাদ্য'। ২। ক '-পুঙ্গবাঃ'। ৩। ধ-প 'মহাবলম্'। ৪। ঙ 'ব্যাখ্যাতু-'। ৫। ধ 'গর্জ্জনম্'। ৬। ছ 'সীতায়া'। ৭। ক 'সর্ব্বে'। ৮। ধ-ছ 'রাজ-'। ৯। ছ 'বচন-'।

ক্ব সীতা বর্ত্ততে দেবী কথঞ্চ ময়ি বর্ত্ততে।
এতন্মে সর্ব্বমাখ্যাত[1] বৈদেহীং প্রতি বানরাঃ ॥ ৫ ॥
রামস্য বচনং শ্রুত্বা হরয়ো রামসন্নিধৌ।
অচোদয়ন্ হনূমন্তং সীতাবৃত্তান্তকোবিদম্[2] ॥ ৬ ॥
শ্রুত্বা[3] তু বচনং তেষাং হনূমান্ মারুতাত্মজঃ।
উবাচ বাক্যং বাক্যজ্ঞঃ সীতায়া দর্শনং প্রতি[4] ॥ ৭ ॥
সমুদ্রং লঙ্ঘয়িত্বাহং শতযোজনমায়তম্[5]।
অগচ্ছং জানকীং সীতাং মার্গমাণো বিহায়সা ॥ ৮ ॥
লঙ্কা নাম পুরী তত্র[6] রাবণস্য দুরাত্মনঃ।
দক্ষিণস্য সমুদ্রস্য তীরে বসতি দক্ষিণে ॥ ৯ ॥

৭। লো-টী। দর্শনং যথাভূৎ তথা উবাচ।

বানরগণ, বিদেহ রাজনন্দিনী সীতাদেবী [রাবণের অন্তঃপুরমধ্যে] কোথায় অবস্থান করিতেছেন ? এবং আমার প্রতি তাঁহার মনোভাব কিরূপ ? তাঁহার সম্বন্ধে এই সমস্ত বৃত্তান্ত আমার নিকট বল ॥ ৫ ॥

রামের বাক্য শ্রবণ করিয়া বানরগণ সীতা-বৃত্তান্তাভিজ্ঞ হনূমান্‌কে [সীতার বৃত্তান্ত বলিবার জন্য] রামের নিকট প্রেরণ করিলেন ॥ ৬ ॥

বাক্‌পটু পবননন্দন হনূমান্ তাঁহাদের বাক্য শ্রবণ করিয়া সীতাকে যেরূপ দেখিয়াছেন, তাহা বলিতে লাগিলেন— ॥ ৭ ॥

আমি শতযোজন-বিস্তৃত সমুদ্র উল্লঙ্ঘন করিয়া আকাশপথে অন্বেষণ করিতে করিতে জনকনন্দিনী সীতার নিকটে গিয়াছিলাম ॥ ৮ ॥

সেখানে, দক্ষিণ-সমুদ্রের দক্ষিণ তীরে দুরাত্মা রাবণের লঙ্কানামক নগরী বর্ত্তমান আছে ॥ ৯ ॥

১। ঘ ঙ '-তং'। ২। খ '-বেদিনম্'। ৩। ঘ-ছ 'শ্রবণং'। ৪। ছ-ঙ-দ 'যথা', খ 'তথা'। ৫। ঘ '-বিস্তৃতম্'। ৬। ছ 'যত্র'।

তত্র সীতা ময়া দৃষ্টা রাবণান্তঃপুরে সতী।
সংন্যস্য ত্বয়ি ভদ্রন্তে প্রাণান্ রাম মনোরথৈঃ[১] ॥ ১০ ॥
দৃষ্টা মে রাক্ষসীমধ্যে তর্জ্যমানা পুনঃ পুনঃ।
রাক্ষসীভির্বিরূপাভী রক্ষিতা প্রমদাবনে ॥ ১১ ॥
দুঃখমাস্তে ভৃশং সীতা নিত্যং দেবী সুখোচিতা[২]।
রাবণান্তঃপুরে রুদ্ধা রাক্ষসীভিঃ সুরক্ষিতা[৩] ॥ ১২ ॥
একবেণীধরা দীনা ত্বচ্চিন্তা ত্বৎপরায়ণা।
অধঃশয্যা বিবর্ণাঙ্গী পদ্মিনীব হিমাগমে ॥ ১৩ ॥
রাবণাদ্বিনিবৃত্তাত্মা[৪] মর্ত্তব্যে কৃতনিশ্চয়া।
কথঞ্চিদেব কাকুৎস্থ তত্র[৫] সাসাদিতা[৬] ময়া ॥ ১৪ ॥

১০। লো-টী। মন এব রথাঃ, তৈর্মনোরথৈঃ, ত্বয়ি প্রাণান্ সন্ন্যস্য সতী বর্ত্তমানা।
১৩। লো-টী। পদ্মিনী পদ্মসংঘাত ইব।

সেই লঙ্কায় রাবণের অন্তঃপুরে সীতাকে আমি দেখিয়াছি। রামচন্দ্র! তিনি মনে মনে আপনাতে প্রাণ সমর্পিত করিয়া অবস্থান করিতেছেন, আপনার মঙ্গল হউক ॥ ১০ ॥

আমি রাক্ষসীগণ-মধ্যে, কুৎসিত-রাক্ষসীগণ-পরিবেষ্টিতা এবং তৎকর্তৃক পুনঃ পুনঃ নিন্দিতা সীতাকে প্রমোদ-কাননে দেখিয়াছি ॥ ১১ ॥

সুখে থাকিবার উপযুক্তা সীতাদেবী রাক্ষসীগণে সুরক্ষিতা হইয়া রাবণের অন্তঃপুরে আবদ্ধা থাকায় সর্ব্বদা অত্যন্ত দুঃখ অনুভব করিতেছেন ॥ ১২ ॥

দুঃখিতা সেই সীতা সর্ব্বদা একটীমাত্র বেণী ধারণ করেন, তিনি আপনার চিন্তায় রত ও আপনিই তাঁহার একমাত্র আশ্রয়। তিনি ভূতলে শয়ন করেন এবং শীত ঋতুতে পদ্মিনীর ন্যায় তাঁহার অঙ্গসমূহ অতিশয় বিবর্ণ ॥ ১৩ ॥

হে কাকুৎস্থ, আমি সেখানে কোনরূপে (অতিকষ্টে) তাঁহার নিকট উপস্থিত হইয়াছিলাম। তাঁহার আত্মা রাবণের প্রতি পরাঙ্মুখ, তিনি মৃত্যুর জন্য কৃতনিশ্চয়া ॥ ১৪ ॥

১। খ '-রথে'। ২। ঘ-ঋ 'সুখোষিতা'। ৩। ঘ '-ভিঃ রক্ষিতা'। ৪। ক '-বৃত্তার্থা'। ৫। ছ 'সা তত্রাসাদিতা'। ৬। ঘ-ঋ 'সমাসিতা'।

ইক্ষ্বাকুবংশবিখ্যাতিং শনৈঃ কীর্ত্তয়তা[১] তদা[২]।
সা[৩] ময়া রঘুশার্দ্দূল বিশ্বাসমুপপাদিতা ॥ ১৫ ॥

ততঃ সংভাষিতা দেবী[৪] সর্ব্বমর্থঞ্চ শ্রাবিতা[৫]।
রামসুগ্রীবসখ্যঞ্চ শ্রুত্বা[৬] প্রীতিমুপাগমৎ[৭] ॥ ১৬ ॥

বিনয়ঃ[৮] সমুদাচারো ভক্তিস্তস্যাস্তথা[৯] ত্বয়ি।
যন্ন হন্তি দশগ্রীবং সুমহাত্মা[১০] স রাক্ষসঃ[১১] ॥ ১৭ ॥

এবং ময়া মহাভাগা দৃষ্টা জনকনন্দিনী।
উগ্রেণ তপসা যুক্তা ত্বদ্‌ভক্ত্যা পুরুষর্ষভ ॥ ১৮ ॥

১৫। লো-টী। সাময়া রোগিণী। 'সামর্ষা' ইতি পাঠে রাবণং প্রতি ক্রুদ্ধা। অভিপালিতা প্রাপিতা। 'প্রতিপাদিতা' ইতি বা পাঠঃ।

১৭। লো-টী। বিনয়াদিকং যদ্ যস্মাদ্ দশগ্রীবং ন হন্তি, অত এবং মন্যে স রাক্ষসঃ সুষ্ঠু মহান্ আত্মা মরণাভাবে যত্নো যস্য তাদৃশঃ।

হে রঘুশ্রেষ্ঠ রাম, আমি তখন ইক্ষ্বাকুবংশের যশঃ পুনঃ পুনঃ কীর্ত্তন করিয়া তাঁহার বিশ্বাস উৎপাদন করিলাম ॥ ১৫ ॥

তাহার পর সীতাদেবীর সহিত আলাপ করিয়া সমস্ত বিষয় তাঁহাকে শুনাইলাম, তিনি রামচন্দ্রের সহিত সুগ্রীবের বন্ধুত্বের কথা শ্রবণ করিয়া প্রীতি লাভ করিলেন ॥ ১৬ ॥

যেহেতু সীতার বিনয়, সদাচার, আপনার প্রতি ভক্তি—এই সমস্ত রাবণকে ধ্বংস করিতেছে না, অতএব [মনে হয়] সেই রাক্ষসের মহিমা অসাধারণ ॥ ১৭ ॥

হে পুরুষসিংহ, আমি মহাভাগা জনকনন্দিনী সীতাকে উৎকট তপস্যায় রতা এবং আপনার প্রতি অতিশয় ভক্তিমতী দেখিয়াছি ॥ ১৮ ॥

১। খ 'কথয়তা'। ২। ক 'ময়া'। ৩। খ 'কথঞ্চিদেব কাকুৎস্থ বিশ্বাসমুপপাদিতা'। ৪। 'দেবী'। ৫। ঙ '-ত্বম্'। ৬। ঘ 'প্রীতস্তত্রাভবৎ'। ৭। দ '-গতা'। ৮। ঘ-খ 'নিবন্ধঃ'। ৯। ঙ-খ 'ভক্তৃভক্তিস্তথা'। ১০। ছ 'তন্মহাত্মা'। ১১। ক '-সম্'।

তং মণিং দিব্যরূপঞ্চ দীপ্যমানং স্বতেজসা।

দত্ত্বা রামায় হনুমাংস্ততঃ প্রাঞ্জলিরব্রবীৎ ॥ ১৯ ॥

তাসামন্তরমাসাদ্য রাক্ষসীনাং বরাঙ্গনা[১]।

অব্রবীন্মাং ততঃ[২] সীতা শোকবাষ্প[৩]পরিপ্লুতা ॥ ২০ ॥

বক্তব্যস্তে নরব্যাঘ্রো রামঃ সত্যপরাক্রমঃ।[৪]

নিখিলেনেহ যদ্দৃষ্টং রাক্ষসীনাঞ্চ যচ্ছ্রুতম্ ॥ ২১ ॥

তর্জ্জিতং[৫] রাক্ষসেন্দ্রস্য গর্জ্জিতং[৬] ভীষণন্তথা।

দ্বৌ মাসৌ জীবিতব্যং মে স চাপি সময়ঃ কৃতঃ ॥ ২২ ॥

অয়ং তস্মৈ প্রদাতব্যো যত্নাৎ সুপরিপালিতঃ[৭]।

স চ মদ্বচনাদ্ বাচ্যঃ সুগ্রীবস্যৈব শৃণ্বতঃ[৮] ॥ ২৩ ॥

২০। গো-টী। অন্তরম্ অবসরম্

২৩। গো-টী। সুগ্রীবস্য উপশৃণ্বতঃ সমক্ষমিত্যর্থঃ।

হনুমান্ অতিশয় সুন্দর এবং স্বীয় প্রভায় প্রদীপ্ত সেই মণি রামের হস্তে অর্পণ করিয়া কৃতাঞ্জলিপুটে বলিতে লাগিলেন— ॥ ১৯ ॥

"অনিন্দ্যসুন্দরী সীতা সেই রাক্ষসীদের মধ্যে বাস করিয়া শোকে মুহ্যমান হইয়া অশ্রুপূর্ণনেত্রে আমাকে বলিলেন— ॥ ২০ ॥

তুমি এই স্থানে যাহা দেখিলে এবং রাক্ষসীদের নিকট যাহা শুনিলে— রাক্ষসরাজ রাবণের ভীষণ তর্জ্জন-গর্জ্জন এবং আর দু'মাস মাত্র আমার জীবনের সময়-নির্দ্দেশরূপ সেই প্রতিজ্ঞা, এই সমস্ত পুরুষসিংহ সত্যপরাক্রম রামচন্দ্রের নিকট সমগ্রভাবে বলিবে ॥ ২১-২২ ॥

অতিযত্নে সুরক্ষিত এই মণি তাঁহাকে প্রদান করিবে এবং সুগ্রীবের সমক্ষে আমার কথানুসারে তাঁহাকে বলিবে— ॥ ২৩ ॥

১। ঘ-ঙ '-ননা'। ২। খ-ছ 'তদা'। ৩। খ '-তাপ-'। ৪। খ '-মো ভীম-'। ৫। খ 'গর্জ্জিতং'। ৬। খ 'তর্জ্জনং'। ৭। ছ-খ '-রক্ষিতঃ'। ৮। ছ-ঙ '-স্তোপশৃণ্বতঃ'।

এষ চূড়ামণির্দ্দিব্যো ময়া[১] সুপরিরক্ষিতঃ।
[২]তব নির্যাতিতঃ সৌম্য যেনাহং জীবিতা বিভো।
মনঃশিলায়াস্তিলকং তং স্মরস্বে[৩]তি চাব্রবীৎ ॥ ২৪ ॥

বিজ্ঞাপ্যঃ[৪] স নরব্যাঘ্রো যত্নাদ্ বায়ুসুত ত্বয়া।
অখিলে[৫]নেহ যদ্দৃষ্টমিতি মামাহ[৬] জানকী[৭] ॥ ২৫ ॥

এষ নির্যাতিতঃ শ্রীমান্ ময়া তে বারিসম্ভবঃ।
মণির্জ্জনকরাজস্য দুহিত্রা[৮] প্রেষিতো[৯]ঽনঘ ॥ ২৬ ॥

এনং দৃষ্ট্বা প্রহৃষ্যামি ব্যসনেঽপী[১০]হ চানঘ।
জীবিতং ধারয়িষ্যামি মাসং দশরথাত্মজ।
মাসাদূর্দ্ধং ন জীবেয়ং রাক্ষসীবশমাগতা ॥ ২৭ ॥

২৪। লো-টী। বচনমেবাহ দ্বাভ্যাম্—'এষ' ইতি। হে সৌম্য, হে বিভো, শ্রীরাম! যেন মণিনা জীবিতা জীবামি।

২৭। লো-টী। পুনরপি সীতাবচনম্ 'এনং'মিতি সার্দ্ধেন।

'প্রভু, এই উৎকৃষ্ট চূড়ামণি আমি অতিযত্নে রক্ষা করিয়াছি; আপনার বিরহে ইহার সাহায্যে এপর্য্যন্ত জীবনধারণ করিয়াছি'। 'মনঃশিলার সেই তিলক স্মরণ করুন,' ইহাও তিনি বলিয়াছেন ॥ ২৪ ॥

জনকনন্দিনী সীতা আমাকে বলিয়াছেন—'পবননন্দন হনূমন্! তুমি এখানে যাহা দেখিলে তৎ-সমস্ত সেই পুরুষব্যাঘ্র রামচন্দ্রকে যত্ন-সহকারে নিবেদন করিবে' ॥ ২৫ ॥

হে অনঘ, জনকরাজনন্দিনী সীতাকর্ত্তৃক প্রেরিত জল [অর্থাৎ সমুদ্র] হইতে উৎপন্ন অতি সুন্দর এই মণি আমি আপনার নিকট প্রত্যর্পণ করিতেছি ॥ ২৬ ॥

[সীতা বলিয়াছেন] 'হে দাশরথে, এই বিপদেও আমি এই মণি দেখিয়া আনন্দিত হইয়াছি। আমি আর এক মাস মাত্র জীবন ধারণ করিব। রাক্ষসীগণের অধীন হইয়া ইহার অধিক আর প্রাণ রাখিব না' ॥ ২৭ ॥

১। দ 'ত্বত্তোঽর্হভি-'। ২। ত-দ-পুস্তকয়োরিদমর্দ্ধং নাস্তি। ৩। ত 'সংস্মরন্তীতি সা-', দ 'স্মরন্তী সাত্র চাব্র-'। ৪। ত-দ '-প্যশ্চ'। ৫। ত '-নোক্ত'। ৬। থ-থ 'মৈথিলী'। ৭। অতঃ পরং ত-পুস্তকে 'তব নির্যাতিতঃ সৌম্য যেনাহং জীবিতা প্রভো'। ইত্যধিকম্। ৮। ছ 'মম্না'। ৯। অতঃ পরং ছ-পুস্তকে 'এনং দৃষ্ট্বা প্রহৃষ্যামি ব্যসনে পীড়িতানঘ।" ইত্যধিকম্। ১০। ত 'পীড়িতানন'।

ভূয়শ্চেদমভিজ্ঞানং বৈদেহ্যাঃ শৃণু রাঘব।
উত্তরে চিত্রকূটস্য বৃত্তং পাদে মনোরমে[১] ॥ ২৮ ॥

বাধমানস্য[২] বৈদেহীং[৩] মাংসার্থে বায়সস্য তু[৪]।
ক্ষিপ্তামিষীকাং কাকস্য তস্যার্থে দুষ্টকর্ম্মণঃ ॥ ২৯ ॥

ঐষীকমস্ত্রমপি তৎ কাকার্থে সন্নিপাতিতম্[৫]।
জহি পাপমিমং[৬] রক্ষঃক্রূরং দারাপহারিণম্[৭] ॥ ৩০ ॥

ইতি মামব্রবীৎ[৮] সীতা ধর্ম্মজ্ঞা ধর্ম্মচারিণী।
রাবণান্তঃপুরে রুদ্ধা মৃগীবোৎফুল্ললোচনা ॥ ৩১ ॥

এতত্তে সর্ব্বমাখ্যাতং ময়া রাঘব তত্ত্বতঃ।
সর্ব্বথা সাগরজলে সন্তারং প্রবিচিন্তয়[৯] ॥ ৩২ ॥

২৯। গো-টী। রোদয়মানস্য কপটেন দুঃখং জনয়ত ইতি সর্ব্বজ্ঞঃ। 'রোরুদ্যমানস্যে'তি পাঠে বৈদেহীং বৈদেহ্যাঃ সম্বন্ধং পুনঃ পুনারুদতঃ বায়সস্য বয়ো যৌবনং তদ্বিশিষ্টস্য কাকস্য ক্ষিপ্তামিষীকাং শৃণ্বিতি পূর্ব্বেণান্বয়ঃ।

৩০। গো-টী। 'দারাপহারিণ'মিতি পুংস্ত্বমার্যম্। রক্ষসাং মধ্যে ক্রূরং বা।

রামচন্দ্র, বিদেহ-রাজনন্দিনী সীতার আরও স্মারক (কথা), যাহা চিত্রকূট-পর্ব্বতের প্রান্তবর্তী মনোহর উত্তর-পশ্চাতে ঘটিয়াছিল, শ্রবণ করুন ॥ ২৮ ॥

বিদেহ-রাজনন্দিনী সীতার পীড়া-উৎপাদক মাংসাভিলাষী দুষ্কার্য্যকারী সেই কাকের উদ্দেশ্যে ক্ষিপ্ত ইষীকা অস্ত্রের কথা স্মরণ করুন ॥ ২৯ ॥

'সেই কাকের জন্য ঐষীক অস্ত্র প্রয়োগ করিয়াছিলেন। এই দারাপহারী ক্রূর পাপিষ্ঠ রাক্ষসকে বধ করুন' ॥ ৩০ ॥

রাবণের অন্তঃপুরে অবরুদ্ধা ধর্ম্মজ্ঞা ধর্ম্মচারিণী এবং হরিণীর ন্যায় চঞ্চল-নয়না সীতা এইরূপ আমাকে বলিয়াছেন ॥ ৩১ ॥

হে রাঘব, আমি আপনার নিকট সমস্ত বৃত্তান্ত যথার্থভাবে বর্ণনা করিলাম, [এক্ষণে] সমুদ্রজলে সন্তরণের সর্ব্বপ্রকার উপায় চিন্তা করুন ॥ ৩২ ॥

১। ঙ-চ '-পাদমনো-', দ '-পাদপসঙ্কুলে'। ২। ক 'রোচমানস্য', ও 'বোধমানস্য', দ 'রটমানস্য'। ৩। ছ 'বৈদেহী'। ৪। খ 'রাঘবস্য চ'। ৫। খ 'বিনিপা-'। ৬। ছ ড '-মিদং'। ৭। ঘ-থ 'হ্যাপা-'। ৮। চ 'স্বাম-'। ৯। দ 'প্রতিচি-'।

উপায়ো দৃশ্যতাং কশ্চিদ্ যথা নদনদীপতিম্।

ন চিরেণ ভবান্ ঘোরং সসৈন্যঃ সাগরস্তরেৎ ॥ ৩৩ ॥

বার্ত্তাং শ্রুত্বা রাজপুত্রৌ প্রহৃষ্টৌ দৃষ্ট্বা সিদ্ধিং বানরেন্দ্রশ্চ রাজা।

গাত্রাশ্লেষং লক্ষ্মণশ্চামিতাত্মা কৃত্বা দৃষ্ট্বা বায়ুপুত্রং শশংসুঃ ॥ ৩৪ ॥

জাতাশ্বাসৌ রাজপুত্রৌ বিদিত্বা তাঞ্চাভিজ্ঞাং রাঘবায় প্রদায়।

দেব্যাখ্যাতং সর্ব্বমেবানুপূর্ব্ব্যা তূষ্ণীমুক্ত্বা বায়ুপুত্রস্তদাভূৎ ॥ ৩৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে অভিজ্ঞানমণিসমর্পণং নাম সপ্তষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৭ ॥

৩৩। লো-টী। দৃশ্যতে দৃশ্যতাম্। তদেব বা ক্বচিৎ পাঠঃ। নচিরেণ শীঘ্রম্।

৩৪। লো-টী। সিদ্ধিং কার্য্যসিদ্ধিম্। নেত্রাশ্লেষং নেত্রৈর্হনুমদাশ্লেষণং কৃত্বা প্রসন্ননেত্রৈর্হনুমদবেক্ষণং কৃত্বা প্রশশংসুঃ। লক্ষ্মণঃ সশ্রীকো বানরেন্দ্রঃ। 'রামভ্রাতরি পুংসি স্যাৎ সশ্রীকেঽপ্যভিধেয়বৎ' ইতি কোষঃ।

...অভিজ্ঞানসমর্পণম্ ॥ ৬৭ ॥

আপনি কোন উপায় চিন্তা করুন, যাহাতে সসৈন্যে নদ-নদীপতি ভয়ঙ্কর সমুদ্র শীঘ্রই সন্তরণ করিতে পারেন ॥ ৩৩ ॥

[হনুমানের মুখে সীতার] বৃত্তান্ত শ্রবণ করিয়া রাজপুত্রদ্বয় আনন্দিত হইলেন, বানররাজ সুগ্রীবও কার্য্যসিদ্ধি দর্শন করিয়া আনন্দিত হইলেন এবং মহাত্মা লক্ষ্মণও পবননন্দন হনুমান্‌কে দেখিয়া আলিঙ্গন করিলেন এবং সকলে তাঁহার প্রশংসা করিতে লাগিলেন ॥ ৩৪ ॥

তখন হনুমান্ রাজপুত্রদ্বয় (রাম এবং লক্ষ্মণ)কে আশ্বস্ত হইতে দেখিয়া, রামচন্দ্রকে সেই স্মারক মণি প্রদান করিয়া এবং সীতাকর্ত্তৃক উক্ত সমস্ত বৃত্তান্ত আনুপূর্ব্বিক বর্ণনা করিয়া চুপ করিয়া রহিলেন ॥ ৩৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে অভিজ্ঞানমণিসমর্পণ-নামক ৬৭ম সর্গ সমাপ্ত ॥ ৬৭ ॥

১। ক-পুস্তকে ইতঃ শ্লোকত্রয়ং নাস্তি। ২। ত-দ 'নেত্রা-'। ৩। ত '-ণে চামি-'। ৪। ত-থ 'হৃষ্টৌ'। ৫। থ-ত-দ 'শশংস'। ৬। ত-থ 'তচ্চাভিজ্ঞানং'। ৭। থ-ত-দ 'বেদা-'।

(৬৮) অষ্টষষ্টিতমঃ সর্গঃ

এবমুক্তো[১] হনুমতা রামো দশরথাত্মজঃ।
তং মণিং হৃদয়ে কৃত্বা[২] প্ররুরোদ সলক্ষ্মণঃ[৩] ॥ ১ ॥

নিরীক্ষ্য[৪] তং মণিশ্রেষ্ঠং[৫] রাঘবঃ শোককর্ষিতঃ[৬]।
নেত্রাভ্যাং বাষ্পপূর্ণাভ্যামিদং বচনমব্রবীৎ ॥ ২ ॥

যথৈব ধেনুঃ স্রবতি স্নেহাদ্ বৎসস্য বৎসলা[৭]।
এবং মে মণিরত্নস্য বৈদেহ্যা ইব দর্শনম্ ॥ ৩ ॥

মণিরত্নমিদং[৮] দত্তং বৈদেহ্যাঃ শ্বশুরেণ[৯] বৈ।
বধূকালে তদা বদ্ধমধিকং মূর্ধ্নি শোভত ॥ ৪ ॥

২-৩। লো-টী। নেত্রাভ্যামশ্রুপূর্ণাভ্যাং বিশিষ্টো রাঘবঃ। যদ্বা, নেত্রাভ্যামশ্রুপূর্ণাভ্যা-মিতি পরেণান্বয়ঃ। যথা ধেনুর্বৎসবিরহেণ পূর্ণাভ্যাং নেত্রাভ্যামশ্রু স্রবতি মুঞ্চতি এবং বৈদেহ্যা ইব মণিরত্নস্য বৈদেহীসদৃশস্য মণিরত্নস্য দর্শনং মে মম নেত্রাভ্যাং পূর্ণাভ্যাং সকলাভ্যাং সকাশাৎ অশ্রু স্রবতি পাতয়তীত্যর্থঃ। 'বারিপূর্ণাভ্যামি'তি পাঠঃ ক্বচিৎ। 'অশ্রুণি বারি পূর্ণাভ্যা'মিতি সম্বন্ধসম্মতঃ। যদ্বা, ধেনুর্যথা অশ্রু স্রবতি এবং বৈদেহীমণিরত্নবৎসলস্য মম দর্শনং নেত্রমশ্রু মুক্তবানিত্যর্থঃ।

দশরথনন্দন রাম লক্ষ্মণের সহিত হনুমান্ কর্তৃক এইরূপ উক্ত হইয়া সেই মণি হৃদয়ে স্থাপন করিয়া আনন্দাশ্রু বর্ষণ করিতে লাগিলেন ॥ ১ ॥

শোকসন্তপ্ত রামচন্দ্র অশ্রুপূর্ণনেত্রে সেই শ্রেষ্ঠ মণি দর্শন করিয়া এই কথা বলিলেন— ॥ ২ ॥

স্নেহশীলা ধেনু যেরূপ বৎসদর্শনে স্নেহ-বশতঃ অশ্রু বিসর্জন করে, সেইরূপ বিদেহ-রাজনন্দিনী সীতাসদৃশ এই মণিরত্নদর্শনেও আমার নয়ন হইতে অশ্রু নির্গত হইতেছে ॥ ৩ ॥

আমার শ্বশুর (জনকরাজ) বিদেহরাজনন্দিনী সীতার বিবাহকালে এই মণিরত্ন দান করিয়াছিলেন, তখন উহা সীতার মস্তকে অতিশয় শোভা পাইত ॥ ৪ ॥

১। ক 'এবমুক্তা বরঃ'। ২। খ 'দৃষ্ট্বা'। ৩। খ '-হ ল-'। ৪। খ-ছ 'চ'। ৫। খ '-বরং'। ৬। ছ-খ '-মূর্ছিতঃ'। ৭। খ 'মৌপিলা'। ৮। খ-পুস্তকে শ্লোকদ্বয়মিদং নাস্তি। ৯। খ 'চ'

অয়ং হি জলসংভূতো মণিঃ পরমপূজিতঃ।
রাজ্ঞে[২] পরমতুষ্টেন দত্তঃ শক্রেণ ধীমতা ॥ ৫ ॥

ইমং দৃষ্ট্বা মণিশ্রেষ্ঠং যথা তাতস্য দর্শনম্।
অদ্যাভ্যুপগতঃ[৩] সৌম্য বৈদেহ্যা[৪] ইব দর্শনম্ ॥ ৬ ॥

অয়ং মণিবরঃ কালং প্রিয়য়া ধারিতশ্চিরম্।
অদ্যাস্য[৫] দর্শনেনাহং দৃষ্টাং তামেব চিন্তয়ে ॥ ৭ ॥

কিমাহ[৬] সীতা বৈদেহী ব্রূহি সৌম্য[৭] পুনঃ পুনঃ।
শোকাগ্নিনা দহ্যমানং সিঞ্চ মাং বাক্যবারিণা ॥ ৮ ॥

৬। লো টী। বৈদেহ্যা ইব বৈদেহ্যাঃ সদৃশস্য মণিবরস্য দর্শনং যথোপগতঃ প্রাপ্তোঽস্মি, তথা ইমং মণিশ্রেষ্ঠং দৃষ্ট্বা তাতস্য দর্শনং প্রাপ্ত ইত্যন্বয়ঃ। যদ্বা, যথা তাতস্য দর্শনমুপগতঃ তথা বৈদেহ্যা ইবেতি বাক্যালঙ্কারে।

৭। লো টী। চিরং কালং যথা ভবতি তথা ধারিতো দৃত ইত্যর্থঃ। তাং দৃষ্টামিব চিন্তয়ে, 'দৃষ্টাং তামেবে'তি ক্বচিৎ পাঠঃ।

জল হইতে উৎপন্ন এই অত্যুৎকৃষ্ট মণি ধীমান্ দেবরাজ পরম সন্তুষ্ট হইয়া রাজা জনককে দান করিয়াছিলেন ॥ ৫ ॥

হে সৌম্য, এই শ্রেষ্ঠ মণি দর্শন করিয়া যেরূপ আমার শ্বশুরের দর্শন লাভ করিয়াছি বলিয়া মনে হয়, সেইরূপ সীতারও দর্শন লাভ করিয়াছি বলিয়া মনে হয় ॥ ৬ ॥

প্রিয়া সীতা বহুদিন যাবৎ এই শ্রেষ্ঠ মণি ধারণ করিয়াছেন, ইহার দর্শনে তাঁহাকেই দেখিয়াছি বলিয়া মনে হয় ॥ ৭ ॥

হে সৌম্য, বিদেহরাজনন্দিনী সীতা কি বলিয়াছেন, তাহা পুনঃ পুনঃ বল, শোকানলে দহ্যমান আমাকে বাক্যরূপ জলদ্বারা সিঞ্চন কর ॥ ৮ ॥

১। খ '-সুন্দরঃ'। ২। খ '-ও ইন্দ্রেণ'। ৩। খ-ছ 'অদ্যাস্মু্যপা-'। ৪। খ 'মৈথিল্যা'। ৫। ছ-ঙ-দ '-মিতি'। ৬। খ-পুস্তকে অতঃ প্রভৃতি দশমশ্লোকান্তং নাস্তি। ৭। খ 'মনস্বিকে'।

অতস্তু কিং দুঃখতরং যদেনং বারিসম্ভবম্[1]।
মণিং পশ্যামি[2] হনুমন্ বৈদেহীমাগতাং বিনা ॥ ৯ ॥
জীবিষ্যতি চিরং সীতা যদি[3] মাসং ধরিষ্যতি[4]।
ক্ষণং সৌম্য ন জীবেয়ং বিনা তামিতি চিন্তয়ে ॥ ১০ ॥
নয় মাং তত্র[5] হনুমন্ যত্রাস্তে সা[6] মম প্রিয়া।
মুহূর্ত্তং নাবতিষ্ঠেয়ং প্রবৃত্তিমুপলভ্য হি ॥ ১১ ॥
কথং সা[7] মম সুশ্রোণী ভীরুরেকাকিনী সতী।
ভয়াবহানাং[8] ঘোরাণাং মধ্যে তিষ্ঠতি রক্ষসাম্ ॥ ১২ ॥

১০। লো-টী। ধরিষ্যতি প্রাণান্ ধারয়িষ্যতীত্যর্থঃ। তদা চিরং জীবিষ্যতি। উপৈষ্যতীতি পাঠে প্রত্যাসীতার্থঃ (?)। সৌম্য হে হনুমন্।

১১। লো-টী। নাবতিষ্ঠেয়মিত্যার্ষঃ পরস্মৈপদম্।

হে হনুমন্, বিদেহরাজনন্দিনী সীতাকে উপস্থিত না দেখিয়া যে এই জলজাত মণিরত্ন দেখিতেছি, ইহা হইতে কষ্টকর কি হইতে পারে ? ॥ ৯ ॥

সীতা যদি আর একমাস প্রাণ ধারণ করিতে পারেন, তবে তিনি বহুকাল জীবিত থাকিবেন। কিন্তু, হে সৌম্য, সীতার বিরহে আমি ক্ষণকালও জীবন ধারণ করিতে সমর্থ নই—এইরূপ চিন্তা করিতেছি ॥ ১০ ॥

হে হনুমন্, যেখানে আমার সেই প্রিয়া সীতা অবস্থান করিতেছেন, আমাকে সেই স্থানে লইয়া চল, তাঁহার বৃত্তান্ত অবগত হইয়া আমি মুহূর্ত্তকাল [অন্যত্র] থাকিতে ইচ্ছা করি না ॥ ১১ ॥

আমার প্রিয়া ভয়াতুরা সেই সীতা কিরূপে ভয়ঙ্কর রাক্ষসগণমধ্যে বাস করিতেছেন ? ॥ ১২ ॥

১। ছ-ঝ 'মণিন'। ২। ক 'বক্ষ্যামি' (?)। ৩। খ 'মাং সমুপেক্ষ্যতি'। ৪। দ 'ধরিষ্যতি'। ৫। ছ 'হনুমংস্তত্র', খ 'চাপি হনুমন্ যত্র দৃষ্টা প্রিয়া কপে'। ৬। ঘ 'মম সা'। ৭। ঘ 'বধূঃ'। ৮। ত 'তথা বদ্ধা হ্যবো-'।

শারদস্তিমিরান্মুক্তো নূনং চন্দ্র ইবাম্বুদৈঃ।
আবৃতং[2] বদনং তস্যা ন বিরাজতি রাক্ষসৈঃ ॥ ১৩ ॥
কিমাহ[3] সীতা হনুমংস্তত্ত্বতঃ কথয়স্ব মে।
এতেন খলু জীবিষ্যে ভেষজেন যথাতুরঃ ॥ ১৪ ॥
মধুরং মধুরাভাষা কিমাহ মম সা প্রিয়া।
মদ্বিহীনা বরারোহা হনুমন্ কথয়স্ব মে ॥ ১৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে রামপরিদেবনং নাম
অষ্টষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৮ ॥

১৩। গো-টী। শারদশ্চন্দ্রঃ শরৎকালীনঃ, তিমিরাৎ কৃষ্ণাষ্টম্যাদিজাতান্মুক্তঃ, অতশ্চাম্বুদৈ-বিশিষ্টঃ।

১৪। গো-টী। এতেন সীতাসংবাদেন।

শ্রীরামপরিদেবনম্ ॥ ৬৮ ॥

অন্ধকারমুক্ত অথচ মেঘাবৃত শারদ শশীর ন্যায় রাক্ষসগণ-পরিবৃত সেই সীতার বদনমণ্ডল শোভা পাইতেছে না ॥ ১৩ ॥

হে হনুমন্, সীতা কি বলিয়াছেন তাহা সম্যক্ রূপে বল, ঔষধসেবনে রোগীর ন্যায় সীতার সংবাদশ্রবণে আমিও জীবন ধারণ করিতে পারিব ॥ ১৪ ॥

হে হনুমন্, মধুরভাষিণী আমার প্রিয়া সেই সীতা আমার বিরহে কি বলিয়াছেন, তাহা আমার নিকট বল ॥ ১৫ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে রামপরিদেবন নামক
৬৮ম সর্গ সমাপ্ত ॥ ৬৮ ॥

১। ছ 'সারা-'। ২। ঘ 'সংবৃতং'। ৩। ঘ-ণ 'মাম্'।

(৬৯) ঊনসপ্ততিতমঃ সর্গঃ

এবমুক্তস্তু রামেণ হনুমান্ বানরর্ষভঃ।[১]
পূর্ব্ববৃত্তমভিজ্ঞানং ভূয়ঃ সংপ্রত্যভাষত ॥ ১ ॥[২]

সুপ্তা কিল ত্বয়া সার্দ্ধং জানকী পুনরুত্থিতা।[৩]
অথাস্যা বায়সোঽভ্যেত্য বিদদার স্তনান্তরম্ ॥ ২ ॥[৪][৫]

দেব্যাস্ত্বমঙ্কে সুপ্তশ্চ নিদ্রামভিগতস্তদা।[৬]
পুনশ্চ কিল পক্ষী স দেব্যা অজনয়দ্ব্যথাম্ ॥ ৩ ॥[৭]

উৎপত্যোৎপত্য সহসা বিদদার ভৃশং কিল।[৮]
ততস্ত্বং রুক্তবাংস্তত্র শোণিতেন সমুক্ষিতঃ ॥ ৪ ॥[৯][১০]

৪। লো-টী। রুক্তবান্ জাগরিতবান্। সমুক্ষিতঃ সিক্তঃ।

রামচন্দ্র বানরশ্রেষ্ঠ হনুমানকে এইরূপ বলিলে, হনুমান্ পুনরায় অভিজ্ঞান-সূচক পূর্ব্ববৃত্তান্ত বলিতে লাগিলেন— ॥ ১ ॥

[একদা] জনকনন্দিনী সত্ত আপনার সহিত নিদ্রা যাইয়া পুনরায় উত্থিত হইলে, এক কাক আসিয়া তাঁহার স্তনমধ্যভাগ বিদীর্ণ করিল ॥ ২ ॥

আপনি তাঁহার ক্রোড়ে [মস্তক রাখিয়া] নিদ্রিত ছিলেন। সেই কাক পুনরায় তাঁহার পীড়া উৎপাদন করিতে লাগিল ॥ ৩ ॥

[সেই কাক সীতার স্তনোপরি] পুনঃ পুনঃ পতিত হইয়া সেই স্থান বিদীর্ণ করিল। তদনন্তর আপনি সেই রক্তে সিক্ত হইয়া জাগরিত হইলেন ॥ ৪ ॥

১। দ '-রোত্তমঃ'। ২। ঙ 'সম্প্র'। ৩। দ 'মৈথিলী'। ৪। ঙ 'অথৈনাং', দ 'যথা-'। ৫। ঙ '-রে'। ৬। দ '-মঙ্গে'। ৭। দ 'ব্যজন-'। ৮। ঙ-ট-দ 'স্তনান্তরম্'। ৯। ক '-স্ত্ব', ঘ-ধ 'অভূস্ত্বং রুক্তবাংস্তত্র'। ১০। ঘ-ছ-ঙ-দ '-ক্ষিতাং'।

বায়সেন চ তেনৈব সততং বধ্যমানয়া।
বোধিতঃ কিল সুপ্তস্ত্বং বৈদেহ্যা রঘুনন্দন ॥ ৫ ॥
তদা দৃষ্ট্বা বরারোহাং বিতুন্নাং তাং স্তনান্তরে।
আশীবিষ ইব ক্রুদ্ধঃ শ্বসন্ বাক্যমভাষথাঃ ॥ ৬ ॥
নখাগ্রৈঃ কেন তে ভীরু বিতুন্নং হি স্তনান্তরম্।
কঃ ক্রীড়তি সরোষেণ পঞ্চবক্ত্রেণ ভোগিনা ॥ ৭ ॥
নিরীক্ষমাণস্ত্বমথ বায়সং সমবৈক্ষথাঃ।
নখৈঃ সরুধিরৈস্তীক্ষ্ণৈস্তামেবাভিমুখং স্থিতম্ ॥ ৮ ॥
পুত্রঃ কিল স শক্রস্য বায়সো বিহগোত্তমঃ।
ধারান্তরচরঃ শ্রীমান্ পবনস্য সমো গতৌ ॥ ৯ ॥

৬। গো-টী। বিতুন্নাং ব্যথিতাম্।
৭। গো-টী। ভোগিনা সর্পেণ।
৯। গো-টী। ধারান্তরচরঃ খড়্গাধারান্তরচরঃ।

হে রঘুনন্দন, সেই বায়সকর্তৃক নিরন্তর আহত হইয়া সীতা আপনাকে নিদ্রা হইতে জাগরিত করিলেন ॥ ৫ ॥

তখন আপনি সীতাদেবীর স্তনমধ্যভাগ বিদীর্ণ দেখিয়া ক্রুদ্ধ সর্পের ন্যায় নিশ্বাস ছাড়িতে ছাড়িতে এই কথা বলিলেন— ॥ ৬ ॥

হে সাধ্বি, কে তোমার স্তনমধ্যভাগ নখদ্বারা বিদারিত করিয়াছে? কে ক্রুদ্ধ পঞ্চমুখ সর্পের সহিত ক্রীড়া করিতেছে? ॥ ৭ ॥

অনন্তর আপনি চতুর্দ্দিকে অবলোকন করত সীতারই সম্মুখে অবস্থিত রুধিরাক্ত তীক্ষ্ণনখবিশিষ্ট বায়সকে দেখিতে পাইলেন ॥ ৮ ॥

খড়্গাধারার মধ্যে বিচরণকারী (অর্থাৎ অতিধূর্ত্ত) প্রিয়দর্শন পক্ষিশ্রেষ্ঠ সেই বায়স ইন্দ্রের পুত্র এবং বেগে পবনতুল্য ॥ ৯ ॥

১। ছ-ঙ-দ 'তত্ক্ষেন'। ২। ধ 'তৎক্ষণং'। ৩। ধ-থ 'বিচতাং', ছ 'বিধ্বস্তাং'। ৪। থ '-মভাষত'। ৫। গ-প 'ভিন্নং ক্বহি স্তনান্তরম্'। ৬। ঙ '-বেক্ষ-', প '-বৈক্ষত'। ৭। ঘ 'সশোণিতৈঃ'। ৮। থ 'ন কিল'। ৯। ব 'বজ্রস্য'। ১০। ঘ 'বিহগাধমঃ'। ১১। ঘ-ভ 'বনান্তর-'। ১২। ঘ 'বায়ুবেগসমো'। ১৩। ছ 'জবে'।

ততস্ত্বং হি মহাবাহো কোপসংবর্ত্তিতেক্ষণঃ।[1]
বধে[2] হি তস্য[3] দুষ্টস্য[4] কৃতবানসি বৈ মতিম্ ॥ ১০ ॥
স ত্বং প্রদীপ্তং চিক্ষেপ[5] দর্ভং কিল খগং প্রতি।
দর্ভসংস্তরতস্তস্মাদিষীকামন্বযোজয়ৎ[6][7][8] ॥ ১১ ॥
স দীপ্ত[9] ইব কালাগ্নির্জ্জ্বালাভিমুখো[10] দ্বিজম্।
ততস্ত্বং বায়সং দীপ্তঃ স দর্ভোঽনুজগাম হ ॥ ১২ ॥

১০। গো টী। কোপেন সংবর্ত্তিতে ঘূর্ণিতে ঈক্ষণে যস্য সঃ। 'কোপসংবর্দ্ধিতেক্ষণ' ইতি পাঠঃ কাচিৎকঃ।

১১। গো টী। দর্ভসংস্তরতো দর্ভযুক্তাৎ যজ্ঞাৎ। তস্মাৎ পূর্ব্বানুষ্ঠিতাৎ। ইষীকাং দর্ভমন্বযোজয়ৎ গৃহীতবান্। তঞ্চ দর্ভং সন্ধায় ধনুষীত্যর্থঃ, পশ্চাৎ খগং প্রতি চিক্ষেপ। যদ্বা, সংস্তরঃ সংস্তরণমাস্তরণমিতি যাবৎ। দর্ভসংস্তরাৎ আস্তরণাৎ দর্ভমিষীকাম্ ইষীকাস্ত্রেণ নিরূপ্য অন্বযোজয়ৎ, বৈদিকৈর্মন্ত্রৈরিত্যর্থাৎ। অনু পশ্চাৎ দীপ্তদর্ভং প্রতিচিক্ষেপেত্যর্থঃ। অন্বয়ং পূর্ব্ববৎ। যদ্বা, দর্ভসংস্তরাৎ দর্ভযুক্তপ্রস্তরাৎ। শেষং সমানম্। 'স তং প্রদীপ্ত'মিতি পাঠে স ত্বং বলবন্তং দৃঢ়মিত্যর্থঃ। 'সংস্তরঃ প্রস্তরে যজ্ঞে সঙ্গরে স্বধ চাপলী'তি কোষঃ। 'গৃহীত্বা কুম্ভবান্ দর্ভং ব্রাহ্মেণাস্ত্রেণ যোজয়' ইতি সাম্প্রতঃ পাঠঃ। কুম্ভবান্ কার্ম্মুকবান্ দর্ভং গৃহীত্বা ব্রাহ্মেণাস্ত্রেণ যোজয় ইতি। অন্বয়ং সমানম্। 'কুম্ভো রাক্ষসান্তরে হস্তিমুণ্ডাংশে রাক্ষসান্তরে। কার্ম্মুকে' ইতি কোষঃ। অত্র 'ইষীকা'পদং যত্র যত্রাস্তি তত্র তত্র ইষীকাশব্দেন দর্ভো লক্ষ্যতে। কিঞ্চ, যত্র যত্র দর্ভপদং তত্র তত্র দর্ভপদেন ইষীকা, তত এব সর্ব্বত্র সর্ব্বাঙ্গীণানুপপত্তিঃ।

হে মহাবাহো, তদনন্তর আপনি ক্রোধে নেত্র বিঘূর্ণিত করিয়া সেই পাপিষ্ঠ বায়সের প্রাণ সংহারের ইচ্ছা করিলেন ॥ ১০ ॥

সেই ক্রুদ্ধ আপনি যজ্ঞীয় আস্তীর্ণকুশ হইতে একটী প্রদীপ্ত কুশকে ইষীকাস্ত্রে (অর্থাৎ ইষীকাস্ত্র-মন্ত্রে) সংযোজিত (অর্থাৎ অভিমন্ত্রিত) করিয়া বায়সের প্রতি নিক্ষেপ করিলেন ॥ ১১ ॥

সেই প্রজ্বলিত কুশ বায়সপক্ষীর অভিমুখে প্রলয়কালীন অগ্নির ন্যায় প্রজ্বলিত হইল এবং তদনন্তর ঐ বায়সের অনুসরণ করিল ॥ ১২ ॥

১। গ '-বর্দ্ধিতেক্ষণঃ'। ২। ও 'বধার্থং'। ৩। ঙ-চ 'তু'। ৪। খ-ছ 'পাপস্য'। ৫। গ-ছ 'দীপ্তং বিচিক্ষেপ'। ৬। গ 'সংস্তরত-'। ৭। ক-ঙ '-যোজয়ৎ'। ৮। অতঃ পরং ঙ-পুস্তকে 'গৃহীত্বা সংস্তরাৎ তস্মাৎ ব্রাহ্মেণাস্ত্রেণ যোজয়ৎ।' ইত্যধিকম্। ৯। ছ 'প্রদীপ্ত', ঙ-খ 'প্রদীপ্ত-'। ১০। খ-ঘ '-মুখো খগম্'।

পিত্রা[1] চ স পরিত্যক্তঃ সুরৈশ্চ[2] সমহর্ষিভিঃ।
পরিক্রম্য চ লোকাংস্ত্রীংস্ত্রাতারং নাভ্যবিন্দত[3] ॥ ১৩ ॥

স ত্বাং নিপতিতো ভূমৌ শরণ্যং শরণং গতঃ।
বধার্হমপি[4] কাকুৎস্থ[5] দয়য়া তং ততোঽব্রবীৎ ॥ ১৪ ॥

মোঘমস্ত্রং[6] ন শক্যন্তু[7] কর্ত্তুমেতন্ময়োদ্যতম্[8]।
ত্যজৈকমঙ্গং[9] খচর যত্তেঽনিষ্টমিতি[10] প্রভো[11] ॥ ১৫ ॥

তেন চৈকং পরিত্যক্তং নয়নং দীনচেতসা
ততস্তস্যাক্ষি কাকস্য দক্ষিণং[12] শাতিতং[13] ত্বয়া ॥ ১৬ ॥

১৫। লো-টী। অনিষ্টমনিচ্ছাবিষয়ম্।
১৬। লো-টী। শাতিতং নাশিতম্।

সেই কাক পিতা এবং মহর্ষিদের সহিত দেবগণ কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল পরিভ্রমণ করিয়াও কোন রক্ষক লাভ করিল না ॥ ১৩ ॥

হে কাকুৎস্থ, [অবশেষে] সেই কাক ভূপতিত হইয়া শরণাগতবৎসল আপনার আশ্রয় গ্রহণ করিলে, আপনি সেই কাক বধযোগ্য হইলেও দয়া করিয়া তাহাকে বলিলেন— ॥ ১৪ ॥

হে বায়স, আমার নিক্ষিপ্ত এই অস্ত্র নিষ্ফল করিবার শক্তি নাই, অতএব যাহা তোমার অনভিপ্রেত এইরূপ একটা অঙ্গ বিসর্জ্জন কর ॥ ১৫ ॥

সেই দীনাত্মা কাক এক চক্ষু পরিত্যাগ করিতে স্বীকার করিলে, আপনি তাহার দক্ষিণ চক্ষু বিনষ্ট করিলেন ॥ ১৬ ॥

১। খ 'স পিত্রা'। ২। খ-ও 'সুমহ-'। ৩। ছ-ঙ 'নাধ-', দ 'নাধ-'। ৪। ক '-হো'। ৫। ছ ঙ দ 'ঃ তমব্রবীঃ'। ৬। দ 'মোঘং মমাস্ত্রং ন শক্যং'। ৭। খ '-স্ত্রমশক্যস্তু'। ৮। ঘ-ধ 'মিত্যেব' রাঘব'। ৯। ছ '-কাঙ্গং খগবর', খ 'ত্যক্ত্বৈনম-'। ১০। ঘ-ছ '-ষ্টতমং'। ১১। ছ 'বিভো'। ১২। ঘ ধ 'পাতিতং দক্ষিণং'। ১৩। ঙ-দ 'পাতিতং'।

নমস্কৃত্বা[1] স তে রাম রাজ্ঞে[2] দশরথায় চ।

বিসৃষ্টঃ স ত্বয়া কাকঃ প্রতিপেদে স্বমালয়ম্[3] ॥ ১৭ ॥

এবমস্ত্রবিদাং শ্রেষ্ঠঃ[4] সত্ত্ববান্ বলবান্ স্থিরঃ[5]।

কিমর্থমস্ত্রং[6] রক্ষঃসু ন যোজয়সি রাঘব ॥ ১৮ ॥

ন নাগা ন চ গন্ধর্ব্বা নাসুরা ন মরুদ্গণাঃ[7]।

তব রাম রণে শক্তা[8] বেগং প্রতিসমাসিতুম্ ॥ ১৯ ॥

তব বীর্য্যবতঃ কশ্চিদ্ যদ্যস্তি[9] ময়ি সংভ্রমঃ।

কিমর্থং ন শরৈস্তীক্ষ্ণৈঃ ক্ষয়ং নয়সি রাক্ষসান্ ॥ ২০ ॥

১৭। গো-টী। নমস্কৃত্বা স কাকঃ স্থিত ইতি শেষঃ। পশ্চাৎ স ত্বয়া বিসৃষ্টস্ত্যক্ত ইত্যন্বয়ঃ।

১৮। গো-টী। স্থিতঃ স্থিরঃ। [illegible]। 'স্থির' ইত্যপি ক্বচিৎ পাঠঃ।

১৯-২০। গো-টী। প্রতিসমাসিতুং সোঢ়ুং যদি কশ্চিদস্তি, তদা ময়ি সম্ভ্রমঃ সমাদরো ভরঃ।

হে রামচন্দ্র, সেই কাক আপনাকে এবং মহারাজ দশরথকে নমস্কার করিয়া আপনার নিকট বিদায় লইয়া স্বীয় বাসস্থানে গমন করিল ॥ ১৭ ॥

হে রাঘব, আপনি অস্ত্রবিদগণের মধ্যে শ্রেষ্ঠ, স্থির এবং বলবান্, আপনি কিজন্য রাক্ষসদিগের প্রতি অস্ত্র নিক্ষেপ করিতেছেন না? ॥ ১৮ ॥

হে রাম, নাগ, গন্ধর্ব্ব, অসুর ও দেবগণ কেহই যুদ্ধে আপনার পরাক্রম সহ্য করিতে সমর্থ নহে ॥ ১৯ ॥

আপনি বীর্য্যবান্; আমার প্রতি যদি আপনার কিছুমাত্র আদর থাকে, তবে তীক্ষ্ণ শরদ্বারা রাক্ষসদিগকে সংহার করিতেছেন না কেন? ॥ ২০ ॥

১। খ 'রাঘবায় নমস্কৃত্য'। ২। খ 'বৈ'। ৩। খ 'স্বরালয়ম্'। ৪। খ 'বীরঃ'। ৫। ঙ 'স্থিতঃ'। ৬। ঘ '-মত্র'। ৭। ঘ-খ 'ন যক্ষা'। ৮। খ 'রণে রাম তে শক্তাঃ'। ৯। গ-ঘ-ঙ 'যদি বর্ত্তি'।

ভ্রাতুরাদেশমাদায় লক্ষ্মণো বা পরন্তপঃ।
স[২] কিমর্থঞ্চ[৩] মাং বীরস্ত্রায়তে ন মহামতিঃ ॥ ২১ ॥

শক্তৌ তৌ পুরুষব্যাঘ্রৌ বায়্বগ্নিসমতেজসৌ।
সুরাণামপি দুর্ধর্ষৌ[৪] কিমর্থং মামুপেক্ষতঃ[৫] ॥ ২২ ॥

নূনং মে দুষ্কৃতং[৬] কিঞ্চিন্মহদস্তি ন সংশয়ঃ।
সমর্থৌ সহিতৌ যন্মাং নাবেক্ষেতে[৭] পরন্তপৌ ॥ ২৩ ॥

বৈদেহ্যা[৮] বচনং শ্রুত্বা করুণং[৯] সাশ্রুভাষিতম্।
পুনরপ্যহমার্য্যাং[১০] তামিদং বচনমব্রুবান্ ॥ ২৪ ॥

তচ্ছোকবশগো রামো দেবি সত্যেন তে শপে।
রামদুঃখাভিভূতশ্চ[১১] লক্ষ্মণঃ পরিতপ্যতে ॥ ২৫ ॥

২৩। গো টী। কিঞ্চ কিং বা, সহিতৌ একত্র বর্ত্তমানৌ।

শত্রুপীড়নকারী সেই মহামতি বীর লক্ষ্মণই বা কিজন্য ভ্রাতার অনুমতি লইয়া আমাকে উদ্ধার করিতেছেন না? ॥ ২১ ॥

শক্তিশালী পুরুষশ্রেষ্ঠ রাম ও লক্ষ্মণ বায়ু ও অগ্নির ন্যায় তেজস্বী এবং দেবতাদিগেরও দুর্দ্ধর্ষ; তাঁহারা কিজন্য আমাকে উপেক্ষা করিতেছেন? ॥ ২২ ॥

নিশ্চয়ই আমার কোন মহাপাপ আছে, সন্দেহ নাই; যেহেতু শত্রুপীড়নকারী রাম ও লক্ষ্মণ সামর্থ্য-সত্ত্বেও এবং একত্র সম্মিলিত থাকিয়াও আমার প্রতি দৃষ্টিপাত করিতেছেন না।" ॥ ২৩ ॥

সীতার কথিত এই করুণ বাক্য শুনিয়া আমি সেই পূজনীয়া সীতাদেবীকে পুনরায় এই কথা বলিলাম— ॥ ২৪ ॥

"হে দেবি, আপনার নিকট সত্য শপথ করিতেছি—রামচন্দ্র আপনার শোকে অবশ হইয়া পড়িয়াছেন এবং রামের দুঃখে অভিভূত হইয়া লক্ষ্মণও পরিতপ্ত হইতেছেন ॥ ২৫ ॥

১। খ '-ঃ পরবীরহা'। ২। খ 'কিমর্থং হনুমন্ বীর [illegible]'। ৩। ঙ-ড 'ত্বং'। ৪। খ 'মাং [illegible]মর্থমুপেক্ষতঃ'। ৫। খ-ঙ 'মুপেক্ষতঃ'। ৬। খ '-হিতং'। ৭। খ 'হ রাঘবৌ'। ৮। খ 'বাচমার্কর্ণ্য'। ৯। খ '-সাশ্রুকম্'। ১০। ঙ-ড '-দেবম্'। ১১। ঙ 'আহ-', খ-ঘ 'রামো দুঃ-'।

কথঞ্চিদ্ ভবতী[1] দৃষ্টা[2] ন কালঃ পুনরাসিতুম্ ।
ন[3] চিরাত্ত্বন্তু[4] দুঃখানাং[5] পারং দ্রক্ষ্যসি মৈথিলি ॥ ২৬ ॥

তাবুভৌ নরশার্দ্দূলৌ[6] রাজপুত্রাবনিন্দিতৌ ।
ত্বদ্দর্শনকৃতোৎসাহৌ লঙ্কাং ভস্মীকরিষ্যতঃ ॥ ২৭ ॥

হত্বা[8] চ সমরে রৌদ্রং[9] রাবণং সহবান্ধবম্ ।
রাঘবস্ত্বাং বরারোহে[10] স্বাং পুরীং প্রাপয়িষ্যতি ॥ ২৮ ॥

[11]যত্তু রামোঽভিজানীয়াদভিজ্ঞানমনিন্দিতে ।
প্রীতিসংজননং তস্য প্রতিদাতুং[12] ত্বমর্হসি ॥ ২৯ ॥

সা সমীক্ষ্য দিশঃ সর্ব্বা বেণীগ্রথিতমুত্তমম্ ।
বিমুচ্য প্রদদৌ মহ্যং মণিরত্নমিদং শুভম্ ॥ ৩০ ॥

২৬। গোঃ-টী। ভবতীং দৃষ্ট্বা কালো যদ্যোঽপি পুনরাসিতুং স্থাতুং ন সমর্থ ইত্যর্থঃ, কৃতো রাবণ ইতি। 'ভবতী দৃষ্টে'তি পাঠে কালেনাপি কথঞ্চিদ্ ভবতী দৃষ্টা চেৎ কালোঽপীত্যর্থঃ।

কোনরূপে আপনার দর্শন পাইয়াছি, [এখন] আর অবস্থান করিবার সময় নাই, হে মৈথিলি, আপনি অচিরেই দুঃখের পরপারে উত্তীর্ণ হইবেন ॥ ২৬ ॥

সেই অনিন্দনীয় পুরুষশ্রেষ্ঠ রাজপুত্রদ্বয় আপনার দর্শনার্থে উৎসাহিত হইয়া লঙ্কানগরীকে ভস্মীভূত করিবেন ॥ ২৭ ॥

হে বরারোহে (হে সুন্দরি), রামচন্দ্র ক্রূর রাবণকে যুদ্ধে সবান্ধবে নিহত করিয়া আপনাকে নিজ নগরে লইয়া যাইবেন ॥ ২৮ ॥

হে সুন্দরি, রামচন্দ্র যাহা চিনিতে পারিবেন, তাঁহার আনন্দদায়ক সেইরূপ একটী অভিজ্ঞান আপনি প্রদান করিতে পারেন" ॥ ২৯ ॥

তিনি চারিদিকে অবলোকন করিয়া বেণীমধ্যে গ্রথিত এই অত্যুৎকৃষ্ট সুন্দর মণিটী আমাকে প্রদান করিলেন ॥ ৩০ ॥

১। ছ-দ '-তীং'। ২। ধ দ্রষ্টুং', দ দৃষ্ট্বা'। ৩। খ-ঙ 'কালঃ'। ৪। ছ 'অচি-'। ৫। দ '-রাৎ খলু'। ৬। ছ-ঢ '-নাযকৌ'। ৭। ধ '-তৌ পরন্তপৌ'। ৮। ত 'স'। ৯। ছ-ঞ-ধ 'ক্রূরং', দ 'ক্রূরং'। ১০। ছ-ঞ-দ 'মহাবাহুঃ'। ১১। ত 'যাবদেতদ্ বিজানীয়া-'। ১২। ছ-ধ 'প্রদাতুং মে'।

প্রতিগৃহ্য[1] মণিং দেব্যাস্তব হেতো[2] রঘূত্তম।
শিরসা তাং প্রণম্যাহমাগতোঽস্মীহ সত্বরঃ ॥ ৩১ ॥
গমনে চ কৃতোৎসাহং[3] মাং বীক্ষ্য[4] বরবর্ণিনী।
[5]বর্ধমানং স্বসদৃশমুবাচ জনকাত্মজা।
অশ্রুপূর্ণমুখী[6] দীনা বাষ্পসন্দিগ্ধয়া গিরা ॥ ৩২ ॥
ধন্যোঽস্যনুগৃহীতোঽসি সভাগ্যোঽসি মহাকপে[7]।
যো দ্রক্ষ্যসি[8] মহাবাহুং রামং কমললোচনম্।
লক্ষ্মণঞ্চ মহাকীর্ত্তিং দেবরং মে যশস্বিনম্[9] ॥ ৩৩ ॥
এবমুক্তবতী সীতা ময়াপ্যুক্তা সুমধ্যমা।
দেবি মা[10] ত্বং বিলম্বস্ব পৃষ্ঠমারোহ[11] মে শুভে ॥ ৩৪ ॥
অদ্য ত্বাং দর্শয়িষ্যামি[12] সসুগ্রীবং[13] সলক্ষ্মণম্।
রাঘবং পৃথিবীপালমিতি মে নিশ্চিতা মতিঃ ॥ ৩৫ ॥

৩২। লো টী। স্বসদৃশং যথা তথা বৰ্দ্ধমানম্। উবাচেতি ক্রিয়াবিশেষণং বা।

হে রঘুবর, আপনার জন্য তাঁহার মণিটি গ্রহণ করিয়া এবং অবনতমস্তকে তাঁহাকে প্রণাম করিয়া আমি সত্বর এখানে আগমন করিয়াছি ॥ ৩১ ॥

আমাকে নিজের অনুরূপভাবে বর্দ্ধিত এবং প্রস্থানোদ্যত দেখিয়া সুন্দরী জানকীর মুখমণ্ডল অশ্রুপ্লুত হইল; তিনি দুঃখিত হইয়া বাষ্পগদগদ স্বরে বলিতে লাগিলেন— ॥ ৩২ ॥

হে মহাকপে, তুমি কমললোচন মহাবাহু রামচন্দ্রকে এবং আমার মহাযশস্বী দেবর লক্ষ্মণকে দর্শন করিবে, তুমিই ধন্য, তুমিই অনুগৃহীত, তুমিই ভাগ্যবান্ ॥ ৩৩ ॥

সুমধ্যমা সীতা এইরূপ বলিলে আমিও তাঁহাকে বলিলাম,—দেবি, আপনি বিলম্ব করিবেন না, আমার পৃষ্ঠে আরোহণ করুন, আজই আপনাকে সুগ্রীব ও

১। ক-ছ-ঙ 'যিবা: চব'। ২। খ 'রঘুপ্রিয়ঃ'। ৩। ছ-থ '-হমবেক্ষ্য'। ৪। ঘ 'সা বরাননা'। ৫। গ-থ 'বিবর্দ্ধমানং স্বরূপং', ছ 'সা বর্দ্ধমানং স্বরূপং', ক 'মাং বর্দ্ধমানং স্বরূপং'। ৬। ঘ-থ '-গদ্গদয়া'। ৭। খ 'পরন্তপ'। ৮। দ 'দ্রক্ষ্যসে'। ৯। ঘ 'মনস্বিনম্'। ১০। ভ 'রোদমহ দেবম'। ১১। ভ '-মারুহ্য'। ১২। থ '-ম্যেহহং সুগ্রীবং সহলক্ষ্মণম্'। ১৩। ছ 'সুগ্রীবক'।

সাব্রবীম্মাং ততো দেবী নৈষ ধর্ম্মো মহাকপে।
যত্তে[১] পৃষ্ঠে নিষীদেয়ং স্ব-বশা হরিপুঙ্গব[২] ॥ ৩৬ ॥

অবশাস্মি তদা বীর স্পৃষ্টা গাত্রেণ রক্ষসা।
তত্রাহং কিং করিষ্যামি কালেন পরিপীড়িতা ॥ ৩৭ ॥

গচ্ছ ত্বং কপিশার্দ্দূল যত্র তৌ নৃবরাত্মজৌ[৩]।
মাক্তোৎপতনসংভ্রান্তং[৪] ভূয়ঃ সন্দেষ্টুমারভৎ[৫] ॥ ৩৮ ॥

হনূমন্ সিংহবিক্রান্তৌ তাবুভৌ রামলক্ষ্মণৌ।
সুগ্রীবঞ্চ সহামাত্যং[৬] ব্রূয়াঃ সর্ব্বমনামযম্ ॥ ৩৯ ॥

৩৬। লো-টী। স্ববশা স্বতন্ত্রা।
৩৮। লো-টী। উৎপতনে উৎপতনে সম্ভ্রান্তং সম্যক্ জ্ঞানং দৃষ্ট তং মাম্।
৩৯। লো-টী। অনাময়ং কুশলম্।

লক্ষ্মণ সহ ক্ষিতিপতি রামচন্দ্রের দর্শনলাভ করাইব, ইহা আমার নিশ্চিত অভিলাষ ॥ ৩৪-৩৫ ॥

তারপর সীতাদেবী আমাকে বলিলেন,—"হে কপিবর, আমি স্ববশে থাকিয়া তোমার পৃষ্ঠে উপবেশন করিব, ইহা ধর্ম্ম নহে ॥ ৩৬ ॥

রাক্ষস (রাবণ) যখন গাত্রদ্বারা আমাকে স্পর্শ করে, তখন আমি অবশ হইয়াছিলাম, কালই আমাকে পীড়িত করিয়াছিল, তাহাতে আমি কি করিব? ॥ ৩৭ ॥

হে কপিবর, সেই রাজপুত্রদ্বয় যেখানে আছেন, তুমি সেইখানে গমন কর।" আমি উল্লম্ফনের জন্য ত্বরান্বিত হইলে তিনি পুনরায় বলিতে লাগিলেন— ॥ ৩৮ ॥

হে হনুমন্, সিংহের ন্যায় বিক্রমশালী রাম-লক্ষ্মণ উভয়কে এবং সুগ্রীব ও তাঁহার মন্ত্রীদিগকে সর্ব্বাঙ্গীণ কুশল জ্ঞাপন করিবে ॥ ৩৯ ॥

১। দ 'বিসী-'। ২। ঘ 'কপিকুঞ্জরঃ'। ৩। ঘ 'রঘুনন্দনৌ'। ৪। ধ 'ইতোবং মাং সমাক্রান্ত'। ৫। ধ '-মাগতা'। ৬। ঙ-থ 'মহাসত্ত্বঃ'।

যথা চ স মহাবাহুর্মাং তারয়তি রাঘবঃ।
[১]
অস্মাদ্দুঃখমহাম্ভোধেস্তথা ত্বং কর্ত্তুমর্হসি ॥ ৪০ ॥

ইমঞ্চ তীব্রং মম শোকবেগং রক্ষোভিরেবং পরিভর্ৎসনঞ্চ।
[২] [৩]
বদের্বীরস্য গতঃ সমীপং শিবশ্চ তেঽধ্বাস্তু হরিপ্রবীর ॥ ৪১ ॥
[৪] [৫]
এতাবদার্য্যা নৃপরাজপুত্রী জ্ঞানক্যভিজ্ঞানমুবাচ দেবী।
[৬] [৭] [৮]
এতচ্চ বুদ্ধ্বা গদিতং ময়া ত্বং সীতাপ্রলম্ভায় কুরুষ্ব বুদ্ধিম্ ॥ ৪২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনূমদ্বাক্যং
নাম ঊনসপ্ততিতমঃ সর্গঃ ॥ ৬৯ ॥

৪২। লো-টী। প্রলম্ভায় লাভায়। 'যথা সমভোতী'তি পাঠে যথা আয়াতি তথা বুদ্ধিং কুরুষ।

প্রত্যাগত-হনুমদ্বাক্যম্ ॥ ৬৯ ॥

মহাবাহু রামচন্দ্র যাহাতে দুঃখরূপ মহাসমুদ্র হইতে আমাকে উদ্ধার করেন, তুমি তাহা করিও ॥ ৪০ ॥

হে কপিবর, তুমি রামচন্দ্রের সমীপে গমন করিয়া আমার এই তীব্র শোক-বেগ এবং রাক্ষসগণের এই ভর্ৎসনার কথা বলিও, তোমার পন্থা কল্যাণময় হউক ॥ ৪১ ॥

রাজপুত্রী সাধ্বী সীতাদেবী এই পর্য্যন্ত অভিজ্ঞানের কথা বলিলেন। আপনি আমার উক্ত এই কথা বুঝিয়া সীতালাভের জন্য বুদ্ধি স্থির করুন ॥ ৪২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনুমদ্বাক্য-
নামক ৬৯ম সর্গ সমাপ্ত ॥ ৬৯ ॥

১। খ 'তস্মা-'। ২। দ 'শিবোঽস্ত'। ৩। ঘ 'কপিপ্র-'। ৪। ছ '-বহুক্তা'। ৫। খ 'নৃপসিংহ বীর সীতা বচঃ প্রাহ বিষাদযুক্তা'। ৬। ত 'এবঞ্চ'। ৭। খ 'ততঃ সীতোপলম্ভায়'। ৮। ছ 'সীতা সমগ্রেতি' (?)।

(৭০) সপ্ততিতমঃ সর্গঃ

উৎপতংশ্চ পুনর্ব্বাক্যং দেব্যোক্তোঽস্মি সসংভ্রমম্[১] ।
তব স্নেহান্নরব্যাঘ্র মানয়ন্ত্যা চ সৌহৃদম্ ॥ ১ ॥
যদি বা[২] মন্যসে বীর[৩] বসৈকাহমরিন্দম[৪] ।
কস্মিংশ্চিৎ সংবৃতে দেশে বিশ্রান্তঃ[৫] শ্বো গমিষ্যসি ॥ ২ ॥
মম[৬] চাপ্যল্পভাগ্যায়া[৭] দর্শনেন তবানঘ ।
শোকস্যাস্যাপ্রমেয়স্য মুহূর্ত্তং স্যাদ্ যদি ক্ষয়ঃ ॥ ৩ ॥
গতে হি হরিশার্দ্দূল[৮] পুনরাগমনায় ত্বয়ি ।
প্রাণানামপি সন্দেহো মম স্যান্নাত্র[৯] সংশয়ঃ । ৪ ॥

১। লো-টী। সসংভ্রমং সাদরম্।

হে পুরুষশ্রেষ্ঠ, আমি উল্লম্ফন করিতে আরম্ভ করিলে আপনার প্রতি স্নেহবশে এবং সৌহার্দ্দ্যের সম্মানরক্ষার্থে দেবী পুনরায় সাদরে বলিলেন— ॥ ১ ॥

"হে বীর, যদি ইচ্ছা কর, তবে একদিন অবস্থান কর, কোনও সংবৃত প্রদেশে বিশ্রাম করিয়া আগামী কল্য গমন করিবে ॥ ২ ॥

হে অনঘ, আমি অভাগিনী ; তোমাকে দেখিয়া মুহূর্ত্তের জন্যও যদি আমার এই অসীম শোকের অবসান হয় ॥ ৩ ॥

হে বানরশ্রেষ্ঠ, তুমি গমন করিলে তোমার পুনরাগমন পর্য্যন্ত আমার জীবনসংশয় উপস্থিত হইবে, ইহাতে সন্দেহ নাই ॥ ৪ ॥

১। খ 'সুসংযতম্', গ 'সুসংভ্রমম্'। ২। ক 'মাং'। ৩। গ 'ধীর'। ৪। গ 'বসেকাহ-'। ৫। খ '-স্বপ্চার্গবগতি'। ৬। খ-পুস্তকে অতঃ প্রভৃতি পঞ্চশ্লোকপুস্পাস্কাৎ নাস্তি। ৭। ক-ঙ-দ 'চৈবাল্প-'। ৮। ঙ '-শার্দূল'। ৯। খ '-ত্র্য'।

ত্বদদর্শনজং বীর ভূয়ো[1] মাং তাপয়িষ্যতি।
ইদং দুঃখতরং ভূতং দুঃখানাং মন্দভাগিনীম্ ॥ ৫ ॥
অয়ং হি বীর সন্দেহস্তিষ্ঠতীব মমাগ্রতঃ।
সুমহাংস্ত্বৎসহায়েষু হর্য্যক্ষেষু[2] চ সংশয়ঃ[3] ॥ ৬ ॥
কথন্তু[4] খলু দুষ্পারং তরিষ্যন্তি মহোদধিম্[5]।
তানি বানরসৈন্যানি তৌ বা নরবরাত্মজৌ ॥ ৭ ॥
ত্রয়াণামেব[6] ভূতানাং সাগরস্য বিলঙ্ঘনে[7]।
শক্তিঃ স্যাদ্ বৈনতেয়স্য তব বা মারুতস্য বা ॥ ৮ ॥
তদস্মিন্ কার্য্যসন্দেহে[8] সংপ্রাপ্তবতি দুষ্করে[9]।
কিং পশ্যসি সমাধানং ত্বং হি কার্য্যবিশারদঃ[10] ॥ ৯ ॥

৭। লো-টী। সন্দেহং বিবৃণোতি—'কথং নু' ইত্যাদিনা।

বহু দুঃখের মধ্যে তোমার অদর্শন-জন্য এই অতিশয় দুঃখ মন্দভাগিনী আমাকে পুনরায় সন্তপ্ত করিবে ॥ ৫ ॥

হে বীর, আমার সম্মুখে যেন এই সন্দেহ উপস্থিত, তোমার সহায় বানরগণের বিষয়েও অত্যন্ত সংশয় রহিয়াছে— ॥ ৬ ॥

সেই বানরসৈন্যগণ এবং সেই রাজপুত্রদ্বয় কি প্রকারে এই দুষ্পার সমুদ্র লঙ্ঘন করিবেন ? ॥ ৭ ॥

সাগর-লঙ্ঘনে তিনটি প্রাণীর শক্তি আছে; গরুড়ের, তোমার এবং বায়ুর ॥ ৮ ॥

তুমি কার্য্যবিশারদ, তুমি এই উপস্থিত দুষ্কর কর্ত্তব্য-সংশয়ের সমাধান কি দেখিতেছ ? ॥ ৯ ॥

১। ঘ 'পুনশ্চাং'। ২। ছ-খ-ঙ 'ন'। ৩। ঘ '-য়ম্'। ৪। ছ-ঙ '-নু'। ৫। ঘ 'মহার্ণবম্'। ৬। ছ-ঙ-খ '-মাপ'। ৭। ঘ '-প্যাপি লঙ্ঘনে'। ৮। ছ '-প্রেহতীব', ঘ-ব 'দেবেরপি দুরাসদে'। ৯। ঘ-ছ 'দুস্তরে'। ১০। ছ-ঙ-খ '-বিদাং বরঃ'।

কামমস্য ত্বমেবৈকঃ কার্য্যস্য পরিসাধনে[১]।
পর্য্যাপ্তঃ পরবীরঘ্ন কিন্তু বিজ্ঞাপয়ামি তে ॥ ১০ ॥
বলৈঃ সমগ্রৈর্জ্জিত্বা মাং রাবণং যদি সংযুগে[২]।
নয়েত[৩] স্বপুরীং রামস্তৎ স্যাৎ তস্য যশস্করম্ ॥ ১১ ॥
যথাহং তস্য বীরস্য[৪] বলাদুপধিনা[৫] হৃতা।
জীবতাং রক্ষসামেব[৬] তথা নার্হতি রাঘবঃ ॥ ১২ ॥
বলৈস্তু[৭] সংকুলাং কৃত্বা[৮] পুরীং পরবলার্দ্দনঃ।
মাং নয়েদ্ যদি কাকুৎস্থস্তৎ তস্য সদৃশং ভবেৎ ॥ ১৩ ॥
তদ্ যথা তস্য বিক্রান্তমনুরূপং মহাত্মনঃ[৯]।
ভবত্যাহবশূরস্য তথা ত্বমুপপাদয়[১০] ॥ ১৪ ॥

১২। লো-টী। উপধিনা ছলেন। জীবতাং রক্ষসাং জীবৎসু রক্ষঃসু। তথা তেন প্রকারেণ ছলেন রাঘবো নার্হতি কর্ত্তুমিত্যর্থঃ।

হে শত্রুবীরসংহারক, যদিও তুমি একাই এই কার্য্য সাধন করিতে সমর্থ, তথাপি তোমাকে জানাইতেছি— ॥ ১০ ॥

রামচন্দ্র যদি সমস্ত সৈন্যের সহিত রাবণকে যুদ্ধে পরাজিত করিয়া আমাকে নিজগৃহে লইয়া যান, তাহাই তাঁহার পক্ষে যশস্কর হইবে ॥ ১১ ॥

বীর রামচন্দ্রের নিকট হইতে আমি যেরূপ ছলপূর্ব্বক বলপ্রয়োগে অপহৃতা হইয়াছি, রাক্ষসগণ জীবিত থাকিতেই রামচন্দ্রের সেরূপ করা উচিত হইবে না ॥ ১২ ॥

রামচন্দ্র যদি [লঙ্কা-] নগরীকে সৈন্যে আকীর্ণ করিয়া শত্রুসৈন্যপরাভবপূর্ব্বক আমাকে লইয়া যান, তাহাই তাঁহার উপযুক্ত হইবে ॥ ১৩ ॥

অতএব, যুদ্ধবীর মহাত্মা রামচন্দ্রের অনুরূপ বিক্রম যাহাতে প্রকাশ পায়, তুমি সেইরূপ কার্য্য কর” ॥ ১৪ ॥

১। ঘ '-পালনে'। ২। ঘ-ছ 'সংযুগে যদি'। ৩। ঘ-থ 'নয়েদ্ যদি পু-'। ৪। ঘ-থ 'পরোক্ষক বলোদ্ধৃতা'। ৫। দ '-ছুপরি মাং'। ৬। ঘ-ছ-ঠ '-মেবং'। ৭। ঠ '-সৈন্য'। ৮। ঠ '-লীকৃত্য'। ৯। দ 'মহাবলাং'। ১০। ঘ 'ত্বং কুরু সর্ব্বথা'।

তদর্থোপহিতং[1] বাক্যং প্রসৃতং[2] হেতুসংহিতম্।
প্রশস্যাহং[3] ততঃ শেষং বাক্যমুত্তরমব্রবম্ ॥ ১৫ ॥

দেবি বানরসৈন্যানামীশ্বরঃ প্লবতাং বরঃ[4]।
সুগ্রীবঃ সত্ত্বসম্পন্নস্তবার্থে[5] কৃতনিশ্চয়ঃ[6] ॥ ১৬ ॥

তস্য বিক্রমসম্পন্নাঃ[7] সত্ত্ববন্তো মহাবলাঃ[8]।
মনঃসঙ্কল্পসম্পাতা নিদেশে হরয়ঃ[9] স্থিতাঃ ॥ ১৭ ॥

যেষাং নোপরি নাধশ্চ ন তির্য্যক্ সজ্জতে গতিঃ।
ন তে কর্ম্মসু সীদন্তি মহৎস্বমিতবিক্রমাঃ[10] ॥ ১৮ ॥

১৫। গো-টী। তদর্থোপহিতং স্বপ্রয়োজনসহিতম্। প্রসৃতং বিনয়যুক্তম্। হেতু-সহিতং কারণান্বিতং, প্রশস্য স্তুত্বা।

তারপর আমি সেই যুক্তিযুক্ত ও অর্থপূর্ণ বিস্তৃত বাক্যের প্রশংসা করিয়া প্রত্যুত্তরে অবশিষ্ট এই কথা বলিলাম— ॥ ১৫ ॥

দেবি, বানরসৈন্যের অধিপতি সত্ত্বসম্পন্ন বানরশ্রেষ্ঠ সুগ্রীব আপনার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছেন ॥ ১৬ ॥

বিক্রম ও উৎসাহসম্পন্ন মহাবলশালী মনঃসংকল্পযুক্ত বানরগণ তাঁহার নির্দ্দেশবর্ত্তী ॥ ১৭ ॥

তাঁহাদের ঊর্দ্ধগতি, অধোগতি অথবা তির্য্যক্ গতি অর্থাৎ যে কোনরূপে পাশাপাশি গমন অপ্রতিহত; অমিতপরাক্রমশালী তাঁহারা গুরুতর কার্য্যেও অবসন্ন হন না ॥ ১৮ ॥

১। ছ-ঝ-ণ 'প্রশ্রিতং'। ২। ঘ-ঙ '-সঙ্গতম্'। ৩। ছ 'প্রণম্যাহং'। ৪। ঘ '-য়ো বানরর্ষভঃ'। ৫। ঘ '-বো বল-'। ৬। ঙ '-নির্ণয়ঃ'। ৭। ঘ-ছ '-সিদ্ধার্থাঃ', ধ '-সিদ্ধাশ্চ'। ৮। ঙ 'বলান্বিতাঃ'। ৯। ঘ 'কপয়ঃ'। ১০। ঘ-ছ 'মহৎ স্বং মিত-'।

নৈকশস্তৈর্ম্মহাভাগৈঃ সসাগরধরাধরা[1]।
প্রদক্ষিণীকৃতা ভূমির্বায়ুমার্গানুসারিভিঃ[2] ॥ ১৯ ॥
মদ্ বিশিষ্টাস্তথা তুল্যাঃ সন্তি তত্র বনৌকসঃ[3]।
মত্তঃ প্রত্যবরঃ কশ্চিন্নাস্তি সুগ্রীবসন্নিধৌ[4] ॥ ২০ ॥
অহং তাবদিহ প্রাপ্তঃ কিং পুনস্তে মহাবলাঃ।
ন হি প্রকৃষ্টান্ প্রেষ্যাংস্ত[5] প্রেষয়ন্ত্য[6]বরাবরান্ ॥ ২১ ॥
তদলং পরিতাপেন দেবি মন্যুরপৈতু তে।
একোৎপাতেন তে লঙ্কামেষ্যন্তি হরিপুঙ্গবাঃ[7] ॥ ২২ ॥
মম পৃষ্ঠগতৌ তৌ হি চন্দ্রসূর্য্যা[8]বিবোদিতৌ।
ত্বৎসকাশং মহাভাগৌ[9] নৃসিংহাবাগমিষ্যতঃ ॥ ২৩ ॥

২০। লো-টী। প্রত্যবরো নিকৃষ্টঃ।
২১। লো-টী। ন হি প্রকৃষ্টানুত্তমান্ প্রেষয়ন্তি, কিন্তু অবরাবরান্ ন্যূনেভ্যোঽপি ন্যূনান্।

তাঁহারা বায়ুমার্গে বিচরণ করতঃ অনেকবার সাগর ও ভূধরসমন্বিত সমগ্র পৃথিবী প্রদক্ষিণ করিয়াছেন ॥ ১৯ ॥

সেখানে আমার তুল্য এবং আমা অপেক্ষা বিশিষ্ট বহু বানর আছেন, সুগ্রীবের নিকটে আমা অপেক্ষা নিকৃষ্ট কেহ নাই ॥ ২০ ॥

আমিই যখন এখানে উপস্থিত হইতে পারিয়াছি, তখন মহাবলশালী তাঁহাদের আর কথা কি? প্রকৃষ্ট ব্যক্তিকে দূত হিসাবে কেহ প্রেরণ করেন না, অপেক্ষাকৃত নিকৃষ্ট ব্যক্তিকেই প্রেরণ করেন ॥ ২১ ॥

অতএব, পরিতাপের কারণ নাই; দেবি, আপনার শোক অপগত হউক। সেই শ্রেষ্ঠ বানরগণ এক লাফে লঙ্কায় উপস্থিত হইবেন ॥ ২২ ॥

সমুদিত চন্দ্র ও সূর্য্যের ন্যায় পুরুষশ্রেষ্ঠ মহাভাগ রাম ও লক্ষ্মণ আমার পৃষ্ঠে আরোহণ করিয়া আপনার নিকট আগমন করিবেন ॥ ২৩ ॥

১। খ '-ধরাঃ'। ২। ঘ '-যায়িভিঃ'। ৩। গ 'চ বানরাঃ'। ৪। অতঃ পরং ছ-পুস্তকে 'মত্তঃ প্রবরাশ্চান্যে সুগ্রীবস্য নরাধিপ'। ইত্যধিকম্। ৫। ছ-দ '-ন্চ'। ৬। ঘ-প 'প্রের-'। ৭। ঘ '-যূথপাঃ'। ৮। ছ-ঙ-ধ 'চ'। ৯। ঘ '-মানৌ'।

নচিরাদ্ দ্রক্ষ্যসে রামং সুগ্রীবঞ্চ মহাবলম্ ।
লক্ষ্মণঞ্চ ধনুষ্পাণিং লঙ্কাদ্বারমুপস্থিতম্[১] ॥ ২৪ ॥

নখদংষ্ট্রায়ুধান্ বীরান্ সিংহশার্দ্দূলবিক্রমান্[২] ।
বানরান্ বানরেন্দ্রাভান্[৩] ক্ষিপ্রং দ্রক্ষ্যসি চাগতান্[৪] ॥ ২৫ ॥

নীলাম্বুদনিকাশানাং[৫] লঙ্কামলয়[৬]সানুষু ।
নর্দ্দতাং[৭] কপিসৈন্যানাং ন চিরাচ্ছ্রোষ্যসে ধ্বনিম্[৮] ॥ ২৬ ॥

নিবৃত্তবনবাসঞ্চ[৯] ত্বয়া সার্দ্ধমরিন্দমম্[১০] ।
অভিষিক্তমযোধ্যায়াং ক্ষিপ্রং দ্রক্ষ্যসি রাঘবম্ ॥ ২৭ ॥

২৫। লো-টী। বানরেন্দ্রঃ সুগ্রীবঃ, তত্তুল্যান্। 'বানরেন্দ্রাভানি'তি পাঠঃ ক্বচিৎ।

২৬। লো-টী। লঙ্কামলয়সানুষু লঙ্কাসম্বন্ধী যো মলয়ঃ পর্ব্বতঃ তস্য সানুষু।

প্রত্যাগতহনূমদ্বাক্যম্ ॥ ৭০ ॥

আপনি মহাবলশালী সুগ্রীব ও ধনুষ্পাণি রাম-লক্ষ্মণকে অচিরেই লঙ্কাদ্বারে উপস্থিত দেখিতে পাইবেন ॥ ২৪ ॥

নখ ও দন্তরূপ অস্ত্রসম্পন্ন সিংহ ও ব্যাঘ্রের ন্যায় পরাক্রান্ত বানররাজতুল্য বহু বানরকে সত্বর সমাগত দেখিবেন ॥ ২৫ ॥

অচিরেই লঙ্কানগরীর [সন্নিহিত] মলয়-পর্ব্বতের সানুদেশে নীলাম্বুদতুল্য বানরসৈন্যগণের গর্জ্জনধ্বনি শুনিতে পাইবেন ॥ ২৬ ॥

বনবাসপ্রত্যাগত শত্রুদমনকারী রামচন্দ্রকে শীঘ্রই আপনার সহিত অযোধ্যায় অভিষিক্ত দেখিবেন ॥ ২৭ ॥

১। ঘ '-মুপাশ্রিতম্'। ২। খ '-কুঞ্জর-'। ৩। ছ 'বানরেন্দ্রেণ'। ৪। খ 'মৈথিলি'। ৫। ছ-ঙ-দ 'শৈলাম্বুদ-'। ৬। ছ '-মলয়-'। ৭। ত 'নদতাং'। ৮। ছ-দ 'রবম্'। ৯। ঘ-থ '-সন্তং'। ১০। ঘ-থ '-মনিন্দিতে'।

১ ২ ৩ ৪ ৫

তথা ময়া বাগ্ভিরদীনভাষিণী শিবাভিরিষ্টাভিরভিপ্রসাদিতা।

৬ ৭ ৮

উবাচ শান্তিং মম চাপি জানকী ন চাপি শোকং প্রজহাবনিন্দিতা ॥ ২৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনূমদ্বাক্যং নাম

সপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭০ ॥

আমি উদারভাষিণী অনিন্দনীয়া জানকীকে এইরূপ কল্যাণময় প্রিয়বাক্যে প্রসন্ন করিলাম। তিনি আমার উদ্দেশ্যে শান্তি (আশীর্বাদ, যাত্রামঙ্গল) উচ্চারণ করিলেন ; কিন্তু, শোক পরিত্যাগ করিলেন না। ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনূমদ্বাক্য-

নামক ৭০শ সর্গ সমাপ্ত ॥ ৭০ ॥

(৭১) একসপ্ততিতমঃ সর্গঃ

শ্রুত্বা হনূমতো বাক্যং যথাবদভিভাষিতম্ ।
রামঃ প্রীতিসমাযুক্তমুত্তরং[1] বাক্যমব্রবীৎ ॥ ১ ॥
কৃতং হনুমতা কৃত্যং[2] সুমহদ্ ভুবি বিশ্রুতম্ ।
মনসাপি যদন্যেন দুষ্করং স্যাদ্ধরাতলে[3] ॥ ২ ॥
ন হি তং সংপ্রপশ্যামি[4] যঃ প্লবেত[5] মহার্ণবম্ ।
অন্যত্র গরুড়াদ্ বায়োরন্যত্র চ হনূমতঃ ॥ ৩ ॥
দেবদানবযক্ষাণাং গন্ধর্ব্বোরগরক্ষসাম্[6] ।
অপ্রধৃষ্যা পুরা সা[7] হি রাবণেন[8] চ পালিতা[9] ॥ ৪ ॥
গুপ্তা[10] দুর্গা গিরেমূর্দ্ধি বীরেণৈকেন ধর্ষিতা ।
এবং বার্য্যবলোপেতো ন সমঃ[11] স্যাদ্ধনূমতঃ ॥ ৫ ॥

হনুমানের যথাযথভাবে বর্ণিত বাক্য শুনিয়া রামচন্দ্র আনন্দিত হইয়া বলিতে লাগিলেন—॥ ১ ॥

পৃথিবীতে অন্য কেহ মনে মনেও যাহার কল্পনা করিতে পারে না, হনুমান্ এরূপ জগদ্বিখ্যাত অতিশয় মহৎ কার্য্য করিয়াছে ॥ ২ ॥

গরুড়, বায়ু এবং হনুমান্ ভিন্ন এমন কাহাকেও দেখি না, যে মহাসমুদ্র লঙ্ঘন করিতে পারে ॥ ৩ ॥

রাবণপালিত লঙ্কাপুরী দেব, দানব, যক্ষ, গন্ধর্ব্ব, উরগ এবং রাক্ষসগণেরও অগম্য ॥ ৪ ॥

বীর হনুমান্ একাকী পর্ব্বতশিখরে অবস্থিতা দুর্গম লঙ্কানগরীকে পরাভূত করিয়াছে ; হনুমানের ন্যায় এতাদৃশ বল-বীর্য্যসম্পন্ন আর কেহ নাই ॥ ৫ ॥

১। ছ '-যুক্ত উত্ত-', ঘ '-যুক্তমুত্তমং'। ২। ঘ 'কার্য্যং'। ৩। ঘ 'পৃথিবীতলে', খ 'বসুধাতলে'। ৪। খ 'তক্ষ প্র-'। ৫। ক 'প্লবতে'। ৬। ক 'পন্নগোরগ-'। ৭। ঘ-ঙ 'লঙ্কা'। ৮। খ 'রাবণস্য মহাত্মনঃ'। ৯। ঘ-ছ '-সেনাভিপালিতা'। ১০। ছ 'গুপ্তদুর্গা'। ১১। ঘ 'মমং'।

ভৃত্যকার্য্যং[1] হনুমতা[2] সুগ্রীবস্য কৃতং মহৎ।
সুসংবিধায়[3] স্ববলং সদৃশং বিক্রমস্য চ ॥ ৬ ॥

যো হি ভৃত্যো নিযুক্তঃ সন্ ভর্ত্রা[4] কর্ম্মণি দুষ্করে।
কুর্য্যাত্তদনুরূপং হি তমাহুঃ পুরুষোত্তমম্ ॥ ৭ ॥

যো ভৃত্যঃ পরমং কার্য্যং ন কুর্য্যান্নৃপতেঃ প্রিয়ম্।
সর্ব্বোদ্যুক্তঃ[5] সমর্থো[6] হি তমাহুঃ পুরুষাধমম্ ॥ ৮ ॥

তন্নিয়োগনিযুক্তেন কৃতং কৃত্যং[7] হনূমতা।
ন চাত্মা[8] লঘুতাং নীতঃ সুগ্রীবশ্চাপি তোষিতঃ[9] ॥ ৯ ॥

৬। লো-টী। বিক্রমস্য সদৃশং স্ববলং সুসংবিধায় সুষ্ঠু কৃত্বা।

৭। লো-টী। ভর্ত্রা দুষ্করে কর্ম্মণি নযুক্তঃ ন 'নযুক্তোঽপি তদনুরূপং স্বানুরূপং কর্ম্ম কুর্য্যাৎ। 'নিযুক্ত'ইতি পাঠঃ কচিৎ।

৮। লো-টী। ভৃত্যপরমং ভৃত্যঃ পরমঃ শ্রেষ্ঠসাধনং যস্য তৎ, ভৃত্যসাধ্যমিত্যর্থঃ। 'ভৃত্য' ইতি বা পাঠঃ।

হনুমান্ পরাক্রমের অনুরূপ বলপ্রয়োগ করিয়া সুগ্রীবের ভৃত্যের কার্য্য উত্তমরূপেই করিয়াছে ॥ ৬ ॥

প্রভুকর্ত্তৃক দুষ্কর কার্য্যে নিযুক্ত হইয়া যে ব্যক্তি অনুরূপভাবে তাহা সম্পাদন করে, সে-ই উত্তম লোক (উত্তম ভৃত্য) ॥ ৭ ॥

সমস্ত উদ্যোগ ও সামর্থ্যশালী হইয়াও যে ভৃত্য রাজার প্রিয় উত্তম (প্রয়োজনীয়) কার্য্য সম্পাদন করিতে পারে না, সে নরাধম ॥ ৮ ॥

সুতরাং, নিয়োগ লাভ করিয়া হনুমান্ কর্ত্তব্য সম্পাদন করিয়াছে, নিজকে লঘু করে নাই এবং সুগ্রীবকেও সন্তুষ্ট করিয়াছে ॥ ৯ ॥

১। ঠ 'মহৎ কৃতম্'। ২। ধ 'বৃহৎ'। ৩। দ 'স সংবি-'। ৪। চ 'ভর্ত্তুঃ'। ৫। খ 'শক্তো ন হ'। ৬। খ '-র্থশ্চ'। ৭। ঝ-ণ 'কার্য্যং'। ৮। দ 'চাত্মলঘুতাং'। ৯। খ 'তোষিতঃ'।

অহঞ্চ রঘুবংশশ্চ লক্ষ্মণশ্চ মহাবলঃ[১]।
বৈদেহ্যা দর্শনেনাদ্য ধর্ম্মতঃ পরিরক্ষিতাঃ[২] ॥ ১০ ॥
একস্তু[৩] মম দীনস্য মনো ভূয়ঃ প্রকর্ষতি।
যদস্যাহং প্রিয়াখ্যানে ন করোমি সদৃক্[৪] প্রিয়ম্ ॥ ১১ ॥
এবং সঞ্চিন্ত্য বহুধা[৫] রাঘবঃ প্রীতমানসঃ[৬]।
নিরীক্ষ্য সুচিরং প্রীত্যা হনূমন্তমুবাচ হ ॥ ১২ ॥
এষ সর্ব্বস্বভূতো[৭] মে পরিষ্বঙ্গোহনিলাত্মজ[৮]।
অবস্থাকালসদৃশং গৃহাণ ত্বমিমং মম ॥ ১৩ ॥

১১। লো-টী। প্রিয়াখ্যাঃ সীতায়াঃ আখ্যানে সতি অস্য হনূমতঃ সদৃক্ প্রিয়ং অস্মদযোগ্যাং প্রীতিং ন করোমি ইতি যত্তদেকং কতৃ মনঃ কর্ম্ম প্রকর্ষতি তাপয়তি।

১৩। লো-টী। স দূতঃ মে মম পরিষ্বঙ্গঃ আলিঙ্গনাবময় ইত্যেকধন্যঃ। 'এষ সর্ব্বস্বভূত' ইতি বা পাঠঃ। অতোহবস্থাসদৃশং কালসদৃশং চ ইমং পরিষ্বঙ্গং গৃহাণ।

হনুমান্ সীতাকে দর্শন করিয়া আমাকে, মহাবলশালী লক্ষ্মণকে এবং রঘুবংশকে ধর্ম্মতঃ রক্ষা করিয়াছে ॥ ১০ ॥

একমাত্র ইহাই দৈন্যগ্রস্ত আমার অন্তরকে পুনরায় সন্তপ্ত করিতেছে যে, আমি প্রিয়তমার সংবাদের অনুরূপ ইহার প্রিয় কিছু করিতে পারিতেছি না ॥ ১১ ॥

প্রীতচিত্ত রামচন্দ্র অনেকবার এইরূপ চিন্তা করিয়া দীর্ঘকাল প্রীতিপূর্ণ দৃষ্টিতে হনুমানকে নিরীক্ষণ করিয়া বলিতে লাগিলেন — ॥ ১২ ॥

হে পবননন্দন, [সম্প্রতি] এই আলিঙ্গনই আমার সর্ব্বস্ব, তুমি অবস্থা ও সময়ের অনুরূপ আমার এই আলিঙ্গন [-ই পুরস্কাররূপে] গ্রহণ কর ॥ ১৩ ॥

১। ঘ '-পুরঃ'। ২। ঘ '-পালিতঃ'। ৩। ঘ-থ 'এতত্তু', ঙ 'এবক'। ৪। থ 'করোমি সদৃশং'। ৫। ঘ-থ 'মনসা'। ৬। ঙ-ত 'প্রীতিমা-'। ৭। থ '-ত্তস্ত'। ৮। থ '-ষঙ্গঃ কৃতো ময়া'।

ইত্যুক্ত্বা বাষ্পপূর্ণাক্ষো রাঘবঃ পরবীরহা।
হনূমন্তং পরিষজ্য[১] ভূয়শ্চিন্তাপরো[২]ঽভবৎ ॥ ১৪ ॥
[৩]ধ্যাত্বা পুনরুবাচেদং বচনং রঘুসত্তমঃ।
হরীণামীশ্বরস্যৈব সুগ্রীবস্যোপশৃণ্বতঃ ॥ ১৫ ॥
সর্ব্বথা তু কৃতং তাবৎ সীতায়াঃ পরিমার্গণম্।
সাগরন্তু সমাসাদ্য পুনর্নষ্টা মতির্মম ॥ ১৬ ॥
কথন্তস্য সমুদ্রস্য দুষ্পারস্য মহাম্ভসঃ[৪]।
হরয়ো দক্ষিণং কূলং গমিষ্যন্তি সমাগতাঃ[৫] ॥ ১৭ ॥
অদ্যাপি খলু বৈদেহ্যা বৃত্তান্তো বিদিতো ন[৬] মে।
সমুদ্রপারগমনে কপীনাং হি কিমুত্তরম্[৭] ॥ ১৮ ॥

১৮। লো-টী। বিদিতোঽপি বৃত্তান্তো ন বিদিতঃ খলু নিশ্চিতম্। কুতঃ? হি যস্মাৎ সমুদ্রস্য পারে দক্ষিণে কূলেঽপারে পারাশক্যে কপীনাং কিমুত্তরং গন্তুং কিমুত্তরং বাক্যমিত্যর্থঃ। 'সমুদ্রপারগমনে' ইতি ক্বচিৎ পাঠঃ।

একসপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭১ ॥

শত্রুবীর-নিহন্তা রামচন্দ্র এই বলিয়া বাষ্পাপ্লুত নেত্রে হনুমান্‌কে আলিঙ্গন করিয়া পুনরায় চিন্তাবিষ্ট হইলেন ॥ ১৪ ॥

রঘুশ্রেষ্ঠ রামচন্দ্র চিন্তা করিয়া বানররাজ সুগ্রীবের সমক্ষে [হনুমান্‌কে] পুনরায় এই কথা বলিতে লাগিলেন— ॥ ১৫ ॥

সর্ব্বপ্রকারে সীতার অন্বেষণ করা হইয়াছে সত্য, কিন্তু সমুদ্র দেখিয়া আমার বুদ্ধি লোপ পাইয়াছে ॥ ১৬ ॥

সমাগত বানরগণ বিশাল-জলরাশিযুক্ত সেই অপার সমুদ্রের দক্ষিণ তীরে কি প্রকারে উপস্থিত হইবে? ॥ ১৭ ॥

আজিও সীতার বৃত্তান্ত আমার [প্রকৃতপক্ষে] জানা হইল না [বলিতে হইবে, কারণ], বানরগণের সমুদ্রপারে গমনবিষয়ে কি সিদ্ধান্ত [হইতে পারে]? ॥ ১৮ ॥

১। ঘ 'সমালিঙ্গ্য'। ২। ঙ-দ 'পুনশ্চি-'। ৩। ঘ-ছ-ট-দ-ন-পুস্তকেষু অয়ং শ্লোকো নাস্তি।
৪। ছ-ঙ-থ-ঘ 'মহাত্মনঃ'। ৫। দ 'মহাবলাঃ'। ৬। ক 'নন'। ৭। ঙ 'হিতমুত্তমম্'।

১ ২
ইত্যুক্ত্বা শোকসংভ্রান্তো রামঃ শত্রুনিবর্হণঃ।
৩
হনূমন্তং মহাত্মানং ততো ধ্যানপরোঽভবৎ ॥ ১৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনূমৎপ্রশংসা নাম
একসপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭১ ॥

শত্রুবিনাশকারী রাম শোকে বিভ্রান্ত হইয়া, মহাত্মা হনুমানের নিকট এ কথা বলিয়া, তারপর চিন্তান্বিত হইয়া পড়িলেন ॥ ১৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনুমৎপ্রশংসা-নামক
৭১ম সর্গ সমাপ্ত ॥ ৭১ ॥

১। ঙ 'রাঘবঃ পরবীরহা'। ২। ঘ '-নিসূদনঃ'। ৩। ঘ 'ততশ্চিন্তা-'।

(৭২) দ্বিসপ্ততিতমঃ সর্গঃ

ততঃ শোকপরিচ্ছন্নং[১] রামং দশরথাত্মজম্[২]।
উবাচ বচনং শ্রীমান্ সুগ্রীবঃ শোকনাশনম্[৩] ॥ ১ ॥
কিন্ত্বং[৪] সন্তপ্যসে বীর যথান্যঃ[৫] প্রাকৃতো জনঃ।
মৈবং ভূস্ত্যজ সন্তাপং কৃতঘ্ন ইব সৌহৃদম্ ॥ ২ ॥
উত্তিষ্ঠ পুরুষব্যাঘ্র ন শোকং কর্ত্তুমর্হসি।
সন্তাপস্যাস্য[৬] তে স্থানং নাহং পশ্যামি রাঘব ॥ ৩ ॥
প্রবৃত্তাবুপলব্ধায়াং[৭] জ্ঞাতে চ নিলয়ে রিপোঃ।
ধৃতিমান্[৮] পণ্ডিতঃ প্রাজ্ঞঃ শাস্ত্রবিচ্চাসি রাঘব ॥ ৪ ॥

২। লো-টী। কৃতঘ্নো যথা সৌহৃদং সৌহার্দ্দং ত্যজতি তথা সন্তাপং ত্যজ।

তারপর শ্রীমান্ সুগ্রীব শোকাচ্ছন্ন দশরথনন্দন রামকে শোকাপনোদক এই বাক্য বলিলেন— ॥ ১ ॥

হে বীর, আপনি বিবেকহীন সাধারণ ব্যক্তির ন্যায় সন্তপ্ত হইতেছেন কেন? এরূপ (সন্তপ্ত) হইবেন না, কৃতঘ্ন ব্যক্তি যেমন সৌহার্দ্দ পরিত্যাগ করে, আপনিও সেইরূপ সন্তাপ পরিত্যাগ করুন ॥ ২ ॥

হে পুরুষোত্তম, আপনি উত্থিত হউন, শোক করা আপনার উচিত নহে। হে রাঘব, আমি আপনার এই সন্তাপের স্থান (সময় অথবা কারণ) দেখিতেছি না ॥ ৩ ॥

[যেহেতু] সীতার সংবাদ পাওয়া গিয়াছে এবং শত্রুর ভবনও জানা হইয়াছে। বিশেষতঃ, আপনি শাস্ত্রবিদ্, পণ্ডিত, বিচক্ষণ ও ধৈর্য্যসম্পন্ন ॥ ৪ ॥

১। গ-ঙ '-পরিপ্লুতং', চ 'সমাবিষ্টং', ঘ 'পরিবৃতং'। ২। ঘ 'রাঘবং তমব্রবীৎ'। ৩। ছ-ঘ '-নাশনঃ'। ৪। ঘ 'যথা ত্বং প্রা-'। ৫। গ-ছ '-ন্যথা'। ৬। ঘ 'ন হি'। ৭। ঙ ঘ 'জ্ঞাতশ্চ নিলয়ঃ'। ৮। ঘ 'বহিরা-'।

তদলং বিক্লবাং বুদ্ধিং কৃত্বা [1]সর্ব্বার্থঘাতিনীম্।
পুরুষস্য হি লোকেঽস্মিন্ [2]ধৈর্য্যং শোকোঽপকর্ষতি॥ ৫

[3]যত্তু [4]কার্য্যং [5]মনুষ্যেণ [6]শৌটীর্য্যমনুবধ্নতা।
অস্মিন্ কালে [7]মনুষ্যেন্দ্র [8]তৎ ত্বমাতিষ্ঠ তেজসা॥ ৬॥

শূরাণাং হি মনুষ্যাণাং [9]ত্বদ্বিধানাং মহাত্মনাম্।
[10]বিনষ্টং বা প্রনষ্টং বা ন যুক্তমনুশোচিতুম্॥ ৭॥

ত্বং হি সত্ত্ববতাং শ্রেষ্ঠো বিক্রান্তঃ স্বেন তেজসা।
ভৃত্যৈরস্মদ্বিধৈঃ সার্দ্ধমরাতিং জেতুমর্হসি॥ ৮॥

৫। লো-টী। বিক্লবাং ভীতাং কৃত্বা স্থিতস্য তব অলং সর্ব্বং ব্যর্থম্। 'বিক্লবা'মিত্যপি ক্বচিৎ পাঠঃ। স এবার্থঃ।

৬। লো-টী। শৌটীর্য্যং শৌর্য্যমনুবধ্নতা অবলম্বমানেন মনুষ্যেণ যৎ কর্ম্ম কার্য্যং কর্ত্তব্যং তৎ তেজসা শৌর্য্যেণ আতিষ্ঠ কুরু। 'অবধ্নতা' ও 'আলম্বতো'তি চ ক্বচিৎ পাঠঃ।

৭। লো-টী। ত্বদ্বিধানাং ত্বৎসদৃশানাম্। বিনষ্টং পলায়িতং প্রনষ্টং মৃতম্।

অতএব বুদ্ধিকে বিকল করিবেন না, তাহাতে সর্ব্বকার্য্য নষ্ট হইবে। এই জগতে শোক মানুষের ধৈর্য্যচ্যুতি ঘটায়॥ ৫॥

হে নরবর, শৌর্য্যসম্পন্ন ব্যক্তির যাহা কর্ত্তব্য, আপনি এই সময়ে তেজের সহিত তাহাই করুন॥ ৬॥

আপনার ন্যায় শৌর্য্যসম্পন্ন মহাপুরুষদিগের বিনষ্ট অথবা অপহৃত কোন কিছুর জন্যই অনুশোচনা করা উচিত নহে॥ ৭॥

আপনি বলবান্‌দিগের মধ্যে শ্রেষ্ঠ এবং স্বীয় তেজে পরাক্রান্ত, আমাদের ন্যায় ভৃত্যবর্গের সহিত আপনার শত্রুপরাজয় করাই উচিত॥ ৮॥

১। ঘ '-ঘাতিনীম্'। ২। ঘ '-কো বিনশ্যতি'। ৩। ঘ-ঙ 'যত্তৎ'। ৪। ঘ 'পুরুষেণ'। ৫। ঙ-থ-ব 'শৌটীরম-'। ৬। ছ-ঙ-থ-ব '-মবলম্বতা'। ৭। দ-স্থ 'মহাপ্রাজ্ঞ', ঘ 'মহাবীর'। ৮। ঘ 'উত্তিষ্ঠ স্বতে-'। ৯। ঘ 'ত্বাদৃশানাং'। ১০। ঘ 'প্রনষ্টং বা বিনষ্টং বা'।

১ ২
ন হি পশ্যামি তং কঞ্চিত্ত্রিষু লোকেষু রাঘব।
৩
গৃহীতধনুষো যস্তে তিষ্ঠেদভিমুখো রণে ॥ ৯ ॥
৪
বানরেষু সমাসক্তং ন তে কার্য্যং বিপৎস্যতে।
৫
অচিরাদ্ দ্রক্ষ্যসে সীতাং তীর্ত্বা রাঘব সাগরম্ ॥ ১০ ॥
৬
তদলং শোকমালম্ব্য ক্রোধমালম্ব রাঘব।
৭
ইমে সমর্থাঃ শূরাশ্চ সর্ব্বে বৈ হরিযূথপাঃ।
৮ ৯
ক্ষাত্রং ধর্ম্মমপাতিষ্ঠ চণ্ডাং সর্ব্বে হি বিভ্যতি ॥ ১১ ॥
লঙ্ঘনার্থং হি ঘোরস্য সাগরস্য মহোদধেঃ।
১০
সহাস্মাভির্মহাবাহো, সূক্ষ্মা বুদ্ধির্বিধীয়তাম্ ॥ ১২ ॥

৯। লো-টী। অভিমুখঃ সম্মুখঃ। 'অভিমুখ' ইত্যপি পাঠো দৃশ্যতে।

১১। লো-টী। শোকমালম্ব্য স্থিতস্য তব অলং বার্থম্। 'আলম্বে'তি পাঠঃ কচিৎ। ক্রোধম্ আলম্ব আশ্রয়স্ব। ক্ষাত্রং ধর্ম্মং শৌর্য্যম্। চণ্ডাৎ ক্রুদ্ধাৎ।

১২। লো-টী। কিমর্থমেতৎ কার্য্যং তত্রাহ—লঙ্ঘনার্থমিতি। যদ্বা, লঙ্ঘনার্থমুপায়মনু-সরেতি শেষঃ।

হে রাঘব, ত্রিজগতে এমন কাহাকেও দেখি না, আপনি ধনুর্গ্রহণ করিলে যুদ্ধক্ষেত্রে যে আপনার অভিমুখে অবস্থান করিবে ॥ ৯ ॥

হে রাঘব, বানরদিগের উপর [ভার] অর্পিত হইলে আপনার কার্য্য বিনষ্ট হইবে না, আপনি অচিরেই সাগর পার হইয়া সীতার দর্শন লাভ করিবেন ॥ ১০ ॥

অতএব হে রাঘব, শোকাকুল হইবেন না, বরং ক্রোধ অবলম্বন করুন; এই বানর-দলপতিগণ সকলেই বীর এবং সামর্থ্যশালী। আপনি ক্ষাত্রধর্ম্ম অবলম্বন করুন; প্রচণ্ড ব্যক্তিকে সকলেই ভয় করে ॥ ১১ ॥

হে মহাবাহো, আমাদের সহিত [সম্মিলিত হইয়া] বিশাল জলরাশিপূর্ণ ভীষণ মহাসমুদ্র লঙ্ঘনের জন্য সূক্ষ্ম-বুদ্ধি (উপায়) স্থির করুন ॥ ১২ ॥

১। খ 'নাহং'। ২। দ 'বিশ্রুতে'। ৩। দ 'যুধি'। ৪। খ '-যুক্তা'। ৫। খ-ড 'তীর্ণা'। ৬। গ-খ '-মুৎসৃজ্য'। ৭। ঙ-খ '-পুঙ্গবাঃ'। ৮। ক-পুস্তকে অতঃ প্রভৃতি চতুর্দ্দশশ্লোকাত্মকোহংশো নাস্তি, ড 'ক্ষত্রধ-'। ৯। ড 'দণ্ডাৎ'। ১০। খ ড খ-পুস্তকেষু অয়ং পাদাষ্টকং নাস্তি।

সমুদ্রং লঙ্ঘয়িত্বা তু বহুনক্রসমাকুলম্ ।
লঙ্কাঞ্চ বিধমিষ্যামো জেষ্যামশ্চ রণে রিপুম্ ॥ ১৩ ॥

নিরুৎসাহস্য দীনস্য শোকপর্য্যাকুলাত্মনঃ ।
সর্ব্বথা হ্যবসীদন্তি ব্যসনানি চ রাঘব ॥ ১৪ ॥

ত্বৎপ্রিয়ার্থং কৃতোৎসাহাঃ প্রবেষ্টুমপি পাবকম্ ।
এষাং হর্ষেণ[১] জানামি তর্কশ্চাপি দৃঢ়ো মম ।
বিক্রমেণাবজেষ্যামি[২] সীতাং হত্বা রণে রিপূন্[৩] ॥ ১৫ ॥

বধ্যেতাথ[৪] যথা[৪] সেতুর্যথা[৫] গচ্ছেম[৬] তাং পুরীম্ ।
তস্য রাক্ষসরাজস্য তথা ত্বমুপপাদয় ॥ ১৬ ॥

১৪। গো-টী। ব্যসনা দুঃখোপদ্রবাভিমানঃ ভ্রষ্টাপি।
১৫। গো-টী। তর্কো নির্ণয়ঃ। অবজেষ্যামি আনেষ্যামি।
১৬। গো-টী। যথা বধ্যেত বধ্যেত গচ্ছেৎ। 'ভবান্ গচ্ছেম' ইত্যপি পাঠঃ।

বহু-কুম্ভীর-সংকুল সমুদ্র লঙ্ঘন করিয়া লঙ্কানগরীকে বিমথিত করিব এবং যুদ্ধে শত্রু জয় করিব ॥ ১৩ ॥

হে রাঘব, নিরুৎসাহ দীনভাবাপন্ন শোকাকুল ব্যক্তির বিপদ্ সর্ব্বপ্রকারে আসন্ন হইয়া পড়ে ॥ ১৪ ॥

ইহাদের আনন্দ দেখিয়া বুঝিতেছি, আপনার সন্তোষ উৎপাদনের জন্য ইহারা অগ্নিতে প্রবেশ করিতেও উৎসাহান্বিত ; আমার দৃঢ়বিশ্বাস যে, আমরা যুদ্ধে শত্রু-সংহারপূর্ব্বক সীতাকে আনয়ন করিব ॥ ১৫ ॥

এক্ষণে যাহাতে একটী সেতু নির্ম্মিত হয় এবং যাহাতে আমরা রাক্ষসরাজ রাবণের সেই নগরীতে প্রবেশ করিতে পারি, আপনি তাহার যুক্তি স্থির করুন ॥ ১৬ ॥

১। খ 'হর্কশ্চ সুদৃঢ়ো'। ২। ঘ-ছ '-মেণ বিজে-', খ '-মেণানয়িষ্যামি'। ৩। ঘ-ছ 'রিপুম্'। ৪। ঙ-খ দ 'বধ্যো হত্র'। ৫। খ 'সেতুং যথা'। ৬। খ 'গচ্ছেচ্চ'।

দৃষ্ট্বা[1] তাং হি[2] পুরীং লঙ্কাং ত্রিকূটশিখরে স্থিতাম্[3] ।
সমরে চ হতং শত্রুং দর্শনাদবধারয়[4] ॥ ১৭ ॥
সেতুর্বদ্ধঃ[5] সমুদ্রে চ লঙ্কা চ বশমাগতা ।
সর্ব্বং তীর্ণঞ্চ নঃ সৈন্যং জিতমিত্যবধার্য্যতাম্[6] ॥ ১৮ ॥
ইমে[7] হি সমরে শূরাঃ[8] শিলাপাদপযোধিনঃ ।
তাং পুরীং বিধমিষ্যন্তি কপয়ঃ[9] কামরূপিণঃ ॥ ১৯ ॥
কথঞ্চিদেব[10] পশ্যামি যদি তং রাবণালয়ম্ ।
বহুনাত্র কিমুক্তেন সর্ব্বথা বিজিতং ত্বয়া[11] ॥ ২০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সুগ্রীববাক্যং নাম
দ্বিসপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭২ ॥

২০। লো-টী। কপিরূপিণঃ 'কপূন্ কম্পয়ন্তীতি কপয়ঃ, কপং স্বভাবঃ, শৌর্য্যস্বভাববন্তঃ, তে চ তে চ। 'কামরূপিণ' ইত্যপি দৃশ্যতে পাঠঃ। বিজিতং রক্ষ ইতি শেষঃ।
সুগ্রীববাক্যম্ ॥ ৭২ ॥

ত্রিকূট-পর্ব্বতের শিখরে অবস্থিত সেই লঙ্কানগরী দর্শন করিলে, দর্শনমাত্রেই সমরক্ষেত্রে শত্রুকে নিহত বলিয়া জানুন (অর্থাৎ দর্শনমাত্রেই শত্রু নিহত হইবে জানিয়া রাখুন) ॥ ১৭ ॥

সমুদ্রে সেতু নির্ম্মিত হইয়াছে, লঙ্কানগরী বশীভূত হইয়াছে, আমাদের সমস্ত সৈন্য উত্তীর্ণ হইয়াছে এবং আমরা জয় লাভ করিয়াছি, ইহা নিশ্চয় জানুন ॥ ১৮ ॥

এই যুদ্ধ-বীর কামরূপী বানরগণ শিলা ও বৃক্ষদ্বারা যুদ্ধ করিয়া সেই নগরীকে বিধ্বস্ত করিবে ॥ ১৯ ॥

বেশী কথা বলিয়া কি লাভ, কোনরূপে যদি [একবার] সেই রাবণভবন দেখিতে পাই, তাহা হইলে সর্ব্বপ্রকারেই আপনি জয়লাভ করিবেন [ইহা নিশ্চিত] ॥ ২০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সুগ্রীববাক্যনামক
৭২ম সর্গ সমাপ্ত ॥ ৭২ ॥

১। ছ-ড 'দৃষ্ট্বৈব হি'। ২। গ 'চৈবং', ন 'চেব'। ৩। ঘছ '-র্মূর্দ্ধগাম্'। ৪। গ-ধ '-দ্রুপ-'। ৫। ত 'বদ্ধঃ সেতুঃ'। ৬। ছ '-মিত্যবধারয়', প-ব '-মিত্যুপধারয়'। ৭। ঘ 'এতে'। ৮। ঘ 'বীরাঃ'। ৯। ক 'বানরাঃ কপিরূপিণঃ'। ১০। ছ-ত-থ '-নো'। ১১। অতঃ পরং ছ-পুস্তকে 'তস্মাদুদ্‌যোগমাতিষ্ঠ প্রযত্নে সিদ্ধিরাহিতা। সর্ব্বঃ প্রবক্ষ্যমাণোহকে সর্ব্বাং সিদ্ধিমবাপ্স্যসি।" ইত্যধিকম্।

(৭৩) ত্রিসপ্ততিতমঃ সর্গঃ

স বিনীয় তমায়াসং[১] সুগ্রীবেণোপসান্ত্বিতঃ।
প্রতিগৃহ্যাথ[২] তদ্বাক্যং হনূমন্তমুবাচ হ ॥ ১ ॥
তপসা[৩] সেতুবন্ধেন সাগরোচ্ছোষণেন চ।
সর্ব্বথাহং সমর্থোঽস্মি সাগরস্যাপি লঙ্ঘনে[৪] ॥ ২ ॥
বলঞ্চ পরিমাণঞ্চ দ্বারদুর্গক্রিয়ামপি।
গুপ্তিকর্ম্ম[৫] চ লঙ্কায়াং[৬] রক্ষসাং সাধনানি চ ॥ ৩ ॥
সর্ব্বমাচক্ষ্ব[৭] তত্ত্বেন[৮] হনূমন্ কুশলো হ্যসি।
যথাবচ্চ যথাতত্ত্বং লঙ্কায়ামপি[৯] দৃষ্টবান্ ॥ ৪ ॥

১। লো-টী। আয়াসং দুঃখং বিনীয় অপনীয়।
২। লো-টী। তপসা তপঃকৃতেন। 'তরসে'তি পাঠে বেগেন।
৩। লো টী। বলং সৈন্যম্, পরিমাণং বলস্য পরিমাণং কতি বলানীত্যর্থঃ।
৪। লো-টী। যথাতত্ত্বং যথার্থস্বরূপম্, যথাবৎ যাথার্থ্যেন প্রত্যক্ষেণ।

সুগ্রীব সেই দুঃখ অপনোদন করিয়া সান্ত্বনা দান করিলে রামচন্দ্র তাঁহার বাক্য গ্রহণ করিয়া (অর্থাৎ তাঁহার বাক্যানুসারে ধৈর্য্য অবলম্বন করিয়া) হনুমান্‌কে বলিতে লাগিলেন— ॥ ১ ॥

আমি তপঃপ্রভাবে সেতু নির্ম্মাণ করিয়া অথবা সাগরকে শুষ্ক করিয়াও সমুদ্র লঙ্ঘন করিতে পারি ॥ ২ ॥

রাক্ষসদিগের সংখ্যা, সামর্থ্য, দ্বার ও দুর্গনির্ম্মাণ-পদ্ধতি, রক্ষণাবেক্ষণের ব্যবস্থা এবং সহায়-সম্পদ্ সমস্ত যথার্থভাবে বর্ণনা কর। হনুমন্, তুমি নিপুণ এবং লঙ্কার যথার্থ স্বরূপ যথাযথভাবে প্রত্যক্ষ করিয়াছ ॥ ৩-৪ ॥

১। ছ '-বর্ণিতম্'। ২। ঘ 'সমাবৃত্যাথ'। ৩। ক 'তরসা'। ৪। ঘ '-স্য বিল-', ত '-স্যাভিল-'। ৫। ঘ-খ 'দুর্গকর্ম্ম চ'। ৬। খ '-য়া'। ৭। অস্য শ্লোকস্য স্থানে খ-পুস্তকে "যচ্চ যাবচ্চ যাদৃক্ চ লঙ্কায়ামপি দৃষ্টবান্। তথা তৎ সর্ব্বমাচক্ষ সর্ব্বথা কুশলো হ্যসি॥" ইতি পাঠঃ। ৮। ছ 'যত্নেন'। ৯। ছ-ত '-য়াং দৃষ্টবানসি'।

শ্রুত্বা রামস্য বচনং হনুমান্ মারুতাত্মজঃ।
বাক্যং বাক্যবিদাং শ্রেষ্ঠঃ প্রোবাচ তদনন্তরম্[১] ॥ ৫ ॥

শ্রূয়তাং সর্ব্বমাখ্যামি[২] দুর্গকর্ম্ম বিধানতঃ।
যথা গুপ্তা[৩] পুরী লঙ্কা যথা বা রক্ষিতৈর্ব্বলৈঃ[৪] ॥ ৬ ॥

প্রহৃষ্টা মুদিতা লঙ্কা মত্তদ্বিপসমাকুলা[৫]।
দৃঢ়বদ্ধ[৬]কপাটা[৭] চ গম্ভীরপরিখাবৃতা[৮] ॥ ৭ ॥

চত্বারি বিপুলান্যস্যা[৯] দ্বারাণি সুমহান্তি চ।
যন্ত্রাণ্যুপরি[১০] যন্ত্রাণি বলবন্তি[১১] দৃঢ়ানি[১২] চ ॥ ৮ ॥

দ্বারেষু সুকৃতা ভীমাঃ কালায়সকৃতাঃ শিলাঃ।
শতশো[১৬] রচিতাঃ শূরৈঃ[১৭] শতঘ্ন্যো রক্ষসাং গণৈঃ ॥ ৯ ॥

৭। [illegible]। দৃঢ়বদ্ধকবচবং [illegible] কপাটৈঃ যুক্তা।

৮। [illegible]। বিপুলানি [illegible] সুমহান্তি [illegible]। যন্ত্রাণি ক্ষেপণীয়ানি তোমরাদীনি উপকরণানি [illegible]।

৯। [illegible]। সুকৃতাঃ [illegible]। কালায়স [illegible] বিহিতাঃ [illegible]। 'দ্বারেষু সুকৃত' ভীমাঃ কালায়স [illegible]। [illegible]। 'শতক্রম' ইতি পাঠে [illegible]

তারপর বাক্যবিদ্‌গণের শ্রেষ্ঠ পবননন্দন হনুমান্ রামের কথা শুনিয়া বলিলেন— ॥ ৫ ॥

যে নিয়মে দুর্গের কার্য্য পরিচালনা করা হয় এবং যে ভাবে সুরক্ষিত সৈন্যগণ লঙ্কানগরী রক্ষা করে, সমস্তই বলিতেছি, শ্রবণ করুন ॥ ৬ ॥

লঙ্কা-নগরী সকলে আনন্দমুখর, তাহার [চারিদিক] গভীর পরিখাদ্বারা পরিবেষ্টিত এবং মত্তহস্তি-পরিবৃত; তাহার কপাটগুলি দৃঢ়ভাবে রুদ্ধ ॥ ৭ ॥

ইহার সুদীর্ঘ ও সুবিস্তীর্ণ চারিটি দ্বার, দ্বারদেশে তোমরাদি অস্ত্র এবং স্থূল ও

১। খ 'মনুপশ্রুতঃ'। ২। গ-ঙ '-খ্যে'। ৩। গ 'যথৈব চ সুরক্ষিতা'। ৪। ক '-স্তা বলৈঃ'। ৫। খ '-হৃষ্টা'। ৬। ঙ-ব '-বদ্ধ-'। ৭। ঙ '-টাঢ্যা'। ৮। গ 'বৃতা'। ৯। ছ '-স্তস্যাঃ'। ১০। ছ '[illegible]'। ১১। ছ-ঙ-ব 'মহান্তি চ'। ১২। অতঃ পরং খ-পুস্তকে 'নগারণপ্রপূর্ণা চ রাক্ষসৈশ্চ মহাবলৈঃ। আগচ্ছত পরং সৈন্যং [illegible]' ইত্যধিকম্। ১৩। ছ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ১৪। ঙ 'প্রকৃতাঃ', খ 'চ কৃতাঃ'। ১৫। গ 'ঘোরা'। ১৬। ঙ '-ঘাগ্রযুতাঃ', গ '-ঘ্না চ বৃতাঃ'। ১৭। খ 'শূলৈঃ'।

মহতী[1] রথপূর্ণা[2] চ রাক্ষসৈশ্চ মহাবলৈঃ।
আগচ্ছৎ[3] পরসৈন্যং[4] চ তত্র তৈর্ব্বিনিবার্য্যতে[5] ॥ ১০ ॥

আয়সঃ[6] সুমহাংস্তত্র প্রাকারো দুষ্প্রধর্ষণঃ[7]।
মণিবিদ্রুমবৈদূর্য্যমুক্তা[8]হেমবিভূষিতঃ[9] ॥ ১১ ॥

সর্ব্বতঃ[10] সুমহাভীমাঃ শীততোয়া ভয়াবহাঃ।
অগাহা গ্রাহবত্যশ্চ পরিখা মীনসেবিতাঃ[11] ॥ ১২ ॥

চত্বারঃ সংক্রমাস্তেষু[12] দ্বারেষু পরমায়সাঃ[13]।
যন্ত্রৈরুপেতা বহুভির্মহদ্ভির্দৃঢ়সন্ধিভিঃ ॥ ১৩ ॥

১২। গো-টী। সর্বতঃ সর্বত্র 'শক্ত মহাভীমাঃ [illegible] ভয়ঙ্করাঃ [illegible] ভয়াবহাঃ আপগা নদ্যঃ। 'অগাধা' ইত্যপি দৃশ্যতে পাঠঃ। [illegible] 'সর্বতশ্চ মহাভীমাঃ শীততোয়া বহাঃ শুভা' ইতি পাঠে শুভাঃ স্বচ্ছজলাঃ, [illegible]।

১৩। গো-টী। সংক্রমা [illegible]। 'সংক্রমঃ ক্রমণে সম্যগ্ বারিসঞ্চার-

দৃঢ় শিলাযন্ত্রসমূহ, [illegible] এবং কৃষ্ণলৌহ-সংযুক্ত ভীষণ প্রস্তরখণ্ডসমূহ সুসজ্জিত ॥ ৮-৯ ॥

সেই বিশাল-নগরী মহাবলশালী রাক্ষসসমূহে এবং রথজালে সমাকীর্ণ, সেই রাক্ষসগণ তথায় শত্রুসৈন্যদিগকে আসিবার কালেই নিবারিত করে ॥ ১০ ॥

সেখানে স্বর্ণ, রত্ন, মুক্তা, বৈদূর্য্য ও প্রবাল খচিত লৌহময় বিশাল দুর্লঙ্ঘ্য প্রাচীর ॥ ১১ ॥

চারিদিকে মৎস্য ও জলজন্তু-সঙ্কুল শীতল সলিলযুক্ত দুরবগাহ (অলঙ্ঘনীয়) ভীষণ পরিখা ॥ ১২ ॥

সেই দ্বারসমূহে দৃঢ়সন্ধিসমন্বিত বৃহৎ বৃহৎ বহু যন্ত্রযুক্ত লৌহময় চারিটী উৎকৃষ্ট সংক্রম (অর্থাৎ সেতু) আছে ॥ ১৩ ॥

১। অস্য শ্লোকস্য স্থানে [illegible] পুস্তকে [illegible] ... [illegible] সুমহাংস্তত্র প্রাকারো দুষ্প্রধর্ষণঃ।" ইতি পাঠঃ। ২। খ-ত '-পূর্ণাশ্চ'। ৩। ছ 'আগচ্ছৎ'। ৪। [illegible] 'চ'। ৫। অতঃ পরং ছ পুস্তকে 'দ্বারেষু চ কৃতা ভীমাঃ [illegible]। [illegible] যুক্তাঃ [illegible]। [illegible] বর্ষর্দ্ধি মহান্তি চ।" ইত্যধিকম্। ৬। ছ ন '-মস্ত মহাংস্তু-', খ-ত '-মস্ত মহাভীমপ্রাকা-'। ৭। য '-ধর্ষিণঃ'। ৮। ব '-মাণ-'। ৯। ত '-হাঃ'। ১০। ঞ-ত '-তশ্চ'। ১১। খ '-শোভিতাঃ'। ১২। ক-ন '-স্তেষাং'। ১৩। ত '-মাপকাঃ'।

প্লবন্তোঽপি হি গচ্ছেতে[1] তাং[2] রাবণপুরীমিতঃ।
সপ্রাকারাং সভবনা[3]মাপ্লবিষ্যন্তি[4] রাঘব ॥ ১৯ ॥
স ত্বমা[5]জ্ঞাপয় ক্ষিপ্রং বলানাং[6] রাম সংগ্রহম্[7]।
মুহূর্তেন সুযুক্তেন প্রস্থানমভিরোচয়[8] ॥ ২০ ॥

ইতি বচনমিদং নিশম্য ধীমান্ পবনসুতস্য তদা নরেন্দ্রসূনুঃ।
জলনিধিমকরোৎ তরীতুমীহাং রিপুনিধনায় বিনিশ্চিতার্থতত্ত্বঃ ॥ ২১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে লঙ্কাদুর্গাখ্যাপনং নাম
ত্রিসপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭৩ ॥

২০। শ্লো টী। যদ্যপ্যেবং তথাপি বলানাং সংগ্রহং সন্নাহঞ্চ সমাজ্ঞাপয়েত্যর্থঃ। 'বলকে সংগ্রহং স্থাং মহেন্দ্রাগ্রে সমাপ্ততা'মিতি ভূরি০।

২১। শ্লো টী। ইতি হেতোঃ তরীতুমীহামকরোদিত্যন্বয়ঃ। বিনিশ্চিতমর্থতত্ত্বং যাথার্থ্যং যেন সঃ।

লঙ্কাদুর্গনিবেশাখ্যানম্ ॥ ৭৩ ॥

হে রাঘব, ইহারা এস্থান হইতে লম্ফ প্রদান করিয়াও প্রাচীর ও গৃহাদি-সমন্বিত সেই রাবণ-পুরীতে উপস্থিত হইতে পারেন ॥ ১৯ ॥

হে রাম, আপনি সত্বর সৈন্যসংগ্রহের আদেশ করুন এবং শুভ-মুহূর্তে যাত্রার অভিলাষ করুন ॥ ২০ ॥

রাজপুত্র ধীমান্ রামচন্দ্র হনুমানের এই কথা শুনিয়া কর্তব্য নিশ্চয় করত শত্রুসংহারার্থে সমুদ্রলঙ্ঘনের অভিলাষ করিলেন ॥ ২১ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে লঙ্কার দুর্গসন্নিবেশ-বর্ণন নামক
৭৩ম সর্গ সমাপ্ত ॥ ৭৩ ॥

১। গ-ঘ 'গমস্ত', ঙ 'গচ্ছেম'। ২। ঘ 'রাবণস্য পু-'। ৩। খ '-নাং নাশয়িষ্যন্তি'। ৪। ত '-মানয়িষ্যন্তি'। ৫। খ-ছ-জ-ঙ 'সমা-'। ৬। ঘ 'সৈন্যানাং'। ৭। ঙ 'বিগ্রহম্'। ৮। অতঃ পরং ত-পুস্তকে 'রাক্ষসানামভাবায় সীতাসমর্পণায় চ'। ইত্যধিকম্।

অলংপ্রকৃতিসম্পন্নো[১] যুযুৎসূ রাম[২] রাবণঃ।
উত্থিতশ্চা[৩]প্রমত্তশ্চ[৪] বলানামনুদর্শনে ॥ ৫ ॥

লঙ্কা পুনর্দুরালম্বা দেবদুর্গা ভয়াবহা।
সারোহা পর্ব্বতে[৫] যচ্চ[৬] তদ্দুর্গঞ্চ চতুর্ব্বিধম্ ॥ ৬ ॥

দৃষ্টা[৭] মধ্যে সমুদ্রস্য দূরপারস্য রাঘব।
লঙ্কা তত্র পুরা রম্যা প্রাকারে[৮]ণোপশোভিতা[৯] ॥ ৭ ॥

নগাগ্রে[১০] রুচিরা[১১] দিব্যা[১২] সাঽভূদ্দেবপুরোপমা[১৩]।
মত্তবারণ[১৪]সংপূর্ণা নিত্যং পরমদুর্জ্জয়া ॥ ৮ ॥

৫। গো-টী। অলং সমর্থাঃ প্রকৃতয়োঽমাত্যাঃ তৎসম্পন্নঃ। উত্থিতঃ পরার্থোদ্যুক্তঃ, বুদ্ধিমান্ বা। বলানাং সৈন্যানামর্থসাধনে প্রয়োজনজ্ঞানেঽপ্রমত্তঃ। তেষাং যদ্ যৎ প্রয়োজনং তৎ সর্ব্বং শীঘ্রং সাধয়তীত্যর্থঃ। 'অনুদর্শন'মিতি পাঠে বলানাং সুখদুঃখজ্ঞানেঽপ্যনুক্ষণং প্রমত্তঃ।

৬। গো-টী। দুরালম্বা দুষ্প্রাপা। দেবদুর্গা দেবানামপি দুর্গমা ভয়াবহা চ। আরোহো পার্ব্বতঃ সামুদ্রো বা তৎসহিতা। পর্ব্বতে যদেতচ্চতুর্ব্বিধং দুর্গং তত্তথা লঙ্কাস্থানপীত্যর্থঃ। 'যচ্চ খানিত'মিতি পাঠে কিঞ্চ লঙ্কায়াং চতুর্ব্বিধং চতুর্দিক্ষু খানিতং পরিখেত্যর্থঃ।

[হনুমান্ বলিলেন—] হে রাম, রাবণ সমর্থ (সুদক্ষ)-মন্ত্রিসম্পন্ন, যুদ্ধোৎসুক, উদ্যমী এবং সৈন্যসংরক্ষণে সাবধান ॥ ৫ ॥

তদুপরি লঙ্কানগরী পর্ব্বতের উপর অবস্থিত, দুষ্প্রবেশ্য, দেবতাদিগেরও দুর্গম এবং ভয়াবহ, তাহার দুর্গ চতুর্ব্বিধ ॥ ৬ ॥

হে রাঘব, যাহার পার সুদূরে সেই সমুদ্রমধ্যে প্রাকারপরিবেষ্টিতা রমণীয়া লঙ্কানগরী দেখিয়াছি ॥ ৭ ॥

পর্ব্বতশিখরে অবস্থিতা সেই নগরী দেবপুরীর ন্যায় রমণীয়া। তাহা নিয়ত মত্তহস্তি-সংকুল এবং অত্যন্ত দুর্জ্জয় ॥ ৮ ॥

১। ছ 'স্বলং-'। ২। খ 'রাবণঃ সুধীঃ'। ৩। ঙ '-শ্চ প্রম-'। ৪। ঙ '-নামববর্দ্ধনে', ঘ-থ '-নাং সমুদর্শনে'। ৫। দ 'যচ্চ'। ৬। ছ 'নিখাতঞ্চ', দ 'খানিতঞ্চ'। ৭। ছ 'দৃষ্ট্বা'। ৮। ঘ '-রেণোপবেষ্টিতা'। ৯। অতঃ পরং ছ-পুস্তকে "নৌঃ পন্থাশ্চাপি নাস্ত্যত্র নিরাদেশশ্চ সর্ব্বশঃ।" ইত্যধিকম্। ১০। দ '-গ্রক-'। ১১। ছ 'রচিতা'। ১২। খ-গ 'রম্যা'। ১৩। ছ 'সা পুরীব পুরোপমা', ঙ থ 'সা পুরেব পুরোপমা'। ১৪। খ '-রাক্ষস-'।

পরিঘাশ্চ শতঘ্ন্যশ্চ যন্ত্রাণি বিবিধানি চ।

শোভয়ন্তি পুরীং লঙ্কাং রাবণস্য দুরাত্মনঃ ॥ ৯ ॥

অযুতং রক্ষসাস্তত্র[১] পশ্চিমং দ্বারমাশ্রিতম্[২]।

খড়্গচর্ম্মধরাঃ শূরাঃ[৩] সর্ব্বে সর্ব্বাস্ত্রযোধিনঃ ॥ ১০ ॥

অর্ব্বুদং[৪] রক্ষসাং তত্র উত্তরং[৫] দ্বারমাশ্রিতম্[৬]।

রথিনশ্চাশ্ববারাশ্চ[৭] কুলপুত্রাঃ সুপূজিতাঃ[৮] ॥ ১১ ॥[৯]

শতং শতসহস্রাণাং মধ্যমং গুল্মমাশ্রিতম্।

যাতুধানা দুরাধর্ষা রাবণং পর্য্যুপাসতে ॥ ১২ ॥[১০]

শ্রুত্বা হনূমতো বাক্যং রামো রিপুনিসূদনঃ।

সুগ্রীবং বিপুলগ্রীবমিদং বচনমব্রবীৎ ॥ ১৩ ॥

পরিঘ, শতঘ্নী এবং বহুবিধ যন্ত্র দুরাত্মা রাবণের লঙ্কানগরীকে অলঙ্কৃত করিতেছে ॥ ৯ ॥

তাহার পশ্চিমদ্বারে অযুত রাক্ষস অবস্থিত, তাহারা সকলেই বীর, খড়্গ-চর্ম্মধারী এবং সর্ব্ববিধ অস্ত্রযুদ্ধে বিশারদ ॥ ১০ ॥

রথী, অশ্বারোহী, সম্মানিত এবং সদ্বংশপ্রসূত অর্ব্বুদ (১০ কোটী) রাক্ষস তাহার উত্তরদ্বারে অবস্থিত ॥ ১১ ॥

এক কোটী দুরাধর্ষ রাক্ষস মধ্যবর্ত্তী ঘাটিতে অবস্থিত, তাহারা সকল দিক্ দিয়া রাবণকে মানিয়া চলে ॥ ১২ ॥

শত্রুসংহারকারী রাম হনুমানের কথা শুনিয়া বিপুলগ্রীবাশালী সুগ্রীবকে এই কথা বলিলেন— ॥ ১৩ ॥

১। ঘ 'রাক্ষসাঃ কেচিৎ'। ২। ক '-মাশ্রিতাঃ'। ৩। ঙ 'বীরাঃ'। ৪। খ-ছ 'শতং রাক্ষসবীরাণা-মুত্তরং'। ৫। ক '-মাশ্রিতাঃ'। ৬। অতঃ পরং ছ-পুস্তকে 'শতঘ্নীকার্ম্মুকধরাঃ সর্ব্বে শস্ত্রাস্ত্রযোধিনঃ। অর্ব্বুদং রক্ষসাস্তত্র পশ্চিমং দ্বারমাশ্রিতম্।' ইত্যধিকম্। ৭। ঙ ঘ '-রোহাশ্চ'। ৮। ছ 'প্রপূ-'। ৯। অতঃ পরং ছ-পুস্তকে "নিযুতং রক্ষসাস্তত্র দক্ষিণং দ্বারমাশ্রিতম্।" ইত্যধিকম্। ১০। অতঃ পরং খ-ছ-গ-পুস্তকেষু "শ্রুত্বা হনূমতো বাক্যং রামঃ সত্যপরাক্রমঃ। অব্রবীৎ স হতো লঙ্কাং পুরীং ভীমস্য রক্ষসঃ॥ অহমেকো বধিষ্যামি সত্যমেতদ্ ব্রবীমি তে। লঙ্কানিবাসিনো বীরা রাক্ষসাঃ সহরাবণাঃ॥ মমাস্ত্রাগ্নিং প্রবেক্ষ্যন্তি শলভাঃ পাবকং যথা॥"—এতে শ্লোকা অধিকাঃ সর্গান্তরারম্ভশ্চ। ঙ ঘ-পুস্তকয়োঃ পুনঃ 'শ্রুত্বা হনূমতো বাক্যং রামঃ সত্যপরাক্রমঃ। অব্রবীৎ সততং লঙ্কাং পুরীং ভীমস্য রক্ষসঃ। অহমেকো বধিষ্যামি সত্যমেতদ্ ব্রবীমি তে।"—এতাবন্মাত্রমধিকং সর্গান্তরারম্ভশ্চ।

অস্মিন্ মুহূর্তে সুগ্রীব প্রয়াণমভিরোচয়ে।[১]
মুহূর্তো বিজয়ে[২] যুক্তঃ প্রাপ্তো মধ্যং দিবাকরঃ[৩] ॥ ১৪ ॥
উত্তরা ফল্গুনী হ্যদ্য শ্বস্তু[৪] হস্তেন যোক্ষ্যতে।
অভিপ্রয়াহি সুগ্রীব সর্ব্বানীকসমাবৃতঃ[৫] ॥ ১৫ ॥
নিমিত্তানি চ ধন্যানি যানি প্রাদুর্ভবন্তি মে।
নিহত্য রাবণং ব্যক্তমানয়িষ্যামি মৈথিলীম্[৬] ॥ ১৬ ॥
উপরিষ্টাদ্ধি নয়নং স্ফুরমাণমিদং[৭] মম।
বিজয়ং সমনুপ্রাপ্তং শংসতীব মহামতে[৮] ॥ ১৭ ॥
অগ্রে যাতু বলস্যাস্য নীলো মার্গমবেক্ষিতুম্[৯]।
বৃতঃ শতসহস্রেণ[১০] বানরাণাং তরস্বিনাম্[১১] ॥ ১৮ ॥

হে সুগ্রীব, এই মুহূর্তে যাত্রা করাই আমার অভিপ্রায় ; দিবাকর আকাশের মধ্যস্থলে উপস্থিত হইয়াছেন, ইহাই বিজয়যাত্রার উপযুক্ত মুহূর্ত ॥ ১৪ ॥

অদ্য উত্তরফল্গুনা নক্ষত্র, আগামীকল্য হস্তানক্ষত্রের যোগ হইবে ; সুগ্রীব ! সমস্ত-সৈন্যপরিবৃত হইয়া [এখনই] যাত্রা কর ॥ ১৫ ॥

আমার সমক্ষে যে-সমস্ত শুভ লক্ষণ সংঘটিত হইতেছে, তাহাতেও পরিষ্কার বুঝা যাইতেছে যে, আমি রাবণকে নিহত করিয়া সীতাকে আনয়ন করিব ॥ ১৬ ॥

হে মহামতে, আমার এই চক্ষুর উপরিভাগ স্পন্দিত হইয়া যেন আসন্ন জয়লাভের সূচনা করিতেছে ॥ ১৭ ॥

শত-সহস্র বেগবান্ বানরে পরিবৃত হইয়া পথপর্য্যবেক্ষণার্থে 'নীল' এই সৈন্যের অগ্রে অগ্রে গমন করুক ॥ ১৮ ॥

১। ধ 'প্রস্থান-'। ২। ছ-ঙ-দ 'বিজয়ো'। ৩। ঘ '-স্ত ভাস্করঃ'। ৪। ধ 'শ্বঃ', দ 'চাথ মম চৈবার্থসাধিনী'। ৫। ধ '-সৈন্য-'। ৬। ঘ 'জানকীম্'। ৭। ছ 'স্পন্দমান-', ধ 'স্ফুরমান-'। ৮। ঙ-থ 'মনো মম'। ৯। ছ '-মার্দ্দবে-' (?)। ১০। ঙ '-প্রাণাং'। ১১। ধ 'যশস্বিনাম্'।

ফলমূলবতা[১] নীল শীতকাননবারিণা[২]।

পথা মদ্বচনাদাশু[৩] সেনাং সেনাপতে নয় ॥ ১৯ ॥

দূষয়েয়ুর্দুরাত্মানঃ পথি মূলফলোদকম্।

রক্ষাংসি পরিরক্ষেথাস্তেষাং[৪] ত্বং নিত্যমুদ্যতঃ ॥ ২০ ॥

নিম্নেষু[৫] বনদুর্গেষু নগেষু[৬] চ নখায়ুধাঃ।

অভিপত্যাভিপশ্যেয়ুঃ[৭] পরেষাং নিহিতং[৮] বলম্ ॥ ২১ ॥

যচ্চ[৯] ফল্গু বলং কিঞ্চিদিহৈবাবতিষ্ঠতাম্[১০]।

এতদ্ধি কৃত্যং শূরাণাং[১১] বিক্রমেণোপযুজ্যতে[১২] ॥ ২২ ॥

১৯। গো-টী। মধুবনায় মধুবনং সেনাং নয়। 'মদ্বচনাদি'ত্যপি দৃশ্যতে পাঠঃ।

২০। গো-টী। দূষয়েয়ুর্যথাশু রক্ষাংসি দুরাত্মানঃ দুষ্টজীবা ইতি রক্ষোবিশেষণম্। আত্মশব্দস্যাজহল্লিঙ্গত্বান্ন নপুংসকত্বম্। পরিরক্ষেথাঃ সেনামিতি শেষঃ।

২১। গো-টী। নিম্নেষু অন্তরেষু বনদুর্গেষু। 'নিম্নেম্বি'তি বা পাঠঃ। নগেষু বৃক্ষেষু অভিপত্য আরুহ্য নিহিতং স্থাপিতম্।

২২। গো-টী। ফল্গু অল্পং বলং সামর্থ্যং যস্য তৎ সৈন্যমবতিষ্ঠতাম্। 'অবতিষ্ঠতা'মিতি পাঠে আত্মনেপদমার্ষম্। এতদ্ধি কৃত্যং যোধানাং যোধান্ প্রতি বিক্রমেণ এতৎ কৃত্যমেষা নীতিঃ উপযুজ্যতে উপযুক্তং ভবতি। 'প্রযুজ্যতে' ইতি কাচিৎকঃ পাঠঃ। 'বিক্রমেণে'তি পাঠে সপ্তম্যর্থে তৃতীয়া। 'নিক্রমে'ষ্বি'তি পাঠে তান্ প্রতি নির্গমেষু।

হে সেনাপতি নীল, তুমি আমার বচনানুসারে সত্বর ফল-মূল ও শীতল সলিল-যুক্ত বনপথে সৈন্যগণকে লইয়া যাও ॥ ১৯ ॥

দুরাত্মা রাক্ষসগণ পথি-মধ্যবর্ত্তী ফল-মূল ও জলকে দূষিত করিতে পারে, সর্ব্বদা সাবধান হইয়া তাহাদের উপদ্রব হইতে [ইহাদিগকে] রক্ষা করিবে ॥ ২০ ॥

নখায়ুধধারী বানরগণ নিম্নভূমি, বনদুর্গ এবং পর্ব্বতোপরি গমন করিয়া শত্রুসৈন্য লুক্কায়িত আছে কি না দেখিবে ॥ ২১ ॥

যে সমস্ত সৈন্য অপেক্ষাকৃত দুর্ব্বল, তাহারা এইখানেই অবস্থান করুক। কারণ, এই কার্য্য বীরগণের পরাক্রমসাধ্য ॥ ২২ ॥

১। ঘ '-লতা নীল শীত-'। ২। ঘ '-সেবিনা'। ৩। জ 'মধুমতা চাশু', ঙ 'মধুবনায়াশু সেনাং'। ৪। ক 'হি'। ৫। ঘ 'পর্ব্বতেষু'। ৬। চ 'লতাসু চ', ঘ 'নগায়ুধাঃ'। ৭। ঙ '-পশ্যন্তি-'। ৮। ঘ 'নিহতং'। ৯। ঙ-ঘ 'যত্তু'। ১০। খ-ঘ '-বাস্থিত-'। ১১। খ-ছ 'যোধানাং', ঙ-ঘ 'যোগ্নাণাং'। ১২। ক '-মেণোপযুজ্যতে', ঘ '-মেষু প্রযু-', ঘ '-মেণ প্রযু-'।

সাগরৌঘনিভং[১] ঘোরমগ্রানীকং মহাবলাঃ।
কপিসিংহাঃ প্রকর্ষন্তু[২] শতশোঽথ সহস্রশঃ ॥ ২৩ ॥
গয়শ্চ গিরিসংকাশো গবয়শ্চ মহাবলঃ।
গবাক্ষশ্চাগ্রতো যান্তু[৩] গবাং দৃপ্তা[৪] ইবর্ষভাঃ ॥ ২৪ ॥
যাতু বানরবাহিন্যা বানরৌঘপতিঃ[৫] কপিঃ[৬]।
পালয়ন্ দক্ষিণং পার্শ্বমৃষভো বানরর্ষভঃ[৭] ॥ ২৫ ॥
গন্ধহস্তীব দুর্দ্ধর্ষস্তরস্বী গন্ধমাদনঃ।
যাতু বানরবাহিন্যাঃ সব্যং পার্শ্বমবস্থিতঃ ॥ ২৬ ॥
যাস্যামি বলমধ্যেঽহং বলৌঘমভিপালয়ন্[৮]।
অধিরুহ্য হনূমন্তমৈরাবতমিবেশ্বরঃ ॥ ২৭ ॥

২৩। লো-টী। সাগরৌঘনিভং সাগরস্য বেগসদৃশমতিচঞ্চলমিত্যর্থঃ। 'নিভস্ত্ত কথিতো বাচ্যে পুংলিঙ্গঃ সদৃশে বিদি'তি কোষঃ। প্রকর্ষন্তু আবৃত্য অবতিষ্ঠন্তাম্, কক্ষং কক্ষন্, 'কক্ষো বীরুধি দোর্মূলে কচ্ছে শুষ্ক তৃণেঽনলে' ইতি ভূরিঃ।
২৪। লো-টী। দৃপ্তা বলবন্তঃ, ঋষভা বৃষভাঃ। 'হৃষ্টা' ইত্যপি বা কাচিৎকঃ পাঠঃ।
২৭। লো-টী। ঈশ্বর ইন্দ্রঃ।

মহাবলশালী শ্রেষ্ঠ বানর শতে শতে, সহস্রে সহস্রে সমুদ্রপ্রবাহের ন্যায় ভীষণ অগ্রগামী সৈন্যের নেতৃত্ব করুক ॥ ২৩ ॥

দৃপ্ত বৃষভ যেমন গো-যূথের পুরোভাগে গমন করে, সেইরূপ মহাবলশালী পর্ব্বততুল্য গয়, গবয় ও গবাক্ষ [সৈন্যগণের] পুরোভাগে গমন করুক ॥ ২৪ ॥

বানর-দলপতি বানরশ্রেষ্ঠ ঋষভ বানরবাহিনীর দক্ষিণ দিক্ রক্ষা করিতে করিতে গমন করুক ॥ ২৫ ॥

দুর্দ্ধর্ষ গন্ধহস্তীর ন্যায় বেগবান্ গন্ধমাদন বানরবাহিনীর বামপার্শ্বে গমন করুক ॥ ২৬ ॥

আমি হনুমানের পৃষ্ঠে আরোহণ করিয়া সমস্ত সৈন্য রক্ষা করিতে করিতে সৈন্যগণের মধ্যভাগে ঐরাবতারূঢ় ইন্দ্রের ন্যায় গমন করিব ॥ ২৭ ॥

১। ঙ 'ঘোরং সমুদ্রৌঘং মহাবলম্', দ 'ঘোরং সমানীকং মহাবলম্'। ২। ক-ঙ-প 'সিংহাঃ কুক্ষিং গিরেরিব', দ 'সিংহাঃ সঙ্কং গিরেরিব'। ৩। দ 'যাতু'। ৪। দ 'হৃষ্টা'। ৫। খ '-ঘো বৈ মহাবলঃ', দ '-ঘো বৈ মহাকপিঃ'। ৬। ক-ঙ '-বৃতঃ'। ৭। ঘ 'বানরোত্তমঃ'। ৮। ঙ '-ঘমপি পা-', প '-ঘং পরিপা-'।

অঙ্গদস্কাধিরূঢ়স্তু লক্ষ্মণোঽনন্তরং মম।
সার্ব্বভৌমেন ভূতেশো দ্রবিণাধিপতির্যথা ॥ ২৮ ॥

জাম্ববাংশ্চ সুষেণশ্চ বেগদর্শী চ বানরঃ।
ঋক্ষরাজো মহাত্মা চ পৃষ্ঠং রক্ষন্তু নস্ত্রয়ঃ ॥ ২৯ ॥

রাঘবস্য বচঃ শ্রুত্বা সুগ্রীবো বাহিনীপতিঃ।
ব্যাদিদেশ মহাবীর্য্যান্ বানরান্ বানরর্ষভঃ ॥ ৩০ ॥

তে বানরবরাঃ সর্ব্বে সমুৎপত্য যুযুৎসবঃ।
গুহাভ্যঃ শিখরেভ্যশ্চ তস্মাৎ পুপ্লুবিরে ক্ষণাৎ ॥ ৩১ ॥

২৮। গো-টী। সার্ব্বভৌমেন দিগ্গজেন ভূতেশঃ কুবেরঃ 'ভূতযানেন ভূতেশো দ্রবিণাধিপতির্যথেতি' সার্বজ্ঞঃ পাঠঃ। তদ্ব্যাখ্যানং ভূতবাহ্যং বিমানং ভূতযানমিতি।

২৯। গো-টী। বেগেন বীর্য্যেণ দর্শঃ দর্শনং জ্ঞানমিতি যাবৎ স বিদ্যতেঽস্যেতি সঃ, ইন্দ্রজিদাদেরুৎকারজ্ঞানবান্, ঋক্ষরাজঃ সুগ্রীবঃ।

৩১। গো-টী। তস্মাৎ সুগ্রীববচনাৎ।

আমার পশ্চাতে লক্ষ্মণ অঙ্গদের পৃষ্ঠে আরোহণ করিয়া সার্ব্বভৌমনামক দিগ্গজে সমারূঢ় ধনপতি কুবেরের ন্যায় গমন করুক ॥ ২৮ ॥

সত্বর শুভাশুভ-নিরূপণে সমর্থ সুষেণ, জাম্ববান্ এবং ঋক্ষরাজ মহাত্মা সুগ্রীব আমাদের পশ্চাদ্ভাগ রক্ষা করুন ॥ ২৯ ॥

রামচন্দ্রের কথা শুনিয়া সেনাপতি বানরশ্রেষ্ঠ সুগ্রীব মহাবলশালী বানরদিগকে আদেশ করিলেন— ॥ ৩০ ॥

সেই বানরগণ সকলেই গুহা ও পর্ব্বতশিখর হইতে নির্গত হইয়া সেই মুহূর্ত্তেই যুদ্ধার্থে লম্ফপ্রদান করিতে লাগিল ॥ ৩১ ॥

১। ছ '-স্ত'। ২। খ '-শো যাত্বনন্তরম্'। ৩। খ গৌর '-ভৌমাদি'। ৪। খ '-রিব'। ৫। খ 'রাঘব', খ 'বানরাঃ'। ৬। খ 'তে বয়ঃ'। ৭। খ '-পতীন্'। ৮। খ 'আদি-'। ৯। ক খ 'বীর্য্যো'। ১০। খ 'প্লবগোত্তমঃ'। ১১। ছ-ঙ '-মুখাঃ'। ১২। খ '-মাপ্লুপুবিরে'।

ততো[১] বানররাজেন লক্ষ্মণেন চ পূজিতঃ।
জগাম রামো ধর্ম্মাত্মা সসৈন্যো[২] দক্ষিণাং দিশম্ ॥ ৩২ ॥

শতৈঃ শতসহস্রৈশ্চ[৩] কোটীভিরযুতৈরপি[৪]।
বারণাভৈঃ[৫] স হরিভির্যযৌ[৬] সুপরিবারিতঃ[৭] ॥ ৩৩ ॥[৮]

তং যান্তমনুযান্তি স্ম হরয়ঃ[৯] সুমহাবলাঃ[১০]।
হৃষ্টাঃ[১১] প্রমুদিতাশ্চৈব সুগ্রীবেণাভিরক্ষিতাঃ[১২] ॥ ৩৪ ॥

আপ্লবন্তঃ[১৩] প্লবন্তশ্চ গর্জ্জন্তশ্চ প্লবঙ্গমাঃ[১৪]।
ক্ষেলন্তো[১৫] বিনদন্তশ্চ প্রজগ্মুর্দক্ষিণাং দিশম্ ॥ ৩৫ ॥

ভক্ষয়ন্তঃ সুগন্ধীনি মূলানি চ ফলানি চ।
উদ্বহন্তো মহাবৃক্ষান্ শৈলখণ্ডাংস্তথৈব[১৬] চ ॥ ৩৬ ॥

৩৫। কোটী। আপ্লবন্তঃ প্লবন্তশ্চ ইতস্ততো ধাবন্তঃ, ক্ষেলন্তঃ সিংহনাদং কুর্বন্তঃ। নদন্তঃ সামান্যেন।

তারপর সুগ্রীব ও লক্ষ্মণকর্তৃক অভ্যর্থিত হইয়া ধর্ম্মাত্মা রাম সসৈন্যে দক্ষিণ দিকে যাত্রা করিলেন ॥ ৩২ ॥

তিনি শত-শত, লক্ষ-লক্ষ, কোটী-কোটী, হস্তিতুল্য বানরে পরিবৃত হইয়া গমন করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

মহাবলশালী বানরগণ আনন্দিত হইয়া সুগ্রীবের রক্ষণাধীনে গমনকারী রামচন্দ্রের অনুগমন করিল ॥ ৩৪ ॥

বানরগণ [কেহ কেহ] ইতস্ততঃ দৌড়াইতে দৌড়াইতে এবং [কেহ কেহ] স্বাভাবিক শব্দ, [কেহ কেহ] অপেক্ষাকৃত তীব্র গর্জ্জন ও [কেহ কেহ] বিকট গর্জ্জন করিতে করিতে দক্ষিণ দিকে গমন করিতে লাগিল ॥ ৩৫ ॥

তাহারা সুগন্ধি ফল-মূল ভক্ষণ করিতে লাগিল এবং পর্ব্বতখণ্ড ও মহাবৃক্ষসমূহ [উৎপাটিত করিয়া] বহন করিতে লাগিল ॥ ৩৬ ॥

১। ঘ 'ততস্তু কপিরাজেন'। ২। ঘ 'সবলো'। ৩। ছ-ধ '-সহস্রৈঃ'। ৪। ঘ '-যুথৈঃ'। ৫। ঙ 'সমুদগুকৈঃ', প 'বারণাদিঃ'। ৬। ড 'ভিঃ প্রযযৌ পরি-'। ৭। ঘ-ঙ-দ 'স পরি'। ৮। ঘ '-বেষ্টিতঃ' ৯। প 'কপয়ঃ'। ১০। ঘ '-স্বনাঃ'। ১১। ঘ 'হৃষ্টাঃ'। ১২। ঘ '-পালিতাঃ'। ১৩। ঙ 'অপ্রবন্তঃ প্রবন্তশ্চ'। ১৪। প '-ন্তো বানরর্ষভাঃ'। ১৫। ঘ 'ক্ষুব্ধ-'। ১৬। ক '-শুঃ চাপ-', ব '-গুংশ্চ সর্বশঃ'।

অন্যোন্যং সহসা দৃপ্তা নির্ভর্ৎসন্তি ক্ষিপন্তি চ।
পতিতাশ্চোৎপতন্ত্যন্যে পাতয়ন্ত্যপরেঽপরান্ ॥ ৩৭ ॥

রাবণো নো হি হন্তব্যঃ সর্ব্বে চ রজনীচরাঃ।
ইতি গর্জ্জন্তি হরয়ো রাঘবস্য সমীপতঃ ॥ ৩৮ ॥

পুরস্তাৎ তস্য সৈন্যস্য নীলঃ কুমুদ এব চ।
পন্থানং শোধয়ন্তি স্ম বানরৈর্ব্বহুভিঃ সহ ॥ ৩৯ ॥

মধ্যে রাজা তু সুগ্রীবো রামো লক্ষ্মণ এব চ।
হরিভির্ব্বহুভির্ব্বীরৈর্বৃতাঃ শত্রুনিবর্হণৈঃ ॥ ৪০ ॥

৩৭। লো-টী। নির্ভর্ৎসন্তি সেবন্তে, কাংশ্চিৎ ক্ষিপন্তি। পতিতাশ্চোৎপতন্তি পাতিতানামু-পরি পতন্তি।

৩৮-৩৯। লো-টী। তস্য সৈন্যস্য পুরস্তাৎ অগ্রে যে হরয়ঃ, নীলশ্চ কুমুদশ্চ যৌ প্রধানৌ, তে চ তৌ চ পন্থানং শোধয়ন্তঃ রাঘবস্য সমীপে 'রাবণো নো হি হন্তব্যঃ' ইতি গর্জ্জন্তি। 'শোভয়ন্তি' ইতি পাঠঃ ক্বচিৎ। 'শোধয়ন্তী'তি পাঠে তে চ তৌ চ গর্জ্জন্ত পন্থানং শোধয়ন্তি চ।

৪০। লো-টী। শত্রুনিবর্হণৈঃ শত্রুঘাতকৈঃ।

গর্ব্বিত বানরগণ সহসা পরস্পরকে ভর্ৎসনা করিতে লাগিল। কেহ কেহ ঠেলাঠেলি করিতে লাগিল। কেহ কেহ উৎপতিত অপর বানরগণের পৃষ্ঠের উপর পতিত হইল, কেহ বা অপরকে ফেলিয়া দিতে লাগিল ॥ ৩৭ ॥

'রাবণ এবং সমস্ত রাক্ষসকে আমরা বধ করিব।' এই বলিয়া বানরগণ রামচন্দ্রের সমীপে গর্জ্জন করিতে লাগিল ॥ ৩৮ ॥

নীল এবং কুমুদ বহু বানরের সহিত সেই সৈন্যের পুরোভাগে পথ-পরিশোধন (অর্থাৎ পুরোবর্ত্তী বৃক্ষ-গুল্মাদি ছেদন, অথবা শত্রুপক্ষীয় গুপ্তচর বা লুক্কায়িত শত্রু-সৈন্যের অনুসন্ধান) করিতে লাগিলেন ॥ ৩৯ ॥

মধ্যস্থলে শত্রুপরাভবকারী বহু বানরে পরিবৃত রাজা সুগ্রীব এবং রাম ও লক্ষ্মণ [অবস্থান করিলেন] ॥ ৪০ ॥

১। খ 'অন্যো'। ২। ক 'নির্ভর্ৎসন্তি'। ৩। ঙ '...ভ্যুৎক্ষিপন্ত্যন্যে', ক-ঘ '...শ্চ প্রক্ষিপন্ত্যন্যে', খ '...ভ্যুৎ-ক্ষিপন্ত্যন্যে'। ৪। ক ও 'হি নো'। ৫। খ 'হন্তব্যাঃ সর্ব্বে'। ৬। অতঃ পরং ঙ-পুস্তকে 'যোৎস্যামো হনিষ্যামো হত্বা চ রাবণং রণে। লঙ্কায়াং বিনিঃসারঃ সর্ব্বাংশ্চ রজনীচরান্' ইত্যধিকম্। ৭। খ পুস্তকে অতঃ প্রভৃতি চত্বারিংশশ্লোকপূর্ব্বার্দ্ধং নাস্তি। ৮। খ 'পুরস্তস্য'। ৯। খ 'হনুমান্ বীরো নলঃ'। ১০। খ '...ভির্বৃতাঃ'। ১১। খ 'তু রাজা'।

হরিঃ শতবলির্ব্বীরঃ[1] কোটিভির্দশভির্ব্বৃতঃ[2]।
দক্ষিণং পার্শ্বমাসাদ্য ররক্ষ হরিবাহিনীম্[3] ॥ ৪১ ॥
কোটীশতপরীবারঃ[4] কেশরী বানরোত্তমঃ।
ঋক্ষশ্চাতিবলঃ পার্শ্বং সব্যং সৈন্যস্য পালয়ন্ ॥ ৪২ ॥
[5]জাম্ববাংশ্চ সুষেণশ্চ[6] দীর্ঘদর্শী চ বানরঃ।
সুগ্রীবং পুরতঃ কৃত্বা[7] ররক্ষুঃ পৃষ্ঠমাবৃতাঃ[8] ॥ ৪৩ ॥
[9]তেষাং সেনাপতির্ব্বীরো নালো বানরপুঙ্গবঃ।
সংপতন্ পততাং শ্রেষ্ঠস্তদ্বলং প্রত্যপালয়ৎ ॥ ৪৪ ॥
দধিমুখঃ[10] প্রজঙ্ঘশ্চ রম্ভোঽথ[11] রভসস্তথা[12]।
সর্ব্ব[13]পার্শ্বা[14]ণ্যধাবন্ত রক্ষার্থং[15] নৃপাজ্ঞয়া[16] ॥ ৪৫ ॥

৪২। লো-টী। পালয়ৎ অপালয়ৎ। 'পালয়ন্' ইতি পাঠে পালয়ন্তাবর্থঃ।

শতবলি-নামক বীর বানর কোটি-কোটি বানরে পরিবৃত হইয়া দক্ষিণ পার্শ্বে অবস্থান-পূর্ব্বক বানরবাহিনীকে রক্ষা করিতে লাগিলেন ॥ ৪১ ॥

শতকোটি-বানরপরিবৃত বানরশ্রেষ্ঠ 'কেশরী' এবং অতিবলশালী 'ঋক্ষ' সেই বাহিনীর বামভাগ রক্ষা করিতে লাগিলেন ॥ ৪২ ॥

জাম্ববান্, সুষেণ এবং বানর দীর্ঘদর্শী সুগ্রীবকে সম্মুখীন করিয়া প্রচ্ছন্নভাবে পশ্চাদ্‌ভাগ রক্ষা করিতে লাগিলেন ॥ ৪৩ ॥

বীর বানরশ্রেষ্ঠ সেনাপতি নাল সমাপতিত হইয়া তাঁহাদের সেই সৈন্য রক্ষা করিতে লাগিলেন ॥ ৪৪ ॥

দধিমুখ, প্রজঙ্ঘ, রম্ভ ও রভস রাজার আদেশে রক্ষণার্থে চারিদিকে ধাবিত হইতে লাগিলেন ॥ ৪৫ ॥

১। দ '-র্মহাত্ম-'। ২। খ '-বৃতঃ'। ৩। ধ ঙ 'কপিবা-'। ৪। খ '-রর্বৃতঃ'। ৫। দ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৬। ঙ 'বেগ-', খ 'বানরক্ষসমাবৃতঃ'। ৭। খ 'জঘনং সংররক্ষতুঃ'। ৮। ছ '-মাগতাঃ', ঙ 'মাবৃতাঃ'। ৯। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ১০। খ 'দরী-'। ১১। খ 'কুম্ভোঽথ'। ১২। ক 'শরভস্তথা'। ১৩। ঙ-খ 'সৈন্য-'। ১৪। ঙ '-ধর্ম-'। ১৫। দ 'রক্ষার্থক'। ১৬। অতঃ পরং খ-পুস্তকে "সাথ যাতি দিবা রাত্রৌ সুগ্রীবপরিপালিতা। হৃষ্টাঃ (?) প্রমুদিতাঃ সর্ব্বে শ্রীমতী হরিবাহিনী।" ইত্যধিকম্।

এবন্তে হরিশার্দ্দূলা গচ্ছন্তো বলদর্পিতাঃ[১]।
অপশ্যন্ত[২] গিরিশ্রেষ্ঠং[৩] বিন্ধ্যং দ্রুমলতাবৃতম্[৪] ॥ ৪৬ ॥
সাগরৌঘনিভং[৫] ঘোরং তদ্ বানরবলং মহৎ।
নিঃসসর্প[৬] মহাঘোষো[৭] ভীমবেগ ইবার্ণবঃ ॥ ৪৭ ॥
তস্য দাশরথেরর্থে[৮] শূরাস্তে কপিপুঙ্গবাঃ[৯][১০]।
তূর্ণমাপুপ্লুবুঃ সর্ব্বে সদশ্বা ইব চোদিতাঃ[১১] ॥ ৪৮ ॥
কপিভ্যামুহ্যমানৌ তৌ শুশুভাতে নরর্ষভৌ।
মহদ্‌ভ্যামিব সংশ্লিষ্টৌ গ্রহাভ্যাং চন্দ্রভাস্করৌ ॥ ৪৯ ॥
ততোঽঙ্গদগতো[১২] রামং লক্ষ্মণঃ শুভয়া গিরা।
উবাচ পরিপূর্ণার্থং[১৩] বচনং[১৪] প্রতিভানবান্ ॥ ৫০ ॥

৪৭। লো-টী। সাগরৌঘনিভং সাগরবেগসদৃশম্, অতিবেগবত্ত্বমিত্যর্থঃ। 'ওঘো বৃন্দে পয়োবেগে দ্রুতনৃত্যোপদেশয়ো'রিতি ভূরিঃ। যদ্বা, সাগরবৃন্দসদৃশম্, অতিবিস্তারমিত্যর্থঃ। বিসসর্প প্রচলয়তি স্ম।

৪৯। লো-টী। মহদ্ভ্যাং গুরুশুক্রাভ্যাম্।

৫০। লো-টী। প্রতিভানবান্ জ্ঞানবান্।

সেই বলদর্পিত শ্রেষ্ঠ বানরগণ এইরূপে গমন করিতে দ্রুমলতা-পরিবৃত গিরিরাজ বিন্ধ্যকে দেখিতে পাইলেন ॥ ৪৬ ॥

সাগরপ্রবাহের ন্যায় ভীতিপ্রদ সেই বিশাল বানরবাহিনী ভীমবেগশালী সমুদ্রের ন্যায় মহাশব্দে অগ্রসর হইতে লাগিল ॥ ৪৭ ॥

সেই বীর বানরশ্রেষ্ঠগণ দশরথনন্দন রামচন্দ্রের জন্য কশাহত উত্তম অশ্বের ন্যায় সত্বর গমন করিতে লাগিলেন ॥ ৪৮ ॥

বানরদ্বয়বাহিত পুরুষশ্রেষ্ঠ রাম-লক্ষ্মণ মহাগ্রহ (গুরু-শুক্র)-সংশ্লিষ্ট চন্দ্র-সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৪৯ ॥

১। দ 'বেগসমন্বিতাঃ', ঘ 'বলদর্পিতাঃ'। ২। দ '-ন্তঃ'। ৩। চ 'গিরিং শ্রে-'। ৪। ঙ-ড-খ '-কুলম্'। ৫। দ 'সৈন্যং'। ৬। ঙ 'বিসসর্প'। ৭। ঠ '-ঘোরং', খ '-ঘোরো'। ৮। ড-খ '-র্থেযো'। ৯। ঢ খ-দ 'হরি-'। ১০। ঘ-ঙ '-কুঞ্জরাঃ'। ১১। ঘ '-বেগিতাঃ', দ 'বোদিতাঃ'। ১২। ঙ '-গতং'। ১৩। ঠ 'প্রতি-'। ১৪। ঘ 'বাক্যং বাক্যবিশারদঃ'।

হৃতামবাপ্য[১] বৈদেহীং ক্ষিপ্রং হত্বা চ রাবণম্[২]।
সমৃদ্ধার্থঃ সমৃদ্ধার্থামযোধ্যাং প্রতিযাস্যসি ॥ ৫১ ॥
মহান্তি চ নিমিত্তানি দিবি ভূমৌ চ রাঘব।
শুভানি তব পশ্যামি সর্ব্বাণ্যেবার্থসিদ্ধয়ে ॥ ৫২ ॥
অনুবাতি শুভো বায়ুঃ সেনাং[৩] মৃদুহিতঃ সুখঃ[৪]।
পূর্ণবর্ণস্বরাশ্চেমে[৫] প্রবদন্তি[৬] মৃগদ্বিজাঃ ॥ ৫৩ ॥
প্রসন্নাশ্চ দিশঃ সর্ব্বা নির্ম্মলশ্চ[৭] দিবাকরঃ।
উশনা[৮] চ প্রসন্নার্চ্চি[৯]রনুত্বং[১০] ভার্গবো গতঃ ॥ ৫৪ ॥

৫৩। লো-টী। সেনামনুবাতি শুভশ্চ যোগঃ। পূর্ণৌ বর্ণোহক্ষরো যেষাং তে।
৫৪। লো-টী। অনু ত্বাং তব পশ্চাৎ ভাস্বরো ভাসং প্রত্যাশং কুর্ব্বন্ গতঃ। 'অনুত্ব'মিতি পাঠে মন্দতেজস্কত্বং গতঃ প্রাপ্তঃ। 'অনুত্বং ভার্গবো গত' ইতি অনুত্বং পশ্চাদ্ভাবম্।

অনন্তর অঙ্গদ-পৃষ্ঠারূঢ় প্রতিভাবান্ লক্ষ্মণ মনোহর স্বরে অর্থপূর্ণ বাক্য বলিতে লাগিলেন— ॥ ৫০ ॥

"[হে রাম,] আপনি সত্বর রাবণকে নিহত করিয়া, পূর্ণমনোরথা সীতাদেবীকে লাভ করিয়া, পূর্ণমনোরথ হইয়া অযোধ্যায় প্রত্যাবর্ত্তন করিবেন ॥ ৫১ ॥

হে রাঘব, আকাশে ও ভূতলে বহু শ্রেষ্ঠ শুভ লক্ষণ দেখিতেছি, সে সমস্তই আপনার কার্য্যসিদ্ধির সূচনা করে ॥ ৫২ ॥

সুখকর এবং শুভজনক মৃদু-মন্দ বায়ু সেনাদিগের অনুকূলে প্রবাহিত হইতেছে, এবং এই স্পষ্টশব্দকারী মৃগ-পক্ষিগণও তা-ই প্রকৃষ্টরূপে জ্ঞাপন করিতেছে ॥ ৫৩ ॥

দিক্‌সকল প্রসন্ন এবং সূর্য্য নির্ম্মল (অর্থাৎ অত্যুজ্জ্বল); নির্ম্মলতেজা ভৃগুনন্দন শুক্রাচার্য্যও পশ্চাতে অবস্থিত আছেন ॥ ৫৪ ॥

১। ভ 'রণে'। ২। ঘ 'রাক্ষসম্'। ৩। ধ 'সেনা', দ 'সেনামৃদ্বি হি-'। ৪। ছ 'শুভঃ', ভ 'সদা'। ৫। ঘ-ভ '-বর্ণাঃ স্ব-'। ৬। দ '-ক্তৈব'। ৭। ছ-খ 'বিমলশ্চ'। ৮। ঢ 'হুতাশনঃ', দ 'হুতাশনপ্র-'। ৯। ক-খ-ভ '-নাশ্চ'। ১০। ছ '-র্চ্চিরিমলো'।

ব্রহ্মরাশিবিদঃ[১] সর্ব্বে বিশুদ্ধাশ্চ[২] মহর্ষয়ঃ।
অর্চ্চিষ্মন্তঃ প্রকাশন্তে ধ্রুবং সর্ব্বে প্রদক্ষিণম্ ॥ ৫৫ ॥
ত্রিশঙ্কুর্বিমলো ভাতি রাজর্ষিঃ স পুরোহিতঃ[৩]।
পিতামহবরোঽস্মাকমিক্ষ্বাকূণাং পিতামহঃ ॥ ৫৬ ॥
বিমলে চ প্রকাশেতে বিশাখে[৪] নিরুপদ্রবে।
নক্ষত্রং পরমস্মাকমিক্ষ্বাকূণাং মহাত্মনাম্ ॥ ৫৭ ॥
নৈর্ঋতং[৫] নৈর্ঋতানাঞ্চ নক্ষত্রমুপপীড্যতে।
মূলো[৬] মূলবতাস্পৃষ্টো[৭][৮] ধূপ্যতে[৯] ধূমকেতুনা ॥ ৫৮ ॥

৫৫। লো-টী। ব্রহ্মরাশিবিদঃ সর্ব্বে বেদরাশিবিদো বৃহস্পত্যাদয়ঃ, বিশুদ্ধাঃ দুষ্ট-গ্রহৈরবিরুদ্ধা এবং প্রদক্ষিণং যথা ভবতি তথা প্রকাশন্তে, তথা সর্ব্বে মহর্ষয়ঃ প্রকাশন্ত ইত্যপরং বাক্যম্, অতো ন পুনরুক্তং সর্ব্ব-পদম্।

৫৬। লো-টী। ত্রিশঙ্কুর্বিমলো ভাতীতি [illegible] ইত্যাকাশমার্গমাগতোঽভূত্। পিতামহো ব্রহ্মা স বরঃ পিতা যেন শ্রেষ্ঠ যস্য স বশিষ্ঠঃ। অস্মাকং পিতামহ-বংশজঃ।

৫৭ ৫৮। লো-টী। বিশাখে বিশাখানক্ষত্রে। অস্মাকং নক্ষত্রং রোহিণীনক্ষত্রং কর্ত্তৃ নৈর্ঋতানাং নক্ষত্রং মূলং কর্ম্ম উপপীড্যতে পীড়য়তীত্যর্থঃ। কিঞ্চ, মূলো নক্ষত্রং মূলনক্ষত্রবতাং রক্ষসাং ধূপ্যতে সন্তাপ্যতে।

তেজোময় মহর্ষিগণ ও বেদবিদ্ বৃহস্পতি প্রভৃতি সকলে দুষ্ট-গ্রহদ্বারা অবাধিত হইয়া ধ্রুব নক্ষত্রকে প্রদক্ষিণ করত প্রকাশিত হইতেছেন ॥ ৫৫ ॥

ইক্ষ্বাকুবংশের পুরোহিত ব্রহ্মার পুত্র বশিষ্ঠ এবং আমাদের পিতামহ (অর্থাৎ পূর্ব্বপুরুষ) রাজর্ষি সেই ত্রিশঙ্কু নির্ম্মল হইয়া প্রকাশিত হইতেছেন ॥ ৫৬ ॥

উপদ্রবরহিত বিশাখা নক্ষত্রদ্বয়ও নির্ম্মল হইয়া প্রকাশিত হইতেছে। মহাত্মা ইক্ষ্বাকুবংশোদ্ভব আমাদের নক্ষত্র (রোহিণী) রাক্ষসদিগের নক্ষত্র (মূলা)কে পীড়া দিতেছে, এবং ধূমকেতুও রাক্ষসদিগের মূলা-নক্ষত্রকে সন্তাপিত করিতেছে ॥ ৫৭-৫৮ ॥

১। ঘ 'বেদ-'। ২। খ '-দ্ধাং পরমর্ষয়ঃ'। ৩। ক 'সপু-'। ৪। ঙ 'বিশিখে'। ৫। খ নৈর্ঋতৈ'। ৬। ঘ 'মূলো'। ৭। ঙ '-বতাস্পৃষ্ট'। ৮। ঘ '-স্পৃষ্টো'। ৯। ক-ছ-খ 'ধূমাতে'।

সর্ব্বথৈব বিনাশোঽয়ং[১] রাক্ষসানামুপস্থিতঃ।
কালঃ[২] কালগৃহীতানাং নক্ষত্রগ্রহপীড়নাৎ[৩] ॥ ৫৯ ॥

প্রসন্নাঃ সুরসাশ্চাপো[৪] বনানি ফলবন্তি[৫] চ।
প্রবান্ত্যভ্যধিকং[৬] গন্ধা যথর্ত্তু[৭]পুষ্পিতা দ্রুমাঃ ॥ ৬০ ॥

ব্যূহেষু[৮] কপিমুখ্যানাং প্রকাশোঽভিপ্রকাশতে[৯]।
দেবানামিব সৈন্যানাং সংগ্রামে তারকাময়ে ॥ ৬১ ॥

এবমার্য্য সমীক্ষ্য ত্বং প্রীতো ভবিতুমর্হসি।
ইতি ভ্রাতরমাশ্বাস্য[১০] হৃষ্টঃ সৌমিত্রিরব্রবীৎ[১১] ॥ ৬২ ॥

অথাবৃত্য মহীং কৃৎস্নাং জগাম মহতী চমূঃ।
ঋক্ষবানরশার্দ্দূলৈর্নখদংষ্ট্রায়ুধৈর্ব্বৃতা[১২] ॥ ৬৩ ॥

৫৯। লো-টী। কালে কেবাং মরণকালে, নক্ষত্রে মূলনক্ষত্রে, গ্রহেণ রাহুণা পীড়নাৎ।

৬০। লো-টী। যথা ঋতৌ পুষ্পিতা গন্ধা গন্ধবন্তঃ দ্রুমাঃ প্রবান্তি, তথেদানীমপি। যদ্বাপি বায়ুনেব গন্ধান্ প্রাপয়ন্তি নহে, তথাপুষ্পসারাং দ্রুমা ইত্যুক্তম্।

৬১। লো-টী। ব্যূহেষু বলবিন্যাসেষু।

মৃত্যুকর্ত্তৃক গৃহীত এই রাক্ষসদিগের নক্ষত্র (মূলা) রাহুকর্ত্তৃক আক্রান্ত হওয়ায় সর্ব্বপ্রকারেই ইঁহাদের বিনাশসময় উপস্থিত হইয়াছে ॥ ৫৯ ॥

সলিলসমূহ নির্ম্মল ও সুস্বাদু, বনসকল ফলযুক্ত, বৃক্ষসমূহ কালোপযোগী পুষ্পসম্ভারে সমৃদ্ধ; [চারিদিকে] অতিশয় সৌরভ প্রবাহিত হইতেছে ॥ ৬০ ॥

তারকাসুরের বিনাশসংগ্রামে দেবতাদিগের সৈন্যের ন্যায় শ্রেষ্ঠ বানরদিগের ব্যূহমধ্যে আলোক প্রকাশিত হইতেছে ॥ ৬১ ॥

হে আর্য্য, আপনি এইরূপ দেখিয়া প্রীত হইতে পারেন।" সুমিত্রানন্দন লক্ষ্মণ আনন্দিত হইয়া ভ্রাতা রামচন্দ্রকে আশ্বাসপ্রদানপূর্ব্বক এই কথা বলিলেন ॥ ৬২ ॥

নখ-দন্তরূপ-অস্ত্রযুক্ত শ্রেষ্ঠ ভল্লুক ও বানরগণ কর্ত্তৃক পরিবেষ্টিতা বিশাল বাহিনী সমস্ত পৃথিবী আচ্ছন্ন করিয়া গমন করিতে লাগিল ॥ ৬৩ ॥

১। দ '-শোঽর্থং'। ২। ক 'কালে'। ৩। খ '-পেষণাৎ'। ৪। দ 'সর-'। ৫। ঙ 'চ বনানি চ'। ৬। ঙ '-স্যাভ্যধিকা', দ '-ত্যভ্যধিকো গন্ধঃ ক্ষরন্ নূ-'। ৭। খ '-দা'। ৮। ঙ-খ 'সৈন্যানাং'। ৯। খ দ 'তিগ্ম-'। ১০। দ '-মাসাদ্য'। ১১। অতঃ পরং ক-পুস্তকে "নির্বিষ্টান চ সংপ্রেক্ষ্য রামঃ প্রমুদিতো ভৃশম্।" ইত্যধিকম্, সর্গসমাপ্তিঃ, সর্গান্তরারম্ভশ্চ দৃশ্যতে। ১২। খ '-যুতা'।

করাগ্রৈশ্চরণাগ্রৈশ্চ বানরৈরুদ্ধতং রজঃ।
ভৌমমন্তর্দ্দধে লোকমাবৃত্য[1] সবিতুঃ প্রভাম্[2] ॥ ৬৪ ॥

শতৈঃ শতসহস্রৈশ্চ কোটিভিশ্চ সহস্রশঃ।
বানরাণাং সুঘোরাণাং শ্রীমান্ পরিবৃতো যযৌ ॥ ৬৫ ॥

সা স্ম যাতি দিবারাত্রং[3] মহতী হরিবাহিনী[4]।
হৃষ্টা প্রমুদিতা সর্ব্বা সুগ্রীবেণাভিপালিতা[5] ॥ ৬৬ ॥

জবেন ত্বরিতং যাতা সর্ব্বা যুদ্ধাভিকাঙ্ক্ষিণী[6]।
সা মুমোচয়িষুঃ[7] সীতাং মুহূর্ত্তাৎ[8] সম্ভ্রমাদিব ॥ ৬৭ ॥

[9]ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে বানরানীকপ্রয়াণং
নাম চতুঃসপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭৪ ॥

৬৪। লো-টী। রজঃ কর্ত্তৃ ভৌমং লোকং ভূলোকম্ আবৃত্য সবিতুঃ প্রভামন্তর্দ্দধে আচ্ছাদয়ামাস।

৬৬। লো-টী। হৃষ্টা বাহ্যতঃ সিংহনাদাদিনা, প্রমুদিতা অন্তর্হর্ষেণ, সা সর্ব্বা হরিবাহিনী যাতি স্মেত্যন্বয়ঃ।

৬৭। লো-টী। সা সর্ব্বা জবেন যাতেত্যন্বয়ঃ। সম্ভ্রমাৎ ভয়াদিব 'সংভ্রমো ভয়সংবেগাদরেষ্বপি চ সংভ্রমঃ' ইতি ভূরিঃ।

বানরগণের হস্ত এবং পদের অগ্রভাগ দ্বারা উত্থিত ধূলিসমূহ পৃথিবী আচ্ছাদিত করিয়া সূর্য্যের প্রভা আচ্ছাদিত করিল ॥ ৬৪ ॥

শত-শত, লক্ষ-লক্ষ এবং সহস্র-সহস্র-কোটি অতি ভয়ঙ্কর বানরকর্তৃক পরিবৃত হইয়া শ্রীমান্ (সুগ্রীব) গমন করিতে লাগিলেন ॥ ৬৫ ॥

সেই বিশাল বানরসেনা সুগ্রীবের রক্ষণাধীনে আনন্দিত হইয়া দিবারাত্র সোল্লাসে গমন করিতে লাগিল ॥ ৬৬ ॥

যুদ্ধাভিলাষী সেই সকল বানরসেনা সীতাকে উদ্ধার করিতে ইচ্ছুক হইয়া যেন সসম্ভ্রমে প্রতিমুহূর্তেই বেগে দ্রুত গমন করিতে লাগিল ॥ ৬৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে বানরানীকপ্রয়াণ-
নামক ৭৪ম সর্গ সমাপ্ত ॥ ৭৪ ॥

১। খ '-মায়াম্'। ২। খ-ভ 'প্রভাঃ'। ৩। ছ-খ-ঘ 'রাত্রৌ'। ৪। ঘ 'কপি-'। ৫। ঘ '-চালিতা'। ৬। খ-ছ-ভ-ঘ '-বাহিনী'। ৭। খ-ভ '-ষিবুঃ'। ৮। ক '-র্ত্তং কাপি নাসত'। ৯। অয়ং সর্গো নবদ্বীপীয় ছ-পুস্তকসমগ্রঃ।

(৭৫) পঞ্চসপ্ততিতমঃ সর্গঃ

ততঃ পাদপসংবাধং[1] নানানগসমাবৃতম্[2][3]।
বিন্ধ্যপর্ব্বতমাসাদ্য[4] বানরাস্তে সমারুহন্ ॥ ১ ॥
কাননানি বিচিত্রাণি নদীঃ[5] প্রস্রবণানি চ।
পশ্যন্নভিযযৌ রামো বিন্ধ্যস্য মলয়স্য চ ॥ ২ ॥
চন্দনাংস্তিলকাংশ্চ[6] চূতানশোকান্ সিন্ধুবারকান্।
করবীরাংস্তিমীরাংশ্চ[7] ভজন্তস্তে[8] প্লবঙ্গমাঃ ॥ ৩ ॥
কর্ণিকারান্ কুরুবকান্ চম্পকানতিমুক্তকান্।
কদম্বপাদপান্ নীপান্ কেশরোদ্দালকান্ নটান্[9] ॥ ৪ ॥
শালাংস্তালাংস্তমালাংশ্চ[10][11] লবঙ্গাংশ্চ[12][13] সমন্ততঃ।
বল্গুবাগ্ভির্দ্বিজৈশ্চিত্রৈর্নানাসত্ত্বৈশ্চ[14] সেবিতান্ ॥ ৫ ॥

১। লো-টী। পাদপৈঃ সম্যগ্ বাধা গমনপীড়া যস্য তম্।

অনন্তর বানরগণ পাদপসঙ্কুল এবং বহুপর্ব্বতসমাকীর্ণ বিন্ধ্যপর্ব্বতে আসিয়া আরোহণ করিল ॥ ১ ॥

রামচন্দ্র বিন্ধ্য এবং মলয়পর্ব্বতের রমণীয় বন, নদী ও প্রস্রবণসমূহ দেখিতে দেখিতে গমন করিতে লাগিলেন ॥ ২ ॥

বানরসকল চন্দন, তিলক, আম্র, অশোক, সিন্ধুবার, করবীর ও তিমীর বৃক্ষসমূহে আরোহণ করিতে লাগিল ॥ ৩ ॥

মধুর-স্বরবিশিষ্ট রমণীয় পক্ষিগণ এবং অন্যান্য প্রাণিগণ কর্ত্তৃক আশ্রিত কর্ণিকার, কুরুবক, চম্পক, অতিমুক্তক, কদম্ব, নীপ, কেশর, উদ্দালক, নট, শাল,

১। থ '-সংবাপং'। ২। ঘ 'শৈল-'। ৩। ছ '-কুলম্'। ৪। ছ-ত-থ 'বিন্ধ্যং প-'। ৫। ত 'নদীপ্র-'। ৬। ঘ-ছ '-স্তালা-'। ৭। ছ-ত '-স্তমালাংশ্চ'। ৮। ঘ-চ 'বহুশুস্তে'। ৯। ছ 'ধবান্', ত-থ 'বটান্'। ১০। ক 'সালা-'। ১১। ঘ-ত '-লান্ পিয়া-'। ১২। ঘ-ছ 'কদলী-', ত-দ 'চন্দনাংশ্চ'। ১৩। থ '-লোধ্রাংশ্চ'। ১৪। ঘ '-শবৈশ্চ'।

ফলান্যমৃতকল্পানি মূলানি চ লতাস্তথা।[1]
বভঞ্জুর্ব্বানরাস্তত্র পাদপাংশ্চ বলোৎকটাঃ॥ ৬ ॥[2]

পশ্যন্তশ্চারুরূপাণি যযুঃ শীঘ্রমরিন্দমাঃ।
দ্রোণমাত্রপ্রমাণানি লম্বমানানি বানরাঃ।
যযুঃ পিবন্তঃ স্বাদূনি মধূনি মধুপিঙ্গলাঃ॥ ৭ ॥

পাদপানবভঞ্জন্তো[3] বিকর্ষন্তস্তথা লতাঃ।
বিধমন্তো গিরিবরান্ প্রযযুঃ প্লবগর্ষভাঃ[4]॥ ৮ ॥

বৃক্ষানেকত্র কপয়ো নর্দ্দন্তো[5] মধুদর্পিতাঃ।
অন্যস্মিন্ নিপতন্তি স্ম প্রপতন্ত্যপি[6] চাপরে॥ ৯ ॥

১। লো-টী। বিধমন্তো বৃক্ষানিতি সম্বন্ধ ইতি সর্ব্বজ্ঞঃ। একত্রেতি পারণাম্বয়ঃ। অন্যে অন্যস্মিন্ পর্ব্বতে।

তাল, তমাল, লবঙ্গ বৃক্ষসমূহ এবং অমৃতকল্প ফল-মূল ও লতাসমূহ বলগর্ব্বিত বানরগণ ভগ্ন করিতে লাগিল॥ ৪ ৬ ॥

মধুর ন্যায় পিঙ্গল-বর্ণবিশিষ্ট শত্রুবিজয়ী বানরগণ (বনের) মনোহর সৌন্দর্য্য দর্শন করিতে করিতে দ্রোণপ্রমাণ লম্বমান মধুচক্রের সুস্বাদু মধু পান করিতে করিতে গমন করিতে লাগিল॥ ৭ ॥

প্রধান বানরগণ, বৃক্ষসমূহ ভগ্ন করিতে করিতে, লতাসমূহ আকর্ষণ করিতে করিতে এবং বিশাল পর্ব্বতসমূহ কম্পিত করিতে করিতে চলিতে লাগিল॥ ৮ ॥

মধুপানে উন্মত্ত বানরগণ কোন পর্ব্বতের বৃক্ষে আরোহণ করিয়া শব্দ করিতে করিতে অন্য পর্ব্বতে পতিত হইতে এবং সেই স্থান হইতে পুনরায় অন্য পর্ব্বতে পতিত হইতেছিল॥ ৯ ॥

১। দ 'ফলানি চ'। ২। প 'বলোদ্ধতাঃ'। ৩। ড '-নপ ভ-', প '-পান্ বহু ভ-', দ '-পাংশ্চাবভঞ্জন্তো'। ৪। দ 'বানরর্ষভাঃ'। ৫। ড 'মর্দ্দন্তো', প 'নদন্তো'। ৬। ছ-ড-প 'প্রপতন্তে তথা', দ 'প্রপতন্তে তথা'।

বভূব বসুধা তৈস্তু সংপূর্ণা মধুপিঙ্গলৈঃ।
যথা কলমকেদারৈঃ পরিপক্কৈর্ব্বসুন্ধরা ॥ ১০ ॥

মহেন্দ্রমথ সংপ্রাপ্য রামো রাজীবলোচনঃ।
অধ্যারোহন্মহাবাহুঃ শিখরাগ্রং সুপুষ্পিতম্ ॥ ১১ ॥

স তচ্ছিখরমাসাদ্য[৬][১] রামো[২] দশরথাত্মজঃ।[১]
কূর্ম্মমীনসমাকীর্ণ[৩]মপশ্যদ্[৪]বরুণালয়ম্ ॥ ১২ ॥

তে বিন্ধ্যং সমতিক্রম্য মলয়ঞ্চ মহাগিরিম্।
আসেদুরানুপূর্ব্বেণ[৫] সমুদ্রং ভীমনিস্বনম্[৬] ॥ ১৩ ॥

অবরুহ্য[৭] জগামাশু বেলাবনমনুত্তমম্।
রামো রময়তাং শ্রেষ্ঠঃ সুগ্রীবশ্চ সলক্ষ্মণঃ[৮] ॥ ১৪ ॥

১০। লো-টী। কলমা ব্রীহিবিশেষাঃ, তৎকেদারৈঃ তৎক্ষেত্রৈঃ।

১১-১৩। লো-টী। আসেদুঃ সহ তস্য নিকটে আসন্নাঃ। বেলাবনং তীরস্থং বনমনুত্তমম্ অত্যুত্তমম্।

মধুর ন্যায় পিঙ্গলবর্ণবিশিষ্ট সেই বানরগণকর্তৃক পৃথিবী পরিপক্ক ধান্যক্ষেত্রে পরিপূর্ণ বসুধার ন্যায় আচ্ছাদিত হইয়াছিল ॥ ১০ ॥

আজানুলম্বিতবাহু রাজীবলোচন রাম মহেন্দ্রপর্ব্বতে আসিয়া তাহার সুন্দর পুষ্পশোভিত শিখরের অগ্রভাগে আরোহণ করিলেন ॥ ১১ ॥

সেই দশরথনন্দন রামচন্দ্র পূর্ব্বোক্ত শিখরদেশে উপস্থিত হইয়া কচ্ছপ এবং মৎস্যপরিপূর্ণ বরুণালয় সমুদ্র দেখিতে পাইলেন ॥ ১২ ॥

তাঁহারা মহাগিরি বিন্ধ্য এবং মলয় অতিক্রম করিয়া ভীষণ-গর্জ্জনকারী সমুদ্রের নিকটে যথাক্রমে উপবেশন করিলেন ॥ ১৩ ॥

সুন্দর-শ্রেষ্ঠ রাম এবং লক্ষ্মণের সহিত সুগ্রীব অত্যুত্তম তীরস্থিত বনের উচ্চস্থান হইতে অধোভাগে অবতরণ করিয়া শীঘ্র চলিতে আরম্ভ করিলেন ॥ ১৪ ॥

১। দ '-মাদায়'। ২। ঘ 'রাঘবো লক্ষ্মণাগ্রজঃ'। ৩। ছ-থ '-পণা-'। ৪। ঘ '-মকরা-'। ৫। দ '-রূপ পূর্ব্বেণ'। ৬। ঝ 'গোরনিঃ'। ৭। ত 'অবগাহ্য'। ৮। ত 'সহগ্রীবঃ সলক্ষ্মণঃ'।

অথ ধৌতামলশিলাং তোয়ৌঘসমভিপ্লুতাম্ ।
বেলামাসাদ্য বিপুলাং রামো[১] বচনমব্রবীৎ ॥ ১৫ ॥
এতে বয়মনুপ্রাপ্তাঃ সুগ্রীব লবণোদধিম্[২] ।
সন্তারশ্চিন্ত্যতামত্র[৩] পূর্ব্বং যঃ প্রসমীক্ষিতঃ[৪] ॥ ১৬ ॥
ততঃ[৫] পরমগাধোঽয়ং সাগরঃ সরিতাং পতিঃ[৬] ।
ন চায়মনুপায়েন তরিতুং শক্যতেঽর্ণবঃ ॥ ১৭ ॥
নিবেশমিহ কৃত্বা তু মন্ত্রয়ধ্বং হিতং মম ।
যথেদং বানরবলং[৭] পরং পারমবাপ্নুয়াৎ ॥ ১৮ ॥
এবমুক্ত্বা[৮] মহাভাগঃ সীতাহরণকর্ষিতঃ ।
রামঃ সাগরমাসাদ্য বাসমাজ্ঞাপয়ত্তদা ॥ ১৯ ॥

১৫। লো-টী। ধৌতা প্রক্ষষ্টা অমলা শিলা যত্র তাং বেলাম্। 'ধৌতাং মনঃশিলা'মিতি পাঠে মনঃশিলাং বেলাং ৫।

১৬। লো-টী। প্রসমর্থিতঃ কর্ত্তুং যোগ্যঃ। 'প্রসমীক্ষিত' ইতি বা কাচিৎকঃ পাঠঃ।

অনন্তর রামচন্দ্র উজ্জ্বল এবং নির্ম্মল প্রস্তরখণ্ড-পরিবেষ্টিত জলের তরঙ্গে প্লাবিত বিশাল বেলাভূমিতে উপস্থিত হইয়া বলিতে লাগিলেন— ॥ ১৫ ॥

হে সুগ্রীব, আমরা লবণসমুদ্রে উপস্থিত হইয়াছি ; আমাদের পূর্ব্বালোচিত সমুদ্রের সন্তরণ-বিষয় চিন্তা কর ॥ ১৬ ॥

কোন উপায় ব্যতিরেকে এই অগাধ নদীপতি সমুদ্র উত্তীর্ণ হইতে সমর্থ হইব না ॥ ১৭ ॥

এই স্থানে শিবির স্থাপনপূর্ব্বক আমার হিতকর বিষয় মন্ত্রণা কর, যাহাতে এই বানরসৈন্য সমুদ্রের পরপারে গমন করিতে সমর্থ হয় ॥ ১৮ ॥

সীতাহরণ-জন্য দুঃখিত মহাত্মা রামচন্দ্র এইরূপ বলিয়া সাগরসমীপে আসিয়া সেইস্থানে কপিসৈন্যদিগকে বাস করিতে আদেশ দিলেন ॥ ১৯ ॥

১। খ '-মঃ সুগ্রীব-'। ২। ঘ-ছ '-পার্থিব'। ৩। ক-গ '-মত্র'। ৪। ছ 'পরিচিন্তিতঃ', ঙ 'প্রসমীক্ষতঃ', ঘ 'স সমর্থিতঃ'। ৫। ক-খ-গ 'অয়ং'। ৬। খ 'বিধিঃ'। ৭। খ '-মত্র তীর-'। ৮। খ '-স্থাসৌ'।

সর্ব্বাঃ সেনা নিবেশ্যন্তাং বেলায়াং হরিপুঙ্গবাঃ।
সম্প্রাপ্তো মন্ত্রকালো[১] নঃ সাগরস্যেহ[২] লঙ্ঘনে ॥ ২০ ॥

স্বাং স্বাং সেনাং সমুৎসৃজ্য মা চ কশ্চিৎ কুতশ্চন।
গচ্ছেয়ুর্ব্বানরাঃ[৩] শূরা[৪] জ্ঞেয়ং[৫] ছন্নভয়ং[৬] বনম্ ॥ ২১ ॥

রামস্য তদ্বচঃ শ্রুত্বা সুগ্রীবঃ সহলক্ষ্মণঃ।
ন্যবেশয়দ্বলং তীরে সাগরস্য দ্রুমাযুতে[৭] ॥ ২২ ॥

গিরিরাজসমীপস্থং হরীণাং তদ্বলং বভৌ।
মধুপাণ্ডুজলঃ শ্রীমান্ দ্বিতীয় ইব সাগরঃ ॥ ২৩ ॥

বেলাবনমুপাগম্য ততস্তে হরিযূথপাঃ[৮]।
সন্নিবিষ্টাঃ পরং পারং কাঙ্ক্ষমাণা মহোদধেঃ ॥ ২৪ ॥

২১। লো-টী। ছন্নভয়ম্ অস্পষ্টভয়ম্।

[গো টী।] 'সাবুতৈ' ইতি পাঠে কচিৎ দ্রুতং তু তদিতি।

২৩। লো-টী। মধু মধুরং পাণ্ডু শুক্লং জলং যস্য সঃ দ্বিতীয়ঃ ক্ষীরসমুদ্র ইব। বানরপক্ষে মধুরমীষল্লোহিতং পাণ্ডু শুক্লঞ্চ জলং জড়ং শরীরলোম শরীরং বা যস্য সঃ। 'জলং গোকলনে ক্লীবে [নীরে] ত্রৈবাচ্যবজ্জড়ে' ইতি ভূরিঃ। জলশব্দস্য সর্ব্বাচেতনবাচকত্বাৎ লোম্নি ন লক্ষণা। 'পাণ্ডুর্না নৃপতৌ সিতে' ইতি কোষঃ। সাগরস্য শরীরং জলম্ অতস্তত্রাপি শরীরাত্মকত্বাদ্বানরস্য বিলক্ষণসাগরত্বম্।

হে বানরপুঙ্গবগণ, সমস্ত সৈন্য এই সমুদ্রতীরে সন্নিবেশিত কর। সমুদ্র-লঙ্ঘন-বিষয়ে আমাদের মন্ত্রণা করিবার সময় উপস্থিত হইয়াছে ॥ ২০ ॥

হে বীর বানরগণ, তোমরা স্বীয় স্বীয় সৈন্য পরিত্যাগ করিয়া কোথাও কেহ গমন করিও না ; কারণ, এই বন অলক্ষিতভাবে ভয়জনক ॥ ২১ ॥

লক্ষ্মণের সহিত সুগ্রীব রামের সেই বাক্য শ্রবণ করিয়া বৃক্ষপরিপূর্ণ সমুদ্র-তীরে সৈন্য স্থাপন করিলেন ॥ ২২ ॥

পর্ব্বতসমীপস্থ সেই বানরসেনা পাণ্ডুবর্ণ মধুর-জলযুক্ত শোভাময় দ্বিতীয় ক্ষীরসমুদ্রের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ২৩ ॥

অনন্তর সমুদ্রের পরপারে গমনোৎসুক বানরদলপতিগণ সমুদ্রতীরস্থ বনে গমন করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ২৪ ॥

১। খ মন্ত্রকা-'। ২। ভ '-স্যেব', ঘ '-স্য বন-'। ৩। ক 'গচ্ছেত বা-', খ 'গচ্ছেচ্ছ'। ৪। খ '-রঃ শূরো'। ৫। ছ 'ছন্নং জ্ঞেয়ং হি নঃ', খ 'ছন্নং ভয়ং'। ৬। ভ খ 'যতঃ'। ৭। ঘ 'দ্রুমাবৃতে', ছ 'দ্রুমান্বিতে'। ৮। ঘ '-পুঙ্গবাঃ'।

সা বানরাণাং ধ্বজিনী সুগ্রীবেণাভিপালিতা।
ত্রিধা নিবিষ্টা মহতী রামস্যার্থপরাঽভবৎ[1] ॥ ২৫ ॥
সা মহার্ণবমাসাদ্য হৃষ্টা বানরবাহিনী।
বায়ুবেগসমুদ্ভূতং প্রেক্ষমাণা মহার্ণবম্ ॥ ২৬ ॥
দূরপারমসংবাধং যাদোগণনিষেবিতম্।
আসাদ্য[2] বরুণাবাসং নিষেদুর্হরিযূথপাঃ[3] ॥ ২৭ ॥
চণ্ডনক্রগ্রহং ঘোরং ক্ষরন্তং[4] রজনীক্ষয়ে[5]।
চন্দ্রোদয়সমুদ্ভূতং প্রতিচন্দ্রসমাকুলম্[6] ॥ ২৮ ॥
চণ্ডবেগং মহাবর্ত্তমন্তঃপংক্তিবিহারিভিঃ[7]।
দীপ্তভোগৈঃ সমাকীর্ণং ভুজঙ্গৈর্ভুজগালয়ম্ ॥ ২৯ ॥

২৫। লো-টী। রামস্যার্থে প্রয়োজনেঽভবৎ। পরা প্রকৃষ্টা। 'রামস্যার্থে পরাঽভবা'দিতি পাঠে রামস্যার্থে ত্রিধা নিবিষ্টা পরাভবাৎ রক্ষসাং পরাভবাৎ। সা মহার্ণবমাসাদ্য হৃষ্টা ইত্যেকং বাক্যম্।

২৬-২৭। লো-টী। ততঃ মহার্ণবং বরুণাবাসমাসাদ্য প্রেক্ষমাণা হরিযূথপা নিষেদুরিতি সার্দ্ধেনান্বয়ঃ। অসম্বাধং ন বিদ্যতে সম্বাধঃ সঙ্কটং যস্মাৎ।

২৮-৩০। লো-টী। মহার্ণবং বিশিনষ্টি—চণ্ডেতি ত্রিভিঃ। চণ্ডাঃ নক্রা গম্ভীরা গ্রাহাশ্চ তিমিঙ্গিলাদয়ো যস্মিন্ তম্। ক্ষরন্তং স্যন্দমানমিতি সর্ব্বজ্ঞঃ। প্রবহন্তমিত্যর্থঃ। রজনীক্ষয়ে উষঃকালে, চন্দ্রোদয়সমুদ্ভূতমিতি সহজোক্তিঃ। প্রতিচন্দ্রং চন্দ্রপ্রতিবিম্বমিতি সর্ব্বজ্ঞঃ। মহান্ত আবর্ত্তা অম্ভসাং ভ্রমা যত্র তম্। অন্তঃ পংক্তিবিহারিভিঃ অন্তর্মধ্যে পংক্ত্যা পংক্তিরূপেণ

সুগ্রীবকর্ত্তৃক পরিচালিত ত্রিধা বিভক্ত সেই বিশাল বানরসৈন্য রামের প্রয়োজন-সাধনে তৎপর হইয়াছিল ॥ ২৫ ॥

সেই বানরসৈন্যগণ মহাসমুদ্রে আসিয়া প্রচণ্ড-বায়ুবেগে তরঙ্গায়িত (সমুদ্ভূত) সমুদ্রের অবস্থা দেখিয়া আনন্দিত হইল ॥ ২৬ ॥

বানরদলপতিগণ পারবিহীন এবং বাধাবিহীন জলজন্তুগণে পরিপূর্ণ, প্রচণ্ড হাঙ্গর ও তিমিঙ্গিল-পরিপূর্ণ, প্রাতঃকালে জলস্রাবী, চন্দ্রোদয়ে বৃদ্ধিশালী

১। ক-খ '-স্যার্থে প-'। ২। ক 'পশ্যন্তো'। ৩। ঘ '-পুঙ্গবাঃ'। ৪। ঘ ঙ 'চরন্তং', খ 'বসন্তং'। ৫। ক 'দিবস-'। ৬। ঘ '-বৃহৎ'। ৭। চ-ছ-জ '-বর্ত্তং মনঃপক্ষি-'।

অবগাঢ়ং মহাসত্ত্বৈর্নানাগ্রাহ[১]সমাকুলম্[২]।
দুর্গং দুর্গমমার্গস্তমগাধমসুরালয়ম্[৩][৪] ॥ ৩০ ॥

মকরৈর্নাগভোগৈশ্চ[৫] বিগাঢ়া[৬] বাতলোড়িতাঃ[৭]।
উৎপেতুশ্চ[৮] নিপেতুশ্চ প্রবৃদ্ধা জলরাশয়ঃ ॥ ৩১ ॥

অগ্নিপূর্ণমিবাবিদ্ধং ভাস্বরাম্বু[৯] মহোরগম্।
সুরারিবিষয়ং[১০] ঘোরং পাতালবিষয়ং[১১] সদা[১২] ॥ ৩২ ॥


মহাতেজস্বী শূলপাণি মহাদেব অভ্যর্থিত হইয়া সত্বর বৃষ হইতে অবতরণ করত পূজনীয় কুবেরের সভায় প্রবেশ করিলেন ॥ ৮ ॥

সমৃদ্ধিসম্পন্ন সহায়বান্ বৈশ্রবণ নিজেই বৃষধ্বজের সহিত পরস্পর আলিঙ্গন করিয়া উভয়েই উপবেশন করিলেন ॥ ৯ ॥

১। ছ 'অথাজগাম'। ২। ছ 'সংপ্রাপ্তো'। ৩। ছ 'গৌর্য্যা সহ মহাদেবো'। ৪। ছ '-স্তু'। ৫। ছ '-শূলবিভুঃ'। ৬। ছ '-স্ত'। ৭। ছ 'সহোপ-'।

সভায়াং তত্র তৌ দেবৌ তে চ দেবা যথাক্রমম্।
উপবিষ্টা গণাশ্চৈব যক্ষাশ্চ সহ গুহ্যকৈঃ ॥ ১০ ॥

অক্ষদ্যূতং ততস্তাভ্যাং প্রবৃত্তং সমনন্তরম্।
এতস্মিন্নন্তরে তত্র রাক্ষসেন্দ্রং বিভীষণম্ ॥ ১১ ॥

দৃষ্ট্বা পৌলস্ত্যমায়ান্তং শিবঃ প্রাহ ধনেশ্বরম্।
অয়ং বিভীষণঃ প্রাপ্তঃ শরণং তব পার্থিব ॥ ১২ ॥

মন্যুনাভিপ্লুতো বীরো রাক্ষসেন্দ্রবিমানিতঃ।
সিংহাসনস্য ভঙ্গেন সিংহাসনরণেন[১] চ ॥ ১৩ ॥

পরুষাণাঞ্চ[২] বাক্যানাং তস্মিন্ বুদ্ধ্যা রণেন চ।
ইহ প্রাপ্তস্তব হ্যেন বস্তুং কৃতমতিস্ত্বয়ি ॥ ১৪ ॥

১১। লো টী। ততস্তত্র সমনন্তরং পাঠঃ।

১৩-১৪। লো-টী। সিংহাসনস্যে'ত সিংহাসনপদং রাজ্যোপলক্ষকম্। অস্মিন্ রাবণে রাজ্যভঙ্গযোগেন তথা সিংহাসনচরেণ চরো ভৌমঃ, রাজ্যে মঙ্গলপীড়য়া চ। 'চরোঽক্ষদ্যূতভেদে চ ভৌমে চারে এসে চরে' ইতি কোষঃ। তথা পরুষাণাং রণেন কণেন কথনেনেত্যর্থঃ। 'রণঃ কোণে কণে পুংসি সমরে পুংনপুংসকমি'তি কোষঃ। বুদ্ধ্যা চ বিপরীতয়েতি শেষঃ। তব ইহ নিকটে প্রাপ্ত ইতি সাক্ষেনান্বয়ঃ।

সেই সভায় বৃষভধ্বজ (মহাদেব) ও বৈশ্রবণ (কুবের) এই দেবতাদ্বয় এবং অন্যান্য দেবগণ, প্রমথগণ ও গুহ্যকগণের সহিত যক্ষগণ সকলেই যথাক্রমে উপবেশন করিলেন ॥ ১০ ॥

অনন্তর তাঁহারা দুইজনে অক্ষক্রীড়া আরম্ভ করিলেন ; ইতিমধ্যে সেই স্থানে পুলস্ত্যনন্দন রাক্ষসশ্রেষ্ঠ বিভীষণকে আসিতে দেখিয়া মহাদেব ধনেশ্বর কুবেরকে বলিলেন—রাজন্, এই বিভীষণ আপনার শরণাপন্ন হইয়াছে ॥ ১১-১২ ॥

রাবণকর্তৃক অপমানিত হইয়া ক্রোধে অধীর এই বীর রাজ্য নষ্ট হওয়ায় বুদ্ধিপূর্ব্বক যুদ্ধদ্বারা সিংহাসনপ্রাপ্তির নিমিত্ত এবং নিষ্ঠুর বাক্যের প্রতিশোধ লইবার নিমিত্ত আপনার নিকট বাস করিবার অভিপ্রায়ে এইস্থানে আসিয়াছে ॥ ১৩-১৪ ॥

১। ছ '-সমুৎসুকঃ'। ২। ছ '-সুভাষণেন চ'।

সর্ব্বথা হ্যেষ দুর্দ্ধর্ষঃ[১] ক্ষিপ্রমদ্যৈব বীর্য্যবান্।
রামাভ্যাসং মহাবীর্য্যো গচ্ছতাং[২] তব শাসনাৎ ॥ ১৫ ॥

ততো যাতং নরব্যাঘ্রঃ স রামঃ শত্রুতাপনঃ[৩]।
অভিষেক্ষ্যতি রাজ্যেন[৪] রাক্ষসানাং বিভীষণম্ ॥ ১৬ ॥

সখ্যে চৈব তদা রামঃ সুগ্রীবশ্চ তথা কপিঃ।
বরয়িষ্যতি দুর্দ্ধর্ষো[৫] রণে বীরং বিভীষণম্ ॥ ১৭ ॥

ততস্তু সঙ্গতা হ্যেতে দীপ্তাস্ত্রয় ইবাগ্নয়ঃ।
লোককার্য্যং করিষ্যন্তি শিবং হি বিবুধৈঃ সহ ॥ ১৮ ॥

সবিদ্যুতো[৬] বিপ্রগণৈরভিষ্ট্[৭]তা বহন্তি যজ্ঞং সুরভূতয়ে শুভম্।
সুসংস্কৃতং হব্যবহাঃ ক্রতৌ হুতং[৮] তথা ত্রয়ো রামবিভীষণাদয়ঃ ॥ ১৯ ॥

১৫। লো-টী। রামাভ্যাসং রামসমীপং গচ্ছতামিত্যাত্মনেপদমার্ষম্।

১৮। লো-টী। বিবুধৈঃ বিবুধপুত্রৈঃ কপিভিঃ।

১৯। লো-টী। ইজ্যতেহনেনেতি যজ্ঞো হবিঃ। বিপ্রগণৈঃ সুসংস্কৃতং সুষ্ঠু সম্পাদিতং ক্রতৌ হুতং সুরবিভূতয়ে সুরৈশ্বর্য্যায়। সবিদ্যুতঃ বিশেষেণ দ্যোতত ইতি বিদ্যুৎ সূর্য্যস্তৎসহিতাঃ। 'অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে' ইতি বচনাৎ প্রমো (?) হব্যবহো গার্হপত্যাদয়ো যথা ত্রয়স্তথা লোককার্য্যং বক্ষ্যন্তীত্যর্থঃ।

সর্ব্বপ্রকারে দুর্দ্ধর্ষ পরাক্রমশালী এই বিভীষণ আপনার আদেশে অদ্যই রামের নিকটে গমন করুক ॥ ১৫ ॥

অনন্তর শত্রুপীড়নকারী নরশ্রেষ্ঠ সেই রাম এই বিভীষণকে রাক্ষসদিগের রাজত্বে অভিষিক্ত করিবেন ॥ ১৬ ॥

তখন যুদ্ধে দুর্দ্ধর্ষ রাম ও সুগ্রীব বীর বিভীষণকে বন্ধুত্বে বরণ করিবেন ॥ ১৭ ॥

অনন্তর ইহারা প্রজ্বলিত অগ্নিত্রয়ের ন্যায় মিলিত হইয়া দেবপুত্র বানরদিগের সহিত জগতের মঙ্গলজনক কর্ম্ম সম্পাদন করিবেন ॥ ১৮ ॥

ব্রাহ্মণগণের দ্বারা স্তুত গার্হপত্যপ্রভৃতি অগ্নিত্রয় যেরূপ সূর্য্যের সহিত দেবতাদিগের সমৃদ্ধির জন্য মঙ্গলজনক সুসংস্কৃত যজ্ঞে প্রদত্ত হবিঃ বহন করেন, এই রাম, বিভীষণ এবং সুগ্রীবও সেইরূপ লোককার্য্য নির্ব্বাহিত করিবেন ॥ ১৯ ॥

১। ছ 'দুর্দ্ধর্ষঃ'। ২। ক '-তাং'। ৩। ছ '-পনম্'। ৪। ছ 'রাজানং'। ৫। ছ 'রামো'। ৬। ছ 'সমেধিতা'। ৭। ছ 'পুরু-'। ৮। ছ 'হুতাঃ'।

কপিপ্রবীরশ্চ[১] সুসংহতো[২] বলী বিভীষণেনানুগতো[৩] মহাত্মা[৪]।
মহদ্ধি লোকে হ্যসুরামরে যথা[৫] তথা হ্যয়ং[৬] কর্ম্ম করিষ্যতেঽনঘ ॥ ২০ ॥

এবং সংজল্পতস্তত্র সংপ্রাপ্তশ্চ বিভীষণঃ।
জানুভ্যাং[৭] পতিতো গত্বা শিরসা হ্যবনীং গতঃ ॥ ২১ ॥

তং প্রাহ শঙ্করঃ শ্রীমান্ স চ বৈশ্রবণঃ প্রভুঃ।
উত্তিষ্ঠোত্তিষ্ঠ ভদ্রং তে মা মন্যুং কুরু রাক্ষস।
শ্রিয়ং প্রাপ্নুহি দুর্দ্ধর্ষ দশগ্রীবাদনন্তরম্ ॥ ২২ ॥

গচ্ছ সৌম্য গুণারামো রামো যত্র মহাভুজঃ।
সুগ্রীবো বানরশ্চৈব লক্ষ্মণশ্চ প্রতাপবান্ ॥ ২৩ ॥

২০। লো-টী। অয়ং কপিপ্রবীরঃ যথা তথা যেন তেন প্রকারেণ।
২২। লো-টী। মন্যুং দৈন্যম্।
[লো-টী।] সমাসত সমাপ্ত স্বীয়তাদিতার্থঃ।

এই সুসংবদ্ধ বানরপুঙ্গব বলবান্ মহাত্মা সুগ্রীব বিভীষণের সহিত মিলিত হইয়া দেবতা এবং অসুরের ন্যায় জগতে মহৎ কর্ম্ম সাধন করিবে ॥ ২০ ॥

এই কথা বলিতে বলিতে বিভীষণ সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন এবং জানুদ্বয় ভূতলে পাতিত করিয়া ভূমি স্পর্শ করত মস্তক অবনত করিলেন ॥ ২১ ॥

ভগবান্ শঙ্কর এবং সেই প্রভু বৈশ্রবণ তাঁহাকে বলিলেন—হে রাক্ষস, তুমি উত্থিত হও, দুঃখ করিও না, তোমার মঙ্গল হইবে। হে দুর্দ্ধর্ষ বিভীষণ, তুমি শীঘ্রই রাবণের পর রাজ্যলক্ষ্মী লাভ করিবে ॥ ২২ ॥

হে সৌম্য, যে স্থানে গুণগ্রাহী মহাবাহু রামচন্দ্র, বানরশ্রেষ্ঠ সুগ্রীব এবং প্রতাপশালী লক্ষ্মণ অবস্থান করিতেছেন, তুমি সেই স্থানে গমন কর ॥ ২৩ ॥

১। ছ '-রস্ত'। ২। ছ 'সুসমাগতো'। ৩। ছ '-নাভি-'। ৪। ছ '-ত্মনা'। ৫। ছ '-হ্যসুরামরেষ্বপি'। ৬। ছ 'হি তৎ'। ৭। ছ '-ভ্যাং'।

ইতো গতং মহাতেজা রামঃ শস্ত্রভৃতাং বরঃ।
অভিষেক্ষ্যতি রাজ্যেন লঙ্কায়াং শক্রঘাতিনম্ ॥ ২৪ ॥

রাবণঞ্চ রণে রামঃ সগণং পুরুষর্ষভঃ।
নিহনিষ্যতি ধর্ম্মাত্মা প্রসহ্য রণমূর্দ্ধনি ॥ ২৫ ॥

তং নিহত্য মহাবাহুঃ সীতামাদায় শক্রহা।
স্বপুরীং যাস্যতে ধীমান্ সহ সৌমিত্রিণা প্রভুঃ ॥ ২৬ ॥

লঙ্কায়ামীশ্বরঞ্চৈব ভবন্তং বিবুধোপমম্।
স্থাপয়িষ্যতি ধর্ম্মাত্মা ন চিরায় মহাযশাঃ ॥ ২৭ ॥

ততো বৈশ্রবণো রাজা পৌলস্ত্যকুলনন্দনম্।
বিভীষণং রাক্ষসেন্দ্রং তত্র প্রাহ মহাদ্যুতিঃ ॥ ২৮ ॥

ত্বং রাজা সর্ব্বথা বীর লঙ্কায়াং প্রস্থিতস্তদা[১]।
ভবিষ্যস্যচিরাদেব দৃষ্টমেতৎ[২] পুরাতনম্ ॥ ২৯ ॥

বীরশ্রেষ্ঠ মহাতেজস্বী রাম এই স্থান হইতে গমন করিলে তোমাকে লঙ্কার রাজত্বে অভিষিক্ত করিবেন ॥ ২৪ ॥

পুরুষশ্রেষ্ঠ ধর্ম্মাত্মা রামচন্দ্র শক্রঘাতী রাবণকে যুদ্ধক্ষেত্রে বলপূর্ব্বক দলবলে নিহত করিবেন ॥ ২৫ ॥

শক্রবধকারী মহাবাহু প্রভু রামচন্দ্র রাবণকে নিহত করিয়া সীতাকে গ্রহণ করত লক্ষ্মণের সহিত স্বীয় পুরীতে (অযোধ্যায়) গমন করিবেন ॥ ২৬ ॥

ধর্ম্মাত্মা যশস্বী রামচন্দ্র অচিরেই দেবোপম তোমাকে লঙ্কায় প্রভুরূপে স্থাপিত করিবেন ॥ ২৭ ॥

অনন্তর দীপ্তিমান্ রাজা বৈশ্রবণ, পৌলস্ত্যকুলনন্দন রাক্ষসশ্রেষ্ঠ বিভীষণকে বলিলেন— ॥ ২৮ ॥

হে বীর, তুমি লঙ্কায় প্রস্থান করিয়া অচিরেই রাজা হইবে, ইহা আমি পূর্ব্বেই জানিয়াছি ॥ ২৯ ॥

১। ছ '-স্তথা'। ২। অতঃ পরং ছ-পুস্তকে 'প্রথিতঃ সর্ব্বথা বৎস ভবিষ্যসি যুগে যুগে। অনাগতং ত্বয়া বীর দর্শিতেন মহাত্মনা।' ইত্যধিকম্।

স ত্বং ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠং[1] ক্ষিপ্রমদ্যৈব রাঘবম্।

ভবায় সর্ব্বভূতানামভবায় চ রক্ষসাম্।

উপগচ্ছ নরব্যাঘ্রমাত্মনশ্চ বিভূতয়ে ॥ ৩০ ॥

ত্বং[2] রামসহিতঃ ক্ষিপ্রং কুরু কার্য্যং দিবৌকসাম্।

ঋষীণাঞ্চ মহাভাগ যে চান্যে ধর্ম্মমাশ্রিতাঃ ॥ ৩১ ॥

অধর্ম্মশীলং নিরপত্রপং যথা নিরঙ্কুশং বৈরমদানুগামিনম্[3]।

তপশ্চরাণাং মৃদুসৌম্যশীলিনাং সদা বিরুদ্ধং জহি রাবণং তথা ॥ ৩২ ॥

মহাধ্বরে সোমবিঘাতনে যথা তথা চ চারাদিবিঘাতনে রতম্।

দশাননং পাপরতং যথা স্থিতং প্রিয়েঽনুজে দেবগণে চ নিত্যম্ ॥ ৩৩ ॥

৩২। লো-টী। যথা তথেতি সম্বন্ধঃ, যেন তেন প্রকারেণ বীর এব বৈরঃ বীরোঽহমিতি যো মদস্তেন অভীক্ষ্ণমনুগচ্ছতীতি তম্।

৩৩। লো-টী। দশাননং জহীতি পূর্ব্বক্রিয়াম্বয়ঃ। কিম্ভূতং ? যথা সোমং যাগবিশেষং বিলোপয়তীতি সোমবিলোপনং তথা। ন-শব্দো তুল্যার্থে ন নিষেধোপমযোর্বিশেষার্থতুল্যার্থয়োরিতি কোষঃ। অত্যর্থং দেবাদীনাং বিঘাতা নবতি (?) যস্ত তম্, অলুক্‌সমাসঃ। 'রত'মিত্যপি পাঠঃ কচিৎ। প্রিয়ে অনুজে দেবগণে দেবানাং গণে চ নিত্যং পাপরতং পাপবুদ্ধিম্। যথা যথাবদ স্থিতমস্থিরচিত্তম্।

তুমি অদ্যই সমস্ত প্রাণীর কল্যাণের নিমিত্ত এবং রাক্ষসদিগের বিনাশের নিমিত্ত ও নিজের ঐশ্বর্য্য লাভের নিমিত্ত সত্বর ধার্ম্মিকপ্রবর নরশ্রেষ্ঠ রামচন্দ্রের সমীপে গমন কর ॥ ৩০ ॥

হে মহাভাগ বিভীষণ, তুমি শীঘ্র রামের সহিত দেবতাদিগের, ঋষিদিগের এবং অন্যান্য ধার্ম্মিকদিগের কার্য্য সম্পাদন কর ॥ ৩১ ॥

শান্ত এবং সৌম্য-চরিত্র তপস্বীদের সর্ব্বদা প্রতিকূল রাবণকে অধার্ম্মিক নির্লজ্জ উচ্ছৃঙ্খল বীরত্বাভিমানী ব্যক্তির পক্ষে যাহা উচিত তদনুসারে বধ কর ॥ ৩২ ॥

মহাযজ্ঞে সোমরস নষ্ট-করণের ন্যায় চর প্রভৃতিকে বিনাশ করিতে প্রবৃত্ত, প্রিয় অনুজ ও দেবগণের প্রতি সর্ব্বদা অন্যায়াচরণে রত দশাননকে বিনাশ কর ॥ ৩৩ ॥

১। হ 'শ্রেষ্ঠ'। ২। হ '-ত্বম'। ৩। হ 'বৈর-'।

তথা বিমার্গে তু যথা স্থিতং ধ্রুবং ন সৎপথং দূরত এব বর্জ্জয়েৎ।
১
দশাননং বর্জ্জয়তস্তবানঘ যশশ্চ তে নিত্যসুখানি যানি নঃ ॥ ৩৪ ॥

শ্রুত্বৈতদ্বচনং ধীমানগ্রজস্য মুখাচ্চ্যুতম্।
অধোমুখো ধ্যানপরো হ্যতিষ্ঠৎ স বিভীষণঃ ॥ ৩৫ ॥

তং ধ্যায়মানং ভগবানুবাচ প্রভুরব্যয়ঃ।
উত্তিষ্ঠোত্তিষ্ঠ রাজেন্দ্র সুখমাপ্নুহি শাশ্বতম্ ॥ ৩৬ ॥
২
স্বকৃতস্য মহাপ্রাজ্ঞ তপসঃ ফলমীদৃশম্।
প্রত্যক্ষং দৃশ্যতে বীর সর্ব্বমেতদ্ বিভীষণ ॥ ৩৭ ॥

৩৪। লো-টী। বিমাত্রা সুরুচ্যা কৃতে বিমানে সতি স্বমাত্রা সুনীত্যা উপদিষ্টং পথং পন্থানং ভগবৎসেবনরূপমাস্থিতমাশ্রিতং ধ্রুবং পঞ্চবর্ষীয়ত্বেন দূরতো বর্ত্তমানমপি সৎপথং সতাং পন্থানং ভগবদ্ভজনং ন বর্জ্জয়েৎ ন ত্যাজয়েৎ। অপি তু অমরো-পাদিশৎ (?) নারদঃ তথা বীরমদেন রক্ষণো রাবণঃ চ দূরতো বর্ত্তমানমপি সৎপথং দশাননং ন বর্জ্জয়তঃ ন ত্যাজয়তঃ; অপি তু উপদেশতস্তব যশো ভবিষ্যতীত্যর্থঃ। নিত্যং সুখং বামস্তদনুগামিনঃ।

যেরূপ অসৎপথে অবস্থিত ধ্রুবকে দূর হইতে ভগবদ্‌ভজনরূপ সৎপথ হইতে ভ্রষ্ট করিতে পারে নাই, সেইরূপ হে নিষ্পাপ, দশাননকে পরিত্যাগ করিয়া তোমার আমাদের ন্যায় নিত্যসুখ এবং যশ নষ্ট হয় নাই ॥ ৩৪ ॥

বুদ্ধিমান্ বিভীষণ জ্যেষ্ঠ ভ্রাতার মুখনিঃসৃত এতাদৃশ বাক্য শ্রবণ করিয়া অধোমুখে ধ্যানস্থিত হইয়া রহিলেন ॥ ৩৫ ॥

অবিনাশী প্রভু ভগবান্ মহাদেব ধ্যানপরায়ণ বিভীষণকে বলিলেন—"তুমি শাশ্বত সুখ উপভোগ কর" ॥ ৩৬ ॥

হে মহাপ্রাজ্ঞ বীর বিভীষণ, এই সমস্তই তোমার স্বকৃত তপস্যার ফল দেখা যাইতেছে ॥ ৩৭ ॥

১। ছ '-সুখানুগামিনঃ'। ২। ছ 'সুকৃ-'।

তস্মাদুত্তিষ্ঠ গচ্ছ ত্বং পুরাণং প্রভুমব্যয়ম্।
আধারং সর্ব্বভূতানাং শাশ্বতং নিরবগ্রহম্ ॥ ৩৮ ॥

স হি ধর্ম্মনিধানঞ্চ গতির্গতিমতাং বরঃ।
কৃৎস্নস্য জগতো মূলং তস্মাদ্ গচ্ছস্ব রাঘবম্ ॥ ৩৯ ॥

শ্রুত্বৈতদ্বচনং[১] তত্র নীলকণ্ঠেন ভাষিতম্।
উদতিষ্ঠন্মহাবাহুস্তৈরেব সচিবৈঃ সহ ॥ ৪০ ॥

নমস্কৃত্বা[২] শিবং দেবং তথা বৈশ্রবণং প্রভুম্।
রামাভ্যাসং যযৌ ক্ষিপ্রং ধর্ম্মাত্মা স বিভীষণঃ ॥ ৪১ ॥

জগামাকাশমাবিশ্য রামো যত্র মহাবলঃ।
আজগাম মুহূর্ত্তেন যত্র রামঃ সলক্ষ্মণঃ ॥ ৪২ ॥

৩৮। গো-টী। ন বিদ্যতে কস্মাচ্চিদপি অবগ্রহঃ প্রতিবন্ধো যস্য সঃ। কেনাপি প্রতিবন্ধুং নিরোদ্ধুমশক্য ইত্যর্থঃ। 'অবগ্রহো বৃষ্টিবিবন্ধে প্রতিবন্ধে' ইতি ভূরি০।

অতএব, উত্থিত হইয়া তুমি সমস্ত প্রাণীর আশ্রয় প্রতিবন্ধরহিত শাশ্বত প্রভু রামচন্দ্রের নিকট গমন কর ॥ ৩৮ ॥

সেই রামচন্দ্র ধর্ম্মের আধার, বুদ্ধিমান্‌দিগের প্রধান আশ্রয় এবং সমস্ত জগতের মূল ; অতএব, তাঁহার নিকট গমন কর ॥ ৩৯ ॥

ভগবান্ নীলকণ্ঠকর্ত্তৃক উক্ত এতাদৃশ বাক্য শ্রবণ করিয়া মহাবাহু বিভীষণ সেই মন্ত্রিগণের সহিত উত্থিত হইলেন ॥ ৪০ ॥

সেই ধর্ম্মাত্মা বিভীষণ দেবতা শিব এবং প্রভু বৈশ্রবণকে নমস্কার করিয়া অতি শীঘ্র রামের নিকটে গমন করিলেন ॥ ৪১ ॥

যে স্থানে রামচন্দ্র লক্ষ্মণের সহিত অবস্থান করিতেছিলেন, বিভীষণ আকাশমার্গে সেই স্থানে মুহূর্ত্তমধ্যে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৪২ ॥

১। ছ '-তৎ পরমং শুভং'। ২। ছ '-ত্বা মহাদেবং'।

তং মেরুশিখরাকারং জ্বলন্তমিব তেজসা।[১]
গগনস্থং মহীস্থাস্তে দদৃশুর্বানরাধিপাঃ ॥ ৪৩ ॥

স হি মেঘাচলপ্রখ্যঃ[২] কালঃ পুরুষবিগ্রহঃ।
বরায়ুধধরঃ[৩] শ্রীমানুৎপপাত বিহায়সা ॥ ৪৪ ॥

যে চাপ্যনুচরাস্তস্য চত্বারো ভীমবিক্রমাঃ।
তেঽপি বর্ম্মায়ুধোপেতা[৪] ভূষণৈশ্চ বভাসিরে ॥ ৪৫ ॥

আত্মনা পঞ্চমং দৃষ্ট্বা সুগ্রীবো বানরেশ্বরঃ।
বানরৈঃ সহ দুর্দ্ধর্ষশ্চিন্তয়ামাস বীর্য্যবান্ ॥ ৪৬ ॥

চিন্তয়িত্বা মুহূর্ত্তং তু বানরাংস্তানুবাচ হ।
হনুমৎপ্রমুখান্ সর্ব্বানিদং বচনমুত্তমম্ ॥ ৪৭ ॥

৪৪। লো-টী। কালো যমঃ পুরুষবিগ্রহ ইবেতি পূরণীয়মিতি সম্বন্ধঃ।
৪৫। লো-টী। আত্মনা বিভীষণেন।

ভূতলস্থ বানর-নায়কগণ সুমেরুপর্ব্বতের শিখরের ন্যায় অতিশয় দীপ্তিমান্ আকাশস্থিত সেই বিভীষণকে দেখিতে পাইলেন ॥ ৪৩ ॥

মেঘ ও পর্ব্বতসদৃশ মূর্ত্তিমান্ যমের ন্যায় শ্রেষ্ঠ অস্ত্রধারী সেই বিভীষণ আকাশ-পথে উত্থিত হইলেন ॥ ৪৪ ॥

অতিশয়-বিক্রমশালী তদীয় অপর অনুচর-চতুষ্টয় ও বর্ম্ম এবং অস্ত্র ধারণ করত শোভা পাইতে লাগিলেন ॥ ৪৫ ॥

পরাক্রমশালী দুর্দ্ধর্ষ বানররাজ সুগ্রীব সেই মন্ত্রি-চতুষ্টয় এবং বিভীষণ, এই পাঁচজনকে দেখিয়া বানরগণের সহিত চিন্তা করিতে লাগিলেন ॥ ৪৬ ॥

সুগ্রীব মুহূর্ত্তকাল চিন্তা করিয়া হনুমৎপ্রমুখ সমস্ত বানরকে এই উত্তম কথা বলিলেন— ॥ ৪৭ ॥

১। ছ 'পাবকম্'। ২। চ 'মেঘচয়-'। ৩। ছ 'বর্ম্মায়ুধ-'। ৪। ক 'চর্ম্মা-'।

এষ বর্ম্মায়ুধোপেতশ্চতুর্ভিঃ সহ রাক্ষসৈঃ।
রাক্ষসোঽভ্যেতি বীক্ষধ্বমস্মান্ হন্তুমসংশয়ম্[1] ॥ ৪৮ ॥

সুগ্রীবস্য বচঃ শ্রুত্বা সর্ব্বে তে হরিযূথপাঃ।
শালানুৎপাট্য[2] শৈলাংশ্চ সুগ্রীবমিদমব্রুবন্ ॥ ৪৯ ॥

শীঘ্রং ব্যাদিশ নো রাজন্[3] বধায়ৈষাং দুরাত্মনাম্।
নিপতন্তু হতা[4] যাবদ্ধরণ্যাং রুধিরোক্ষিতাঃ ॥ ৫০ ॥

তেষাং সম্ভাষমাণানামন্যোন্যং[5] স বিভীষণঃ।
উত্তরং তীরমাসাদ্য জলধেঃ খে ব্যবস্থিতঃ ॥ ৫১ ॥

স উবাচ মহাপ্রাজ্ঞঃ স্বরেণ মহতা নদন্।
সুগ্রীবং বানরৈঃ সার্দ্ধং সমবেক্ষ্য বিভীষণঃ ॥ ৫২ ॥

৫১। গোঃ টী। বর্ত্তিত বাক্যালঙ্কারে।

দেখ, বর্ম্ম এবং আয়ুধযুক্ত এই রাক্ষস, চারিজন রাক্ষসের সহিত নিশ্চয়ই আমাদিগকে বিনাশ করিতে আসিতেছে ॥ ৪৮ ॥

সুগ্রীবের কথা শুনিয়া সেই সকল বানরদলপতি শালবৃক্ষ এবং পর্ব্বত উৎপাটিত করিয়া তাঁহাকে বলিলেন— ॥ ৪৯ ॥

রাজন, এই দুরাত্মাদিগকে বধ করিবার জন্য শীঘ্রই আমাদিগকে আদেশ করুন; ইহারা নিহত হইয়া রক্তাক্ত-কলেবরে ভূতলে নিপতিত হউক ॥ ৫০ ॥

সেই বিভীষণ পরস্পর-আলাপকারী ঐ বানরগণের বাক্য শ্রবণ করিয়া সমুদ্রের উত্তর তীরে গমন করত আকাশে অবস্থান করিতে লাগিলেন ॥ ৫১ ॥

মহাপ্রাজ্ঞ বিভীষণ বানরগণের সহিত সুগ্রীবকে দেখিয়া উচ্চৈঃস্বরে শব্দ করিয়া বলিলেন— ॥ ৫২ ॥

১। ছ '-শয়ঃ'। ২। ছ 'শিলামু-'। ৩। ছ 'রাজংস্ত্বং'। ৪। ছ 'হতাঃ পাপা ধর-'। ৫। ছ 'সম্ভাষমা-'।

প্রাপ্তোঽহং রাঘবং দ্রষ্টুং বুধ্যধ্বমিতি বানরাঃ।[১]
বলবান্ রাবণো নাম রাক্ষসো রাক্ষসাধিপঃ ॥ ৫৩ ॥
যেন সীতা জনস্থানাদ্ধৃতা হত্বা জটায়ুষম্।
তস্যাহমনুজো ভ্রাতা বিভীষণ ইতি শ্রুতঃ ॥ ৫৪ ॥
তমহং বিবিধৈর্ব্বাক্যৈর্হেতুমদ্ভির্ন্যদর্শয়ম্।[২]
সাধু নির্য্যাত্যতাং সীতা রামায়েতি মুহুর্ম্মুহুঃ ॥ ৫৫ ॥
স চ ন প্রতিজগ্রাহ রাবণঃ কালচোদিতঃ।
উচ্যমানো হিতং বাক্যং মর্ত্তুকাম ইবৌষধম্ ॥ ৫৬ ॥
সোঽহং পরুষিতস্তেন দাসবচ্চ বিমানিতঃ।
ত্যক্ত্বা মিত্রাণি দারাংশ্চ রাঘবং শরণং গতঃ ॥ ৫৭ ॥

৫৬। গো-টী। নির্য্যাত্যতাং দীয়তাম্।
৫৮। গো-টী। মর্ত্তুকাম ইবৌষধম্। 'অমৃতং বিষহৃতং যথে'তি বা পাঠঃ

হে বানরগণ, আমি রামকে দেখিবার জন্য আসিয়াছি, ইহা তোমরা অবগত হও। রাক্ষসরাজ রাবণ-নামে একজন বলবান্ রাক্ষস আছেন, তিনি জটায়ুকে হত্যা করিয়া জনস্থান হইতে সীতাকে অপহরণ করিয়াছেন; আমি তাঁহার কনিষ্ঠ ভ্রাতা, বিভীষণ-নামে বিখ্যাত ॥ ৫৩-৫৪ ॥

আমি হেতুযুক্ত বিবিধ বাক্যদ্বারা তাঁহাকে পুনঃ পুনঃ বলিয়াছি যে, "সাধুভাবে রামচন্দ্রের নিকট সীতাকে প্রত্যর্পণ করুন" ॥ ৫৫ ॥

রাবণকে হিতকথা বলিলেও মুমূর্ষু ব্যক্তি ঔষধের ন্যায়, কালপ্রেরিত হইয়া রাবণ তাহা গ্রহণ করেন নাই ॥ ৫৬ ॥

সেই আমি রাবণ কর্তৃক নিন্দিত এবং ভৃত্যের ন্যায় অপমানিত হইয়া ভার্য্যা ও মিত্রবর্গ পরিত্যাগ করত রামের শরণাগত হইয়াছি ॥ ৫৭ ॥

১। ছ 'বানরা'। ২। ছ '-ভিঃ প্রদ-'।

রাবণস্যাবলিপ্তত্বাদ্ধর্ম্মমেব সমাশ্রিতঃ।
সহিতঃ সচিবৈর্ভক্তৈ রামং শরণমাগতঃ ॥ ৫৮ ॥

ন হি মে জীবিতেনার্থো নার্থৈরন্যৈস্তথা[১] সুখৈঃ।
তদহং সর্ব্বসন্ত্যাগাদ্রাঘবাৎ সুখমাপ্নুয়াম্ ॥ ৫৯ ॥

উচ্যমানোঽপি বহুশো ময়া ধর্ম্মার্থসংহিতম্।
বচো ভৃশং ন গৃহ্লাতি মুমূর্ষুরিব ভেষজম্ ॥ ৬০ ॥

জানন্নপি হি তস্যাহং বীর্য্যং পৌরুষবিক্রমম্।
রাবণস্যাতিদুর্ব্বুদ্ধের্দ্দু[২]স্তরং বরসঞ্চয়াৎ[৩] ॥ ৬১ ॥

ধর্ম্মমেব সমাশ্রিত্য ন জ্ঞাতিবধকাঙ্ক্ষয়া।
সন্ত্যজ্য স্বজনং সর্ব্বং রাঘবং শরণং গতঃ ॥ ৬২ ॥

৫৮। লো-টী। অবলিপ্তত্বাদহঙ্কারিত্বাৎ।

৫৯। লো-টী। জীবিতেন নার্থঃ কার্য্যঃ, অর্থেন ধনেন চ, কিন্তু ধর্ম্মমেব সমাশ্রিত ইতি পূর্ব্বেণান্বয়ঃ।

রাবণের ঔদ্ধত্য-হেতু আমি অনুরক্ত মন্ত্রিগণের সহিত রামের শরণাগত হইয়াছি ; আমি ধর্ম্মেরই আশ্রিত ॥ ৫৮ ॥

আমার জীবনে কোন প্রয়োজন নাই, অর্থ এবং (পার্থিব) সুখেরও আবশ্যকতা নাই, সমস্ত পরিত্যাগ করিয়া রামের নিকট হইতেই অপার্থিব সুখ লাভ করিব ॥ ৫৯ ॥

আমি ধর্ম্মার্থযুক্ত বহু উপদেশবাক্য বলিলেও মুমূর্ষু ব্যক্তি যেরূপ ঔষধ গ্রহণ করে না, সেইরূপ রাবণ আমার বাক্য গ্রহণ করেন নাই ॥ ৬০ ॥

অতিশয় দুরাত্মা সেই রাবণের বরপ্রভাবজনিত অপরাজেয় বল-বিক্রম অবগত হইয়াও ধর্ম্মকেই আশ্রয় করিয়া সমস্ত আত্মীয়-স্বজন পরিত্যাগপূর্ব্বক রামের শরণাপন্ন হইয়াছি, জ্ঞাতিবধের অভিপ্রায়ে নহে ॥ ৬১-৬২ ॥

১। ছ 'নার্থৈর্বা-'। ২। ছ '-র্জ্জাপি'। ৩। ছ 'বরসংশ্রয়াৎ'।

বিবক্ষয়া হি তদলং রামসঙ্গমকাঙ্ক্ষয়া।
সর্ব্বথাঽদুষ্টভাবোঽহং[১] ন মাং শঙ্কিতুমর্হথ ॥ ৬৩ ॥

নিবেদয়ত মাং ক্ষিপ্রং রাঘবায় মহাত্মনে।
সর্ব্বভূতশরণ্যায় শরণং সমুপস্থিতম্ ॥ ৬৪ ॥

তস্য তদ্বচনং শ্রুত্বা সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ।
রাঘবং সমুপাগম্য লক্ষ্মণস্যাব্রবীদিদম্ ॥ ৬৫ ॥

রাবণস্যানুজো বীরো[২] বিভীষণ ইতি শ্রুতঃ।
চতুর্ভিঃ সচিবৈঃ সার্দ্ধং ভবন্তং শরণং গতঃ ॥ ৬৬ ॥

রাবণেনৈব প্রহিতং মন্যেঽহং[৩] তং বিভীষণম্।
তস্যাহং নিগ্রহং মন্যে ক্ষমং ক্ষমবতাং বর ॥ ৬৭ ॥

৬৩। লো-টী। রামসঙ্গমাকাঙ্ক্ষয়া শরণং গত ইত্যন্বয়ঃ। বিবক্ষয়া অন্যেন বচনেন নালং নিরর্থকং যদ্বান্যৎ প্রাপ্তুমিচ্ছয়া ইত্যত্র অলং ব্যর্থং সর্ব্বথাঽদুষ্টভাবোঽহং অদুষ্টভাবঃ। 'শুদ্ধভাব' ইত্যপি ক্বচিৎ।

৬৪। লো-টী। শরণং রাঘবং সমুপস্থিতং প্রাপ্তং মাম্।

৬৫। লো-টী। প্রাণাহতং প্রস্থাপিতং ক্ষমং যুক্তম্।

বেশী বলিবার প্রয়োজন নাই, রামের সহিত মিলনাভিপ্রায়েই আমি তাঁহার শরণাপন্ন হইয়াছি। আমাকে আশঙ্কা করিও না, আমার কোনরূপ দুষ্ট অভিপ্রায় নাই ॥ ৬৩ ॥

সমস্ত প্রাণীর রক্ষক মহাত্মা রামচন্দ্রের নিকট তাঁহারই শরণাপন্ন আমার কথা নিবেদন কর ॥ ৬৪ ॥

বানররাজ সুগ্রীব তাঁহার সেই বাক্য শ্রবণ করিয়া রামচন্দ্র এবং লক্ষ্মণের সমীপে উপস্থিত হইয়া এই কথা বলিলেন— ॥ ৬৫ ॥

রাবণের কনিষ্ঠ ভ্রাতা স্বনামপ্রসিদ্ধ বীর বিভীষণ চারিজন অমাত্যের সহিত আপনার শরণাপন্ন হইয়াছে ॥ ৬৬ ॥

রাবণই বিভীষণকে প্রেরণ করিয়াছে, এইরূপ আমার মনে হয়; অতএব, হে ক্ষমাবান্‌দিগের প্রধান রামচন্দ্র, আমি মনে করি, তাহার নিগ্রহ (অর্থাৎ দণ্ডবিধান) করা উচিত ॥ ৬৭ ॥

১। হ 'শুদ্ধভাবোঽহং'। ২। হ 'ভ্রাতা'। ৩। হ 'তং মন্যেঽহং'।

রাক্ষস্যা দুষ্টয়া[2] বুদ্ধ্যা জিহ্মায়া[1] সমুপস্থিতঃ।
প্রহর্ত্তুং ত্বয়ি বিশ্বস্তে প্রচ্ছন্নঃ সোঽপি চানঘ[3] ॥ ৬৮ ॥
বধ্যতামেষ দণ্ডেন তীব্রেণ সমৃত্যজ্জনঃ।
রাবণস্য নৃশংসস্য প্রাপ্তো ভ্রাতা বিভীষণঃ ॥ ৬৯ ॥
এবমুক্ত্বা তু তং রামং[4] সুগ্রীবো বাহিনীপতিঃ।
বাক্যজ্ঞো বাক্যকুশলস্ততো মৌনমুপাগমৎ ॥ ৭০ ॥
তস্মিন্ মৌনমনুপ্রাপ্তে রামো ধর্ম্মভৃতাং বরঃ।
ধর্ম্মমেবাগ্রতঃ[5] কৃত্বা বিমর্শমগমত্তদা ॥ ৭১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে বিভীষণাগমনং নাম
একনবতিতমঃ সর্গঃ ॥ ৯১ ॥

৬৮। গো-টী। জিহ্মযা কুটিলয়া, প্রচ্ছন্নং যথা প্রহর্ত্তুং সমুপস্থিতঃ।
৭১। গো-টী। বিমর্শং পরামর্শমগমদকরোৎ। প্রত্যাখ্যানে এব বিবক্ষিতো ন তু ধাত্বর্থঃ। উপবর্ষীতি বৎ। অত্র কুত্রচিৎ সর্গো নাস্তি।

বিভীষণাগমনম্ ॥ ৯১ ॥

হে পুণ্যাত্মন্, এই বিভীষণ প্রচ্ছন্নভাবে কৌটিল্যপূর্ণ দুষ্ট রাক্ষসী বুদ্ধিদ্বারা আপনার বিশ্বাস উৎপাদন করিয়া [পরিশেষে সুযোগমত] আক্রমণ করিবার অভিপ্রায়ে উপস্থিত হইয়াছে ॥ ৬৮ ॥

উপস্থিত এই নৃশংস রাবণের ভ্রাতা বিভীষণকে অমাত্যগণের সহিত তীক্ষ্ণ দণ্ডদ্বারা বধ করুন ॥ ৬৯ ॥

বানরসেনাপতি বাক্পটু সুগ্রীব রামসমীপে এইরূপ বলিয়া চুপ করিয়া রহিলেন ॥ ৭০ ॥

সুগ্রীব মৌন ভাব অবলম্বন করিলে ধার্ম্মিকপ্রবর রামচন্দ্র ধর্ম্মকেই অগ্রে করিয়া পরামর্শ করিতে লাগিলেন ॥ ৭১ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে বিভীষণাগমন-নামক
৯১ম সর্গ সমাপ্ত ॥ ৯১ ॥

১। ছ 'জিহ্মযা'। ২। ছ 'দুষ্টয়া'। ৩। ছ 'প্রচ্ছন্নং যদি চানঘ'। ৪। ছ 'রামং স'। ৫। ছ '-মগ্র'।

(৯২) দ্বিনবতিতমঃ সর্গঃ

প্রাপ্তং বিভীষণং শ্রুত্বা[১] রামঃ সুগ্রীবমব্রবীৎ।
আনৃশংস্যে তদাত্বে চ তথায়ত্যাং চ সংস্থিতম্[২] ॥ ১ ॥
আস্যতামিহ সুগ্রীব সচিবাংশ্চ সমানয়।
হনুমৎপ্রমুখান্ সর্ব্বানন্যাংশ্চ হরিযূথপান্[৩] ॥ ২ ॥
তৈঃ সমেত্য[৪] হি কর্ত্তব্যং করিষ্যামি পরীক্ষণম্।
সম্যগ্ বদসি সুগ্রীব রাজানো হি বহুচ্ছলাঃ ॥ ৩ ॥
ততঃ সুগ্রীববচনাৎ সমীয়ুঃ[৫] কপিযূথপাঃ।
সর্ব্বে চার্থবিদঃ শূরাঃ সর্ব্বে শস্ত্রপ্রহারিণঃ ॥ ৪ ॥

১-২। গো-টী। আনৃশংস্যে ক্রৌর্য্যাভাবে তদাত্বেঽসাদীয়ত্বে চ তথা আয়ত্যাং বশগতায়াঞ্চ (?) স্থিতং বর্ত্তমানং বিভীষণম্ আস্যতাম্ উপবেশ্যতাং তত্রৈব ন তৎসমীপমিতি শেষঃ। ইহ মৎসমীপে সচিবানানয়। যদ্বা, সুগ্রীবং কিম্ভূতম্? আনৃশংস্যাদিষু সংস্থিতম্। হে সুগ্রীব, আস্যতামিত্যোপবিশ্যতাম্।

৩। গো-টী। সমেত্য মিলিত্বা ইতি কর্ত্তব্যং যত্র যৎ কর্ত্তব্যং তস্য পরীক্ষণং বিচারণম্, বহুচ্ছলা বহুকপটাঃ।

বিভীষণ উপস্থিত হইয়াছে শুনিয়া রামচন্দ্র বর্ত্তমান ও ভবিষ্যদ্দর্শী সরলমতি সুগ্রীবকে বলিলেন—॥ ১ ॥

হে সুগ্রীব, এই স্থানে উপবেশন কর এবং হনুমান্ প্রভৃতি সমস্ত মন্ত্রী ও অন্যান্য বানরদলপতিদিগকে আনয়ন কর ॥ ২ ॥

তাঁহাদের সহিত সম্মিলিত হইয়া কর্ত্তব্য বিচার করিব। সুগ্রীব, তুমি ভালই বলিতেছ, রাজারা বহু ছলনা অবলম্বন করেন ॥ ৩ ॥

অনন্তর সুগ্রীবের আদেশে বানরদলপতিগণ সম্মিলিত হইলেন, তাঁহারা সকলেই কার্য্যজ্ঞ, সকলেই বলবান্ ও শস্ত্রযুদ্ধে নিপুণ ॥ ৪ ॥

১। ছ 'মত্বা'। ২। ছ 'সংশ্রুতম্'। ৩। ছ '-ন্ বানরান্'। ৪। ছ 'সমভোতি' (?)। ৫। ছ '-র্হরি-'।

বিভীষণস্য তদ্বাক্যং শ্রুত্বা তে হরিযূথপাঃ।
সোপচারং তদা রামমূচুর্হিতচিকীর্ষবঃ ॥ ৫ ॥[1]

অজ্ঞাতং নাস্তি তে কিঞ্চিৎ ত্রিষু লোকেষু রাঘব।
স[2] জনান্ পূজয়ন্ প্রাজ্ঞ পৃচ্ছস্যস্মান্[3] সুহৃত্তয়া ॥ ৬ ॥

ত্বং হি সত্যরতঃ[4] শূরো ধার্ম্মিকো দৃঢ়বিক্রমঃ।
পরীক্ষ্যকারী মতিমান্ বিসৃষ্টাত্মা সুহৃৎসু চ ॥ ৭ ॥

তস্মাদেকৈকশস্তাবদ্ ব্রুবন্তু[5] সচিবাস্তব।
হৈতুকা মন্ত্রসম্পন্না বহবশ্চ পুনঃ পুনঃ ॥ ৮ ॥

৫। গো-টী। উপচারঃ পূজা, তৎসহিতং স্তুতিসহিতং যথা ভবতীত্যর্থঃ।

৬। গো-টী। তমেবাহ—অজ্ঞাতমিতি। স ত্বং জনানস্মান্ সুহৃত্তয়া পূজয়ন্, হে প্রাজ্ঞ।

৭। গো-টী। ধার্ম্মিকোঽহতবিক্রমঃ অহতবিক্রমঃ। 'দৃঢ়বিক্রমঃ' ইতি কচিৎ পাঠঃ। পরীক্ষয়া বিচারেণ কর্ত্তুং শীলং যস্য সঃ। স্বীকৃতাকারস্য কচিৎ হ্রস্বঃ। পরীক্ষ ইতি ঘঞন্তং বা পদম্। পরীক্ষ্যেতি যৎ পাঠে কচিৎ কেবাগ্রণয়পরা (?) তদা পরীক্ষ্য বিচার্য্য অভীষ্টং করোতীতি কারী অভীষ্টো দিনঃ, সুহৃৎসু চ বিবিধপ্রকারেণ সৃষ্টস্ত্যক্তো আত্মা মনঃ যেন সঃ। 'বিসৃষ্টাত্মে'তি পাঠে সুহৃৎসু সমর্পিতচিত্তঃ।

৮। গো-টী। হৈতুকা মন্ত্রনিবিজ্ঞাঃ।

বিভীষণের সেই কথা শুনিয়া সেই হিতসাধনেচ্ছু বানরদলপতিগণ প্রশংসার সহিত রামকে বলিতে লাগিলেন— ॥ ৫ ॥

হে রাঘব, ত্রিলোকমধ্যে আপনার অজ্ঞাত কিছুই নাই। সেই আপনি বন্ধুত্বের অনুরোধেই আমাদের প্রতি সম্মান-প্রদর্শনপূর্ব্বক আমাদিগকে জিজ্ঞাসা করিতেছেন ॥ ৬ ॥

আপনি সত্যনিষ্ঠ, বলবান্ ও ধার্ম্মিক ; আপনার পরাক্রম সুদৃঢ়। আপনি বুদ্ধিমান্, মিত্রবর্গের প্রতি সমর্পিতচিত্ত ও সমীক্ষ্যকারী ॥ ৭ ॥

সুতরাং আপনার নিমিত্ত বহু-মন্ত্রণাকুশল মন্ত্রিবর্গ একে একে স্ব স্ব মন্তব্য প্রকাশ করুন ॥ ৮ ॥

১। ছ 'বাক্য-'। ২। ছ 'রাজন্'। ৩। ছ '-স্বমান্'। ৪। ছ '-ব্রতঃ'। ৫। ছ 'বদন্ত'।

[১]ইত্যুক্তে তু ততো বাক্যে মতিমানঙ্গদস্তদা।
বিভীষণপরীক্ষার্থমুবাচ বচনং হিতম্ ॥ ৯ ॥

শত্রোঃ সকাশাৎ সংপ্রাপ্তঃ সর্ব্বথা তর্ক্যতাময়ম্।
বিশ্বাসযোগঃ সহসা ন কর্ত্তব্যো বিভীষণে ॥ ১০ ॥

প্রচ্ছাদ্য ভাবমেতে হি চরন্তি শঠবুদ্ধয়ঃ।
প্রহরন্তি চ রন্ধ্রেষু সোঽনর্থঃ [২]সুকৃতো ভবেৎ ॥ ১১ ॥

অর্থানর্থৌ বিনিশ্চিত্য ব্যবসায়ং ভজে[৩]ত্ততঃ।
গুণতঃ সংগ্রহং কুর্য্যাদ্দোষতস্তু বিব[৪]র্জ্জনম্ ॥ ১২ ॥

যদি দোষো মহাংস্তস্মিংস্ত্যজ্যতামবিশঙ্কিতম্।
গুণপ্রভূতং মত্বা বা সংগ্রহঃ ক্রিয়তাং নৃপ ॥ ১৩ ॥

১০। লো-টী। বিশ্বাসযোগঃ সম্বন্ধঃ।
১১। লো-টী। ভাবং স্বস্বভাবং রন্ধ্রেষু ছিদ্রেষু প্রাপ্তেষু সৎসু সুষ্ঠুকৃতঃ সুকৃতঃ।
১২। লো-টী। ব্যবসায়ং যৎ কর্ত্তব্যং তৎ ভজেৎ কুর্য্যাৎ।

[তাহারা] এই কথা বলিলে তখন বুদ্ধিমান্ অঙ্গদ বিভীষণকে পরীক্ষা করিবার জন্য হিতকর বাক্য বলিতে লাগিলেন ॥ ৯ ॥

বিভীষণের উপর সহসা বিশ্বাস স্থাপন করা উচিত নহে। এ শত্রুর নিকট হইতে আসিয়াছে, সুতরাং সর্ব্বপ্রকারে ইহাকে পরীক্ষা করা উচিত ॥ ১০ ॥

ইহারা শঠ, অন্তরের ভাব প্রচ্ছন্ন রাখিয়া [ছদ্মবেশে] বিচরণ করে এবং ছিদ্র পাইয়াই আক্রমণ করে, সাধু (সরল, অকপট) ব্যক্তির তাহাতে অনর্থ সংঘটিত হয় ॥ ১১ ॥

হিতাহিত নিশ্চয় করিয়া কর্ত্তব্য নিশ্চয় করিবে। গুণ থাকিলে গ্রহণ করিবে, দোষ থাকিলে পরিত্যাগ করিবে ॥ ১২ ॥

রাজন্, যদি তাহার অত্যন্ত দোষ (দুরভিসন্ধি) থাকে, তবে নিঃসংশয়ে পরিত্যাগ করুন। আর, যদি প্রচুরগুণ-সম্পন্ন বলিয়া মনে হয়, তবে গ্রহণ করুন ॥ ১৩ ॥

১। ছ 'তথা'। ২। ছ 'স্বকৃতো'। ৩। ছ '-ত বৈ'। ৪। ছ '-ত্তঞ্চ'।

শরভশ্চাথ নিশ্চিত্য হরির্ব্বচনমব্রবীৎ।
ক্ষিপ্রমস্মিন্ নরব্যাঘ্র চারঃ প্রতিবিধীয়তাম্ ॥ ১৪ ॥

প্রণিধায় হি চারেণ ততো ভাবঃ পরাক্ষ্যতাম্।
পরীক্ষ্য চ ততঃ কার্য্যো যথান্যায়ং পরিগ্রহঃ ॥ ১৫ ॥

ছাদয়িত্বাত্মনো ভাবং চরন্তি[১] শঠবুদ্ধয়ঃ।
প্রহরন্তি চ রন্ধ্রেষু সোঽনর্থঃ সুকৃতো[২] ভবেৎ ॥ ১৬ ॥

জাম্ববানপি সংপ্রেক্ষ্য শাস্ত্রবুদ্ধ্যা বিচক্ষণঃ।
বাক্যং বিজ্ঞাপয়ামাস গুণবদ্ দোষবর্জ্জিতম্ ॥ ১৭ ॥

বদ্ধবৈরাচ্চ পাপাচ্চ রাক্ষসেন্দ্রাদ্বিভীষণঃ[৩]।
অদেশকালে[৪] সংপ্রাপ্তঃ সর্ব্বথা তর্ক্যতামযম্ ॥ ১৮ ॥

১৫। লো-টী। ভাবোঽভিপ্রায়ঃ সমীক্ষ্যতাং জ্ঞায়তাম্। পরীক্ষ্য জ্ঞাত্বা যথান্যায়ং পরিগ্রহঃ যথোচিতগ্রহণম্।

১৬। লো-টী। ভাবমভিপ্রায়ং তত্ত্বং নির্ণয়মিত্যর্থঃ।

অনন্তর বানর 'শরভ' নিশ্চয়পূর্ব্বক এই কথা বলিলেন। হে নরশ্রেষ্ঠ, সত্বর ইহার নিকট চর প্রেরণ করুন ॥ ১৪ ॥

তারপর [সেই] চর প্রণিধানপূর্ব্বক উহার ভাব পরীক্ষা করুক। পরীক্ষান্তে যাহা উচিত হয়, করা যাইবে ॥ ১৫ ॥

শঠবুদ্ধি-সম্পন্ন ব্যক্তিরা নিজ ভাব প্রচ্ছন্ন রাখিয়া বিচরণ করে এবং ছিদ্র পাইলেই আক্রমণ করে। সাধুব্যক্তির তাহাতে মহা অনর্থ সংঘটিত হয় ॥ ১৬ ॥

বিচক্ষণ জাম্ববান্‌ও শাস্ত্রবুদ্ধিদ্বারা বিচার করিয়া দোষশূন্য ও গুণযুক্ত বাক্য বলিলেন— ॥ ১৭ ॥

বিভীষণ শত্রুভাবাপন্ন পাপিষ্ঠ রাক্ষসরাজ রাবণের নিকট হইতে অসময়ে এবং অস্থানে উপস্থিত হইয়াছে। সুতরাং ইহাকে সর্ব্বপ্রকারে পরীক্ষা করিতে হইবে ॥ ১৮ ॥

১। ক 'তবন্তি'। ২। ছ 'বিকৃ-'। ৩। ছ '-সেন্দ্রো বি-'। ৪। ছ '-কালসং-'।

অথ মৈন্দস্তু সংপ্রেক্ষ্য নয়াপনয়কোবিদঃ।
বাক্যং বচনসম্পন্নো বভাষে হেতুমত্তদা ॥ ১৯ ॥

বচনাত্তাবদস্যৈব রাঘবস্য বিভীষণঃ।
পৃচ্ছ্যতাং[1] মধুরৈর্বাক্যৈঃ শনৈর্নরপতেঃ পুনঃ ॥ ২০ ॥

ভাবমস্য তু বিজ্ঞায়[2] ততস্তু ত্বং করিষ্যসি।
যদি দুষ্টো ন বা দুষ্টো বুদ্ধিপূর্ব্বং নরর্ষভ ॥ ২১ ॥

অথ সংস্কারসম্পন্নো হনুমান্ সচিবোত্তমঃ।
উবাচ বচনং শ্লক্ষ্ণমর্থবন্মধুরং হিতম্ ॥ ২২ ॥

তং[3] ব্রুবন্তং হরিশ্রেষ্ঠং সমর্থং বদতাং বরম্।
নৈবাতিশয়িতুং শক্তো বৃহস্পতিরপি ব্রুবন্ ॥ ২৩ ॥

ন দানান্ন[4] চ সংহর্ষান্নাধিক্যান্ন চ কামতঃ।
বক্ষ্যামি বচনং রাজন্ যথার্থং কার্য্যগৌরবাৎ ॥ ২৪ ॥

২৪। লো-টী। সংহর্ষাৎ স্পর্দ্ধাতে, নাধিক্যাৎ স্বস্মিন্নধিকজ্ঞানাৎ। কার্য্যগৌরবাৎ কার্য্যস্য গুরুত্বমবেক্ষ্য যথা যথাবদ্বক্ষ্যামি।

অনন্তর সুনীতি ও দুর্নীতি বিষয়ে অভিজ্ঞ বাগ্মী 'মৈন্দ' বিচারপূর্ব্বক যুক্তিযুক্ত বাক্য বলিলেন ॥ ১৯ ॥

এই রাজা রামচন্দ্রের বচনানুসারে বিভীষণকে মধুর-বাক্যে পুনরায় প্রশ্ন করা হউক ॥ ২০ ॥

হে নরর্ষভ, ইহার অভিপ্রায় ভাল কি মন্দ জানিয়া তারপর বুদ্ধিপূর্ব্বক যাহা হয় করিবেন ॥ ২১ ॥

অনন্তর সংস্কারসম্পন্ন মন্ত্রিবর হনুমান্ যুক্তিযুক্ত হিতকর মধুর বাক্য বলিতে লাগিলেন ॥ ২২ ॥

সেই বাগ্মিশ্রেষ্ঠ বানরপুঙ্গব হনুমান্ বলিতে আরম্ভ করিলে বৃহস্পতিও বাক্যে তাঁহাকে অতিক্রম করিতে অসমর্থ ॥ ২৩ ॥

রাজন্, আমি দান, হর্ষ, আধিক্য অথবা স্বেচ্ছাবশতঃ নহে, কার্য্যের গুরুত্ব-বশতঃই যথার্থ কথা বলিব ॥ ২৪ ॥

১। ছ '-র্ব্বোপায়ৈঃ'। ২। ছ '-স্বত্বং'। ৩। ছ 'বদন্তং'। ৩। ছ 'মদান্ন-'।

অর্থানর্থনিমিত্তং হি যদুক্তং সচিবৈস্তব।
তত্র দোষং প্রপশ্যামি[১] ক্রিয়া ন হ্যুপপদ্যতে ॥ ২৫ ॥
ঋতে নিয়োগাৎ স্ববশৈরববোদ্ধুং[২] ন শক্যতে।
সহসা বিনিয়োগো হি দোষবান্[৩] প্রতিভাতি মে ॥ ২৬ ॥
চারপ্রণিধিসংযুক্তং[৪] যদুক্তং সচিবৈস্তব।
অর্থস্যাসম্ভবাত্তত্র কারণং নোপপদ্যতে ॥ ২৭ ॥
সহসা ন হি চারেণ শক্যো বোদ্ধুং বিভীষণঃ।
কালপ্রকর্ষে দোষশ্চ তস্মাচ্চারো ন বিদ্যতে ॥ ২৮ ॥

২৫। লো-টী। তব সচিবৈর্যৎ পরীক্ষণমুক্তং তদ্ যুক্তং কিন্তু তস্য ক্রিয়া চেষ্টা নোপপদ্যতে শীঘ্রত্বাৎ কার্য্যস্য।

২৬। লো-টী। ঋতে বিনা নিয়োগাৎ চারনিয়োগাৎ স্ববশৈঃ স্বতন্ত্রৈ রাজভিরববোদ্ধুং পরস্য ভদ্রাভদ্রং জ্ঞাতুম্। সহসাঽধুনৈব চরাণাং বিনিয়োগঃ দোষবান্ তত্ত্বনিরূপণাসম্ভবাৎ।

২৭। লো-টী। চারপ্রণিধিরবধানং তৎসংযুক্তং সচিবৈঃ তত্র অবধানে কারণং নিমিত্তং কুতঃ? অর্থস্য প্রয়োজনস্যাসংভবাৎ। 'প্রণিধিঃ প্রার্থনেঽপি স্যাদবধানে চরে পুমানি'তি ভূরিঃ।

২৮। লো-টী। কালপ্রকর্ষে কালবিলম্বে।

মন্ত্রিগণ আপনার নিকট দোষ-গুণের পরীক্ষার কথা যাহা বলিলেন, তাহাতে দোষ দেখিতেছি (অর্থাৎ তাহা নির্দ্দোষ নহে)। কারণ, কার্য্যতঃ তাহা করা চলে না ॥ ২৫ ॥

কোন কার্য্যে নিয়োগ না করিলে [বিভীষণ হিতৈষী কি অহিতৈষী] বুঝা যাইবে না, সহসা কার্য্যে নিয়োগ করাও আমার মতে নির্দ্দোষ নহে ॥ ২৬ ॥

মন্ত্রিগণ চর প্রেরণ করার কথা যাহা বলিলেন, তাহার কোন সংগত কারণ নাই; কারণ, তাহাতে কোন প্রয়োজন সিদ্ধ হইবে না ॥ ২৭ ॥

চর সহসা বিভীষণকে বুঝিয়া উঠিতে পারিবে না, কালবিলম্বও নির্দ্দোষ নহে, সুতরাং চর-প্রেরণের অবকাশ নাই ॥ ২৮ ॥

১। ক 'দপ-'। ২। ছ 'সচিবৈ-'। ৩। ছ 'ম্যং'। ৪। ছ 'চারং প্র-'।

অদেশকালসংপ্রাপ্ত ইত্যয়ং যদ্বিভীষণঃ।

বিবক্ষা তত্র মেঽস্তীয়ং তন্নিবোধ যথামতি ॥ ২৯ ॥

স এষ[১] দেশঃ কালশ্চ ভবতীহ যথা[২] তথা।

পুরুষং পুরুষং প্রাপ্য গুণৌ দোষৌ যথা[৩] তথা।

সকলং ভবতি ক্ষিপ্রং যোগেনাভিসমাহিতম্[৪] ॥ ৩০ ॥

উদ্যোগং তব সংপ্রেক্ষ্য মিথ্যাবৃত্তঞ্চ রাবণম্।

বালিনঞ্চ হতং শ্রুত্বা সুগ্রীবং চাভিষেচিতম্ ॥ ৩১ ॥

রাজ্যং প্রার্থয়মানস্য বুদ্ধিপূর্ব্বং প্রপশ্যতঃ।

এতানর্থান্[৫] পুরস্কৃত্য বিদ্যতে হ্যস্য সংশ্রয়ঃ ॥ ৩২ ॥

২৯। লো-টী। অদেশকালসংপ্রাপ্তঃ যুদ্ধদেশ-যুদ্ধকালত্বাৎ। যথামতি বিবক্ষা-ঽস্তীত্যন্বয়ঃ।

৩০। লো-টী। পুরুষং প্রাপ্য যথা দেশো ভবতি যথা পুরুষং প্রাপ্য গুণস্তদা দোষঃ। এবং সংশ্রয়ার্থং বিভীষণং প্রতি যোগেন যুক্ত্যা অভিসমাহিতং সংযুক্তং সফলং ভবতি।

৩১। লো-টী। তদেবাহ উদ্যোগমিতি দ্বাভ্যাম্। উদ্যোগং রণোদ্যোগং মিথ্যাবৃত্তং মিথ্যাধীতম্। 'বৃত্তোঽধীতেঽপাতীতে চে'তি কোষঃ। এতানর্থান্ পুরস্কৃত্য জ্ঞাত্বা প্রপশ্যতো বিজ্ঞস্য বিভীষণস্য সংশ্রয় উপপদ্যেত উচিতো ভবতি। 'বিদ্যতে হ্যস্য সংশ্রয়' ইতি কচিৎ পাঠঃ।

বলা হইতেছে যে, এই বিভীষণ অসময়ে ও অনুপযুক্ত স্থানে সমাগত হইয়াছে, তাহাতে আমার স্বীয় বুদ্ধি অনুসারে এই কথা বলিবার ইচ্ছা আছে, শুনুন ॥ ২৯ ॥

যেমন একজনের নিকট যাহা গুণ, অপরের নিকট তাহা দোষ, আবার একের নিকট যাহা দোষ, অপরের নিকট তাহা গুণ, এই দেশ এবং কালও সেইরূপ। যুক্তিযুক্ত হইলে সমস্তই সত্বর সফল হয় ॥ ৩০ ॥

আপনার উদ্যোগ এবং রাবণকে মিথ্যারত দেখিয়া, বালী নিহত ও সুগ্রীব অভিষিক্ত হইয়াছে শুনিয়া, বুদ্ধিপূর্ব্বক বিবেচনা করত রাজ্যপ্রার্থী এই বিভীষণের এই সমস্ত উদ্দেশ্য সম্মুখে রাখিয়া আশ্রিত হওয়াও সম্ভব ॥ ৩১-৩২ ॥

১। ছ 'এব'। ২। ছ 'তথা'। ৩। ছ 'যথা'। ৪। ছ 'সমাহিতম্'। ৫। ছ 'প্রপত্তেতার্থনং-'।

যথাশক্তি ময়োক্তেঽস্মিন্ রাক্ষসস্যার্জ্জবং প্রতি।[১]
ত্বং প্রমাণং প্রমাণানাং সর্ব্ববুদ্ধিমতাং বরঃ ॥ ৩৩ ॥
অথ রামঃ প্রসন্নাত্মা শ্রুত্বা বায়ুসুতাৎ ততঃ।
প্রত্যভাষত দুর্দ্ধর্ষঃ শ্রুতবানাত্মনি স্থিতঃ ॥ ৩৪ ॥
মম চাপি[২] বিবক্ষাস্তি কাচিৎ প্রতি বিভীষণম্।
শ্রুতমিচ্ছামি তৎ সর্ব্বং ভবদ্ভিঃ শ্রেয়সি স্থিতৈঃ ॥ ৩৫ ॥
মিত্রভাবেন সংপ্রাপ্তং ন ত্যজেয়ং কথঞ্চন।
দোষো যদ্যপি তস্মিন্ স্যাৎ সতামেতদ্বিগর্হিতম্ ॥ ৩৬ ॥
এবং জ্ঞাত্বা মহাত্মানমার্য্যমার্গব্যবস্থিতম্।[৩]
আনন্তর্য্যেণ[৪] সংপ্রাপ্তং বিশোধয়িতুমর্হথ ॥ ৩৭ ॥

৩৩। লো-টী। আর্জ্জবমৃজুতাম্ অবক্রতাং প্রতীতার্থঃ। ময়া উক্তে সত্যস্মিন্ বিভীষণে প্রমাণং কর্ত্তব্যাকর্ত্তব্যহেতুঃ, যতস্ত্বং প্রমাণানাং প্রমাতৄণাং সর্ব্ববুদ্ধিমতাং মধ্যে বরঃ শ্রেষ্ঠঃ।

৩৫। লো-টী। শ্রুতং শাস্ত্রং জ্ঞেয়ত্বয়া বর্ত্ততেঽস্মিন্নিতি শ্রুতবান্ শাস্ত্রজ্ঞঃ। 'শ্রুতমাকর্ণিতে শাস্ত্রে' ইতি কোষঃ। আত্মনি ধৈর্য্যে।

৩৬। লো-টী। এতৎ ত্যজনম্।

৩৭। লো-টী। আনন্তর্য্যেণ সমীপেন।

রাক্ষস বিভীষণের সরলতা সম্বন্ধে স্বীয় বুদ্ধি অনুসারে আমি এই যাহা বলিলাম, সমস্ত বুদ্ধিমান্‌গণের শ্রেষ্ঠ আপনিই ইহার সংগতি অসংগতি বিচার করিতে সমর্থ ॥ ৩৩ ॥

অনন্তর শ্রুত-সম্পন্ন আত্মস্থ দুর্দ্ধর্ষ রামচন্দ্র হনুমানের কথা শুনিয়া প্রসন্ন-চিত্তে বলিতে লাগিলেন ॥ ৩৪ ॥

বিভীষণের সম্বন্ধে আমারও কিছু বলিবার ইচ্ছা আছে। আমি ইচ্ছা করি, আমার শুভানুধ্যায়ী আপনারা তাহা শুনুন ॥ ৩৫ ॥

বিভীষণ মিত্রভাবে উপস্থিত হইয়াছে, সুতরাং তাহার যদি দোষও থাকে, তথাপি আমি তাহাকে কোনরূপে পরিত্যাগ করিতে পারি না। ইহা সজ্জন-বিগর্হিত ॥ ৩৬ ॥

১। ছ 'যথামতি'। ২। ছ 'মমাপি হি'। ৩। ছ '-মার্গে'। ৪। ছ 'আর্জ্জবেন তু'।

রাঘবস্য সুসংপ্রীতঃ প্রীতো বায়ুসুতস্য চ।
প্রত্যভাষত সুগ্রীবস্তৎকালসদৃশং বচঃ ॥ ৩৮ ॥
কিমত্র চিত্রং ধর্ম্মশ্চ[1] লোকনাথ সুখাবহম্।
যৎ ত্বমার্য্য প্রভাষেথাঃ সত্যবান্ সৎপথে স্থিতঃ ॥ ৩৯ ॥
মম চাপ্যন্তরাত্মা বৈ শুদ্ধং[2] বেত্তি বিভীষণম্।
হনূমানস্য ভাবজ্ঞস্তেন চাপি পরীক্ষিতঃ ॥ ৪০ ॥
তস্মাৎ ক্ষিপ্রং সহাস্মাভিস্তুল্যো ভবতু রাঘব।
বিভীষণো মহাপ্রাজ্ঞঃ সখিত্বং চাভ্যুপৈতু নঃ[3] ॥ ৪১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে বিভীষণপরীক্ষা নাম দ্বিনবতিতমঃ সর্গঃ ॥ ৯২ ॥

৩৮। লো-টী। সুসংপ্রীতঃ প্রীত ইতি পদদ্বয়মুভয়ত্রান্বিতম্।
৩৯। লো-টী। সুখাবহং বাক্যং, সত্যবান্ 'সত্ত্ববানি'ত্যপি পাঠঃ।
৪০। লো-টী। অন্তরাত্মানমিতি ক্লীবমার্ষম্। 'অন্তরাত্মে'তি ক্বচিৎ পাঠঃ। হরীশ্বরেণ হনূমতা।

বিভীষণপরীক্ষা ॥ ৯২ ॥

এই কথা জানিয়া [আপনারা] সমীপে উপস্থিত সৎপথে অবস্থিত মহাত্মা বিভীষণকে [কিছু দোষ থাকিলে] বিশুদ্ধ করিয়া লইতে পারেন ॥ ৩৭ ॥

রাম ও হনুমানের প্রতি সন্তুষ্ট হইয়া সুগ্রীব সময়োপযোগী এই কথা বলিতে লাগিলেন ॥ ৩৮ ॥

হে আর্য্য, হে ধার্ম্মিক, হে লোকনাথ, সৎপথে অবস্থিত সত্যনিষ্ঠ আপনি যাহা বলিবেন, তাহা অপেক্ষা বিচিত্র ও সুখাবহ আর কি হইতে পারে ? ॥ ৩৯ ॥

আমারও অন্তরাত্মা বিভীষণকে সাধু বলিয়াই মনে করে, হনুমান্ ইহার ভাব জানেন, তিনি ইহাকে পরীক্ষা করিয়া দেখিয়াছেন ॥ ৪০ ॥

হে রাঘব, সুতরাং মহাপ্রাজ্ঞ বিভীষণ শীঘ্রই আমাদের সহিত এক সমান হউন, আমাদের বন্ধুতা প্রাপ্ত হউন ॥ ৪১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে বিভীষণপরীক্ষা-নামক ৯২ম সর্গ সমাপ্ত ॥ ৯২ ॥

১। ছ 'ধর্ম্মজ্ঞ'। ২। ছ 'যং'। ৩। অতঃ পরং ছ-পুস্তকে 'ততস্তু সুগ্রীববচো নিশম্য হনূমতা চাভিহিতং নরেশ্বরঃ। বিভীষণেনাশু জগাম সঙ্গতং পতত্রিরাজেন যথা পুরন্দরঃ'। ইত্যধিকম্।

(৯৩) ত্রিনবতিতমঃ সর্গঃ

ইত্যুক্তবতি সুগ্রীবে তদা হরিগণেশ্বরে।
উবাচ রামো ধর্ম্মাত্মা ধর্ম্মার্থসহিতং বচঃ ॥ ১ ॥
স দুষ্টো বাপ্যদুষ্টো বা কিমেষ রজনীচরঃ।
সূক্ষমপ্যহিতং কর্ত্তুং মম শক্তঃ প্লবঙ্গম ॥ ২ ॥
পৃথিব্যাং রাক্ষসান্[১] সর্ব্বান্ পিশাচাংশ্চ সদানবান্।
শক্তোঽহং[২] সহসা হন্তুং দিব্যেনাস্ত্রবলেন চ ॥ ৩ ॥
শ্রূয়তে হি কপোতেন শক্রঃ শরণমাগতঃ।
অর্চ্চিতশ্চ যথান্যায়ং স্বৈশ্চ মাংসৈর্নিমন্ত্রিতঃ ॥ ৪ ॥
স তাবৎ প্রতিজগ্রাহ খগো ভার্য্যানিসূদনম্[৩]।
কপোতো বানরশ্রেষ্ঠ কিন্নুতাহং বিভীষণম্ ॥ ৫ ॥

২। লো-টী। কিং শক্ত ইত্যন্বয়ঃ।
৩। লো-টী। সহ (সঃ) এবদৈব।

বানরাধিপতি সুগ্রীব এই বলিলে তখন ধর্ম্মাত্মা রামচন্দ্র ধর্ম্মার্থযুক্ত এই কথা বলিলেন ॥ ১ ॥

হে সুগ্রীব, এই রাক্ষস (বিভীষণ) দোষযুক্তই হউক অথবা নির্দ্দোষই হউক, এ কি আমার স্বল্পমাত্রও অপকার করিতে পারিবে ? ॥ ২ ॥

আমি দিব্য অস্ত্র-বলে পৃথিবীর সমস্ত রাক্ষস, পিশাচ ও দানবকে নিহত করিতে পারি ॥ ৩ ॥

শোনা যায়, কোন এক কপোত শরণাগত শক্রর অর্চ্চনা করিয়াছিল এবং তাহাকে স্বীয় মাংস ভোজন করিতে অনুরোধ করিয়াছিল ॥ ৪ ॥

হে বানররাজ, সেই কপোতপক্ষী পত্নীহন্তা [ব্যাধকেও গ্রহণ করিয়াছিল

১। ছ 'দানবা যক্ষাঃ পিশাচা যে চ রাক্ষসাঃ'। ২। ছ অঙ্গুল্যগ্রেণ তান্ সর্ব্বানহং হন্যাং হরীশ্বর'। ৩। ছ '-দকম্'।

১
রাবণভ্রাতরং দীনং সর্ব্বথা ধর্ম্মমাশ্রিতম্।
আগতং রাক্ষসৈঃ সার্দ্ধং সহৈভির্ব্বানরেশ্বর ॥ ৬ ॥
২
কণ্বস্যর্ষেস্তনূজেন কণ্ডুনা পরমর্ষিণা।
শৃণু গাথাশ্চিরোদ্‌গীতা ধর্ম্মিষ্ঠাঃ সত্যবাদিনা ॥ ৭ ॥
বদ্ধাঞ্জলিপুটং দীনং যাচন্তমপরাধিনম্।
৩
হন্যমানমরিং দৃষ্ট্বা রিপুণা শরণাগতম্ ॥ ৮ ॥
আর্ত্তো বা যদি বা ত্রস্তঃ পরেষাং শরণাগতঃ।
৪
অরিঃ প্রাণান্ পরিত্যজ্য রক্ষিতব্যঃ কৃতাত্মনা ॥ ৯ ॥
স চেদ্ভয়াদ্বা কামাদ্বা মোহাদ্বা তং ন রক্ষতি।
সমুদ্‌বিগ্নং যথাশক্তি স পাপো লোকগর্হিতঃ ॥ ১০ ॥

১০। লো-টী। স যাচ্যমানঃ পুমান্ তং সমুদ্বিগ্নং যথাশক্তি স্ববলমনতিক্রম্য ন রক্ষতি, স পাপঃ পাপী ভবতি লোকগর্হিতশ্চ।

আমি এই রাক্ষসগণের সহিত সমাগত সর্ব্বপ্রকারে ধর্ম্মনিষ্ঠ দীনভাবাপন্ন রাবণ-ভ্রাতা বিভীষণকে গ্রহণ করিব, ইহার আর কথা কি? ॥ ৫-৬ ॥

বহু পূর্ব্বে মহর্ষি কণ্বের পুত্র সত্যবাদী ঋষিপ্রবর কণ্ডু শত্রুকর্ত্তৃক হন্যমান অপরাধী শত্রুকে কৃতাঞ্জলিপুটে যাচ্ঞা-নিরত ও শরণাগত দেখিয়া যে ধর্ম্মসম্মত কথাগুলি বলিয়াছিলেন, তাহা শ্রবণ কর ॥ ৭-৮ ॥

যদি কেহ আর্ত্ত বা ত্রস্ত হইয়া অন্যের শরণাগত হয়, তাহা হইলে উদার-চেতা ব্যক্তির নিজপ্রাণ পরিত্যাগ করিয়া তাহাকে রক্ষা করা উচিত ॥ ৯ ॥

সে যদি ভয়বশে, কামবশে বা মোহবশে সেই সমুদ্বিগ্ন ব্যক্তিকে যথাশক্তি রক্ষা না করে, তবে সেই পাপিষ্ঠ জগতে নিন্দিত হয় ॥ ১০ ॥

১। ছ 'ভ্রাতরং রাবণং বীরং হিতায়াধর্ম্মানিষ্ঠিতম্'। ২। ক 'কন্ন-'। ৩। ছ 'রিপুণাং'। ৪। ছ 'অপি'।

বিনষ্টঃ পশ্যতস্তস্য রক্ষিতুঃ শরণাগতঃ।
আদায় সুকৃতং তস্মাৎ সর্ব্বং গচ্ছত্যরক্ষিতঃ ॥ ১১ ॥

এষ দোষো মহাংস্তাত প্রপন্নানামরক্ষণে।
অস্বর্গ্যশ্চাযশস্যশ্চ[১] বলবীর্য্যবিনাশনঃ[২] ॥ ১২ ॥

করিষ্যামি যথাবত্তৎ কণ্ডোর্ব্বচনমুত্তমম্।
ধর্ম্মিষ্ঠঞ্চ যশস্যঞ্চ স্বর্গ্যং চাপি মহোদয়ম্[৩] ॥ ১৩ ॥

অভয়ং সর্ব্বভূতেভ্যো[৪] দদামীতি হি মে ব্রতম্।
সংগ্রামেঽভিপ্রপন্নানাং[৫] তবাস্মীতি চ বাদিনাম্ ॥ ১৪ ॥

আনয়ৈনং হরিশ্রেষ্ঠ দত্তমস্মৈ ময়াভয়ম্।
বিভীষণায় সুগ্রীব যদি বা রাবণঃ স্বয়ম্ ॥ ১৫ ॥

১১। লো-টী। রক্ষিতুঃ রক্ষিতুস্তেনাভাবিতস্য। যদ্বা, রক্ষিতুঃ রক্ষাং কর্ত্তুং সমর্থস্য। পশ্যতঃ সতঃ সমক্ষং বিনষ্টো মৃতঃ।

১৪। লো-টী। অভিপ্রপন্নানাং 'বিপ্রপন্নানা'মিতি পাঠোঽপি ক্বচিৎ।

শরণাগত ব্যক্তি যদি রক্ষণসমর্থ সেই ব্যক্তির সমক্ষে অরক্ষিত হইয়া বিনাশ প্রাপ্ত হয়, তবে সে তাহার সমস্ত পুণ্য গ্রহণ করিয়া পরলোকে গমন করে ॥ ১১ ॥

ভ্রাতঃ, শরণাগত ব্যক্তিকে রক্ষা না করার এই মহাদোষ; ইহা অস্বর্গ্য, অযশস্কর এবং বলবীর্য্যের বিলোপসাধক ॥ ১২ ॥

আমি কণ্ডুর সেই উত্তম বাক্য যথাযথ ভাবে পালন করিব। তাহা ধর্ম্ম-সংগত, যশস্কর, স্বর্গসাধক এবং মহা-অভ্যুদয়কারক ॥ ১৩ ॥

যুদ্ধে শরণাগত হইয়া "আমি আপনার" বলিয়া যাহারা আমার বশ্যত্ব স্বীকার করে, তাহাদিগকে এবং সমস্ত প্রাণীকে আমি অভয় দান করি, ইহা আমার ব্রত ॥ ১৪ ॥

হে বানরশ্রেষ্ঠ সুগ্রীব, ইহাকে আনয়ন কর, [এ] যদি [ছদ্মবেশী] স্বয়ং রাবণও হয়, তথাপি আমি এই বিভীষণকে অভয় দান করিলাম ॥ ১৫ ॥

১। ছ '-স্বর্গ্যাকীর্ত্তিকরস্তথা'। ২। ছ '-শনম্'। ৩। অতঃ পরং ছ-পুস্তকে 'সকৃদেব প্রপন্নো যস্তবাস্মীতি চ যাচতে।' ইত্যধিকম্। ৪। ছ 'সর্ব্বদা তস্মৈ দদামিতি'। ৫। ছ 'চ বিপন্নানাং'।

রামেণাথাভয়ে দত্তে[1] স ততো রাবণানুজঃ।
আহুতো হরিরাজেন খাৎ পপাত সহানুগঃ ॥ ১৬ ॥

স সমেত্য হরিশ্রেষ্ঠঃ সংশ্লিষ্য চ বিভীষণম্।
সান্ত্বয়িত্বা চ মেধাবী দর্শয়ামাস রাঘবম্ ॥ ১৭ ॥

খাৎ পপাতাবনিং[2] হৃষ্টো ভক্তৈরনুচরৈঃ সহ।
আয়ুধানি চ সর্ব্বাণি বৃক্ষেষ্বাসজ্য কেষুচিৎ।
রূপমন্যচ্ছুভং[3] চক্রে তৈরেবানুচরৈঃ সহ ॥ ১৮ ॥

স তু রামস্য ধর্ম্মাত্মা পাদয়োর্নিপপাত হ।
শিরসা চরণান্বেষী চতুর্ভিঃ সহ রাক্ষসৈঃ ॥ ১৯ ॥

তং চ রামঃ সমুত্থাপ্য পরিষ্বজ্য চ রাক্ষসম্।
উবাচ মধুরং বাক্যং সখা মম ভবানিতি ॥ ২০ ॥

অনন্তর রাম অভয় দান করিলে রাবণানুজ বিভীষণ বানররাজ সুগ্রীবকর্ত্তৃক আহূত হইয়া অনুচরগণের সহিত আকাশ হইতে অবতীর্ণ হইলেন ॥ ১৬ ॥

বানররাজ মেধাবী সুগ্রীব আসিয়া বিভীষণকে আলিঙ্গন করিলেন এবং সান্ত্বনাদান-পূর্ব্বক রামচন্দ্রকে দেখাইয়া দিলেন ॥ ১৭ ॥

বিভীষণ আনন্দিত হইয়া কয়েকটি বৃক্ষে সমস্ত অস্ত্র স্থাপন করিয়া ভক্ত অনুচরবৃন্দের সহিত আকাশ হইতে অবতীর্ণ হইলেন এবং সেই অনুচরগণের সহিত অন্যরূপ শুভ (সুন্দর) আকৃতি ধারণ করিলেন ॥ ১৮ ॥

ধর্ম্মাত্মা বিভীষণ চারিজন রাক্ষসের সহিত মস্তকদ্বারা চরণ অন্বেষণ করিয়া রামচন্দ্রের পাদমূলে নিপতিত হইলেন ॥ ১৯ ॥

রামচন্দ্র সেই রাক্ষসকে উত্থাপিত করিয়া আলিঙ্গনপূর্ব্বক মধুরবাক্যে বলিলেন—"আপনি আমার সখা" ॥ ২০ ॥

১। ছ '-ণ চাভয়ে'। ২। ক-ছ 'পতিত্বা-'। ৩। ছ '-স্তথা'।

অব্রবীচ্চ তদা বাক্যমুক্তবাক্যং বিভীষণঃ।
ধর্ম্মযুক্তঞ্চ যুক্তঞ্চ আত্মনশ্চ গুণোদয়ম্ ॥ ২১ ॥
অনুজো রাবণস্যাহং তেন চাস্মি বিমানিতঃ।
ভবন্তং সর্ব্বভূতানাং শরণ্যং শরণং গতঃ ॥ ২২ ॥
পরিত্যক্তা ময়া লঙ্কা মিত্রাণি চ ধনানি চ।
তদ্‌গতঞ্চৈব মে রাজ্যং[1] জীবিতঞ্চ ধনানি[2] চ ॥ ২৩ ॥
রক্ষসাঞ্চ[3] বধে সাহ্যং লঙ্কায়াশ্চ প্রধর্ষণে।
করিষ্যামি মহাপ্রাজ্ঞ নয়িষ্যামি চ বাহিনীম্ ॥ ২৪ ॥
স এবমুক্ত্বা নরদেবপুত্রং বিভীষণো হর্ষমগাত্তদানীম্।
তূষ্ণীং বভূবর্ষিকুলপ্রসূতো রামং মহাত্মানমবেক্ষমাণঃ ॥ ২৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে বিভীষণবাক্যং নাম
ত্রিনবতিতমঃ সর্গঃ ॥ ৯৩ ॥

২২। লো-টী। যুক্তমাত্মন উচিতং যোগ্যমিত্যর্থঃ। গুণানামুৎকর্ষাদীনামুদয়ো যস্য তৎ।
২৪। লো-টী। স্বল্পাতং স্বাধীনম্।
২৫। লো-টী। ঋষিকুলপ্রসূতঃ পুলস্ত্যকুলপ্রসূতঃ।

বিভীষণবাক্যম্।

তিনি এই কথা বলিলে বিভীষণ ধর্ম্মযুক্ত নিজের পক্ষে যুক্তিযুক্ত-গুণসম্পন্ন বাক্য বলিলেন ॥ ২১ ॥

আমি রাবণের কনিষ্ঠ ভ্রাতা, রাবণ আমাকে অপমানিত করিয়াছেন ; আপনি সর্ব্বভূতের শরণ্য, আমি আপনার শরণাপন্ন হইয়াছি ॥ ২২ ॥

আমি লঙ্কানগরী, মিত্রবর্গ ও ধনরাশি পরিত্যাগ করিয়াছি, [এক্ষণে] আমার রাজ্য, ধনরাশি এবং জীবন পর্য্যন্ত আপনার আয়ত্ত ॥ ২৩ ॥

হে মহাপ্রাজ্ঞ, লঙ্কানগরী-বিধ্বংসনে এবং রাক্ষসসংহারে আমি আপনার সাহায্য করিব এবং সৈন্যগণকে লইয়া যাইব ॥ ২৪ ॥

ঋষি (পুলস্ত্য)-কুলপ্রসূত বিভীষণ তখন রাজপুত্র রামচন্দ্রকে এই কথা বলিয়া হর্ষাবিষ্ট হইলেন এবং চুপ করিয়া মহাত্মা রামচন্দ্রকে দেখিতে লাগিলেন ॥ ২৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে বিভীষণবাক্য-নামক
৯৩ম সর্গ সমাপ্ত ॥ ৯৩ ॥

১। ছ 'রাম'। ২। ছ 'সুখানি চ'। ৩। ক 'সখ্যং'।

(৯৪) চতুর্নবতিতমঃ সর্গঃ

ইতি ব্রুবাণং তং রামঃ পরিষ্বজ্য বিভীষণম্ ।
উবাচ লক্ষ্মণং বীরঃ সমুদ্রাজ্জলমানয় ॥ ১ ॥

মধ্যে বানরমুখ্যানাং প্রসাদান্মম চৈব হি ।
অভিষিচ্যস্ব[১] লঙ্কায়ামিমং সৌম্য বিভীষণম্ ।
অদ্যৈব রাক্ষসেন্দ্রত্বে প্রসন্নে ময়ি লক্ষ্মণ ॥ ২ ॥

এবমুক্তস্তু সৌমিত্রিরভ্যসিঞ্চদ্বিভীষণম্ ।
মধ্যে বানরমুখ্যানাং স্বরাজ্যে রামশাসনাৎ ॥ ৩ ॥

তং প্রসাদং তু রামস্য দৃষ্ট্বা[২] সদ্যঃ প্লবঙ্গমাঃ ।
প্রচুক্রুশুর্মহানাদান্ সাধু সাধ্বিতি চাব্রুবন্ ॥ ৪ ॥

তমথোবাচ হনুমান্ সুগ্রীবশ্চ বিভীষণম্ ।
কথং সাগরমক্ষোভ্যং তরেম মকরালয়ম্[৩] ॥ ৫ ॥

বিভীষণ এই কথা বলিলে বীর রামচন্দ্র তাঁহাকে আলিঙ্গনপূর্ব্বক লক্ষ্মণকে বলিলেন—হে লক্ষ্মণ, সমুদ্র হইতে জল আনয়ন কর। হে সৌম্য, অদ্যই প্রধান প্রধান বানরগণের মধ্যে আমার অনুগ্রহে এই বিভীষণকে লঙ্কায় রাক্ষসরাজ্যে অভিষিক্ত কর ॥ ১-২ ॥

রাম এই বলিলে তাঁহার আদেশ অনুসারে লক্ষ্মণ প্রধান প্রধান বানরগণের মধ্যে বিভীষণকে স্বীয় রাজ্যে অভিষিক্ত করিলেন ॥ ৩ ॥

বানরগণ রামের সেই অনুগ্রহ দেখিয়া তৎক্ষণাৎ মহাশব্দে কোলাহল করিতে লাগিল এবং 'সাধু' 'সাধু' শব্দ করিতে (অর্থাৎ ধন্যবাদ দিতে) লাগিল ॥ ৪ ॥

অনন্তর হনুমান্ ও সুগ্রীব বিভীষণকে বলিলেন—'মকরাকীর্ণ অক্ষোভ্য সমুদ্রকে আমরা কি প্রকারে অতিক্রম করিতে পারি' ? ॥ ৫ ॥

১। 'ছ-ট'-'ষেচয়'। ২। ছ 'কৃত্বা'। ৩। ছ 'বরুণা-'।

উপায়ং ব্রূহি[1] নঃ সৌম্য যথা নদনদীপতিম্ ।
উত্তরেম শিবেনেমং সসৈন্যা বরুণালয়ম্ ॥ ৬ ॥
এবমুক্তস্তু ধর্ম্মাত্মা প্রত্যুবাচ বিভীষণঃ ।
সমুদ্রং শরণং রাজা রাঘবো গন্তুমর্হতি ॥ ৭ ॥
খানিতঃ সগরেণা[2]য়মপ্রমেয়ো মহার্ণবঃ ।
কর্ত্তুমর্হতি রামস্য জ্ঞাতিসহ্যং মহোদধিঃ ।
ইতি মে বর্ত্ততে বুদ্ধিঃ দৃষ্ট্বা রামবলং মহৎ ॥ ৮ ॥
সগরঃ স হি রামস্য শ্রূয়তে প্রপিতামহঃ ।
[3]ধ্রুবমৌদার্য্যমালম্ব্য জ্ঞাতিসহ্যং করিষ্যতি ॥ ৯ ॥
এতদ্বিভীষণেনোক্তং রাক্ষসেন বিপশ্চিতা ।
প্রকৃত্যা ধর্ম্মশীলস্য রাঘবস্য[4] ব্যরোচত ॥ ১০ ॥

৮। লো-টী। জ্ঞাতিসহ্যং জ্ঞাতিভিঃসহ্যং সহ্যং সোঢ়ব্যং কার্য্যমিত্যর্থঃ। সগরপুত্র-খনিতত্বাং জ্ঞাতিরয়ং সাগরঃ।

৯। লো-টী। প্রপিতামহঃ পিতামহাৎ পূর্ব্বতরঃ। ঔদার্য্যং মহত্ত্বম্।

হে সৌম্য, আমাদিগকে কোন উপায় বলুন, যাহাতে আমরা নির্ব্বিঘ্নে নদ-নদীপতি বরুণালয় সমুদ্র উত্তীর্ণ হইতে পারি ॥ ৬ ॥

তাঁহারা এইরূপ বলিলে ধর্ম্মাত্মা বিভীষণ প্রত্যুত্তরে বলিলেন—রাজা রামচন্দ্র সমুদ্রের শরণাগত হইতে পারেন ॥ ৭ ॥

সগর এই অপরিমেয় মহাসমুদ্র খনন করিয়াছিলেন ; সুতরাং জ্ঞাতি হিসাবে সমুদ্র রামচন্দ্রের সাহায্য করিতে পারে, রামচন্দ্রের বিশাল সৈন্য দেখিয়া আমার এইরূপ মনে হইতেছে ॥ ৮ ॥

শোনা যায়—সেই সগর রামচন্দ্রের প্রপিতামহ ছিলেন। [সুতরাং সমুদ্র] নিশ্চয়ই ঔদার্য্য অবলম্বন করিয়া জ্ঞাতির মত সাহায্য করিবে ॥ ৯ ॥

সুপণ্ডিত রাক্ষস বিভীষণের এই কথা স্বভাবতঃ ধর্ম্মশীল রামচন্দ্রের রুচিকর হইল ॥ ১০ ॥

১। ছ 'বাধিগচ্ছামো'। ২। ছ 'সাগরে-'। ৩। ছ 'তস্য পুত্রঃ সমুদ্রোঽয়ং জ্ঞাতিকার্য্যং করিষ্যতি'। ৪। ছ '-স্যাপায়ো-'।

স লক্ষ্মণং মহাতেজাঃ সুগ্রীবঞ্চ হরীশ্বরম্[১]।
সৎক্রিয়ার্থং[২] ক্রিয়াদক্ষঃ স্মিতপূর্ব্বমভাষত ॥ ১১ ॥
বিভীষণস্য মন্ত্রোঽয়ং মম লক্ষ্মণ রোচতে।
ব্রূহি তাবচ্চ সুগ্রীব তবাপি যদি রোচতে ॥ ১২ ॥
বুদ্ধিমান্ পণ্ডিতো নিত্যং ভবান্ মন্ত্রবিচক্ষণঃ।
উভয়োঃ সংপ্রধার্য্যার্থং রোচতে যৎ তদুচ্যতাম্ ॥ ১৩ ॥
এবমুক্তৌ তু তৌ বীরৌ তদা সুগ্রীবলক্ষ্মণৌ।
সমুদাচারসংযুক্তমিদং বাক্যমরোচতাম্[৩] ॥ ১৪ ॥
অবদ্ধা[৪] সাগরে সেতুং ঘোরেঽস্মিন্ বরুণালয়ে।
শক্যাপাদয়িতুং লঙ্কা সেন্দ্রৈর্[৫]অপি সুরেশ্বরৈঃ ॥ ১৫ ॥

১১। লো-টী। সৎক্রিয়ার্থং বিভীষণস্য প্রশংসার্থম্।

১৩। লো-টী। অর্থং কার্য্যং সংপ্রধার্য প্রণিধায় স্থিতয়োর্দ্বয়োরুভয়ো রোচতে তদুচ্যতাম্। 'সংপ্রধার্য্য' ইতি পাঠে নির্ণীয়।

১৪। লো-টী। সমুদাচারে রামে সংযুক্তং যোগ্যম্।

মহাতেজস্বী কার্য্যকুশল রামচন্দ্র লক্ষ্মণকে এবং বানররাজ সুগ্রীবকে সম্মান-প্রদর্শনার্থে ঈষৎ হাস্য-পূর্ব্বক বলিলেন ॥ ১১ ॥

হে লক্ষ্মণ, বিভীষণের এই মন্ত্রণা আমার ভাল লাগিতেছে। হে সুগ্রীব, তোমার ইহা ভাল লাগে কি না, বল ॥ ১২ ॥

তুমি বুদ্ধিমান্, পণ্ডিত এবং সর্ব্বদা মন্ত্রণাকার্য্যে বিচক্ষণ। সবদিক্ বিচার করিয়া তোমাদের উভয়ের যাহা অভিমত হয়, তাহা বল ॥ ১৩ ॥

তিনি এইরূপ বলিলে সেই বীরদ্বয় সুগ্রীব ও লক্ষ্মণ শিষ্টাচার-সহকারে এই কথা বলিলেন— ॥ ১৪ ॥

এই অগাধ-জলধি ভীষণ সমুদ্রে সেতু নির্ম্মাণ না করিয়া ইন্দ্রের সহিত প্রধান প্রধান দেবগণও লঙ্কায় উপস্থিত হইতে পারিবেন না ॥ ১৫ ॥

১। ছ '-বং হরীশ্বরম্'। ২। ছ 'সৎকৃতঃ স'। ৩। ছ 'বচনমূচতুঃ'। ৪। ছ 'নাবদ্ধা'। ৫। ছ '-রপি'।

যুক্তাযুক্তমিদং সৌম্য বিভীষণবচঃ কুরু।
অলং কালাত্যয়ং কৃত্বা সমুদ্রোঽয়ং নিযুজ্যতাম্ ॥ ১৬ ॥

কিমর্থন্তে[1] নরব্যাঘ্র নৈতদ্রোচিষ্যতে বচঃ।
বিভীষণেরিতং সৌম্য কালেঽস্মিংশ্চ বিশেষতঃ ॥ ১৭ ॥

ইত্যাস্তীর্য্য কুশান্[2] নক্তং তীরে নদনদীপতেঃ।
সংবিবেশ তদা রামো বেদ্যামিব হুতাশনঃ ॥ ১৮ ॥

পরেণ যুক্তস্তপসা নরেশ্বরঃ পরেণ বীর্য্যেণ চ শক্রকর্ষণঃ।
কৃত্বা মতিং সাগরদর্শনে তদা বভূব তূষ্ণীং নিয়তঃ স পার্থিবঃ ॥ ১৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সমুদ্রোপবেশো নাম
চতুর্নবতিতমঃ সর্গঃ ॥ ৯৪ ॥

১৬। লো-টী। যুক্তাযুক্তং যদি যুক্তং যদি বা ন যুক্তম্, উভয়থাপি অলং কালাত্যয়ং অলং বারণে কালাতিক্রমং বারয়িত্বা অকুর্ব্বেত্যর্থঃ। নিযুজ্যতাং বদ্ধ্যতাম্।

১৮। লো-টী। নক্তং রাত্রৌ, 'কুশান্মুক্ত' ইতি পাঠঃ ক্বচিৎ।

১৯। লো-টী। নিয়তঃ নিয়মবান্।

সমুদ্রোপবেশঃ ॥ ৯৪ ॥

হে সৌম্য, বিভীষণের এই কথা উচিত বা অনুচিত হউক, [সে বিচারে] কালবিলম্বের প্রয়োজন নাই, এই সমুদ্রকে বাঁধিয়া ফেলুন ॥ ১৬ ॥

হে সৌম্য, হে নরব্যাঘ্র, বিভীষণ যাহা বলিয়াছেন সেই কথা কি জন্য আপনার রুচিকর হইবে না, বিশেষতঃ এই সময়ে ? ॥ ১৭ ॥

তখন বেদীস্থিত হুতাশনের ন্যায় রামচন্দ্র সমুদ্রতীরে কুশ আস্তৃত করিয়া শয়ন করিলেন ॥ ১৮ ॥

শ্রেষ্ঠ-তপঃসম্পন্ন পরম বীর্য্যবান্ শত্রু-পরাভবকারী পৃথিবীবিখ্যাত নরপতি রামচন্দ্র তখন সমুদ্র-দর্শনাভিলাষে সংযত হইয়া মৌন অবলম্বন করিলেন ॥ ১৯ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সমুদ্রোপবেশ-নামক
৯৪ম সর্গ সমাপ্ত ॥ ৯৪ ॥

১। ছ '-র্থং নৌ'। ২। ছ '-শান্মুক্তী-'।

(৯৫) পঞ্চনবতিতমঃ সর্গঃ

তস্য রামস্য সুপ্তস্য কুশাস্তীর্ণে মহীতলে।
নিয়তস্যাপ্রমেয়স্য নিশাস্তিস্রস্তদা যযুঃ ॥ ১ ॥

ন চ দর্শয়ত্যাত্মানং[১] তদা রামং মহার্ণবঃ।
প্রযতেনাপি রামেণ যথার্হং প্রতিপূজিতঃ ॥ ২ ॥

সমুদ্রস্য ততঃ ক্রুদ্ধো রামঃ সংরক্তলোচনঃ।[২]
সমীপে লক্ষ্মণং দৃষ্ট্বা সরোষং বাক্যমব্রবীৎ ॥ ৩ ॥

পশ্য তাবদনার্য্যস্য পূজ্যমানস্য লক্ষ্মণ।
অবলেপং সমুদ্রস্য ন দর্শয়তি মাং স্বয়ম্ ॥ ৪ ॥

প্রশমশ্চ[৩] ক্ষমা চৈব মার্দ্দবং প্রিয়বাদিতা।
অসামর্থ্যফলা হ্যেতে নির্গুণেষু সদা গুণাঃ ॥ ৫ ॥

২। লো-টী। ন দর্শয়তি আত্মানং শ্রীমানিতি ক্বচিৎ পাঠঃ।
৫। লো-টী। এতে প্রশমাদয়ঃ সদা গুণা অপি নির্গুণেষু প্রশমাদি গুণরহিতেষু।

তখন নিয়মপূর্ব্বক কুশাস্তীর্ণ-ভূতলে নিদ্রিত সেই অপ্রমেয় রামচন্দ্রের তিন রাত্রি অতিবাহিত হইল ॥ ১ ॥

রামচন্দ্র প্রযত হইয়া যথাযোগ্য পূজা করিলেও সমুদ্র তখনও তাঁহাকে দর্শন দিল না ॥ ২ ॥

তারপর রামচন্দ্র সমুদ্রের প্রতি ক্রুদ্ধ হইয়া উঠিলেন। তাঁহার চক্ষু রক্তবর্ণ হইল, তিনি নিকটেই লক্ষ্মণকে দেখিতে পাইয়া সক্রোধে বলিলেন— ॥ ৩ ॥

লক্ষ্মণ, অভদ্র সমুদ্রের অহঙ্কার দেখ, আমি পূজা করিতেছি, তথাপি সে স্বয়ং আমাকে দেখা দিতেছে না ॥ ৪ ॥

প্রশম, ক্ষমা, মৃদুত্ব এবং প্রিয়বাদিত', এই গুলি গুণ হইলেও নির্গুণ ব্যক্তির নিকট অসামর্থ্যফলক ॥ ৫ ॥

১। ছ 'দর্শয়তে শ্রীমাংস্তদা'। ২। ছ 'রক্তান্তায়তলোচনঃ'। ৩। ছ 'প্রণামশ্চ'।

আত্মপ্রশংসিনং ক্রূরং ধৃষ্টং চাপরিভাষিণম্[১] ।
সর্ব্বথোদ্যতদণ্ডং চ লোকঃ সৎকুরুতে নরম্ ॥ ৬ ॥
ন সাম্না শক্যতে কীর্ত্তির্ন সাম্না শক্যতে যশঃ ।
প্রাপ্তুং লক্ষ্মণ লোকেঽস্মিন্ জয়ো বা রণমূর্দ্ধনি ॥ ৭ ॥
ক্ষময়া হি সমাযুক্তং মাময়ং বরুণালয়ঃ ।
অসমর্থং বিজানাতি ধিক্ ক্ষমামীদৃশে জনে ॥ ৮ ॥
চাপমানয় মে ক্ষিপ্রং শরাংশ্চাশীবিষোপমান্ ।
অদ্যাক্ষোভ্যমিমং ক্রুদ্ধঃ ক্ষোভয়িষ্যামি[২] সাগরম্ ॥ ৯ ॥
[৩]তলাসংস্পর্শমর্য্যাদং [৪]সহসোর্ম্মিসমাকুলম্ ।
নির্ম্মর্য্যাদং করিষ্যামি শায়কৈঃ পশ্য সাগরম্ ॥ ১০ ॥

৬। লো-টী। অপরিভাষিণং গাম্ভীর্য্যমালম্ব্য কেনাপি সহ ন কথয়ন্তম্ ।

৭। লো-টী। ন সাম্না শক্যতে লব্ধ্যতে রণমূর্দ্ধনি জয়ো বা যশঃ জয়রূপং যশঃ। প্রাপ্তুমিত্যন্বয়ঃ। যদ্বা, কীর্ত্তিঃ সাক্ষাদ্‌গুণকীর্ত্তনং যশঃ পরোক্ষগুণকীর্ত্তনং রণমূর্দ্ধনি জয়ঃ।

১০। লো-টী। বেলায়াং তীরে সম্পন্না সম্পাদিতা মর্য্যাদা স্থিতির্যস্য তম্। 'তলাসংস্পর্শমর্য্যাদ'মিতি পাঠে তলমধঃ অসংস্পর্শম্ ইতি মর্য্যাদা যস্য তম্।

যে ব্যক্তি আত্মপ্রশংসাপরায়ণ, ক্রূর, ধৃষ্ট, যে [গাম্ভীর্য্য অবলম্বনপূর্ব্বক কাহারও সহিত] আলাপ করে না, এবং যে সর্ব্বপ্রকারে দণ্ড প্রদান করে, লোকে তাহাকেই সম্মান করে ॥ ৬ ॥

এ জগতে সামপ্রয়োগে কীর্ত্তি বা যশ লাভ করা এবং সম্মুখ-সমরে জয়লাভ করা অসম্ভব ॥ ৭ ॥

আমি ক্ষমাপরায়ণ বলিয়া এই সমুদ্র আমাকে সামর্থ্যহীন মনে করিতেছে ; এতাদৃশ ব্যক্তিকে ক্ষমা করা নিন্দার বিষয় ॥ ৮ ॥

আমার ধনুক ও সর্পতুল্য শরসমূহ আনয়ন কর। আজ আমি এই অক্ষোভ্য সমুদ্রকে [শরদ্বারা] বিক্ষুব্ধ করিয়া তুলিব ॥ ৯ ॥

দেখ, তরঙ্গসংকুল অতল-স্পর্শ সমুদ্রকে সহসা শরজালে সীমা লঙ্ঘন করাইব ॥ ১০ ॥

১। ক '-ভাষণম্'। ২। ছ 'শোষয়ি-'। ৩। ছ 'বেলা-'। ৪। ছ 'সংহতো-'।

অদ্য মদ্বাণনির্ভিন্নৈর্ম্মকরৈর্ম্মকরালয়ম্।
নিরুদ্ধতোয়ং সৌমিত্রে প্লবদ্ভিঃ পশ্য সর্ব্বতঃ ॥ ১১ ॥

ভোগিনাং পশ্য নাগানাং ময়া ছিন্নানি লক্ষ্মণ।
সুমহান্তি চ গাত্রাণি প্লবমানানি সাগরে ॥ ১২ ॥

সশঙ্খমুক্তিকাজালং[১] সমীনমকরং শরৈঃ।
ইমং ক্রোধেন মহতা সমুদ্রং শোষয়াম্যহম্ ॥ ১৩ ॥

এবমুক্ত্বা ততো রামঃ প্রগৃহ্য সশরং ধনুঃ।
দিব্যং লক্ষ্মণহস্তস্থং চক্রে সজ্যমনন্তরম্[২] ॥ ১৪ ॥

১১। লো-টী। নির্গতম্ উৎ ঊর্দ্ধম্ উপরি তোয়ং যস্মাৎ তম্। 'নিরুদ্ধতোয়'মিতি পাঠে নির্গততোয়ম্।

১৪। লো-টী। অনন্তরং পশ্চাৎ।

হে লক্ষ্মণ, দেখ আজ আমার বাণে বিদারিত মকরসমূহ ভাসিয়া উঠিয়া সমুদ্রের জলরাশি সর্ব্বতোভাবে আবৃত করিয়া ফেলিবে ॥ ১১ ॥

লক্ষ্মণ, দেখ ফণাযুক্ত সর্পসমূহের বিশাল বিশাল কলেবর আমাদ্বারা ছিন্ন হইয়া সমুদ্রে ভাসিতে থাকিবে ॥ ১২ ॥

আমি শঙ্খ, মুক্তা, মীন ও মকরসমূহের সহিত এই সমুদ্রকে মহাক্রোধে শরদ্বারা শুকাইয়া ফেলিতেছি ॥ ১৩ ॥

এই বলিয়া তদনন্তর 'রাম' লক্ষ্মণের হাত হইতে শর ও ধনুক গ্রহণ করিয়া তাহাতে জ্যা আরোপণ করিলেন ॥ ১৪ ॥

